SYLLABUS FOR HISTORY (Elective Subject)

Higher Secondary Course

Board of Secondary Education, W. B.

CLASS IX

History of India (upto 1206 A.D.)

CHAPTER I

(*a*) Man and his environment—two basic factors in history. Geography—the principal element of environment. Geographical features contributing to the unique character of some nations, *e.g.*, Greece and England.

Physical features of the Indian sub-continent—five well-defined areas, their political significance. Importance of the Himalayas—relations with Nepal, Tibet, Burma, China, Afghanistan and Central Asia. Importance of the Vindhyas—barrier to unification. Importance of the Indian Ocean—maritime contacts. Islands in the Indian Ocean. Pattern of trade. Different attitudes of Northern and Southern India towards the sea.

(*b*) Man in India—different races, languages, religions, ways of life,—evolution of a composite culture.

(*c*) Unity in Diversity.

CHAPTER II

Sources of Indian History

Varied sources of history—the romance of archaeology—stories of several momentous excavations, *e.g.*, Mohenjodaro, Sanchi, Nalanda. Inscriptions—their deciphering, *e.g.*, Prinsep and Asokan inscriptions. Coins as a source—importance of numismatic evi- significant illustrations from Indian History. Ancient monu- eir importance in the study of Indian History. Character evidence in the ancient, medieval and modern periods lustrations to be given).

216

CHAPTER III

Indus Valley Civilization (with some reference to other contemporaneous civilizations).

CHAPTER IV

Coming of the Aryans in India—their social life and institutions—extent of non-Aryan influence.

CHAPTER V

Religious reform movements—Buddhism and Jainism—their organisation, literature and art. [Buddhist art in India, Ceylon, China, Indo-China, and Central Asia should be referred to.]

CHAPTER VI

Growth of Magadha : Maurya Empire

Political conditions in the sixth century B.C.—the sixteen Mahajanapads—monarchy and republic—growth of Magadha—the Nandas—Alexander's invasion of North-Western India—the Maurya Empire—international relations—Chandragupta—Bindusara. Asoke, his Dharma—his character and place in history.

Mauryan administration—Megasthenes—evidence of Kautilya. Central and Provincial Governments.

Maurya Art—Persian influence (with suitable illustration).

CHAPTER VII

Foreign invasions and Cultural impact

Fall of the Maurya Empire—the Sungas and Kanvas in the North and the Satavahanas in Central and South India—beginning of Puranic Hinduism.

Foreign invaders—Bactrian Greeks—the new cultural impact—Gandhara art—Greek influence on coins. The Parthians—the Sakas—the Kusanas.

The Kusan Dynasty—Kanishka—emergence of Mahayana Bud-

1245 5850 T/216

dhism—The Buddhist Council—Asvaghosa, Jivak, Panini, Patanjali, Gunadhya, Charaka, etc. Taxila University. Relations with the neighbouring countries, especially China.

Missionary activities abroad—export of art forms to China and Central Asia—Social changes—deterioration of the status of woman.

Expansion of trade in the Mauryan and post-Mauryan periods—beginning of trade with Rome—some routes and ports.

CHAPTER VIII

The Classical Age

Gupta expansion—Samudra Gupta—Chandra Gupta II—Skanda Gupta and the Hunas—Gupta rule in Bengal—Fa-Hien's account.

Gupta administration—Society—economy—colonial expansion—highly developed trade and industry—Vaisnavism or Bhagavata cult—literature and science—Gupta art. Political disintegration after the Guptas—Harshavardhana—struggle for Kanauj—emergence of Bengal as a great power—Sasanka. Early history of Orissa—Kharavela—Khandagiri and Udayagiri inscriptions and art—Emergence of Kamarupa (Assam) in history—Nidhanpur Copper Plate—Khurdah Plates—Harsha's Empire—Hiuen-Tsang's account—Nalanda University—Banabhatta—Harsha's defeat in the hands of Pulakeshin II, Chalukya.

CHAPTER IX

South India : Orissa

The Chalukyas, the Pallavas, the Cholas, and the Pandyas. The Chalukya—Pallava contest for mastery of Southern India—Pallava art—Vaisnava Alwars and Saiva Nayanars—Chalukya are. Rashtrakuta—Pratihara—Pala contest .for Kanauj, Art of Ellora. The Chola conquest and expansion to the Malaya Peninsula—Sri Vijaya and Ceylon. Chola administration. Rajarajeswara temple at Tanjore.

Different dynasties of Orissa. The Ganga revival—The great temples of Puri, Bhuvaneswara and Konaraka.

CHAPTER X

Bengal under the Palas and Senas

Growth of Pala power—Monghyr Grant, Nalanda Copper Plate —Gwalior Inscriptions of Bhoja. Local dynasties emerge during Mahipala II's rule. Rajendra Chola's invasion, Kalachuri invasion. Rise of indigenous Chieftains—Koivarta. Rebellion—Rampala. Buddhist revival—Uddandapura and Vikramsila—mission of Dipankara—Chakrapani and Sandhyakara, Dhiman and Bitapala—Buddhist Tantric religion and practices—tolerance in religion of Pala kings—terracota figurines at Paharpur.

The Senas—Brahmanical revival—glory of Vikrampur. Ballal Sena and Kulinism. Lakshmana Sena reduces Kamarupa. Jayadeva and Dhoyi. Moslem conquest of West and North Bengal.

CHAPTER XI

Rise of Islam in Arabia—Arab invasion of Sind—spread of Islam in Central Asia and India—The Ghaznavids—Al-Baruni and his account. Resistance of the Gurjara-Pratiharas and the Rashtrakutas in the West and the Sahiyas in the North-west.

Rise of the Rajput principalities—discussion of origin. The Gurjarapratihara Empire. Pratihara—Rashtrakuta—Pala contest. Bhoja—Mahendrapala I and Mahipala, Internal dissensions invite foreign aggression. Muhammad of Ghor's invasion—establishment of the Delhi Sultanate by Kutbuddin—North and West Bengal brought under Turkish rule.

Pass Mangala ...
History book.
Class - XI T/216
1962
2345

History of India—(1206—1757 A.D.)

(History of Marathas upto 1761 A.D.)

CLASS X

CHAPTER XII

Establishment of the Sultanate at Delhi—Kutbuddin—Iltutmish —his contribution to the development of the Sultanate—fiction of Khilafat. Mongol Invasion (1221 A.D.). Nobility is the State. Raziyya. Balban's measures against the Turkish nobles—tackling of the internal troubles and the Mongol menace. Tughril's rebellions in Bengal—Bughra Khan's Governorship of Bengal. Balban's contribution to the Sultanate.

CHAPTER XIII

Balban's weak successors up to Jalaluddin Firuz Khalji. Early career of Alauddin. The problems of State—Turks, Rajputs, Mongols, Nobles. The Deccan Campaigns of Malik Kafur. Alauddin's economic measures—revenue policy—price control. The conception of secular sovereignty in a theological age. Nature of Khalji imperialism. Historian Barni, poet Amir Khusrau, and saint Nijamuddin Aulia.

The Tughluk Dynasty comes in on the crest of reaction of the Nobility. Muhammad Bin Tughluk—his intellectual attainments—a bundle of contradictions (?)—Logical measures but impatient and incompetent execution. Rebellions. Ibn Batutah—Firuz Shah —conflict with Bengal—Sind fiasco—theological reaction—revival of jaigir—beneficent measures. Invasion of Timur (1398 A.D.).

CHAPTER XIV

Disintegration of the Sultanate—the Sayyids and the Lodis. Bengal under Iliyas Shah, Raja Ganesh and Husain Shah. Bahamani kingdom. The rise of the Five Sultanates of the Deccan.

CHAPTER XV

The Vijaynagar Empire—Political History—Talikota (1565 A.D.). Administrative system and economic conditions—art and ulture.

Kingdom of Orissa—The Choda Gangas—Puri and Konarak. ratap Rudradeva and Vaisnavism. Decline.

The warring principalities of Assam—the appearance of Ahoms early 13th century A.D.). Struggle with Sultans. Biswa Singh ounds Cooch Behar. Internal feuds.

CHAPTER XVI

Impact of Islam on India—orthodox reaction—Raghunandan of Bengal. The way of synthesis. Husain Shah, Adil Shah and Zainul Abedin. The Bhakti cult and Sufism. Ramanada, Kavir, Chaianya, Hira Bai, Namdeva and Nanak. Influence on vernacular terature. Development of Indo-Saracenic style of art.

CHAPTER XVII

The Mughals—their early history. Occasion of their invasion f India—Panipat (1526 A.D.). War with Rajputs. Khanua (1527 A.D.). Babur's character. His memoirs. Humayun's failure to onsolidate military occupation. Sher Shah—revenue and administrative measures. Restoration of the Mughals.

CHAPTER XVIII

Expansion of the Mughal Empire. Akbar, the Great Mughal—nquests and annexations. Rana Pratap. Conquest of Bengal and rissa. Bara Bhuiyas of Bengal. Akbar and the Deccan. Akbar's Religion—personality.

Jahangir and Nur Jahan. Conquest of Mewar. Struggle gainst Ahmadnagar. Set-back in Kandahar.

Shah Jahan's rebellion. Mahabat Khan's coup. Religious eleccicism but beginning of persecution of the Sikhs. Tujuk-i-Jahangiri. hah Jahan's North-West Frontier and Central Asian Policy. His eccan policy. War of Succession. The Mughal Empire at Zenith.

CHAPTER XIX

Aurangzeb—his character. Anti-Hindu measures. Bigotry. Hindu revival—Satnami rebellion. Sikhs, Rajputs and Marathas.

Career of Sivaji—estimate of his character and contributions. The Deccan ulcer. Policy towards the Shia Sultans.

Decline begins. Weak and corrupt successors, disruption of administration. The Peshwas. Last battle of Panipat (1761 A.D.).

CHAPTER XX

Mughal administrative system—Mansabdari. Social and economic conditions. Todar Mall's settlement. Murshid Kuli Khan's settlement in Bengal.

The refined but extravagant Nobility. Decadence. Accounts of foreign travellers.—Bernier, Tavennier, Manucci, Roe, etc.

CHAPTER XXI

Mughal art and Architecture—blending of Hindu and Moslem styles. Fathpur Sikri. Islamic and Italian styles—Taj, Agra Fort and Itimaduddowla, Mughal, Rajput and Pahari (especially Kangra) schools of painting. Further development of vernacular literature.

Date 23.4.2007
No. 12462
Library

CLASS XI

History of India (1757—1947 A.D.)

CHAPTER XXII

Vascodegama. The Portuguese control of the Indian Ocean. Dutch-Portuguese rivalry. The English at Surat and Coromondal —spread to the Bay of Bengal. Naval supremacy in the Bay established at the end of the 17th century. Anglo-French rivalry in the Carnatic. Clive and Dupleix. French defeat at Wandiwash 1750 A.D. Political revolutions in Bengal between 1757 and 1760. Quarrel with Mirkassem over private trade. Buxar. The grant of Dewani—its implication.

CHAPTER XXIII

Inexorable pressure towards expansion for markets and for strategic reasons. Background—the second round of Anglo-French rivalry ending in the Treaty of Versailles (1783 A.D.). Warren Hastings, the empire builders—the two remaining rivals of the English—Mysore and the Marathas. Struggle with Haider Ali and Tipu Sultan upto Bangalore (1784). Struggle with the Marathas in the North upto Basseins (1782). Administrative and revenue organisation of Warren Hastings. Estimate.

CHAPTER XXIV

Increasing control of the British Government over the Company's policy. North's Regulating Act and Pitt's India Act.

Third phase of Imperial expansion under Cornwallis and Wellesley. The Third and Fourth Anglo-Mysore wars. Wellesley's war with the Marathas—Conquest of the heart of India. Moira completes annihilation of Marathas. British now paramount power in India.

CHAPTER XXV

The Cornwallis system—Capital diverted to land. Europeanization of Services. Company loses India monopoly in 1813 A.D.

Effects of free trade in Indian Economy—Importance of the landed middle class. Beginning of the Nineteenth Century. Renaissance—Western education and ideas—Bentinck, Hoe, Macaulay and Rammohan.

CHAPTER XXVI

Last phase of Imperial expansion—Background—Russian and Afghan menace, (*i*) Expansion in the West. Anglo-Sikh relations in the time of Ranjit Singh. Fiasco in Afghanistan, but conquest of Punjab and Sind. The British attack the North-West Frontier. (*ii*) Expansion towards the East for control of the Indian Ocean especially trade with China and the East Indies. Foundation of Singapore. Amherst's Burma War. Annexation of Assam. Opium War in China. Dalhousie's Burma War. (*iii*) Internal expansion—absorption of princely states. Doctrine of Lapse—The Indian Revolt—'Mutiny'—its consequences.

CHAPTER XXVII

Growth of political consciousness. Lord Lytton—imperialist adventure. Ripon's Reforms. Ilbert Bill controversy. Rise of the Indian National Congress. Aligarh movement. Lord Cross's Act 1892. Imperialism of Lord Curzon—his measures.

CHAPTER XXVIII

Tilak, Bipin Chandra Pal and the Extremists—Partition of Bengal, Swaraj and Swadeshi movement. Bankim, Ramakrishna and Vivekananda. Surat split, Terrorists in Bengal. Estimate. Birth of Muslim League—Minto-Morley Reforms (1909) Communal Electorate. Lucknow pact. Tilak's Home Rule Agitation. Declaration of Montague. The Montague-Chelmsford Reforms. Khilafat Agitation, Rowlatt Bill, Jalianwala Bag. Emergence of Gandhi. Calcutta Congress, Nagpur Congress. A new man and new technique.

CHAPTER XXIX

The Non-Co-operation movement—1st phase Swarajya Party and Council entry. Simon Commission. Nehru Report. Complete Independence, now the goal. Non-Co-operation movement—2nd phase. Round Table Conference. Communal award. The Government of India Act, 1935. Outline of a Federal system. Congress Government in seven provinces. Resignation of Congress Government. Congress demands. Jinnah's fourteen points. His control of the League. Pakistan Resolution, 1940. Cripps' Mission, August Rebellion, I. N. A. End of the War. Cabinet Mission, Transfer of power on basis of Partition 1947.

CHAPTER XXX

Economic and Social changes from 1858 to 1947 A.D. Higher education, Nationalism in Literature and Art.

সূচীপত্র

(নবম শ্রেণীর পাঠ্য)

প্রাচীন যুগ

SENIOR BASIC TRAINING COLLEGE * BARIPUR *

স্বদেশ ও সভ্যতা

(উচ্চতর মাধ্যমিক সংস্করণ)

সূচনা

(Introduction)

প্রত্যেক দেশ ও জাতির যেমন বিশেষ বিশেষ কাহিনী আছে তেমনই সমগ্র মানব-জাতির পরিপূর্ণ ইতিহাসও বহু শতাব্দীর সাধনায় গড়িয়া উঠিতেছে। আমাদের ভারত নানা উত্থান-পতনের ভিতর দিয়া নিজ সভ্যতাকে ক্রমশঃ গঠন করিয়াছে এবং নানা জাতি ও সভ্যতার স্রোত এই ভারতে মিলিয়াছে ; তার ফলে বিরুদ্ধতা ও সংঘর্ষ যেমন উৎকট হইয়াছে তেমনি বৈচিত্র্য ও বিরুদ্ধভাব এক পরম সমন্বয়ের দিকে চলিয়াছে। মহা মানবের মিলন-ক্ষেত্র এই মহাদেশটিকে বিশ্বকবি রবীন্দ্রনাথ "ভারত তীর্থ" নামে বন্দনা করিয়া আমাদের দেশের ইতিহাসকে এক অপূর্ব তাৎপর্য ও মর্যাদা দিয়াছেন। সেই আদর্শের আলোকে আমাদের নানা ভেদাভেদ ও যুদ্ধবিগ্রহের অতীত ইতিবৃত্ত পঠন-পাঠন করা উচিত। আবার এক বিরাট ভবিষ্যৎ ইতিহাসের সম্ভাবনা লইয়া "স্বাধীন" ভারত বিশ্বজগতে মাথা তুলিয়াছে। সম্মুখে হয়ত আছে কঠিন সংগ্রাম কিন্তু ভবিষ্যৎ মানবেতিহাসে ভারতের দান করিবার কিছু আছে—এই চেতনাও ছাত্র-ছাত্রীদের প্রাণে জাগান প্রয়োজন।

ইতিহাস এইভাবে জাতির জীবনে প্রেরণা দেয়, শুধু মৃত অতীতের 'যাদুঘর' রচনা করে না। নূতন যুগের মানুষ আধুনিক ভারতে আসিয়া নূতন ভবিষ্যতের সন্ধান

দিতেছে, তাই পূর্ব ও পশ্চিমের মিলন-সেতু আমাদের ভারত—এই বিশ্বাস ও গৌরব-বোধ আমাদের লাভ করিতে হইবে ইতিহাস পাঠেরই সাহায্যে। ভবিষ্যতের দৃষ্টিতে আমাদের অতীত ও বর্তমান স্বদেশ ও সভ্যতার সম্যক আলোচনা আশু-প্রয়োজন হইয়াছে। শুধু রাজনৈতিক যুদ্ধবিপ্লব নয়, অর্থনীতি ও সমাজনীতির আলোকে সাধারণ মানুষের জীবনধারা এবং প্রত্যেক ঘটনা ও প্রতিষ্ঠানের বিচার করাও ইতিহাসের উদ্দেশ্য। আজ ভারতের ইতিহাস বিশ্বমানব-ইতিহাসেরই অঙ্গ—এই চেতনায় সমভাবে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের একসঙ্গে উদ্বুদ্ধ করিতে হইবে।

STATE INSTITUTE of EDUCATION
SENIOR B... COLLEGE BANIPUR

প্রথম অধ্যায়

ভৌগোলিক পরিবেশ ও ইতিহাসের উপর প্রভাব

(Geographical Features and its Influence on History)

দেশ-পরিচয়।—আমাদের এই দেশের নাম 'ভারতবর্ষ'। বৈদিক যুগে এদেশে 'ভরত' নামে এক রাজা রাজত্ব করিতেন। কিংবদন্তী বা ঐতিহ্য (tradition) অনুসারে ইনিই প্রথম এদেশে একচ্ছত্র সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন; তাই তাঁহার নামানুসারে এদেশের নাম হয় 'ভারতবর্ষ'। কিন্তু বিদেশীদের কাছে ইহা এখন 'ইণ্ডিয়া' নামে পরিচিত। এই 'ইণ্ডিয়া' নামটি সংস্কৃত 'সিন্ধু' শব্দ হইতে উৎপন্ন। প্রাচীন পারসিক ও গ্রীকদের কাছে সিন্ধুর নামানুসারেই ছিল ভারতভূমির পরিচয়। এমন কি, আর্যগণ যখন প্রথম এখানে স্থায়ী বসতি স্থাপন করেন তখন তাঁহারাও তাঁহাদের সেই নূতন জনপদের নাম দিয়াছিলেন 'সপ্তসিন্ধু'। প্রাচীন পারসিকেরা সিন্ধুকে উচ্চারণ করিতেন 'হিন্দু' এবং ইহা হইতেই সেযুগে ভারতীয়দের সাধারণ নাম হয় 'হিন্দু' এবং কালক্রমে এদেশেরও নাম হয় 'হিন্দুস্থান'—হিন্দুদের বাসভূমি। 'হিন্দু' নাম আবার গ্রীক ও রোমান লেখকদের নিকট 'ইন্দুস্' (Indus) রূপ গ্রহণ করে। প্রাচীন এই 'ইন্দুস্' হইতেই আধুনিক 'ইণ্ডিয়া' নামের উৎপত্তি এবং স্বাধীনতার পর (১৯৪৭) 'ভারত' তথা 'ইণ্ডিয়া' নামের প্রয়োগ শুরু হইল।

ভারতবর্ষ, ইণ্ডিয়া, হিন্দুস্থান

ভারতবর্ষের মানচিত্র দেখিলে দুইটি লক্ষণ বিশেষরূপে সকলেরই দৃষ্টি আকর্ষণ করে,—একটি হইল ইহার বিশালতা, অপরটি ইহার পরিপূর্ণ অখণ্ডতা। একাধারে এই মহাদেশসুলভ বিশালতা এবং দেশসুলভ অবিচ্ছিন্নতা দেখিয়া ভৌগোলিকগণ ইহাকে "ক্ষুদ্রাকৃতি মহাদেশ" (Sub-Continent) বা 'বর্ষ' আখ্যা দিয়াছেন। এইভাবে এদেশের নাম হইয়াছে 'ভারতবর্ষ'।

মহাদেশীয় বিশালতা এবং দেশসুলভ অবিচ্ছিন্নতা

মানবগোষ্ঠী ও তাহার পরিবেশ।—বিভিন্ন মানবগোষ্ঠীর ইতিহাস পর্যালোচনা করিলে দেখা যায় যে, ভূগোল ও ইতিহাসের মধ্যে একটি নিবিড় সম্বন্ধ

রহিয়াছে। প্রত্যেক জাতির ভৌগোলিক পরিবেশ অনুযায়ী তাহার রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক জীবন গড়িয়া উঠিয়াছে। সুতরাং দেশ ও জাতির ইতিহাসের গতিপথ ভূগোলই বহুলাংশে নিয়ন্ত্রিত করে, ইহা সুস্পষ্ট দেখিতে পাওয়া যায়। উদাহরণস্বরূপ দু'একটি দেশের কথা উল্লেখ করা যাইতে পারে। ইউরোপ মহাদেশের পূর্ব-দক্ষিণে গ্রীসদেশ অবস্থিত। ইহার অভ্যন্তরভাগ পর্বত-সঙ্কুল এবং তিন দিক সমুদ্র-বেষ্টিত। উচ্চ পর্বতমালা গ্রীস দেশকে বহু ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করিয়া রাখিয়াছে; স্থলপথে অথবা নদীপথে দেশের একপ্রান্ত হইতে অপর প্রান্তে যাইবার সহজ পথ নাই। এজন্য প্রাচীনকালে গ্রীস দেশ বহু পরস্পর-বিচ্ছিন্ন রাষ্ট্রে বিভক্ত হইয়া পড়িয়াছিল এবং ইহার ফলে সে-যুগে গ্রীক জাতির মধ্যে জাতীয় ঐক্য স্থাপিত হইতে পারে নাই, এবং সমগ্র গ্রীসব্যাপী একটি সম্মিলিত রাষ্ট্র গড়িয়া উঠে নাই। আবার, ক্ষুদ্র দেশের তিনদিক সমুদ্র-বেষ্টিত হওয়ায় গ্রীকরা প্রাচীনকালেই একটি সামুদ্রিক ও বাণিজ্যিক জাতিতে পরিণত হইয়াছিল। গ্রীসের ভৌগোলিক পরিবেশই জাতির এই ইতিহাস নির্ধারিত করিয়াছে। তেমনি ইংলণ্ডের ইতিহাসের গতি আলোচনা করিলেও আমরা একই সিদ্ধান্তে উপনীত হইব। এই দেশটি চারিদিকে সমুদ্র-পরিবেষ্টিত হওয়ায় ইংরাজ জাতি স্বাভাবিকভাবেই নৌ-বলে বলীয়ান হইয়াছে এবং ব্যবসায়-বাণিজ্য দ্বারা নিজেদের সম্পদশালী করিয়াছে। ইংরাজ জাতি যে পৃথিবীব্যাপী সাম্রাজ্য ও বাণিজ্য বিস্তার করিয়া বিশ্বের একটি শ্রেষ্ঠতম জাতিতে পরিণত হইয়াছে, তাহার মূলে রহিয়াছে ইংলণ্ডের ভৌগোলিক পরিবেশ। ভূ-প্রকৃতি ইংরাজ জাতির চরিত্রেও বৈশিষ্ট্য দান করিয়াছে। অনুরূপভাবে পৃথিবীর প্রত্যেক জাতির ইতিহাসের ধারাকে তাহার ভৌগোলিক পরিবেশ প্রভাবিত করিয়াছে।

ভৌগোলিক পরিবেশ ও দেশের উপর উহার প্রভাব

ভারতের প্রাকৃতিক বিভাগ।—ভূ-প্রকৃতির বিচারে ভারতবর্ষ পাঁচটি স্বাভাবিক অংশে বিভক্ত; যথা—

(১) উত্তরাঞ্চলের পার্বত্য ভূ-ভাগ—ভারতবর্ষের বাহিরে উত্তর-পশ্চিমের সুপ্রসিদ্ধ পামির পর্বত-সন্ধি হইতে হিমালয়ের আরম্ভ। অতিকায় অজগরের ন্যায় ইহা কাশ্মীর হইতে আসাম ও চীন পর্যন্ত এদেশের সমগ্র উত্তরসীমা বেষ্টন করিয়া রহিয়াছে। এজন্য

অনেকে এই অঞ্চলটিকে 'হিমালয়-প্রদেশ' নামে বর্ণনা করিয়া থাকেন। আসামের পূর্বপ্রান্তে ইহা ভারতকে ব্রহ্মদেশ, তিব্বত ও চীন হইতে পৃথক করিয়া রাখিয়াছে। পশ্চিমদিকে হিন্দুকুশ, স্থলেমান, প্রভৃতি পর্বতশ্রেণীর দ্বারা আধুনিক ভারত তেমনই আফগানিস্তান, রাশিয়া, ইরান ও বেলুচিস্তান হইতে বিচ্ছিন্ন। বর্তমান কাশ্মীর, লাদাক্, তিব্বত, নেপাল, সিকিম ও ভুটান প্রভৃতি রাজ্য এই পার্বত্য বিভাগের অন্তর্গত।

হিমালয়-প্রদেশ

(২) **সিন্ধু-গঙ্গা-ব্রহ্মপুত্রের সমভূমি**—হিমালয়-প্রদেশ এবং উত্তর-পশ্চিমের পর্বতশ্রেণীর দক্ষিণে হিন্দুস্থানের বিশাল সমভূমি বিন্ধ্য ও সাতপুরা পর্বত পর্যন্ত বিস্তৃত। সিন্ধুনদের উপত্যকায় সমগ্র সিন্ধুপ্রদেশ এখন পাকিস্তানের অন্তর্গত। পশ্চিম-পাঞ্জাব ও রাজপুতানার মরুভূমি আর পাঞ্জাবের সমভূমি বাস্তবিক সিন্ধু-গাঙ্গেয় উপত্যকার পশ্চিমাংশ মাত্র; আরাবল্লী পর্বতশ্রেণী ইহাকে পূর্বদিকে বিস্তীর্ণ গাঙ্গেয় উপত্যকা হইতে পৃথক করিয়া রাখিয়াছে। রাজমহলের পাহাড় গাঙ্গেয় উপত্যকাকে দুইভাগে ভাগ করিয়াছে। নিম্নভাগে গঙ্গা-ব্রহ্মপুত্রের ব-দ্বীপ এবং উহারই পূর্বে বিশাল ব্রহ্মপুত্র উপত্যকা।

(৩) **মধ্যভারত ও দক্ষিণাপথের মালভূমি**—হিন্দুস্থানের বিস্তৃত সমভূমির দক্ষিণে দ্রবিড় ভারত বা দাক্ষিণাত্যের সুবৃহৎ মালভূমি। ইহা (১) বিন্ধ্য-সাতপুরার উত্তরাঞ্চল এবং (২) ভারতীয় 'উপদ্বীপ', এই দুইটি প্রধান ভাগে বিভক্ত। সাতপুরা হইতে মালভূমি উত্তরে হিন্দুস্থানের সমভূমির দিকে ক্রমশঃ ঢালু হইয়া নামিয়া গিয়াছে। উপদ্বীপ-খণ্ড (Peninsular India) মধ্য-ভারতের মালভূমি এবং দাক্ষিণাত্যের বিরাট অধিত্যকা লইয়া গঠিত।

(৪ ও ৫) **পূর্ব ও পশ্চিমের উপকূলভাগ এবং সুদূর দক্ষিণ**—ভূ-প্রকৃতির দিক হইতে বিচার করিয়া কেহ কেহ পশ্চিমঘাট এবং পূর্বঘাট পর্বতমালার পশ্চিম ও পূর্বে অবস্থিত সংকীর্ণ উপকূল ভাগকে পৃথক অংশ বলিয়া উল্লেখ করিয়াছেন। অনেকে আবার কৃষ্ণা নদীর দক্ষিণে যে মালভূমি দেখা যায়, উহাকে 'সুদূর দক্ষিণ' বলিয়া অভিহিত করিয়াছেন। কিন্তু ঐতিহাসিকের দৃষ্টিতে ভারত—আর্যাবর্ত ও দাক্ষিণাত্য

—এই দুইটি প্রধান খণ্ডে বিভক্ত; কেন না বহুযুগ ধরিয়া প্রত্যেকটিরই স্বতন্ত্র ঐতিহাসিক সত্তা আছে।



আর্যাবর্ত ও দাক্ষিণাত্য।—ভারতের মধ্য-ভাগে অবস্থিত বিন্ধ্য পর্বতশ্রেণী

উত্তরে ও দক্ষিণে এই দেশটিকে প্রায় দুইটি সমান অংশে বিভক্ত করিয়া রাখিয়াছে। বিন্ধ্যের উত্তরে ভারতের যে অংশ, তাহা প্রাচীনকাল হইতে উত্তরাপথ বা আর্যাবর্ত নামে প্রসিদ্ধ। বিন্ধ্যের দক্ষিণে প্রাচীনতর (গণ্ডোয়ানা) উপদ্বীপটির নাম দক্ষিণাপথ বা দাক্ষিণাত্য। আর্যাবর্ত নাতিশীতোষ্ণমণ্ডলের এবং দক্ষিণাপথ গ্রীষ্মমণ্ডলের অন্তর্গত।

ইতিহাসের উপর ভূ-প্রকৃতির প্রভাব।—ভারতের নৈসর্গিক অবস্থা দেশবাসীর মানস-প্রকৃতির উপরে যথেষ্ট প্রভাব বিস্তার করিয়াছে ; সেই প্রভাবের ফলে ইতিহাসের ধারা বিচিত্রভাবে প্রবাহিত হইয়াছে। তিনদিকে বিশাল সাগর ও সুবিস্তীর্ণ বহু নদনদী ভারতভূমিকে সরস ও শস্যশ্যামলা করিয়াছে। খনিজাত নানা ধনরত্নের প্রাচুর্যও এদেশে আছে। প্রকৃতি এরূপ অনুকূল হওয়ায় গ্রাসাচ্ছাদনের চিন্তা এদেশের অধিবাসীদের অতি অল্পই ছিল। তাই অতি প্রাচীনকাল হইতেই ভারতীয়গণ জ্ঞানের চর্চা এবং শিল্প-সাধনার প্রচুর অবসর পাইয়াছেন এবং জীবনের অধিকাংশ কাল এই কার্যে অতিবাহিত করিয়াছেন। প্রাচীনকালে যখন পৃথিবীর অধিকাংশ স্থান অজ্ঞতার তিমিরে নিমজ্জিত ছিল, ভারত তখন, সেই অন্ধকার-যুগে, জ্ঞানের ও সভ্যতার দীপশিখা জ্বালাইয়া তুলিয়াছিল। সেজন্য ভারতীয় সভ্যতার এবং সমাজের অন্তস্থলে দেখিতে পাই তাহার এই মৌলিকত্ব। নানা বৈদেশিক জাতির সংঘর্ষে বহুকাল বিপর্যস্ত হইয়াও ভারত তাহার মৌলিক ধর্ম, সভ্যতা এবং সমাজের স্থিতি ও স্বাতন্ত্র্য হারায় নাই। স্থিতি ও প্রকৃতির অনুকূল পরিবেষ্টনই ভারতকে এই মানসিক স্বাতন্ত্র্য ও জাতীয় বৈশিষ্ট্য দান করিয়াছে।

উন্নত সংস্কৃতির জন্মভূমি

ভারতের ভূ-প্রকৃতি দেশের রাজনৈতিক ইতিহাসের ধারাকেও বিশেষভাবে প্রভাবিত করিয়াছে। ভারতের বিশাল সমতলভূমি এবং জলপথ ও স্থলপথে একপ্রান্ত হইতে আর একপ্রান্ত পর্যন্ত যাতায়াতের সুবিধা অতি প্রাচীনকাল হইতেই ভারতীয় রাজন্যবর্গকে ঐক্যসাধনা এবং দূরবিস্তৃত এক সাম্রাজ্যস্থাপনের প্রেরণা যোগাইয়াছে। আবার, নদীমাতৃক উর্বরা দেশ এবং অপরিমিত খনিজ সম্পদ শাসকদের হাতে অপরিসীম ঐশ্বর্য আনিয়া দিয়াছে। সুতরাং প্রাচীনকাল হইতেই ভারতের রাজগণ যুদ্ধজয় ও সাম্রাজ্য বিস্তার করিয়া

রাজনৈতিক ইতিহাসের বৈশিষ্ট্য

স্ব স্ব বংশের গৌরব বৃদ্ধি করিতে আত্মনিয়োগ করিয়াছেন। এজন্যই ভারতে আপাত বৃহৎ কিন্তু অ-চিরস্থায়ী সাম্রাজ্য গড়িয়া উঠিয়াছে। যখনই রাজারা দুর্বল হইয়া পড়িয়াছেন, তখনই সাম্রাজ্যের দূরতম প্রদেশগুলি স্বাধীনতা লাভের জন্য বিদ্রোহ করিয়াছে এবং ইহার ফলে ধীরে ধীরে সাম্রাজ্য ভাঙ্গিয়া পড়িয়াছে। সে-যুগে বর্তমানকালের ন্যায় দ্রুত যাতায়াতের সুবিধা ছিল না; এজন্য দূরবিস্তৃত সাম্রাজ্যে বিদ্রোহ এবং অরাজকতা দেখা দিলে তাহা দমন করা সহজ হইত না। সাম্রাজ্যের বিশালতা ইহার পতনের একটি প্রধান কারণ হইয়া দাঁড়াইয়াছিল।

হিমালয়ের প্রভাব—ভারতের উত্তর সীমা বেষ্টন করিয়া সুদৃঢ় প্রাচীরের ন্যায় বিশাল হিমালয় পর্বতশ্রেণী বিস্তৃত রহিয়াছে। এদেশের দক্ষিণ, পূর্ব ও পশ্চিমে রহিয়াছে অনন্ত সমুদ্র। আবার এই হিমালয় পর্বত-নিঃসৃত নদনদী একদিকে যেমন উত্তর-ভারতকে শস্যশ্যামলা করিয়াছে অপরদিকে তেমনই পূর্ব ও উত্তর-পশ্চিম ভারতের মধ্যে সহজ যোগসূত্র স্থাপন করিয়াছে। দুর্ভেদ্য হিমালয় পর্বতশ্রেণী সজাগ প্রহরীর ন্যায় দণ্ডায়মান থাকিয়া বহিঃশত্রু হইতে ভারতের উত্তর-সীমান্ত রক্ষা করিতেছে এবং উত্তর-এশিয়ার দেশসমূহ হইতে ইহাকে পৃথক করিয়া রাখিয়াছে। কিন্তু পর্বত ও সাগরের প্রাকৃতিক বেষ্টনীর মধ্যে আবদ্ধ থাকিলেও ভারত কখনও বহির্বিশ্ব হইতে একেবারে বিচ্ছিন্ন হইয়া পড়ে নাই। যুগে যুগে ভারতবাসী এই পর্বত ও সাগর সীমা অতিক্রম করিয়া বিভিন্ন দেশ ও বিভিন্ন জাতির সহিত সংযোগ স্থাপিত করিয়াছে। আবার, ভারতের উত্তর-পশ্চিম ও উত্তর-পূর্বের গিরিপথ দিয়া অপর দেশের বহু জাতীয় অধিবাসীরাও ভারতে আসিয়াছে। এইভাবে অতি প্রাচীনকাল হইতেই ভারতের সহিত চীন, মধ্য-এশিয়া, আফগানিস্তান, তিব্বত, নেপাল, কিরাত, ইন্দোচীন ও ব্রহ্ম প্রভৃতি দেশের রাজনৈতিক, বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ স্থাপিত হইয়াছে।

প্রতিবেশী দেশ-সমূহের সহিত ভারতের সম্বন্ধ

ঐতিহাসিকের দৃষ্টিতে কাশ্মীর, তিব্বত, সিকিম, ভুটান ও নেপাল প্রভৃতি দেশসমূহ 'হিমালয়-প্রদেশের' অন্তর্ভুক্ত। ভারতের সহিত নেপালের সম্বন্ধ সুদূর অতীত কালেই স্থাপিত হইয়াছে। ভারতের প্রাচীন শিলালিপি ও ইতিহাস-গ্রন্থে নেপালের কাহিনী বিবৃত আছে। ইহাতে উল্লেখ আছে যে, অতি প্রাচীনকালে সূর্যবংশীয়

নেপাল

রাজারা নেপালে রাজত্ব করিয়াছেন; অশোকের শাসনকালে এখানে মৌর্য আধিপত্য স্থাপিত হইয়াছিল। ভারতীয় লিচ্ছবি বংশ বহু শতাব্দী নেপালে রাজত্ব করিয়াছেন। নেপালের সহিত ভারতের রাজনৈতিক ও সাংস্কৃতিক সম্বন্ধ ছিল অতি নিবিড়। হাজার বছরের পুরাতন বাংলা পুঁথি নেপালেই পাওয়া যায়।

তিব্বত

ভারত ও তিব্বতের মধ্যে সম্বন্ধও অতি ঘনিষ্ঠ। পদ্মসম্ভব ও কথনশীল প্রভৃতির আগমনে সপ্তম শতক হইতে তিব্বতে বৌদ্ধধর্ম প্রচারিত হয়। ইহার পরে তিব্বত হইতে বহু বৌদ্ধ সন্ন্যাসী ধর্মশাস্ত্র অধ্যয়নের জন্য ভারতে আসিয়াছিলেন। বিক্রমশীলা মহাবিহারের বৌদ্ধাচার্য অতীশ দীপঙ্কর তিব্বতরাজের আহ্বানে একাদশ শতাব্দীতে তিব্বতে যান এবং জীবনের অবশিষ্ট কাল ধর্মপ্রচার ও শাস্ত্রগ্রন্থ রচনা করিয়া সেখানেই দেহরক্ষা করেন।

ব্রহ্মদেশ

ব্রহ্মদেশের সহিত ভারতের সম্বন্ধ স্থাপিত হইয়াছে অতি প্রাচীনকালে। ব্রহ্মদেশে বহু প্রাচীন ভারতীয় উপনিবেশ স্থাপিত হইয়াছে এবং ইহাদের মাধ্যমে ভারতের ধর্ম ও সংস্কৃতি সেখানে বিস্তারলাভ করিয়াছে। কয়েকটি ভারতীয় রাজবংশও শ্যামরাজ্যে, ব্রহ্মদেশে এবং ইন্দো-চীনের বিভিন্ন রাষ্ট্রে রাজত্ব করিয়াছে। ইংরাজ শাসনকালেও ব্রহ্মদেশ ভারতের অংশ ছিল। ১৯৩৭ খ্রীষ্টাব্দে ইহা ভারত হইতে পৃথক হইয়া যায়।

মধ্য-এশিয়া

মধ্য-এশিয়ার (Serindia) সহিত ভারতের সম্বন্ধ স্থাপিত হইয়াছিল সম্ভবতঃ খ্রীঃ পূঃ তৃতীয় শতকে। পরবর্তী কয়েক শতাব্দীর মধ্যে সেখানে বহু ভারতীয় উপনিবেশ স্থাপিত হইয়াছিল এবং সংস্কৃতি বিস্তার লাভ করিয়াছিল। মধ্য-এশিয়ার বিভিন্ন অঞ্চলের বালুকা-স্তূপ খনন করিয়া বহু হিন্দুমন্দির, বৌদ্ধমঠ এবং ভারতীয় শিল্প ও সংস্কৃতির অসংখ্য নিদর্শন বাহির করা হইয়াছে। এই সকল ভগ্ন মন্দির ও মঠ এবং সাংস্কৃতিক নিদর্শন প্রাচীন হিন্দু জাতির মনীষা ও প্রাণশক্তির অপূর্ব সাক্ষ্য বহন করিতেছে।

চীনের সহিত ভারতের সম্বন্ধ প্রাচীন ও নিবিড় ছিল। ভারতীয় বৌদ্ধাচার্যগণ চীনে বৌদ্ধধর্ম প্রচার করেন। ভারত হইতে অসংখ্য বৌদ্ধ সন্ন্যাসী যুগে যুগে চীনে

গিয়াছেন এবং সেখানে ধর্মপ্রচার ও শাস্ত্রগ্রন্থ চীনা ভাষায় অনুবাদ করিয়া জীবন অতিবাহিত করিয়াছেন। চীন হইতেও বহু ধর্মপ্রাণ তীর্থযাত্রী ও শিক্ষার্থী ভারতে আসিয়াছেন। উভয় দেশের মধ্যে বাণিজ্যিক যোগাযোগও সুদূর অতীতকালেই স্থাপিত হইয়াছিল। মধ্যযুগেও ভারতের হিন্দু ও মুসলমান রাজগণের সহিত চীন-সম্রাটের দূত বিনিময় হইয়াছে। ভারতের সহিত চীনের ২০০০ বছরের সম্বন্ধ অথচ শত্রুতা দেখা দেয় নাই; উভয় দেশের মধ্যে একটি অপূর্ব মৈত্রীর বন্ধন স্থাপিত হইয়াছিল।

চীন

ভারতের পশ্চিমে আফগানিস্তান বহু শতাব্দী পর্যন্ত ভারতেরই অন্তর্ভুক্ত ছিল। খৃষ্টীয় অষ্টম শতকে মুসলমান-বিজয়ের প্রাক্কাল পর্যন্ত এখানে হিন্দুরাজবংশ রাজত্ব করিয়াছেন। মুসলমান-বিজয়ের ফলে ইহা ভারত হইতে বিচ্ছিন্ন হইয়া যায়, কিন্তু আফগানিস্তানের প্রাচীন শিল্প ও সংস্কৃতি মূলতঃ ভারতীয় সংস্কৃতি হইতেই গৃহীত।

ভারত ও সিংহলের মধ্যে সম্বন্ধও ছিল অতি নিবিড়। ভারতের ভাষা ও শিল্প, ধর্ম ও সভ্যতা ২০০০ বৎসর ধরিয়া সিংহলবাসীকে সমৃদ্ধ করিয়াছে।

বিন্ধ্যপর্বতের প্রভাব—ভারতের মধ্যভাগে অবস্থিত বিন্ধ্যপর্বতশ্রেণী আর্যাবর্ত ও দাক্ষিণাত্যের মধ্যে এক সাময়িক অন্তরায় সৃষ্টি করিয়াছিল এবং এজন্য উভয় অঞ্চলের ইতিহাসের ধারায় কিছু পার্থক্য দেখা দিয়াছে। দাক্ষিণাত্যে দ্রবিড় সভ্যতার একটি পৃথক সত্তা আছে। কিন্তু বিন্ধ্যগিরির অবস্থিতি দাক্ষিণাত্য হইতে আর্যাবর্তকে একেবারে বিচ্ছিন্ন করিয়া রাখিতে পারে নাই। অগস্ত্যমুনির নেতৃত্বে আর্যগণ বিন্ধ্যপর্বত অতিক্রম করিয়া কালে কালে দাক্ষিণাত্যে বহু উপনিবেশ স্থাপন করিয়াছে এবং তাহাদের সংস্কৃতি দ্রবিড়দেশে ছড়াইয়া গিয়াছে। এজন্য দ্রবিড় সভ্যতা বহুলাংশে আর্যসভ্যতা দ্বারা প্রভাবিত হইয়াছে। আবার, অন্যদিকে দ্রবিড় ভাষা, সভ্যতা ও সংস্কৃতি আর্য জীবনের উপর প্রভাব বিস্তার করিয়াছে। এইরূপে আর্য ও অনার্য (দ্রবিড়) সভ্যতার মিলনে ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি স্থায়িত্ব লাভ করিয়াছে।

দাক্ষিণাত্য হইতে আর্যাবর্ত অবিচ্ছিন্ন

কিন্তু ভারতবাসীর রাজনৈতিক জীবনের উপর বিন্ধ্যপর্বতের প্রভাব বিশেষভাবে পরিলক্ষিত হয়। বিন্ধ্যপর্বতশ্রেণী অন্তরায় সৃষ্টি না করিলে, উত্তর ও দক্ষিণ ভারতের

মধ্যে সহজ যোগসূত্র স্থাপিত হইত এবং প্রাচীনকালেই রাজনৈতিক ক্ষেত্রে সর্বভারতীয় ঐক্য সম্ভবতঃ গড়িয়া উঠিত। আদিবাসীদের অধিষ্ঠান বিন্ধ্যপর্বত বাধা সৃষ্টি করিয়া দণ্ডায়মান থাকায় উত্তর-ভারতের শক্তিশালী রাজন্যবর্গ কখনও স্থায়িভাবে দাক্ষিণাত্যের উপর প্রভাব-প্রতিপত্তি স্থাপিত করিতে পারেন নাই। দাক্ষিণাত্যের কতিপয় রাজাও মাঝে মাঝে উত্তর-ভারতে অভিযান করিয়াছেন কিন্তু স্থায়ী সাফল্য লাভ করেন নাই; আন্ধ্র, চোল প্রভৃতি রাজাদের আধিপত্য উত্তর-ভারতে অতি অল্পকাল স্থায়ী হইয়াছিল।

জাতীয় ঐক্যের অন্তরায় সৃষ্টি

ভারত মহাসাগরের প্রভাব—ভারতের দক্ষিণ, পশ্চিম ও পূর্বদিকে রহিয়াছে সমুদ্রের অনন্ত জলরাশি। এই সমুদ্রোপকূলভাগের দৈর্ঘ্য তিন হাজার মাইলেরও অধিক। কিন্তু উপকূলভাগ এত দীর্ঘ হইলেও এখানে ইউরোপীয় দেশসমূহের ন্যায় উপযুক্ত বন্দর এবং সহজে বহিরাক্রমণ হইতে রক্ষা করা যাইতে পারে, এরূপ পোতাশ্রয় ও নৌ-ঘাঁটি নির্মাণ করিবার অসুবিধা আছে। সম্ভবতঃ এজন্যই ভারতের অধিবাসীরা ইংরাজ অথবা গ্রীক জাতির ন্যায় শক্তিশালী সামুদ্রিক জাতি হইতে পারে নাই। কিন্তু নৌবলে বলীয়ান না হইলেও ভারতবাসী নৌ-বিদ্যায় পারদর্শী ছিল না, একথা বলা যায় না। ভারতের পূর্ববঙ্গ ও পশ্চিম গুজরাট উপকূলে অবস্থিত বন্দরসমূহ হইতে প্রাচীনকালেই ভারতের অধিবাসীরা সমুদ্রপথে দূর-দূরান্তে বাণিজ্য করিতে গিয়াছে, বহির্বিশ্বে উপনিবেশ স্থাপন করিয়াছে, এরূপ বহু প্রমাণ আছে। পশ্চিমে মেসোপটেমিয়া, পূর্ব-আফ্রিকা ও মিশর এবং পূর্বে ব্রহ্মদেশ, মালয়, পূর্বভারতীয় দ্বীপপুঞ্জ, ইন্দোচীন এবং সুদূর চীন পর্যন্ত ভারতীয় বণিকরা বাণিজ্য করিতে গিয়াছে। পূর্ব-ভারতীয় দ্বীপপুঞ্জে, ইন্দোচীনে, শ্যাম প্রভৃতি দেশে ভারতবাসীরা উপনিবেশ ও রাজ্য স্থাপন করিয়াছে, ইতিহাস ইহার সাক্ষ্য বহন করিতেছে। উত্তর-ভারতের গুপ্ত রাজগণ এবং দক্ষিণ-ভারতের চোল ও পাণ্ড্য রাজগণ রণতরীর সাহায্যে ভারত মহাসাগরের বহু দ্বীপ জয় করিয়া ভারতের বাহিরে সাম্রাজ্য বিস্তার করিতে সক্ষম হইয়াছিলেন। সমুদ্রপথে ভারতের ব্যবসা-বাণিজ্য প্রধানতঃ দাক্ষিণাত্যের বন্দরসমূহ হইতেই পরিচালিত হইত। ইহার কারণও ছিল। দাক্ষিণাত্যের উপদ্বীপটি একদিকে চীন, পূর্ব-উপদ্বীপ,

ভারতবাসীর সমুদ্রপথে অভিযান

ভারতের বাহিরে উপনিবেশ ও রাজ্য স্থাপন

সুমাত্রা এবং প্রশান্ত মহাসাগরের দ্বীপপুঞ্জ এবং অন্যদিকে পশ্চিম-এশিয়া ও আফ্রিকা মহাদেশের মধ্যভাগে অবস্থিত থাকায়, সুপ্রাচীন কাল হইতেই ইহা এশিয়া-আফ্রিকারও বিশ্ব-বাণিজ্যের কেন্দ্রস্থল হইয়া উঠিয়াছিল। কিন্তু উত্তর-ভারতের সহিত বহির্বিশ্বের বাণিজ্যিক আদান-প্রদান স্থলপথেই চলিত।

দাক্ষিণাত্য বিশ্ব-বাণিজ্যের কেন্দ্রস্থল

কিন্তু ভারতের দুর্ভাগ্যবশতঃ, মধ্যযুগের মুসলমান রাজগণ সমুদ্রের উপর আধিপত্য রক্ষার উপায়স্বরূপ নৌবল-বৃদ্ধির প্রয়োজনীয়তা উপলব্ধি করেন নাই। তাঁহাদের এই উদাসীন নীতি ভারতের সর্বনাশ ডাকিয়া আনিয়াছিল। নৌশক্তি-কুশল ও কূটনীতিনিপুণ ইউরোপীয় জাতিসমূহ ভারতের এই দুর্বলতার সুযোগ লইয়াই এদেশে সাম্রাজ্য বিস্তার করিতে সক্ষম হইয়াছিল।

দেশের নৈসর্গিক অবস্থার বিভিন্নতা অনুসারে আমাদের দেশের বিভিন্ন প্রদেশের অধিবাসীদের প্রকৃতির মধ্যেও কিছু কিছু পার্থক্য দেখা যায়। পার্বত্য প্রদেশের এবং রাজপুতানার মরুঅঞ্চলের অধিবাসিগণ হিন্দুস্থানের সমতল নদী-বহুল অঞ্চলের অধিবাসীদের মত সহজে জীবনযাত্রা নির্বাহ করিতে পারে নাই; —কষ্ট করিয়াই তাহাদের খাদ্য সংগ্রহ করিতে হইয়াছে। সেজন্য তাহারা অপেক্ষাকৃত কষ্টসহিষ্ণু, শ্রমশীল ও সাহসী। বৈদেশিক জাতিগণ ভারতের ঐশ্বর্যে আকৃষ্ট হইয়া বারবার ভারতের ভাগ্য বিপর্যস্ত করিয়াছে। সীমান্ত প্রদেশের বীর অধিবাসিগণকে এই সকল আক্রমণ প্রতিরোধের জন্য নিয়ত যুদ্ধ-বিগ্রহে লিপ্ত হইতে হইয়াছিল; তাই পঞ্জাব ও সীমান্ত-প্রদেশের অধিবাসিগণ স্বভাবতঃই দুর্ধর্ষ, রণনিপুণ ও কঠোরপ্রকৃতি।

দেশবাসীর চরিত্রের উপর ভৌগোলিক পরিবেশের প্রভাব

ভারতের বৈচিত্র্য।—বৈচিত্র্যের লীলাভূমি এই ভারতবর্ষ। ইহার অপরিসীম বৈচিত্র্যের দিকে লক্ষ্য করিয়া অনেকে ইহাকে উপ-মহাদেশ বলিয়া অভিহিত করিয়াছেন। ইহার উত্তুঙ্গ পর্বতশ্রেণী, বীচিবিক্ষুব্ধ সাগর, নদীমাতৃক বিস্তীর্ণ সমতলভূমি, অসংখ্য নদ-নদী, ঘন অরণ্যানী, তরুলতাহীন বালুকাময়, মরুভূমি ইত্যাদি এদেশকে অপূর্ব বৈচিত্র্যে ভূষিত করিয়াছে। শুধু নিসর্গের দিক হইতেই ইহা বৈচিত্র্যময় নহে; ভারতের অধিবাসীদের মধ্যেও কত জাতি, ধর্ম ও ভাষা দেখিতে পাওয়া যায়। যুগে যুগে উত্তর-পশ্চিম ও

প্রাকৃতিক বৈচিত্র্য

উত্তর-পূর্বের গিরিপথ অতিক্রম করিয়া অথবা সাগরপথে বাহির হইতে কত বিভিন্ন জাতি ভারতে আসিয়া বসতি স্থাপন করিয়াছে, ভারতের সমাজদেহে লীন হইয়া গিয়াছে। নৃতত্ত্ববিদ্‌গণ পরীক্ষা করিয়া বলিয়াছেন যে, আর্য, দ্রবিড়, আলপাইন, অস্ট্রিক, নিগ্রো, ও মঙ্গোল প্রভৃতি বিভিন্ন মানবগোষ্ঠী লইয়া বর্তমান ভারতীয় জাতি গড়িয়া উঠিয়াছে। ঐতিহাসিক যুগে উপরোক্ত মূল মানব-গোষ্ঠীর বিভিন্ন শাখা—ইরাণী ও গ্রীক, শক, পারদ, কুষাণ, হূণ, আরব ও তুর্কী মুসলমান, পর্তুগীজ, ইংরাজ ও অন্যান্য ইউরোপীয় জাতিসমূহ—একের পর আর ভারতে আসিয়াছে এবং নিজ নিজ অবদানে ভারতীয় সভ্যতা ও সংস্কৃতিকে সমৃদ্ধ করিয়া তুলিয়াছে। বর্তমান ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি বহু মানবগোষ্ঠীর সাংস্কৃতিক অবদানে পুষ্ট ও বর্ধিত হইয়াছে। এজন্য এদেশকে বিচিত্র "জাতির যাদুঘর" বলা হইয়াছে। বহু জাতির সংমিশ্রণে গঠিত ভারতীয় অধিবাসীদের মধ্যে কত বিভিন্ন ভাষা প্রচলিত আছে। সরকারী হিসাব হইতে জানা যায় যে, এদেশে দুই শতেরও অধিক ভাষা প্রচলিত আছে। প্রকৃতপক্ষে প্রত্যেক অঞ্চলেরই নিজস্ব একটি ভাষা আছে। ধর্মের দিক্ হইতেও ভারতে বৈচিত্র্যের অন্ত নাই। বস্তুতঃপক্ষে পৃথিবীর বহু ধর্মের মিলনক্ষেত্র এই ভারতভূমি। এখানে হিন্দু, ইহুদি, খৃষ্টান, মুসলমান, বৌদ্ধ, জৈন, শিখ ও জরথুষ্ট্র-প্রবর্তিত ধর্মাবলম্বীরা পাশাপাশি বাস করিতেছে। ইহা ছাড়া, এদেশের পাহাড়-জঙ্গলবাসী আদিম অধিবাসীদিগের মধ্যেও কত বিভিন্ন প্রাচীন (Pagan) ধর্ম প্রচলিত আছে। আবার দেশভেদে ও জাতিভেদে সমাজের আচার-ব্যবহার ও রীতি-নীতিরও পার্থক্য রহিয়াছে।

বিভিন্ন মানবগোষ্ঠী

সংস্কৃতির সমন্বয়

বিভিন্ন ভাষা ও ধর্ম

মূলগত ঐক্য—এই বৈচিত্র্য ও বিভিন্নতার অন্তরালে একটি একতার ভাব এই বিশাল ভারতের সমগ্র অধিবাসীদিগকে এক অচ্ছেদ্য যোগসূত্রে আবদ্ধ করিয়া রাখিয়াছে। হিন্দু অধিবাসীদের মধ্যে এই মৌলিক একতার বন্ধনটি বিশেষরূপে পরিলক্ষিত হয়। বেদ, উপনিষদ্, গীতা, পুরাণাদি ভারতের বিভিন্ন ভাষাভাষী সকল হিন্দুরই পবিত্র ধর্মগ্রন্থ, এবং রামায়ণ ও মহাভারত সমস্ত হিন্দুরই জাতীয় মহাকাব্য। সকল শ্রেণীর সকল জাতির হিন্দুর একই তীর্থক্ষেত্র এবং তাহাদের উপাসনার মূল পূজাপদ্ধতিও এক। দেশভেদে ভাষার

বৈচিত্র্যের অন্তরালে ঐক্য

পার্থক্যও হিন্দুদিগের মধ্যে দেখিতে পাওয়া যায় সত্য, কিন্তু সংস্কৃত সমস্ত হিন্দুজাতির ধর্মশাস্ত্র ও সাহিত্যের ভাষারূপে সর্বত্র গৃহীত ও আদৃত হয়। সংস্কৃতের সাহায্যেই পূর্বে সকল প্রদেশের শিক্ষিত সমাজে পরস্পরের মধ্যে ভাবের আদান-প্রদান চলিত। ভারতের ভাষাতত্ত্ব পর্যালোচনা করিলে দেখা যায় যে, দ্রবিড় ব্যতীত বিভিন্ন প্রদেশের ভিন্ন ভিন্ন ভাষাগুলি অধিকাংশই সংস্কৃত হইতে উদ্ভূত। তদুপরি জাতি-ধর্ম-নির্বিশেষে ভারতের সকল অংশের সামাজিক রীতিনীতি ও সভ্যতার মধ্যে পাই একতার অবিচ্ছিন্ন সুর; ইহা সমগ্র ভারতের জাতীয় জীবনে একটি মহান ঐক্যের বাণী জাগ্রত করিয়া রাখিয়াছে। রাষ্ট্রের দিক দিয়াও সুপ্রাচীনকাল হইতেই এক অখণ্ড ভারতের আদর্শ শক্তিমান নরপতিগণকে আসমুদ্র-হিমাচল একচ্ছত্র সাম্রাজ্য-স্থাপনে উদ্বুদ্ধ করিয়াছে এবং কেহ কেহ "সার্বভৌম" নৃপতির গৌরবলাভেও সমর্থ হইয়াছিলেন।

ভারতের হিন্দু ও মুসলমানদিগের মধ্যে সমাজ, আচার ও আদর্শ প্রভৃতি বিষয়ে বহু পার্থক্য স্বভাবতঃই আছে। অথচ বহু বিষয়ে পরস্পরের দ্বারা তাঁহারা প্রভাবান্বিত এবং একই প্রাচ্য-সভ্যতার দ্বারা বহুকাল ধরিয়া অনুপ্রাণিত। অধুনা ভারত ও পাকিস্তান দুইটি পৃথক রাষ্ট্র গঠিত হইয়াছে; কিন্তু এশিয়ার উক্ত দুইটি বিরাট সভ্যতার আদান-প্রদান ও সংমিশ্রণে যে হিন্দুস্থানী মিশ্র-ভাষা, শিল্প, সাহিত্য ও ভাবধারা রচিত হইয়াছে তাহা এই দুইটি সম্প্রদায়ের একতাবন্ধনকে, অনেক পরীক্ষার ভিতর দিয়া, ক্রমশঃ গভীর করিয়াছে এবং ভবিষ্যতেও আরও দৃঢ় করিবে বলিয়া আশা করা যায়।

হিন্দু-মুসলমানের ঐক্য-সমস্যা

প্রশ্নাবলী

১। ভৌগোলিক ও প্রাকৃতিক পরিবেশ জাতীয় ইতিহাস গঠনে কিরূপ প্রভাব বিস্তার করে বর্ণনা কর।

২। ভারতের প্রাকৃতিক বিভাগ ও প্রধান প্রাকৃতিক বৈশিষ্ট্যগুলি কি? ভারতবাসীদের চরিত্র ও রাজনৈতিক জীবনে শেষোক্তটির প্রভাব বর্ণনা কর।

৩। ভারত-ইতিহাসের উপর তাহার প্রাকৃতিক ভূগোল যে প্রভাব বিস্তার করে, তাহার ফলগুলি বর্ণনা কর।

৪। ভারতের বিভিন্ন জাতির ধর্মীয় ও সাংস্কৃতিক ঐক্যবন্ধনের যোগসূত্রগুলি কি?

দ্বিতীয় অধ্যায়

ভারত ইতিহাসের উপাদান

(Sources of Indian History)

প্রাচীন যুগের ইতিহাসের উপাদান।—প্রাচীনকাল হইতে বর্তমান যুগ পর্যন্ত ভারতের কোন ধারাবাহিক লিখিত ইতিহাস নাই। হিন্দু পণ্ডিতগণ রাজনৈতিক ইতিহাস-রচনার দিকে খুব বেশী গুরুত্ব দেন নাই। এজন্য সমগ্রভাবে প্রাচীন ভারতের সময়ানুক্রমিক ধারাবাহিক ইতিহাস আমরা পাই না। তবে হিন্দুযুগে ইতিহাস একেবারে রচিত হয় নাই, একথা বলা চলে না। প্রাচীন ভারতের রাজারা সাধারণতঃ নিজ নিজ রাজসভায় তাঁহাদের কীর্তিকাহিনী লিপিবদ্ধ করিবার নিমিত্ত লিপিকার, সভাকবি অথবা পণ্ডিত নিযুক্ত করিতেন। তাঁহাদের রচিত রাজ-শাসন (Edicts), প্রশস্তি ও গ্রন্থসমূহে সেই সকল রাজা এবং তাঁহাদের শাসনকালের দেশ-কালনিবদ্ধ চিত্র পাওয়া যায়। সাহিত্য ও পুঁথিপত্রে এই সকল উপাদান যতটা পাওয়া গিয়াছে তাহা প্রাচীন ভারতের ইতিহাসের অমূল্য উপাদান।

প্রাচীন ভারতে ইতিহাসের অভাব

প্রাচীন ভারতের ইতিহাসের উপাদান

বর্তমানকালে পণ্ডিতগণ বহু গবেষণা ও আয়াস-সহকারে প্রাচীন হিন্দু সাহিত্য, দর্শন ও বিজ্ঞান, ভাস্কর্য ও স্থাপত্য প্রভৃতি প্রত্নতাত্ত্বিক নিদর্শন ও নানাবিধ শিল্পকলার সূত্র ধরিয়া হিন্দুযুগের বিজ্ঞানসম্মত ইতিহাস রচনার পথ সুগম করিয়াছেন। তাঁহাদের অনুসন্ধানের ফলে প্রাচীন ভারতের এক বিস্মৃতপ্রায় গৌরবময় যুগের সহিত আমরা আজ পরিচিত হইয়াছি।

প্রাচীন ভারতের ইতিহাসের উপাদানগুলিকে কয়েকটি শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে ; যথা—প্রাচীন মুদ্রা, শিলালেখ ও তাম্রশাসন প্রভৃতি ; শিল-মোহর, গুহাচিত্র ও প্রত্নতাত্ত্বিক নিদর্শন (স্থাপত্য ও ভাস্কর্য) ; বেদ, পুরাণ, রামায়ণ, মহাভারত এবং অবৈদিক বৌদ্ধ ও জৈন প্রভৃতি ধর্মগ্রন্থসমূহ ; সংস্কৃত, পালি, প্রাকৃত ও তামিল প্রভৃতি প্রাচীন ভাষায় লিখিত বিচিত্র সাহিত্য ও ইতিহাস গ্রন্থ ;

প্রাচীন ইতিহাসের উপাদানগুলির শ্রেণী-বিভাগ

বৈদেশিক ভ্রমণকারিগণ কর্তৃক লিখিত বিবরণসমূহ ও সমসাময়িক ঐতিহাসিক দলিলপত্রাদি। এই সকল উপাদানের সহায়তায় আধুনিক পণ্ডিতগণ প্রাচীন ভারতের সুনির্দিষ্ট ও সময়ানুক্রমিক ইতিহাস রচনা করিয়াছেন।

উপরি-উক্ত উপাদানগুলির মধ্যে শিলালেখ ও তাম্রশাসন প্রভৃতি বিশেষ উল্লেখযোগ্য। গত শতাধিক বৎসরের মধ্যে বুকানন হ্যামিলটন ও জেমস্ প্রিন্সেপ, আলেকজাণ্ডার কানিংহাম প্রভৃতি কতিপয় অত্যুৎসাহী ইউরোপীয় পণ্ডিতগণ ধৈর্যসহকারে ইহার পাঠোদ্ধার করিয়া প্রাচীন ভারতের ইতিহাসের উপর প্রভূত আলোকপাত করিয়াছেন। ইহাদের মধ্যে মনীষী প্রিন্সেপের নাম উল্লেখযোগ্য। তিনি বহু আয়াস-সহকারে অশোক লিপির পাঠোদ্ধার করিয়া প্রত্যেক ভারতবাসীকে কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করিয়াছেন। বৈজ্ঞানিক প্রণালীতে তাঁহার চেষ্টা ব্যতীত মহারাজ অশোকের রাজত্বকাল সম্বন্ধে আমরা কোন কথাই জানিতে পারিতাম না। এই সকল শিল্পনিদর্শন, শিলালেখ ও তাম্র-শাসনগুলি কেবলমাত্র ভারতের অভ্যন্তরে বিভিন্ন স্থানে পাওয়া গিয়াছে এমন নহে, ভারতের বাহিরে পশ্চিমে তুর্কীস্তান, মেসোপটেমিয়া, আফগানিস্তান, প্রভৃতি অঞ্চলে এবং পূর্ব-দক্ষিণে বালি ও যবদ্বীপ, সুমাত্রা, শ্যাম ও ইন্দোচীন প্রভৃতি দেশেও আবিষ্কৃত হইয়াছে। ইহারই সাহায্যে বহির্ভারতে হিন্দু বাণিজ্য ও উপনিবেশ বিস্তারের কাহিনী সুন্দরভাবে জানা যায়। আবার, এই উপাদানগুলি আবিষ্কৃত না হইলে মহামতি অশোকের নাম আজও জগতে অজ্ঞাত থাকিয়া যাইত। কলিঙ্গরাজ খারবেল, মহাক্ষত্রপ রুদ্রদামন, গুপ্তসম্রাট সমুদ্রগুপ্তের অত্যাশ্চর্য বিজয়কাহিনী প্রভৃতি ও অন্যান্য খ্যাতনামা রাজাদের কাহিনী এই লেখগুলি হইতেই উদ্‌ঘাটিত হইয়াছে। পশ্চিম-এশিয়ায় প্রাপ্ত বোঘজ্‌কোই (Boghaz-koi) লেখ (আঃ ১৪০০ খৃঃ পূঃ) হইতে আমরা কৃষ্ণসাগর পর্যন্ত আর্যসভ্যতা বিস্তারের অনেক তথ্য পাই। পারস্যে যে-সকল শিলালেখ পাওয়া গিয়াছে, তাহা হইতেও আমরা পারসিকগণ কর্তৃক ভারতের সুদূর উত্তর-পশ্চিম অঞ্চল অধিকারের ইতিহাস পাই। শিলালেখ, প্রাচীন মুদ্রা ও তাম্রশাসন প্রভৃতির সাহায্যে পণ্ডিতগণ অনেক খ্যাতনামা রাজাদের রাজত্বকাল সঠিকভাবে নির্ণয় করিতে সক্ষম হইয়াছেন।

শিলালেখ ও তাম্রশাসন

প্রাচীন মুদ্রাগুলি হইতেও সেই যুগের অনেক তথ্য জানিতে পারা গিয়াছে। ইরাণী,

গ্রীক, পারদ, শক, প্রভৃতি যে-সকল বৈদেশিক জাতি উত্তর-পশ্চিম ভারতে রাজ্যস্থাপন করিয়াছিল, সেই সকল রাজ্যের শাসকদের অধিকাংশের নাম এবং শাসনকালের কথা আমরা এই সকল শীল-মোহর ও মুদ্রার মাধ্যমেই জানিতে পারি। এই সকল প্রাচীন মুদ্রা আবিষ্কৃত না হইলে ভারত-ইতিহাসের সঙ্গে ভূমধ্যসাগর সভ্যতার একটি মূল্যবান অধ্যায় অজ্ঞাত থাকিয়া যাইত।

প্রাচীন মুদ্রা

ভারতের বিভিন্ন স্থানে যে-সকল স্থাপত্য, ভাস্কর্য ও অন্যান্য শিল্পকলার নিদর্শন আবিষ্কৃত হইয়াছে, তাহা রাষ্ট্রিক ইতিহাস-রচনায় বিশেষ সাহায্য না করিলেও, এই সকল প্রত্নতাত্ত্বিক উপাদান প্রাচীন ভারতের সংস্কৃতি ও শিল্পকলার ক্রমবিকাশ ও ইতিহাসের অমূল্য সাক্ষ্য হিসাবে আজও জগতের বিস্ময় উৎপাদন করিতেছে। এই সকল নিদর্শন প্রাচীন যুগের গণ-সংস্থা ও রাজাদের শক্তি, সম্পদ ও গৌরবের পরিমাপ করিতেও সাহায্য করে। প্রাচীন ভারতের বাণিজ্য, ধর্ম, সংস্কৃতি ও সাধনার ইতিহাস-গঠনেও ইহাদের দান অপরিমেয়। প্রাচীন সিন্ধু-সভ্যতা (আঃ ৩০০০ খৃঃ পূঃ) সম্বন্ধে আমাদের জ্ঞান একমাত্র প্রত্নতাত্ত্বিক নিদর্শনের উপরেই নির্ভর করিতেছে। এই প্রসঙ্গে এখানে উল্লেখ করা যাইতে পারে যে, সুবিখ্যাত বাঙ্গালী প্রত্নতত্ত্ববিদ্ রাখালদাস বন্দ্যোপাধ্যায় এবং পণ্ডিত দয়ারাম সাহানী সিন্ধু-উপত্যকায় মোহেন-জো-দাড়ো এবং পাঞ্জাবের হরপ্পা নামক স্থানে দুইটি অতি প্রাচীন নগরের ধ্বংসস্তূপ প্রথম আবিষ্কার করেন (১৯২০-৩০)। পরে এখানে স্যার জন মার্শাল ও ম্যাকে (Mackay) প্রভৃতি খননকার্য চালাইয়া ভারতের প্রাচীনতম সভ্যতার বহু ভারতীয় প্রত্নবিভাগের নিদর্শন বাহির করেন। দেশী ও বিদেশী পণ্ডিতগণের চেষ্টায় তক্ষশিলা, গান্ধার, সারনাথ, নালন্দা, সাঁচী, কোশাম্বী প্রভৃতি ভারতের প্রাচীন সভ্যতা ও সংস্কৃতির কেন্দ্রসমূহ মাটি খুঁড়িয়া বাহির করা হইয়াছে। এই সকল নিদর্শন না পাওয়া গেলে প্রাচীন ভারতের ইতিহাসের এক গৌরবময় অধ্যায় অজ্ঞাত রহিয়া যাইত।

স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের নিদর্শন

বেদ, রামায়ণ, মহাভারত ও পুরাণাদি হিন্দু ধর্মগ্রন্থ এবং অবৈদিক বৌদ্ধ ও জৈন ধর্মগ্রন্থসমূহ হইতে আমরা প্রাচীন ভারতের রাষ্ট্রিক, সামাজিক এবং অর্থনৈতিক অবস্থার সম্বন্ধে বহু মূল্যবান তথ্য পাই। আর্যদের আগমনকাল হইতে আলেকজাণ্ডারের অভিযান পর্যন্ত ভারতের ইতিহাস এই

রামায়ণ, মহাভারত, পুরাণ ও জৈন-বৌদ্ধ ধর্ম-গ্রন্থসমূহ

সকল তথ্য হইতেই রচিত হইয়াছে। আবার সংস্কৃত, পালি, প্রাকৃত এবং তামিল প্রভৃতি ভাষায় রচিত সাহিত্য, দর্শন, ইতিহাস, বিজ্ঞান ও শিল্পশাস্ত্র হইতে হিন্দুযুগের রাষ্ট্র, সমাজ, বৈষয়িক অবস্থা, সংস্কৃতি, ধর্ম ও শিল্পকলা-বিকাশের বিশদ ও মনোরম চিত্র পাওয়া যায়। হর্ষচরিত প্রভৃতি রাজ-জীবনী ও ইতিহাসমূলক গ্রন্থ কয়েকখানি আবিষ্কৃত হইয়াছে।

সাহিত্য, দর্শন, ইতিহাস

এই সকল গ্রন্থ হইতে সামসাময়িক খ্যাতনামা রাজা অথবা রাজবংশের রাজত্বকালের মূল্যবান তথ্য আমরা পাই। এই সকল ইতিহাসের মধ্যে গৌড়বহো, রাজতরঙ্গিণী, বিক্রমাঙ্ক-চরিত ও পালযুগের রামচরিত সমধিক প্রসিদ্ধ।

বৈদেশিক পর্যটকগণের লিখিত বিবরণ

যুগে যুগে বৈদেশিক পর্যটকগণ ভারতের ঐশ্বর্য ও গৌরবের কাহিনীতে আকৃষ্ট হইয়া এদেশে আসিয়াছেন। তাঁহারা এদেশ সম্বন্ধে যে বিচিত্র বিবরণ রাখিয়া গিয়াছেন, তাহা হইতে আমরা সমসাময়িক ভারত বিষয়ে বহু মূল্যবান্ তথ্য পাই। প্রাচীন ভারতের ইতিহাসের উপাদান হিসাবে এই সকল বিবরণ বিশেষ গুরুত্বপূর্ণ।

গ্রীক ও রোমান পণ্ডিতদের লিখিত বিবরণ

আলেকজাণ্ডারের সঙ্গে কয়েকজন গ্রীক পণ্ডিত এদেশে আসিয়াছিলেন এবং তাঁহারা ভারত-বিবরণীতে অনেক কথা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। পরবর্তী কালের গ্রীক ও রোমান লেখকদের গ্রন্থে এই সকল কথা খণ্ড খণ্ড ভাবে উদ্ধৃত আছে। এই উদ্ধৃত বিবরণ হইতে তদানীন্তন ভারতের রাষ্ট্রিক, সামাজিক ও ভৌগোলিক অবস্থার অনেক তথ্য পাওয়া যায়। সিরিয়ার সম্রাট সেলেউকস, মেগাস্থিনিস নামে একজন রাজদূতকে মৌর্য চন্দ্রগুপ্তের রাজসভায় পাঠাইয়াছিলেন। তাঁহার রচিত Indika নামে একখানি গ্রন্থ আছে। এই গ্রন্থখানি সম্পূর্ণ পাওয়া যায় নাই ; কিন্তু অন্যান্য গ্রীক লেখকগণ উহা হইতে যে-সকল কথা উদ্ধৃত করিয়াছেন, তাহা হইতে মৌর্য-ভারত বিষয়ে অনেক তথ্য জানিতে পারা গিয়াছে। জনৈক অজ্ঞাতনামা গ্রীক লেখক-প্রণীত Periplus of the Erythrean Sea নামক সুপ্রসিদ্ধ গ্রন্থ ও টলেমি (Ptolemy)-লিখিত ভূগোল হইতেও ১ম ও ২য় শতকের অনেক ঐতিহাসিক ও ভৌগোলিক তথ্য জানিতে পারা যায়।

ফা-হিয়েন ও হিউয়েন্-সাঙ প্রভৃতি যে-সকল খ্যাতনামা চীনা তীর্থযাত্রী ভারতে

আসিয়াছিলেন, তাঁহাদের লিখিত বিবরণ হইতে মৌর্যোত্তর যুগের ভারতবর্ষ, বৌদ্ধধর্ম ও মধ্য-এশিয়ার ইতিহাসের অনেক বহুমূল্য তথ্য পাওয়া গিয়াছে। বৃহত্তর ভারতের ইতিহাস পুনর্গঠনে চীনা লেখকদের বিবরণসমূহের গুরুত্ব অপরিসীম।

ফা হিয়েন ও হিউয়েন্-সাঙ

হিন্দুযুগের অবসানকালে দশম শতকের শেষ ভাগে এবং একাদশ শতকের আরম্ভে গজনীর সুলতান মাহ্‌মুদ বার বার ভারত আক্রমণ করেন। তাঁহার সভাসদ ইরাণী মনীষী অল্-বিরুণী আরবী ভাষায় ভারত সম্বন্ধে একখানি মূল্যবান্ তথ্যপূর্ণ বিবরণ লিখিয়া গিয়াছেন। তাঁহার গ্রন্থ হইতে সমসাময়িক ভারতের বিজ্ঞান ও দর্শন, জ্যোতিষ এবং রাষ্ট্র, সমাজ, ধর্ম ও সংস্কৃতির অনেক কথা জানিতে পারা যায়। এ যুগের অন্যান্য মুসলিম পর্যটকদের মধ্যে সুলেমান, অল্-মাসুদি, হাসান নিজামি, প্রভৃতির নাম উল্লেখযোগ্য। ইঁহারা সকলেই ভারতবর্ষ বিষয়ে নিজ নিজ অভিজ্ঞতা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

অল্-বিরুণী

মধ্যযুগের ইতিহাসের উপাদান।—মধ্যযুগে, আরব ও তুর্কী মুসলমান সুলতান ও বাদশাহদিগের শাসনকালে বহু খ্যাতনামা ঐতিহাসিক জন্মগ্রহণ করিয়াছিলেন। তাঁহাদের রচিত ইতিহাসে মুস্‌লিম যুগের কাহিনী পুঙ্খানুপুঙ্খভাবে জানা যায়। ইঁহারা অনেকেই রাজানুগ্রহ লাভ করিয়া সমসাময়িক যুগের অনেক মূল্যবান তথ্য লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। নাসিরউদ্দীন মাহমুদের রাজত্বকালে মিন্‌হাজউদ্দীন সিরাজ তাঁহার 'তব্‌কাত্‌-ই-নাসিরী' রচনা করিয়াছেন; আমীর খুসরু প্রণীত 'তারিখ-ই-আলাই' নামক ইতিহাসে আলাউদ্দীন খল্‌জীর রাজত্বকালের বর্ণনা পাওয়া যায়। এ যুগের সর্বশ্রেষ্ঠ ঐতিহাসিক জিয়াউদ্দীন বরণী ছিলেন মরক্কোর পর্যটক ইবন্ বাতুতা এবং মুহম্মদ তুগ্‌লুক ও ফীরুজ তুগ্‌লুকের সমসাময়িক। তিনি 'তারিখ-ই-ফীরুজশাহী' নামে একখানি প্রসিদ্ধ গ্রন্থ রচনা করেন। মুঘল যুগেও ঐতিহাসিক উপাদানের অভাব নাই। বাবুর-নামা, হুমায়ুন-নামা, আইন-ই-আকবরী, আকবর-নামা, তব্‌কাত্‌-ই-আকবরী, তুজুক-ই-জাহাঙ্গিরী, বাদশা-নামা, মুন্তখব্ উলু-লুবাব, প্রভৃতি প্রসিদ্ধ ঐতিহাসিক গ্রন্থ হইতে মুঘল যুগের রাষ্ট্র ও সমাজ সম্বন্ধে

মুসলমান ঐতিহাসিকগণ লিখিত ইতিহাস

মোগলযুগের লিখিত ও ইউরোপীয় ভ্রমণকারিগণের বিবরণ

COLLEGE

মূল্যবান তথ্য পাওয়া যায়। মধ্যযুগে যে-সকল ইউরোপীয় ভ্রমণকারী এদেশে আসিয়াছেন তাঁহারাও সমসাময়িক যুগের সুন্দর বিবরণ রাখিয়া গিয়াছেন। এ যুগে প্রচলিত স্বর্ণ, রৌপ্য ও তাম্র মুদ্রা হইতেও অনেক তথ্য পাওয়া যায়।

বর্তমান যুগের ইতিহাসের উপাদান।—বর্তমানকালের ভারত-ইতিহাসের উপাদানের অভাব নাই। ইংরাজ ও ফরাসী, পর্তুগীজ, দিনেমার ও ওলন্দাজ প্রভৃতি যে-সকল পাশ্চাত্ত্য জাতি এদেশে বাণিজ্য ও রাজ্যবিস্তার করিতে আসিয়া ইউরোপীয় শক্তির পত্তন করিয়াছিল, তাহাদের শাসনকালের সমসাময়িক বহু দলিল-পত্রাদির সাহায্যে বর্তমান কালের সমসাময়িক ইতিহাস রচিত হইয়াছে। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর এবং অন্যান্য ইউরোপীয় কোম্পানীসমূহের বহু দলিলপত্র এখন দিল্লী, গোয়া, কলিকাতা, পণ্ডিচেরী এবং ভারতের অন্যান্য সহরে সযত্নে রক্ষিত আছে। ইতিহাসের উপাদান হিসাবে ইহাদের মূল্য অপরিসীম। ইহা ছাড়া এ যুগের আরও প্রয়োজনীয় কাগজপত্র, যাহা ভারতের বর্তমান যুগের ইতিহাসের উপর আলোকসম্পাত করিতে পারে, তাহা লণ্ডন, লিসবন, প্যারিস্ প্রভৃতি ইউরোপীয় নগরসমূহের গ্রন্থাগারে রহিয়াছে। এই সকল গ্রন্থের মধ্যে জেম্‌স্ মিল রচিত বৃটিশ ভারতের ইতিহাস, উইল্কসের মহীশূরের ইতিহাস, গ্রাণ্ট ডাফের মারাঠা জাতির ইতিহাস এবং কানিংহামের শিখ জাতির ইতিহাস বিশেষ উল্লেখযোগ্য। পক্ষপাত-দুষ্ট পাশ্চাত্ত্য পণ্ডিতগণ কর্তৃক রচিত ইতিহাস হইতেও আমরা বর্তমান যুগের অনেক তথ্য সংকলন করিতে পারি।

বর্তমানকালের সমসাময়িক দলিল-পত্রাদি

প্রশ্নাবলী

১। প্রাচীন যুগের ভারত ইতিহাসের উপাদানগুলির বিবরণ দাও।

২। মধ্যযুগ ও বর্তমানযুগের ইতিহাসের প্রধান উপাদানগুলি বর্ণনা কর।

৩। মুসলমান আমলের পূর্ববর্তী ভারতের ইতিহাসের বিভিন্ন উপাদান সম্বন্ধে দৃষ্টান্তসহ সংক্ষিপ্ত আলোচনা কর।

2345 I/216

তৃতীয় অধ্যায়

সিন্ধু-সভ্যতা

(Indus Valley Civilization)

প্রস্তরযুগ।—ভারতবর্ষের আদিম যুগের অধিবাসীদের সম্বন্ধে অনেক নূতন তথ্য জানিতে পারা গিয়াছে। উত্তর ও দক্ষিণ-ভারতে পাথরের অমসৃণ যে-সব আফ্রিকার মত অস্ত্রশস্ত্র (Hand-axe) পাওয়া গিয়াছে তাহাতে মনে হয়, অতি প্রাচীনকালে যে জাতি বাস করিত তাহারা প্রত্ন-প্রস্তরযুগের মানবের (Palæolithic Afro-Indian man) সমজাতীয় ছিল।

প্রত্ন-প্রস্তরযুগের মানব

ইহাদের পরে মসৃণ-প্রস্তর যুগের (Neolithic) ভারতবর্ষে যে জাতির প্রহরণাদি দক্ষিণ ও মধ্যভারতে পাওয়া যায়, তাহাদিগকে নব্য-প্রস্তরযুগের মানুষ বলা হয়। দাক্ষিণাত্য, বিন্ধ্যপ্রদেশ, যুক্তপ্রদেশ ও বাংলার কোন কোন অঞ্চলে পলিমাটির নীচে নব্য-প্রস্তরযুগের নানা নিদর্শন আবিষ্কৃত হইতেছে।

নব্য-প্রস্তরযুগ

তাম্রযুগ।—নব্য-প্রস্তরযুগের লোকেরাই কালক্রমে তাম্র, লৌহ, প্রভৃতি ধাতুর ব্যবহার আয়ত্ত করিয়া ইতিহাসে তাম্রযুগ, লৌহযুগ, প্রভৃতি বিভিন্ন যুগের লোক বলিয়া প্রসিদ্ধিলাভ করিয়াছে। আধুনিক কৃষি-প্রধান সভ্যতা প্রধানতঃ নব্য-প্রস্তরযুগেরই (খৃঃ পূঃ ৩০০০-১০০০) বিকাশের ফল।

তাম্রযুগ

সিন্ধু সভ্যতা।—পুরাতত্ত্ববিদ্‌গণ নব্য-প্রস্তরযুগ ও তাম্রযুগের সন্ধিক্ষণের নাম (Chalcolithic) দিয়াছেন 'তাম্র-প্রস্তরযুগ'। এই সময়ে প্রস্তরের ব্যবহার কিছু কিছু থাকিলেও তাম্রের প্রচলন ধীরে ধীরে বাড়িয়া গিয়াছে। কিন্তু দক্ষিণ-ভারত ছাড়া লৌহের ব্যবহার তখনও জানা ছিল না। সম্প্রতি সিন্ধু-উপত্যকার নানাস্থানে 'তাম্র-প্রস্তরযুগ'-এর সভ্যতার প্রচুর নিদর্শন আবিষ্কৃত হইয়াছে। পাঞ্জাবের অন্তর্গত হরপ্পা এবং সিন্ধু ও বেলুচিস্তান প্রদেশের মোহেন-জো-দাড়ো প্রভৃতির বিস্তীর্ণ ধ্বংসাবশেষের মধ্যে আবিষ্কৃত শিল্প-নিদর্শনাদি দেখিলে এই সভ্যতার উৎকর্ষ সম্বন্ধে কোন সন্দেহ থাকে না।

মোহেন্-জো-দাড়ো ও হরপ্পা, লাল্ ও কুল্লীর সভ্যতা সিন্ধু-উপত্যকা আশ্রয় করিয়া


Date 23.4.2007
Acc. No. 12462

গড়িয়া উঠিয়াছিল বলিয়া পণ্ডিতগণ ইহাকে 'সিন্ধু-সভ্যতা' আখ্যা দিয়াছেন। তাঁহাদের মতে ইহার উদ্ভবকাল খৃষ্টজন্মের অন্ততঃ তিন সহস্র বৎসর পূর্বে। কেহ কেহ অনুমান করেন যে, ইহা প্রাক্-দ্রবিড় জাতির সৃষ্টি। পাঞ্জাবের 'হরপ্পা', বেলুচিস্তানের 'নাল্' ও সিন্ধুপ্রদেশের 'মোহেন্-জো-দাড়ো' প্রভৃতির সভ্যতার সঙ্গে সুদূর মেসোপটেমিয়ার প্রাচীন সুমেরীয় সভ্যতার যে ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল, তাহা প্রায় সর্ববাদিসম্মত। কাহারো কাহারো মতে সুমেরীয়গণ ছিল দ্রবিড়দেরই সমজাতীয়। কিন্তু এ বিষয়ে এখনও কোন স্থির সিদ্ধান্ত হয় নাই।

সিন্ধু-সভ্যতার স্রষ্টা

তাম্র-প্রস্তরযুগের এই সভ্যতা যে অত্যন্ত উন্নত শ্রেণীর ছিল, সে বিষয়ে মতদ্বৈধ নাই। মোহেন্-জো-দাড়োর নগর-পরিকল্পনা (Town planning), পয়প্রণালী ও পূর্তকার্য (Irrigation) দেখিলে বিস্মিত হইতে হয়। সমগ্র নগরটি সুবৃহৎ রাজপথের দ্বারা বিভিন্ন পল্লীতে বিভক্ত; পল্লীসমূহ চক্-মিলান কয়েকতল-বিশিষ্ট ইমারতে সুসজ্জিত। ইমারতগুলি বহু প্রকোষ্ঠে বিভক্ত ছিল। ইমারতের পাশ দিয়া গলি বা ছোট রাস্তা ছিল; এগুলি দিয়া রাজপথ বা অন্য গলিতে যাতায়াত করার সুবিধা ছিল। নগরের স্বাস্থ্যরক্ষার জন্য সুবৃহৎ পয়ঃপ্রণালীরও ব্যবস্থা ছিল। প্রত্যেক গৃহস্থ বাড়ীতেও ময়লা জল ইত্যাদি নিষ্কাশনের জন্য ছোট ছোট পয়ঃপ্রণালী ছিল। শুধু গৃহস্থের বাড়ীতে নয়, সর্ব-সাধারণের ব্যবহারের জন্যও স্নানাগার, সন্তরণবাপী, কূপ, পায়খানা, প্রভৃতি দেখিতে পাওয়া যায়। মোহেন্-জো দাড়োতে সর্বসাধারণের জন্য একটি বিরাট স্নানাগার ও সন্তরণবাপী ছিল। নিকট-বর্তী সরোবর হইতে জল আনিয়া ইহা সর্বদা ভরিয়া রাখা হইত এবং মাঝে মাঝে ময়লা জল বাহির করিয়া দিবার ব্যবস্থাও ছিল। সন্তরণবাপীর চারিপাশে ক্ষুদ্র ক্ষুদ্র অনেকগুলি স্নানাগার ছিল।

মোহেন-জো-দাড়োর নাগরিক সভ্যতা



শীলমোহর (মোহেন্-জো-দাড়ো)

ইহাতে গরম জলে স্নানের ব্যবস্থাও ছিল। সিন্ধু-সভ্যতায় জনসাধারণের সুখ-স্বাচ্ছন্দ্য বিধানের নিমিত্ত যে সকল ব্যবস্থা দেখা যায় তাহা সে যুগের অপর কোন সুসভ্য জাতির মধ্যে দেখা যায় না।

কৃষি

পশুপালন ও কৃষিই ছিল সে যুগের লোকের প্রধান উপজীবিকা; এবং গম, যব, প্রভৃতি শস্য, খেজুর ও অন্যান্য ফল, পশুর মাংস প্রভৃতি তাহাদের প্রধান খাদ্য ছিল। গৃহপালিত পশুর মধ্যে গরু, মহিষ, শূকর, কুকুর ও মেষের উল্লেখ পাওয়া যায়। ঘোড়া ও বিড়াল তখনও হয়ত অজ্ঞাত। ব্যবসা-বাণিজ্যেও ইহারা বিশেষ উন্নতি লাভ করিয়াছিল। সমুদ্র ও স্থলপথে প্রাচীন সিন্ধু ও গুজরাটের নানা জাতি বহির্বিশ্বের সহিত বাণিজ্য চালাইত ইহার প্রমাণ পাওয়া যায়।

শিল্পকলা,— ধাতু ও মৃৎশিল্প

ধাতু-দ্রব্যের মধ্যে মোহেন্-জো-দাড়োতে সোনা, রূপা, তামা, টিন ও ব্রোঞ্জ পাওয়া গিয়াছে। তন্মধ্যে তামার জিনিষই সর্বাপেক্ষা অধিক। রূপা, তামা ও ব্রোঞ্জ নির্মিত বহুবিধ পাত্র, আয়না, চিরুণী ও স্ুঁচ, ক্ষুর, মাছ ধরিবার বড়শী ও নানাবিধ যুদ্ধাস্ত্র প্রভৃতি মোহেন-জো-দাড়োর ধ্বংস স্তূপের মধ্যে প্রচুর পরিমাণে পাওয়া গিয়াছে। স্বর্ণ ও অন্যান্য ধাতুর অলঙ্কারের প্রচুর প্রচলন ছিল এবং স্বর্ণের উপর পাথর-বসান (জড়োয়া) অলঙ্কারেও মেয়েরা সজ্জিত হইত। এই সকল দ্রব্য হইতে অনুমান করা যায় যে, সে যুগে সিন্ধুদেশের অধিবাসীরা ধাতু শিল্পে বিশেষ নৈপুণ্য লাভ করিয়াছিল। লৌহের ব্যবহার সম্ভবতঃ এযুগে অজ্ঞাত ছিল।



প্রস্তরমূর্তি (মোহেন্-জো-দাড়ো)

Date........

কিন্তু পোড়ামাটি (Terra-cotta) মৃৎশিল্পে ইহারা বিশেষ উন্নতিলাভ করিয়াছিল। নানাবিধ চিত্রিত ও পালিশ করা মাটির পাত্র এখানে তৈয়ারী হইত। বিভিন্ন প্রকারের পাত্র (Potteries) ব্যতীত, শিশুদের জন্য গরু, ভেড়া, হাতী, মহিষ, বানর, শূকর ও মুর্গী প্রভৃতি নানাবিধ খেলনা এখানে আবিষ্কৃত হইয়াছে; পোড়ামাটির খেলনার মধ্যে গাড়ীও পাওয়া গিয়াছে। গাড়ীগুলি দেখিতে অনেকটা বর্তমান যুগের গরুর গাড়ীর মত।

সিন্ধু-সৌবীর জাতির মধ্যে সূতী ও পশমের বস্ত্র ব্যবহারের প্রচলন ছিল। ইহাদের পোষাক-পরিচ্ছদ সম্বন্ধে বিশেষ কিছু জানা যায় না। সম্ভবতঃ ইহারা উচ্চাঙ্গ ও নিম্নাঙ্গ দুইখানি পৃথক বস্ত্রখণ্ডের দ্বারা দেহ আবৃত করিত। পুরুষদের দাড়ি ছিল, কিন্তু উহারা গোঁফ কামাইয়া ফেলিত; মাথার দীর্ঘ কেশ আঁচড়াইয়া ফিতা দিয়া বাঁধিয়া রাখিত। স্ত্রীলোকের চুল বেণীবদ্ধ থাকিত। স্ত্রী-পুরুষ উভয়েই অলঙ্কার পরিধান করিতে ভালবাসিত।

পোষাক-পরিচ্ছদ

মোহেন-জো-দাড়ো ও হরপ্পা উভয় স্থানেই নরম বেলে-পাথরে নির্মিত অসংখ্য শীলমোহর পাওয়া গিয়াছে; পোড়ামাটি, তামা ও ব্রোঞ্জের শীলমোহরও বহু আবিষ্কৃত হইয়াছে। এই সকল শীলমোহরে নানাবিধ জীবজন্তুর মূর্তি উৎকীর্ণ আছে। আবার এক শ্রেণীর শীলমোহরে প্রাচীন লিপিও উৎকীর্ণ আছে। এই সকল লিপির পাঠোদ্ধার এখনও সম্ভব হয় নাই। কাহারো মতে সৈন্ধব-লিপির সহিত প্রাচীন মেসোপটেমিয়া ও ক্রীটের লিপির সাদৃশ্য আছে।

শীলমোহর

সৈন্ধব জাতির ধর্মমত কিরূপ ছিল ইহা নিশ্চিতরূপে নির্ধারণ করিবার মত উপাদান এখনও পাওয়া যায় নাই। মোহেন-জো-দাড়ো প্রভৃতি স্থানে কোন মন্দির বা বিগ্রহাদি আবিষ্কৃত হয় নাই। শীলমোহরে উৎকীর্ণ আলেখ্য এবং পোড়ামাটির মাতৃকা-মূর্তি এবং যোগাসনে উপবিষ্ট পুরুষ-মূর্তির নিদর্শন হইতে অনেকে অনুমান করিয়াছেন যে, সে-যুগে জগন্মাতা দুর্গা (?) ও জগৎ-পিতা শিব-পশুপতি (?) উভয়েরই পূজা হইত। বৃক্ষ, সর্প ও অন্যান্য জীবজন্তুর পূজারও প্রচলন ছিল, এরূপ প্রমাণের অভাব নাই।

ধর্ম

সমসাময়িক প্রাচীন সভ্যতা।—ভারতে যে যুগে সিন্ধু-সভ্যতা বিস্তার লাভ করিয়াছিল, সেই যুগে মিশরে নীলনদের উপত্যকায়, মেসোপটেমিয়ায় টাইগ্রিস ও

ইউফ্রেটিস নদীর উপত্যকায় এবং চীনে হোয়াংহো ও ইয়াংসি-কিয়াং নদী-বিধৌত অঞ্চলে সেযুগে উন্নত সভ্যতার উন্মেষ ঘটিয়াছিল। আবার প্রায় সমসাময়িক যুগেই ভূমধ্যসাগর অঞ্চলে ক্রীট, ট্রয় প্রভৃতি স্থানেও একটি উন্নত সভ্যতার অভ্যুত্থান হইয়াছে Homerএর মহাকাব্যে তাহার প্রমাণ পাই।

বিভিন্ন সভ্যতা

এই সকল উন্নত সভ্যতাসমূহের মধ্যে মিশরীয় সভ্যতাই ছিল সম্ভবতঃ প্রাচীনতম। খৃষ্ট জন্মের বহু সহস্র বৎসর পূর্বে মিশরে কয়েকটি বড় বড় নগর গড়িয়া উঠিয়াছিল। প্রায় সাড়ে পাঁচ হাজার বৎসর পূর্বে Manes নামে একজন রাজা সমগ্র মিশর বিস্তৃত একটি শক্তিশালী রাজ্য প্রতিষ্ঠা করিয়াছিলেন। স্থাপত্য শিল্পে মিশরের অধিবাসীরা বিশেষ উন্নতিলাভ করিয়াছিল। প্রাচীন যুগের পিরামিড-গুলি এবং বিরাট মন্দিরগুলি মিশরীয় জ্যামিতি ও স্থাপত্য শিল্পের উৎকর্ষের পরিচয় বহন করিতেছে। জ্ঞান-বিজ্ঞানেও মিশর অসাধারণ উন্নতিলাভ করিয়াছিল।

মিশর

টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর উপত্যকায়ও কয়েকটি উন্নত প্রাচীন সভ্যতা গড়িয়া ওঠে। ইহাদের মধ্যে স্থমের, ব্যাবিলন, আক্কাদ ও আসিরিয়ার সভ্যতা ছিল সর্বাপেক্ষা উল্লেখযোগ্য। স্থমেরবাসীরা কৃষি ও বাণিজ্যে সমৃদ্ধ ছিল। প্রায় সাত হাজার বৎসর পূর্বে ইরাক কয়েকটি পৌর-রাষ্ট্রে বিভক্ত ছিল। স্থমেরের অধিবাসীরা লিখিবার পদ্ধতি জানিত।

স্থমের

ব্যাবিলন ছিল আর একটি প্রাচীন সভ্যতার কেন্দ্র। ব্যাবিলনবাসীরাও বিশাল নগর স্থাপন করিয়া বাস করিত এবং ইহারা জ্ঞান-বিজ্ঞানে, ব্যবসা-বাণিজ্যে ও শিল্পে খুব উন্নতিলাভ করিয়াছিল। ব্যাবিলনে কারুকার্যময় সোনা, রূপা ও অন্যান্য ধাতুর স্থন্দর স্থন্দর দ্রব্যাদি এবং পশমের বস্ত্রাদি প্রচুর পরিমাণে উৎপন্ন হইত। ব্যাবিলনে শিক্ষার আদর ছিল। যাহারা লেখাপড়া শিখিত দেশে তাহাদের খুব সম্মান ছিল। প্রায় চারি হাজার বৎসর পূর্বে এখানে হামুরাবি নামে একজন রাজা রাজত্ব করিতেন। তাঁহার সময়ে অনেক বিদ্যালয় স্থাপিত হইয়াছিল। তিনি দেশের প্রাচীন আইন (Code) সংগ্রহ করিয়া একখানি প্রস্তর খণ্ডে উৎকীর্ণ করিয়া রাখিয়াছিলেন।

ব্যাবিলন

ব্যাবিলনের উত্তরে ছিল আসিরীয় রাজ্য। আসিরীয় জাতিও ছিল একটি উন্নত

সভ্যতার স্রষ্টা। প্রায় চারি হাজার বৎসর পূর্বে ইহারা মেসোপটেমিয়াতে একটি বড় সাম্রাজ্য স্থাপন করে। নিনেভি ও আস্থর ছিল এই সাম্রাজ্যের দুইটি প্রধান নগর। এদেশের একজন বিখ্যাত রাজা ছিলেন আস্থরবানিপাল। ইনি শিক্ষার প্রতি বিশেষ অনুরাগী ছিলেন। আস্থরবানিপালের একটি প্রসিদ্ধ লাইব্রেরী ছিল। এখানে ধর্ম, সাহিত্য ও বিজ্ঞানের অনেক পুস্তক ছিল। কাঁচা মাটির টালির উপর তখন লেখা উৎকীর্ণ করা হইত। স্থাপত্য ও ভাস্কর্যে আসিরীয়া জাতি উন্নত ছিল।

আসিরিয়া

চীনেও হাজার হাজার বৎসর পূর্বে একটি বড় সভ্যতার অভ্যুত্থান ঘটিয়াছিল। কৃষি, শিল্প, বাণিজ্য ও শিক্ষায় চীনারা খুব অগ্রসর ছিল। এখানেও শিক্ষার বিশেষ সমাদর ছিল। চীনের সভ্যতা যে কত প্রাচীন তাহা বলা দুরূহ; ভারতের সঙ্গে চীনের সম্বন্ধ ২০০০ বছরের অধিক।

চীন

প্রাচীন মেডেটেরেনিয়ান জাতির একটি শাখা ইজিয়ান জাতি ও ইজিয়ান (Aegian) সাগর অঞ্চলে বহু উন্নত সভ্যতার সৃষ্টি করিয়াছিল। ক্রীট দ্বীপ, ট্রয় ও মাইসিনি নগরকে কেন্দ্র করিয়া এই Homeric সভ্যতা (১৫০০-১০০০ খৃঃ পূঃ) গড়িয়া উঠিয়াছল। কৃষি, শিল্প ও বাণিজ্যে ইজিয়ান (Minoan) জাতি বিশেষ উৎকর্ষ লাভ করিয়াছিল এবং ইহারা লিখিবার পদ্ধতিও জানিত।

ইজিয়ান জাতি

সিন্ধু-সভ্যতা ও মেসোপটেমিয়ার সভ্যতার মধ্যে অতি প্রাচীন কালেই নিবিড় যোগাযোগ স্থাপিত হইয়াছিল ইহা পণ্ডিতগণ সিদ্ধান্ত করিয়াছেন। উভয় সভ্যতার নিদর্শনাদির মধ্যে কিছু কিছু সাদৃশ্য পাওয়া গিয়াছে; সুমেরীয় ও সৈন্ধব লিপির মধ্যে কিছু সাদৃশ্য আছে। মোহেন-জো-দাড়োতে মেসোপটেমিয়ার শীলমোহর পাওয়া গিয়াছে; আবার সেখানেও মোহেন-জো-দাড়োর শীলমোহর আবিষ্কৃত হইয়াছে। ইহা উভয় সভ্যতার মধ্যে যোগাযোগের সুস্পষ্ট প্রমাণ। সম্ভবতঃ বাণিজ্যের মাধ্যমেই এই যোগাযোগ স্থাপিত হইয়াছে। সুদূর মিশরীয় সভ্যতার সহিতও সৈন্ধব সভ্যতার (Indus Civilisation) সম্বন্ধ ছিল ইহা অনুমান করা যায়, কারণ মোহেন-জো-দাড়োতে এমন কয়েকটি শিল্পদ্রব্য পাওয়া গিয়াছে যাহা মিশরে (Egypt) প্রস্তুত হইত।

সিন্ধু-সভ্যতা ও মেসোপটে-মিয়ার সভ্যতার সাদৃশ্য

প্রশ্নাবলী

১। প্রাচীন সিন্ধুতট-সভ্যতার একটি বিবরণ দাও।

২। আর্যগণের আগমনের পূর্বে ভারতে কোনরূপ সভ্যতা ছিল কি? ইহার সম্বন্ধে যাহা জান লিখ?

৩। সিন্ধু-সভ্যতা সম্বন্ধে যাহা জান লিখ। ইহার ঐতিহাসিক মূল্য কি?

৪। সিন্ধু-সভ্যতার সমসাময়িক অপরাপর সভ্যতা সম্বন্ধে কি জান? ইহাদের সহিত সিন্ধু-সভ্যতার কোন যোগাযোগ ছিল কি?

চতুর্থ অধ্যায়

আর্যজাতির ভারতে আগমন—বৈদিকযুগের সভ্যতা ও সংস্কৃতি

(Coming of the Aryans—Vedic Civilization and Culture)
[1500-500 B. C.]

ভারতে আর্যগণের বসতি বিস্তার।—আর্যগণ প্রথমে কোথায় বাস করিতেন তাহা বলা যায় না। কেহ কেহ বলেন,তাঁহাদের পিতৃভূমি ছিল দক্ষিণ-রাশিয়া বা মধ্য-এশিয়া; আবার, কাহারও কাহারও মতে তাঁহারা প্রথমে মধ্য ইউরোপে বাস করিতেন; কেহ কেহ পশ্চিম-এশিয়া, রাশিয়া, এমন কি উত্তরমেরুও (Arctic home) আর্যদের পিতৃভূমি বলিয়া মত প্রকাশ করিয়াছেন। সে যাহাই হউক, কোনও এক যুগে তাঁহারা পিতৃভূমি ত্যাগ করিয়া দিকে দিকে ছড়াইয়া পড়িতে থাকেন। ঠিক কোন্ সময়ে এই বহির্গমন আরম্ভ হয় তাহাও নিঃসংশয়ে প্রমাণিত হয় নাই। সম্ভবতঃ ইহা ধীরে ধীরে শতাব্দীর পর শতাব্দী ধরিয়া চলিতে থাকে। কালক্রমে এশিয়া হইতে আর্যদের কোন কোন শাখা ইউরোপে গিয়া বসতি স্থাপন করেন। পশ্চিম-এশিয়ার আনাটোলিয়া ও মেসোপটেমিয়া অঞ্চলে হিটাইট্ ও মিতান্নি নামক আর্যজাতির (১৪০০ খৃঃ পূঃ) বিভিন্ন শাখা যে একসময় রাজ্য স্থাপন করিয়াছিলেন তাহার বিশিষ্ট নিদর্শন পাওয়া গিয়াছে। কয়েকটি আর্যদল বিভিন্ন সময়ে মিডিয়া ও

আর্যদের আদি বাসভূমি

আর্যদের শাখা

পারস্যের সীমা ছাড়িয়া মধ্য-এশিয়া (Tokharia) আগমন করেন এবং সেখান হইতে অনেকে আবার হিন্দুকুশ ও উত্তর-পশ্চিম গিরিপথ ভেদ করিয়া ভারতবর্ষে প্রবেশ করেন।

উত্তর-পশ্চিম ভারতে আর্যাধিকার।—আর্যগণ কোন্ সময় ভারতবর্ষ প্রথম অধিকার করিয়াছিলেন, তাহাও নিশ্চয় করিয়া বলিতে পারা যায় না। অধিকাংশ পণ্ডিতের মতে খৃষ্টজন্মের প্রায় ২,০০০ বৎসর পূর্বে আর্যগণ ভারতে নূতন অধিকার স্থাপন করেন। এখানে আসিয়া তাঁহারা প্রথমে উত্তর-পশ্চিম-সীমান্তে ও পাঞ্জাব অঞ্চলে বসতি স্থাপন করেন।


প্রাচীন আর্য-উপনিবেশ।—আর্যগণ প্রথমে যেখানে বসতি স্থাপন করেন, তাহা বৈদিক সাহিত্যে 'সপ্তসিন্ধু' নামে উল্লিখিত হইয়াছে। সিন্ধু প্রভৃতি সাতটি নদীর অন্তর্গত ভূ-ভাগকেই 'সপ্তসিন্ধু' বলা হইয়াছে। সেকালে 'সপ্তসিন্ধু' বলিতে বর্তমান আফগানিস্তানের কিয়দংশ, গান্ধার, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ ও পাঞ্জাব অঞ্চল বুঝাইত।

সপ্তসিন্ধু

উত্তর-ভারতে আর্যাধিকার।—'সপ্তসিন্ধু' হইতে আর্যগণ দক্ষিণ-পূর্ব দিকে অগ্রসর হইতে থাকেন। আনুমানিক খৃঃ পূঃ ১৫০০—৮০০ অব্দের মধ্যে তাঁহারা সমগ্র মধ্যদেশ অধিকার করিয়া লন। সরস্বতীর দক্ষিণ হইতে [অ]যোধ্যার সরযূ অথবা ঐরাবতী (রাপ্তী) নদী পর্যন্ত ছিল মধ্যদেশের বিস্তার। মধ্যদেশে আর্যগণ কুরু, পাঞ্চাল, মৎস্য, শূরসেন, কোশল, কৌশাম্বী, প্রভৃতি অনেকগুলি ক্ষুদ্র ও বৃহৎ রাজ্য প্রতিষ্ঠা করেন। ইহার পর তাঁহারা গণ্ডকী (গণ্ডক) নদী অতিক্রম করিয়া কাশী বা বারাণসী এবং বিদেহ বা উত্তর-বিহারে রাজ্য প্রতিষ্ঠা করেন। সরযূতীর হইতে বিদেহ (রামায়ণের মিথিলা) পর্যন্ত অধিকার করিতে তাঁহাদের কতকাল লাগিয়াছিল তাহা বলা যায় না। সম্ভবতঃ খৃঃ পূঃ ১০০০ অব্দের পূর্বে উহা সমাপ্ত হয় নাই। মগধ (দক্ষিণ ও পূর্ব-বিহার) এবং বঙ্গদেশ বহুকাল পর্যন্ত অনার্যদেরই বাসভূমি ছিল। খৃঃ পূঃ ৮০০ অব্দের পূর্বে এ-অঞ্চলে আর্যধর্মের বিশেষ প্রাদুর্ভাব হয় নাই। গণ্ডকীতীর হইতে বঙ্গদেশ পর্যন্ত ভূ-ভাগ প্রাকী বা প্রাচী অর্থাৎ পূর্বদেশ নামে অভিহিত হইত। কালক্রমে ব্রহ্মপুত্র ও বার্মার ইরাবতীর উপত্যকায়ও (বর্তমান আসাম ও ব্রহ্মদেশ) আর্যাধিকার বিস্তৃত হয়।

[মধ্]যদেশ

প্রাচী


বৈদিকযুগে ভারত
গান্ধার
ব্রহ্মাবর্ত
ব্রহ্মপুত্র
সিন্ধু
ব্রহ্মর্ষিদেশ
বিদেহ
মগধ
অবন্তি
মহাকান্তার
নর্মদা
তাপ্তি
দক্ষিণাপথ
গোদাবরী
কৃষ্ণা
পর্বতমালা
পূর্বঘাট
পশ্চিমঘাট

অবন্তী, সৌরাষ্ট্র, সিন্ধু, সৌবীর, প্রভৃতি সুপ্রাচীন জনপদসমূহে আর্যপ্রভাব প্রসারিত হইতে কিছু বিলম্ব হইয়াছিল। বর্তমান মালব প্রদেশেই প্রাচীন অবন্তী রাজ্য; সৌরাষ্ট্র রাজ্যের অবস্থিতি ছিল কাথিয়াবাড় উপদ্বীপে, এবং সিন্ধুর নিম্ন-উপত্যকার সন্নিহিত জনপদের নাম ছিল সৌবীর। মনুসংহিতার যুগে (আঃ খৃঃ পূঃ ২০০) উত্তরে হিমালয় হইতে দক্ষিণে বিন্ধ্য এবং পূর্বে বঙ্গোপসাগর হইতে পশ্চিমে আরব সাগর পর্যন্ত সমগ্র উত্তর-ভারত আর্যাবর্ত নামে বর্ণিত হইয়াছে। সুতরাং সে-সময় যে উত্তর-ভারতে আর্য-প্রভাব সুপ্রতিষ্ঠিত হইয়াছিল তাহা সহজেই অনুমান করা চলে।

অবন্তী, সৌরাষ্ট্র ও সৌবীর

দাক্ষিণাত্যে আর্যাধিকার।—বৈদিকযুগের শেষভাগে আর্যগণ বিন্ধ্যপর্বত অতিক্রম করিতে আরম্ভ করেন। সাত্বতগণের দ্বারা (আঃ খৃঃ পূঃ ১০০০) বর্তমান বেরার প্রদেশে নল রাজার বিদর্ভ রাজ্য স্থাপিত হয়; তাঁহাদেই আর একটি শাখা নাসিকের নিকট দণ্ডক রাজ্য প্রতিষ্ঠা করেন। আধুনিক বুন্দেলখণ্ডে ছিল চেদী রাজ্য। সম্ভবতঃ ইহার পরে দক্ষিণ-ইক্ষ্বাকুবংশীয় আর্যদের দ্বারা গোদাবরী অঞ্চলে অশ্মক ও মূলক রাজ্য স্থাপিত হয়। অগস্ত্যযাত্রা ও রামায়ণের কাহিনী হইতে আর্যদের দক্ষিণ-ভারতে অভিযান সম্বন্ধে সুস্পষ্ট আভাস পাওয়া যায়। সম্ভবতঃ গোদাবরী অতিক্রম করিয়াও তাঁহারা অনার্যদের সঙ্গে অনেক যুদ্ধবিগ্রহ করিয়াছিলেন। কিন্তু উত্তর-ভারতের পার্বত্য কিরাত দেশের ন্যায় দাক্ষিণাত্যে আর্যপ্রভাব সুদৃঢ় হইয়া উঠিতে পারে নাই। দাক্ষিণাত্যে আর্যরাজ্যসমূহের আশেপাশে অনেক অনার্য রাজ্য ছিল। বিন্ধ্য ও নর্মদা নদীর মধ্যবর্তী ভূ-ভাগে 'পুলিন্দ', 'নিষাদ', প্রভৃতি বহু প্রতাপশালী অনার্যজাতি বাস করিত। উড়িষ্যার পার্বত্য অঞ্চলে 'শবর' এবং বৈতরণী নদী হইতে গোদাবরী পর্যন্ত উপকূলভাগে 'কলিঙ্গ'দের বাস ছিল। কলিঙ্গদেশের দক্ষিণে গোদাবরী ও নাগার্জুনী কোণ্ডা হইতে কৃষ্ণা পর্যন্ত ছিল তেলেগুভাষী 'অন্ধ্র'নামে আর একটি অনার্যজাতির বাসভূমি। আরও দক্ষিণে ছিল 'তামিল', 'কানাড়ী', 'মালেয়ালী', প্রভৃতি সুসভ্য দ্রাবিড় জাতিসমূহ।

বিদর্ভ, দণ্ডক, চেদী, অশ্মক ও মূলক রাজ্য

দাক্ষিণাত্যের অনার্যগণ

আর্যসাহিত্য।—সমগ্র আর্যজাতির প্রাচীনতম গ্রন্থের নাম বেদ। 'বেদ' শব্দের অর্থ জ্ঞান। প্রাচীনকাল হইতেই হিন্দুরা বিশ্বাস করে যে, বেদ বা বেদমন্ত্রসমূহ মানুষের

রচনা নহে—স্বয়ং পরমেশ্বরের বাণী। এজন্য বেদকে 'নিত্য', 'অপৌরুষেয়', বলা হইত।

বেদ-চতুষ্টয়

বেদমন্ত্রসমূহ দেবকুল হইতে শ্রুত-বাক্য বলিয়া বেদের আর এক নাম 'শ্রুতি'। বেদ চারিভাগে বিভক্ত; যথা—ঋক্, সাম, যজু ও অথর্ব। প্রত্যেক বেদ আবার 'সংহিতা' ও 'ব্রাহ্মণ' এই দুই অংশে বিভক্ত। সংহিতাভাগ পদ্যে রচিত,—উহা গাথা ও বেদমন্ত্রের সমষ্টি; যজুর্বেদ ও ব্রাহ্মণভাগ গদ্যে লিখিত। ব্রাহ্মণসমূহে প্রধানতঃ যাগযজ্ঞের বিধি-নির্দেশ আছে। সংহিতা ও ব্রাহ্মণ ব্যতীত বেদের 'আরণ্যক' ও 'উপনিষৎ' নামে আরও দুইটি আধ্যাত্মিক ও দার্শনিক বিভাগ পরবর্তী যুগে গড়িয়া উঠে।

বেদ-চতুষ্টয়ের মধ্যে ঋগ্বেদ প্রাচীনতম। সামবেদের অধিকাংশ মন্ত্রই ঋগ্বেদ হইতে সঙ্কলিত এবং যজ্ঞকালে সামমন্ত্রসমূহ ছন্দ, মাত্রা ও স্বর-সংযোগে গীত হইত। যজুর্বেদে যজ্ঞের ক্রিয়াকলাপের জন্য প্রয়োজনীয় মন্ত্রের সঙ্কলন গদ্যে ও পদ্যে করা হইয়াছে। অথর্ববেদ

আনুমানিক রচনাকাল

ও আয়ুর্বেদ বৈদিকযুগের শেষ রচনা। ইহাতে সৃষ্টিরহস্য, পৃথিবীর স্তব, ব্রাত্য (শূদ্র) বন্দনাদির সঙ্গে নানারূপ চিকিৎসা, দুর্বোধ্য সঙ্কেত ও শত্রু-নাশের মন্ত্র রহিয়াছে। ঋক্-সংহিতার রচনাকাল সম্ভবতঃ খৃঃ পূঃ ২০০০ হইতে ১৫০০ অব্দের মধ্যে। অন্যান্য সংহিতা ও ব্রাহ্মণসমূহ আনুমানিক ১৫০০ হইতে ৮০০ খৃঃ পূর্বাব্দের মধ্যে রচিত হয়; উপনিষদ্‌গুলির রচনাকাল ৮০০ হইতে ৫০০ খৃঃ পূর্বাব্দ। অবশ্য এ সকল বিষয়ে পণ্ডিতদের মধ্যে যথেষ্ট মতভেদ আছে।

বেদ বা শ্রুতি সাহিত্যের সংক্ষিপ্তসার হিসাবে 'সূত্র'-গ্রন্থগুলি পরবর্তী কালে রচিত

সূত্র সাহিত্য—ষড়দর্শন ও বেদাঙ্গ

হয়। ছয় বেদাঙ্গ ও ষড়দর্শন এই সূত্রসাহিত্যের অন্তর্ভুক্ত। ষড়দর্শন বলিতে কপিলের সাংখ্য, পতঞ্জলির যোগ, গৌতমের ন্যায়, কণাদের বৈশেষিক, জৈমিনির পূর্বমীমাংসা, এবং ব্যাসের উত্তরমীমাংসা বা বেদান্ত এই ছয়টি হিন্দুদের দর্শনশাস্ত্র বুঝায়। বেদাঙ্গ বলিতে বুঝাইত বেদপাঠের জন্য অপরিহার্য ছয়টি বিদ্যা; যথা—শিক্ষা (উচ্চারণ), ছন্দঃ, ব্যাকরণ, নিরুক্ত (শব্দ-সমূহের ব্যুৎপত্তি), জ্যোতিষ এবং কল্প (যজ্ঞাদিবিধি)। নিরুক্ত ও ব্যাকরণ-রচনায় যথাক্রমে যাস্ক, পাণিনি, কাত্যায়ন ও পতঞ্জলী এই মহামনীষীদের নাম অক্ষয় হইয়া আছে। কল্পসূত্র নানাশাখায় বিভক্ত। শ্রৌতসূত্রে যাগযজ্ঞাদির অনুষ্ঠানপদ্ধতি লিপিবদ্ধ হইয়াছে, শুল্বসূত্রে পাই যজ্ঞবেদী প্রভৃতি নির্মাণের ব্যবস্থা,—ইহা হইতেই হিন্দু জ্যামিতি ও রেখাগণিতের

উদ্ভব। গৃহ্যসূত্রে গার্হস্থ্য ও সমাজ-জীবনের বিধি-নির্দেশ এবং ধর্মসূত্রে সমাজ ও রাষ্ট্রশাসন বিধি বর্ণিত হইয়াছে। এই সকল গ্রন্থই পরবর্তী কালে বিরাট হিন্দুস্মৃতি বা ধর্মশাস্ত্র নামে প্রসিদ্ধি লাভ করিয়াছে। ধর্মসূত্র অবলম্বন করিয়াই উত্তরকালে মনুসংহিতা, যাজ্ঞবল্ক্যস্মৃতি প্রভৃতি রচিত হয়। সূত্রগুলি সম্ভবতঃ ৬০০—২০০ খৃঃ পূঃ মধ্যে রচিত হইয়াছিল।

স্মৃতি

ধর্মশাস্ত্র ব্যতীত আর্যগণ অর্থশাস্ত্র (রাজনীতি), কামশাস্ত্র (ভোগনীতি), আয়ুর্বেদ, ধনুর্বেদ, হস্তিশাস্ত্র, অশ্বশাস্ত্র, শিল্প ও সঙ্গীতশাস্ত্র, নাট্যশাস্ত্র, স্থাপত্যবিদ্যা, কারুকর্ম, প্রভৃতি নানা পার্থিব জ্ঞান-বিজ্ঞান বিষয়েও অনেক মূল্যবান গ্রন্থ রচনা করিয়াছিলেন। রসায়ন প্রভৃতি প্রাচীন বিজ্ঞানের বিকাশেও হিন্দুদের দানের তুলনা নাই।

আর্যধর্ম।—প্রকৃতির ভিন্ন ভিন্ন শক্তিকে দেবদেবীরূপে কল্পনা করিয়া আর্যগণ তাঁহাদের আরাধনা করিতেন। রবিকরোজ্জ্বল অনন্ত আকাশ তাঁহাদের নিকট হইলেন স্বর্গের দেবতা 'দ্যৌঃ'; ইনিই গ্রীকদের নিকট 'জিউস' (Zeus) এবং রোমানদিগের নিকট 'জুপিটর' (Jupiter) নাম ধারণ করিয়া দেবরাজে পরিণত হন। পরে অনন্ত জলরাশির দেবতা বরুণ, আর বৃষ্টি ও বজ্রের দেবতা ইন্দ্র, শ্রেষ্ঠ বলিয়া গণ্য হইয়াছিলেন। অগ্নি, সূর্য (মিত্র), মরুৎ (বায়ু), ঊষা, সরস্বতী, পৃথিবী, নাসত্য (অশ্বিনীকুমারদ্বয়), যম ও যমী প্রভৃতিও আর্যদের প্রধান উপাস্য দেবতা ছিলেন। কিন্তু বহু দেবদেবীর উপাসনা করিলেও সকল দেবতা যে এক অদ্বিতীয় মহাশক্তিরই বিভিন্ন রূপ, এই ধারণা আর্যদের কাছে অজ্ঞাত ছিল না।

দেবদেবী ও ধর্মভাব-ধারা

দেবতার উদ্দেশ্যে অগ্নিতে আহুতিদান ও স্তবস্তুতি-পাঠই ছিল আর্যদের ধর্মাচরণের সহজ প্রণালী। উপাসকগণ নিজেরাই এভাবে আরাধনা করিতেন। কালক্রমে নানা বিধি-নির্দেশের দ্বারা যাগ-যজ্ঞাদির অনুষ্ঠান জটিল হইয়া উঠিলে, আর্যসমাজে বিশেষজ্ঞ যাজক বা পুরোহিত শ্রেণীর অভ্যুদয় ঘটে। তাঁহারাই ক্রমে ধর্মের রক্ষক ও ধারক হইয়া উঠিতে লাগিলেন।

ধর্মপ্রণালী ও পুরোহিত

বর্ণবিভাগ।—আর্যগণ যখন প্রথম ভারতবর্ষে পদার্পণ করেন তখন তাঁহারা এখানে কৃষ্ণকায় আদিম জাতিদের সাক্ষাৎলাভ করেন। আর্যাধিকারের পর তাই এদেশে গৌরবর্ণ বিজেতা আর্য, ও কৃষ্ণবর্ণ বিজিত অনার্য এই দুই শ্রেণী-

আর্য ও অনার্য

ভেদের সৃষ্টি হইল। ক্রমে সমাজে জটিলতাবৃদ্ধির সঙ্গে সঙ্গে গুণকর্ম অনুসারে চারি বর্ণের উদ্ভব হয়। যাঁহারা শাস্ত্রপাঠ ও যাগযজ্ঞাদিতে দক্ষ হইয়া উঠিলেন, তাঁহারা হইলেন ব্রাহ্মণ; রাষ্ট্র ও শস্ত্র-বিদ্যাবিৎ রণনিপুণ বীরজাতি ক্ষত্রিয় নামে অভিহিত হইতে লাগিলেন; কৃষি, পশুপালন ও ব্যবসায়ীদের বলা হইত বৈশ্য, এবং সমাজের সংখ্যাগরিষ্ঠ অনার্যজাতি ও শ্রমিকগণ অন্ত্যজ, দাস বা শূদ্র প্রভৃতি নামে পরিচিত হইলেন। প্রথমে আর্যদের মধ্যে বর্ণবিভাগ বা জাতিভেদ তত কঠোর ছিল না। বৈদিকযুগে অন্যবর্ণের সহিত বিবাহসম্বন্ধের পথে বিশেষ বাধা ছিল না। কেহ ইচ্ছা করিলে নিজ বর্ণের নির্দিষ্ট বৃত্তি পরিত্যাগ করিয়া অন্য বৃত্তি গ্রহণ করিতে পারিতেন ও করিতেন। কিন্তু কালক্রমে সমাজ-নিয়মের জটিলতাবৃদ্ধির সঙ্গে সঙ্গে জাতিভেদের কঠোরতা দেখা দিল এবং বিভিন্ন বর্ণের মধ্যে বিবাহাদি নিষিদ্ধ হইল। তবে চিরকালই হিন্দুসমাজে কিছু না কিছু অসবর্ণ বিবাহ চলিয়া আসিতেছে। তাই বিভিন্ন বর্ণের সংমিশ্রণে আর্যসমাজে নানা অনুন্নত জাতি ও বর্ণসঙ্করের সৃষ্টি হইয়া চলিয়াছে। অপর দিকে অনার্য ও বিভিন্ন উপজাতি (Tribes) হিন্দুর আচার-ব্যবহার গ্রহণ করিয়া নানা জটিল শ্রেণীবিভাগের সৃষ্টি করিয়াছে।

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র

চতুরাশ্রম।—ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই তিন জাতির প্রত্যেককে প্রাচীন আর্য সমাজের বিধি-নিষেধ মানিয়া চলিতে হইত। চতুরাশ্রম এই সকল বিধি-নির্দেশের অন্যতম। চতুরাশ্রম বলিতে জীবনের চারিটি অবস্থা বুঝায়। প্রথম অবস্থার নাম ব্রহ্মচর্য; এই সময় প্রত্যেককে উপনয়ন গ্রহণ করিয়া গুরুগৃহে ছাত্রজীবন যাপন করিতে হইত। ছাত্রজীবনের আদর্শ ছিল ভোগ-বিলাসহীন হইয়া পবিত্রভাবে শাস্ত্রাধ্যয়ন। ছাত্রজীবন সমাপ্ত হইলে ব্রহ্মচারী গার্হস্থ্য আশ্রমে প্রবেশ করিতেন; তখন বিবাহ করিয়া সংসারধর্ম পালন করাই ছিল জীবনের প্রধান কর্তব্য। ইহার পর প্রৌঢ় বয়সে বানপ্রস্থ অবলম্বন করিয়া সংসার হইতে অবসর গ্রহণ করিতে হইত; অরণ্যের মধ্যে কুটীর বাঁধিয়া লোকহিত এবং ধর্মচিন্তায় জীবনযাপনই ছিল সে আশ্রমের আদর্শ। চতুর্থ আশ্রমের নাম সন্ন্যাস (যতি বা ভিক্ষু); তখন সংসারের সকল মায়াবন্ধন হইতে মুক্ত হইয়া লোকহিত ও পারমার্থিক তত্ত্বের অনুশীলনে জীবনের অবশিষ্ট দিনগুলি কাটাইতে হইত।

ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস

আর্যগণের রাষ্ট্র ও সমাজ।—আর্যসমাজের মূলভিত্তি ছিল পারিবারিক জীবন। এক একটি পরিবার ছিল এক একজন গৃহপতির অধীন। কয়েকটি পরিবার লইয়া হইত একটি গ্রাম আর গ্রামের অধ্যক্ষকে বলা হইত 'গ্রামণী'। কয়েকখানি গ্রামের সমবায়ে 'জন' বা 'বিশ' গঠিত হইত। বিশ বা জনের অধিপতির নাম ছিল 'বিশপতি' বা 'রাজন'। গৃহপতি যেরূপ ছিলেন পরিবারের কর্তা, রাজাও তেমনই হইতেন তাঁহার রাজ্যের সর্বময় কর্তা। বৈদিকযুগের প্রথম দিকে রাজা রাজ্যের প্রবীণ ও অভিজ্ঞ নায়কগণের পরামর্শানুসারে রাজ্যশাসন করিতেন। 'সভা' ও 'সমিতি' নামে জনগণেরও প্রতিষ্ঠান ছিল। রাজ্যের মুখ্য বিচক্ষণ ব্যক্তিগণকে লইয়া 'সভা' গঠিত হইত। জনসাধারণ সম্ভবতঃ 'সমিতি'তে যোগ দিতেন। রাজা সাধারণতঃ সভা ও সমিতির মতামত উপেক্ষা করিয়া চলিতে পারিতেন না।

গ্রামণী, রাজা

আদিযুগে প্রজারাই বিশিষ্ট নেতাকে রাজপদে বরণ করিত, তবে এদেশে রাজপদ অধিকাংশ স্থলে ছিল বংশানুক্রমিক। রাজতন্ত্র (monarchy) ব্যতীত বৈদিকযুগে কোথাও কোথাও গণতন্ত্র (republic)ও প্রচলিত ছিল। কালক্রমে রাজপদের ক্ষমতাবৃদ্ধির সঙ্গে সঙ্গে যে-সকল রাজা অন্যান্য রাজাদের উপর প্রভুত্ব স্থাপন করিতে পারিতেন, তাঁহারা 'রাজচক্রবর্তী' বা 'একরাট্' নামে খ্যাত হইতেন। সাধারণতঃ অশ্বমেধ ও রাজসূয় যজ্ঞের দ্বারা শক্তিশালী নরপতিরা নিজেদের 'একরাট্' অর্থাৎ সার্বভৌম বা একচ্ছত্র অধিপতি বলিয়া ঘোষণা করিতেন। একচ্ছত্র সাম্রাজ্য-স্থাপনের দ্বারা রাজশক্তি বৃদ্ধি পাইলেও, প্রাচীন ভারতে যথেচ্ছাচার (tyranny) বা স্বৈরতন্ত্র-প্রতিষ্ঠার বিশেষ কোন সুযোগ ছিল না। প্রত্যেক রাজা অভিষেকের সময় প্রজারঞ্জনের শপথ গ্রহণ করিতেন। রাজা সাধারণতঃ সভা-সমিতির নির্দেশ এবং ধর্মের অনুশাসন লঙ্ঘন করিতে পারিতেন না। প্রাচীন হিন্দু সমাজব্যবস্থার উপর রাজশক্তি বিশেষ কোনরূপ প্রভাব বিস্তার করিতে পারে নাই। সমাজের আভ্যন্তরীণ ব্যাপারে পণ্ডিত, নির্লোভ ও ত্যাগী ব্রাহ্মণগণের বিধানই চরম বলিয়া স্বীকৃত হইত।

গণতন্ত্র

একরাট্

সমাজবিধান ও রাজশক্তি

পুরোহিত ও সেনানী নামধারী কর্মচারিগণ রাজাকে শাসনকার্যে সহায়তা করিতেন। রাজার সৈন্যবাহিনী পদাতিক, অশ্বারোহী ও রথী এই তিন ভাগে বিভক্ত

ছিল। তীর-ধনুক, কুঠার, তরবারি ও বর্শা যুদ্ধের প্রধান অস্ত্র ছিল। অভিজাত সম্প্রদায়ের যোদ্ধারা বর্ম ও ধাতুনির্মিত শিরস্ত্রাণ ব্যবহার করিতেন।

আর্যসমাজের অর্থ নৈতিক ব্যবস্থা।—কৃষি, বাণিজ্য ও পশুপালন ছিল প্রাচীন আর্যদের প্রধান উপজীবিকা ও বৃত্তি। শিল্পকার্যও তাঁহাদের অজানা ছিল না। মৃৎশিল্প, ধাতুশিল্প, দারুশিল্প, নানারূপ কারুকার্য, বস্ত্রবয়ন প্রভৃতি দ্বারাও প্রাচীন আর্যসমাজে বহুলোক জীবিকা নির্বাহ করিতেন। এতদ্ব্যতীত তাঁহারা বাণিজ্য-ব্যবসায়েও পটু ছিলেন। কাহারও কাহারও মতে বৈদিকযুগে সামুদ্রিক বাণিজ্যেও আর্যরা সুদক্ষ ছিলেন। গরু অথবা স্বর্ণখণ্ড (নিষ্ক) বিনিময়ের মাধ্যম ছিল। প্রাচীন আর্যগণ দুগ্ধ, ফলমূল, যবাদিশস্য, মৎস্য ও পশুমাংস আহার করিয়া জীবনধারণ করিতেন। সোমরস ও সুরা নামক মদ্য ইঁহাদের অতি প্রিয় পানীয় ছিল। আর্যগণের পোযাক-পরিচ্ছদের কোন আড়ম্বর ছিল না। 'নীবি' (কটির আচ্ছাদন), 'পরিধান' (বস্ত্র) এবং 'অধিবাস' (উত্তরীয়) দ্বারাই তাঁহারা বেশভূষা সম্পাদন করিতেন। তসর, কার্পাস ও পশম, এই উভয়বিধ দ্রব্যই পরিচ্ছদের জন্য ব্যবহৃত হইত। আর্যনারীগণ অলঙ্কারপ্রিয় ছিলেন। মণিমুক্তা, স্বর্ণ ও রৌপ্যের অলঙ্কারের বিশেষ প্রচলন ছিল।

কারুকার্য, শিল্প-বাণিজ্য

আহার্য ও পরিধেয়

আর্য-সমাজে নারী।—নারী প্রধানতঃ অন্তঃপুরচারিণী ছিলেন বটে, কিন্তু দৈনন্দিন জীবনযাত্রায় অন্তঃপুরের বাহিরেও পুরুষের সহকর্মিণী ছিলেন। কারণ, আর্যপুরুষগণ সর্বদাই যুদ্ধকার্যে ব্যাপৃত থাকিতেন, কাজেই পুরুষের যাবতীয় কার্য মেয়েদের নির্বাহ করিতে হইত; যেমন—কৃষি, পশুপালন, বয়ন, গৃহনির্মাণ, প্রভৃতি। যাগ-যজ্ঞাদিতে বিবাহিতারা স্বামীর সহধর্মিণীরূপে প্রত্যেক ক্রিয়াকলাপেই যোগদান করিতেন। পিতৃগৃহেও কন্যাকে সুশিক্ষা দেওয়া হইত। তাই বৈদিকযুগের লোপামুদ্রা, মমতা, ঘোষা, বিশ্ববারা, প্রভৃতি অনেক মহিলা-ঋষি বেদমন্ত্রও রচনা করিয়াছেন। আর্যসমাজে ঋষিরা ছিলেন সর্বশ্রেষ্ঠ সম্মানের অধিকারী। নারীর প্রতি এই সর্বোচ্চ সম্মান দান করিতেও তাঁহারা কার্পণ্য করেন নাই। পরবর্তী কালেও বিদুষী মহিলারা দার্শনিক বিচারসভায় সভানেত্রীর কাজ করিয়াছেন, যেমন মৈত্রেয়ী ও গার্গী।

বৈদিক সমাজে নারীর উচ্চস্থান

বৈদিক নারী 'ব্রহ্মবাদিনী' নামে সম্বর্ধিত হইয়াছেন। বিশ্ববারা শুধু অগ্নির ঋক-মন্ত্রাদি রচনা করেন নাই, তিনি নিজে ঋত্বিক্‌রূপে যজ্ঞকার্য সম্পাদন করেন। বিবাহবন্ধন অচ্ছেদ্য এবং আধ্যাত্মিক, এই সামাজিক শুভরীতি বিশ্ববারার কল্যাণেই প্রবর্তিত হইয়াছে।

সে যুগের নারীদের শুধু জ্ঞানবিকাশের জন্যই শিক্ষা দেওয়া হইত না, দৈহিক উৎকর্ষের দিকেও লক্ষ্য রাখা হইত। ঋগ্বেদে এইরূপ প্রমাণ আছে যে, প্রাচীনকালের মেয়েদের যুদ্ধশিক্ষাও দেওয়া হইত। পূর্ণবয়স্কা না হইলে মেয়েদের বিবাহ হইত না এবং মেয়েদের স্বামী-নির্বাচনে একান্ত স্বাধীনতা ছিল। ইচ্ছা করিলে মেয়েরা অবিবাহিতাও থাকিতে পারিতেন। তাঁহাদের 'পিতৃষদ্' বলা হইত। মেয়েরা জীবিকাস্বরূপ শিক্ষাব্রত গ্রহণ করিয়া 'উপাধ্যায়া' নামেও অভিহিত হইতেন। এই উচ্চ অধিকার হইতে পরবর্তী যুগের নারীরা ক্রমশঃ বঞ্চিত হন।

আর্য-অনার্য সংমিশ্রণ ও হিন্দুসভ্যতার বিকাশ।—ভারতে আর্যদের বসতি-স্থাপন নির্বিবাদে সম্পন্ন হয় নাই। এদেশের আর্যেতর আদিম অধিবাসীরা প্রাণপণে তাঁহাদের বাধা দিতে চেষ্টা করিয়াছিল। ইহাদের মধ্যে শবর, পুলিন্দ, কিরাত, কোল, মুণ্ডা, প্রভৃতি প্রধান। আর্যরা এই আদিম ভারতবাসীদিগকে 'দস্যু' বা 'দাস' নামে অভিহিত করিয়া গিয়াছেন। তাহাদের বর্ণনা হইতে জানিতে পারা যায় যে, এই তথা-কথিত দস্যুরা ছিল কর্কশভাষী, কৃষ্ণবর্ণ ও খর্বনাসা। আর্যদের যজ্ঞাদি ও ধর্মের উপর তাহাদের স্বভাবতঃই কোন শ্রদ্ধা ছিল না; সুযোগ পাইলেই তাহারা নবাগত বিজেতাদের যাগযজ্ঞ পণ্ড করিয়া দিত; ইহার অনেক প্রমাণ রামায়ণ ও মহাভারতে দেখা যায়। দাক্ষিণাত্যে উপনিবেশ বিস্তারকালে আর্যদের অনার্যজাতির সহিত দীর্ঘকাল সংগ্রাম করিতে হইয়াছিল।

আর্য-অনার্য সংঘর্ষ

আর্য-সাহিত্যে ইহারা সকলেই উত্তরকালে 'অনার্য' নামে খ্যাত হয়। বাস্তবিক পক্ষে দ্রবিড় ও অন্যান্য অনার্যেরা সকলেই অসভ্য ছিল না। তাহাদের দানও আর্যরা স্বীকার করেন এবং অন্ত্যজ বা নিম্নশ্রেণী বলিলেও নিজ সমাজে তাহাদের স্থান দিয়াছিলেন। বস্তুতঃপক্ষে আর্য ও আর্যপূর্ব সভ্যতার সংযোগ ও মিলনের ফলেই হিন্দুসভ্যতা বিকাশলাভ করিয়াছে এবং অনার্যদের দাবী স্বীকৃত হইয়াছে।

আর্যগণ সুদীর্ঘকাল ধরিয়া অতি ধীরে ধীরে নিজেদের প্রভাব বিস্তার করিয়াছিলেন। ভারতে আর্যাধিকারের ইতিহাস শুধু যুদ্ধবিগ্রহেরই ইতিহাস নয়; এই সময়ে আর্য এবং অনার্যের মিলন ও সমন্বয়ের ভিতর দিয়া ধর্মে এবং সামাজিক ও রাষ্ট্রীয় জীবনেও নানা গুরুতর পরিবর্তন সাধিত হইয়াছিল। এই সকল পরিবর্তনের ফলে উভয় জাতির মধ্যে যোগসূত্র গড়িয়া উঠে এবং বিভিন্ন সভ্যতার সমন্বয়ের ফলে ক্রমশ এক নিখিল ভারতীয় সংস্কৃতির উদ্ভব হয়।

আর্য-অনার্যের সমন্বয়

আর্যধর্ম ও সমাজ যে অনার্যদের ধর্ম ও সমাজবিধি দ্বারা বহুল পরিমাণে প্রভাবিত হইয়াছে ইহা অনস্বীকার্য। জাতি সংমিশ্রণের ইহাই স্বাভাবিক পরিণতি। বৈদিক-যুগে আর্যদের ধর্ম ছিল সরল। দেবতার উদ্দেশ্যে স্তব-স্তুতিপাঠ এবং যজ্ঞকালে অগ্নিতে আহুতি দানই ছিল বৈদিক ধর্মের বৈশিষ্ট্য। কিন্তু কালক্রমে মূর্তিপূজা, পশুবলি প্রভৃতি অনার্যদিগের ধর্মাচার পদ্ধতিও ধীরে ধীরে আর্য সমাজে প্রবেশ লাভ করে। আর্যদের উপাসনা-বিধি 'যজ্ঞ' নামে পরিচিত ছিল, আর অনার্যদের ধর্মাচরণ প্রণালীর নাম ছিল 'পূজা'। পূজাপদ্ধতি আর্যধর্মে অনার্যদের নিকট হইতে আসিয়াছে। মাতৃকাপূজা, পশুপতি শিবের আরাধনা আর্যগণ প্রাচীন সৈন্ধব জাতির নিকট হইতে গ্রহণ করিয়াছে। যোগ-সাধনার পদ্ধতিও হয়ত অনার্যদের দান। অথর্ব বেদের মধ্যে বশীকরণ, অপদেবতা অপসারণ, ভূত-প্রেতাদি হইতে রক্ষা পাইবার জন্য যাদুমন্ত্র এবং শত্রুনাশ মন্ত্রাদির উল্লেখ আছে; তাহাও অনার্যধর্ম হইতে আর্যধর্মে প্রবেশ করিয়াছে, ইহাতে কোন সন্দেহ নাই। আবার অনার্যদের সামাজিক বিধি-ব্যবস্থা যে আর্যসমাজ ও জীবনধারার উপরে রেখাপাত করিয়াছে, তাহা সর্ববাদিসম্মত। আর্য-অনার্য মিলনের ফলে আর্যসমাজে শূদ্রশ্রেণীর উদ্ভব হইয়াছে। কেহ কেহ মনে করেন যে, জাতিভেদ প্রথা আর্যরা অনার্যদের নিকট হইতে গ্রহণ করেন। একত্র পানভোজন ও বিভিন্ন শ্রেণীর মধ্যে বিবাহ অনার্য সমাজেও নিষিদ্ধ ছিল। এ প্রথাও পরে আর্যসমাজে প্রবেশ করিয়াছে। পিশাচ বিবাহ প্রভৃতি কয়েকটি প্রথাও আর্য-অনার্য সংমিশ্রণের ফল। কোন কোন পণ্ডিত বলেন যে, হিন্দু-সমাজে প্রচলিত শ্রাদ্ধকর্মাদি দ্রবিড় জাতির নিকট হইতে গৃহীত হইয়াছে।

আর্যসভ্যতা ও সংস্কৃতির উপর অনার্য-প্রভাব

এইভাবে আর্য ও অনার্যদের বিচিত্র ভাবধারা ও আচার-পদ্ধতির সংমিশ্রণের ফলেই বর্তমান অনৈক্যের মধ্যে ঐক্যের প্রতীক হিন্দু সভ্যতার সৃষ্টি হইয়াছে।

মহাকাব্যের যুগ।—আমরা পূর্বেই দেখিয়াছি যে, ভারতবর্ষে আর্যাধিকারের ইতিহাস সহস্রাধিক (১৫০০-৫০০ খৃঃ পূঃ) বৎসর পর্যন্ত বিস্তৃত। এই সুদীর্ঘ সময়ের মধ্যে ভারতীয় সমাজে কতই না পরিবর্তন ঘটিয়াছিল। কিন্তু রাষ্ট্রিক ঘটনার দিক দিয়া তাহার কোন ধারাবাহিক ইতিহাস পাওয়া যায় না। ঘটনাপর্যায়ের দিক দিয়া বিচার করিলে বৈদিকযুগে আর্যাধিকারের প্রথম পর্বের পরেই আমরা রামায়ণের ও মহাভারতের যুদ্ধ ও দ্বন্দ্বকাহিনীর সম্মুখীন হই। তাই মহাকাব্যের যুগকে বৈদিকযুগেরই শেষপর্ব বলিয়া উল্লেখ করা যাইতে পারে। অশ্বমেধ ও রাজসূয় যজ্ঞাদি তাহার প্রমাণ।

রামায়ণ ও মহাভারত সম্বন্ধে আর একটি বিষয়ও উল্লেখযোগ্য। এই বিরাট গ্রন্থদ্বয়ে প্রাচীন ভারতের শিক্ষা, দীক্ষা, অর্থনীতি, সমাজ, ধর্ম ও রাজনীতি প্রভৃতি বিশদভাবে বর্ণিত আছে। ভারতীয় সভ্যতার ইতিহাসের উপাদান বাল্মীকি ও ব্যাস রচিত এই দুইটি জাতীয় মহাকাব্য হইতে বিশেষভাবে পাওয়া যায়। সে সময়ে ভারত যে উন্নতির কত উচ্চ শিখরে উঠিয়াছিল তাহার প্রমাণ—সাধারণ দীনতম প্রজারও দৈনন্দিন জীবনে সুখ-স্বাচ্ছন্দ্য, স্বচ্ছলতা ও রাষ্ট্রীয় ব্যাপারে অধিকার। রাজার সঙ্গে প্রজার পিতাপুত্রের মতই সম্বন্ধ ছিল। প্রজার মঙ্গল ও মনোরঞ্জন রাজার সর্বপ্রধান কর্তব্য বলিয়া বিবেচিত হইত। দেশে দুর্ভিক্ষ ও রোগের প্রাদুর্ভাব হইলে লোকে রাজাকে অপরাধী সাব্যস্ত করিত। প্রতিটি প্রজার ধন-মান ও জীবনরক্ষা করা রাজার শ্রেষ্ঠ ধর্ম ছিল। রামায়ণ-মহাভারতের কালে শান্তশিষ্ট, সমৃদ্ধ প্রজারাই ছিল দেশের প্রকৃত ঐশ্বর্য। সেইজন্য মহাত্মা গান্ধী ভারতে 'রামরাজ্য'-স্থাপনের কল্পনা করিয়াছিলেন।

রামায়ণ ও মহাভারতের গুরুত্ব

প্রশ্নাবলী

১। উত্তর ও দক্ষিণ ভারতে আর্যগণের ক্রমিক বসতি-বিস্তার বর্ণনা কর।
২। বৈদিকযুগে ভারতের বর্ণাশ্রম (বর্ণবিভাগ) ও আশ্রমবিধির (চতুরাশ্রম) একটি টীকা লিখ।
৩। বৈদিকযুগে আর্যসভ্যতার একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।
৪। বৈদিকযুগে ভারতীয় সংস্কৃতির বিবরণ দাও।
৫। প্রাচীন ভারতীয় আর্যগণের রাজনৈতিক ও সামাজিক জীবনের একটি বিবরণী দাও।
৬। আর্য ও অনার্য সভ্যতার সংমিশ্রণের ফলাফল কি হইয়াছিল?

পঞ্চম অধ্যায়

জৈন ও বৌদ্ধধর্মের বিকাশ

(Rise of Buddhism and Jainism)

আর্যসমাজে ও ধর্মজীবনে বিপ্লব।—বৈদিকযুগের শেষভাগে ভারতের ধর্মজীবনে এক বিরাট বিপ্লবের সূচনা হইয়াছিল। বৈদিকধর্ম তখন অত্যন্ত জটিল, নীরস ও সাধারণের দুর্বোধ্য অনুষ্ঠানবহুল কর্মবিধিতে পরিণত হইয়াছিল। ব্রাহ্মণগণ বিচার-বুদ্ধি ও ভক্তির উপর গুরুত্ব আরোপ না করিয়া অভিজ্ঞ পুরোহিত দ্বারা নির্ভুলভাবে বিধিসম্মত যাগযজ্ঞ অনুষ্ঠান করিলে পুণ্যার্জন ও পাপক্ষয় হয়, জনসাধারণের মনে এরূপ বিশ্বাস উৎপাদন করিয়াছিলেন। ইহার ফলে ধর্মব্যবস্থা ব্রাহ্মণ বা পুরোহিত-সম্প্রদায়ের হাতে পড়ায় বৈদিকসমাজে ব্রাহ্মণেরই অপ্রতিহত আধিপত্য স্থাপিত হয়। যে ক্ষত্রিয় সম্প্রদায় এককালে সমাজের শীর্ষস্থানে অধিষ্ঠিত ছিল, তাহারাও ক্রমে ব্রাহ্মণের প্রভুত্ব স্বীকার করিয়া লইতে বাধ্য হইল। তখন ব্রাহ্মণরাই হইলেন ধর্ম ও সমাজের একমাত্র ধারক ও রক্ষক। কালক্রমে বর্ণবৈষম্য ও জাতিভেদের কঠোরতা এবং সংখ্যাগরিষ্ঠ নিম্নবর্ণের উপর সংখ্যা-লঘু ব্রাহ্মণাদি উচ্চ বর্ণের প্রভুত্ব ও অত্যাচার অত্যন্ত বৃদ্ধি পাইল। বৈদিক সাহিত্যের ব্রাহ্মণ-অংশে ধর্মব্যবস্থায় ব্রাহ্মণ-শ্রেণীর প্রভুত্বের সুস্পষ্ট পরিচয় পাওয়া যায়। উপনিষদের উদার ধর্মে এই অসাম্যকর পরিবর্তনের বিরুদ্ধে যুক্তিসংগত প্রতিবাদ দেখিতে পাওয়া যায়।

পুরোহিতের আধিপত্য ও ক্ষত্রিয় বিদ্রোহ

জড় ধর্মানুষ্ঠান, ধর্মজীবনে ব্রাহ্মণের মধ্যস্থতা, যাগযজ্ঞে পশুবধের নিষ্ঠুর বিধি, জাতিভেদের কঠোরতা এবং নিম্নবর্ণের প্রতি উচ্চবর্ণের অন্যায় নিপীড়ন জনসাধারণের মনে ব্রাহ্মণ-পরিচালিত বৈদিকধর্মের প্রতি তীব্র অসন্তোষের সঞ্চার করিয়াছিল। ইহারই অবশ্যম্ভাবী ফলে দেশে বেদবিরোধী ধর্মমতের উদ্ভব হইল। এই সকল ধর্মের মধ্যে জৈনধর্ম ও বৌদ্ধধর্ম ছিল প্রধান এবং ইহাদের প্রভাব অতি দ্রুত ভারতের সর্বত্র বিস্তৃত হইয়া পড়ে। ভারতের এই বেদবিরোধী ধর্মবিপ্লবের নায়ক ছিলেন ক্ষত্রিয়। সুতরাং ইহা একাধারে ক্রিয়াসর্বস্ব বৈদিক ধর্মের এবং ব্রাহ্মণ-প্রভুত্বের বিরুদ্ধে ক্ষত্রিয়-বৈশ্য সমাজের বিদ্রোহ ধরা যাইতে পারে।

যজ্ঞাদির বিরুদ্ধে জনসাধারণের অসন্তোষ

মহাবীর ও জৈনধর্ম।—জৈনদের মতে ঋষভদেব অথবা আদিনাথ হইতে পর পর চব্বিশ জন তীর্থঙ্কর জৈনধর্ম প্রবর্তন করেন। 'তীর্থঙ্কর' বলিতে ধর্মপ্রবর্তক মহাপুরুষ বুঝায়। শেষ দুইজন তীর্থঙ্করের নাম পার্শ্বনাথ ও মহাবীর। পার্শ্বনাথ কাশীর রাজবংশে খৃঃ পূঃ ৮ম শতকে জন্মগ্রহণ করেন।

জৈনধর্ম ও তীর্থঙ্করগণ

পার্শ্বনাথই জৈনসম্প্রদায়ের প্রকৃত নিয়ামক। অহিংসা, সত্য, অ-চৌর্য এবং অ-প্রতিগ্রহ এই চারিটি সাধন ছিল পার্শ্বনাথ-প্রবর্তিত ধর্মের মূলমন্ত্র এবং 'চতুর্যাম' নামে বিখ্যাত।



পার্শ্বনাথ

পার্শ্বনাথ

পার্শ্বনাথের নির্বাণ হয় 'পরেশনাথ' পাহাড়ে। পার্শ্বনাথের পর যে তীর্থঙ্করের আবির্ভাব হয় তিনি মহাবীর নামে পরিচিত। মহাবীরের আসল নাম ছিল দয়াবতার বর্ধমান। ইনি প্রাচীন লিচ্ছবি গ্রাম বৈশালীর নিকটে এক ক্ষত্রকুলে খৃঃ পূঃ ষষ্ঠ শতকে জন্মগ্রহণ করেন এবং গৌতমবুদ্ধের সমসাময়িক হইলেও সম্ভবতঃ বয়োজ্যেষ্ঠ ছিলেন। তরুণ বয়সে যশোদা নাম্নী এক কুমারীর সহিত তাঁহার বিবাহ হয় এবং কিছু কাল পরে তাঁহার এক কন্যাসন্তান জন্মগ্রহণ করে। ত্রিশ বৎসর বয়সের সময় তিনি সংসার ত্যাগ করিয়া সন্ন্যাসগ্রহণ করেন এবং দীর্ঘ দ্বাদশ বৎসর কঠোর তপস্যার পর 'কৈবল্য' বা সিদ্ধিলাভ করিয়া 'জিন' বা কামাদি-রিপু-জয়ী নামে বিখ্যাত হন। অতঃপর তিনি ধর্মপ্রচারে আত্মনিয়োগ করেন। সুদীর্ঘকাল ধর্মপ্রচার করিয়া বর্তমান পাটনা জেলার অপাপপুরী বা পাবা-পুরী নামক স্থানে তিনি নির্বাণলাভ করেন। মহাবীরের প্রাথমিক সম্প্রদায়ের নাম ছিল দিগম্বর 'নির্গ্রন্থ' অর্থাৎ গ্রন্থিশূন্য বা সংসারবন্ধনহীন। তাঁহার 'জিন' উপাধি হইতে তৎপ্রবর্তিত সম্প্রদায় উত্তরকালে 'জৈন সম্প্রদায়' নামে প্রসিদ্ধি লাভ করে।

মহাবীর

মহাবীর সন্ন্যাসগ্রহণ করিয়া পার্শ্বনাথের সম্প্রদায়ভুক্ত হইয়াছিলেন। পার্শ্বনাথের

প্রবর্তিত 'চতুর্যাম'-এর সঙ্গে মহাবীর ব্রহ্মচর্য বা জিতেন্দ্রিয়তার উচ্চতম আদর্শ যোগ করিয়া পঞ্চমহাব্রতের বিধান করিয়াছিলেন। কাহারও কাহারও মতে তিনিই নিগ্রন্থ বা 'দিগম্বর' সম্প্রদায় সুদৃঢ় করেন। জৈনদের মধ্যে আছে 'শ্বেতাম্বর' ও 'দিগম্বর' এই দুইটি প্রধান ও ক্ষুদ্রকায় স্থানকবাসী ও তেরপন্থী সম্প্রদায়। জৈনগণ সৃষ্টিকর্তার অস্তিত্ব স্বীকার করেন না ; বেদকেও অভ্রান্ত বা অপৌরুষেয় মনে করেন না এবং জাতিভেদ গ্রাহ্য করেন না। তাঁহাদের মতে যাঁহারা সম্পূর্ণভাবে জিতেন্দ্রিয় হইতে পারেন, সেই সকল 'জিন' বা সিদ্ধপুরুষের মধ্যেই অনন্ত শক্তির বিকাশ হয় এবং উহার ফলই নির্বাণ বা মোক্ষ। এইরূপ সিদ্ধ-পুরুষগণই নর-দেবতারূপে পূজ্য। জৈনমতে অহিংসা, অপরিগ্রহ ও ইন্দ্রিয়জয়ই ধর্মাচরণের অপরিহার্য পন্থা। বৌদ্ধধর্মেরও ইহাই মূলমন্ত্র।

শ্বেতাম্বর ও দিগম্বর জৈনধর্মমত



মহাবীর

জৈন ধর্মশাস্ত্র।—জৈন ধর্মশাস্ত্রের নাম হইল 'আগম' বা 'সিদ্ধান্ত'। ইহা 'চতুর্দশ-পূর্ব' বা ভাগে বিভক্ত। ইহাতে জৈনধর্মের মূল তত্ত্বসমূহ সন্নিবেশিত আছে। মৌর্য চন্দ্রগুপ্তের শাসনকালে মগধে এক নিদারুণ দুর্ভিক্ষ দেখা দিলে ভদ্রবাহুর নেতৃত্বে বহু জৈন-গোষ্ঠী মগধ ত্যাগ করিয়া দাক্ষিণাত্যে চলিয়া যান। ভদ্রবাহুর অনুপস্থিতিকালে জৈনাচার্য স্থূলভদ্র পাটলিপুত্রে এক সঙ্গীতি আহ্বান করিয়া মহাবীরের উপদেশসমূহ নূতন করিয়া 'দ্বাদশ-অঙ্গে' সংকলিত করিলেন। 'চতুর্দশ-পূর্বে'র স্থানে ইহাই হইল তখন জৈনদের প্রধান শাস্ত্রগ্রন্থ। ইহা 'সিদ্ধান্ত' নামে পরিচিত। খৃষ্টীয় পঞ্চম শতকে আচার্য জিনভদ্রের নেতৃত্বে গুজরাটের বলভী নগরে আর একটি সঙ্গীতি আহূত হয়। এখানে জৈন ধর্মশাস্ত্র নূতন করিয়া "একাদশ অঙ্গে" সংকলন করা হয়।

জৈন সম্প্রদায় : শ্বেতাম্বর ও দিগম্বর।—আচার্য ভদ্রবাহু প্রায় দ্বাদশ বৎসর পরে শিষ্যদিগের সহিত মগধে প্রত্যাবর্তন করেন। ভদ্রবাহুর শিষ্যগণ মহাবীরের

আদর্শ অনুসারে নগ্ন থাকিতেন। কিন্তু স্থূলভদ্রের নেতৃত্বে যাহারা মগধে ছিলেন তাহারা শ্বেতবস্ত্র পরিধান করিতেন। ভদ্রবাহুর অনুগামীরা শ্বেতবস্ত্র পরিহিত জৈনদের ধর্মলঙ্ঘনকারী বলিয়া মনে করিত। এই উপলক্ষে জৈনদের মধ্যে দুইটি সম্প্রদায়ের সৃষ্টি হইল। যাহারা নগ্ন থাকিত তাহাদের নাম হইল 'দিগম্বর'; অপর সম্প্রদায় 'শ্বেতাম্বর' নামে অভিহিত হইল। এই দুই সম্প্রদায়ের মধ্যে যে মতবিরোধ তখন দেখা দিয়াছিল তাহা এখনও চলিতেছে। শ্বেতাম্বর সম্প্রদায়ের বিশ্বাস স্ত্রী-পুরুষ সকলেই তপশ্চর্যা দ্বারা মোক্ষলাভের অধিকারী। দিগম্বরদের মতে একমাত্র পুরুষরাই মোক্ষলাভ করিতে পারে।

বুদ্ধদেব ও বৌদ্ধধর্ম।—বৌদ্ধধর্মের প্রতিষ্ঠাতা ছিলেন শাক্য গৌতম। পার্শ্বনাথ ও মহাবীরের ন্যায় তিনিও ছিলেন ক্ষত্রিয়-সন্তান। তাঁহার পিতা শুদ্ধোদন কপিলাবস্তুর* শাক্যজাতির নায়ক ছিলেন। মহাবীরের ন্যায় তিনিও খৃঃ পূঃ ষষ্ঠ শতকের শেষে আবির্ভূত হন। গৌতমের জন্মের অব্যবহিত পরেই তাঁহার মাতা

বুদ্ধদেব



বুদ্ধদেব

মায়াদেবীর মৃত্যু হয়। তিনি তাঁহার বিমাতা ও মাতৃস্বসা গৌতমীর দ্বারা প্রতিপালিত হন। গৌতমীর পালিত পুত্র বলিয়াই তাঁহার নাম হয় গৌতম; তাঁহার আর এক নাম ছিল সিদ্ধার্থ। মাত্র ষোল বৎসর বয়সে গোপা বা যশোধরা নাম্নী এক সুন্দরী কুমারীর সহিত তাঁহার বিবাহ হয়। বাল্যকাল হইতেই গৌতম অত্যন্ত চিন্তাশীল ছিলেন। সংসারে জরা, বার্ধক্য, পীড়া, মৃত্যু প্রভৃতি মানবের নানাবিধ দুর্দশা তাঁহাকে গভীরভাবে বিচলিত করিত। ২৯ বৎসর বয়সে রাহুল নামে তাঁহার এক পুত্রসন্তান জন্মগ্রহণ করে।

*কপিলাবস্তু নগর ছিল নেপালের তরাই অঞ্চলে।

সংসারের মায়াবন্ধন ক্রমেই বাড়িতেছে দেখিয়া এক গভীর নিশীথে তিনি গৃহত্যাগ করেন। গৃহত্যাগ করিয়া সন্ন্যাসীর বেশে তিনি নানা গুরুর নিকট উপদেশ গ্রহণ করিতে থাকেন; কিন্তু কেহই তাঁহাকে শান্তিদান করিতে পারিলেন না। অতঃপর গৌতম কঠোর তপস্যায় নিরত হইলেন; তথাপি তিনি শান্তি পাইলেন না। পরিশেষে কৃচ্ছ্রসাধন ত্যাগ করিয়া তিনি গয়ার নিকটে প্রসিদ্ধ বোধিদ্রুমতলে গভীর ধ্যানে নিমগ্ন হইলেন। এখানেই যোগবলে তাঁহার অন্তরে 'বোধি' বা দিব্যজ্ঞানের চরম বিকাশ হয়। দিব্যজ্ঞান লাভ করিয়া সিদ্ধার্থ (গৌতম) মহা-জ্ঞানী বা 'বুদ্ধ' নামে বিশ্ব-বিখ্যাত হন। কাশীর সারনাথ হইতে তিনি ধর্মপ্রচার করিতে বাহির

বুদ্ধত্ব লাভ

হইলেন; প্রায় ৪৫ বৎসর যাবৎ নানাস্থানে ধর্মপ্রচার করিয়া ৮০ বৎসর বয়সে (আনুমানিক খৃঃ পূঃ ৪৮৩) বর্তমান গোরখপুর জেলার কুশীনগর (বর্তমান কসিয়া) নামক স্থানে গৌতম বুদ্ধ এখন হইতে ২৫০০ বৎসর পূর্বে দেহত্যাগ করেন।

বুদ্ধের ধর্মমত

পরবর্তী কালে বৌদ্ধধর্ম নানা সম্প্রদায়ে বিভক্ত হইয়া পড়িলেও গৌতম বুদ্ধের ধর্মমত ছিল সরল। বুদ্ধদেব বেদের অপৌরুষেয়তা এবং ব্রাহ্মণের শ্রেষ্ঠত্ব স্বীকার করিতেন না; বৈদিক কর্মকাণ্ডের জটিল ক্রিয়াকলাপকেও তিনি মুক্তির সোপান বলিয়া মানিতেন না। তবে জন্মান্তরবাদ ও কর্মফলে বিশ্বাস



সিদ্ধার্থের গৃহত্যাগ (মহানিষ্ক্রমণ)

ছিল বৌদ্ধধর্ম-নীতির ভিত্তি। কামনা-বাসনাই মানুষকে নানারূপ কর্মে নিয়োজিত

করে ; ফলে জীবমাত্রই এক জন্মের পর কর্মফল অনুযায়ী অপর জন্ম গ্রহণ করিয়া নানা-রূপ দুঃখ ভোগ করে। সুতরাং চিত্তশুদ্ধি—অর্থাৎ কামনা-বাসনার বিনাশই—মোক্ষ-লাভের একমাত্র উপায়। বৌদ্ধেরা এই মোক্ষেরই নাম দিয়াছেন 'নির্বাণ'। এই নির্বাণলাভের পথকেই 'অষ্টাঙ্গিক মার্গ' বলা হয়। সম্যক্‌দৃষ্টি, সদ্বাক্য, সৎকর্ম, সৎসঙ্কল্প, সৎচেষ্টা, সৎস্মৃতি, এবং সম্যক্ সমাধি—এই আটটি উপায়কে 'অষ্টাঙ্গিক মার্গ' বলে। জীবে দয়া বা অহিংসা জৈন তথা বৌদ্ধধর্মের প্রাণস্বরূপ।

মহাবীরাদি জৈন তীর্থঙ্করদের মত বুদ্ধদেবও জনসাধারণের জন্যই ধর্মের প্রবর্তন করিয়াছিলেন। এজন্য সংস্কৃত ভাষার পরিবর্তে তিনি 'পালি' বা লৌকিক 'প্রাকৃত' ভাষার সাহায্যেই ধর্মোপদেশ দান করিতেন। তিনি নিজে তাঁহার ধর্মমত লিপিবদ্ধ করিয়া যান নাই। তাঁহার মৃত্যুর পর শিষ্যেরা তাঁহার মৌখিক উপদেশ-সমূহ সংগ্রহ করিয়া পুস্তকাকারে নিবদ্ধ করেন। বৌদ্ধদের ধর্মগ্রন্থের নাম 'ত্রিপিটক,'—তিনটি পেটিকা। ত্রিপিটকের প্রথম ভাগের নাম 'সূত্র' ; ইহাতে বুদ্ধদেবের উপদেশ ও প্রচারাদির বর্ণনা আছে ; দ্বিতীয় ভাগের নাম 'বিনয়,' ইহা বৌদ্ধ-ভিক্ষু ও ভিক্ষুণীদের পালনীয় বিধিনিষেধ সংগ্রহ ; তৃতীয় ভাগের নাম 'অভিধর্ম,' ইহাতে বৌদ্ধধর্মের মূল দার্শনিক তত্ত্বসমূহ সন্নিবেশিত হইয়াছে। বুদ্ধদেবের মৃত্যুর পর কয়েকটি বৌদ্ধ-সঙ্গীতি বা সম্মেলন অনুষ্ঠিত হয়। প্রথম বৌদ্ধ-সম্মেলন রাজগৃহে আহূত হইয়াছিল। উহার একশত বৎসর পরে বৈশালীতে দ্বিতীয়, অশোকের রাজত্বকালে পাটলিপুত্র নগরে তৃতীয়, এবং কণিষ্কের সময় পুরুষপুরে (পেশোয়ার) চতুর্থ বৌদ্ধ-সম্মেলন অনুষ্ঠিত হয়। পরে সিংহলে ও ব্রহ্মদেশেও সমাগম হয়।

বৌদ্ধ ধর্মগ্রন্থ

বৌদ্ধ-সঙ্গীতি

বৌদ্ধ সংঘ।—বৌদ্ধধর্মে সংঘের স্থান ছিল বিশেষ গুরুত্বপূর্ণ। ভিক্ষুগণ (সন্ন্যাসী) সংঘজীবন যাপন করিত। বুদ্ধদেব স্বয়ং সংঘজীবনের প্রয়োজনীয়তা ও গুরুত্বের কথা উল্লেখ করিয়াছেন। ভিক্ষুর জীবন কঠোর রীতি-পদ্ধতির দ্বারা নিয়ন্ত্রিত হইত। সংঘের অধ্যক্ষের নির্দেশ প্রত্যেক ভিক্ষুকে পালন করিতে হইত; ব্যক্তিগত ইচ্ছা-অনিচ্ছার স্থান সংঘে ছিল না। সংঘের সম্পত্তিও ছিল সকলের যৌথ-সম্পত্তি। ধর্মপ্রচারের জন্য বিভিন্ন স্থানে পরিভ্রমণ করা ভিক্ষুদের একটি প্রধান কর্তব্য ছিল।

সংঘজীবন

বৌদ্ধ সম্প্রদায় : হীনযান ও মহাযান।—বুদ্ধদেবের মৃত্যুর এক শতাব্দীর মধ্যেই বৌদ্ধধর্মাবলম্বিগণ বিভিন্ন শাখায় বিভক্ত হইয়া গিয়াছিল। আরও অনেক শতাব্দী পরে এই শাখাগুলি হীনযান ও মহাযান নামে পরিচিত হইল। হীনযান মতাবলম্বীরা অহিংসা ও নৈতিক জীবন-যাপন এবং নির্বাণলাভের সাধনাকেই ধর্ম বলিয়া মনে করিত। মহাযান মতাবলম্বীরা নিজেদের নির্বাণ লাভের সাধনাকেই ধর্ম বলিয়া মনে করিত না। তাহারা বোধিসত্ত্বের আদর্শকে সর্বোচ্চ স্থান দিত। যে সকল মহাপুরুষ মোক্ষ বা বুদ্ধত্ব লাভের উপযুক্ত অথচ নিজের পরিত্রাণকে বড় মনে না করিয়া সর্বমানবের মুক্তিকেই কাম্য মনে করিয়া স্বেচ্ছায় বার বার জন্মগ্রহণ করিতেন এবং মানব-কল্যাণের জন্য জীবন উৎসর্গ করিতেন, তাঁহারাই বোধিসত্ত্ব নামে পরিচিত। তিব্বত, চীন, কোরিয়া, জাপান প্রভৃতি দেশে মহাযানীরা বুদ্ধদেব ও বোধিসত্ত্বের পূজা-অর্চনা দ্বারা নির্বাণলাভ করা যায় ইহা মনে করেন।

হিন্দু, বৌদ্ধ ও জৈনধর্মের তুলনা।—প্রকৃতপক্ষে আর্যধর্ম হইতেই জৈন ও বৌদ্ধধর্মের অভ্যুত্থান; সুতরাং তিনটি ধর্মের মধ্যে স্বভাবতঃই সাদৃশ্য আছে। হিন্দুধর্মের কর্মফল ও জন্মান্তরবাদ জৈন ও বৌদ্ধগণ গ্রহণ করেন। যে অহিংসা-মন্ত্র এই দুই ধর্মের প্রাণস্বরূপ, উপনিষদেই তাহার প্রথম আভাষ পাওয়া যায়। হিন্দুমতে বেদ অভ্রান্ত ও অপৌরুষেয়; জৈন ও বৌদ্ধগণ ইহা স্বীকার করেন না এবং হিন্দুদের ন্যায় তাঁহারা জাতিভেদ ও ব্রাহ্মণের শ্রেষ্ঠত্বও মানেন না। এইখানেই হিন্দুধর্মের সহিত বৌদ্ধ ও জৈনধর্মের মৌলিক পার্থক্য। পরবর্তী কালে কিন্তু জৈনগণ হিন্দু-দেবদেবীর অর্চনা ও ধর্মকার্যে ব্রাহ্মণের পৌরহিত্যও স্বীকার করেন। বৌদ্ধগণ এ বিষয়ে চরমপন্থী; তাঁহারা ব্রাহ্মণের পৌরহিত্য বা হিন্দু-দেবদেবী মানেন না। জৈন ও বৌদ্ধ উভয় ধর্মই, ঈশ্বর বা সৃষ্টিকর্তার অস্তিত্ব বিষয়ে উদাসীন; এখানেও হিন্দুধর্মের সঙ্গে এই দুই ধর্মের মৌলিক পার্থক্য। অহিংসা-নীতি সম্বন্ধে জৈনরা বৌদ্ধগণ অপেক্ষা চরমভাবাপন্ন। তাঁহারা প্রাকৃতিক সকল প্রকার বস্তুতেই প্রাণশক্তির অস্তিত্ব স্বীকার করেন এবং জীবহত্যা দূরে থাকুক, অন্য কর্তৃক নিহত প্রাণীর মাংসভক্ষণ পর্যন্ত দূষণীয় বলিয়া মনে করেন; কিন্তু বৌদ্ধধর্মে তাহা একান্ত নিষিদ্ধ নহে। ধর্মাচরণে জৈনরা কৃচ্ছ্রসাধনের উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করিয়া থাকেন,

কিন্তু বৌদ্ধরা মধ্যপন্থী। ইন্দ্রিয় জয় করিয়া চরম আধ্যাত্মিক শক্তিলাভ করাই জৈনধর্মের আদর্শ। বুদ্ধদের প্রধান আদর্শ বুদ্ধের ন্থায় 'সম্যক্' জ্ঞানলাভের দ্বারা মুক্তি বা নির্বাণপ্রাপ্তি। উভয় ধর্মই মূলতঃ নৈতিক চরিত্রগঠনের ধর্ম।

জৈন ও বৌদ্ধধর্মের পরিণতি।—বর্তমানে ভারতবর্ষে মাত্র কুড়ি লক্ষ মানুষের মধ্যে সীমাবদ্ধ হইলেও জৈনধর্ম অদ্যাবধি অক্ষুণ্ণ আছে; কিন্তু ভারতে বৌদ্ধগণের সংখ্যা অতি সামান্য। ইহার কারণ এই যে, জৈনধর্ম মূলতঃ বেদ-ব্রাহ্মণ-বিরোধী হইলেও জৈনরা বৌদ্ধদের ন্যায় কখনও হিন্দুধর্মের প্রবল প্রতিকূলতা করেন নাই; বরং তাঁহারা হিন্দু-দেবদেবীর পূজাপ্রচলন এবং ধর্মকার্যে ব্রাহ্মণ-পুরোহিত নিয়োগ করিয়া একটা সামঞ্জস্য রক্ষা করিয়াছেন। কিন্তু বিশাল বৌদ্ধধর্ম পরস্পর-বিরোধী নানা মতবাদ ও নিম্নশ্রেণীর আচার অনুষ্ঠানের মিশ্রণে স্বীয় বিশেষত্ব হারাইয়া ফেলিয়াছে। বস্তুতঃ, স্ববিরোধী মতবাদ এবং তান্ত্রিক অভিচারাদি বৌদ্ধধর্মের অবনতি ও পতনের প্রধান কারণ! প্রথমে রাজানুগ্রহ ছিল বৌদ্ধধর্মের একটি পরম আশ্রয়; বৌদ্ধ রাজন্যবর্গের পতনে তাহাও বিনষ্ট হইয়া যায়। পক্ষান্তরে, জৈনধর্ম বৌদ্ধধর্মের ন্যায় রাজানুগ্রহ লাভ না করিলেও আজ অবধি বিত্তশালী বণিকগণের একনিষ্ঠ সেবা পাইয়া আসিতেছে। সেইজন্যই জৈনসম্প্রদায় ক্ষুদ্র হইলেও যথেষ্ট প্রভাবশালী। বৌদ্ধধর্ম উত্তরকালে যখন বিভিন্ন সম্প্রদায়ে বিভক্ত ও দুর্বল হইয়া পড়ে তখন ক্রমশঃ বৌদ্ধরা বৃহত্তর হিন্দুসমাজের অঙ্গীভূত হইয়া যায়। সর্বশেষে তুর্কী মুসলমানদের আক্রমণে উহাদের সঙ্ঘশক্তি প্রায় বিলুপ্ত হইয়া পড়ে। কিন্তু বৌদ্ধদর্শন এবং মৈত্রী, করুণা ও অহিংসা মন্ত্রের প্রভাব আজও ভারতবাসীকে বিশ্বমানবের সম্মুখে গৌরবান্বিত করিতেছে।

জৈনধর্মের পরিবর্তন

বৌদ্ধধর্মের অবনতি

বৌদ্ধশিল্প।—বৌদ্ধধর্ম প্রসারের সঙ্গে সঙ্গে এই ধর্মের পৃষ্ঠপোষক রাজন্যবর্গ ধর্মের মহিমা কীর্তনের নিমিত্ত এবং বৌদ্ধ সন্ন্যাসিগণের সাধন- ভজনের উদ্দেশ্যে বহু বৌদ্ধমন্দির, বিহার এবং গুহানিবাস প্রভৃতি নির্মাণ করিয়াছেন। এই সকল মন্দির ও বিহারাদি নির্মাণে যে বিশেষ একটি শিল্পরীতির উদ্ভব হইয়াছে তাহাকে আমরা 'বৌদ্ধ-শিল্পরীতি' আখ্যা দিতে পারি। মৌর্য-সম্রাট অশোক তাঁহার

রাজত্বকালে বহু স্তূপ, স্তম্ভ ও বিহার নির্মাণ করিয়াছিলেন। কয়েকটি গুহানিবাসও তাঁহার রাজত্বকালে নির্মিত হইয়াছিল। এই সকল স্তূপ, স্তম্ভ ও বিহারাদি নির্মাণে অশোক একটি বিশেষ শিল্পরীতির অনুসরণ করিয়াছিলেন। অশোকের পূর্বে প্রাসাদাদি নির্মাণে কাষ্ঠের ব্যবহার প্রচলিত ছিল। কিন্তু সম্ভবতঃ অশোকের রাজত্বকালেই স্থাপত্যশিল্পে ইষ্টক ও প্রস্তরের ব্যবহার সর্বপ্রথম প্রচলিত হইয়াছে। প্রস্তরনির্মিত অশোকস্তম্ভগুলি সে যুগের স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের সর্বোত্তম নিদর্শন। স্তম্ভগুলির নিম্নভাগ একখণ্ড প্রস্তরে নির্মিত। স্তম্ভশীর্ষে পৃথক একটি প্রস্তরখণ্ডে নির্মিত পশুমূর্তিসমূহ ও উহার আনুষঙ্গিক ভাস্কর্য ভারতীয় শিল্পীদের অসাধারণ নৈপুণ্যের পরিচায়ক। অশোক নির্মিত স্তম্ভের ও গুহানিবাসের দেওয়ালের 'বজ্রলেপ' বা পালিশও অপূর্ব। পাথরকে পালিশ করিয়া কাঁচের ন্যায় ঝকঝকে করিয়া তুলিবার যে বিদ্যা ও নৈপুণ্য তাহা অপর কোন দেশের শিল্পীদের মধ্যে সেযুগে দেখা যায় নাই। অশোকের প্রস্তরনির্মিত রাজপ্রাসাদের যে ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছে তাহা দেখিয়া চীনা পরিব্রাজক ফা-হিয়েন বিস্ময়ে হতবাক্ হইয়াছেন। অশোকের স্তূপগুলি—যেমন সারনাথ ছিল ইষ্টকনির্মিত। কথিত আছে অশোক চুরাশী হাজার স্তূপ নির্মাণ করিয়াছিলেন।

মৌর্যযুগ

মৌর্যযুগের পর হইতে গুপ্তযুগ পর্যন্ত ভারতীয় স্থাপত্য শিল্পরীতিতে ধীরে ধীরে কতকগুলি পরিবর্তন আসিয়াছে। এই পরিবর্তনের ধারা অনুসরণ করিলে যুগে যুগে বৌদ্ধ শিল্পরীতিতে যে পরিবর্তন আসিয়াছে তাহার বৈশিষ্ট্যগুলি লক্ষ্য করা যায় না। খৃঃ পূঃ দ্বিতীয় শতকে, শুঙ্গ যুগে মধ্যভারতের ভারহুত নামক স্থানে যে স্তূপটি স্থাপিত হইয়াছিল তাহাও ছিল ইষ্টকনির্মিত। কিন্তু ইহা লাল পাথরের বেষ্টনী ও প্রবেশতোরণ দ্বারা পরিবেষ্টিত ছিল। অশোকের কালে এরূপ শিলাবেষ্টনী ও প্রবেশতোরণ নির্মাণের রীতি ছিল না। ভারহুতের বেষ্টনী ও তোরণে বুদ্ধদেবের জীবনকাহিনী উৎকীর্ণ করা হইয়াছে। অশোকের সময়ে নরনারীর মূর্তি উৎকীর্ণ করিবার ততটা রীতি ছিল না; পরে ক্রমশ তাহা আসিয়াছে। বুদ্ধগয়ার মন্দিরের (খৃঃ পূঃ ১ম শতক) চতুষ্পার্শ্বে শিলাবেষ্টনী আছে। ইহার ভাস্কর্য ভারহুতের অনুরূপ। প্রায় এই যুগেই সাঁচীর (ভূপাল রাজ্যে) বিরাট স্তূপসমূহ নির্মিত হইয়াছে। এগুলিও ছিল তোরণ ও শিলাবেষ্টনী সমন্বিত। সাঁচীর শিলাবেষ্টনীতে ভাস্কর্য

মৌর্যোত্তর যুগ

নাই ; কিন্তু তোরণসমূহে জাতক হইতে গ্রহণ করিয়া বুদ্ধদেবের জীবনের প্রধান ঘটনাবলী উৎকীর্ণ করা হইয়াছে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, ভারহুত, বুদ্ধগয়া ও সাঁচীর ভাস্কর্যে কোথাও বুদ্ধদেবের মূর্তি উৎকীর্ণ করা হয় নাই। বুদ্ধদেবের স্থানে তাঁহার পদচিহ্নও প্রতীক ('symbols) ব্যবহার করা হইয়াছে।

ভারহুত ও সাঁচীর সমসাময়িক যুগে দক্ষিণ-ভারতেও বৌদ্ধ শিল্পকলা উৎকর্ষ লাভ করে। অমরাবতী ও নাগার্জুন-কোণ্ড নামক স্থানে ইহার উৎকৃষ্ট নিদর্শন পাওয়া যায়।

দক্ষিণ-ভারত

অমরাবতীর শিলাবেষ্টনীর উপাদান ছিল মর্মর প্রস্তর। স্তূপাদির চূড়াতেও মর্মর প্রস্তর ব্যবহার করা হইয়াছিল। অমরাবতীর ভাস্কর্যে যে লতাপাতা, ফুল ও উচ্চাঙ্গের নরমূর্তি উৎকীর্ণ আছে উত্তর-ভারতীয় শিল্পে তাহা দেখা যায় না।

ভারহুত ও সাঁচীর যুগ শেষ হইবার পরে বৌদ্ধ শিল্পরীতি এক নূতন যুগে পদার্পণ করিয়াছে। মথুরা ও গন্ধার শিল্পে এই নূতন রীতির প্রকাশ দেখা যায়। মথুরা ও গন্ধার শিল্প সমসাময়িক হইলেও ইহাদের রূপ বিভিন্ন। মথুরায় স্থাপত্য ও ভাস্কর্য শিল্পে রক্ত চন্দনের ন্যায় লাল প্রস্তর ব্যবহার করা হইয়াছে। ইহার ভাস্কর্য অনেকটা ভারহুতের অনুরূপ। কিন্তু মথুরাতেই সম্ভবতঃ সর্বপ্রথম বুদ্ধদেবের (প্রাচীন অক্ষরের ছাঁচে) মূর্তি রচনা করা হইয়াছে। ইতিপূর্বে বৌদ্ধশিল্পে বুদ্ধদেবের মূর্তি নির্মাণ করা হয় নাই, মূর্তিবাদী গ্রীক বৌদ্ধরা মূর্তি পূজার বহুল প্রসার করে।

মথুরা ও গন্ধার শিল্পরীতি

উত্তর-পশ্চিম ভারতে গ্রীক, শক ও কুষাণ রাজগণের রাজত্বকালে বৈদেশিক সভ্যতার প্রভাবের ফলে একটি সম্পূর্ণ নূতন শিল্পরীতির উদ্ভব হইয়াছে। ইহা গন্ধার-শিল্পরীতি নামে পরিচিত। একদিকে ভারতীয় এবং অপর দিকে (Hellenistic) গ্রীক ও রোমান রীতির সংমিশ্রণে ইহার অভ্যুদয় হয়। এই সময় বহু মনোরম বুদ্ধ ও বোধিসত্ত্ব মূর্তি নির্মিত হয়। গ্রীক ও রোমান দেবদেবীর মূর্তি নির্মাণে যে ধারা অনুসৃত হইয়াছিল ভারতীয় শিল্পিগণ সেই ধারাটি গ্রহণ করিয়া গুপ্তযুগে উহাতে অপরূপ দক্ষতা লাভ করে।

খৃঃ পূঃ দ্বিতীয় শতক হইতে আরম্ভ করিয়া চতুর্থ খৃষ্টাব্দ পর্যন্ত বহু গুহানিবাস নির্মিত হইয়াছে। গোটা পাহাড় খুঁড়িয়া গুহানিবাসগুলি নির্মিত হইয়াছিল। অশোকের রাজত্বকালে নির্মিত গুহানিবাসের কতকগুলি ছিল সাদাসিধা। পরবর্তী কালের গুহানিবাসগুলিতে ভাস্কর্য ও প্রাচীর-চিত্রের (frescoes) নিদর্শন পাওয়া

গুহানিবাস

যায়। অধিকাংশ গুহানিবাসের মধ্যভাগে ছিল "চত্বর" এবং উহার চতুষ্পার্শে ভিক্ষুদের অবস্থান ও সাধন-ভজনের জন্য ক্ষুদ্র ক্ষুদ্র কক্ষ। প্রশস্ত ঘরগুলি উপাসনাগৃহরূপে ব্যবহৃত হইত। কোন কোন হলের একপ্রান্তে ক্ষুদ্রাকৃতি স্তূপ থাকিত। এরূপ উপাসনাগৃহগুলি চৈত্য নামে অভিহিত হইত। বোম্বাই-এর নিকট ভাজা ও কার্লের সঙ্ঘারাম ও গুহানিবাসের স্থাপত্য ও ভাস্কর্য শিল্প অতি উৎকৃষ্ট। অজন্তা গুহাবলীর প্রাচীরে যে চিত্রাঙ্কন আছে তাহা ভারতীয় চিত্রশিল্পীদের বিস্ময়কর নৈপুণ্যের পরিচয় বহন করিতেছে।

বহির্ভারতে হিন্দু ও বৌদ্ধ শিল্প

বৌদ্ধধর্ম প্রসারের সঙ্গে সঙ্গে ভারতের বাহিরে মধ্য-এশিয়া ও পূর্ব-দক্ষিণ এশিয়ার বিভিন্ন অঞ্চলেও বহু বৌদ্ধ মঠ, মন্দির ও বিহার স্থাপিত হইয়াছিল। ইহাদের নির্মাণে যে শিল্পরীতি গ্রহণ করা হইয়াছে তাহা ভারতীয় রীতি দ্বারা বিশেষভাবে প্রভাবিত। এই সকল অঞ্চলে এককালে বহু ভারতীয় "উপনিবেশ" স্থাপিত হইয়াছিল। ইহার ফলে ভারতের সভ্যতা ও সংস্কৃতি স্থানীয় অধিবাসীদের জীবন ধারার উপরে গভীর প্রভাব বিস্তার করিয়াছিল। সুতরাং এই অঞ্চলের স্থাপত্য রীতিতে যে ভারতীয় রীতি অনুসৃত হইবে ইহাই স্বাভাবিক। চীন ও মধ্য-এশিয়ার বিহারসমূহের বিন্যাস ভারতের বৌদ্ধ বিহারের অনুকরণে করা হইয়াছিল। কুষাণ যুগে এখানে গন্ধার শিল্প-রীতি প্রসারিত হইয়াছিল।

মধ্য-এশিয়ার ন্যায় চীন ও জাপানে যখন বৌদ্ধধর্ম বিস্তার লাভ করিল, তখন সাথে সাথে ভারতীয় শিল্প-রীতিও এদেশে আসিল। চীনের সংঘারাম ও গুহানিবাসগুলির নির্মাণে ভারতীয় প্রভাব লক্ষ্য করা যায়। এদেশের বুদ্ধ ও বোধিসত্ত্ব মূর্তিগুলির উপরে গন্ধার-রীতির ছাপ সুস্পষ্ট। সিংহলে ও চীনের গুহানিবাসসমূহে যে প্রাচীর চিত্র আছে তাহার সহিত অজন্তার প্রাচীর-চিত্রের গভীর সাদৃশ্য আছে।

ইন্দোচীন, ইন্দোনেশিয়া ও সিংহলে যে মন্দির, মঠ ও বিহার বৌদ্ধযুগে নির্মিত হইয়াছিল তাহারও প্রেরণা আসিয়াছিল ভারতীয় উপনিবেশিকদের নিকট হইতে। যবদ্বীপের বরোবুদুরে যে বিরাট বৌদ্ধমন্দির আছে তাহা শিল্পকলার এক অপূর্ব নিদর্শন। সারা সিংহল জুড়িয়া যে অসংখ্য মঠ, মন্দির, বিহার, স্তূপ প্রভৃতি স্থাপিত হইয়াছিল তাহাতে ভারতীয় শিল্পরীতিরই অনুকরণ করা হইয়াছে।

জৈনধর্ম কখনও ভারতের বাহিরে প্রসার লাভ করে নাই; ভারতের মধ্যেই ইহা

আবদ্ধ ছিল। কিন্তু যুগে যুগে জৈন ধর্মানুরাগী রাজন্যবর্গ ও ধনিক সম্প্রদায় ভারতের নানাস্থানে অসংখ্য জৈন মন্দির ও ধর্মশালা নির্মাণ করিয়াছেন। প্রাচীন জৈনমন্দির-গুলির মধ্যে আবু পাহাড়ে অবস্থিত দিলওয়ারা দেবায়তন এবং শত্রুঞ্জয় ও গির্ণারের (জুনাগড়) মন্দিরগুলি শিল্পকলার দিক হইতে অতি প্রসিদ্ধ।

প্রশ্নাবলী

১। জৈনধর্মের উৎপত্তি বর্ণনা কর এবং বৌদ্ধধর্মের সহিত তুলনা কর। উভয় ধর্মের সাফল্যের কারণগুলি কি তোমার মনে হয়?

২। ভারতে বৌদ্ধধর্মের উৎপত্তির বর্ণনা দাও। হিন্দুধর্ম ও জৈনধর্মের সহিত বৌদ্ধধর্মের পার্থক্য কোথায়?

৩। বৌদ্ধধর্মের প্রসার ও অবনতির কারণ দেখাও।

৪। গৌতম বুদ্ধের জীবনী ও উপদেশ-বাণী (ধর্মমত) সম্বন্ধে কি জান? ভারতে বৌদ্ধধর্মের অবনতির কারণ সংক্ষেপে বর্ণনা কর।

৫। জৈনধর্মের উৎপত্তি এবং হিন্দুধর্মের সহিত উহার সম্বন্ধের একটি বিবরণ দাও।

৬। গৌতম বুদ্ধের জীবন-বৃত্তান্ত সংক্ষেপে বর্ণনা কর। তাঁহার মতবাদের প্রধান বৈশিষ্ট্য কি কি?

৭। বৌদ্ধ শিল্পকলা সম্বন্ধে একটি বিবরণ দাও।

ষষ্ঠ অধ্যায়

মগধের অভ্যুত্থান—মৌর্য সাম্রাজ্য

(Growth of Magadha : Maurya Empire)

খৃষ্টপূর্ব ষষ্ঠ শতকে রাষ্ট্রীয় পরিস্থিতি—ষোড়শ মহাজনপদ।—বুদ্ধ ও মহাবীরের আবির্ভাবের প্রাক্কালে আর্যভারতে ষোলটি রাজ্য শক্তিশালী হইয়া উঠিয়াছিল বলিয়া সেগুলি 'ষোড়শ মহাজনপদ' নামে খ্যাত। ইহাদের নাম—অঙ্গ (পূর্ব-বিহার), মগধ (দক্ষিণ-বিহার), কাশী, কোশল (অযোধ্যা), বৃজি (উত্তর-

বিহার), মল্ল (গোরখপুর), চেদি (বুন্দেলখণ্ড), বৎস (এলাহাবাদ), কুরু (দিল্লী), পাঞ্চাল (বেরিলি-বদাউন অঞ্চল), মৎস্য (জয়পুর), শূরসেন (মথুরা) অশ্মক (গোদাবরী অঞ্চল), অবন্তি (মালব), গন্ধার (পেশোয়ার অঞ্চল) এবং কম্বোজ (উত্তর-কাশ্মীর)। এই সকল রাজ্যের মধ্যে কোন কোনটি ছিল গণতন্ত্র (republic), কোন কোনটি বা রাজতন্ত্র (monarchy)। এযুগের গণতন্ত্রসমূহকে 'নিগম', 'গণ' বা 'সঙ্ঘ' বলা হইত। যাঁহারা জনসাধারণের নামে এই সকল রাষ্ট্র শাসন করিতেন তাঁহাদের উপাধি ছিল 'গণজ্যেষ্ঠ' বা 'সঙ্ঘমুখ্য'—কখনও কখনও তাঁহারা 'রাজা' উপাধিও লাভ করিতেন। কোন রাষ্ট্রের গণজ্যেষ্ঠরা মিলিত হইয়া যে 'পরিষদ' গঠন করিতেন, 'সংস্থাগার' নামক সভাগৃহে তাহার অধিবেশন বসিত। সে-যুগের গণতন্ত্রসমূহের মধ্যে বৃজি ও লিচ্ছবি (বৈশালী) ক্ষত্রিয়দের যুক্তরাষ্ট্র ছিল সর্বাপেক্ষা শক্তিশালী ; দক্ষিণ-নেপাল ও উত্তর-বিহারের অন্তর্গত বৈশালী সঙ্ঘের রাজধানী ছিল। বর্তমান তেরাই অঞ্চলে শাক্যজাতির গণতান্ত্রিক রাষ্ট্রও প্রসিদ্ধ ছিল। ইহার রাজধানী ছিল কপিলাবস্তু। রাজতন্ত্রের মধ্যে অবন্তি, বৎস, কোশল ও মগধ এই চারিটি রাজ্য বিশেষ পরাক্রান্ত হইয়া উঠিয়াছিল। অবন্তি-রাজ্য ছিল মালব প্রদেশে ; বৎসরাজ্য এলাহাবাদের সন্নিকটে—কৌশাম্বী বা কোশামের চারিধারে ; কোশল অযোধ্যা-প্রদেশে এবং মগধ দক্ষিণ-বিহারে। অবন্তিরাজ প্রদ্যোৎ, বৎসরাজ উদয়ন, কোশলের নৃপতি প্রসেনজিৎ এবং মগধের অধিপতি বিম্বিসার ছিলেন বুদ্ধ ও মহাবীরের সমসাময়িক। প্রত্যেক রাজা স্বভাবতঃই অন্যান্য রাজ্য জয় করিয়া অধিক শক্তিশালী হইয়া উঠিতে চাহিতেন। এইরূপ যুদ্ধবিগ্রহের ফলে একদিকে যেমন গণতন্ত্রসমূহ লোপ পাইতে লাগিল, তেমনি আবার প্রবলতর রাজতন্ত্রের অভ্যুদয় হইতে আরম্ভ করিল। পরিশেষে অনেক ক্ষুদ্র রাজশক্তিকে ধ্বংস করিয়াই একচ্ছত্র সাম্রাজ্য স্থাপনের চেষ্টা হয়।

গণতন্ত্র ও রাজতন্ত্র

অবন্তি, বৎস, কোশল ও মগধ রাজ্য

রাজগণের মধ্যে সংঘর্ষ—সাম্রাজ্যের অভ্যুদয়

কোশল ও মগধের অভ্যুদয়।—গাঙ্গেয় উপত্যকার কেন্দ্রদেশে ছিল কোশলের অবস্থান। এই সময়ে কোশল ক্রমশঃ শক্তিশালী হইয়া উঠিতে থাকে। কোশলরাজ কাশীরাজ্য ও কপিলাবস্তুর শাক্য গণতন্ত্র জয় করিয়া স্বীয় প্রভাব বিস্তার করিলেন।

এদিকে মগধরাজও পার্শ্ববর্তী রাজ্যসকল অধিকার করিয়া বিপুল ক্ষমতাশালী হইয়া উঠিলেন। ফলে উভয় রাজ্যের মধ্যে ভীষণ যুদ্ধ উপস্থিত হয় এবং শেষে মগধই সর্বাপেক্ষা শক্তিশালী সাম্রাজ্যে পরিণত হয়।

মগধের অভ্যুত্থান

খৃঃ পূঃ ষষ্ঠ শতকে বিম্বিসার মগধের রাজা ছিলেন। বৌদ্ধগ্রন্থে বিম্বিসারকে 'হর্যঙ্ক-কুলোদ্ভব' বলিয়া বর্ণনা করা হইয়াছে। বিম্বিসার অঙ্গদেশ (পূর্ব-বিহার) জয় করেন এবং রাজগৃহে (রাজগির) রাজধানী স্থাপিত করেন। তিনি কোশল-নৃপতি প্রসেনজিতের এক ভগ্নীর পাণিগ্রহণ করিয়া কাশীরাজ্যের এক অংশ যৌতুকস্বরূপ লাভ করেন। ইহাতে পশ্চিমে কাশী হইতে পূর্বে অঙ্গদেশ পর্যন্ত তাঁহার একাধিপত্য স্থাপিত হয়। বৃদ্ধবয়সে বুদ্ধভক্ত বিম্বিসার তাঁহার পুত্র বৌদ্ধবিদ্বেষী অজাতশত্রুর হাতে নিহত হন বলিয়া কিংবদন্তী আছে। বিম্বিসারের মৃত্যুর পরে কোশলরাজ প্রসেনজিৎ মগধের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। বহুকাল যুদ্ধের পর প্রসেনজিৎকেই সন্ধিভিক্ষা করিতে হইল। তিনি আপন কন্যার সহিত অজাতশত্রুর বিবাহ দিয়া যৌতুকস্বরূপ কাশীরাজ্য ফিরাইয়া দিলেন। ইহার পর কোশলের প্রতিপত্তি হ্রাস পাইতে আরম্ভ করিল। অতঃপর মহাবীরের জন্মভূমি বৈশালীর গণতন্ত্রও মগধের অধিকারভুক্ত হইয়া পড়িল। গাঙ্গেয় উপত্যকায় মগধরাজ অপ্রতিদ্বন্দ্বী 'রাজচক্রবর্তী' হইয়া উঠিলেন। অজাতশত্রুর রাজত্বকালেই মগধের সীমা হিমালয় হইতে ছোটনাগপুর পর্যন্ত বিস্তৃত ছিল। অজাতশত্রুর পুত্র উদয়ীভদ্র গঙ্গা ও শোণ নদীর সঙ্গমস্থলে (বর্তমান পাটনার অনতিদূরে) পাটলিপুত্র বা কুসুমপুর নামক স্থানে রাজধানী স্থাপন করেন। শিশুনাগ নামক মগধের আর এক রাজা অবন্তির প্রদ্যোৎ-বংশের ধ্বংসসাধন করিয়া সুদূর মালব অঞ্চলে মগধের প্রভাব বিস্তার করেন। কালক্রমে উগ্রসেন মহাপদ্ম নামক জনৈক শূদ্রবীর মগধের সিংহাসন অধিকার করেন। ইহা খৃঃ পূঃ পঞ্চম শতাব্দীর শেষভাগের অথবা চতুর্থ শতাব্দীর প্রথম ভাগের ঘটনা।

বিম্বিসার

কোশল ও মগধের দ্বন্দ্ব

নন্দবংশের অভ্যুত্থান

নন্দ সাম্রাজ্য।—মহাপদ্ম ছিলেন নন্দবংশোদ্ভব শূদ্র। তাই মগধের সিংহাসনে তিনি যে বংশের প্রতিষ্ঠা করিয়া যান, তাহা 'নন্দবংশ' নামে পরিচিত। মহাপদ্ম প্রবলপ্রতাপ সম্রাট ছিলেন। পুরাণে তাঁহাকে 'একরাট্' বা

নন্দবংশ

'রাজচক্রবর্তী' বলিয়া বর্ণনা করা হইয়াছে। সম্ভবতঃ সমগ্র গাঙ্গেয় উপত্যকা তাঁহার পদানত ছিল। কাহারও কাহারও মতে তিনি কলিঙ্গভূমি এবং দাক্ষিণাত্যের কিয়দংশও অধিকার করিয়াছিলেন। মহাপদ্মের পর নন্দবংশের আটজন রাজা পর পর মগধের সিংহাসনে আরোহণ করেন। সর্বশেষ নন্দের নাম ছিল ধননন্দ। তাঁহার সৈন্যদলে দুই লক্ষ পদাতিক, বিশ হাজার অশ্বারোহী, চারি হাজার হস্তী এবং দুই হাজার রথ ছিল। ধননন্দের রাজত্বকালেই গ্রীকবীর দিগ্বিজয়ী আলেকজাণ্ডার উত্তর-পশ্চিম ভারত আক্রমণ করেন (খৃঃ পূঃ ৩২৭) কিন্তু তিনি পূর্ব-ভারতের বিরাট সৈন্যসমাবেশ জানিয়া মগধ আক্রমণ করিতে পারেন নাই।

মহাপদ্ম নন্দ

বৈদেশিক আক্রমণ—পারসিক ও গ্রীক

(Foreign Invasions—Persian and Greek)

উত্তর-পশ্চিম ভারত ও বৈদেশিক আক্রমণ।—উত্তর-পশ্চিম ভারতের প্রান্ত-ভাগ নানা উপজাতির আক্রমণে প্রায়ই বিব্রত হইয়া উঠিত। খৃঃ পূঃ ষষ্ঠ শতকে পারস্য সম্রাট সাইরাস্ (Cyrus, খৃঃ পূঃ ৫৩০—৫০৮) ভারত আক্রমণ করেন। ইহার পর দারায়স্ (Darius, খৃঃ পূঃ ৫২২—৪৮৬) গন্ধার ও সিন্ধু-উপত্যকায় পারসিক আধিপত্য বিস্তার করেন। পারসিক সাম্রাজ্যের প্রথা অনুসারে তিনি বিজিত রাজ্যে 'ক্ষত্রপ' উপাধিধারী রাজ-প্রতিনিধিদের শাসনব্যবস্থা প্রবর্তন করেন। পশ্চিম-এশিয়ার পারসিক সাম্রাজ্যের মধ্যে এই সিন্ধু-প্রদেশের অংশটিই ছিল সর্বাপেক্ষা জনবহুল ও সম্পদশালী। সাম্রাজ্যের এক-তৃতীয়াংশ রাজস্ব উত্তর-পশ্চিম ভারত হইতেই সংগৃহীত হইত। পারস্য সাম্রাজ্য মিশর ও গ্রীস হইতে সিন্ধু ও আরব সাগর পর্যন্ত বিস্তৃত ছিল। ভারতে পারসিক অধিকারের ফলে স্বভাবতঃই পশ্চিম-এশিয়ার সঙ্গে এদেশের শিল্প ও সংস্কৃতিগত যোগ ঘনিষ্ঠ হইয়া উঠিতে থাকে। ভারতবাসীর পক্ষে পারস্য ও পশ্চিম-এশিয়ায় গমনাগমনের পথও নিরাপদ ও সুগম হয় এবং সঙ্গে সঙ্গে ব্যবসায়-বাণিজ্যেরও প্রসার ঘটে। পারসিকদের সহিত ভারতবাসীদের এই যোগাযোগের চিহ্নস্বরূপ ইন্দো-পারসিক শিল্প ও ডাইনে-থেকে বামে লেখা 'খরোষ্ঠী' লিপির কথা উল্লেখ করা যাইতে পারে।

পারসিক আক্রমণ

পারসিক অধিকারের ফলাফল

উত্তর-পশ্চিম ভারতবর্ষে পারসিক অধিকার ঠিক কতকাল স্থায়ী হইয়াছিল তাহা বলা কঠিন। কিন্তু আলেকজাণ্ডারের পারস্য আক্রমণের সময় (খৃঃ পূঃ ৩৩০) পর্যন্ত অর্থাৎ প্রায় ২০০ বৎসর ভারতের সঙ্গে পশ্চিম-এশিয়া ও পারস্যের যোগাযোগ অক্ষুণ্ণ ছিল।

আলেকজাণ্ডারের ভারত আক্রমণ।—পারস্যরাজ দারায়সের প্রায় দুই শতাব্দী পরে মহাবীর আলেকজাণ্ডার সমগ্র গ্রীস ও পশ্চিম-এশিয়া জয় করিয়া পারস্য-রাজ্য আক্রমণ করেন। অনায়াসে পারস্য অধিকার করিয়া (খৃঃ পূঃ ৩৩০) আলেকজাণ্ডার ভারতবর্ষের দিকে অগ্রসর হইতে লাগিলেন। ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত তখন অসংখ্য খণ্ডরাষ্ট্রে বিভক্ত ছিল। তাহাদের মধ্যে কোনটি ছিল রাজতন্ত্র ও কোনটি গণতন্ত্র। খৃঃ পূঃ ৩২৭ অব্দে আলেকজাণ্ডার হিন্দুকুশ অতিক্রম করিয়া ভারতবর্ষে প্রবেশ করিলেন। হিন্দুকুশ পার হইয়াই তিনি কতকগুলি পার্বত্য রাজ্য জয় করিলেন। অতঃপর আলেকজাণ্ডার সিন্ধু নদী পার হইয়া তক্ষশিলা রাজ্যে প্রবেশ করিলেন। তক্ষশিলার রাজা অম্ভি বিনা যুদ্ধেই তাঁহার বশ্যতা স্বীকার করিলেন।

উত্তর-পশ্চিম সীমান্ত

তক্ষশিলার পর বিতস্তা ও চন্দ্রভাগা নদীর মধ্যস্থলে ছিল পুরুরাজ্য। পর বৎসর (খৃঃ পূঃ ৩২৬) আলেকজাণ্ডার বিতস্তা পর্যন্ত অগ্রসর হইয়া পুরু-রাজ্য আক্রমণ করিলেন। পুরুরাজ (Porus) বিপুল বিক্রমে দিগ্বিজয়ীর গতিরোধ করিয়া দাঁড়াইলেন ; কিন্তু রণকুশল আলেকজাণ্ডারের বিরুদ্ধে তাঁহার সকল চেষ্টাই ব্যর্থ হইয়া গেল। তুমুল যুদ্ধের পর পুরুরাজ পরাজিত ও বন্দী হইলেন। আলেকজাণ্ডার তাঁহার শৌর্যবীর্য দর্শন করিয়া মুগ্ধ হইয়াছিলেন। কথিত আছে, পুরুরাজ তাঁহার সম্মুখে নীত হইলে তিনি জিজ্ঞাসা করিলেন, "আপনি আমার কাছে কিরূপ ব্যবহার প্রত্যাশা করেন?" পুরুরাজ সগর্বে উত্তর করিলেন, "রাজার মত"। এই উত্তরে সন্তুষ্ট হইয়া তিনি তাঁহাকে হৃতরাজ্য প্রত্যর্পণ করিয়া তাঁহার সহিত মিত্রতা স্থাপন করিলেন। ইহার পর তিনি বিপাশা নদী পর্যন্ত অগ্রসর হইলে তাঁহার রণক্লান্ত সৈন্যদল আর অধিক দূর যাইতে চাহিল না। লোক-পরম্পরায় নন্দবংশ এবং মগধের রাষ্ট্রশক্তি ও বিপুলবাহিনীর কথাও তাহাদের কর্ণগোচর হইয়াছিল। অগত্যা মগধজয়ের আশা ত্যাগ করিয়া বিপাশা-তীর হইতে তাঁহাকে ফিরিয়া যাইতে হইল (খৃঃ পূঃ ৩২৫)। ফিরিবার সময় তিনি সৈন্যদলকে দুই ভাগ করিয়া এক দলকে নৌ-

পুরু ও আলেকজাণ্ডার

সেনাপতি নিয়ারকসের অধীনে জলপথে পারস্যের দিকে প্রেরণ করিলেন ; আর এক দলকে নিজেরই নেতৃত্বে বেলুচিস্তানের মধ্য দিয়া স্বদেশের দিকে লইয়া চলিলেন। পথে তিনি পঞ্জাব ও সিন্ধুদেশের শিবি, মালব, ক্ষুদ্রক প্রভৃতি কতকগুলি জাতিকে পরাস্ত করিয়াছিলেন। কিন্তু গ্রীসে প্রত্যাবর্তনের পথে বাবিলন নগরে তাঁহার মৃত্যু হইল (খৃঃ পূঃ ৩২৩)।

আলেকজাণ্ডার ভারত-জয় অসম্পূর্ণ রাখিয়া প্রত্যাবর্তন করিলেন। ইহার কারণ উল্লেখ করিয়া পাশ্চাত্য লেখকগণ বলিয়াছেন যে, তাঁহার রণক্লান্ত সৈন্যগণ আর অধিকদূর অগ্রসর হইতে অনিচ্ছা প্রকাশ করায় তিনি প্রত্যাবর্তন করিতে বাধ্য হইয়াছিলেন। ইহা সম্পূর্ণ সত্য নহে। ভারতীয়গণের শৌর্য-বীর্য গ্রীক সৈন্যদের মনে সুনিশ্চিত জয় সম্বন্ধে সন্দেহ আনিয়াছিল। প্রকৃতপক্ষে পঞ্জাবে আলেকজাণ্ডার যে সকল রাজ্য জয় করিয়াছিলেন সেগুলি আয়তনে ক্ষুদ্র ছিল এবং তাহাদের শক্তিও সামান্য ছিল। এই সকল ক্ষুদ্র রাজ্য অধিকার করিতেও তাঁহাকে বেশ বেগ পাইতে হইয়াছিল। ভারতের কোন বড় রাজ্যের সহিত তাঁহার শক্তি-পরীক্ষা হয় নাই। মগধের বিপুল শক্তি এবং ইহার সহিত জয়-পরাজয়ের অনিশ্চয়তাই সম্ভবতঃ আলেকজাণ্ডারের প্রত্যাবর্তনের একটি প্রধান কারণ। আলেকজাণ্ডারের মৃত্যুর অল্পকাল পরে চন্দ্রগুপ্তের হাতে গ্রীকরাজ সেলেউকসের পরাজয় এই অনুমানকে আরও দৃঢ় করে।


আলেকজাণ্ডার

আলেকজাণ্ডারের ভারত-আক্রমণের ফলাফল

আলেকজাণ্ডারের ভারত-আক্রমণের ফলে গ্রীক ও ভারতীয় সভ্যতার মধ্যে যোগ-সূত্র স্থাপিত হয় এবং এই দুইটি সভ্যতা পরস্পরের উপর প্রভাব বিস্তার করে। ভারতের শিল্প, স্থাপত্য ও জ্যোতিষশাস্ত্রে এই প্রভাব বিশেষভাবে পরিলক্ষিত হয়। প্রসিদ্ধ 'গন্ধার শিল্প', আলেকজাণ্ডারের আক্রমণের

পরোক্ষ ফল বলিয়া ধরা যাইতে পারে। দ্বিতীয়তঃ, ইহার ফলে ভারত ও ইউরোপের মধ্যে গমনাগমনের পথ সুগম হইয়া ব্যবসায়-বাণিজ্যের প্রসার ঘটে। ইহা ব্যতীত ভারতীয় ও গ্রীক দেশসমূহের মধ্যে সংযোগ স্থাপিত হওয়ায় উত্তরকালে বহ্লীক (Bactrian) দেশীয় গ্রীকগণ ও গ্রীকসভ্যতায় প্রভাবান্বিত পারদগণ (Parthian) ভারতের উত্তর-পশ্চিম সীমান্তে কয়েকটি খণ্ডরাজ্য স্থাপন করিতে সমর্থ হন। আলেকজাণ্ডারের আক্রমণে পঞ্জাব ও উত্তর-পশ্চিম সীমান্তের ক্ষুদ্ররাজ্যসমূহ বিধ্বস্ত ও শক্তিহীন হইয়া পড়ায় ভারতে বৃহৎভাবে রাষ্ট্রীয় ঐক্যস্থাপনের চেষ্টা হয়। পূর্বোক্ত ক্ষুদ্র রাজ্যগুলির দুর্বলতার সুযোগ লইয়া মৌর্য চন্দ্রগুপ্ত উহাদিগকে একে একে নিজের অধিকারভুক্ত করিয়া লন এবং উত্তর-ভারতে এক বিশাল সাম্রাজ্য গঠন করিতে সক্ষম হইয়াছিলেন। আবার আলেকজাণ্ডারের অভিযানের ফলে অশোক-যুগে বৌদ্ধভিক্ষু ও বৌদ্ধ-ধর্মমত পাশ্চাত্ত্য দেশে প্রবেশ করে এবং খৃষ্টান-ধর্মমতের উপর প্রভাব বিস্তার করে। আলেকজাণ্ডারের সহিত অনেক লেখক ও ঐতিহাসিক ভারতে আসিয়াছিলেন। তাঁহারা অনেকেই ভারত সম্বন্ধে মনোজ্ঞ বিবরণ লিখিয়া গিয়াছেন। এই সকল বিবরণ ভারত-ইতিহাসের অমূল্য উপাদান। ইহা আলেকজাণ্ডারের আক্রমণের একটি উল্লেখযোগ্য ফল বলা যাইতে পারে। কিন্তু গ্রীক-আক্রমণের ফলে ভারতের ক্ষতিও কম হয় নাই। আলেকজাণ্ডারের নির্মম সৈন্যদের হাতে কত সমৃদ্ধ জনপদ, কতশত শিক্ষায়তন ও শিল্পকেন্দ্র ধ্বংস হইয়াছিল, কত অসহায় নরনারী ও বালক-বালিকার প্রাণনাশ ঘটিয়াছিল তাহার ইয়ত্তা নাই।

ভারতে মৌর্য সাম্রাজ্য
(Maurya Empire)

চন্দ্রগুপ্ত মৌর্য।—আলেকজাণ্ডারের মৃত্যুসংবাদ ভারতে পৌঁছিলে চন্দ্রগুপ্ত নামক একজন উত্তর-ভারতীয় বীর গ্রীকদিগকে পরাভূত করিয়া পঞ্জাব অধিকার করেন (আঃ খৃঃ পূঃ ৩২৩)। চন্দ্রগুপ্তের বংশ-পরিচয় সম্বন্ধে সঠিক কিছু জানা যায় না। তিনি যে বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন, তাহার নাম 'মৌর্যবংশ'। অনেকের মতে চন্দ্রগুপ্ত ছিলেন শূদ্র নন্দবংশেরই সন্তান; তাঁহার মাতা বা পিতামহীর নাম ছিল মুরা; এই 'মুরা' নাম হইতেই এই বংশের নাম হয় 'মৌর্যবংশ'। কেহ কেহ বলেন, উত্তর-ভারতে পিপ্পলীবন নামক স্থানে মোরিয় বা মৌর্য নামে এক ক্ষত্রিয়বংশের রাজ্য ছিল।

চন্দ্রগুপ্ত ও মৌর্যবংশ

চন্দ্রগুপ্ত এই বংশ হইতে উদ্ভূত, এজন্য তাঁহার বংশের নাম হয় মৌর্যবংশ। আলেকজাণ্ডারের ভারত-ত্যাগের অব্যবহিত পরেই চন্দ্রগুপ্ত পঞ্জাব হইতে গ্রীকদিগকে বিতাড়িত করিলেন এবং তাহার পর চাণক্য বা কৌটিল্য নামে তক্ষশিলার এক কূট-নীতিজ্ঞ ব্রাহ্মণের সহায়তায় সহজেই তিনি নন্দগণকে পরাভূত করিয়া মগধ অধিকার করিলেন। অল্পকাল পরেই মগধের সহিত গ্রীকদের সংঘর্ষ বাধিয়া গেল। আলেকজাণ্ডারের মৃত্যুর পর তাঁহার বিশাল সাম্রাজ্য গ্রীক সেনাপতিরা ভাগাভাগি করিয়া লইয়াছিলেন। পশ্চিম-এশিয়ার গ্রীক রাজ্যসমূহ সেলেউকস্ নামক সেনাপতির অধিকারে আসিয়াছিল। ভারতবর্ষের রাজ্যগুলি উদ্ধার করিবার আশায় সেলেউকস্ যুদ্ধ ঘোষণা করিলেন। গ্রীক ঐতিহাসিকগণ এই যুদ্ধে কোন্ পক্ষের জয় হইয়াছিল এ সম্বন্ধে কিছু উল্লেখ করেন নাই। কিন্তু সন্ধির সর্ত হইতে অনুমান করা যায় যে, চন্দ্রগুপ্তের হস্তে গ্রীকদের নিদারুণ পরাজয় ঘটিয়াছিল। সেলেউকস্ পঞ্জাবের অন্তর্গত গ্রীক রাজ্যগুলির উপর হইতে দাবী প্রত্যাহার করিয়াই নিষ্কৃতি পাইলেন না, কাবুল, কান্দাহার ও হিরাট এই তিনটি প্রদেশ সমর্পণ করিয়া চন্দ্রগুপ্তের সহিত সন্ধি করিতে বাধ্য হইলেন। অশোকের নূতন শিলালিপি গ্রীক-আরমিয় ভাষায় এই অঞ্চলে আবিষ্কৃত হইয়াছে। বিনিময়ে চন্দ্রগুপ্ত সেলেউকস্‌কে পাঁচশত হস্তী উপহার দিয়াছিলেন। সম্ভবতঃ চন্দ্রগুপ্তের সঙ্গে সেলেউকসের কন্যার বিবাহ হইয়াছিল। সিরিয়ার অধীশ্বর সেলেউকস্ চন্দ্রগুপ্তের রাজ-সভায় মেগাস্থিনিস্ নামক এক রাজদূত রাখিয়াছিলেন। তিনি মৌর্য সাম্রাজ্য সম্বন্ধে গ্রীক ভাষায় এক মনোজ্ঞ বিবরণ লিখিয়া গিয়াছেন। সমগ্র সিন্ধু-গাঙ্গেয় উপত্যকা এইভাবে চন্দ্রগুপ্তের অধিকারে আসিল। সুরাষ্ট্রও (কাথিয়াবাড়) তাঁহার অধিকারে ছিল। কাহারও কাহারও মতে সুদূর মহীশূর পর্যন্ত তাঁহার সাম্রাজ্যভুক্ত হইয়াছিল। কথিত আছে, বৃদ্ধ বয়সে তিনি ভদ্রবাহুর নিকট জৈনধর্মে দীক্ষা লইয়া মহীশূরের অন্তর্গত শ্রবণবেলগোলায় আসেন ও জৈনধর্মের বিধান অনুসারে অনশনে দেহত্যাগ করেন।

সেলেউকসের সহিত যুদ্ধে জয়লাভ

চন্দ্রগুপ্তের মৃত্যু

বিন্দুসার—চব্বিশ বৎসরকাল অপ্রতিহত প্রতাপে রাজত্ব করার পর চন্দ্রগুপ্তের মৃত্যু হয়। অতঃপর তাঁহার পুত্র বিন্দুসার 'অমিত্রঘাত' উপাধি গ্রহণ করিয়া মগধের

সিংহাসনে আরোহণ করেন। বিন্দুসারও যে বিশেষ শক্তিমান নরপতি ছিলেন তাহাতে সন্দেহ নাই। তাঁহার রাজত্বকালেও গ্রীকদিগের সহিত মৌর্যদের মিত্রতা অক্ষুণ্ণ ছিল। সেলেউকসের উত্তরাধিকারী তাঁহার সভায় দায়িমাখোস্ (Daimachos) নামে একজন রাজদূতকে প্রেরণ করিয়াছিলেন; মিশরের গ্রীক নরপতিও বিন্দুসারের নিকট রাজদূত প্রেরণ করিয়াছিলেন। ইহা হইতে যে কেবল মৌর্য-সাম্রাজ্যের প্রভাব-প্রতিপত্তিরই পরিচয় পাওয়া যায় তাহা নহে, ভারতবর্ষের সহিত অন্যান্য দেশের যোগাযোগের কথাও জানিতে পারা যায়।

মিশর ও গ্রীক নরপতিদের সহিত সম্বন্ধ

মহামতি অশোক।—খৃঃ পূঃ ২৭৩ অথবা ২৭২ অব্দে বিন্দুসার পরলোক গমন করিলে, তাঁহার পুত্র অশোক মগধের সিংহাসনে আরোহণ করেন। কথিত আছে, বিন্দুসারের মৃত্যুতে সিংহাসনের উত্তরাধিকার লইয়া তাঁহার পুত্রদের মধ্যে বিরোধ উপস্থিত হয় এবং অশোক সকলকে পরাভূত করিয়া রাজপদ অধিকার করেন,—তাঁহার নির্মম হস্তে কোন কোন ভ্রাতার প্রাণনাশ পর্যন্ত ঘটে বলিয়া তিনি 'চণ্ডাশোক' এই কুখ্যাতি অর্জন করিয়াছিলেন। এ সকল কথা কতদূর সত্য তাহা নিঃসংশয়ে বলা কঠিন। তবে বিন্দুসারের মৃত্যুর প্রায় চারি বৎসর পরে যে অশোকের রাজ্যাভিষেক হইয়াছিল, তাঁহার প্রমাণ আছে।

ভ্রাতৃকলহ

অভিষেক



অশোক

প্রথম জীবনে অশোক পিতা ও পিতামহের ন্যায়ই রাজ্যলিপ্সু ছিলেন। রাজ্যের আভ্যন্তরীণ শৃঙ্খলা বিধান করিয়া অভিষেকের আট বৎসর পরে সাম্রাজ্য-বিস্তারের


অভিপ্রায়ে তিনি কলিঙ্গদেশ আক্রমণ করেন। উড়িষ্যার বৈতরণী নদী হইতে অন্ধ্রদেশের গোদাবরী নদী পর্যন্ত ছিল কলিঙ্গ-ভূমির বিস্তার। জৈনপ্রধান কলিঙ্গ-বাসীরাও ছিল অত্যন্ত পরাক্রমশালী। উভয় পক্ষে তুমুল সংগ্রামের পর অশোক জয়-লাভ করিলেন বটে, কিন্তু রণক্ষেত্রের মর্মভেদী দৃশ্য তাঁহাকে নিরতিশয় ব্যথিত করিয়া তুলিল। পশুবলের দ্বারা দিগ্বিজয় তাঁহার অন্তরে নিদারুণ বেদনা ও রাষ্ট্রপ্রসারে বিতৃষ্ণা আনিল। জৈন-বৌদ্ধমতে অহিংসাই পরম ধর্ম এবং তিনি অহিংসার দ্বারা 'ধর্ম-বিজয়' সম্পন্ন করিবার সঙ্কল্প গ্রহণ করিলেন। এই সময়েই তিনি 'উপগুপ্ত' নামে জনৈক বৌদ্ধ-ভিক্ষুর নিকট হইতে বৌদ্ধধর্মে দীক্ষাগ্রহণ করেন।

কলিঙ্গ-জয়

তদবধি অহিংসার বাণীপ্রচারই তাঁহার জীবনব্রত হইয়া উঠিল। দীক্ষা-গ্রহণের পর তিনি মৌর্য সম্রাটগণের চিরাচরিত 'বিহার-যাত্রা' (প্রমোদ-ভ্রমণ) বন্ধ করিয়া তীর্থভ্রমণ এবং বুদ্ধের বাণীপ্রচারের অভিপ্রায়ে 'ধর্মযাত্রা'য় বাহির হন। তিনি নিজের বিশাল সাম্রাজ্যের মধ্যে নীতিবোধ ও ধর্মভাব-প্রচারের জন্য 'ধর্মমহামাত্র' নামে এক শ্রেণীর নূতন রাজকর্মচারী নিযুক্ত করিলেন; তাঁহারা দেশে বিদেশে, গ্রামে গ্রামে, নগরে নগরে ধর্মনীতি প্রচার করিয়া বেড়াইতেন। রাজ্যের নানাস্থানে পর্বতগাত্রে এবং প্রস্তরস্তম্ভে ধর্মাশোকের 'ধর্মলিপি' উৎকীর্ণ করিয়া দেওয়া হইল,—প্রজারা যাহাতে গুরুজনদিগকে শ্রদ্ধা করে, সত্য কথা বলে, পরস্পরের প্রতি সদয় ব্যবহার করে, পশুপক্ষীর প্রতি নির্দয় ব্যবহার না করে, এবং পরমত-সহিষ্ণু হয়, সেজন্য গ্রীক-আরমিয় ও ভারতীয় ভাষায় এই সকল শিলালিপিতে নানা সদুপদেশ লিখিত হইয়াছিল। কিন্তু কেবল নিজের রাজ্যের মধ্যেই ধর্ম ও নীতি প্রচার করিয়া অশোক ক্ষান্ত হইতে পারিলেন না। কলিঙ্গের দুঃখ-দুর্দশা দর্শনে তাঁহার অন্তরে 'ধর্ম-বিজয়'-এর যে শুভ প্রেরণা আসিয়াছিল তাহা সার্থক করিবার উদ্দেশ্যে তিনি দেশে বিদেশে প্রচারক প্রেরণ করিতে লাগিলেন। পশ্চিম-এশিয়া হইতে দাক্ষিণাত্যের অন্ধ্র, চোল, পাণ্ড্য, সত্যপুত্র, কেরলপুত্র, প্রভৃতি দ্রবিড় রাজ্যে বৌদ্ধ ভিক্ষুগণ সঙ্ঘ স্থাপন করিলেন। অশোক সুদূর ব্রহ্মদেশেও 'শোণ' এবং 'উত্তর' নামক দুইজন প্রচারক প্রেরণ করিলেন। তাঁহার এক পুত্র (মতান্তরে ভ্রাতা) মহেন্দ্র এবং কন্যা সঙ্ঘমিত্রা তাম্রপর্ণী বা সিংহলে গিয়া বৌদ্ধধর্ম প্রচারে আত্মনিয়োগ করিলেন। অশোক সিরিয়ার গ্রীক-রাজা

বৌদ্ধধর্ম-গ্রহণ ও ধর্মপ্রচার

ধর্ম-বিজয়



অশোকের সাম্রাজ্য
রাজ্যের সীমা
মাইল
০ ১০০ ২০০ ৩০০ ৪০০ ৫০০
কাশ্মীর
শ্রীনগর
করম পথ
গোমাল পথ
শতদ্রু
সিন্ধু
কপিলাবস্তু
কোশল
কুশীনগর
বিদেহ
গঙ্গা
পাটলিপুত্র
কাশী
মগধ
শোণ
গয়া
রাজগৃহ
বুদ্ধগয়া
চম্বল
উজ্জয়িনী
সাঁচি
বিন্ধ্য পর্বত
নর্মদা
কোশল
কটক
গোদাবরী
কলিঙ্গ
অন্ধ্র
কৃষ্ণা
আ র ব
সা গ র
ব ঙ্গো প সা গ র
চোল
পাণ্ড্য
সিংহল

আন্তিয়োকস থীয়স্ (Antiochos Theos), মিশরের গ্রীকনরপতি টলেমী ফিলাডেলফস্ (Ptolemy Philadelphos), মাসিদন-রাজ আন্তিগোনাস গোনাতাস্ (Antigonus Gonatus), এপিরাসের (Epirus) রাজা আলেকজাণ্ডার এবং উত্তর-আফ্রিকার সাইরিনের (Cyrene) অধিপতি মাগাস্ (Magas) প্রভৃতির নিকট মৈত্রী-দূত ও প্রচারকমণ্ডলী পাঠাইয়াছিলেন। এই সময়েই গান্ধারদেশে গ্রীক-আরমিয় ভাষায় অশোকলিপি প্রচারিত হয়।

বৈদেশিক সম্বন্ধ


অশোকের সময়ে বৌদ্ধধর্ম যথেষ্ট রূপান্তর গ্রহণ করিয়াছিল; বৌদ্ধ ধর্মাচার্যদের মধ্যে অনেক মতভেদেরও সৃষ্টি হইয়াছিল। এই সকল মতভেদ দূর করিয়া বৌদ্ধধর্মের মূল নীতির উদ্ধার এবং বিবদমান বৌদ্ধসমাজে সংহতি ও ঐক্য প্রতিষ্ঠার উদ্দেশ্যে অশোক পাটলিপুত্রে এক বৌদ্ধসঙ্গীতি আহ্বান করিলেন। ইহাই তৃতীয় বৌদ্ধ-সম্মেলন। ইহা বৌদ্ধসমাজে নবীন প্রাণশক্তির সঞ্চার করিয়াছিল।

তৃতীয় বৌদ্ধ-সম্মেলন



স্তম্ভশীর্ষ—সারনাথ

অশোকের রাজ্যশাসন—উত্তরে গান্ধার, হিন্দুকুশ, কাশ্মীর ও হিমালয় হইতে দক্ষিণে মহীশূর এবং পূর্বে ব্রহ্মপুত্র হইতে পশ্চিমে আরব-সাগর ও পারস্যের পূর্ব-প্রান্ত পর্যন্ত ছিল অশোকের বিশাল সাম্রাজ্যের বিস্তার। এই বিরাট সাম্রাজ্য শাসন করিবার


অশোকের সাম্রাজ্য
রাজ্যের সীমা
মাইল
0 ১০০ ২০০ ৩০০ ৪০০ ৫০০
হিন্দুকুশ পর্বত
কাশ্মীর
শ্রীনগর
করম পথ
মনসেরা
তক্ষশিলা
গোমাল পথ
ঝিলাম
বিপাশা
শতদ্রু
সিন্ধু
যমুনা
হিমালয় পর্বত
কপিলাবস্তু
কোশল
কুশীনগর
বিদেহ
গঙ্গা
পাটলিপুত্র
ব্রহ্মপুত্র
চম্বল
কাশী
মগধ
অঙ্গ
উজ্জয়িনী
সাঁচি
বিন্ধ্য পর্বত
শোণ
গয়া
রাজগৃহ
বুদ্ধগয়া
নর্মদা
কোশল
কটক
গোদাবরী
কলিঙ্গ
কৃষ্ণা
অন্ধ্র
আরব সাগর
বঙ্গোপসাগর
চোল
পাণ্ড্য
সিংহল

আন্তিয়োকস থীয়স্ (Antiochos Theos), মিশরের গ্রীকনরপতি টলেমী ফিলাডেলফস্ (Ptolemy Philadelphos), মাসিদন-রাজ আন্তিগোনাস গোনাতাস্ (Antigonus Gonatus), এপিরাসের (Epirus) রাজা আলেকজাণ্ডার এবং উত্তর-আফ্রিকার সাইরিনের (Cyrene) অধিপতি মাগাস্ (Magas) প্রভৃতির নিকট মৈত্রী-দূত ও প্রচারকমণ্ডলী পাঠাইয়াছিলেন। এই সময়েই গান্ধারদেশে গ্রীক-আরমিয় ভাষায় অশোকলিপি প্রচারিত হয়।

বৈদেশিক সম্বন্ধ

অশোকের সময়ে বৌদ্ধধর্ম যথেষ্ট রূপান্তর গ্রহণ করিয়াছিল; বৌদ্ধ ধর্মাচার্যদের মধ্যে অনেক মতভেদেরও সৃষ্টি হইয়াছিল। এই সকল মতভেদ দূর করিয়া বৌদ্ধধর্মের মূল নীতির উদ্ধার এবং বিবদমান বৌদ্ধসমাজে সংহতি ও ঐক্য প্রতিষ্ঠার উদ্দেশ্যে অশোক পাটলিপুত্রে এক বৌদ্ধসঙ্গীতি আহ্বান করিলেন। ইহাই তৃতীয় বৌদ্ধ-সম্মেলন। ইহা বৌদ্ধসমাজে নবীন প্রাণশক্তির সঞ্চার করিয়াছিল।

তৃতীয় বৌদ্ধ-সম্মেলন



স্তম্ভশীর্ষ—সারনাথ

অশোকের রাজ্যশাসন—উত্তরে গান্ধার, হিন্দুকুশ, কাশ্মীর ও হিমালয় হইতে দক্ষিণে মহীশূর এবং পূর্বে ব্রহ্মপুত্র হইতে পশ্চিমে আরব-সাগর ও পারস্যের পূর্ব-প্রান্ত পর্যন্ত ছিল অশোকের বিশাল সাম্রাজ্যের বিস্তার। এই বিরাট সাম্রাজ্য শাসন করিবার

সম্পূর্ণ যোগ্যতাও তাঁহার ছিল। আভ্যন্তরীণ শাসনকার্যে তিনি কোন অংশেই তাঁহার পিতা বা পিতামহ অপেক্ষা হীন ছিলেন না, বরং অহিংসা-মন্ত্রে দীক্ষা লইয়াও তিনি যে আজীবন অপ্রতিহত প্রভাবে এই বিশাল সাম্রাজ্যের শৃঙ্খলা রক্ষা করিয়া চলিতে পারিয়াছিলেন তাহাতে শাসক-হিসাবেও তাঁহাকে পৃথিবীর যে-কোনও প্রসিদ্ধ নরপতির তুলনায় শ্রেষ্ঠতর বিবেচনা করা যাইতে পারে। বাস্তবিক পৃথিবীর ইতিহাসে অশোকের তুলনা নাই। অর্থশাস্ত্র অনুমোদিত অশোকের শাসন-পদ্ধতি তাঁহার পিতা ও পিতামহের শাসন-প্রণালীর অনুরূপ ছিল। এক-একজন রাজকুমার' মহামাত্র'দের সহায়তায় রাজপ্রতিনিধি হিসাবে সাম্রাজ্যের এক এক অংশ শাসন করিতেন। আভ্যন্তরীণ ব্যাপারে সাম্রাজ্যের বিভিন্ন জনপদ অনেকটা স্বাধীন ছিল বলিয়াই মনে হয়; তবে যাহাতে কোথাও স্বেচ্ছাচার চলিতে না পারে সেজন্য কেন্দ্রীয় শক্তির মহামাত্রগণ এবং সম্রাট স্বয়ং প্রত্যেক প্রাদেশিক রাষ্ট্রের উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখিতেন। চন্দ্রগুপ্তের সময় হইতেই 'প্রতিবেদক' (reporter) নামে এক শ্রেণীর কর্মচারীরা নিয়মিতভাবে প্রাদেশিক শাসনকার্য পর্যবেক্ষণ করিয়া রাজধানীতে সংবাদাদি লিখিয়া পাঠাইতেন। প্রজার শৃঙ্খলা-শান্তি ও মঙ্গলবিধানের জন্য 'রাজুক' বা 'রজ্জুক' নামে এক শ্রেণীর কর্মচারী নিয়োগ করা হইয়াছিল বলিয়া জানা যায়। ধর্ম ও নীতি-প্রচারের জন্য 'ধর্মমহামাত্র' নামে কর্মচারিগণ নিযুক্ত ছিলেন। অশোকের রাজত্বকালে পূর্বতন দণ্ডবিধির কঠোরতা অনেক কমিয়া গিয়াছিল। জনসাধারণের সুবিধার জন্য পথঘাটে বৃক্ষরোপণ, কৃষিক্ষেত্রে জলসেচের ব্যবস্থা, বিশ্রামাগার, রুগ্নাবাস ও আরোগ্যশালা-স্থাপন, প্রভৃতি ছিল রাষ্ট্রের কর্তব্যের অন্তর্ভূক্ত। পৃথিবীর প্রাচীনতম পশুচিকিৎসালয়ও স্থাপিত হইয়াছিল। পূর্বে রাজপ্রাসাদে আহারের জন্য প্রতিদিন বহু পশুপক্ষী বধ করা হইত। অশোকের আদেশে রাজ্যমধ্যে অকারণ প্রাণিহত্যা যতদূর সম্ভব হ্রাস করা হইল। ইহা গ্রীক ও আরমিয় লিপিতেও প্রচার করা হয়। দীনদরিদ্রগণ যাহাতে নিয়মিত ভিক্ষা পায়, সে ব্যবস্থাও তিনি করিয়াছিলেন।

সাম্রাজ্য-সীমা

শাসন-ব্যবস্থা

জনহিতকর কার্য

অশোকের শ্রেষ্ঠত্ব।—কেবলমাত্র সমগ্র পৃথিবীর শ্রেষ্ঠ নরপতিগণের মধ্যেই নয়, মানবজাতির শ্রেষ্ঠ কর্মবীরদের মধ্যেও মহামতি অশোকের স্থান অতি উচ্চে। নরপতি হিসাবে তিনি ছিলেন আদর্শস্থানীয়। প্রজার মঙ্গলের মধ্যে ব্যক্তিগত জীবনের সকল

ভোগ-সুখ এবং আশা-আকাঙ্ক্ষা তিনি নিঃশেষে বিলুপ্ত করিয়া দিয়াছিলেন। কথিত আছে, উত্তরকালে তিনি সন্ন্যাস গ্রহণ করিয়াছিলেন; অথচ প্রাচীন রাজর্ষিদের মত তিনি রাজকার্য হইতে একেবারে দূরে সরিয়া যান নাই। কিন্তু ইহাই তাঁহার জীবনের সর্বশ্রেষ্ঠ কীর্তি নহে। পৃথিবীতে যে-সকল নরপতি প্রজার মঙ্গলই আত্ম-কল্যাণ জ্ঞান করিয়া দীনদরিদ্রের ন্যায় জীবনযাপন করিয়া গিয়াছেন, তাঁহাদের মধ্যেও অশোকের তুলনা পাওয়া কঠিন। জনসাধারণের পার্থিব সমৃদ্ধি তাঁহার একমাত্র কামনা ছিল না,—তাহাদের 'হিত ও সুখ' বা নৈতিক, আর্থিক ও পারমার্থিক উন্নতিও ছিল তাঁহার জীবনের সাধনা। আবার এ কাজে কেবল নিজের প্রজারাই তাঁহার একমাত্র লক্ষ্য ছিল না,—সর্ব-মনুষ্য বা সমগ্র মানবজাতির স্থায়ী কল্যাণ ছিল এই উদার কর্মবীরের চরম উদ্দেশ্য। যে-সকল নরপতি অশোকের ন্যায় ধর্মপ্রচারে মনোনিবেশ করিয়াছিলেন, তাঁহাদের মধ্যেও উদারতায় অশোকের সমকক্ষ খুঁজিয়া পাওয়া দুরূহ। অশোক নিজে ছিলেন বৌদ্ধধর্মাবলম্বী; তাঁহারই অক্লান্ত প্রচার-কার্যের ফলে আজও পৃথিবীর এক-তৃতীয়াংশ নরনারী বুদ্ধের শরণাগত। কিন্তু ধর্ম সম্বন্ধে তিনি আজীবন যে পরম উদারতার আদর্শ প্রচার করিয়া গিয়াছেন তাহাই তাঁহার সর্বশ্রেষ্ঠ গৌরব। অশোক কখনও নিজ রাজ্যে জোর করিয়া ধর্মমত প্রচার করেন নাই, তিনি প্রজাদিগকে সকল ধর্মের প্রতিই শ্রদ্ধাশীল হইতে উপদেশ দিয়া গিয়াছেন। ধর্মের যাহা মূলনীতি তাহারই প্রচার তাঁহার সকল কর্মপ্রচেষ্টার মূলে নিহিত ছিল। ইহাই মহামতি অশোকের শ্রেষ্ঠত্বের পরিচয়। একদিকে এই অনন্যসাধারণ প্রতিভা এবং অপরদিকে তাঁহার অসাধারণ কর্মশক্তি, শাসনপটুতা, চরিত্রবল ও বিশ্বমৈত্রী তাঁহাকে অমর করিয়া রাখিয়াছে। স্বাধীন ভারতের জাতীয় পতাকার মধ্যস্থলে চিত্রিত অশোকের 'ধর্মচক্র' আজও সমগ্র বিশ্বে অহিংসা, প্রেম ও বিশ্বমৈত্রীর বাণী প্রচার করিতেছে।

আদর্শ নরপতি

মানবজাতির কল্যাণকামী

অসাধারণ উদারতা

মৌর্য সাম্রাজ্যের পতন।—মৌর্য সাম্রাজ্যের উন্নতির যুগে ভারতবর্ষের রাষ্ট্রীয় ঐক্য সাধন প্রায় সার্থক হইয়া আসিয়াছিল,—ভারতের ভৌগোলিক সীমার বাহিরেও সাম্রাজ্য প্রসারিত হইয়াছিল। পর পর চন্দ্রগুপ্ত, বিন্দুসার ও অশোক তিনজনই সাম্রাজ্যের সীমা বিস্তৃত করিয়াছিলেন। কলিঙ্গদেশ জয়ের পর অশোক দিগ্বিজয়ের

পথ ত্যাগ করিয়া ধর্ম-বিজয়ের আদর্শ অনুসরণ করিলেও, তাঁহার বিশাল সাম্রাজ্যের আভ্যন্তরীণ শৃঙ্খলা বিশেষ ক্ষুণ্ণ হয় নাই। অশোকের মৃত্যুর (খৃঃ পূঃ ২৩২) পর মৌর্য সাম্রাজ্য ক্রমশঃ দুর্বল হইয়া গেল। অনেকের বিশ্বাস, অশোক অহিংসা ও ধর্মের উপর অত্যধিক গুরুত্ব আরোপ করিতেন বলিয়া দেশের রাষ্ট্রিক ও সামরিক শক্তি অক্ষুণ্ণ রাখিবার প্রতি সম্যক দৃষ্টি দিতে পারেন নাই। ফলে রাষ্ট্রশক্তি দুর্বল হইয়া পড়ে এবং তাহাতে মৌর্য সাম্রাজ্যের পতন হয়। অশোকের পরবর্তী মৌর্যরাজগণ হীনবল ও অযোগ্য ছিলেন। তাঁহাদের রাজত্বকালে ধীরে ধীরে মৌর্য সাম্রাজ্যের পতন ঘটে। কথিত আছে, অশোকের মৃত্যুর পর তাঁহার এক পুত্র কাশ্মীরের স্বাধীন রাজা হইয়া বসেন, আর এক পুত্র মগধের সিংহাসন লাভ করেন। রাজশক্তি এইভাবে বিভক্ত হইয়া পড়িলে, স্বভাবতঃই মৌর্যরাজগণের সামরিক শক্তিও হ্রাস হয়। সুতরাং মৌর্যরাষ্ট্র বিচ্ছিন্ন ও হীনবল হইয়া পড়িল। সুযোগ বুঝিয়া দাক্ষিণাত্যে অন্ধ্র সাতবাহন এবং কলিঙ্গে চেতবংশীয় নরপতিগণ প্রবল হইয়া উঠিলেন। হিন্দুকুশের অপর দিকে অবস্থিত পার্থিয়া ও ব্যাকট্রিয়া (আঃ ২৫০ খৃঃ পূঃ প্রতিষ্ঠিত) হইতেও বিদেশীয় রাজারা বার বার ভারতবর্ষ আক্রমণ করিতে আরম্ভ করিয়া দিলেন। মৌর্যদের যখন এরূপ শোচনীয় অবস্থা তখন মৌর্যবংশের দশম ও শেষ নরপতি বৃহদ্রথ তাঁহার সেনাপতি পুষ্যমিত্রের হস্তে নিহত হন (আঃ ১৮৭ খৃঃ পূঃ)

সামরিক দুর্বলতা

মৌর্যযুগে সমাজ, রাষ্ট্র ও সংস্কৃতি

(Maurya Society and Culture)

মৌর্যযুগের ভারত।—আলেকজাণ্ডারের প্রত্যাবর্তনের পরে চন্দ্রগুপ্ত মৌর্য-ভারতে সর্বপ্রথম এক বিশাল সাম্রাজ্য স্থাপন করেন। চন্দ্রগুপ্ত ও অশোকের রাজত্বকালে পশ্চিমে আফগানিস্তানের হিরাট হইতে পূর্বে বাংলাদেশ ও ব্রহ্মপুত্র নদ পর্যন্ত এবং উত্তরে কাশ্মীর-হিমালয় হইতে দক্ষিণে মহীশূর পর্যন্ত মৌর্য সাম্রাজ্য বিস্তৃত ছিল। এই বিরাট সাম্রাজ্যের শাসনব্যবস্থাও ছিল উৎকৃষ্ট। মেগাস্থিনিসের বিবরণ, কৌটিল্যের অর্থশাস্ত্র এবং অশোকের অনুশাসন হইতে মৌর্য-ভারত সম্বন্ধে অনেক তথ্য পাওয়া যায়।

রাজনৈতিক অবস্থা।—মৌর্য সম্রাটগণ তাঁহাদের সাম্রাজ্যে সুসংবদ্ধ শাসন-ব্যবস্থার প্রবর্তন করেন। রাজা স্বয়ং ছিলেন রাজ্যের সর্বময় প্রভু ও নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী। রাষ্ট্রের সমস্ত বিভাগ—শাসন, বিচার ও সমর—তাঁহার ইচ্ছাক্রমে পরিচালিত হইত। রাজার আদেশ বা 'রাজশাসন' আইন বলিয়া গণ্য হইত। কিন্তু রাজা নামে সার্বভৌম ক্ষমতার অধিকারী হইলেও কার্যতঃ তিনি স্বেচ্ছাচারী হইতে পারিতেন না। তাঁহাকে সর্বদাই ধর্মানুশাসন, প্রাচীন রীতিপদ্ধতি ও জনমত মানিয়া চলিতে হইত। ইহা ছাড়া, শাসন-সংক্রান্ত বিষয়ে রাজাকে অমাত্য ও মন্ত্রিপরিষদের মতামত জানিতে হইত।

কেন্দ্রীয় শাসন

মন্ত্রী বা মহামাত্র ও অমাত্য উপাধিধারী রাজপুরুষগণ রাজাকে কেন্দ্রীয় শাসন-কার্যনির্বাহে সাহায্য করিতেন। ইহা ব্যতীত মন্ত্রিপরিষদ্ নামে আর একটি সভা ছিল; রাজা মন্ত্রিপরিষদের সদস্যগণকে এবং মহামাত্র ও অমাত্যগণকে আহ্বান করিয়া সর্বদা তাঁহাদের পরামর্শ গ্রহণ করিতেন; ইহারা শাসননীতি নির্ধারণ করিতেন। শাসন-বিভাগের এক একটি শাখা এক-একজন অধ্যক্ষের দ্বারা পরিচালিত হইত। তাঁহাদের অধীনে বহু কর্মচারী থাকিত। কৌটিল্য মোট ১৮ জন অধ্যক্ষের কথা উল্লেখ করিয়াছেন। রাজধানীর শাসনভার যাঁহার উপর ন্যস্ত থাকিত, তাঁহার উপাধি ছিল নগরাধ্যক্ষ। অন্যান্য নগরসমূহের শাসনভার 'নগরক' নামক এক-একজন কর্মচারীর হাতে ন্যস্ত ছিল। প্রত্যেক নগর চারিটি পল্লী বা ওয়ার্ডে বিভক্ত থাকিত। প্রতি পল্লীর শাসনভার 'স্থানিক' নামক রাজকর্মচারীর হাতে ন্যস্ত থাকিত। স্থানিকদের অধীনে 'গোপ' নামধারী কর্মচারীরা নগরের ক্ষুদ্র ক্ষুদ্র অংশের তত্ত্বাবধান করিতেন। সৈন্যবিভাগের অধ্যক্ষের নাম ছিল বলাধ্যক্ষ। মেগাস্থিনিসও অধ্যক্ষদের কথা উল্লেখ করিয়াছেন। তাঁহারা রাজস্বসংগ্রহ, পথঘাট-নির্মাণ, জলসেচ, জমি-জরিপ প্রভৃতি বিভিন্ন কার্য করিতেন।

মৌর্য সাম্রাজ্য কয়েকটি প্রদেশে বিভক্ত ছিল। বর্তমান কালের ন্যায় প্রদেশগুলি জেলায় এবং জেলাগুলি গ্রামে বিভক্ত ছিল। রাজবংশীয় কুমারগণই সচরাচর প্রাদেশিক শাসনকর্তার পদে নিযুক্ত হইতেন। স্থানিক নামক এক শ্রেণীর রাজকর্মচারী

জেলার শাসনকার্য নির্বাহ করিতেন। গ্রামগুলি স্বয়ংশাসিত ছিল। গ্রামিক বা গ্রামণী নামক কর্মচারীরা গ্রাম-বৃদ্ধদের পরামর্শ অনুসারে গ্রামের শাসনব্যাপার নির্বাহ করিতেন। গোপ নামক রাজকর্মচারিগণের অধীনে কয়েকটি গ্রামের ভার থাকিত। তাঁহারা গ্রামের শাসনকার্য পর্যবেক্ষণ করিতেন।

প্রাদেশিক শাসন

অশোকের আমলে সাম্রাজ্য পাঁচটি প্রদেশে বিভক্ত ছিল। তক্ষশিলা, উজ্জয়িনী, স্বর্ণগিরি (দক্ষিণাপথ), ধৌলী বা তোসালী (কলিঙ্গ) ও পাটলিপুত্র—এই পাঁচটি নগর ছিল প্রদেশগুলির রাজধানী।

মেগাস্থিনিসের বিবরণ।—মেগাস্থিনিসের বিবরণ হইতে জানা যায় যে, গঙ্গা ও শোণ নদীর সঙ্গমস্থলে দৈর্ঘ্যে নয় মাইল ও প্রস্থে দুই মাইল বিস্তৃত স্থান জুড়িয়া ছিল রাজধানী পাটলিপুত্রের অবস্থান। চারিদিকে গভীর পরিখা ও উচ্চ প্রাচীরের দ্বারা নগরটি সুরক্ষিত ছিল। এই প্রাচীরে ৬৪টি সিংহদ্বার ও ৭০টি বুরুজ ছিল। দারুময় বিশাল রাজপ্রাসাদ ঐশ্বর্য ও আড়ম্বরে পারস্যের রাজ-প্রাসাদ অপেক্ষাও গৌরবমণ্ডিত ছিল। এই বিশাল নগর পরিচালনার জন্য আধুনিক মিউনিসিপালিটির ন্যায় তিরিশ জন সদস্য লইয়া একটি পৌরসভা গঠিত হইয়াছিল। পৌরসভার সদস্যগণ পঞ্চায়েতের ন্যায় প্রতি পাঁচ জন মিলিয়া ছয়টি সমিতিতে বিভক্ত ছিলেন। প্রত্যেক সমিতির উপর এক-একটি বিভাগের কার্য ন্যস্ত থাকিত। কোন সমিতি নাগরিকদের জন্ম-মৃত্যুর বিবরণ রাখিতেন, কোন সমিতি ব্যবসায়-বাণিজ্য নিয়ন্ত্রণ করিতেন; অপর সমিতিগুলির উপর বৈদেশিকদের তত্ত্বাবধান, শুল্ক-আদায়, প্রভৃতি বিভিন্ন কার্যের ভার ন্যস্ত ছিল। বিক্রীত দ্রব্যাদির মূল্যের এক-দশমাংশ ছিল রাজকর।

পাটলিপুত্র

মেগাস্থিনিস লিখিয়াছেন যে, চন্দ্রগুপ্তের বিরাট সৈন্যবাহিনী ছিল। ছয় লক্ষ পদাতিক, তিরিশ হাজার অশ্বারোহী, নয় হাজার হস্তী, অগণিত রথ ও বিরাট নৌবহর তাঁহার বিশাল সাম্রাজ্য-রক্ষার জন্য সর্বদা প্রস্তুত থাকিত। পৌরসভার ন্যায় সমর বিভাগের ভারও তিরিশ জন রণদক্ষ সদস্যের উপর ন্যস্ত ছিল। পাঁচ জন সদস্য লইয়া ছয়টি সমিতি গঠিত ছিল। নৌবহর, পদাতিক, অশ্বারোহী, হস্তী ও রথ, রসদসংগ্রহ ও যানবাহন প্রভৃতির তত্ত্বাবধানের ভার এক-একটি সমিতির উপর ন্যস্ত ছিল। সৈন্যগণ রাজকোষ হইতে বেতন, ভাতা ইত্যাদি পাইত। অর্থ-

সমর বিভাগ

শাস্ত্রে উল্লেখ আছে যে, যুদ্ধক্ষেত্রে আহত সৈন্যদের চিকিৎসাদির জন্য উপযুক্ত ব্যবস্থা ছিল।

বিচার-ব্যবস্থা

গ্রামের বিবাদ-বিসংবাদ গ্রাম পঞ্চায়েৎ মীমাংসা করিতেন। কখনও কখনও গ্রামিক ছোট ছোট মামলার বিচার করিতেন। ভ্রাম্যমাণ বিচারকের দল রাজ্যের বিভিন্ন অঞ্চলে যাইয়া বিচারকার্য সম্পন্ন করিতেন। অর্থশাস্ত্রে দুই শ্রেণীর বিচারালয়ের উল্লেখ আছে, ধর্মাস্থেয় ও কণ্টকশোধন। প্রথমটিতে দেওয়ানী ও অপরটিতে ফৌজদারী মামলার বিচার হইত। বিচারকালে উভয় পক্ষের সাক্ষীদের সাক্ষ্য গ্রহণ করা হইত। রাজধানীতে রাজা স্বয়ং মন্ত্রী ও অভিজ্ঞ ব্রাহ্মণদের লইয়া অভিযোগের বিচার করিতেন। ইহাই ছিল রাজ্যের সর্বোচ্চ বিচারালয়।

দণ্ড

চন্দ্রগুপ্তের সময়ে আইন ও শৃঙ্খলার কঠোরতা সর্বত্র বিদিত ছিল। অপরাধের গুরুত্ব অনুসারে অপরাধীর জরিমানা, অঙ্গচ্ছেদ অথবা মৃত্যুদণ্ড বিধান করা হইত। অপরাধ করিলে ব্রাহ্মণদেরও আইন অনুযায়ী দণ্ড দেওয়া হইত।

রাজস্ব

উৎপন্ন শস্যের এক-চতুর্থাংশ রাজস্বরূপে সংগৃহীত হইত; নগরে দ্রব্যাদির বিক্রয়-মূল্যের এক-দশমাংশ রাজকর আদায় করা হইত। ইহা ব্যতীত জলকর, খনি ও মৎস্য-ব্যবসায়, মদ্যবিক্রয় ও জুয়াখেলা প্রভৃতি হইতেও অর্থ আদায় করা হইত।


গুপ্তচর

মৌর্য সাম্রাজ্যে একটি গুপ্তচর বিভাগ ছিল। গুপ্তচরগণ রাজ্যের সর্বত্র ও সর্ব-বিভাগ গোপনে পরিদর্শন করিয়া সকল সংবাদ রাজাকে জানাইতেন।

ধর্মমহামাত্র ও রাজুক

অশোকের শাসন-ব্যবস্থা।—অশোকের রাজত্বকালেও এই রাজ্যশাসন-ব্যবস্থা মোটামুটি প্রচলিত থাকিলেও তিনি কিছু নূতন ব্যবস্থারও প্রবর্তন করেন। ধর্ম ও নীতি-প্রচারের জন্য ধর্মমহামাত্র নামে এক শ্রেণীর কর্মচারী তিনি নিযুক্ত করেন। প্রজার মঙ্গলবিধানের নিমিত্ত রাজুক বা রজ্জুক নামে আর এক শ্রেণীর কর্মচারী-নিয়োগের ব্যবস্থাও তিনি করেন। অশোক দণ্ড-বিধির কঠোরতা অনেক পরিমাণে হ্রাস করেন।

রাজা নিজেকে জনসাধারণের পিতৃতুল্য ও রাষ্ট্রের প্রধান কর্মচারী মনে করিয়া সর্বদা



নন্দনগড়ের স্তম্ভ

প্রজাদের মঙ্গলবিধানে নিরত থাকিতেন। রাজার কর্তব্য ও দায়িত্ব অতি কঠোর ছিল। তাঁহাকে পুঙ্খানুপুঙ্খরূপে রাজ্যের শাসন-সংক্রান্ত সকল কার্য পরিদর্শন করিতে হইত। বিচারপ্রার্থী প্রজার অভিযোগ শুনিয়া তাহার মীমাংসা করিতে হইত; আয়-ব্যয় প্রভৃতি বিষয়ের উপরে তীক্ষ্ণদৃষ্টি রাখিতে হইত; গুপ্তচরদের নিকট হইতে সংবাদ গ্রহণ করিতে হইত; রাজ্যরক্ষা ও সৈন্যবিভাগের কার্য সম্বন্ধে সেনাপতির সহিত আলোচনা করিতে হইত এবং মন্ত্রী, অমাত্য ও মন্ত্রিসভার সহিত পরামর্শ করিয়া নীতি নির্ধারণ করিতে হইত। এই সকল দায়িত্ব রাজা যাহাতে সুষ্ঠুভাবে পালন করিতে পারেন এবং প্রজার মঙ্গলবিধান করিতে পারেন এজন্য কৌটিল্য নির্দেশ দিয়াছেন যে, রাজাকে ধর্মশাস্ত্র, দর্শন, অর্থনীতি ও রাজনীতিতে বিশেষ পারদর্শী হইতে হইবে। অশোক তাঁহার শিলালিপিতে রাজার যে আদর্শ স্থাপন করিয়া গিয়াছেন তাহার তুলনা পৃথিবীতে কোথাও মেলে না। তিনি বলিয়াছেন, "আমার

রাজার কর্তব্য ও দায়িত্ব

প্রজাগণ আমার সন্তান। আমার নিজ পুত্রকন্যাগণ সুখী হউক, ইহা যেমন কামনা করি, তেমনি আমার প্রজারা সুখী হউক, ইহাই আমার প্রাণের কামনা।" এ যুগে জনকল্যাণ-সাধনই ছিল শাসনতন্ত্রের মূল লক্ষ্য।

সমাজ-জীবন—মেগাস্থিনিসের বিবরণ হইতে আমরা তৎকালীন ভারতবাসীর সামাজিক অবস্থা, আচার-ব্যবহার ও ধনসম্পদ সম্বন্ধে অনেক কথা জানিতে পারি। মেগাস্থিনিস জনসমাজকে সাধারণভাবে সাতটি শ্রেণীতে বিভক্ত করিয়া গিয়াছেন; যথা—(১) দার্শনিক (ব্রাহ্মণ ও শ্রমণ), (২) কৃষক, (৩) শিকারী ও পশুপালক, (৪) শিল্পী ও ব্যবসায়ী, (৫) সৈনিক, (৬) পর্যবেক্ষক ও গুপ্ত-সংবাদ-সংগ্রাহক এবং (৭) অমাত্য। মেগাস্থিনিস ভারতবাসীদের নৈতিক চরিত্রের উচ্ছ্বসিত প্রশংসা করিয়া গিয়াছেন। দেশের লোক সরল ও অনাড়ম্বর জীবনে অভ্যস্ত ছিল; তাহারা সত্যবাদী ও ধর্মানুরাগী ছিল। দেশে চুরি-ডাকাতি প্রায় ছিল না, লোকে মামলা-মোকর্দমাও বড় একটা করিত না। যজ্ঞকাল ব্যতীত মদ্যপান অতি গর্হিত বলিয়া বিবেচিত হইত। দেশে দাসত্বপ্রথা বিরল ছিল। কৃষকগণ শান্ত, মিতব্যয়ী ও শ্রমপরায়ণ ছিল; তাহারা রাজকর্মচারী দ্বারা উৎপীড়িত হইত না। ধনধান্যের প্রাচুর্যে ভারতবর্ষ অত্যন্ত সমৃদ্ধ ছিল; দুর্ভিক্ষ প্রায় অজ্ঞাত ছিল। প্রচুর মূল্যবান খনিজ দ্রব্য বা রত্ন ও প্রাকৃতিক ঐশ্বর্য সর্বসাধারণের সম্পদ্ বৃদ্ধি করিয়াছিল। ভারতের অধিবাসীরা বেশভূষায় সৌখীন ও অলঙ্কারপ্রিয় ছিল। পাটলিপুত্রের নাগরিকরা সুন্দর বেশভূষা পরিধান করিয়া রাস্তায় চলিত। অভিজাত ব্যক্তিদের সঙ্গে ছত্রধারী অনুচর থাকিত। শিল্পকলায়ও ভারতবর্ষ তখন অপরিসীম উন্নতি করিয়াছিল। অশোক-নির্মিত অসংখ্য স্তূপ, স্তম্ভ ও বিচিত্র গুহানিবাস ভারতের ভাস্কর্য ও স্থাপত্যকলার নিদর্শন বুকে করিয়া আজও জগতের বিস্ময় উৎপাদন করিতেছে। কেহ কেহ বলেন, এ যুগের ভারতীয় শিল্পকলায় পশ্চিম-এশিয়ার—বিশেষতঃ পারস্যের প্রভাব সুস্পষ্ট।

নৈতিক জীবন

ভারতের ঐশ্বর্য

এ যুগের শিক্ষা ও সংস্কৃতির উন্নতিও উল্লেখযোগ্য। শিলাগাত্রে অশোকের উপদেশ-গুলি সাধারণের বোধগম্য করিবার নিমিত্ত লৌকিক ভাষায় লিখিত হইয়াছিল এবং এই শিলালিপিগুলি দেশের নানাস্থানে সর্বসাধারণের অবগতির জন্য বিক্ষিপ্তভাবে স্থাপন

করা হইয়াছিল। ইহা হইতে সহজেই অনুমান করা যায় যে, মৌর্যযুগে জনসাধারণের মধ্যে শিক্ষাবিস্তার হইয়াছিল। এ যুগে সাহিত্যেরও যথেষ্ট বিকাশ ঘটিয়াছিল।

মৌর্যযুগের শিল্পকলা।—মৌর্যযুগে ভাস্কর্য, স্থাপত্য ও অপরাপর শিল্পকলার অভূতপূর্ব বিকাশ হইয়াছিল। মেগাস্থিনিসের বিবরণ হইতে জানা যায় যে, চন্দ্রগুপ্তের রাজপ্রাসাদটি কাষ্ঠনির্মিত ছিল। শতস্তম্ভবিশিষ্ট এই প্রাসাদটি ছিল যেমনই বিশাল, ইহার কারুকার্যও ছিল তেমনই অতুলনীয়। প্রাসাদের স্তম্ভগুলি স্বর্ণনির্মিত দ্রাক্ষালতাদ্বারা পরিবেষ্টিত ছিল এবং ইহাতে রৌপ্য-নির্মিত পক্ষী বসিয়া মুক্তার দ্রাক্ষাফল ঠোকরাইয়া খাইতেছে এরূপ-ভাবে সুসজ্জিত ছিল। প্রাসাদের চারিপার্শ্বে ছিল নয়নাভিরাম উদ্যান ও সরোবর। গ্রীক লেখকগণের মতে এরূপ সুন্দর রাজপ্রাসাদ সে যুগে অপর কোন দেশে ছিল না। অশোকের রাজত্বকালে ইষ্টক ও প্রস্তরের ব্যবহার গৃহাদি নির্মাণে ব্যাপকভাবে আরম্ভ হয়। অশোকের রাজপ্রাসাদটি প্রস্তরনির্মিত ছিল। পঞ্চম শতকে চৈনিক পর্যটক ফা-হিয়েন এই বিশাল প্রাসাদটি দেখিয়া বিস্ময়ে অভিভূত হইয়া বলিয়াছিলেন, "এরূপ শিল্পনৈপুণ্য এ জগতে কোন মানুষের পক্ষে সম্ভব নহে।" অশোক প্রস্তরনির্মিত রাজপ্রাসাদ ব্যতীত অসংখ্য স্তূপ, মনোরম শিলাস্তম্ভ ও বিচিত্র গুহানিবাস নির্মাণ করাইয়াছিলেন। কিংবদন্তী অনুসারে অশোক ছিলেন আশি হাজার স্তূপের প্রতিষ্ঠাতা। অশোকের শিলাস্তম্ভগুলি দেখিলে সহজেই অনুমান করা যায় যে, এযুগে প্রস্তরশিল্প কতদূর উৎকর্ষ লাভ করিয়াছিল। অশোকের প্রত্যেক শিলাস্তম্ভ একখানি অখণ্ড প্রস্তরে নির্মিত, সুগোল এবং মসৃণ; উচ্চতায় ইহা ছিল প্রায় ৫০ ফুট। স্তম্ভের শীর্ষদেশে অপর একখানি প্রস্তর খণ্ড হইতে উৎকীর্ণ ষণ্ড, হস্তী বা সিংহমূর্তি স্থাপিত। এই মূর্তিগুলির উপরে ছিল ধর্মচক্র এবং নীচে উল্টান পদ্ম। এই স্তম্ভগুলির রচনাবৈশিষ্ট্য ও ভাস্কর্য এবং পশু-মূর্তিগুলির স্বাভাবিকতা জগতের শিল্প-রসিকগণের অকুণ্ঠ প্রশংসা লাভ করিয়াছে। অশোক-যুগের স্থাপত্য ও ভাস্কর্যের নিদর্শনগুলি ভারতের প্রস্তরছেদক ও যন্ত্রবিদ্‌দের নৈপুণ্যের অপূর্ব পরিচয় বহন করিতেছে। মৌর্যযুগে ভারতীয় শিল্পীরা কঠিন

স্থাপত্য ও ভাস্কর্য: চন্দ্রগুপ্তের রাজপ্রাসাদ

অশোকের রাজপ্রাসাদ

স্তূপ ও শিলা-স্তম্ভ

প্রস্তর পালিশের কার্যেও অসামান্য নৈপুণ্য লাভ করিয়াছিল। গয়ার নিকট বরাবর পাহাড়ে তিনি যে গুহা-নিবাসগুলি নির্মাণ করিয়াছিলেন তাহার প্রাচীরের পালিশ বা বজ্র-লেপ আজও কাচের মত ঝকঝক করিতেছে।

স্মিথ প্রভৃতি কোন কোন ইউরোপীয় পণ্ডিত উল্লেখ করিয়াছেন যে, মৌর্যযুগের স্থাপত্য শিল্পে পারসিক প্রভাবের ছাপ সুস্পষ্ট দেখিতে পাওয়া যায় এবং সম্ভবতঃ হিন্দু-পারসিক শিল্পী দ্বারাই এগুলি নির্মাণ করান হইয়াছিল। কিন্তু এই মত সকলে সত্য বলিয়া গ্রহণ করেন নাই।

বয়ন-শিল্প

মৌর্যযুগে বস্ত্রবয়ন-শিল্পের বিশেষ উন্নতি সাধিত হইয়াছিল। এই সময় পাণ্ড্য-দেশের রাজধানী মথুরা, অপরান্ত বা কোংকন, কাশী, বৎস, বঙ্গ ও মহীশূর ছিল বস্ত্রবয়ন-শিল্পের প্রধান কেন্দ্র। বঙ্গদেশের 'দুকূল', 'ক্ষৌম' ও 'পত্রোর্ণা' বস্ত্রের খ্যাতি সর্বত্র বিস্তৃত ছিল। কাশীতেও সুন্দর রেশম বা 'ক্ষৌম' বস্ত্র প্রস্তুত হইত। রেশম বস্ত্রের মধ্যে কৌশেয় ও চীন-পট্টের প্রসিদ্ধি ছিল খুব বেশী। চীনপট্ট বোধ হয় চীনদেশে প্রস্তুত হইত। নেপাল, গন্ধার ও পাঞ্জাবে উৎকৃষ্ট পশমবস্ত্র তৈয়ার হইত। দেশে বিদেশে ভারতীয় বস্ত্রের আদর ও চাহিদা ছিল। গ্রীক লেখকগণ বলিয়াছেন যে, মৌর্যশাসনকালে রাজা এবং অভিজাতবর্গ কিংখাব বা স্বর্ণসূত্র দ্বারা কারুকার্যময় রেশম ও সূক্ষ্ম কার্পাস বস্ত্র ব্যবহার করিতেন।

অন্যান্য শিল্প

কাষ্ঠ, হস্তিদন্ত ও চর্মশিল্পেও এযুগের শিল্পীরা বিশেষ দক্ষতা অর্জন করিয়াছিলেন। চন্দ্রগুপ্তের দারুময় রাজপ্রাসাদের কারুকার্য ছিল অতুলনীয়। এযুগে কাষ্ঠদ্বারা নানাবিধ শকট ও সমুদ্রগামী নৌযান তৈরী করা হইত। হস্তিদন্তের সূক্ষ্ম কারুকার্যময় বিবিধ দ্রব্য নির্মাণে ভারতীয় শিল্পীরা যে প্রতিভার পরিচয় দিয়াছে গ্রীক লেখকগণ উহার উচ্চ প্রশংসা করিয়াছেন। চর্মশিল্পেও এযুগ বিশেষ উৎকর্ষলাভ করিয়াছিল। এযুগে নানাবিধ রঙীন চর্মদ্বারা পরিচ্ছদ ও পাদুকা নির্মিত হইত।

মৌর্যযুগে স্বর্ণ, রৌপ্য, তাম্র ও লৌহ প্রভৃতি ধাতুর ব্যবহার ব্যাপকভাবে

প্রচলিত ছিল। রাষ্ট্রের কর্তৃত্বে অস্ত্রশস্ত্র নির্মিত হইত। ইহার জন্য বিশেষজ্ঞ একজন কর্মচারী নিযুক্ত থাকিতেন। ভারতবাসী নানাভাবে অলংকারপ্রিয় ছিল। মণিমুক্তাখচিত স্বর্ণালংকার নির্মাণে ভারতীয় শিল্পীরা যে দক্ষতা দেখাইয়াছে তাহার তুলনা মেলে না।

ধাতু-শিল্প

সম্প্রতি কলিকাতার নিকটে কয়েকটি স্থান খননের ফলে মৌর্য ও মৌর্যোত্তর যুগের কিছু কিছু শিল্প নিদর্শন পাওয়া যাইতেছে।

বংশ-তালিকা

(সময়-রেখা ও বংশ-তালিকার তারিখগুলি আনুমানিক)

মগধের বিভিন্ন রাজবংশ

(ক) হর্যঙ্কবংশ

(১) প্রতিষ্ঠাতা—অজ্ঞাত
(২)
(৩) } ২য় ও ৩য় রাজা—অজ্ঞাত
(৪) বিম্বিসার
|
(৫) অজাতশত্রু
|
(৬) উদয়ী

(খ) শিশুনাগবংশ

(১) শিশুনাগ
অন্যান্য রাজার নাম অজ্ঞাত

(গ) নন্দবংশ

মহাপদ্ম নন্দ
|
ধননন্দ (শেষ রাজা)

(ঘ) মৌর্যবংশ

(আনুমানিক ৩২৩—১৮৫ খৃঃ পূঃ)

(১) চন্দ্রগুপ্ত (৩২৩-২৯৮ খৃঃ পূঃ)
|
(২) বিন্দুসার (২৯৮-২৭৩ খৃঃ পূঃ)
|
(৩) অশোক (২৭৩-২৩২ খৃঃ পূঃ)
|
(৪) কুনাল
|
(৫) সুযশস্
|
(৬) সম্প্রতি
|
(৭) শালিশূক
|
(৮) দেবধর্মন্
|
(৯) শতধন্ব
|
(১০) বৃহদ্রথ

প্রশ্নাবলী

১। মগধের অভ্যুত্থান সম্বন্ধে যাহা জান সংক্ষেপে লিখ।

২। পারসিক আক্রমণ ও উহার ফলাফল বর্ণনা কর।

৩। আলেকজাণ্ডারের ভারত আক্রমণের বর্ণনা দাও। ঐ আক্রমণের প্রত্যক্ষ ও পরোক্ষ ফল কি হইয়াছিল?

৪। মৌর্য সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে? তাঁহার শাসন-পদ্ধতি সম্বন্ধে কি জান?

৫। অশোকের জীবনী সংক্ষেপে লিখ।

৬। শাসক ও বৌদ্ধধর্ম প্রচারক হিসাবে অশোকের জীবনী আলোচনা কর।

৭। মৌর্যযুগের শিল্পকলার অবস্থা কিরূপ ছিল আলোচনা কর।

৮। সাম্রাজ্যের ভিতরে ও বাহিরে বৌদ্ধধর্মের প্রসারকল্পে অশোকের অবলম্বিত বিভিন্ন পন্থাগুলি বর্ণনা কর।

৯। অশোক পৃথিবীর শ্রেষ্ঠ রাজগণের অন্যতম বলিয়া বিবেচিত হন কেন?

১০। কোন্ কার্যগুলিকে অশোকের প্রধান কৃতিত্ব বলিয়া তোমার মনে হয়?

১১। 'ইতিহাসে মহত্তম রাজাদের মধ্যে অশোক একজন'—এই সিদ্ধান্তের সমর্থনে যুক্তি দেখাও।

সপ্তম অধ্যায়

মৌর্যোত্তরযুগে ভারতের রাজনৈতিক অবস্থা ও সংস্কৃতির রূপান্তর

(Political Condition of India in the Post-Maurya Period and Cultural change)

মৌর্য সাম্রাজ্যের অবসান।—মৌর্য সাম্রাজ্যের উন্নতির যুগে ভারতবর্ষের রাষ্ট্রীয় ঐক্য প্রায় সার্থক হইয়া আসিয়াছিল; ভারতের ভৌগোলিক সীমার বাহিরেও সাম্রাজ্য প্রসারিত হইয়াছিল। চন্দ্রগুপ্ত, বিন্দুসার ও অশোক তিনজনই সাম্রাজ্যের সীমা বিস্তৃত করিয়াছিলেন। কিন্তু অশোকের মৃত্যুর পর মৌর্য সাম্রাজ্য দুর্বল হইয়া পড়িল। তাঁহার দুর্বল উত্তরাধিকারিগণের শাসনকালে সাম্রাজ্যের বিভিন্ন প্রদেশ স্বাধীনতা ঘোষণা করিল এবং ভারতের উত্তর-পশ্চিম দিক হইতে হিন্দুকুশ পর্বত অতিক্রম করিয়া বৈদেশিক জাতিসমূহ ভারতে রাজ্যবিস্তার করিতে অগ্রসর হইল। এই সকল গোলযোগের ফলে মৌর্য সাম্রাজ্য ভাঙ্গিয়া পড়িল। অবশেষে

অশোকের দুর্বল উত্তরাধিকারিগণ

শেষ মৌর্য নরপতিকে হত্যা করিয়া তাঁহার সেনাপতি পুষ্যমিত্র মগধের সিংহাসন অধিকার করিলেন।

সুঙ্গবংশ (আঃ খৃঃ পূঃ ১৮৭—৭২)।—পুষ্যমিত্র প্রতিষ্ঠিত বংশ সুঙ্গবংশ নামে খ্যাত। সুঙ্গ রাজগণ সম্ভবতঃ জাতিতে ব্রাহ্মণ ছিলেন এবং ইহাদের পূর্বপুরুষ মালবের অধিবাসী ছিলেন।

পুষ্যমিত্র

পুষ্যমিত্র শক্তিশালী রাজা ছিলেন। তিনি যে সাম্রাজ্য প্রতিষ্ঠা করিয়াছিলেন তাহা উত্তর-ভারতের এক বৃহদংশ জুড়িয়া বিস্তৃত ছিল। পুষ্যমিত্রের পুত্র যুবরাজ অগ্নিমিত্র বিদর্ভ (বেরার) সুঙ্গ সাম্রাজ্যভুক্ত করেন। সম্ভবতঃ পুষ্যমিত্রের রাজত্বকালে কলিঙ্গের চেতবংশীয় রাজা খারবেল মগধ আক্রমণ করিয়াছিলেন। খারবেলের হাতিগুম্ফা লিপিতে উল্লিখিত আছে যে, তিনি মগধরাজ বহসতিমিত্রকে (বৃহস্পতিমিত্র) পরাজিত করিয়াছিলেন। কিন্তু পুষ্যমিত্র ও বহসতিমিত্র অভিন্ন ব্যক্তি কিনা অথবা পুষ্যমিত্র ও খারবেল সমসাময়িক কিনা ইহার কোন নিশ্চিত প্রমাণ নাই। এজন্য খারবেলের মগধ আক্রমণ কাহিনীর সত্যতা সম্বন্ধে অনেক ঐতিহাসিক সন্দেহ প্রকাশ করিয়াছেন। এই সময় ব্যাকট্রিয়ার গ্রীকগণ পঞ্জাবে রাজ্য স্থাপন করিয়া গাঙ্গেয় উপত্যকার দিকে অগ্রসর হইবার চেষ্টা করিয়াছিল; কিন্তু পুষ্যমিত্রের পুত্র বসুমিত্রের হাতে তাহাদের পরাজয় বরণ করিতে হয়। এই যুদ্ধ জয়ের পরে পুষ্যমিত্র অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন।

ব্রাহ্মণ্য ধর্মের পুনরভ্যুদয়

পুষ্যমিত্র ৩৬ বৎসর সগৌরবে রাজত্ব করেন। তাঁহার রাজত্বকালে সংস্কৃত সাহিত্য ও ব্রাহ্মণ্য ধর্ম বিস্তার লাভ করে। পুষ্যমিত্র কর্তৃক অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান ইহার প্রমাণ। এই সময় হইতে ব্রাহ্মণ্য বা পৌরাণিক হিন্দুধর্মের যে অভ্যুদয় পুনরায় দেখা দিয়াছিল গুপ্তযুগে তাহার পূর্ণবিকাশ ঘটে।

পুষ্যমিত্রের উত্তরাধিকারিগণ

পুষ্যমিত্রের মৃত্যুর পরে তাঁহার পুত্র অগ্নিমিত্র সিংহাসনে আরোহণ করেন। তাঁহার শাসনকালে বিদিশা সুঙ্গ রাজ্যের রাজধানীতে পরিণত হয়। অগ্নিমিত্রের পরে বসুমিত্র ও আরো কয়েকজন রাজা রাজত্ব করেন। ইহাদের সম্বন্ধে বিশেষ কিছু জানা যায় না। সুঙ্গরাজগণ উত্তর-পশ্চিম ভারতের গ্রীক রাজাদের সহিত রাজনীতিক সম্বন্ধ স্থাপন করিয়াছিলেন। সুঙ্গবংশের এক রাজার

রাজত্বকালে তক্ষশিলার গ্রীক রাজা অন্তালকিদাস্ তাঁর হেলিওডোরস্ নামে একজন দূত তাঁহার সভায় পাঠাইয়াছিলেন। হেলিওডোরস্ ভাগবত ধর্মের প্রতি অনুরাগী ছিলেন। তিনি বেশনগরে ভগবান বিষ্ণুর সম্মানার্থ একটি গরুড়-স্তম্ভ স্থাপিত করিয়াছিলেন। ইহা হইতে অনুমান করা যায় যে, বহিরাগত গ্রীকগণ হিন্দুধর্ম গ্রহণ করিয়া ধীরে ধীরে হিন্দু সমাজের অঙ্গীভূত হইয়া যাইতেছিল।

কাণ্ববংশ।—(আঃ খৃঃ পূঃ ৭২—২৭) সুঙ্গবংশের শেষ রাজা দেবভূতিকে হত্যা করিয়া তাঁহার মন্ত্রী কাণ্ববংশীয় বাসুদেব মগধে এক নূতন রাজবংশ স্থাপন করিলেন। কাণ্ববংশের চারিজন রাজা মাত্র ৪৫ বৎসর রাজত্ব করিয়াছিলেন। এই বংশের রাজত্বকালে মগধ হীনবল হইয়া পড়ে এবং কালক্রমে দাক্ষিণাত্যের সাতবাহন বংশীয় রাজা সিমুক, কাণ্ব রাজবংশের উচ্ছেদসাধন করেন (খৃঃ পূঃ ২৭)।

অন্ধ্রের সাতবাহন বংশ।—মৌর্য সাম্রাজ্য পতনের যুগে দাক্ষিণাত্যের অন্ধ্রদেশে সাতবাহন বংশ একটি শক্তিশালী রাজ্য প্রতিষ্ঠা করেন। গোদাবরী ও কৃষ্ণা নদীর মধ্যবর্তী অঞ্চল ছিল অন্ধ্র জাতির বাসভূমি। এই বংশের ৩০ জন রাজা প্রায় তিন শত বৎসর রাজত্ব করেন। কোন কোন পুরাণে উল্লেখ আছে যে, সাতবাহন বংশের রাজত্ব প্রায় সাড়ে চারিশত বৎসরকাল স্থায়ী হইয়াছিল। খৃঃ পূঃ প্রথম শতকে সাতবাহন সাম্রাজ্য দাক্ষিণাত্যের একটি অতি শক্তিশালী সাম্রাজ্যে পরিণত হইয়াছিল। সমগ্র দাক্ষিণাত্য ব্যতীত উত্তর-ভারতের একাংশও এই সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। প্রতিষ্ঠান ও ধান্যকটক নগরদ্বয় ইহার রাজধানী ছিল।

সাতবাহন রাজবংশের প্রতিষ্ঠাতা ছিলেন সিমুক। তিনি কাণ্ববংশের উচ্ছেদ সাধন করিয়া মগধে অধিকার বিস্তার করেন। এই বংশের তৃতীয় রাজা শাতকর্ণি ছিলেন অতি পরাক্রান্ত। তিনি মালব জয় করিয়া উজ্জয়িনী নগরে অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করেন। সম্ভবতঃ জৈন কলিঙ্গরাজ খারবেলের হাতে ইঁহাকে পরাজয় বরণ করিতে হয়।

শাতকর্ণি

শাতকর্ণির উত্তরাধিকারিগণের রাজত্বকালে শক, পহ্লব ও কুষাণ প্রভৃতি বৈদেশিক জাতির আক্রমণ সাতবাহনরাজগণের পরাজয় ঘটে এবং সাম্রাজ্যের আয়তন বহুপরিমাণে হ্রাস পায় ও ইহার গৌরব অন্তর্হিত হইয়া যায়।

এই ঘটনার প্রায় এক শতাব্দী পরে আনুমানিক খৃষ্টীয় দ্বিতীয় শতাব্দীর প্রথম ভাগে এই বংশের জনৈক রাজা গৌতমীপুত্র শাতবাহন বংশের প্রনষ্ট গৌরব পুনরুদ্ধার করেন। তিনি শক, যবন ও পহ্লব শক্তিকে বিধস্ত করিয়া সাম্রাজ্যের বিস্তার সাধন করেন। মহারাষ্ট্রের শক্তিশালী শকরাজা নহপানকে তাঁহার হস্তে পরাজয় বরণ করিতে হইয়াছিল। গৌতমীপুত্রের সাম্রাজ্য দক্ষিণে কৃষ্ণা নদী হইতে উত্তরে মালব, বিদর্ভ ও গুজরাট পর্যন্ত বিস্তৃত ছিল। তিনি ব্রাহ্মণ্যধর্মের পৃষ্ঠপোষক ছিলেন।

গৌতমীপুত্র শাতকর্ণি

গৌতমীপুত্র শাতকর্ণির পরে তাঁহার পুত্র পুলমায়ি সিংহাসন লাভ করিয়া শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত রাজত্ব করেন। তিনি উজ্জয়িনীর পরাক্রান্ত ক্ষত্রপ (শক) রাজা রুদ্রদামনের সহিত সংঘর্ষে লিপ্ত হইয়া পরাজিত হন এবং রাজ্যের একাংশ তাঁহাকে ছাড়িয়া দিতে বাধ্য হন। সম্ভবতঃ তিনি শক রুদ্রদামনের কন্যাকে বিবাহ করেন।

পুলমায়ি

সাতবাহন বংশের শেষ শক্তিশালী রাজা ছিলেন যজ্ঞশ্রী শাতকর্ণি। তিনি সম্ভবতঃ ১৯৫ খৃষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন। তিনি উজ্জয়িনীর শক রাজাকে (রুদ্রদামনের বংশধর) পরাভূত করিয়া হৃতরাজ্যের কতক অংশ উদ্ধার করিতে সমর্থ হন। তাঁহার সাম্রাজ্য প্রায় সমগ্র দাক্ষিণাত্য ও মধ্যপ্রদেশের এক অংশ জুড়িয়া বিস্তৃত ছিল।

যজ্ঞশ্রী শাতকর্ণি

সাতবাহন সাম্রাজ্যের পতন।—যজ্ঞশ্রী শাতকর্ণির মৃত্যুর পরে সনাতন সাম্রাজ্যের পতন সুরু হয় এবং খৃষ্টীয় তৃতীয় শতকের মধ্যভাগে বিনষ্ট হইয়া যায়।

সাতবাহন রাজবংশের শাসনকালে সর্বপ্রথম দাক্ষিণাত্যের রাজনৈতিক ঐক্য সাধিত হইয়াছিল। প্রতাপশালী সাতবাহন রাজগণ শক-পহ্লব আক্রমণ প্রতিহত করিয়া হিন্দুধর্ম ও সংস্কৃতি রক্ষা করিয়াছিলেন। ইঁহারা ব্রাহ্মণ্যধর্মের পৃষ্ঠ-পোষক ছিলেন এবং এই বংশের রাজত্বকালে হিন্দুধর্ম ও সংস্কৃতির সবিশেষে উন্নতি ঘটে।

সাতবাহন শাসনের বৈশিষ্ট্য

বৈদেশিক আক্রমণ--ভারতে গ্রীক, শক, পহ্লব ও কুষাণ জাতির রাজ্য বিস্তার।—অশোকের পরবর্তী মৌর্য সম্রাটগণের দুর্বলতার সুযোগ লইয়া হিন্দুকুশ পর্বত অতিক্রম করিয়া ব্যাকট্রিয়া বা বহ্লীক হইতে যবন বা গ্রীকরা ভারতে প্রবেশ করে এবং উত্তর-পশ্চিম ভারত এবং পঞ্জাবে কয়েকটি রাজ্য স্থাপন করে। কিন্তু ভারতে গ্রীকশাসন

দীর্ঘকাল স্থায়ী হয় নাই। ইহার পরে মধ্য-এশিয়ার শক, পহ্লব, ও ইউ-চি প্রভৃতি যাযাবর জাতি উত্তর-পশ্চিম গিরিপথ দিয়া ভারতে প্রবেশ করে এবং উত্তর-ভারতের বিভিন্ন স্থানে বহু ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য প্রতিষ্ঠা করে।

উত্তর-পশ্চিম ভারতে গ্রীক অধিকার।—অশোকের মৃত্যুর পর গন্ধার ও উহার পার্শ্ববর্তী স্থানগুলিতে প্রাদেশিক রাজা ও শাসকগণ স্বাধীনতা ঘোষণা করেন। সিরিয়া ও ব্যাকৃট্রিয়ার (বহ্লীক) গ্রীক রাজারা এই সুযোগে ভারতবর্ষ আক্রমণ করিতে লাগিলেন। আনুমানিক খৃঃ পূঃ ২০৬ অব্দে সিরিয়ার গ্রীক নরপতি তৃতীয় আন্তিয়োকস্ (Antiochos III) হিন্দুকুশ অতিক্রম করিয়া ভারত-সীমান্তে প্রবেশ করেন। গন্ধারের রাজা সুভাগসেন বহু উপঢৌকন দিয়া তাঁহার সহিত সন্ধি করিতে বাধ্য হইলেন। সম্ভবতঃ তিনি এই সময় ব্যাকৃট্রিয়া বা বহ্লীক পুনরধিকার করিবার চেষ্টা করিয়া ব্যর্থ হন। সেলেউকসের মৃত্যুর পরে যখন সিরিয়া সাম্রাজ্য দুর্বল হইয়া পড়িয়াছিল তখন ডায়োডোটাস নামক এক ব্যক্তি ব্যাকৃট্রিয়ায় একটি স্বাধীন রাজ্য স্থাপন করেন। এই সময় পারস্যের খোরাসান অঞ্চলে পার্থিয়ান বা পহ্লব জাতিও স্বাধীনতা ঘোষণা করিয়াছিল। আন্তিয়োকসের প্রত্যাবর্তনের পরে খৃঃ পূঃ ২০৬ হইতে ১৯০ অব্দের মধ্যে ব্যাকৃট্রিয়ার গ্রীক রাজা য়ুথিডেমস্ (Euthydemos) এবং তাঁহার পুত্র ডেমেট্রিয়স্ (Demetrios) বা দিমিত্রিয় গন্ধার ও পঞ্জাব অধিকার করেন। দিমিত্রিয় ছিলেন সিরিয়ার রাজা আন্তিয়োকসের জামাতা। তিনি ভারতে যে সাম্রাজ্য স্থাপন করেন তাহা তুলনায় আলেকজাণ্ডারের ভারত সাম্রাজ্য অপেক্ষা বৃহত্তর ছিল। কথিত আছে, ডেমেট্রিয়স সুঙ্গ সাম্রাজ্য আক্রমণ করিয়া বসুমিত্রের হস্তে পরাজিত হন। তিনি যখন ভারতে যুদ্ধবিগ্রহে ব্যাপৃত ছিলেন তখন য়ুক্রাতিদিস্ (Eukratides) নামক এক ব্যক্তি ব্যাকট্রিয়ার সিংহাসন দখল করিয়া লইলেন। ডেমেট্রিয়স পিতৃরাজ্য উদ্ধারে অসমর্থ হইয়া পঞ্জাবে রাজত্ব করিতে লাগিলেন। তখন অক্ষু নদী(Oxus)হইতে পূর্ব-পঞ্জাব পর্যন্ত সমগ্র ভূভাগ দুইটি স্বতন্ত্র গ্রীক রাজ্যে অন্তর্ভুক্ত হইয়া গেল। ব্যাকৃট্রিয়ায় য়ুক্রাতিদিস্ রাজবংশ এবং ভারতে ডেমেট্রিয়সের উত্তরাধিকারিগণ রাজত্ব করিতে লাগিলেন। য়ুক্রাতিদিসের পুত্র হেলিওক্লিসের রাজত্বকালে ব্যাকৃট্রিয়ায় শক অধিকার বিস্তৃত হয়। ইহার পরেও গান্ধার বা আফগানিস্তানে য়ুক্রাতিদিস্ রাজবংশ বহুকাল রাজত্ব করেন।

গ্রীক নরপতি তৃতীয় আন্তিয়োকস্

ব্যাকট্রিয়ার গ্রীকরাজগণ

উপরোক্ত দুই বংশের রাজগণ খৃষ্টীয় প্রথম শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন। সমসাময়িক মুদ্রা হইতে ইঁহাদের অনেকের নাম পাওয়া যায়। য়ুক্রাতিদিস্ বংশীয় অন্তালকিদাস্ (Antialkidas) শুঙ্গরাজ ভাগভদ্রের রাজদরবারে হেলিওডোরস্‌কে দূতরূপে প্রেরণ করিয়াছিলেন, ইহা পূর্বেই উল্লেখ করা হইয়াছে।

এযুগে যে সকল গ্রীকরাজা উত্তর-পশ্চিম ভারতে রাজত্ব করিয়াছিলেন তাঁহাদের মধ্যে মিনান্দার বা মিলিন্দ ছিলেন সর্বাপেক্ষা উল্লেখযোগ্য। তিনি একজন শক্তিশালী রাজা ছিলেন এবং পঞ্জাবের শাকল বা শিয়ালকোট নামক স্থানে তাঁহার রাজধানী ছিল। কাবুল ও পঞ্জাব হইতে দক্ষিণে কাথিয়াবাড় পর্যন্ত সমগ্র অঞ্চল জুড়িয়া তাঁহার রাজ্য বিস্তৃত ছিল। সম্ভবতঃ তাঁহার সহিত পুষ্যমিত্র শুঙ্গের শক্তি পরীক্ষাও হইয়াছিল। কথিত আছে, নাগসেন নামক জনৈক বৌদ্ধাচার্যের নিকট হইতে মিলিন্দ বৌদ্ধধর্মে দীক্ষা গ্রহণ করেন। তিনি বৌদ্ধধর্ম সম্বন্ধে নাগসেনকে যে সকল প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন তাহা 'মিলিন্দ পঞ্‌হো' নামক গ্রন্থে উল্লিখিত আছে।

গ্রীক রাজগণ কর্তৃক প্রচারিত দ্বিভাষিক মুদ্রাসমূহ তাঁহাদের শাসনকালের সর্বপ্রধান ঐতিহাসিক উপাদান।

ভারতে শকাধিকার বিস্তার।—বহ্লীকদেশীয় গ্রীকদের পরে যে-সকল যাযাবর জাতি উত্তর-পশ্চিম গিরিপথ দিয়া ভারতবর্ষে প্রবেশ করে, তাহারা প্রধানতঃ ছিল শক, পহ্লব (Parthian) এবং ইউ-চি (Yue-chi) এই তিনটি দলে বিভক্ত।

শক বা সিথিয়ান জাতির আদি বাসভূমি ছিল দক্ষিণ রাশিয়া ও মধ্য-এশিয়ার অক্ষু (Oxus) নদীর তটে খৃঃ পূঃ দ্বিতীয় শতকের কোনও এক সময়ে ইউ-চি নামে একটি পরাক্রান্ত জাতি শকদিগকে তাহাদের আদি বাসভূমি হইতে বিতাড়িত করিলে, শকগণ ব্যাক্‌ট্রিয়া ও পার্থিয়া অধিকার করিয়া বসবাস করিতে থাকে। ইহার পরে খৃষ্টীয় দ্বিতীয় শতকের প্রথমভাগে পহ্লবরাজ দ্বিতীয় মিথ্রিডেটিসের অভ্যুদয়ের ফলে শকগণ এই অঞ্চল ত্যাগ করিয়া আফগানিস্তান ও বেলুচিস্তানের মধ্য দিয়া ভারতে প্রবেশ করিতে আরম্ভ করিল এবং দুর্বল গ্রীক রাজ্যগুলিকে পরাভূত করিয়া আফগানিস্তান ও সিন্ধুদেশে অধিকার বিস্তার করিল। কালক্রমে শক আক্রমণের ফলে উত্তর-পশ্চিম ভারত ও পাঞ্জাবের গ্রীক রাজ্যগুলি ধ্বংস হইয়া গেল।

ভারতবর্ষে শকদের প্রথম পরাক্রমশালী রাজা ছিলেন মোগ (Moga or Maues)। তিনি গ্রীকদের নিকট হইতে পুষ্কলাবতী ও তক্ষশিলা নগর জয় করেন। কেহ কেহ মোগকে পহ্লব বংশীয় বলিয়া উল্লেখ করিয়াছেন। ক্রমে শকগণ আরও অগ্রসর হইয়া মথুরা, উজ্জয়িনী, ভৃগুকচ্ছ ও বরোচ, সুরাষ্ট্র, প্রভৃতি স্থানে তাহাদের রাজ্য প্রতিষ্ঠা করে। মথুরার শক রাজগণের মধ্যে রঞ্জুবুল ও তাঁহার পুত্র শোড়াশের নাম বিশেষ খ্যাত। মালব ও সুরাষ্ট্রের শকরাজ্য কালক্রমে অত্যন্ত পরাক্রমশালী হইয়া উঠিয়য়ছিল। এই অঞ্চলের শক রাজগণ 'ক্ষহরাত' নামে পরিচিত ছিলেন। ক্ষহরাত রাজাদের মধ্যে ভূমক ও নহপানের নাম বিশেষ উল্লেখযোগ্য। মালব, সুরাষ্ট্র, গুজরাট এবং রাজপুতানা ও সিন্ধুর একাংশ জুড়িয়া ভূমকের রাজ্য বিস্তৃত ছিল। নহপান খৃষ্টীয় দ্বিতীয় শতাব্দীর প্রথমার্ধে রাজত্ব করেন। মহারাষ্ট্রের নাসিক হইতে আজমীর পর্যন্ত সমস্তদেশ তাঁহার অধিকারভুক্ত ছিল। সাতবাহন বংশীয় গৌতমীপুত্র শাতকর্ণি তাঁহাকে পরাজিত করিয়া ক্ষহরাত শক্তি ধ্বংস করেন। খৃষ্টীয় দ্বিতীয় শতকের মধ্যভাগে (আঃ ১৩০—১৫০ খৃঃ) মালব-সুরাষ্ট্রে মহাক্ষত্রপ রুদ্রদামন রাজত্ব করিতেন। উজ্জয়িনী নগরীতে তাঁহার রাজধানী ছিল। তিনি পঞ্জাবের মূলতান অঞ্চল হইতে কোঙ্কন উপকূল পর্যন্ত সমগ্র ভূভাগ অধিকার করিয়াছিলেন। দাক্ষিণাত্যের সাতবাহনবংশীয় রাজা পুলমায়ি রুদ্রদামনের নিকট পরাভব স্বীকার করেন এবং স্বয়ং তাঁহার কন্যাকে বিবাহ করেন অথবা নিজ ভ্রাতার সহিত রুদ্রদামনের কন্যার বিবাহ দিয়া সন্ধি স্থাপন করেন। রুদ্রদামন সংস্কৃত সাহিত্যের একজন পৃষ্ঠপোষক ছিলেন বলিয়া প্রবাদ আছে। সুরাষ্ট্রের শক-ক্ষত্রপগণ খৃষ্টীয় প্রথম শতকের শেষ দিক হইতে চতুর্থ শতকের শেষ পর্যন্ত প্রায় তিন শত বৎসর রাজত্ব করিয়াছিলেন। গুপ্তবংশের দ্বিতীয় চন্দ্রগুপ্তের (বিক্রমাদিত্য) হস্তে এই ক্ষত্রপ-বংশ ধ্বংসপ্রাপ্ত হয়।

শকাধিকার

রুদ্রদামন

ভারতের পহ্লবরাজগণ।—খৃঃ পূঃ তৃতীয় শতকে পহ্লব বা পার্থিয়ান জাতি সিরিয়ার অধীনতা হইতে মুক্ত হইয়া স্বতন্ত্র ও স্বাধীন রাজ্য স্থাপন করে। খৃঃ পূঃ দ্বিতীয় শতকের মধ্যভাগে পরাক্রমশালী পহ্লবরাজ মিথি ডেটিস্ ভারতবর্ষ আক্রমণ করিয়া তক্ষশিলা পর্যন্ত অধিকার বিস্তার করেন, কিন্তু পহ্লবগণ এই অঞ্চলের উপর দীর্ঘকাল প্রভুত্ব বজায় রাখিতে সমর্থ হয় নাই। ইহার পরে ময়েস্

মোগ বংশ

বা মোগ পশ্চিম-পঞ্জাবে রাজ্য বিস্তার করেন। তাঁহার পরে প্রথম আজেস্, আজেলাই-সেস এবং দ্বিতীয় আজেস্ নামক রাজগণ ক্রমান্বয়ে রাজত্ব করেন। কোন কোন ঐতিহাসিক মোগ ও তাঁহার পরবর্তী রাজাদের শকবংশোদ্ভব বলিয়া উল্লেখ করিয়াছেন।

গোণ্ডোফারনেস

ভারতের পহ্লব রাজগণের মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ছিলেন গোণ্ডোফারনেস (Gondophernes)। কাবুল, কান্দাহার ও তক্ষশিলা প্রভৃতি অঞ্চল তাঁহার রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। কথিত আছে, তাঁহারই রাজত্বকালে যীশুখৃষ্টের শিষ্য সেণ্ট টমাস (St. Thomas) ভারতে প্রথম খৃষ্টধর্ম প্রচারের নিমিত্ত আসিয়াছিলেন। কুষাণ জাতির অভ্যুদয়ের ফলে ভারতে পহ্লব রাজ্য বিনষ্ট হয়।

কুষাণ রাজবংশ।—শক ও পহ্লবদের পর কুষাণজাতি মধ্য-এশিয়া হইতে ভারতবর্ষে প্রবেশ করে। কুষাণগণ ছিল ইউ-চিদেরই একটি শাখা। কালক্রমে ইউ-চি জাতির পাঁচটি শাখার মধ্যে কুষাণগণই সর্বাপেক্ষা পরাক্রমশালী হইয়া উঠিয়াছিল।

প্রথম ও দ্বিতীয় কদফিস্

আনুমানিক ৫০ খৃষ্টাব্দে কুষাণ-নেতা কুজল কদফিস্ (Kadphises I) ইউ-চি-দিগকে সঙ্ঘবদ্ধ করিয়া কাবুল ও কান্দাহার জয় করেন। পারস্যের সীমান্ত হইতে বিতস্তা নদী পর্যন্ত তাঁহার অধিকারে আসিয়াছিল। এই সময়ে ভারতের শেষ গ্রীক রাজ্য কুষাণগণ কর্তৃক বিজিত হইল। বিম কদফিস্ (Vima বা Wema Kadphises II) বা ২য় কদফিস্ গন্ধার হইতে কাশী পর্যন্ত সমগ্র ভূভাগ অধিকার করেন। ইঁহাদের মুদ্রায় বৃষভবাহন শিবের মূর্তি দেখা যায়। কেহ কেহ অনুমান করেন যে, ২য় কদফিস্ শৈবধর্ম অবলম্বন করিয়াছিলেন। একজন 'মহাসেনাপতি' উপাধিধারী প্রতিনিধির হস্তে ভারতবর্ষের শাসনভার অর্পণ করিয়া তিনি ফিরিয়া যান। কথিত আছে যে, তিনি রোমসম্রাট্ ট্রাজানের (৯৮-১১৭ খৃঃ অব্দ) নিকট দূত প্রেরণ করেন। ইন্দো-রোমক শিল্পের বিকাশ এসময়ে সুরু হয়।

সম্রাট কণিষ্ক।—বিম কদফিসের পর কণিষ্ক কুষাণ রাজ্যের সিংহাসনে আরোহণ করেন। বিম কদফিসের সঙ্গে তাঁহার কি সম্পর্ক ছিল তাহা বলা যায় না। তিনি ঠিক

কণিষ্কের সাম্রাজ্য


কখন সিংহাসনে আরোহণ করেন তাহাও নিশ্চয় করিয়া জানিতে পারা যায় না। তবে কণিষ্কই যে কুষাণ-বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি ছিলেন, সেবিষয়ে সকলেই এক মত। তাঁহার রাজত্বকালেই কুষাণ সাম্রাজ্য উন্নতির সর্বোচ্চ শিখরে

আরোহণ করিয়াছিল। ভারতবর্ষের কাশ্মীর ও পূর্ব-তুর্কীস্তানের কাশগড়, ইয়ারখন্দ, খোটান, প্রভৃতি স্থান তাঁহার সময়ে কুষাণ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়। পাটলিপুত্রের রাজাও তাঁহার নিকট পরাজিত হন। মধ্য-এশিয়া হইতে কাশী পর্যন্ত বিস্তীর্ণ ভূভাগ তাঁহার অধিকারভুক্ত ছিল। কথিত আছে, তিনি চীন-সম্রাটের সহিত যুদ্ধে জয়লাভ করিয়া একজন চীন-রাজকুমারকে নিজ রাজ্যে জামিন (hostage)-স্বরূপ আটক রাখিয়াছিলেন। কণিষ্কের রাজধানী ছিল পুরুষপুর (পেশোয়ার)। গান্ধার, পঞ্জাব, সিন্ধু এবং উত্তরপ্রদেশের এক বিস্তীর্ণ অংশ তাঁহার ভারতীয় সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। সাম্রাজ্যের পূর্বাংশের প্রদেশ-সমূহ ক্ষত্রপ ও মহাক্ষত্রপ উপাধিধারী শাসক-গণের শাসনাধীন ছিল। মহামতি ধর্মাশোকের ন্যায় তিনিও বৌদ্ধধর্মের প্রধান পৃষ্ঠপোষক ছিলেন। ইতিপূর্বেই বৌদ্ধধর্ম হীনযান ও মহাযান এই দুইটি সম্প্রদায়ে বিভক্ত ও হীনবল হইয়া পড়িয়াছিল। এই মতভেদ ও বিরোধ দূর করিবার জন্য সম্রাট কণিষ্ক, সম্ভবতঃ কাশ্মীরে, বৌদ্ধ ধর্মাচার্যগণকে এক মহা-সম্মেলনে আহ্বান করেন; ইহাই চতুর্থ এবং ভারতের শেষ বৌদ্ধ সঙ্গীতি। এই সম্মেলনে মহাযান মতবাদ সংস্কৃত ও স্বীকৃত হয় এবং উহারই ফলে ভারতের বাহিরে নূতন করিয়া বৌদ্ধধর্মের বিস্তার ঘটে। কিন্তু তখন হইতে ভারতবর্ষে বৌদ্ধ-ধর্মের প্রভাব কমিতে থাকে কিন্তু মধ্য এশিয়াতে বাড়ে। কণিষ্ক অনেক স্তূপ ও বিহার (মঠ) নির্মাণ করাইয়াছিলেন। কাশ্মীরে তিনি কণিষ্কপুর নামে একটি নগর প্রতিষ্ঠা করেন এবং সেখানে অনেক স্তূপ নির্মাণ করিয়া নগরটিকে সুশোভিত করিয়া-ছিলেন। রাজধানী পুরুষপুরে বুদ্ধের দেহাবশেষের উপর তিনি যে বিরাট স্তূপ নির্মাণ করেন তাহা সে যুগের একটি দর্শনীয় বস্তু ছিল। কণিষ্ক বিদ্বানের সমাদর করিতেন।


কণিষ্ক (মথুরায় প্রাপ্ত)

চতুর্থ বৌদ্ধ-সম্মেলন

পণ্ডিতসমাজ


কুষাণ সাম্রাজ্য
মাইল
০ ১০০ ২০০ ৩০০ ৪০০ ৫০০
কাশ্মীর
পুরুষপুর
আটক
ঝিলাম
শতদ্রু
ক নি ষ্কে র রা জ্য
সিন্ধু
সি ন্ধু
মথুরা
যমুনা
চম্বল
গঙ্গা
পাটলিপুত্র
ম গ ধ
মা ল ব
উজ্জয়িনী
বিন্ধ্য পর্বত
সৌরাষ্ট্র
নর্মদা
গোদাবরী
অ ন্ধ্র
কলিঙ্গ
কৃষ্ণা
আ র ব
সা গ র
ব ঙ্গো প সা গ র
ময়লাপুর
চোল
সিংহল

'বুদ্ধচরিত'-রচয়িতা বৌদ্ধকবি ও সঙ্গীতজ্ঞ অশ্বঘোষ, বৌদ্ধদার্শনিক ও বৈজ্ঞানিক নাগার্জুন এবং বসুমিত্র, চিকিৎসাগ্রন্থ-রচয়িতা চরক প্রভৃতি মহামনীষিগণ তাঁহার সভা অলঙ্কৃত করিয়াছিলেন।


শকাব্দ

কণিষ্কের রাজত্বকাল লইয়া পণ্ডিতদের মধ্যে মতভেদ আছে। অধিকাংশ পণ্ডিতের মতে তিনি ৭৮ খৃষ্টাব্দে সিংহাসনে আরোহণ ও শকাব্দের প্রতিষ্ঠা করেন। মথুরায় রাজবেশী কণিষ্কের একটি অর্ধভগ্ন প্রস্তরমূর্তি পাওয়া গিয়াছে।

কণিষ্কের উত্তরাধিকারিগণ

কণিষ্কের পর যথাক্রমে বাসিষ্ক, হুবিষ্ক, ২য় কণিষ্ক এবং বাসুদেব কুষাণ সাম্রাজ্যের সিংহাসন লাভ করেন। তাঁহাদের রাজত্বকাল সম্বন্ধে বিশেষ উল্লেখযোগ্য তথ্য জানিতে পারা যায় না। বাসুদেবের পর হইতে হিন্দু রাজাদের উন্নতি ও বৌদ্ধ-কুষাণ সাম্রাজ্যের অধঃপতন আরম্ভ হয়। ক্রমে কুষাণ রাজ্য সীমান্ত প্রদেশ ও পঞ্চনদের মধ্যে আবদ্ধ হইয়া পড়ে। কিন্তু বঙ্গদেশে কুষাণ মুদ্রাদি পাওয়া গিয়াছে।

সংঘর্ষ ও সমন্বয় :—মৌর্য সাম্রাজ্য পতনের পর বিদেশী জাতিগুলি ভারত আক্রমণ



সাঁচী স্তূপ

করে এবং বহু যুদ্ধ-বিগ্রহের পর উত্তর ও পশ্চিম ভারতে রাজ্য স্থাপন করে। কিন্তু এই

সকল বৈদেশিক জাতি দীর্ঘকাল নিজেদের স্বতন্ত্র অস্তিত্ব রক্ষা করিতে সক্ষম হয় নাই। অতি অল্পকাল মধ্যেই ইহারা ভারতের উন্নততর সভ্যতা, ধর্ম ও সংস্কৃতি গ্রহণ করিয়া ভারতীয় সমাজের অঙ্গীভূত হইয়া গিয়াছিল। গ্রীকরাজ মিনান্দার বৌদ্ধধর্ম গ্রহণ করিয়াছিলেন। তক্ষশিলার গ্রীক রাজা অন্তালকিদাসের দূত হেলিয়োডোরস্ বৈষ্ণব দেবতা বাসুদেবের প্রতি সম্মান জ্ঞাপন করিবার উদ্দেশ্যে বেশনগরে একটি গরুড়স্তম্ভ স্থাপন করিয়াছিলেন। ইহা হইতে অনুমান করা যায় যে, তিনি বৈষ্ণবধর্মে বিশ্বাসী ছিলেন। কুষাণরাজ ২য় কদফিস্ ও কণিষ্কের বংশধরগণ সম্ভবতঃ শৈব ছিলেন। তাঁহাদের মুদ্রায় শিবমূর্তি অঙ্কিত আছে। কণিষ্ক স্বয়ং ছিলেন বৌদ্ধ। সেকালের শিল্প, সাহিত্য ও বিজ্ঞানে এই সমন্বয়ের পরিচয় পাওয়া যায়।

বিভিন্ন বিদেশী জাতির ভারতীয় জাতির অন্তর্ভুক্তি

ভারতীয় শিল্পধারায় গ্রীক প্রভাব : গান্ধার শিল্প।—উত্তর-পশ্চিম ভারতে গ্রীক, শক, কুষাণ প্রভৃতি বৈদেশিক রাজগণ কয়েক শতাব্দী পর্যন্ত রাজত্ব করেন। এই সময়ে ভারতে একটি নূতন শিল্পরীতির উদ্ভব হয়। ইহা গান্ধার শিল্প নামে খ্যাত। উত্তর-পশ্চিম ভারতে গ্রীক রাজগণের শাসনকালে গ্রীক সংস্কৃতির সহিত ভারতের নিবিড় পরিচয় ঘটিয়াছিল। ইহার ফলেই ভারতীয় ও গ্রীক শিল্পরীতির সংমিশ্রণে গান্ধার শিল্প রীতির অভ্যুদয় হয়। ইহার বৈশিষ্ট্য হইল গ্রীক ও রোমান শিল্প পদ্ধতির সাহায্যে ভারতের ভাবধারাকে রূপায়িত করা। এই সময় শিল্পীরা বিষয়বস্তু প্রধানতঃ বৌদ্ধ ও পৌরাণিক উপাখ্যানাদি হইতে গ্রহণ করিয়া গ্রীক ও রোমান পদ্ধতি অনুসারে সম্পাদিত করেন। এই যুগেই প্রথম বহু



গান্ধার শিল্প

বুদ্ধ ও বোধিসত্ত্বের মূর্তি নির্মিত হয়। গ্রীক দেবদেবী নির্মাণে যে ধারা অনুসৃত হইত, তাহাই ভারতীয় শিল্পিগণ গ্রহণ করে এবং ইহাতে অপূর্ব দক্ষতা লাভ করে।

মুদ্রা।—স্থাপত্য ও ভাস্কর্য শিল্প অপেক্ষা এযুগের রাজগণ কর্তৃক প্রচারিত মুদ্রাসমূহে গ্রীক ও রোমান প্রভাব অধিকতর সুস্পষ্ট। প্রাচীন ভারতের শিল্পীরা মুদ্রা নির্মাণে বিশেষ সৌন্দর্যবোধের পরিচয় দিতে পারে নাই। কিন্তু এযুগের মুদ্রাগুলি গ্রীক ও রোমান মুদ্রার অনুকরণে নির্মিত হইয়াছিল এবং ইহার সুঠাম গড়ন শিল্পীদের নৈপুণ্য ও সৌন্দর্যবোধের পরিচয় বহন করিতেছে। এই সময়ের গ্রীক, শক ও কুষাণ রাজারা যে সকল মুদ্রা প্রচার করেন তাহাতে তাঁহাদের প্রতিকৃতি, নাম অথবা দেবদেবীর মূর্তি অঙ্কিত থাকিত।

গ্রীক ও রোমান অনুকরণে মুদ্রা নির্মাণ

গ্রীক মুদ্রাগুলি নির্মাণে রৌপ্য ও তাম্রের ব্যবহার করা হইয়াছে। এযুগের কয়েকটি স্বর্ণমুদ্রাও পাওয়া গিয়াছে। মুদ্রাগুলি ছিল দ্বিভাষিক—অর্থাৎ 'গ্রীক' ও 'প্রাকৃত' উভয় ভাষাই একসঙ্গে ব্যবহার করা হইয়াছে।

ধর্ম: ব্রাহ্মণ্য বা পৌরাণিক হিন্দুধর্ম।—বৈদিক যুগের শেষ দিকে নিষ্ঠাহীন ও জটিল ক্রিয়াকাণ্ডপূর্ণ বৈদিক ধর্মব্যবস্থার প্রতিবাদে বেদ-বিরোধী বৌদ্ধ ও জৈনধর্মের উদ্ভব হইয়াছিল ইহা পূর্বেই উক্ত হইয়াছে। বৌদ্ধধর্ম এককালে সমগ্র ভারতেই প্রসার লাভ করিয়াছিল তাহা নয়, ভারতের বাহিরেও নানাদেশে বিস্তৃত হইয়াছিল। কালক্রমে বৌদ্ধধর্মের নৈতিক আদর্শের বহুল পরিবর্তন ঘটে ও ভারতে ইহার প্রভাব ক্রমশঃ হ্রাস পায় এবং এই ধর্ম ধীরে ধীরে হিন্দুধর্মের অঙ্গীভূত হইয়া যায়। তখন বুদ্ধদেব হিন্দুদের অন্যতম অবতাররূপে পরিগণিত হন। এই সুদীর্ঘকালের মধ্যে বৈদিক হিন্দুধর্মেরও এক বিরাট পরিবর্তন হয়। এই পরিবর্তনের ফলে রূপান্তরিত হিন্দুধর্ম ব্রাহ্মণ্যধর্ম বা পৌরাণিক হিন্দুধর্ম নামে পরিচিত হয়। ইহার মূল ভিত্তি হইল পুরাণ ও তন্ত্রশাস্ত্র। 'পুরাণ' কথাটির অর্থ প্রাচীন বা অনাদি। পুরাণ প্রভৃতি গ্রন্থে সৃষ্টিতত্ত্ব, দেব-দেবীগণের উদ্ভব ও লীলা মাহাত্ম্য, প্রাচীন রাজগণের কীর্তিকলাপ প্রভৃতি বর্ণনার মধ্য দিয়া ধর্মোপদেশ এবং ইতিহাস ও ভূগোল লিপিবদ্ধ করা হইয়াছে।

পৌরাণিক হিন্দু ধর্মের উদ্ভব

বৈদিক ধর্মের সহিত পৌরাণিক হিন্দুধর্মের অনেক পার্থক্য আছে। বৈদিক যুগের ইন্দ্র,

বরুণ, উষা, প্রভৃতি দেব-দেবীর স্থানে তখন পুরাণোক্ত ব্রহ্মা, বিষ্ণু, শিব, কার্তিকেয় প্রভৃতি দেবগণের পূজা প্রচলিত হয়। এযুগের অন্যান্য দেবতাদের মধ্যে সূর্য ও গণপতি প্রধান। ক্রমে ব্রহ্মার পূজা অপ্রচলিত হইয়া পড়িল এবং হিন্দুগণ বিষ্ণুর প্রতি অধিক ভক্তি প্রদর্শন করিতে লাগিল। ধর্মবিপ্লবের যুগে দুষ্টের দমন ও শিষ্টের পালনের জন্য পৃথিবীতে বিষ্ণু মানবরূপে অবতীর্ণ হন, এই মতবাদ জনচিত্ত আকর্ষণ করিল। বিষ্ণুপূজার সঙ্গে সঙ্গে প্রাচীনযুগের মহাপুরুষগণও 'অবতার' রূপে জনসমাজে পূজিত হইতে লাগিলেন। অবতারবাদ পৌরাণিক হিন্দুধর্মের একটি বিশেষত্ব। তান্ত্রিক দেবীগণের মধ্যে দুর্গা বিশ্বের মহাশক্তিরূপে সর্বপ্রধান স্থান অধিকার করিলেন। এই সময়েই আবার তন্ত্রোক্ত ইষ্ট দেব-দেবীর পূজাও প্রচলিত হয়। নানা দেব-দেবীর পূজার পরিবর্তে একজন ইষ্টদেবতা অথবা দেবীর পূজাই অনেকে মোক্ষলাভের শ্রেষ্ঠ উপায় বলিয়া মনে করিতে লাগিলেন। এইরূপে পৌরাণিক বা লৌকিক ধর্মের প্রসারের সঙ্গে সঙ্গে মূর্তিপূজার বহুল প্রচলন হইল এবং দেশের সর্বত্র সুন্দর সুন্দর মন্দির ও বিগ্রহ প্রতিষ্ঠিত হইল।

অবতারবাদ

বৌদ্ধধর্মের পরিবর্তন : হীনযান ও মহাযান।—বুদ্ধদেবের মৃত্যুর এক শতাব্দীর মধ্যেই বৌদ্ধগণ দুইটি সম্প্রদায়ে বিভক্ত হইয়া পড়িল। কালক্রমে এই সম্প্রদায়দ্বয়—হীন-যান ও মহাযান নামে পরিচিত হইল, ইহা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। উত্তর-ভারতের শৈব ও বৈষ্ণব ধর্মও মহাযান মতকে প্রভাবিত করিয়াছে ইহা অনেকে মনে করেন। মহাযান কথাটির অর্থ হইল শ্রেষ্ঠপথ। মহাযানীরা অপর সম্প্রদায়ের ধর্মমতকে হীন বা নিকৃষ্ট মনে করিত; এজন্য হীনযান কথাটির উদ্ভব হইয়াছে। কুষাণ যুগে ভারতের বাহিরে চীন ও জাপান পর্যন্ত মহাযান বৌদ্ধমত প্রচারিত হইয়াছিল।

সমাজ।—বৌদ্ধ যুগের প্রারম্ভ হইতেই হিন্দুসমাজে নানারূপ পরিবর্তনের সূচনা হয়। স্মরণাতীত কাল হইতেই বর্ণাশ্রম ধর্ম হিন্দুসমাজ-ব্যবস্থার মূলনীতি বলিয়া স্বীকৃত হইয়া আসিতেছে। কিন্তু প্রথম অবস্থায় ইহা বর্তমান যুগের ন্যায় অনুদার ছিল না। বৈদিক যুগের শেষের দিক হইতেই ব্রাহ্মণগণ সমাজবন্ধন দৃঢ় করিবার অভিপ্রায়ে নানারূপ বিধি-নিষেধ প্রবর্তন করিতে আরম্ভ করেন। প্রধান প্রধান স্মৃতিগ্রন্থসমূহ মৌর্যোত্তর যুগে রচিত হয়। যবন, শক, পহ্লব, কুষাণ প্রভৃতি বিভিন্ন বৈদেশিক ম্লেচ্ছ

জাতির উপপ্লাবন হইতে সমাজ রক্ষার অভিপ্রায়ে স্মৃতিকারগণ নানাপ্রকার বিধি-নিষেধ প্রচলিত করেন। কিন্তু তখন পর্যন্তও হিন্দুসমাজ সংকীর্ণ অথবা অস্পৃশ্যতাবাদী ছিল না। কারণ, যুগে যুগে বহিরাগত ম্লেচ্ছজাতিসমূহ বৌদ্ধ অথবা হিন্দুধর্মে গ্রহণ করিয়া বিশাল হিন্দুসমাজ-দেহে মিশিয়া যায়। বৈদেশিক জাতির মধ্যে যাহারা শৌর্যবীর্যে প্রতিষ্ঠালাভ করিয়াছিল তাহারা সমাজে ক্ষত্রিয় বলিয়া পরিগণিত হইল, সাধারণ স্তরের অ-হিন্দু লোকেরা আচার ও বৃত্তি অনুযায়ী বৈশ্য-শূদ্রাদি নিম্নস্তরের হিন্দুদের সমপর্যায়ভুক্ত হইয়া গেল। তখনকার যুগে জাতিভেদ এত কঠোর ছিল না। সমাজে অসবর্ণ বিবাহ প্রচলিত ছিল। মৌর্য চন্দ্রগুপ্তের সহিত গ্রীক রাজকুমারীর বিবাহ এবং শকরাজ রুদ্রদামনের কন্যার সহিত ব্রাহ্মণ সাতবাহন বংশীয় রাজকুমারের বিবাহ হইতে প্রমাণ হয় হিন্দুসামাজ তখনও অনুদার ছিল না। কালক্রমে বিভিন্ন জাতির পরস্পর সংমিশ্রণ, অবাধ-অসবর্ণ বিবাহ প্রভৃতির ফলে সমাজে অনেক সঙ্কর বা মিশ্র জাতির উদ্ভব হইলে নূতন করিয়া সমাজ বন্ধনের প্রয়োজন উপস্থিত হয়। তখন নানা বিধি-নিষেধ রচিত হইবার ফলে জাতিভেদের কঠোরতা বৃদ্ধি পাইল এবং হিন্দুসমাজ সংকীর্ণ হইয়া গেল।

সমাজে পরিবর্তন


সমাজে নারীজাতির স্থান।—বৈদিক যুগ হইতে হিন্দুসমাজে নারীজাতি যথেষ্ট মর্যাদা লাভ করিয়া আসিয়াছেন। পরবর্তী যুগেও তাঁহাদের মধ্যে অনেকে রাজ্ঞী, শাসন-কর্ত্রী, সেনানায়িকা প্রভৃতি দায়িত্বপূর্ণ পদে যোগ্যতার সহিত কার্য করিয়া গিয়াছেন। নারীরা নৃত্যগীতাদি, চিত্রাঙ্কন, নাট্য-শিল্প প্রভৃতি নানাবিধ বিদ্যা ও চারুকলায় উচ্চশিক্ষা লাভ করিতেন এবং প্রকাশ্য জনসভায় নিজেদের কৃতিত্ব প্রদর্শন করিতেন। কিন্তু মৌর্যোত্তর যুগে স্মৃতিকারদের কঠোর বিধি-নিষেধের ফলে নারীজাতির শিক্ষা ও স্বাধীনতা ক্রমেই ক্ষুণ্ণ হইতে থাকে। এই সময়ে নারীর পক্ষে বেদপাঠ ও শাস্ত্রালোচনা নিষিদ্ধ হইল; নারীজাতির শিক্ষা ও স্বাতন্ত্র্য প্রায় লোপ পাইল। বাল্যবিবাহ প্রসারের সঙ্গে সঙ্গে ইহাদের স্বয়ংবর প্রথা বিলুপ্ত হইল এবং উচ্চ-বংশীয় নারীদের মধ্যে ধীরে ধীরে অবরোধ প্রথা দেখা দিল। সমাজের অর্ধাঙ্গিনী নারীজাতির অবনতির সঙ্গে সঙ্গে হিন্দুজাতি দুর্বল হইয়া পড়িল।

নারীজাতির শিক্ষা ও স্বাতন্ত্র্য লোপ

সমসাময়িক ভারতীয় সভ্যতা।—মৌর্য সাম্রাজ্যের পতনের ফলে ভারতবর্ষ বহু ক্ষুদ্র ক্ষুদ্র রাষ্ট্রে বিভক্ত হইয়া পড়িলেও ভারতীয় সভ্যতার অগ্রগতি অব্যাহত ছিল।

সাহিত্য, দর্শন, বিজ্ঞান, শিল্পকলা, প্রভৃতির জন্য এ-যুগ প্রসিদ্ধ। অশ্বঘোষের 'বুদ্ধচরিত', গুনাঢ্যের 'বৃহৎ কথা' এবং সম্ভবতঃ মহাকবি ভাসের নাট্যসমূহ এ-যুগেরই সৃষ্টি। 'রামায়ণ' ও 'মহাভারত' এই দুইখানি মহাকাব্যকে আমরা আজ যে আকারে পাই, প্রধানতঃ তাহাও অনেকের মতে এই সময়েই সমাপ্ত হয়। প্রসিদ্ধ বৈয়াকরণ পতঞ্জলির 'মহাভাষ্য', দার্শনিক কাত্যায়নীপুত্রের 'বিভাষা' ও নাগার্জুনের 'মাধ্যমিক সূত্র', গ্রীকরাজ মিলিন্দের প্রশ্নাবলী ('মিলিন্দ পঞ্‌হো'), জ্যোতির্বিদ গর্গের 'সংহিতা', আয়ুর্বেদজ্ঞ চরক ও সুশ্রুতের 'সংহিতা', প্রভৃতি গ্রন্থগুলির প্রত্যেকটি জ্ঞান-বিজ্ঞান রাজ্যের শ্রেষ্ঠ সম্পদ্। কৌটিল্যের 'অর্থশাস্ত্র', হিন্দুর প্রধান ধর্মশাস্ত্র 'মনুসংহিতা', বাৎসায়নের 'কামসূত্র' ও যাজ্ঞবল্ক্য-'স্মৃতি', প্রভৃতি অমূল্য গ্রন্থও এই যুগে সঙ্কলিত হইয়াছিল।

সাহিত্য, দর্শন, বিজ্ঞান প্রভৃতি



চৈত্যগৃহ—ভাজা

স্থাপত্য ও ভাস্কর্য শিল্পে এ-যুগে বিশেষ উৎকর্ষ লাভ করিয়াছিল। সুবিখ্যাত সাঁচী স্তূপের তোরণগুলির শিল্পকলা এ-যুগের ভারতীয় ভাস্কর্যের অনুপম নিদর্শন। অন্যান্য শিল্পনিদর্শনের মধ্যে মথুরা, ভারহুত, বুদ্ধগয়া, নাগার্জুনীকোণ্ডা ও অমরাবতীর শিলাবেষ্টনী, ভাজার বিহার, কার্লে, কান্‌হেরী, নাসিক ও নানাঘাটের গুহাচৈত্য প্রভৃতি সর্বাপেক্ষা উল্লেখযোগ্য।

শিল্প

তক্ষশিলার বিশ্ববিদ্যালয়।—মৌর্যোত্তর যুগে তক্ষশিলার বিশ্ববিদ্যালয় ছিল শিক্ষা ও সংস্কৃতির সর্বপ্রধান কেন্দ্র। বর্তমান রাওয়ালপিণ্ডির অনতিদূরে গান্ধার দেশে প্রাচীন তক্ষশিলা অবস্থিত ছিল। ভারতের বিভিন্ন দেশ, এমনকি ভারতের বাহিরের বহুদেশ হইতে বিদ্যার্থীরা বিভিন্ন বিষয়ে শিক্ষালাভ ও গবেষণার জন্য এখানে আসিতেন। এখানে খ্যাতনামা আচার্যগণ চিকিৎসা-বিদ্যা, ব্যাকরণ, দর্শন, গণিত, জ্যোতিষ, সাহিত্য ও রাজ-

নীতি প্রভৃতি বিভিন্ন বিষয়ে শিক্ষাদান করিতেন। পাণিনি, জীবক, কৌটিল্য প্রভৃতি মহামনীষিগণ এখানে শিক্ষালাভ করিয়াছেন।

উপনিবেশ

বৌদ্ধধর্ম বিস্তার।—স্থলপথে ভারতবর্ষের বাহিরে ধর্মপ্রচার, ও সমুদ্রপথে বাণিজ্য-বিস্তার এবং উপনিবেশ-স্থাপনের জন্যও এই যুগ বিশেষভাবে স্মরণীয়। অশোকের রাজত্বকালে চীন ও ব্রহ্মদেশে ধর্মপ্রচারের জন্য প্রচারকমণ্ডলী প্রেরণ করা হইয়াছিল বলিয়া যে প্রবাদ আছে, কোন কোন ঐতিহাসিক তাহাতে সন্দেহ করেন। কিন্তু মৌর্যোত্তর যুগে যে সেখানে বৌদ্ধমত প্রচার করা হইয়াছিল তাহার বিশিষ্ট প্রমাণ আছে। কাশ্মীর, গান্ধার এবং তৎসন্নিহিত স্থানসমূহ তখন মহাযান বৌদ্ধধর্মের কেন্দ্র ছিল। এই অঞ্চল হইতে বৌদ্ধধর্ম পশ্চিমে রোমক সাম্রাজ্য ও পূর্বে চীনদেশে বিস্তারলাভ করে। এই যুগের (১-২ খৃষ্টাব্দের) ভারতীয় গজদন্তের শিল্পনিদর্শন সম্প্রতি ইতালিতে পাওয়া গিয়াছে এবং রোমক সাম্রাজ্যের মুদ্রাদি ভারতে ও ইন্দোচীনে আবিষ্কৃত হইয়াছে।

চীনে বৌদ্ধধর্ম প্রচার

চীনদেশে ঠিক কোন্ সময়ে বৌদ্ধধর্ম গৃহীত হইয়াছিল, সেবিষয়ে পণ্ডিতদের মধ্যে মত-ভেদ আছে। তবে খৃষ্টের জন্মের পূর্বেই যে ভারতীয় প্রচারকগণ তথায় গমন করিতে আরম্ভ করেন, সেবিষয়ে সকলেই প্রায় একমত। প্রসিদ্ধ চীনসেনাপতি চাঙ্-কিয়েন খৃঃ পূঃ ১৩৫-১২৫ অব্দে ভারত-সীমান্তে আসিয়া প্রথম চীন ভাষায় এ দেশের নাম সেনটু (সিন্ধু) লিপিবদ্ধ করেন। কথিত আছে, ইহার অব্যবহিত পরেই সম্রাট উ-টি, চীন হইতে ভারত পর্যন্ত একটি রাজপথ নির্মাণ করিয়া দেন। চীনসম্রাট মিঙ্-টি (Ming-ti) ৬৭ খৃষ্টাব্দে বৌদ্ধধর্মে দীক্ষা গ্রহণ করেন বলিয়া একটি প্রবাদ আছে। তাঁহারই রাজত্বকালে কাশ্যপ-মাতঙ্গ, ও ধর্মরত্ন নামে দুইজন ভারতীয় প্রচারক চীনে আমন্ত্রিত হইয়া চীনা ভাষায় বৌদ্ধ ধর্মগ্রন্থের অনুবাদ আরম্ভ করিয়াছিলেন। ইহাদের পরে পরবর্তী নয় শত বৎসর পর্যন্ত বহু বৌদ্ধ সন্ন্যাসী ভারত হইতে চীনে ধর্মপ্রচার করিতে গিয়াছেন এবং চীন হইতেও বহু পণ্ডিত ভারতে আসিয়াছেন। এই যাতায়াতের ফলে ভারত ও চীনের মধ্যে সংস্কৃতির আদান-প্রদান হয় এবং মৈত্রীর বন্ধন দৃঢ়তর হয়। ভারতের সহিত চীনের এই সংযোগ হইতেই ভারতের স্থাপত্য-শৈলী চীনে কিছু পরিমাণ প্রভাব বিস্তার করে।

ধর্মপ্রচার ব্যতীত বাণিজ্য-ব্যপদেশেও ভারতীয় বণিকগণ স্থলপথে ও সমুদ্রপথে ভারতের

বাহিরে, উত্তর ও পূর্ব-আফ্রিকা, তুর্কীস্তান, ইরান, বাবিলন, আরব, মিশর, চীন ও পূর্ব-উপদ্বীপ, প্রভৃতি সুদূর দেশে যাতায়াত করিত। বহির্জগতে এযুগে ভারতীয় সংস্কৃতি ও বহির্বাণিজ্যের বিশেষ প্রসার ঘটে। মালয়, শ্যাম, ইন্দোচীন, সুমাত্রা, জাভা, বোর্ণিও এবং সুদূর সেলিবিস্ ও ফিলিপিন প্রভৃতি স্থানেও ভারতীয়গণ "বৃহত্তর ভারতের" প্রতিষ্ঠা করেন। বাংলার তাম্রলিপ্তি বন্দরও বৌদ্ধ ধর্মকেন্দ্র ছিল।

ভারত ও রোমের মধ্যে বাণিজ্য।—প্রাচীনকালে রোম সাম্রাজ্যের সহিত ভারতের বাণিজ্যের যোগাযোগ ছিল। দক্ষিণ-ভারতের পশ্চিম-উপকূলে বহু ভাল ভাল বন্দর ছিল। এখান হইতে বণিকেরা ভারতীয় জাহাজে পণ্য লইয়া লোহিত সাগরের উপকূলে অবস্থিত আফ্রিকার বন্দরসমূহে যাইত। সেখান হইতে এই পণ্য স্থলপথে অথবা ছোট ছোট নৌকায় খালের পথে মিশরের আলেকজান্দ্রিয়া বন্দরে লইয়া যাওয়া হইত। আলেকজান্দ্রিয়া হইতে ইহা রোমে প্রেরণ করা হইত। স্থলপথেও ভারত হইতে পণ্যসম্ভার পারস্য ও সিরিয়া হইয়া পশ্চিম-এশিয়ার ভূমধ্যসাগরের উপকূল (Levaset) পর্যন্ত লইয়া যাওয়া হইত। সেখান হইতে ইহা ইউরোপে চালান যাইত। নর্মদা নদীর মোহনায় অবস্থিত ভৃগুকচ্ছ এবং পাণ্ড্য রাজ্যের কয়াল ছিল ভারতে পাশ্চাত্ত্য বাণিজ্যের প্রধান কেন্দ্র। অতি সূক্ষ্ম কার্পাস বস্ত্র (মস্‌লিন), রেশম বস্ত্র, নীল ও বিভিন্ন রং, নানাবিধ মশলা, চিনি, মুক্তা ও মূল্যবান প্রস্তরাদি ভারতের প্রধান রপ্তানী দ্রব্য ছিল। ভারতের মস্‌লিন রোমান রাজপরিবারে সমাদৃত হইত। নানাবিধ কাচের বাসন, সুগন্ধ দ্রব্য এবং সোনা-রূপা প্রভৃতি মূল্যবান ধাতু রোম হইতে ভারতে আমদানী হইত। রোম সাম্রাজ্যের সহিত বাণিজ্য-সূত্রে ভারতে প্রভূত অর্থ আসিত। রোমান ঐতিহাসিক প্লিনি (Pliny) অতি ক্ষোভের সহিত বলিয়াছেন যে, হিন্দু বণিকগণ প্রতিবৎসর ভারতীয় পণ্যের বিনিময়ে প্রভূত অর্থ রোমান সাম্রাজ্য দোহন করিয়া ভারতে লইয়া আসিত। দক্ষিণ-পশ্চিম-ভারতের প্রাচীন বন্দরগুলিতে মাটির নীচে বহু রোমান মুদ্রা পাওয়া গিয়াছে। পাণ্ড্য দেশের একজন রাজা রোমান সম্রাট অগষ্টাসের নিকট দূত পাঠাইয়াছিলেন।

ভারতের বাণিজ্য-সম্ভার

বংশ-তালিকা

(ক) শুঙ্গবংশ

(১) পুষ্যমিত্র
|
(২) অগ্নিমিত্র
|
(৩) বসুমিত্র

অন্যান্য রাজার নাম অজ্ঞাত

(খ) কুষাণ বংশ

(১) ১ম কদফিস্
(২) ২য় কদফিস্
(৩) কণিষ্ক
(৪) বাসিষ্ক
(৫) হুবিষ্ক
(৬) ২য় কণিষ্ক
(৭) বাসুদেব

প্রশ্নাবলী

১। মৌর্য সাম্রাজ্য পতনের পরে ভারতের রাজনৈতিক অবস্থা বর্ণনা কর।

২। উত্তর-পশ্চিম ভারতের গ্রীক ও শক রাজাদের সম্বন্ধে কি জান?

৩। প্রাচীন গ্রীক জাতির সহিত ভারতবর্ষের যোগাযোগ সংক্ষেপে বর্ণনা কর।

৪। কণিষ্কের রাজত্ব সম্বন্ধে কি জান?

৫। কুষাণ বলিতে কাহাদের বুঝায়? ভারতে কুষাণ সাম্রাজ্যের ইতিহাস লিখ।

৬। কুষাণ যুগে ভারতীয় সভ্যতার অবস্থা বর্ণনা কর।

অষ্টম অধ্যায়

মগধের পুনরভ্যুদয়—গুপ্ত সাম্রাজ্য ও সভ্যতা

(Gupta Empire and its Civilization)

প্রথম চন্দ্রগুপ্ত (৩২০—৩৩০ খৃঃ অব্দ)।—কুষাণ সাম্রাজ্য পতনের পরে উত্তর-ভারতে বহু ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাজ্যের উদ্ভব হইল। এই সকল রাজ্যগুলি পরস্পর যুদ্ধবিগ্রহে ব্যাপৃত থাকায় উত্তর-ভারতে রাজনৈতিক অনৈক্য ও বিশৃংখলা দেখা দিল। প্রায় শতাব্দী-কাল পরে খৃষ্টীয় চতুর্থ শতকের প্রথম ভাগে এক নূতন রাজবংশের অভ্যুদয়ের ফলে মগধ আবার পরাক্রান্ত হইয়া উঠিল এবং উত্তর-ভারতে পুনরায় শান্তি ফিরিয়া আসিল। এই রাজবংশ গুপ্তবংশ নামে খ্যাত। এই বংশের প্রথম দুইজন রাজা শ্রীগুপ্ত ও তাঁহার পুত্র ঘটোৎকচ সম্ভবতঃ মগধের অন্তর্গত সামান্য এক ভূখণ্ডের অধিপতি ছিলেন। ইঁহারা উভয়েই মহারাজা উপধি ধারণ করিয়া রাজত্ব করিতেন। তৃতীয় নরপতি চন্দ্রগুপ্তের (১ম) সময় হইতেই রাজ্যবিস্তারের সূত্রপাত হয়। পাটলিপুত্রই তাঁহার রাজধানী ছিল। পরাক্রান্ত লিচ্ছবিকুলের রাজকন্যা কুমারদেবীকে বিবাহ করায় তাঁহার প্রভাব-প্রতিপত্তি বৃদ্ধি পায়। ক্রমে মগধ হইতে প্রয়াগ (এলাহাবাদ) ও অযোধ্যা পর্যন্ত তাঁহার অধিকার বিস্তৃত হয় এবং তিনি 'মহারাজাধিরাজ' উপাধি গ্রহণ করেন। পণ্ডিতগণের মতে ৩২০ খৃষ্টাব্দে তাঁহার রাজ্যাভিষেক-বৎসরে একটি অব্দের প্রচলন হয়—উহাই গুপ্তসংবৎ বা গুপ্তাব্দ।

সমুদ্রগুপ্ত (৩৩০—৩৭৫ খৃঃ অব্দ)।—চন্দ্রগুপ্তের পর তাঁহার পুত্র সমুদ্রগুপ্ত মগধের সিংহাসনে আরোহণ করেন। প্রাচীন ভারতের শ্রেষ্ঠ নরপতিদের মধ্যে তিনি ছিলেন অন্যতম। তাঁহার ন্যায় সর্বতোমুখী প্রতিভা খুব অল্প রাজার মধ্যে দেখিতে পাওয়া গিয়াছে। প্রথমে তিনি উত্তর-ভারতে নয়জন রাজাকে পরাজিত করিয়া গঙ্গা, যমুনা, ও চম্বল নদীর মধ্যবর্তী ভূ-ভাগে একচ্ছত্র প্রভুত্ব প্রতিষ্ঠা করেন। পরাজিত রাজগণের মধ্যে ছিলেন নাগসেন, গণপতিনাগ, অচ্যুত, চন্দ্রবর্মণ, রুদ্রদেব, মটিল, নাগদত্ত, নন্দী ও বলবর্মণ। তাহার পর পূর্ব-উপকূল ধরিয়া তিনি দাক্ষিণাত্যের দিকে অগ্রসর হন এবং একে একে দক্ষিণাপথের বারজন রাজাকে পরাজিত করিয়া কাঞ্চী

পর্যন্ত আধিপত্য বিস্তার করেন। ইহার পর তিনি মহারাষ্ট্র ও খান্দেশ জয় করিয়া স্বরাজ্যে ফিরিয়া আসেন। 'অ-প্রাণহিংসা-রুচি' এই দিগ্বিজয়ী বীর তাঁহাদের আনুগত্য স্বীকারেই সন্তুষ্ট হইয়া পরম উদারতার সহিত বিজিত রাজ্যগুলি তাঁহাদিগকে ফিরাইয়া দেন। তাঁহার নিজের অধিকার উত্তরে হিমালয়, ও মধ্য-এশিয়া পূর্বে ব্রহ্মপুত্র, দক্ষিণে নর্মদা, এবং পশ্চিমে যমুনা ও চম্বল নদী পর্যন্ত বিস্তৃত ছিল। সমুদ্রগুপ্তের এই অত্যাশ্চর্য পরাক্রমের পরিচয় লাভ করিয়া একদিকে সমতট (দক্ষিণ-পূর্ববঙ্গ), কামরূপ ও নেপাল এবং অপরদিকে পঞ্জাব, রাজপুতানা ও মালবের গণতন্ত্রসমূহও প্রভুত্ব স্বীকার করিয়া তাঁহাকে কর প্রদান করিত। এমন কি, উত্তর ও পশ্চিমের শক ও কুষাণ নৃপতিগণ এবং সুদূর সিংহলের রাজা মেঘবর্ণ পর্যন্ত তাঁহাকে অধিরাজ বলিয়া মানিতেন। কোন কোন ঐতিহাসিক এই মত পোষণ করেন যে, নৌ-শক্তিতে সমুদ্রগুপ্ত পরাক্রান্ত ছিলেন এবং নৌ-বাহিনীর সাহায্যে তিনি ভারত মহাসাগরের বহু দ্বীপের উপর প্রভাব বিস্তার করেন। এ দিক দিয়া দেখিলে সমুদ্রগুপ্তকে প্রায় আসমুদ্রহিমাচলের রাজচক্রবর্তী বলিয়া অভিহিত করা যাইতে পারে। দিগ্বিজয়ের পর তিনি অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন।

সমুদ্রগুপ্তের সাম্রাজ্যসীমা



সমুদ্রগুপ্ত (বীণাবাদনরত)

সমুদ্রগুপ্তের প্রতিভা ছিল সর্বতোমুখী। তিনি কেবল যে একজন অসামান্য বীর ছিলেন তাহাই নয়, বিদ্বান, কবি এবং সঙ্গীতজ্ঞ বলিয়াও তাঁহার খ্যাতি ছিল। সু-কবি বলিয়া তিনি "কবি-রাজ" উপাধিতে ভূষিত হইয়াছিলেন। এক ধরণের মুদ্রায় তাঁহার বীণাবাদনরত মূর্তি অঙ্কিত আছে। তাঁহার সভায়


সমুদ্রগুপ্তের চরিত্র

সংস্কৃতজ্ঞ পণ্ডিতের প্রভূত সমাদর ছিল। গুপ্তরাজগণ ছিলেন ব্রাহ্মণ্যধর্মের পৃষ্ঠপোষক ; কিন্তু অন্য কোন ধর্মকে তাঁহারা অবহেলা করিতেন না। সমুদ্রগুপ্তের অনুমতি লইয়া সিংহলের বৌদ্ধরাজা মেঘবর্ণ বুদ্ধগয়ায় একটি সঙ্ঘারাম প্রতিষ্ঠা করিয়াছিলেন। সমুদ্রগুপ্তের সভাকবি হরিষেণ রচিত প্রশস্তিতে তাঁহার পরাক্রম ও বহুমুখী প্রতিভার সম্যক পরিচয় পাওয়া যায়। সংস্কৃত ও বৌদ্ধ সাহিত্যেও গুপ্তরাজদের বিদ্যাবত্তার প্রশংসা করা হইয়াছে।

দ্বিতীয় চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্য (৩৭৫—৪১৪ খৃঃ অঃ)।—কোন কোন পণ্ডিতের মতে সমুদ্রগুপ্তের মৃত্যুর পর তাঁহার পুত্র রামগুপ্ত সিংহাসনে আরোহণ করেন; কিন্তু কিছুকাল পরে তাঁহার ভ্রাতা ২য় চন্দ্রগুপ্ত তাঁহাকে রাজ্যচ্যুত করেন। এ মতের সত্যতা-সম্বন্ধে এখনও নিশ্চিন্তরূপে কিছুই জানিতে পারা যায় নাই। ২য় চন্দ্রগুপ্ত পশ্চিম-ভারতের শক-ক্ষত্রপদিগকে পরাভূত করিয়া মালব ও সুরাষ্ট্র অধিকার করিলেন এবং 'শকারি' নামে বিখ্যাত হইলেন। ইহাই ছিল তাঁহার জীবনের শ্রেষ্ঠ কীর্তি। ইহার পর তিনি বিদর্ভ অঞ্চলের পরাক্রান্ত বাকাটকরাজ ২য় রুদ্রসেনের সহিত আপন কন্যার বিবাহ দিয়া বাকাটকদের সহিত মৈত্রী স্থাপন করিলেন। ইহাতে পশ্চিম ভারতে তাঁহার রাজ্য সুদৃঢ় হইল। বাকাটকগণও শক্তিশালী মগধরাজের আক্রমণের সম্ভাবনা হইতে নিরাপদ হইল। ভারতের পশ্চিম উপকূলে গুপ্ত-সাম্রাজ্য বিস্তৃত হইবার ফলে পাশ্চাত্ত্যদেশের সহিত ইহার বাণিজ্যিক যোগাযোগ স্থাপিত হইল এবং উত্তর-ভারতের অর্থনৈতিক উন্নতির পথ প্রশস্ত হইল।

শকদের উচ্ছেদ

দ্বিতীয় চন্দ্রগুপ্ত তাঁহার মুদ্রায় 'বিক্রমাদিত্য' বলিয়া অভিহিত হইয়াছেন। 'বিক্রমাদিত্য' আখ্যাটি প্রাচীন হিন্দুরাজাদের বড়ই প্রিয় ছিল ; একাধিক রাজা এই উপাধি গ্রহণ করিয়াছিলেন। কিন্তু তাঁহাদের মধ্যে মহাকবি কালিদাস প্রমুখ 'নবরত্নের' পৃষ্ঠপোষক উজ্জয়িনীর 'শকারি' বিক্রমাদিত্যই কিংবদন্তীতে অমর হইয়া আছেন। কর্ণাট প্রদেশে কয়েকখানি প্রাচীন লিপিতে বিক্রমাদিত্যকে পাটলিপুত্র এবং উজ্জয়িনী উভয় স্থানেরই অধীশ্বর বলিয়া বর্ণনা করা হইয়াছে। ইহা হইতে ঐতিহাসিকগণ অনুমান করেন যে, ২য় চন্দ্রগুপ্তই ছিলেন কিংবদন্তীর সেই প্রসিদ্ধ 'বিক্রমাদিত্য'। কিন্তু



দ্বিতীয় চন্দ্রগুপ্তের মুদ্রা


গুপ্ত সাম্রাজ্য
মাইল
০ ১০০ ২০০ ৩০০ ৪০০
কাশ্মীর
পুরুষপুর
শাকল
সিন্ধু নং
ইন্দ্রপ্রস্থ
মথুরা
কনৌজ
নেপাল
কপিলবস্তু
বৈশালী
কাশী
পাটলিপুত্র
নালন্দা
চম্পা
মালব
প্রয়াগ
উজ্জয়িনী
সাঁচী
বুদ্ধগয়া
বলভী
তাম্রলিপ্তি
নর্মদা নং
তাপ্তী নং
দক্ষিণ কোশল
পশ্চিম অন্ধ্র
পূর্ব অন্ধ্র
গোদাবরী নং
কৃষ্ণা নং
কাঞ্চী
সিংহল
আরব সাগর
বঙ্গোপসাগর
ভারত মহাসাগর

কিংবদন্তীতে যে 'নবরত্নের'* নাম পাওয়া যায়, তাঁহারা সকলে একই সময়ের ছিলেন কি না, সেবিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। তবে কালিদাস সম্ভবতঃ ২য় চন্দ্রগুপ্তের সমসাময়িক ছিলেন।

ফা-হিয়েন।—চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের রাজত্বকালে চৈনিক বৌদ্ধতীর্থযাত্রী ফা-হিয়েন (Fa-hien) ভারতবর্ষে আসিয়াছিলেন। তিনি গান্ধার দেশের মধ্য দিয়া ভারতে প্রবেশ করেন এবং একে একে পুরুষপুর, মথুরা, কনৌজ, শ্রাবস্তী, কপিলাবস্তু, রাজগৃহ প্রভৃতি প্রধান প্রধান বৌদ্ধতীর্থগুলি পরিভ্রমণ করিয়া পাটলিপুত্রে উপনীত হন। প্রায় দশ বৎসরকাল এদেশে অবস্থান করিয়া তাম্রলিপ্ত বন্দর হইতে সমুদ্রপথে তিনি ভারত ত্যাগ করেন। তিনি ভারতবর্ষ সম্বন্ধে এক মনোজ্ঞ বিবরণ লিখিয়া গিয়াছেন। তাঁহার বিবরণ হইতে জানিতে পারা যায় যে, তখন ভারতবাসীদের অবস্থা অত্যন্ত সমৃদ্ধ ছিল।

রাজনৈতিক অবস্থা

শাসকগণ প্রজাসাধারণকে উৎপীড়ন করিতেন না। দণ্ডপ্রণালীর কঠোরতা অনেক হ্রাস পাইয়াছিল; মৃত্যুদণ্ডের বিধান তখন ছিল না; অপরাধীকে অর্থদণ্ড করা হইত। দেশের সর্বত্র শান্তি ও শৃঙ্খলা বিরাজ করিত; রাস্তাঘাটে দস্যু-তস্করের কোন উপদ্রব ছিল না। যাতায়াতের উপর কোন বাধা-নিষেধ আরোপ করা হইত না। প্রজারা উৎপন্ন শস্যের এক নির্দিষ্ট অংশ রাজকররূপে দিত। রাজকর্মচারীরা বেতন পাইতেন।

সামাজিক অবস্থা

মেগাস্থিনিসের ন্যায় তিনিও ভারতবাসীর নৈতিক চরিত্রের ভূয়সী প্রশংসা করিয়া গিয়াছেন। কেহ অকারণে জীবহিংসা করিত না। সমাজে চণ্ডালরা অস্পৃশ্য ছিল এবং তাহারা নগরের বাহিরে বাস করিত। ভারতবর্ষে তখন জনসাধারণের জন্য চিকিৎসালয় ও আরোগ্যশালার (hospital) অভাব ছিল না। পাটলিপুত্রের আরোগ্যশালা দেখিয়া ফা-হিয়েন বিস্ময়ে অভিভূত হইয়াছিল। এখানে রোগীদের বিনা খরচায় চিকিৎসা ও পথ্যের ব্যবস্থা করা হইত। দুঃস্থ, বিকলাঙ্গ ও সহায়সম্বলহীন লোকেরা যাহাতে সাহায্য পায় এজন্যও কয়েকটি প্রতিষ্ঠান ছিল। পাটলিপুত্রে অশোকের প্রস্তর-নির্মিত অপূর্ব রাজপ্রাসাদ দেখিয়া তিনি উহা মনুষ্যনির্মিত বলিয়া ভাবিতে পারেন নাই।

ধর্ম

গুপ্তরাজগণ ব্রাহ্মণ্যধর্মাবলম্বী হইলেও পরধর্মসহিষ্ণু ছিলেন। ফা-হিয়েন সর্বত্রই বহু মন্দির ও বিহার পাশাপাশি রহিয়াছে দেখিয়াছেন। ধর্মের জন্য রাজা রাজকর্মচারিগণ কাহারও উপর

* ধন্বন্তরী, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহমিহির ও বররুচি।

অত্যাচার করিতেন না। পাটলিপুত্রের বিশাল বৌদ্ধবিহার তখন শিক্ষার একটি বড় কেন্দ্র ছিল। দেশ-বিদেশ হইতে শিক্ষার্থীরা এখানে শিক্ষা লাভের জন্য সমবেত হইতেন। বঙ্গদেশের তাম্রলিপ্তি (তমলুক) সে-যুগের একটি প্রসিদ্ধ শিক্ষাকেন্দ্র ও বন্দর ছিল। তাম্রলিপ্তির গৌরব মধ্যযুগের বাঙ্গালা সাহিত্যে আংশিকভাবে "শ্রীমন্ত সদাগর" প্রভৃতির কাহিনীতে লিপিবদ্ধ হইয়াছে। তাম্রলিপ্তি হইতে বাঙ্গালী বণিকেরা সিংহল, ব্রহ্মদেশ, মালয়, চম্পা, কাম্বোজ, সুমাত্রা, যবদ্বীপ, প্রভৃতি দূর-দূরান্তরে বাণিজ্য করিতে যাইত। তাহার ফলে ইন্দোচীন, মালয় ও যবদ্বীপ তখন ছিল হিন্দুসভ্যতা এবং বৌদ্ধ ও ব্রাহ্মণ্যধর্মের প্রসিদ্ধ কেন্দ্র। ফা-হিয়েন তাম্রলিপ্তি বন্দর হইতে ভারতীয় পোতে আরোহণ করিয়া সিংহল, মালয় ও যবদ্বীপ পার হইয়া নিজ দেশ চীনে ফিরিয়া যান।

বহির্বাণিজ্য ; ব্রাহ্মণ্যধর্মের প্রসার

১ম কুমারগুপ্ত (৪১৪—'৫৫ খৃঃ অঃ)।—চন্দ্রগুপ্ত-বিক্রমাদিত্যের পর তাঁহার পুত্র ১ম কুমারগুপ্ত 'মহেন্দ্রাদিত্য' উপাধি গ্রহণ করিয়া সিংহাসনে আরোহণ করেন। সমুদ্রগুপ্তের মত তিনিও অশ্বমেধ যজ্ঞ করিয়াছিলেন। কিন্তু তাঁহার সুদীর্ঘ রাজত্বকালের শেষভাগে পুষ্যমিত্র নামক একটি পরাক্রান্ত জাতির আক্রমণে সাম্রাজ্যের অস্তিত্ব বিলুপ্ত হইবার উপক্রম হইয়াছিল। যুবরাজ স্কন্দগুপ্ত ইহাদের পরাভূত করিয়া এই চরম সঙ্কট হইতে রাজ্য রক্ষা করেন। এই পুষ্যমিত্র জাতি সম্ভবতঃ মধ্য-এশিয়ার দুর্ধর্ষ যাযাবর হূণ জাতির একটি শাখা ছিল।

হূণ-আক্রমণ

হূণরা ছিল মঙ্গোল জাতির এক শাখা। ইহারা বর্বর, নিষ্ঠুর ও রণপ্রিয় যাযাবর জাতি। মধ্য-এশিয়ায় বহু দলে বিভক্ত হইয়া ইহারা বাস করিত। খৃষ্টীয় পঞ্চম শতকে হূণরা মধ্য-এশিয়া হইতে দলে দলে বাহির হইয়া ইউরোপে রোম সাম্রাজ্য আক্রমণ ও বিধ্বস্ত করিতে আরম্ভ করিল। প্রায় একই সময়ে শ্বেতহূণ নামে পরিচিত ইহাদের অপর একটি শাখা ঝঞ্ঝার ন্যায় পারস্য ও ভারতের উপর পতিত হইল। হূণ আক্রমণে গুপ্ত সম্রাটদিগকে বিব্রত হইতে হইয়াছিল। যুবরাজ স্কন্দগুপ্ত তাহাদিগকে পরাজিত করিয়া গুপ্ত সম্রাজ্যের অধঃপতন কিছুকালের জন্য রোধ করিয়াছিলেন।

স্কন্দগুপ্ত (৪৫৫—'৬৭ খৃঃ অঃ)।—কুমারগুপ্ত-মহেন্দ্রাদিত্যের পুত্র স্কন্দগুপ্ত অতিশয় পরাক্রান্ত নরপতি ছিলেন এবং তিনিও 'বিক্রমাদিত্য' উপাধি গ্রহণ করেন। তাঁহার শাসনকালেও দুর্ধর্ষ হূণরা গান্ধার অধিকার করিয়া গুপ্ত সাম্রাজ্য আক্রমণ করিল। এই হূণ আক্রমণে গুপ্ত সাম্রাজ্য একেবারে বিনষ্ট হইবার উপক্রম হইল। কিন্তু স্কন্দগুপ্ত

হূণদের পরাজিত ও বিতাড়িত করিয়া আসন্ন বিনষ্টি হইতে সাম্রাজ্য রক্ষা করিয়া অপরিসীম গৌরব অর্জন করিলেন। হূণদের আক্রমণ প্রতিরোধের জন্য তিনি সাম্রাজ্যের প্রত্যন্তভাগে কয়েকজন সুদক্ষ শাসনকর্তা নিযুক্ত করিয়াছিলেন। তাঁহার জীবদ্দশায় হূণরা গুপ্ত সাম্রাজ্যের মধ্যে প্রবেশ করিতে পারে নাই। ৪৭৬ খৃষ্টাব্দে স্কন্দগুপ্তের মৃত্যু হয়।

পরবর্তী গুপ্তরাজগণ।—স্কন্দগুপ্তের পরই গুপ্ত সাম্রাজ্যের পতন আরম্ভ হয়। তাঁর পরে একে একে পুরগুপ্ত, নরসিংহগুপ্ত বালাদিত্য এবং ২য় কুমারগুপ্ত সিংহাসন লাভ করিলেও কেহই দীর্ঘকাল রাজত্ব করিতে পারেন নাই। ৪৭৭ খৃষ্টাব্দে বুধগুপ্ত রাজা হন। তাঁহার সময় বঙ্গদেশ হইতে মালবের পূর্বাংশ পর্যন্ত গুপ্ত সাম্রাজ্য বিস্তৃত ছিল। তিনিই এই বংশের শেষ অধিরাজ। তাঁহার মৃত্যুর পর অন্তর্বিরোধ এবং মধ্য এশিয়ার বর্বর হূণজাতির আক্রমণে গুপ্তরাজশক্তি ছিন্নভিন্ন হইয়া গেল। পঞ্জাব, রাজপুতানা ও মালব হূণদের অধিকারে আসিল ও তাহারা 'রাজপুত' বলিয়া পরিচয় দিল। ইহার পরেও গুপ্ত-আখ্যাধারী রাজগণ খৃষ্টীয় ষষ্ঠ শতক পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন, কিন্তু তাঁহাদের প্রাধান্য লোপ পাইয়াছিল। গুপ্তদের দুর্বলতার সুযোগে একদিকে মালব ও সুরাষ্ট্র এবং অপরদিকে কনৌজ ও বঙ্গদেশ স্বাধীনতা ঘোষণা করিল।

গুপ্তযুগে বাংলাদেশ।—গুপ্ত সাম্রাটগণের রাজত্বকালে বাংলাদেশের উপর তাঁহাদের প্রভুত্ব স্থাপিত লইয়াছিল। সমুদ্রগুপ্তের সাম্রাজ্য পূর্বে সমতট ব্যতীত সমগ্র বাংলাদেশের উপর বিস্তৃত ছিল। সমসাময়িক লিপি হইতে জানা যায় যে, উত্তর বাংলার শাসনকর্তাগণ 'উপরিক' নামে অভিহিত হইতেন। স্কন্দগুপ্তের মৃত্যুর পরে ইঁহারা 'উপরিক মহারাজ' নাম ধারণ করিয়াছিলেন। নামে সম্রাটের প্রাধান্য স্বীকার করিলেও প্রকৃতপক্ষে প্রাদেশিক শাসকগণ একরূপ স্বাধীনভাবেই শাসন পরিচালনা করিতেন। ষষ্ঠ শতকের প্রথম ভাগে বৈন্যগুপ্ত নামক একজন রাজা দক্ষিণ-বাংলায় রাজত্ব করিয়াছেন। তাম্রলিপিতে ইহার একটি ভূমিদান-সংক্রান্ত লিপি পাওয়া গিয়াছে। ইঁহার নামাংকিত কয়েকটি স্বর্ণমুদ্রাও আবিষ্কৃত হইয়াছে। সম্ভবতঃ ইনি গুপ্ত বংশের সন্তান ছিলেন এবং স্বাধীনভাবে বাংলাদেশে রাজত্ব করিতেন। বৈন্যগুপ্তের উত্তরাধিকারিগণ সম্বন্ধে কিছু জানা যায় না। ষষ্ঠ শতকের প্রথম

ভাগে বাংলাদেশ কয়েকটি স্বাধীনরাজ্যে বিভক্ত হইয়া পড়িয়াছিল, ইহা জানা যায়। ইহার পর কিছুকাল পর্যন্ত দেখা দিয়াছিল রাজনৈতিক অনৈক্য ও বিশৃংখলার যুগ।

গুপ্তসভ্যতা ও সংস্কৃতি।—গুপ্তযুগে সাম্রাজ্যের সর্বময় কর্তা ছিলেন সম্রাট স্বয়ং। সম্রাটগণ 'মহারাজাধিরাজ', 'পরমভট্টারক' অথবা 'চক্রবর্তী' উপাধি গ্রহণ করিতেন। এযুগে রাজারা দেবতার অংশ বলিয়া বিবেচিত হইতেন এবং পরমদৈবত লোকদেব প্রভৃতি উপাধিতে ভূষিত হইতেন। রাজপদ বংশানুক্রমিক ছিল; কিন্তু জ্যেষ্ঠ পুত্রের উত্তরাধিকার সব সময়ে স্বীকৃত হইত না। অনেক সময় রাজার যোগ্যতম পুত্রই রাজা হইতেন এবং তাঁহারা মন্ত্রী ও অমাত্যদের সাহায্যে রাজকার্য পরিচালনা করিতেন। মন্ত্রীদের মধ্যে 'মহাসন্ধি-বিগ্রহিক' (যুদ্ধ ও সন্ধি বিষয়ের মন্ত্রী), 'অক্ষপটলাধিকৃত' (দলিল-পত্রাদি-সংক্রান্ত বিষয়ের মন্ত্রী), 'মহাবলাধিকৃত' (প্রধান সেনাপতি), 'মহাধর্মাধ্যক্ষ' (বিচার-বিভাগের অধিকর্তা) প্রভৃতি ছিলেন প্রধান। 'মহাসেনাপতি' ও 'মহাদণ্ডনায়ক' আখ্যাধারী উচ্চ সামরিক কর্মচারীরা রাজ্যের প্রত্যন্ত দেশের শাসন পরিচালনা করিতেন। অনেক সময় ভিন্ন ভিন্ন রাজ্যে রাজকর্মচারিগণ বিভিন্ন নামে অভিহিত হইতেন; কিন্তু রাষ্ট্রশাসনের মূলনীতি একই ছিল। সে-যুগের রাজ্যগুলি বর্তমানকালের ন্যায় প্রদেশ ও জেলাতে বিভক্ত ছিল। এই সকল বিভাগ যথাক্রমে দেশ বা 'ভুক্তি' ও প্রদেশ বা 'বিষয়' নামে অভিহিত হইত। 'উপরিক' ও 'বিষয়পতি' উপাধিধারী রাজকর্মচারীরা যথাক্রমে ভুক্তি ও বিষয় শাসন করিতেন। কখনও কখনও রাজবংশীয় কুমারগণ প্রদেশের শাসনকর্তার পদে নিযুক্ত হইতেন।

শাসন-প্রণালী

প্রধান রাজ-কর্মচারিগণ

প্রাদেশিক শাসন

গুপ্তযুগে রাষ্ট্রীয় ব্যবস্থার মূল ভিত্তি ছিল স্বয়ংসম্পূর্ণ গ্রামগুলি। গ্রামের শাসনকর্তৃত্ব 'গ্রামপতি' বা 'গ্রামিকের' হাতে ন্যস্ত ছিল। তিনি গ্রামের মুখ্য ব্যক্তিদের পরামর্শ লইয়া গ্রামের আভ্যন্তরীণ যাবতীয় কার্য সম্পন্ন করিতেন। গ্রামের মধ্যে শিক্ষার প্রসার ও অন্যান্য জনহিতকর কার্য গ্রামবৃদ্ধগণের পরামর্শানুসারে সম্পন্ন হইত। 'নগরপতি' উপাধিধারীরা নগরের শাসনকার্য নির্বাহ করিতেন।

গ্রাম্য শাসন

উৎপন্ন শস্যের ষষ্ঠাংশ রাজকররূপে গৃহীত হইত; বাণিজ্য-শুল্ক, খনির আয় এবং করদ রাজাদের প্রদত্ত কর হইতেও যথেষ্ট অর্থাগম হইত। রাজ্যরক্ষা ব্যতীত প্রজাদের মঙ্গলবিধানের জন্য অনেক দায়িত্ব রাজাদের লইতে

রাজস্ব

হইত। কৃষিক্ষেত্রে সেচের ব্যবস্থা, শিক্ষার প্রসার, মন্দির ও উদ্যান নির্মাণ এবং রুগ্ন ব্যক্তিদের চিকিৎসা ও পথ্যের ব্যবস্থা করা প্রভৃতি কার্য রাষ্ট্রের কর্তব্য বলিয়া ধরা হইত। সেকালে দণ্ডবিধি কঠোর ছিল না, প্রাণদণ্ডের ব্যবস্থা প্রায় উঠিয়া গিয়াছিল। দেশে শান্তি ও শৃঙ্খলা বিরাজ করিত।

জনকল্যাণ ব্যবস্থা

গুপ্তযুগে সমাজের রূপ অনেক পরিবর্তিত হইয়া গিয়াছিল। হিন্দুসমাজ তখন সংকীর্ণ ছিল না; শক-হূণ প্রভৃতি বহু বৈদেশিক ম্লেচ্ছ-জাতি হিন্দুসমাজের অঙ্গীভূত হইয়া গিয়াছিল; জাতিভেদের কঠোরতাও তত ছিল না। ব্রাহ্মণ ও বৈশ্যরা সৈনিকবৃত্তি গ্রহণ করিত, ক্ষত্রিয় যুদ্ধ ছাড়া ব্যবসা-বাণিজ্য দ্বারা জীবিকা নির্বাহ করিত এরূপ বহু দৃষ্টান্ত পাওয়া যায়। বড় বড় বৈশ্য ও শূদ্র রাজারা সে-যুগে রাজত্ব করিতেন, ইহারও উল্লেখ আছে। সমাজে তখন অসবর্ণ বিবাহ প্রচলিত ছিল। পুরুষরা বহু বিবাহ করিত। বিধবা নারীরা কেহ কেহ সহমরণে যাইতেন। তখন উচ্চবর্ণের লোকেরা জীবহত্যা, মাংস-আহার অথবা মদ্যপান করিত না। মগধরাজ্যের বাজারে মাংস ও মদের দোকান ছিল না। চণ্ডালরা সমাজে ঘৃণ্য বলিয়া বিবেচিত হইত; তাহারা নগরের বাহিরে বাস করিত। সমাজে নারীদের মর্যাদা ছিল। সে-যুগে নারীরা নৃত্যগীতাদি, চিত্রাঙ্কন, প্রভৃতি নানাবিধ বিদ্যা ও চারুকলায় উচ্চশিক্ষা লাভ করিতেন এবং বিবিধ সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগদান করিতেন।

সামাজিক ও অর্থনৈতিক অবস্থা

গুপ্তযুগে বহু জনাকীর্ণ ও সমৃদ্ধ নগর ও গ্রাম ছিল এবং নাগরিকদের অবস্থা সচ্ছল ছিল। ফা-হিয়েন বলিয়াছেন যে, নাগরিকরা জনকল্যাণমূলক কার্যে অর্থব্যয় করিত। ব্যবসা-বাণিজ্যের অবস্থাও বেশ উন্নত ছিল।

গুপ্তযুগে ব্যবসা-বাণিজ্যে ভারতবাসী বিশেষ উৎকর্ষ লাভ করিয়াছিল। ভারতের পূর্ব ও পশ্চিম উপকূলে বহু সমৃদ্ধ বন্দর ছিল। এই সকল বন্দর এবং আভ্যন্তরীণ বাণিজ্য কেন্দ্রগুলি হইতে বণিকরা স্থলপথে ও সমুদ্রপথে দূর দূর দেশে বাণিজ্য-করিতে যাইত। স্থলপথে একদিকে আফগানিস্তান, খোটান, মধ্য-এশিয়া, কুচা, চীন ও পশ্চিম-এশিয়া, এবং সমুদ্রপথে ব্রহ্ম, মালয়, ইন্দোচীন, প্রাচ্য দ্বীপপুঞ্জ (East Indies), চীন, পারস্য, আরব ও পূর্ব-আফ্রিকার দেশসমূহে ভারতের ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটে। এই সকল বাণিজ্য-পথ ধরিয়াই ভারতীয় সভ্যতা, ধর্ম ও

বাণিজ্য

উপনিবেশ দূর-দূরান্তে বিস্তৃত হইয়া পড়িয়াছিল। গুপ্তযুগে বাংলাদেশের তাম্রলিপ্তি একটি বড় বাণিজ্য ও শিক্ষাকেন্দ্র ছিল। এই বন্দর হইতে ভারতীয় বণিকরা পূর্ব-উপদ্বীপ, প্রাচ্য দ্বীপপুঞ্জ এবং সুদূর চীন পর্যন্ত যাতায়াত করিত।

গুপ্তরাজগণ ছিলেন ব্রাহ্মণ্য ধর্মের সমর্থক এবং তাঁহাদের শাসনকালে হিন্দুধর্মের প্রাধান্য ধীরে ধীরে বৃদ্ধি পাইতেছিল। হিন্দুধর্মের প্রসারের সঙ্গে সঙ্গে জৈন ও বৌদ্ধধর্ম ক্রমশঃ ম্লান হইতে লাগিল। সে-যুগে ক্ষত্রিয় প্রভৃতি উচ্চ শ্রেণীর লোকেরা হিন্দুধর্মে অনুরাগী ছিল। সাধারণ লোকেরা বেশীর ভাগ বৌদ্ধধর্ম অনুসরণ করিত।

হিন্দু ও বৌদ্ধ ধর্ম

গুপ্ত সম্রাটগণও হিন্দুধর্মের পৃষ্ঠপোষকতা করিতেন ও তাঁহাদের মধ্যে কেহ কেহ রাজ্যজয় সমাপ্ত করিয়া অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন। হিন্দু-ধর্মের প্রতি পক্ষপাতী হইলেও গুপ্তরাজারা অপর ধর্মের প্রতি অত্যাচার করেন নাই। ফা-হিয়েন ভারতের বিভিন্ন স্থানে বহু বৌদ্ধ মঠ ও বিহার দেখিয়াছিলেন। হীনযান ও মহা-যান দুই মতই প্রচলিত ছিল। সেকালের বৌদ্ধ মঠ ও বিহারগুলি ছিল বড় বড় শিক্ষা-কেন্দ্র। দেশ ও বিদেশের বিভিন্ন অঞ্চল হইতে আগত হাজার হাজার ছাত্র এখানে শিক্ষালাভ করিত। ভারতীয় দর্শন ও বিজ্ঞান চীন-জাপানে প্রসারিত হয়।

গুপ্তযুগে হিন্দুধর্মে এক বিরাট পরিবর্তন আসিয়াছিল। এযুগে পুরাণোক্ত ব্রহ্মা, বিষ্ণু, শিব, সূর্য, গণপতি, দুর্গা প্রভৃতি দেব-দেবীর পূজা প্রচলিত হয়। এ-যুগের হিন্দুরা দেব-দেবীর পূজায় ভক্তিকেই প্রাধান্য দিত। ক্রিয়া-কাণ্ড এবং আড়ম্বরপূর্ণ

হিন্দুধর্মের রূপান্তর

যজ্ঞাদি অপেক্ষা সহজ ভক্তি দ্বারাই দেবতার করুণা লাভ করা যায়, ইহাই অনেকে মনে করিত। ভক্তিমূলক এই ধর্ম ভাগবত-ধর্ম নামে পরিচিত। এই ভক্তিবাদকে ভিত্তি করিয়াই এই যুগ হইতে বৈষ্ণব ও শৈবধর্ম প্রসারলাভ করিয়াছে।

গুপ্তযুগ ভারতবর্ষের ইতিহাসের একটি স্মরণীয় অধ্যায়। ব্রাহ্মণ্যধর্ম ও সংস্কৃত-সাহিত্যের তখন অভূতপূর্ব উন্নতি হইয়াছিল। গুপ্তরাজগণের সভাকবিদের মধ্যে হরিষেণ ও বীর-সেনের নাম উল্লেখযোগ্য; হরিষেণ ছিলেন সমুদ্রগুপ্তের সভাকবি,—বীরসেন

সাহিত্য, বিজ্ঞান, ও শিল্পকলার বিকাশ

চন্দ্রগুপ্ত-বিক্রমাদিত্যের সভায় অবস্থান করিতেন। মহাকবি কালিদাস বিক্রমাদিত্যের 'নবরত্ন'-এর মধ্যে উজ্জ্বলতম রত্ন বলিয়া প্রসিদ্ধিলাভ করিয়া গিয়াছেন। তাঁহার সমকক্ষ কবি সংস্কৃত-সাহিত্যে আর দেখিতে পাওয়া যায় নাই। 'কুমারসম্ভব', 'মেঘদূত', রঘুবংশ', 'ঋতুসংহার', 'বিক্রমোর্বশী', 'মালবি-

কাগ্নিমিত্র', এবং 'অভিজ্ঞান-শকুন্তলা' প্রভৃতি কাব্য ও নাটক শুধু সংস্কৃত সাহিত্যেরই নয়, বিশ্বসাহিত্যেরও অমর সম্পদ্। 'মৃচ্ছকটিক' নাটকের রচয়িতা শূদ্রক এবং 'মুদ্রারাক্ষস' নাটকের প্রণেতা বিশাখদত্ত সম্ভবতঃ গুপ্তযুগের প্রারম্ভে আবির্ভূত হইয়াছিলেন। এই যুগেই রামায়ণ ও মহাভারত নূতন করিয়া সম্পাদিত ও সমাপ্ত হইয়াছিল এবং বহু তন্ত্র, স্মৃতি এবং পুরাণও নূতন করিয়া সঙ্কলিত হয়। সাহিত্য



দিল্লীর লৌহস্তম্ভ

শিল্পকলা

ব্যতীত গুপ্তযুগে সঙ্গীত, চিত্রকলা, ভাস্কর্য, স্থাপত্য, প্রভৃতি চারুশিল্পেরও অভূতপূর্ব উন্নতি হইয়াছিল। মধ্য-ভারতে খাজুরাহো ও দেবগড় নামক স্থানের মন্দিরসমূহের অপূর্ব স্থাপত্য ও ভাস্কর্য এবং অজন্তা ও বাঘ-গুহার প্রসিদ্ধ প্রাচীর চিত্রাবলী আজও জগতের বিস্ময়ের বস্তু হইয়া আছে। দিল্লীতে অবস্থিত চন্দ্ররাজের লৌহস্তম্ভ ভারতে ধাতু-শিল্পের উৎকর্ষ প্রমাণ করিতেছে। সুকুমার মূর্তি-রচনায়, সুন্দর ও সুঠাম চৈত্য, বিহার ও মন্দির-নির্মাণে গুপ্তযুগ ভারতীয় শিল্পকলার ইতিহাসে বিখ্যাত। প্রসিদ্ধ জ্যোতির্বিদ গর্গ, আর্যভট্ট, ও বরাহ-মিহির এই সময়েই আবির্ভূত হইয়াছিলেন। নারদ ও বিষ্ণুর স্মৃতিশাস্ত্রসমূহ সম্ভবতঃ এযুগে সংকলিত হইয়াছিল। ভূগোল ও জ্যোতিষশাস্ত্রের ইতিহাসে ভারতীয় ও রোমক যবনাচার্যগণের আদান-প্রদানও হইয়াছিল। জীববিদ্যা, আয়ুর্বেদ, পদার্থবিদ্যা, গণিতশাস্ত্র, রসায়ন, প্রভৃতি বৈজ্ঞানিক বিষয়ে হিন্দুদের গবেষণা তখনকার বৈদ্যক ও তন্ত্রাদি শাস্ত্রে স্থান পায় এবং সুদূর তিব্বত, চীন, পারস্য ও আরবদেশের রাজন্য ও সুধীবর্গ তিব্বতী, চৈনিক, ফার্সী ও আরবী ভাষায় হিন্দু ও বৌদ্ধ গ্রন্থাদির অনুবাদের ব্যবস্থা করেন।

হিন্দু বিজ্ঞান

বৃহত্তর ভারত।—সাহিত্য, বিজ্ঞান, শিল্প, প্রভৃতির উন্নতির সঙ্গে সঙ্গে গুপ্তযুগে

ভারতের বাহিরে 'বৃহত্তর ভারত' গঠনও সম্পূর্ণ হইয়া আসিয়াছিল। প্রকৃতপক্ষে ভারত তখন ছিল সমগ্র এশিয়ার প্রধান বাণিজ্য ও সংস্কৃতিকেন্দ্র। এযুগে চীন ও ভারতের মধ্যে ধর্ম, শিল্প ও সাহিত্যের আদান-প্রদানের দ্বারা প্রত্যক্ষ যোগ গভীরভাবে স্থাপিত হয় এবং ইন্দোচীন, মালয় ও পূর্ব-উপদ্বীপে ব্রাহ্মণ্য ও বৌদ্ধধর্ম প্রসারের সঙ্গে সঙ্গে বহু হিন্দু-উপনিবেশ স্থাপিত হয়।

বংশ-তালিকা

গুপ্তবংশ (তারিখ আনুমানিক)

- (১) ১ম চন্দ্রগুপ্ত (৩২০-৩৩০ খৃঃ)
  - (২) সমুদ্রগুপ্ত (৩৩০-৩৭৫)
    - (৩) ২য় চন্দ্রগুপ্ত (৩৭৫-৪১৪)
      - (৪) ১ম কুমারগুপ্ত (৪১৪-'৫৫)
        - (৫) স্কন্দগুপ্ত (৪৫৫-৬৭)
        - (৬) পুরগুপ্ত (৪৬৭-'৭৭)
          - নরসিংহগুপ্ত (বালাদিত্য)
            - ২য় কুমারগুপ্ত
        - (৭) বুধগুপ্ত (৪৭৭-'৯৬)
          - তথাগতগুপ্ত
            - বালাদিত্য
              - বজ্র

প্রশ্নাবলী

১। কোন্ সময়ে কাহার দ্বারা গুপ্ত সাম্রাজ্যের পত্তন হয়? প্রথম তিনজন গুপ্ত সম্রাটের রাজত্বের প্রধান ঘটনাগুলি বর্ণনা কর।

২। সমুদ্রগুপ্তের রাজত্ব বর্ণনা কর।

৩। ২য় চন্দ্রগুপ্তের রাজত্ব সংক্ষেপে বর্ণনা কর। ফা-হিয়েন এ দেশের সমসাময়িক অবস্থার উপর কিরূপ আলোকসম্পাত করিয়াছেন লিখ।

৪। গুপ্তযুগের সভ্যতার একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।

৫। বৈদেশিক আক্রমণের বিরুদ্ধে স্কন্দগুপ্ত কি অংশ গ্রহণ করেন?

৬। গুপ্তযুগকে প্রাচীন ভারত-ইতিহাসের 'সুবর্ণযুগ' বলা হয় কেন?

নবম অধ্যায়

হর্ষবর্ধন ও সমসাময়িক যুগ

(Harshavardhana & Contemporary Age)

রাজনৈতিক অনৈক্য ও বিশৃংখলা।—গুপ্ত সম্রাটগণের শাসনকালে উত্তর-ভারতে যে রাজনৈতিক সংহতি স্থাপিত হইয়াছিল সাম্রাজ্যের পতনের সঙ্গে সঙ্গে তাহা ভাঙ্গিয়া পড়িল এবং ভারতবর্ষ পুনরায় বহু ক্ষুদ্র ক্ষুদ্র স্বতন্ত্র রাজ্যে বিভক্ত হইয়া গেল। উত্তর-পশ্চিম ভারতে পঞ্জাব ও মালব জুড়িয়া একটি শক্তিশালী হূণ-রাজ্য স্থাপিত হইল ; ইহার দক্ষিণে ছিল মৈত্রক-বংশ শাসিত বলভী রাজ্য। রাজপুতনায় হূণজাতির একটি শাখা গুর্জরজাতি তাহাদের স্বাধীন রাজ্য স্থাপন করিয়াছিল। উত্তর-ভারতের অন্যান্য স্বাধীন রাজ্যের মধ্যে পুষ্যভূতি বংশ শাসিত থানেশ্বর, মৌখরীদের কনৌজ, উত্তরকালীন গুপ্ত-বংশের মগধ ও মালব এবং পূর্ব্বে কামরূপ, উড়িষ্যা ও দক্ষিণ ও উত্তর বঙ্গের রাজ্যদ্বয় ছিল উল্লেখযোগ্য। মালবের যশোধর্মন্ নামক জনৈক রাজাও এযুগে অতি শক্তিশালী একটি রাজ্য স্থাপিত করিয়াছিলেন।

হূণজাতি।—বর্বর হূণরা মধ্য-এশিয়ার সুবিস্তীর্ণ "স্তেপ্" (Steppe) অঞ্চলে ঘুরিয়া বেড়াইত। খৃষ্টীয় চতুর্থ শতকে তাহারা দিকে দিকে ছড়াইয়া পড়িতে আরম্ভ করে,—এক-দল ভল্গা নদীর উপত্যকা বাহিয়া রাশিয়া হইতে মধ্য-ইউরোপের দিকে অগ্রসর হয় ; আর একদল আসে অক্ষু (Oxus) নদীর উপত্যকায়। শেষোক্ত দল পঞ্চম শতকের শেষভাগে ভারতবর্ষে প্রবেশ করে। ইহারা 'শ্বেত হূণ' (White Huns) নামে পরিচিত। স্কন্দগুপ্ত ইহাদের গতিরোধ করিয়াছিলেন। কিন্তু তাঁহার মৃত্যুর পর আনুমানিক ৪৯০ খৃষ্টাব্দে হূণ-দলপতি তোরমান মধ্য-ভারত পর্যন্ত অধিকার বিস্তৃত করেন।

তোরমান ও মিহিরগুল

তোরমানের পুত্র মিহিরগুল বা মিহিরকুল পঞ্জাবের শাকল (শিয়ালকোট) নগরে রাজত্ব করিতেন। পূর্ব-মালব এবং পঞ্জাব তাঁহার অধিকারে ছিল। আনুমানিক ৫৩২ খৃষ্টাব্দে মগধের গুপ্তরাজ বালাদিত্য এবং দশপুর-মন্দশোরের অধিপতি

মালবরাজ যশোধর্মন্ মিহিরগুলকে পরাভূত করেন। মিহিরগুল স্বরাজ্য হইতে পলায়ন করিয়া কৌশলে কাশ্মীর রাজ্য অধিকার করিয়া লন এবং সেখানে শেষ-জীবনে রাজত্ব করেন। তাঁহার মৃত্যুর পরে হূণশক্তির পতন ঘটে।

যশোধর্মন্।—গুপ্তসাম্রাজ্যের পতনের কিছুকাল পরে যশোধর্মন্ মালবে একটি পরাক্রান্ত স্বাধীন রাজ্য স্থাপন করিয়াছিলেন। তিনি হূণশক্তি বিধ্বস্ত করেন। কথিত আছে, একদিকে হিমালয় হইতে পূর্বঘাট এবং অপরদিকে ব্রহ্মপুত্র হইতে আরব সাগর পর্যন্ত তাঁহার আধিপত্য বিস্তৃত ছিল। কেহ কেহ তাঁহাকে কিংবদন্তীর 'বিক্রমাদিত্য' বলিয়া মনে করেন; কিন্তু এই মতের অনুকূলে কোনরূপ প্রমাণ পাওয়া যায় নাই। যশোধর্মন ষষ্ঠ শতকের মধ্যভাগ পর্যন্ত রাজত্ব করেন। ইহার পর ভারতবর্ষে হূণরা আর কোন শক্তিশালী রাজ্য স্থাপন করিতে পারে নাই। তবে ইহার পরও তাহাদের সহিত অন্যান্য হিন্দুরাজাদের প্রায়ই সংঘর্ষ হইত। কিন্তু ক্রমশঃ হূণরা হিন্দুধর্ম গ্রহণ করিয়া, শকদের ন্যায়, হিন্দুসমাজের অঙ্গীভূত হইয়া যায়। সে-যুগের হিন্দুসমাজ যথেষ্ট উদার ছিল তাই রাজপুত সঙ্ঘে বহু বিদেশী স্থান পায়।

হূণ-উচ্ছেদ

মৌখরি বংশ।—যশোধর্মনের মৃত্যুর সঙ্গে সঙ্গেই তাঁহার সাম্রাজ্যের অবসান ঘটে। ইহার পর আর্যাবর্তে কনৌজ, থানেশ্বর, মগধ ও গৌড় এই চারিটি পরাক্রান্ত রাজ্যের উদ্ভব দেখিতে পাওয়া যায়। তন্মধ্যে কনৌজ ও থানেশ্বরের রাজারা হূণদের আক্রমণ প্রতিরোধ করিয়া তখনকার দিনে প্রতিপত্তি অর্জন করিয়াছিলেন। ষষ্ঠ শতাব্দীতে বর্তমান যুক্তপ্রদেশ অঞ্চলে কান্যকুব্জ বা কনৌজকে কেন্দ্র করিয়া মৌখরি নামে এক পরাক্রান্ত রাজবংশের অভ্যুদয় হইয়াছিল।

কনৌজ, থানেশ্বর, মগধ ও গৌড়

মৌখরিরাজগণ প্রথমে ছিলেন গুপ্তবংশের সামন্ত। বুধগুপ্তের মৃত্যুর পরে ইহারা উত্তরপ্রদেশে শক্তিশালী হইয়া স্বাধীন রাজ্য স্থাপন করেন। কনৌজ ছিল মৌখরি শক্তির কেন্দ্র। এই বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন মহারাজাধিরাজ ঈশান-বর্মন্। তিনি ষষ্ঠ শতকের মধ্যভাগে রাজত্ব করিয়াছিলেন। তিনি উড়িষ্যা ও গৌড় জয় করিয়া মৌখরি রাজ্যের সর্বাধিক বিস্তার সাধন করেন। সপ্তম শতকের প্রথম ভাগে এই বংশের শেষ রাজা গ্রহবর্মণ, গৌড়রাজ শশাঙ্ক ও মালবরাজ দেবগুপ্তের হাতে পরাভূত ও নিহত হন।

উত্তরকালীন গুপ্ত বংশ।—গুপ্ত সাম্রাজ্যের পতনের যুগে সম্ভবতঃ ষষ্ঠ শতকের মধ্যভাগে, "উত্তরকালীন গুপ্ত বংশের" শাসনাধীনে, মগধে একটি স্বাধীন রাজ্যের উদ্ভব হয়। এই রাজবংশের সহিত গুপ্ত বংশের সম্বন্ধ ছিল কিনা বলা যায় না। মৌখরিদের প্রভাব বিস্তারের সঙ্গে সঙ্গে স্বভাবতঃই মগধের গুপ্তরাজাদের সঙ্গেও তাঁহাদের বিরোধ বাধিয়া যায়। কুমারগুপ্ত মৌখরিরাজ ঈশানবর্মনকে পরাস্ত করিয়াছিলেন। কিন্তু এই বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি ছিলেন মহাসেনগুপ্ত। পূর্বদিকে ব্রহ্মপুত্র (আসাম) পর্যন্ত তাঁহার আধিপত্য বিস্তৃত হইয়াছিল; সম্ভবতঃ তাঁহার প্রভাব মালবেও প্রসারিত হইয়াছিল। মহাসেন গুপ্তের মৃত্যুর পরে উত্তরকালীন গুপ্তরাজবংশের প্রভাব বিলুপ্ত হইয়া যায়। কনৌজরাজ যশোবর্মন্ এই বংশের শেষ রাজা জীবিতগুপ্তকে পরাভূত করিয়া এই রাজবংশের উচ্ছেদ সাধন করেন। কিন্তু গুপ্ত-মৌখরি দ্বন্দ্বে মৌখরিরাই ক্রমশঃ প্রবল হইয়া উঠেন।

বলভী রাজ্য।—গুপ্ত-সাম্রাজ্যের পতনের যুগে, সম্ভবতঃ পঞ্চম শতকের শেষ ভাগে মৈত্রক বংশীয় ভটার্ক বলভী রাজ্য প্রতিষ্ঠা করেন। তিনি ছিলেন গুপ্ত-সম্রাটগণের সেনাপতি ও সৌরাষ্ট্রের শাসনকর্তা। এই পদটি তিনি বংশানুক্রমিক করিয়া লইলেন। তিনি ও তাঁহার উত্তরাধিকারিগণ নামে গুপ্তবংশের সামন্ত হইলেও প্রকৃতপক্ষে স্বাধীন-ভাবেই রাজত্ব করিতে থাকেন। ষষ্ঠ শতকের মধ্যভাগে বলভী সম্পূর্ণ স্বাধীন রাজ্যে পরিণত হয়। এই বংশের দ্বিতীয় ধ্রুবসেন বা ধ্রুবভট্ট হর্ষবর্ধনের বশ্যতা স্বীকার করেন। হর্ষ তাঁহার কন্যার সহিত বলভীরাজের বিবাহ দিয়াছিলেন। হর্ষের মৃত্যুর পর বলভী পুনরায় স্বাধীনতা লাভ করে। অষ্টম শতকে সিন্ধুর আরবগণ কর্তৃক বলভীরাজ্য বিজিত হয়। এযুগে বলভীশিল্প শিক্ষা ও সংস্কৃতির একটি বড় কেন্দ্র ছিল।

প্রাচীন বাংলা।—প্রাচীন যুগে বঙ্গদেশ বা বাংলাদেশ বলিয়া বর্তমানকালের ন্যায় বিশেষ একটি দেশ ছিল না। বাংলাদেশের ভিন্ন ভিন্ন অঞ্চল তখন ভিন্ন ভিন্ন নামে পরিচিত ছিল। উত্তরবঙ্গের নাম ছিল পুণ্ড্র ও বরেন্দ্রভূমি পশ্চিমবঙ্গ রাঢ় ও সুহ্ম এবং পূর্ববঙ্গ বঙ্গ নামে অভিহিত হইত। ইহা ছাড়া, উত্তর ও পশ্চিমবঙ্গের একাংশ গৌড় নামে পরিচিত ছিল। বঙ্গ জাতির নাম হইতেই কালক্রমে সমস্ত দেশের নাম হইয়াছে বঙ্গদেশ। মুসলমান যুগে এদেশ বাংলা নামে খ্যাত হয়।

বিভিন্ন অংশ-বঙ্গনামের উৎপত্তি

বাংলাদেশ প্রথমে আর্যেতর জাতির বাসভূমি ছিল। পরে সম্ভবতঃ বৈদিক যুগের শেষে এখানে আর্যাধিকার বিস্তৃত হয়। মৌর্য ও গুপ্ত যুগে বাংলাদেশ মগধ সাম্রাজ্যের অধীন ছিল। গুপ্তবংশের পতনের পরে বাংলাদেশের বিভিন্ন অংশে কয়েকটি স্বাধীন রাজ্যের উদ্ভব হয়। এই সকল রাজ্যের রাজাদের মধ্যে ধর্মাদিত্য, গোপচন্দ্র ও সমাচারদেবের নাম সমধিক প্রসিদ্ধ। ইহারা সকলেই 'মহারাজাধিরাজ' উপাধি ধারণ করিয়া রাজত্ব করিয়াছেন। গোপচন্দ্র একজন শক্তিশালী রাজা ছিলেন। তাঁহার সহিত মৌখরি ঈশানবর্মন্ এবং মগধের জীবিতগুপ্তের যুদ্ধবিগ্রহ ঘটিয়াছিল। পূর্ব ও দক্ষিণ বঙ্গের এক বিস্তীর্ণ অংশ জুড়িয়া তাঁহার অধিকার বিস্তৃত ছিল।

বাংলার প্রাচীন কাহিনী

কুমিল্লা ও পূর্ববঙ্গের বিভিন্ন অংশে প্রাপ্ত মুদ্রা হইতে আরও কয়েকজন বাঙালী রাজার নাম পাওয়া যায়। ইহারা, সম্ভবতঃ ষষ্ঠ ও সপ্তম শতকে আরাকান পর্যন্ত রাজ্য বিস্তার করিয়াছিলেন।

গৌড়।—দক্ষিণ-পূর্ববঙ্গে গোপচন্দ্র প্রভৃতি রাজগণ যে রাজ্যে রাজত্ব করিয়াছেন তাহা বঙ্গ বা সমতট নামে খ্যাত ছিল। এযুগে উত্তর ও পশ্চিমবঙ্গে অপর একটি রাজ্য স্থাপিত হইয়াছিল; ইহার নাম ছিল গৌড়। গুপ্ত সাম্রাজ্যের পতনের পরে এই অঞ্চল উত্তরকালীন গুপ্তবংশের শাসনাধীনে আসিয়াছিল। মহাসেনগুপ্তের মৃত্যুর পরে গৌড়ে এক বিশৃংখলার যুগ দেখা দিয়াছিল। অতঃপর ষষ্ঠ শতকের শেষ অথবা সপ্তম শতকের প্রারম্ভে মহারাজ শশাঙ্ক গৌড়ে একটি শক্তিশালী স্বাধীন রাজ্য স্থাপন করেন।

গৌড়—শশাঙ্ক

শশাঙ্কের প্রথম জীবন সম্বন্ধে বিশেষ কিছু জানা যায় না। সম্ভবতঃ তিনি প্রথমে মহাসেনগুপ্তের অধীনে একজন সামন্ত ছিলেন। প্রভুর মৃত্যুর পরে তিনি স্বীয় প্রতিভাবলে গৌড়ে প্রাধান্য লাভ করেন এবং স্বাধীন গৌড় রাজ্য প্রতিষ্ঠা করেন। তাঁহার রাজধানী ছিল বর্তমান মুর্শিদাবাদ জেলার কর্ণসুবর্ণ নামক স্থানে। শশাঙ্ক যুদ্ধবিগ্রহ করিয়া দক্ষিণে কংগোদ হইতে গাঞ্জাম, পশ্চিমে বারাণসী পর্যন্ত রাজ্য বিস্তার করেন। ঐতিহাসিক যুগে ইহাই বাঙ্গালীর বিশাল সাম্রাজ্য বিস্তার।

কলিঙ্গ বা উড়িষ্যা।—অশোকের রাজত্বকালে কলিঙ্গ মৌর্য সাম্রাজ্যভুক্ত হইয়াছিল। তাঁহার বংশধরদিগের রাজত্বকালে যখন সাম্রাজ্য দুর্বল হইয়া পড়িল তখন চেত বা চেদি বংশীয় খারবেল নামক একজন পরাক্রান্ত জৈন রাজার নেতৃত্বে কলিঙ্গ পুনরায় স্বাধীনতা

লাভ করে। সম্ভবতঃ খৃঃ পূঃ প্রথম শতকে তাঁহার অভ্যুদয় হয়। খারবেল একজন দিগ্বিজয়ী বীর ছিলেন। ভুবনেশ্বরের অনতিদূরে উদয়গিরি ও খণ্ডগিরি নামক পাহাড়ে প্রাচীন যে গুহানিবাস আছে তাহাতে একটি প্রাচীন লিপির সন্ধান পাওয়া গিয়াছে। ইহা হাতিগুম্ফা লিপি নামে পরিচিত। ইহাতে খারবেলের বিজয়কাহিনী বর্ণিত আছে। রাজ্যারোহণের পর দিগ্বিজয়ে বাহির হইয়া তিনি সসৈন্যে দক্ষিণাপথের কৃষ্ণা নদী পর্যন্ত অগ্রসর হইয়াছিলেন। রথিক ও ভোজক জাতিদের তিনি পরাজিত করিয়াছিলেন। সাতবাহন রাজা শাতকর্ণিও তাঁহার হাতে পরাজয় স্বীকার করেন; এমন কি তামিলদের পাণ্ড্য রাজাও তাঁহার বশ্যতা স্বীকার করে। খারবেল মগধরাজ বহসতিমিত্রকেও পরাভূত করিয়াছিলেন। খারবেলের মৃত্যুর পরে কলিঙ্গের দুর্ব্বলতা সুরু হয়।

খারবেলের মৃত্যুর পরে কয়েক শতাব্দী পর্যন্ত কলিঙ্গ বা উড়িষ্যার ইতিহাস সম্বন্ধে বিশেষ কোন তথ্য পাওয়া যায় না। গুপ্তযুগে ইহা গুপ্ত সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। গুপ্ত সাম্রাজ্য পতনের পরে 'মান' ও 'শৈলোদ্ভব' বংশের অধীনে উড়িষ্যায় দুইটি স্বাধীন রাজ্যের উদ্ভব হইয়াছিল। দক্ষিণ উড়িষ্যার রাজ্যটির নাম ছিল কংগোদ। শৈলোদ্ভব রাজগণ এখানে রাজত্ব করিতেন। শশাঙ্ক এই রাজ্যটি জয় করেন। তাঁহার মৃত্যুর পরে উড়িষ্যা হর্ষের অঙ্গ-বঙ্গ-কলিঙ্গ সাম্রাজ্যভুক্ত হইয়া যায়।

কামরূপ।—হর্ষবর্ধনের রাজত্বকালে কামরূপ (বর্তমান আসামের ব্রহ্মপুত্র উপত্যকার নিম্নভাগ) একটি শক্তিশালী রাজ্য বলিয়া পরিগণিত ছিল। ইহার প্রাচীন নাম ছিল প্রাগ্‌জ্যোতিষ। কথিত আছে, পৌরাণিক যুগে বিষ্ণুর পুত্র নৃপতি নরক এখানে রাজত্ব করিতেন। তাঁহার পুত্র ভগদত্ত কুরুক্ষেত্রের যুদ্ধে অংশ গ্রহণ করিয়াছিলেন। এই বংশের রাজারা সহস্রাধিক বৎসর রাজত্ব করিয়াছেন। মৌর্যযুগে কামরূপ হয়ত স্বাধীন ছিল কিন্তু 'অর্থশাস্ত্রে' কামরূপ সুপরিচিত।

হর্ষবর্ধনের মিত্র কামরূপরাজ ভাস্করবর্মনের নিধানপুর লিপি হইতে জানা যায় যে, খৃষ্টীয় চতুর্থ শতকে পুষ্যবর্মন্ একটি নূতন রাজবংশ স্থাপন করেন। তিনিই ছিলেন কামরূপের প্রথম ঐতিহাসিক নরপতি। তিনি ও তাঁহার পরবর্তী কয়েকজন রাজা গুপ্তবংশের বশ্যতা স্বীকার করিতেন। সমুদ্রগুপ্তের এলাহাবাদ লিপিতে উল্লেখ আছে যে, কামরূপ গুপ্ত সাম্রাজ্যের অধীন করদ রাজ্য ছিল। সম্ভবতঃ পরবর্তী গুপ্ত রাজগণের দুর্বলতার সুযোগে কামরূপের রাজা নারায়ণবর্মন্ স্বাধীনতা ঘোষণা করিয়া অশ্বমেধ যজ্ঞানুষ্ঠান

করেন। তাঁহার পুত্র ভূতিবর্মন্ বাংলাদেশের করতোয়া নদী পর্যন্ত রাজ্য বিস্তার করেন। শ্রীহট্ট তাঁহার অধীন ছিল। তাঁহার উত্তরাধিকারিগণের সহিত উত্তরকালীন গুপ্ত-বংশের রাজাদের সংঘর্ষ ঘটে। সপ্তম শতকে ভাস্করবর্মন্ ছিলেন কামরূপের একজন পরাক্রান্ত রাজা। তিনি হর্ষবর্ধনের সহিত মিত্রতাসূত্রে আবদ্ধ হইয়া গৌড়রাজ শশাঙ্কের বিরুদ্ধে যুদ্ধ করেন। শশাঙ্কের মৃত্যুর পর তিনি কর্ণসুবর্ণ অধিকার করিয়া স্বীয় রাজ্যের অন্তর্ভুক্ত করেন। ভাস্করবর্মন্ নামে স্বাধীন হইলেও হর্ষের আনুগত্য স্বীকার করিয়াছিলেন। তাঁহার আমন্ত্রণে হিউয়েন-সাঙ্ কামরূপে গিয়াছিলেন। ভাস্করবর্মনের মৃত্যুর কিছুকাল পরে কামরূপ রাজ্যের পতন ঘটে। পাল-বংশের রাজত্বকালে কামরূপ পাল সাম্রাজ্যভুক্ত হইয়াছিল। এই রাজ্যে কামাখ্যা মন্দির ও ব্রাহ্মণ্যধর্মের প্রাধান্য ছিল।

থানেশ্বরের পুষ্যভূতি বংশ।—থানেশ্বর রাজ্যের প্রতিষ্ঠাকাল সম্বন্ধে কিছু জানা যায় না। কথিত আছে, পুষ্পভূতি বা পুষ্যভূতি নামে এক ব্যক্তি এই রাজ্যটি স্থাপন করেন। কালক্রমে এই রাজ্যটি শক্তিশালী হইয়া উঠে। প্রাচীন লিপি হইতে পুষ্যভূতি বংশের কয়েকজন রাজার নাম পাওয়া যায়। খৃষ্টীয় ষষ্ঠ শতকের শেষভাগে এই বংশের প্রভাকর-বর্ধন একজন শক্তিশালী রাজা ছিলেন। তিনি 'পরম ভট্টারক মহারাজাধিরাজ' উপাধি ধারণ করিয়া আনুমানিক ৫৮০—৬০৬ রাজত্ব করেন। তিনি হূণ, গুর্জর ও মালব জাতিকে পরাভূত করিয়া পঞ্জাব হইতে গুজরাট পর্যন্ত রাজ্য বিস্তার করেন। মৌখরিরাজ গ্রহবর্মনের সহিত তাঁহার কন্যা রাজ্যশ্রীর বিবাহ হইয়াছিল। তাঁহার মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠপুত্র রাজ্যবর্ধন থানেশ্বরের সিংহাসনে আরোহণ করেন। তাঁহাকেও হূণদিগের সঙ্গে যুদ্ধে লিপ্ত হইতে হইয়াছিল। মালবরাজ দেবগুপ্তের হস্তে গ্রহবর্মনের পরাজয় ও মৃত্যুর সংবাদ তাঁহার নিকট পৌঁছিলে, অবিলম্বে রাজ্যবর্ধন কান্যকুব্জ অভিমুখে অগ্রসর হইয়া সহজেই দেবগুপ্তকে পরাভূত করেন, কিন্তু দেবগুপ্তের সহযোগী গৌড়াধিপতি শশাঙ্ক কর্তৃক তিনি নিহত হন।

বঙ্গসাম্রাজ্য

গৌড়ের সঙ্গে কান্যকুব্জের ছিল পুরাতন বিরোধ। মালবরাজ দেবগুপ্ত ও গৌড়রাজ শশাঙ্কের সম্মিলিত শক্তির সংঘাতে কান্যকুব্জের গ্রহবর্মনের পরাজয় ও মৃত্যু হয় এবং তাঁহার পত্নী রাজ্যশ্রী বন্দিনী হন। রাজ্যবর্ধনের মৃত্যুর পর তাঁহার ভ্রাতা হর্ষবর্ধন কামরূপরাজ ভাস্করবর্মনের সহায়তায় শশাঙ্ককে দমন করিতে চেষ্টা করেন। কিন্তু এই যুদ্ধে তিনি শশাঙ্ককে পরাজিত করিতে পারেন নাই; কারণ

গঞ্জামের একখানি তাম্র লিপি হইতে জানা যায় যে, ৬১৯ খৃষ্টাব্দ পর্যন্ত শশাঙ্ক স্বাধীনভাবে সগৌরবে রাজত্ব করিয়াছিলেন। ৬১৯ হইতে ৬২৫ খৃঃ অব্দের মধ্যে কোন সময়ে শশাঙ্কের মৃত্যু হয়। তাঁহার মৃত্যুর পর ভাস্করবর্মন্ সম্ভবতঃ কর্ণসুবর্ণ জয় করিয়াছিলেন। চীনা পরিব্রাজক হিউয়েন-সাঙ্-এর মতে শশাঙ্ক বৌদ্ধবিদ্বেষী ছিলেন। গয়ায় বোধিদ্রুমটি ও বহু বৌদ্ধ বিহার তিনি বিনষ্ট করিয়াছেন, একথা-হিউয়েন-সাঙ্ উল্লেখ করিয়াছেন। কিন্তু চীনা পরিব্রাজকের এই অভিযোগের কোন নিশ্চিত প্রমাণ নাই। হিউয়েন-সাঙ্ নিজেই বলিয়াছেন যে, বাংলায় তিনি বহু সম্পদশালী বৌদ্ধ বিহার দেখিয়াছেন; কর্ণসুবর্ণের বিহারটি ছিল অতি বৃহৎ এবং এখানে কয়েকশত ভিক্ষু বাস করিতেন। শশাঙ্ক বৌদ্ধবিদ্বেষী হইলে স্বরাজ্যে তিনি বিহারগুলির অস্তিত্ব রাখিতেন না।

হর্ষবর্ধন শিলাদিত্য।—প্রায় একসঙ্গে কনৌজ ও থানেশ্বরের সিংহাসন শূন্য হইয়া পড়িলে, উভয় রাজ্যের অমাত্যগণ রাজ্যবর্ধনের কনিষ্ঠ ভ্রাতা হর্ষবর্ধনকে রাজপদে অভি-ষিক্ত করিলেন। ৬০৬ খৃষ্টাব্দ হইতে হর্ষাব্দ নামে যে সংবৎ গণনা করা হয়, সম্ভবতঃ তাহা হর্ষবর্ধনের রাজ্যভার গ্রহণের তারিখ হইতে প্রচলিত হইয়া থাকিবে। হর্ষবর্ধন ইহার কয়েক বৎসর পরে রাজোপাধি গ্রহণ করিয়াছিলেন। তাঁহার উপাধি ছিল 'শিলাদিত্য'। শাসনভার গ্রহণ করিয়াই তিনি তাঁহার ভগ্নী রাজ্যশ্রীর উদ্ধারে বাহির হইয়া পড়িলেন। ভগ্নীকে উদ্ধার করার পর হর্ষবর্ধন থানেশ্বর হইতে কনৌজে রাজধানী স্থানান্তরিত করেন। অতঃপর কামরূপের (আসাম) রাজা ভাস্করবর্মনের সহিত মৈত্রী স্থাপন করিয়া হর্ষবর্ধন শশাঙ্কের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। শশাঙ্কের সহিত তাঁহার যুদ্ধের বিবরণ কিছুই জানিতে পারা যায় না; তবে শশাঙ্ক যে ৬১৯ খৃঃ অব্দ পর্যন্ত স্বাধীনভাবে রাজত্ব করিয়া গিয়াছেন তাহার সুস্পষ্ট প্রমাণ সম্প্রতি পাওয়া গিয়াছে। দক্ষিণে বিন্ধ্যাচল পর্যন্ত হর্ষ-বর্ধনের অধিকার বিস্তৃত হইয়াছিল। তিনি নর্মদা পার হইয়া দাক্ষিণাত্যে প্রবেশের চেষ্টা


হর্ষবর্ধন শিলাদিত্য

করিলে দাক্ষিণাত্যের পরাক্রান্ত চালুক্যরাজ ২য় পুলকেশীর নিকট পরাভূত হইয়া তাঁহাকে ফিরিয়া আসিতে হয়। কাথিয়াবাড় অঞ্চলে তখন বলভী নামে এক রাজ্য

হর্ষের সাম্রাজ্য

ছিল। বলভীরাজ ধ্রুবসেন পূর্বভারতের পুষ্যভূতি রাজবংশের সহিত বৈবাহিক সম্বন্ধ স্থাপন করিয়া হর্ষবর্ধনের অধিনায়কত্ব স্বীকার করিয়া লইলেন। ৬৪১ খৃষ্টাব্দের পূর্বেই মগধ হর্ষের অধিকারে আসিয়াছিল এমন প্রমাণও পাওয়া যায়। ৬৪৩ খৃষ্টাব্দে হর্ষবর্ধন গঞ্জাম জেলার কঙ্গোদ রাজ্য ও অধিকার করেন। এভাবে কেবল কাশ্মীর, পশ্চিম-পাঞ্জাব, রাজপুতানা, সিন্ধু এবং কামরূপ ব্যতীত সমগ্র উত্তরাপথ হর্ষবর্ধনের অধিকারভুক্ত হইয়াছিল। দক্ষিণাপথের চালুক্য-রাজগণও উত্তরাপথে তাঁহার সার্বভৌম আধিপত্য স্বীকার করিয়া লইয়াছিলেন। তাঁহারই রাজত্বকালে সুপ্রসিদ্ধ চৈনিক পর্যটক হিউয়েন-সাঙ বা য়ুয়ান্‌-চোয়াঙ ভারতে আগমন করেন।

হর্ষবর্ধন রণনৈপুণ্য, ধর্মশীলতা, বিদ্যানুরাগ, পাণ্ডিত্য, উদারতা, প্রভৃতি গুণের জন্য



স্ব হ স্তো ম ম ম হা রা জা ধি রা জ শ্রী হ র্ষ স্য

(হর্ষের হস্তাক্ষর)

প্রসিদ্ধ। 'কাদম্বরী' ও 'হর্ষচরিত'-রচয়িতা সুপ্রসিদ্ধ বাণভট্ট তাঁহারই সভা অলঙ্কৃত করিয়াছিলেন। শ্রীহর্ষ নিজেও ছিলেন সাহিত্যিক,—তাঁহার রচিত 'নাগানন্দ', 'প্রিয়দর্শিকা' ও 'রত্নাবলী' নাটক সংস্কৃত সাহিত্যের বিশিষ্ট অবদান।

সাহিত্যিক প্রতিভা

একাধারে এরূপ শাসননৈপুণ্য ও সাহিত্যিক প্রতিভা শুধু ভারতবর্ষের ইতিহাসেই নয়, সমগ্র জগতের ইতিহাসেও দুর্লভ। তাঁহার রাজত্বকালে দেশে অনেক চিকিৎসালয়, বিশ্রামাগার প্রভৃতি জনহিতকর প্রতিষ্ঠান স্থাপিত হইয়াছিল।

প্রজাহিতৈষণা

সদাশয়তা, দানশীলতা, ও প্রজাহিতৈষণাদি বিবিধ সদ্‌গুণের জন্য হর্ষবর্ধন অমর হইয়া রহিয়াছেন। হূণ-উপপ্লাবন এবং গুপ্ত সাম্রাজ্যের পতনের পর আর্যাবর্তের ভাগ্যাকাশে বিপ্লব উপস্থিত হইলে হর্ষবধনই পুনরায় উত্তর-ভারতে সাংস্কৃতিক ঐক্য ও

রাষ্ট্রসাম্য প্রতিষ্ঠা করেন। কিন্তু রাষ্ট্রসাম্যের মূল সুদৃঢ় ছিল না। খৃঃ ৬৪৬ বা ৬৪৭ অব্দে হর্ষবর্ধন মৃত্যুমুখে পতিত হন এবং তাঁহার মৃত্যুর সঙ্গে সঙ্গেই তাঁহার সাম্রাজ্য ভাঙ্গিয়া পড়ে। নানা খণ্ডরাজ্যে বিভক্ত হওয়ায় উত্তর-ভারত, মুস্‌লিম আক্রমণের পূর্বাহ্ণে, আবার দ্বন্দ্ববিরোধে অত্যন্ত দুর্বল হইয়া পড়ে।

রাষ্ট্রসাম্য


হিউয়েন্-সাঙ্।—হর্ষবর্ধনের রাজত্বকালে চীনের তাঙ্ (Tang) সাম্রাজ্যের প্রসিদ্ধ চৈনিক পণ্ডিত ও পরিব্রাজক হিউয়েন্-সাঙ্ বা য়ুয়ান্-চোয়াঙ (Hiuen T'sang) ভারতবর্ষে আগমন করেন। তিনি এদেশে আসিয়া হর্ষবর্ধনের আনুকূল্য লাভ করিয়াছিলেন। তাঁহার লিখিত বিবরণ হইতে সমসাময়িক ভারতবর্ষ ও মধ্য-এশিয়া সম্বন্ধে অনেক বহুমূল্য তথ্য জানিতে পারা যায়। তাঙ্ বংশ (T'ang dynasty, 618—906) প্রায় বাংলার পাল রাজবংশের সমসাময়িক। তাঙ্ যুগের চীনা নাবিক ও বণিক্‌গণ ভারতীয় শ্রেষ্ঠিসঙ্ঘ ও নৌবহরের সঙ্গে যোগরক্ষা করিতেন। দক্ষিণ ক্যান্টন (Canton) বন্দর হইতে পূর্ব-চীনে চাঙ্-চাও (Chang-Chow) প্রভৃতি বন্দরের সহিত ভারতের বাণিজ্য-সম্বন্ধ ছিল।

রাজধানী কনৌজ তখন অত্যন্ত সমৃদ্ধ ছিল; কিন্তু পাটলিপুত্র ধ্বংস হইয়া গিয়াছিল। পাটলিপুত্রের দক্ষিণে নালন্দা নামক স্থানে (বর্তমান পাটনা জেলার বড়গাঁও) যে বিখ্যাত বিশ্ববিদ্যালয় গড়িয়া উঠিয়াছিল, এশিয়ার নানাদেশ হইতে ছাত্রেরা সেখানে অধ্যয়ন করিতে আসিত। সে-যুগে ভারতবর্ষের তথা এশিয়ায় উহাই ছিল বৃহত্তম বিশ্ববিদ্যালয়। প্রায় দশ হাজার ছাত্র সেখানে থাকিয়া ধর্মশাস্ত্র, ন্যায়, দর্শন, সাহিত্য, শিল্প, গণিত, আয়ুর্বেদ, রসায়ন ও অন্যান্য বৈজ্ঞানিক বিষয় অধ্যয়ন করিত। হিউয়েন্-সাঙের সময় নালন্দা বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন শীলভদ্র নামে একজন বাঙ্গালী পণ্ডিত। তাঁহার ছাত্ররূপে হিউয়েন্-সাঙ্ কয়েক বৎসর নালন্দায় অধ্যয়ন ও দুষ্প্রাপ্য পুঁথি নকল করিয়াছিলেন।

নালন্দা

হর্ষবর্ধন এবং তাঁহার শাসন-প্রণালীর অনেক প্রশংসা হিউয়েন্-সাঙ্ করিয়া গিয়াছেন। তিনি শুনিয়াছিলেন যে, ছয় বৎসরের যুদ্ধের ফলে হর্ষবর্ধন 'পঞ্চরাষ্ট্রে' বিভক্ত ভারতবর্ষ (আর্যাবর্ত) জয় করেন। হর্ষের সৈন্যবাহিনীতে ষাট হাজার হস্তী ও একলক্ষ সুদক্ষ অশ্বারোহী ছিল। প্রজাদের করভার ছিল অত্যন্ত লঘু; বিনা পারিশ্রমিকে কাহাকেও 'বেগার' খাটান হইত না। রাজ্যে দস্যু-তস্করের অল্পবিস্তর উপদ্রব

শাসনপ্রণালী


হর্ষের সাম্রাজ্য
মাইল
0 ১00 ২00 ৩00 ৪00 ৫00
গান্ধার
কশ্মীর
ঝিলাম
হি মা ল য় প র্ব ত
শতদ্রু
থানেশ্বর
সিন্ধু
সিন্ধু
কনৌজ
মিথিলা
কামরূপ
বারাণসী
পাটলিপুত্র
খাজুরাহো
মালব
মগধ
সৌরাষ্ট্র
নর্মদা
তাম্রলিপ্তি
গোদাবরী
কোঙ্গোদ
কলিঙ্গ
কৃষ্ণা
আ র ব
সা গ র
বাতাপি
চোল
ব ঙ্গো প সা গ র
সিংহল

ছিল। হিউয়েন্-সাঙ নিজেই কয়েকবার দস্যুহস্তে পতিত হইয়াছিলেন। সম্রাট স্বয়ং রাজ্যের সমুদয় কার্য পরিদর্শন করিতেন এবং প্রায়ই রাজ্যভ্রমণে বাহির হইতেন। সেকালে দণ্ডবিধি ছিল অত্যন্ত কঠোর ; অপরাধীর অঙ্গচ্ছেদনের ব্যবস্থা ছিল। অপরাধ নির্ণয়ের প্রথাও ছিল অদ্ভুত—অগ্নি, বিষ প্রভৃতি পরীক্ষার দ্বারা অপরাধ নির্ণয় করা হইত। জীবহত্যা নিবারণ করিবার জন্য সম্রাট নানারূপ বিধিনিষেধের প্রবর্তন করিয়াছিলেন। দেশে জাতি-ধর্ম-নির্বিশেষে রোগীদের জন্য অনেক হাসপাতাল ও চিকিৎসালয় স্থাপন করা হইয়াছিল। এখানে অভিজ্ঞ চিকিৎসকগণ সমাগত রোগীদের চিকিৎসা করিতেন। অতিথি-অভ্যাগতদের জন্য অতিথিশালা এবং খাদ্যের সুব্যবস্থা ছিল।

জীবনযাত্রা প্রণালী

সাধারণ লোক সৎ ও মিষ্টভাষী ছিল। আর্থিক ব্যাপারে তাহারা কাহাকেও প্রতারণা করিত না। দুধ, মাখন, যব, গম ইত্যাদি শস্য, ফলমূল, হরিণ ও ভেড়ার মাংস ও মাছ সেকালে প্রধান খাদ্য ছিল। পেঁয়াজ ও রসুন লোকে ঘৃণার চক্ষে দেখিত। ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতার দিকে তখন লোকের খুব নজর ছিল। নগর ও গ্রামগুলি উচ্চ প্রাচীর দ্বারা সুরক্ষিত ছিল। রাস্তাগুলি আঁকাবাঁকা ও অপরিষ্কার ছিল। রাস্তার দুই পাশে শ্রেণীবদ্ধভাবে দোকানগুলি সাজান থাকিত। কসাই, ঘাতক, মেথর, ধীবর এবং নট-নর্তকশ্রেণীর লোকেরা নগরের বাহিরে বাস করিত।

ধর্ম

হিউয়েন্-সাঙের বিবরণ হইতে জানা যায় যে, তখন ভারতে বৌদ্ধধর্মের প্রভাব অনেক হ্রাস পাইয়াছিল। উত্তর-পশ্চিম ভারতে হূণ আক্রমণের ফলে বহু বৌদ্ধমঠ একেবারে ধ্বংস হইয়া গিয়াছিল ; দক্ষিণ-ভারতে তখন জৈনধর্মের প্রভাব ক্রমশঃ বিস্তৃত হইয়া পড়িতেছিল। পূর্ব-ভারতে তখনও বৌদ্ধধর্মের প্রাধান্য ছিল ; কিন্তু এখানে ব্রাহ্মণ্যধর্ম ধীরে ধীরে প্রবল হইয়া উঠিতেছিল। হিউয়েন্-সাঙের সময়ে সারা ভারতে প্রায় কুড়ি লক্ষ শ্রমণ ছিল।

হর্ষের উদারতা

হর্ষবর্ধন স্বয়ং শৈবমতাবলম্বী হইলেও ধর্মসম্বন্ধে অত্যন্ত উদার ছিলেন ; বিশেষ করিয়া বৌদ্ধধর্মের প্রতি তাঁহার কিঞ্চিৎ পক্ষপাতিত্ব ছিল। তাঁহার দয়া-দাক্ষিণ্যের খ্যাতি চারিদিকে ছড়াইয়া পড়িয়াছিল। একবার তিনি কান্যকুব্জে এক ধর্ম-সম্মেলনের আয়োজন করেন। তাহাতে অনেক বৌদ্ধ ভিক্ষু, জৈন

কনৌজে মহাসম্মেলন

সন্ন্যাসী, শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ এবং বিশজন করদ নৃপতি সম্মিলিত হন। এইরূপ জনশ্রুতি আছে যে, বৌদ্ধধর্মের প্রতি সম্রাটের অনুরাগে ক্ষুব্ধ হইয়া ব্রাহ্মণেরা তাঁহাকে হত্যার ষড়যন্ত্র করিয়াছিল। উৎসব-শেষে হর্ষবর্ধন তাঁহার অতিথি হিউয়েন্-সাঙকে সঙ্গে লইয়া প্রয়াগে গমন করেন; সেখানে গঙ্গা-যমুনার সঙ্গমস্থলে পাঁচ বৎসর অন্তর একটি করিয়া মহোৎসব হইত। এই মহোৎসবে বুদ্ধ, সূর্য ও শিবের সম্মিলিত পূজা সম্পন্ন করিয়া সম্রাট এক বিরাট প্রান্তরে বসিয়া জাতি-ধর্ম-নির্বিশেষে সকলকে প্রার্থিত বস্তু দান করিতেন। এই প্রান্তরটির নাম রাখা হইয়াছিল 'দানক্ষেত্র' বা 'সন্তোষক্ষেত্র'। এই উৎসব তিনমাস কাল ব্যাপিয়া চলিত। রাজা দান করিতে করিতে শেষে নিজের রাজবসন পর্যন্ত বিলাইয়া দিয়া ভগ্নী রাজ্যশ্রীর নিকট হইতে একখানি সাধারণ বস্ত্র ভিক্ষা করিয়া তাহাই পরিধান করিতেন এবং সর্বস্বদানের ব্রত সমাপন করিয়া পরমভিক্ষু বুদ্ধের চরণে আত্মনিবেদন করিতেন। হিউয়েন্-সাঙ ৬৩০ হইতে ৬৪৪ খৃঃ অব্দ পর্যন্ত ভারতবর্ষে ছিলেন। চীন দেশে ফিরিবার পর চীন-সম্রাটের আনুকূল্যে বহু মূল্যবান্ ভারতীয় শাস্ত্রাদি চীন ভাষায় অনুবাদ করিয়া তিনি অমর হন। চীন ও ভারতের আধ্যাত্মিক সহযোগিতা এশিয়ার ইতিহাসে এক উজ্জ্বলতম অধ্যায়। চীন হইতে মঙ্গোলিয়া, সাইবিরিয়া, কোরিয়া ও জাপানে বৌদ্ধধর্ম প্রসারলাভ করে।

প্রয়াগে দানব্রত

বংশ-তালিকা

কনৌজের বিভিন্ন রাজবংশ

(ক) **পুষ্যভূতিবংশ** (তারিখ আনুমানিক)

(১) প্রভাকরবর্ধন

(২) রাজ্যবর্ধন — (৩) হর্ষবর্ধন (৬০৬-'৪৭)

(৪) ধ্রুবসেন—হর্ষের জামাতা

(৫) ধরসেন

(খ) (১) যশোধর্মন্ (বংশ অজ্ঞাত)

(গ) (১) ইন্দ্রায়ুধ (বংশ অজ্ঞাত)

(ঘ) (১) চক্রায়ুধ (বংশ অজ্ঞাত) পালরাজগণের আশ্রিত

প্রশ্নাবলী

১। গুপ্ত সাম্রাজ্য পতনের পরে উত্তর-ভারতের রাজনৈতিক অবস্থার বিবরণ দাও।

২। হূণেরা কে? তাহাদের ভারত-আক্রমণ ও অধিকারের একটি বিবরণ দাও।

৩। ইহাদের সম্বন্ধে কি জান? —মৌখরি, শশাঙ্ক, খারবেল, কামরূপ।

৪। বৈদেশিক আক্রমণ হইতে স্বদেশের রক্ষক হিসাবে যশোধর্মনের কৃতিত্ব বর্ণনা কর।

৫। যোদ্ধা, বিশ্বপ্রেমিক ও বিদ্যোৎসাহী হিসাবে হর্ষবর্ধনের চরিত্র বর্ণনা কর।

৬। বৌদ্ধধর্মের প্রসারকল্পে অশোক, কণিষ্ক ও হর্ষের কার্যাবলীর বিবরণ দাও।

৭। হর্ষবর্ধনের রাজত্বের সংক্ষিপ্ত বিবরণ দাও।

৮। বিজেতা ও শাসক হিসাবে হর্ষবর্ধনের সম্বন্ধে কি জান?

৯। হর্ষবর্ধন সম্বন্ধে কি জান? তাঁহার রাজত্বকালে ভারতে আগত চৈনিক পর্যটক এদেশে তৎকালীন অবস্থা সম্বন্ধে কি আলোকসম্পাত করিয়াছেন?

১০। হিউয়েন্‌-সাঙ-এর ভারত বিবরণ সম্বন্ধে যাহা জান সংক্ষেপে বর্ণনা কর।

দশম অধ্যায়

হর্ষোত্তর যুগ (Post-Harsha Age)

(ক) উত্তর-ভারত (Northern India)

পূর্বাভাষ।—হর্ষবর্ধনের মৃত্যুর অব্যবহিত পরেই তাঁহার বিশাল সাম্রাজ্য ছিন্নভিন্ন হইয়া গেল। ইহার ফলে উত্তর-ভারতে পরস্পর-বিরোধী বহু ক্ষুদ্র ও বৃহৎ রাজ্যের উদ্ভব হইল এবং উত্তর-ভারতের রাষ্ট্রীয় ঐক্য বিনষ্ট হইয়া গেল। হর্ষবর্ধনের বিস্তৃত সাম্রাজ্য প্রতিষ্ঠার পর ভারতের ইতিহাসে কান্যকুব্জ এক নূতন গরিমায় বিভূষিত হয়। শক্তিশালী রাজগণ, পূর্বযুগে মগধের ন্যায়, পরবর্তী কালে কনৌজ অধিকার করিয়া সম্রাট-পদবী লাভ করিবার উদ্দেশ্যে দীর্ঘস্থায়ী যুদ্ধবিগ্রহ আরম্ভ করিলেন। নিয়ত যুদ্ধবিগ্রহের ফলে ভারতের রাজশক্তি দুর্বল হইয়া পড়িল এবং এই দুর্বলতার সুযোগে মুসলমানগণ ভারতবর্ষ আক্রমণ করিয়া সিন্ধুদেশ জয় করিয়া লইল। আত্মকলহে লিপ্ত থাকায় হিন্দু-রাজগণ সম্মিলিতভাবে মুসলমান-আক্রমণ প্রতিরোধে অসমর্থ হন।

হর্ষের কোন উত্তরাধিকারী ছিল না। এজন্য তাঁহার মৃত্যুর পর সাম্রাজ্যে বিশৃঙ্খলা দেখা দিল। হর্ষের একজন মন্ত্রী অর্জুন কনৌজের সিংহাসন দখল করিয়া বসিলেন। তিনি কোন অজ্ঞাত কারণে চীনের রাজদূত ওয়াং-হিউয়েন্-সি-কে আক্রমণ করিলেন। ওয়াং এই সময়ে সদলবলে কনৌজের রাজসভায় অবস্থান করিতেছিলেন। অর্জুনের এই অন্যায় আক্রমণে ক্রুদ্ধ হইয়া চীন সম্রাটের বন্ধু তিব্বতের রাজা স্রং-সান-গাম্পো ও নেপালরাজ অংশুবর্মন্ সসৈন্যে কনৌজ আক্রমণ করিয়া অর্জুনকে পরাজিত ও বন্দী করিলেন। কনৌজে অর্জুনের রাজত্বের অবসান হইল।

কনৌজে বিশৃংখলা ও তিব্বতীয় আক্রমণ

যশোবর্মন।—হর্ষবর্ধনের মৃত্যুর পরবর্তী অর্ধশতাব্দীকাল ছিল রাজনৈতিক বিশৃংখলার যুগ। এই সময়ের অবস্থা সম্বন্ধে বিশেষ কিছু জানা যায় না। অষ্টম শতকের প্রারম্ভে যশোবর্মন্ কনৌজের লুপ্ত গৌরব পুনঃপ্রতিষ্ঠিত করেন। গৌড় ও মগধের রাজাকে পরাজিত ও নিহত করিয়া তিনি পূর্বদিকে রাজ্যসীমা বর্ধিত করিয়াছিলেন। তাঁহার

বংশ-পরিচয় অথবা পূর্ব জীবন সম্বন্ধে কিছুই জানা যায় না। কিন্তু তাঁহার সভাকবি বাক্‌পতিরাজ রচিত 'গৌড়বহো' নামক কাব্যে তাঁহার রাজত্বকালের কাহিনী বর্ণিত আছে। ইহাই তাঁহার রাজত্বকালের একমাত্র ঐতিহাসিক উপাদান। সিংহাসনে আরোহণ করিয়া তিনি রাজ্য জয়ে বাহির হইলেন। অতঃপর তিনি বিজয়াভিযান লইয়া দাক্ষিণাত্য ও পশ্চিমঘাট অঞ্চলে যুদ্ধবিগ্রহ করিয়া আর্যাবর্তে প্রত্যাবর্তন করেন। তাঁহার সাম্রাজ্য সমগ্র আর্যাবর্তের উপর বিস্তৃত ছিল। কথিত আছে, এই সময় সিন্ধুর আরবদের সহিতও তাঁহার সংঘর্ষ হয়। ৭৩১ খৃঃ অব্দে তাঁহার এক মন্ত্রীকে চীনদেশে রাজদূতরূপে প্রেরণ করা হয়। 'উত্তররামচরিত', 'মালতী-মাধব', প্রভৃতি নাটক প্রণেতা সুপ্রসিদ্ধ সংস্কৃত কবি ভবভূতি এবং 'গৌড়বহো' (গৌড়বধ--গৌড়রাজের পরাভব) নামক প্রাকৃত কাব্যের রচয়িতা বাক্‌পতিরাজ তাঁহার সভাসদ-ছিলেন। অবশেষে কাশ্মীররাজ মুক্তাপীড় ললিতাদিত্যের হস্তে যশোবর্মন্ পরাজিত হন ; সঙ্গে সঙ্গে কনৌজের গৌরব সাময়িকভাবে লুপ্ত হইয়া যায়।

কনৌজের পুনরভ্যুদয়

কাশ্মীর।—খৃষ্টীয় সপ্তম শতকের পূর্ব পর্যন্ত কাশ্মীরের কোন বিশ্বাসযোগ্য ইতিহাস পাওয়া যায় না। সপ্তম শতকের প্রথম ভাগে কার্কোট বংশীয় রাজগণ যখন কাশ্মীরে রাজত্ব করিতে আরম্ভ করেন তখন হইতে এই রাজ্যের ধারাবাহিক ইতিহাস পাওয়া যায়। এই বংশের প্রতিষ্ঠাতার নাম দুর্লভবর্ধন। তাঁহার রাজত্বকালে হিউয়েন্-সাঙ কাশ্মীরে আসিয়াছিলেন। অষ্টম শতকের প্রারম্ভে (৭১৩) এই বংশের চন্দ্রাপীড় সিংহাসন লাভ করেন। তিনি অত্যন্ত দয়ালু ও ন্যায়পরায়ণ রাজা ছিলেন। তাঁহার সময়ে সিন্ধুর আরবগণ কর্তৃক কাশ্মীর আক্রান্ত হয়। বৈদেশিক আক্রমণকারিগণের বিরুদ্ধে সাহায্য লাভের আশায় তিনি চীন সম্রাটের নিকট দূত পাঠাইয়াছিলেন। চন্দ্রাপীড়ের পুত্র ললিতাদিত্য মুক্তাপীড় ছিলেন এই বংশের সর্বাপেক্ষা পরাক্রমশালী রাজা। তিনি যুদ্ধ-বিগ্রহে জয়লাভ করিয়া সমগ্র উত্তর-ভারতে আধিপত্য বিস্তার করিয়া-ছিলেন। কনৌজের যশোবর্মনের সহিত মিত্রতা স্থাপন করিয়া তিনি তিব্বতের রাজাকে পরাজিত করিতে সমর্থন হন। তিব্বত রাজের বিরুদ্ধে সাহায্য প্রার্থনা করিয়া তিনি চীন সম্রাটের নিকট দূত পাঠাইয়াছিলেন। সিন্ধুর আরবগণ তাঁহার রাজ্য আক্রমণ করিলে তিনি তাহাদের পরাজিত করিয়া প্রত্যাবর্তন করিতে বাধ্য করিয়াছিলেন। তিনি যশোবর্মন্‌কে পরাজিত ও নিহত করিয়া কনৌজ স্বীয় রাজ্যভুক্ত করেন।

ললিতাদিত্য মুক্তাপীড়

ললিতাদিত্য কাশ্মীরে কয়েকটি নগর ও বহু মন্দির নির্মাণ করেন। কাশ্মীরের সুপ্রসিদ্ধ মার্তণ্ড মন্দির তাঁহার রাজত্বকালেই নির্মিত হইয়াছিল। তিনি মোট ৩৬ বৎসর রাজত্ব করিয়াছিলেন। তাঁহার বংশধরদিগের রাজত্বকালে কাশ্মীরের শক্তি ও গৌরব হ্রাস পাইতে লাগিল। নবম শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত এই বংশ কাশ্মীরে রাজত্ব করিয়াছিলেন।

বাংলা।—শশাঙ্কের মৃত্যুর পরে বাংলাদেশে দীর্ঘকালব্যাপী অরাজকতা ও বিশৃংখলা দেখা দিল এবং এখানে পাঁচটি বিভিন্ন রাজ্যের উদ্ভব হইল। শশাঙ্কের মৃত্যুর পরেই হর্ষ ও ভাস্করবর্মন্ উভয়েই বাংলাদেশের অংশ জয় করিয়া রাজ্য বিস্তার করিলেন; সাময়িক ভাবে কর্ণসুবর্ণ ভাস্করবর্মনের অধিকারভুক্ত হইল। এই অরাজকতার যুগে জয়নাগ নামে একব্যক্তি কর্ণসুবর্ণ জয় করিয়া একটি শক্তিশালী রাজ্য প্রতিষ্ঠা করেন এবং নিজ নামে মুদ্রা প্রচার করেন।

খড়্গবংশ ও শৈলোদ্ভব বংশ

সপ্তম শতকের প্রথমার্ধে পূর্ববঙ্গ এক ব্রাহ্মণ রাজবংশের শাসনাধীন ছিল, ইহা হিউয়েন্-সাঙ উল্লেখ করিয়াছেন। এই শতাব্দীর শেষ ভাগে বৌদ্ধ খড়্গ-বংশীয় রাজগণ পূর্ববঙ্গে প্রাধান্য লাভ করেন। দক্ষিণবঙ্গের একাংশেও ইহাদের অধিকার বিস্তৃত হয়। অষ্টম শতকের প্রথমে শৈলবংশোদ্ভূত রাজগণ উত্তরবঙ্গে একটি স্বতন্ত্র রাজ্য স্থাপন করেন। ইহাদের সম্বন্ধে বিশেষ কোন ঐতিহাসিক তথ্য পাওয়া যায় না। কনৌজরাজ যশোবর্মন্ ও কাশ্মীরাধিপতি ললিতাদিত্য কিছুকালের জন্য বাংলাদেশের উপর আধিপত্য স্থাপন করিয়াছিলেন। ললিতাদিত্যের মৃত্যুর পরে বাংলাদেশ পুনরায় স্বাধীন হইয়া যায়। এই সময় বাংলা বহু ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাজ্যে বিভক্ত হইয়া পড়ে। অতঃপর অষ্টম শতাব্দীর মধ্যভাগে, শশাঙ্কের মৃত্যুর প্রায় শতাব্দী-কাল পরে, পালবংশীয় রাজা গোপাল বাংলার সিংহাসনে অধিষ্ঠিত হইয়া দেশের শৃংখলা ও সংহতি ফিরাইয়া আনিলেন।

উড়িষ্যা।—পঞ্চম শতকের শেষভাগে অথবা ষষ্ঠ শতকের প্রারম্ভে উড়িষ্যার দক্ষিণ সীমান্তে কলিঙ্গভূমিতে গঙ্গবংশ প্রতিষ্ঠা লাভ করে। এই বংশ প্রাচ্য-

প্রাচ্য গঙ্গবংশ

গঙ্গবংশ নামে খ্যাত। মহীশূর অঞ্চলে গঙ্গবংশের অপর একটি শাখা রাজত্ব করিত; উহা পশ্চিম-গঙ্গবংশ নামে পরিচিত। প্রাচ্য গঙ্গবংশের প্রতিষ্ঠাতা ছিলেন ইন্দ্রবর্মন্। এই বংশের রাজারা প্রায় চারিশত বৎসর রাজত্ব করেন। দশম শতকে কলিঙ্গ রাজ্য চালুক্য ও চোলরাজগণ কর্তৃক বার বার বিজিত হয়।

খৃষ্টীয় একাদশ শতাব্দীতে গঙ্গবংশের একটি শাখা উত্তরকালীন প্রাচ্য গঙ্গবংশ কলিঙ্গের উপর আধিপত্য স্থাপন করিয়া উড়িষ্যার হৃত গৌরব ফিরাইয়া আনিলেন। অনন্তবর্মন চোড়গঙ্গ এই বংশের সর্বশ্রেষ্ঠ ও পরাক্রান্ত রাজা। তিনি সম্ভবতঃ ১০৭৮—১১৪৭ খৃষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। তাঁহার রাজ্যসীমা গঙ্গা হইতে গোদাবরী নদী পর্যন্ত বিস্তৃত ছিল। তাঁহারই রাজত্বকালে পুরীর জগন্নাথদেবের মন্দির নির্মিত হয়। এই বংশের রাজগণের শাসনকালে উড়িষ্যায় বহু ভাস্কর্য্য শোভিত মন্দির নির্মিত হইয়াছিল। বস্তুতঃপক্ষে এযুগে উড়িষ্যা স্থাপত্য ও ভাস্কর্য শিল্পে অতুলনীয় উৎকর্ষ লাভ করে। মুক্তেশ্বর, পরশুরামেশ্বর প্রভৃতি উড়িষ্যার মন্দিরগুলি ভারত-শিল্পে শীর্ষস্থান অধিকার করিয়া আছে। অষ্টম শতকের ভুবনেশ্বর ও ত্রয়োদশ শতকের কোনার্কের মন্দির ভুবন-বিখ্যাত।

উত্তর কালীন প্রাচ্য গঙ্গবংশ
অনন্তবর্মন্ চোড়গঙ্গ

অনন্তবর্মনের উত্তরাধিকারিগণের সহিত বাংলার সেনবংশীয় রাজগণের বহু যুদ্ধবিগ্রহ ঘটে এবং ইহার ফলে দক্ষিণ-পশ্চিম বাংলা উড়িষ্যা হইতে বিযুক্ত হইয়া যায়। ইহার পরে মুসলমানগণ উড়িষ্যা জয় করিতে চেষ্টা করিলে গঙ্গরাজগণের পরাক্রমে বার বার পরাজিত হইয়াছিল। কপিলেন্দ্র বংশের শেষ রাজা ভানুদেবকে সিংহাসনচ্যুত করিয়া তাঁহার মন্ত্রী কপিলেন্দ্র রাজা হইলেন। কপিলেন্দ্র বংশের রাজগণ বহুকাল পর্যন্ত মুসলমান আক্রমণ প্রতিহত করিয়া দেশের স্বাধীনতা অক্ষুণ্ণ রাখেন। কিন্তু পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগে উড়িষ্যা মুসলমান অধিকারে আসে।

আরব আক্রমণ।—অষ্টম শতকের প্রারম্ভে (৭১০ খৃঃ অঃ) খলিফা প্রথম ওলিদের রাজত্বকালে আরবগণ ভারতবর্ষ আক্রমণ করে। মুহম্মদ বিন্ কাশিম নামক একজন তরুণ সেনাপতির নেতৃত্বে একদল মুসলমান সৈন্য হিন্দু রাজা দাহিরকে পরাজিত করিয়া সিন্ধুদেশ অধিকার করিল। ইহাই ভারতে প্রথম মুসলমান অধিকার।

রাজপুত জাতি।—হর্ষোত্তর যুগে উত্তর-ভারতে যে-সকল রাজবংশের অভ্যুত্থান ঘটিয়াছিল, তাহারা অনেকেই নিজেদের রাজপুত বলিয়া পরিচয় দিতেন। প্রকৃতপক্ষে অষ্টম শতাব্দী হইতে প্রায় দ্বাদশ শতাব্দীর শেষ পর্যন্ত রাজপুত রাজারাই উত্তর-ভারতের বিচ্ছিন্ন রাজ্যগুলির অধিপতি ছিলেন এবং ইহাদের কীর্তি-

রাজপুত যুগ

কলাপকে কেন্দ্র করিয়া এ-যুগের ইতিহাস রচিত হইয়াছে বলিলে অত্যুক্তি হইবে না। এজন্য উত্তর-ভারতের ইতিহাসের এ-যুগকে 'রাজপুত যুগ' বলা যাইতে পারে।

ইতিপূর্বেই উক্ত হইয়াছে যে, যবন, শক, কুষাণ, হূণ প্রভৃতি বৈদেশিক জাতিগুলি বৌদ্ধ অথবা হিন্দুধর্ম গ্রহণ করিয়া ক্রমশঃ ভারতের বিশাল জনসমাজের সহিত মিশিয়া গিয়াছে। ইহারই ফলে গুপ্তোত্তর যুগে প্রাচীন জাতিগত ক্ষত্রিয় সমাজের স্থলে আমরা এক নূতন কর্মগত ক্ষত্রিয় সমাজের উদ্ভব দেখিতে পাই। ইহারাই ইতিহাসে বীর

রাজপুত জাতির উদ্ভব

রাজপুত জাতিরূপে পরিচিত। রাজপুত নামধারী এই সকল বৈদেশিক জাতির মধ্যে যাহারা শৌর্যবীর্যে প্রতিষ্ঠালাভ করিয়াছিল, তাহারা ক্ষত্রিয় সমাজের অন্তর্ভুক্ত হইল এবং যাহারা সাধারণ স্তরের অ-হিন্দু ছিল তাহারা আচার, ব্যবহার, বৃত্তি অনুযায়ী বৈশ্য-শূদ্রাদি নিম্নস্তরের হিন্দুদের সমপর্যায়ভুক্ত হইয়া পড়িল। অষ্টম শতকে উত্তর-ভারতের রাজপুত রাজবংশগুলির মধ্যে গুর্জর-প্রতিহার বংশ ছিল সর্বশ্রেষ্ঠ। কিন্তু কেহ কেহ মনে করেন যে, রাজপুতগণ ভারতের প্রাচীন ক্ষত্রিয়কুল-সম্ভূত ছিলেন। রাজপুত রাজগণ নিজেদের চন্দ্র ও সূর্যবংশজাত বলিয়া দাবী করেন। অবশ্য এই মতের সমর্থনে বিশেষ প্রমাণ নাই। কিন্তু রাজপুত জাতির কয়েকটি শাখা যে ভারতীয় জাতি হইতে উদ্ভূত ইহার প্রমাণ আছে।

গুর্জর-প্রতিহার সাম্রাজ্য।—প্রতিহারবংশ গুর্জরজাতির একটি শাখা বলিয়া পণ্ডিতেরা মনে করেন। গুর্জরজাতি মধ্য-এশিয়ার হূণদের সঙ্গে ভারতবর্ষে প্রবেশ

গুর্জর-প্রতিহার বংশের উৎপত্তি

করিয়া অন্যান্য অনেক বৈদেশিক জাতির ন্যায় ভারতীয় জাতির সহিত মিশিয়া গিয়াছিল। গুর্জর-প্রতিহারগণ আপনাদিগকে ক্ষত্রিয় রাজপুত এবং লক্ষ্মণের বংশধর বলিয়া দাবী করেন।

খৃষ্টীয় ষষ্ঠ শতকে গুর্জরগণ রাজপুতনায় ভিনমাল ও সিরোহি এবং নর্মদার মোহনায় ভৃগুকচ্ছে (বরোচ) রাজ্য স্থাপন করেন। ইহার পর অষ্টম শতকে মালব অথবা মারবাড়ে একটি প্রতিহার রাজ্যের কথা জানিতে পারা যায়। মালবের

প্রতিহার-পাল-রাষ্ট্রকূট সংঘর্ষ

প্রতিহাররাজ ১ম নাগভট সিন্ধুজয়ী আরবদিগকে পরাজিত করেন। প্রতিহার বংশের চতুর্থ রাজা বৎস অষ্টম শতকের শেষদিকে গৌড়বঙ্গের সঙ্গে যুদ্ধে জয়লাভ করেন। গৌড়বঙ্গ ব্যতীত দাক্ষিণাত্যের রাষ্ট্রকূটদিগের সহিত

প্রতিহার বংশীয় রাজগণের সংঘর্ষ হয়। রাষ্ট্রকূটদিগের প্রতিকূলতায় প্রতিহাররাজ্য বিশেষ বিস্তার লাভ করিতে পারে নাই। বৎসরাজের পুত্র ২য় নাগভট (আঃ ৮১৫—'৩৩) ধর্মপালের আশ্রিত চক্রায়ুধকে কনৌজ হইতে বিতাড়িত করিয়াছিলেন; কিন্তু শেষে আবার তাঁহাকে রাষ্ট্রকূটবংশের ৩য় গোবিন্দের নিকট পরাজয় স্বীকার করিতে হয়। ২য় নাগভটের পৌত্র ১ম ভোজদেব (আঃ ৮৩৬—'৯৩) পূর্ব-পঞ্জাব হইতে গৌড়বঙ্গের পশ্চিম-সীমা পর্যন্ত সমগ্র ভূ-ভাগ অধিকার করেন এবং তাঁহার পুত্র মহেন্দ্র-

মহেন্দ্রপাল

পাল (আঃ ৮৯৩—৯১০) এই বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন। "কর্পূর-মঞ্জরী" নামক প্রাকৃত নাটকের রচয়িতা প্রসিদ্ধ আলঙ্কারিক কবি রাজ-শেখর মহেন্দ্রপালের একজন সভাসদ ছিলেন। তাঁহার সময় সিন্ধুসীমান্ত হইতে পুণ্ড্র-বর্ধন (উত্তরবঙ্গ) অর্থাৎ আরব সমুদ্র হইতে বঙ্গোপসাগর পর্যন্ত প্রতিহার সাম্রাজ্য বিস্তৃত হয়।

মহেন্দ্রপালের পর প্রতিহার সাম্রাজ্যের পতন হইতে থাকে। তাঁহার পুত্র ১ম মহীপাল রাষ্ট্রকূট-নরপতি ৩য় ইন্দ্রের নিকট পরাজিত হন এবং ৩য় ইন্দ্র কনৌজ লুণ্ঠন

প্রতিহারদের পতন

করেন (আঃ ৯১৬)। ইহার পর মহীপাল কনৌজ উদ্ধার করিলেও প্রতি-হারদের সুদিন আর ফিরিল না। নানাস্থানে ক্ষুদ্র-বৃহৎ অনেকগুলি রাজ্য স্বাধীনতা ঘোষণা করিল। আরব সাগর হইতে বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত বিশাল প্রতিহার সাম্রাজ্য সংকুচিত হইয়া কনৌজের আশেপাশে কোনও ক্রমে আরও এক শতাব্দীকাল টিকিয়া রহিল মাত্র। পরে ১০১৯ খৃঃ অব্দে সুলতান মাহ্‌মুদ কনৌজ লুণ্ঠন করেন। ইহার কিছুকাল পরেই প্রতিহার বংশের শেষ নরপতি রাজ্যপাল আত-তায়ীর হস্তে নিহত হন এবং তাঁহাদের স্থলে গহড়বাল রাজগণ কিছুকাল শাসন করেন।

শক্তিশালী প্রতিহার রাজগণ উত্তর-ভারতে যে বিস্তীর্ণ সাম্রাজ্য স্থাপন করিয়াছিলেন তাহাই ভারতের শেষ হিন্দু সাম্রাজ্য। আয়তনে ইহা হর্ষের সাম্রাজ্য অপেক্ষা বৃহৎ ছিল।

প্রতিহার বংশের কৃতিত্ব

হর্ষের মৃত্যুর পরে উত্তর-ভারতে যে রাজনৈতিক অনৈক্য ও বিশৃংখলা আসিয়াছিল প্রতিহার রাজগণ তাহা দূর করিয়া উত্তর-ভারতে ঐক্য ও সংহতি সাময়িকভাবে স্থাপন করিতে সমর্থ হইয়াছিলেন এবং রাষ্ট্রকূট ও পালদের সহিত যুদ্ধ করিয়া সাম্রাজ্যের অস্তিত্ব প্রায় দুই শতাব্দী কাল বজায় রাখিয়াছিলেন। ইহা তাঁহাদের প্রতিভা ও কৃতিত্বের পরিচায়ক। এই সময়েই ভারতে মুসলমান আরবদের

আক্রমণ সুরু হয়। শক্তিশালী আরব জাতি সিন্ধুদেশ জয় করিয়া বার বার ভারতের অভ্যন্তরে রাজ্য বিস্তার করিতে চেষ্টা করিয়াছে। পরাক্রান্ত প্রতিহাররাজগণ প্রায় দুই শত বৎসর পর্যন্ত অশেষ পরাক্রমের সহিত মুস্‌লিম আক্রমণ প্রতিহত করিয়া ভারতের স্বাধীনতা ও সংস্কৃতি রক্ষা করিয়াছেন। এ যুগের অন্যান্য রাজপুত রাজবংশের শৌর্যও ভারতে মুসলিম আধিপত্য স্থাপনের পথে দুরূহ বাধা সৃষ্টি করিয়াছিল।

মুসলমান আক্রমণের প্রাক্কালে ভারতের অবস্থা।—প্রতিহার ও পাল সাম্রাজ্য পতনের পর উত্তর-ভারত বহু ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত হইয়া গেল এবং রাজারা নিজ নিজ প্রভুত্ব স্থাপনের জন্য অবিরাম যুদ্ধবিগ্রহে লিপ্ত হইলেন। তখন যে-সকল নূতন রাজবংশ উত্তর-ভারতে প্রাধান্য লাভ করে, তাহাদের মধ্যে মালবের "পরমার" জেজাকভুক্তির "চন্দেল্ল", ডাহলদেশের "চেদি" বা "কলচুরি", গুজরাটের "চৌলক্য" ও "বাঘেলা", আজমীরের "চৌহান" এবং কনৌজের "গহড়বাল"-বংশ সবিশেষ বিখ্যাত। এদিকে তখন ভারতের পূর্বাংশে পাল ও সেনবংশের রাজারা রাজত্ব করিতেন এবং উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে ব্রাহ্মণ শাহি-বংশের আধিপত্য ছিল। মুসলমানগণ যখন ভারত জয় করিতে উদ্যত তখন উত্তর-পশ্চিম ভারতের বিভিন্ন হিন্দুরাজগণ ধ্বংসকর আত্মকলহে লিপ্ত থাকায়, সম্মিলিতভাবে মুসলমান আক্রমণ প্রতিরোধ করিতে অসমর্থ হন। হিন্দুদের অনৈক্যের ফলেই মুসলমানদের ভারত-বিজয়ের পথ সুগম হইয়াছিল। কিন্তু এই সকল ক্ষুদ্র ক্ষুদ্র রাজপুত রাজ্যগুলি যে ভারতে মুসলিম আধিপত্য স্থাপন বিলম্বিত করিয়াছিল ইহাও অনস্বীকার্য।

বহুধা-বিভক্ত ভারতবর্ষে বিভিন্ন রাজপুতবংশ

মুসলমান আক্রমণ

(খ) দক্ষিণ-ভারত (South India)

ভূমিকা।—গুপ্তযুগ পর্যন্ত ভারতবর্ষের ইতিহাসে উত্তরাপথেরই প্রাধান্য ছিল অতি প্রবল। গুপ্তযুগের পর ভারতের রাষ্ট্রীয় ইতিহাসে এক নূতন অধ্যায়ের সূত্রপাত হয়। দক্ষিণাপথে তখন যে শুধু পরাক্রান্ত রাজশক্তির বিকাশ হইতেছিল তাহা নয়, দক্ষিণা-পথের রাজারা এবং শঙ্করাচার্য ও রামানুজ-প্রমুখ ধর্মনেতা ও মনীষিগণ তখন উত্তরাপথে প্রাধান্য বিস্তারের চেষ্টা করিতেছিলেন—এ যুগের দাক্ষিণাত্যের ইতিহাসের ইহাই বিশেষত্ব।

বাতাপির চালুক্য বংশ।—খৃষ্টীয় তৃতীয় শতকে সাতবাহন সাম্রাজ্যের পতনের পর দাক্ষিণাত্য নানা ক্ষুদ্র-বৃহৎ রাজ্যে বিভক্ত হইয়া গিয়াছিল। ষষ্ঠ শতকের মধ্যভাগে বাতাপিপুরে (বিজাপুর জেলার বাদামী) ১ম পুলকেশী চালুক্য রাজ্য স্থাপন করেন। ১ম পুলকেশী কয়েকটি রাজ্য জয় করিয়া অশ্বমেধ যজ্ঞ করিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পরে তাঁহার দুই পুত্র কীর্তিবর্মন্ ও মঙ্গলেশ ক্রমান্বয়ে রাজত্ব করেন। ইহারা উভয়েই ছিলেন দিগ্বিজয়ী বীর। তাঁহাদের বাহুবলে চালুক্য রাজ্যের আয়তন বৃদ্ধি পাইতে লাগিল।

১ম পুলকেশী

সপ্তম শতকের প্রারম্ভে (আঃ ৬০৯) ১ম পুলকেশীর পৌত্র ২য় পুলকেশী সিংহাসনে আরোহণ করেন। তিনিই ছিলেন এই বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি। তাঁহার বিজয়বাহিনী দক্ষিণে কাবেরী নদী হইতে উত্তরে নর্মদা পর্যন্ত অগ্রসর হইয়াছিল। তিনি কাঞ্চীর পল্লবরাজ মহেন্দ্রবর্মাকে পরাজিত করেন এবং "সুদূর দক্ষিণের" চোল, চের (কেরল) ও পাণ্ড্যরাজগণের উপর প্রভাব বিস্তার করেন। হর্ষবর্ধন দক্ষিণাপথে প্রবেশের চেষ্টা করিলে, নর্মদাতীরে ২য় পুলকেশীর হস্তে পরাভব স্বীকার করিয়া ফিরিয়া যাইতে বাধ্য হন। ২য় পুলকেশী মালব ও গুজরাট অধিকার করেন। এভাবে তিনি প্রায় সমগ্র দক্ষিণাপথের একচ্ছত্র সম্রাট হইয়া বসিলেন। তিনি একটি নৌ-বাহিনী প্রেরণ করিয়া বম্বের অনতিদূরে এলিফান্টা দ্বীপ জয় করিয়া লন। চৈনিক পরিব্রাজক হিউয়েন্-সাঙ ৬৪১ খৃঃ অব্দে ২য় পুলকেশীর রাজসভা পরিদর্শন করিয়া চালুক্যসম্রাট এবং তাঁহার প্রজাদের শৌর্যবীর্যের এক চমৎকার বর্ণনা লিখিয়া গিয়াছেন। কথিত আছে, ২য় পুলকেশী ও পারস্যরাজ ২য় খসরুর মধ্যে মৈত্রীর নিদর্শনস্বরূপ রাজদূতের বিনিময় হইয়াছিল। কিন্তু তাঁহার এই প্রতিষ্ঠা বেশী দিন স্থায়ী হয় নাই, কারণ ৬৪২ খৃঃ অব্দে পল্লবরাজ নরসিংহবর্মার সহিত যুদ্ধে তিনি পরাজিত ও নিহত হন। কিন্তু ২য় পুলকেশীর পুত্র ১ম বিক্রমাদিত্য দীর্ঘকালব্যাপী যুদ্ধে বারবার পল্লবদিগকে পরাজিত করেন এবং তাহাদের রাজধানী কাঞ্চী (কাঞ্জীভেরাম) অধিকার করিয়া চালুক্যদের লুপ্ত গৌরব পুনরুদ্ধার করিয়াছিলেন। তাঁহার পুত্র বিনয়াদিত্যও পরাক্রান্ত নরপতি ছিলেন এবং বিভিন্ন রাজ্য জয় করিয়া বংশের গৌরব বৃদ্ধি করেন। তাঁহার পুত্র বিজয়াদিত্যের রাজত্বকাল শান্তিতে অতিবাহিত হইয়াছিল। তাঁহার পুত্র চালুক্যরাজ ২য় বিক্রমাদিত্য কাঞ্চী জয় করেন। দাক্ষিণাত্যের

দ্রাবিড়-বিজেতা ২য় পুলকেশী

১ম বিক্রমাদিত্য—পল্লব-চালুক্য সংঘর্ষ

হিন্দুরাজগণের মধ্যে চালুক্যদেরই সঙ্গে সিন্ধুজয়ী আরবদের প্রথম সংঘর্ষ হয়। ২য় বিক্রমাদিত্যের অধীন দক্ষিণ-গুজরাটের এক মহাসামন্ত "তাজ্জিক" মুসলমানদের পরাজিত করেন। ৭৫৩ খৃঃ অব্দে রাষ্ট্রকূটদের আক্রমণে বাদামী বা বাতাপিপুরের চালুক্যবংশের প্রাধান্য বিনষ্ট হইয়া যায়। বাদামীর প্রসিদ্ধ হিন্দু গুহামন্দির সে-যুগের চিত্রকলা ও ভাস্কর্যশিল্প-বিকাশের সাক্ষ্য দেয়। এই বংশের এক শাখা গোদাবরী ও কৃষ্ণার মধ্যবর্তী প্রদেশে এক নূতন রাজবংশ স্থাপন করেন। ইহা পূর্বচালুক্য বা বেঙ্গির চালুক্যবংশ নামে খ্যাত। এই বংশের রাজগণের সহিত প্রায় দুই শতাব্দী কাল রাষ্ট্রকূট রাজাদের যুদ্ধবিগ্রহ চলিয়াছিল। একাদশ শতাব্দীর শেষার্ধে প্রাচ্য চালুক্যরাজ্য চোল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হইয়া যায়।

চালুক্য-প্রাধান্যের অবসান

বাদামীর চালুক্যরাজগণ হিন্দুধর্ম অনুসরণ করিতেন। তাঁহাদের পৃষ্ঠপোষকতায় দাক্ষিণাপথে হিন্দুধর্মের প্রভাব বিস্তৃত হইতে থাকে। কিন্তু বৌদ্ধ ও জৈন ধর্মের প্রতিও তাঁহাদের উদার মনোভাব ছিল। চালুক্য রাজাদের শিল্পের প্রতিও অনুরাগ ছিল। তাঁহারা বহু মন্দির নির্মাণ করিয়াছিলেন। ইঁহাদের পৃষ্ঠপোষকতায় অজন্তায় কয়েকটি গুহার প্রাচীর চিত্র অঙ্কিত হইয়াছে। বিজয়াদিত্যের রাজত্বকালে প্রসিদ্ধ সঙ্গমেশ্বর মন্দির নির্মিত হয়।

কল্যাণের চালুক্যবংশ।—দশম শতকের শেষভাগে বাতাপির চালুক্যবংশের দ্বিতীয় তৈল (৯৭৩--৯৯৭) রাষ্ট্রকূটদের পরাজিত করিয়া দাক্ষিণাত্যে পুনরায় চালুক্য প্রাধান্য স্থাপিতকরেন। কল্যাণ নামক স্থানে নূতন চালুক্যরাজ্যের রাজধানী ছিল; এজন্য এই রাজবংশ কল্যাণের চালুক্যবংশ বলিয়া খ্যাত। এই সময় সুদূর দক্ষিণে চোলগণ পরাক্রান্ত হইয়া উঠিতেছিল। দক্ষিণাপথের প্রভুত্ব লইয়া চোল ও চালুক্যদের মধ্যে দীর্ঘকাল বিরোধ চলিতে থাকে। চালুক্য রাজ সোমেশ্বর আহবমল্ল কোপ্পমের যুদ্ধে রাজাধিরাজ চোলকে পরাজিত করেন। তিনি মধ্যভারতের পরমার ও চেদী রাজাদেরও পরাজিত করেন। সোমেশ্বরের পুত্র ষষ্ঠ বিক্রমাদিত্য ছিলেন এই বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি। তাঁহার নানা বিজয়াভিযান কাহিনী তাঁহার সভাকবি বিহ্লন-রচিত 'বিক্রমাঙ্কদেব চরিত'-গ্রন্থে বর্ণিত আছে। 'মিতাক্ষরা'-রচয়িতা বিজ্ঞানেশ্বর তাঁহার সভা অলঙ্কৃত করিতেন। চালুক্য-সেনাপতি বিজ্জন কলচুর্য দ্বাদশ শতাব্দীর মধ্যভাগে চালুক্য-রাজ্য অধিকার করেন। তাঁহার মন্ত্রী বসব ছিলেন বীরশৈব বা লিঙ্গায়ৎ সম্প্রদায়ের ধর্মগুরু।

ষষ্ঠ বিক্রমাদিত্য

১১৯০ খৃষ্টাব্দে কল্যাণের চালুক্য সম্রাজ্যের পতন ঘটে। তখন দাক্ষিণাত্যের অন্ধ্রদেশে কাকতীয়বংশ, মহীশূরে হোয়সলবংশ এবং মহারাষ্ট্রের যাদববংশ লাভ করে।

পল্লববংশ।—খৃষ্টীয় তৃতীয় শতকে সাতবাহন বংশের পতনের পরে পল্লবগণ কাঞ্চীতে স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করে। এই শতাব্দীতে সিংহবর্মন্ ও শিবস্কন্দবর্ম নামক দুইজন পল্লব রাজা রাজ্যজয় সমাপ্ত করিয়া অশ্বমেধ যজ্ঞ করেন। পঞ্চম হইতে নবম শতাব্দী পর্যন্ত পল্লবরাজ্য দাক্ষিণাত্যের প্রধান শক্তি বলিয়া পরিগণিত ছিল। ষষ্ঠ শতাব্দীতে মধ্যভাগে পল্লবরাজ সিংহবিষ্ণু নিজবলে চের, চোল ও পাণ্ড্যরাজ্য জয় করিয়া তামিল জাতির সাংস্কৃতিক ঐক্যসাধন ও স্বীয় প্রাধান্য বিস্তার করেন। চালুক্যদের সঙ্গে তাঁহাদের প্রায়ই যুদ্ধবিগ্রহ হইত। চালুক্য-সম্রাট ২য় পুলকেশীর হস্তে পল্লবরাজ ১ম মহেন্দ্র বর্মনের পরাজয় ঘটে, কিন্তু মহেন্দ্র-বর্মনের পুত্র নরসিংহবর্মন্ ২য় পুলকেশীকে পরাভূত ও নিহত করেন। পল্লববংশের মধ্যে নরসিংহবর্মনই ছিলেন সর্বাপেক্ষা প্রসিদ্ধ নরপতি। পুলকেশীর পরাভবের পর তিনি "সুদূর দক্ষিণে" পাণ্ড্যদেশ এবং সিংহল পর্যন্ত পল্লব-বংশের প্রাধান্য স্থাপন করেন। নরসিংহবর্মনের বংশধরগণের রাজত্বকালে পাণ্ড্য ও রাষ্ট্রকূট শক্তির সহিত অবিরাম সংঘর্ষের ফলে পল্লব শক্তি হীনবল হইয়া পড়িল; অবশেষে নবম শতাব্দীর শেষভাগে চোল আক্রমণে পল্লবরাজ্য ধ্বংস হইয়া গেল।

সিংহবিষ্ণু

সিংহল-বিজয় নরসিংহ বর্মন্

পল্লবরাজগণ শিল্প, সাহিত্য ও ধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। ইঁহাদের রাজত্বকালে কাঞ্চী একটি বড় সংস্কৃতির কেন্দ্রে পরিণত হয়। সুপ্রসিদ্ধ সাহিত্যিক ভারবি এযুগে খ্যাতিলাভ করেন। পল্লবরাজ মহেন্দ্রবর্মন্ স্বয়ং সুসাহিত্যিক ছিলেন। তিনি 'মত্তবিলাস প্রহসন' নামক বিখ্যাত নাট্যগ্রন্থ রচনা করিয়াছেন। হিউয়েন্-সাঙ নরসিংহবর্মনের রাজত্বকালে কাঞ্চীতে আসিয়াছিলেন। তখন ইহা সংস্কৃতির একটি শ্রেষ্ঠ কেন্দ্র ছিল। তিনি এখানে একশতটি বৌদ্ধমঠ ও বহু জৈন ও হিন্দু মন্দির দেখিয়াছিলেন। চালুক্যদিগের ন্যায় পল্লবরাজগণের সময়েও দাক্ষিণাত্যে দ্রবিড় ভাস্কর্য, চিত্রকলা ও স্থাপত্যশিল্পের বিশেষ উন্নতি হইয়াছিল এবং পল্লবশিল্পের প্রভাব 'বৃহত্তর' ভারতেও বিশেষ প্রসারলাভ করিয়াছিল। নরসিংহবর্মনের রাজত্ব কালে মহাবলীপুরম বা মামল্লপুরম নামক স্থানে ইলোরার মত পাহাড় কাটিয়া যে সাতটি মন্দির বা রথ নির্মিত হয় তাহা আজও দর্শকের মনে বিস্ময় সঞ্চার করে। তাহার

পল্লবশিল্প ও সাহিত্য

মধ্যে "দ্রৌপদীরথ" যেন অবিকল বাংলাদেশের পর্ণকুটীরেরই নকল। অর্জুনতপস্যা, গঙ্গাবতরণ, গিরিগোবর্ধনধারণ, মহিষ-মর্দিনী প্রভৃতির প্রস্তরচিত্র, পল্লবশিল্পের অপূর্ব নিদর্শন।

রাষ্ট্রকূটবংশ।—অষ্টম শতকের মধ্যভাগে (আঃ ৭৫৪) রাষ্ট্রকূটরাজা দন্তিদুর্গ চালুক্যগণকে পরাস্ত করিয়া নাসিক অঞ্চলে রাষ্ট্রকূট সাম্রাজ্যের ভিত্তি স্থাপন করেন। তিনি কাঞ্চী, মালব ও গুজরাট জয় করিয়া দাক্ষিণাত্যে রাষ্ট্রকূট প্রভুত্বের **১ম কৃষ্ণ** সূচনা করেন। দন্তিদুর্গের পর প্রথম কৃষ্ণ রাজা হন। তিনিই আধুনিক আরঙ্গবাদের নিকটে প্রাচীন ইলোরায় সুবিখ্যাত কৈলাসনাথের মন্দির নির্মাণ করিয়াছিলেন। এই অপূর্ব মন্দির বিশাল পাহাড় কাটিয়া রচিত হয় এবং পৃথিবীর সর্বশ্রেষ্ঠ ভাস্কর্যের (অন্যতম স্থাপত্যের নয়) নিদর্শন। ইলোরায়, বৌদ্ধশিল্পের সহিত জৈন ও হিন্দু দেবদেবীর মূর্তি ও পুরাণাদির চিত্র দেখা যায়। কৃষ্ণের পুত্র **ধ্রুব** ধ্রুবের রাজত্বকালে রাষ্ট্রকূটগণ অত্যন্ত শক্তিশালী হইয়া উঠিয়াছিলেন। ধ্রুব প্রতিহাররাজ বৎসকে পরাজিত করেন। ধ্রুবের পুত্র ৩য় গোবিন্দ (৭৯৩—৮১৪) বৎসরাজের পুত্র ২য় নাগভটকে পরাভূত করিয়া গুর্জরদেশ অধিকার করেন এবং দিগ্বিজয়ের উদ্দেশ্যে হিমালয়ের সানুদেশ পর্যন্ত অগ্রসর হন। গৌড়বঙ্গের দিগ্বিজয়ী ধর্মপাল রাষ্ট্রকূট ৩য় গোবিন্দের প্রভাব স্বীকার করিয়া তাঁহার সহিত বৈবাহিক- **৩য় গোবিন্দ** সূত্রে আবদ্ধ হন। দক্ষিণে পল্লবগণও রাষ্ট্রকূট-সম্রাটের আধিপত্য মানিয়া লইতে বাধ্য হইয়াছিলেন। ৩য় গোবিন্দের পর তাঁহার পুত্র ১ম অমোঘবর্ষ (৮১৪—৮৭৭) সম্রাট পদে অভিষিক্ত হইয়া মান্যখেট (হায়দরাবাদের আধুনিক মালখেড) **অমোঘবর্ষ** নামক স্থানে রাজধানী স্থানান্তরিত করেন। আরব বণিক ও পরিব্রাজক সুলেমান লিখিয়াছেন যে, অমোঘবর্ষ বিশ্বের চারিজন শ্রেষ্ঠ রাজগণের অন্যতম। ৯১৫ খৃঃ অব্দে অমোঘবর্ষের প্রপৌত্র ৩য় ইন্দ্র প্রতিহার-সম্রাট ১ম মহীপালকে পরাস্ত করিয়া কনৌজ লুণ্ঠন করেন। এই আঘাতের ফলেই কনৌজের প্রতিহার-সাম্রাজ্য ধ্বংস হইয়া যায়। রাষ্ট্রকূটবংশের শেষ পরাক্রান্ত নরপতি ছিলেন ৩য় কৃষ্ণ। তিনি **৩য় কৃষ্ণ** দুর্ধর্ষ চোলদিগকেও পরাস্ত করিয়া "সুদূর দক্ষিণে" প্রভুত্ব স্থাপন করেন। অবশেষে ৯৭৩ খৃঃ অব্দে চালুক্যবংশের ২য় তৈল রাষ্ট্রকূটশক্তি ধ্বংস করিয়া কল্যাণ নামক নগরে পুনরায় চালুক্য প্রভুত্ব স্থাপন করেন।

চোল বংশ।—চোল জাতি ছিল অতি প্রাচীন। ইহারা সুদূর দাক্ষিণাত্যের পূর্ব উপকূলে পেন্নার ও ভেল্লার নদীর অন্তবর্তী ভূভাগে বাস করিত। খৃষ্টীয় দ্বিতীয় শতকের মধ্যভাগে চোলরাজ কারিকল একটি শক্তিশালী রাজ্য স্থাপিত করেন। পল্লব আক্রমণে এই রাজ্য ধ্বংস হইয়া যায়। ইহার পর প্রায় পাঁচ শতাব্দী পর্যন্ত চোলরাজগণ পল্লব ও রাষ্ট্রকূটদের সামান্তরূপে রাজ্য শাসন করিতে থাকেন।

কারিকল

খৃষ্টীয় নবম শতকে বিজয়ালয়ের নেতৃত্বে চোল জাতির পুনরভ্যুদয় ঘটে। তিনি পাণ্ড্যদের পরাজিত করিয়া তাঞ্জোর অধিকার করেন এবং এখানে নিজের রাজধানী স্থাপন করেন। তাঁহার পুত্র ১ম আদিত্য পল্লবশক্তি ধ্বংস করেন। তাঁহার পুত্র পরান্তক সুদূর দাক্ষিণাত্যের অধিকাংশ অঞ্চলের উপর আধিপত্য স্থাপন করেন। কিন্তু রাষ্ট্রকূট রাজ ৩য় কৃষ্ণ তাঁহাকে পরাজিত করেন।

বিজয়ালয়; ১ম আদিত্য

খৃষ্টীয় দশম শতকের শেষভাগে চোলরাজ প্রথম রাজরাজ (৯৮৫—১০১৬) সিংহাসন লাভ করিয়া একে একে মহীশূর, পাণ্ড্য ও কেরল জয় করিয়া সিংহলের বিরুদ্ধে অভিযান করিলেন। সিংহলরাজ তাঁহার রাজ্যের উত্তরাংস তাঁহাকে ছাড়িয়া দিয়া সন্ধি করিতে বাধ্য হইলেন। ইহার ফলে সিংহল হইতে উত্তরে কলিঙ্গের সীমান্ত পর্যন্ত চোল সাম্রাজ্য বিস্তৃত হইল। রাজরাজ তাঁহার শক্তিশালী নৌ-বাহিনীর সাহায্যে আরব সাগরে মলদ্বীপ পর্যন্ত জয় করিয়া লইলেন। রাজ্যজয় সমাপ্ত করিয়া তিনি শাসনব্যবস্থার সংস্কার করিলেন।

প্রথম রাজরাজ

রাজরাজ শিল্প ও সংস্কৃতির পৃষ্ঠপোষক ছিলেন। তাঞ্জোরের সুবিখ্যাত রাজরাজেশ্বর মন্দির তিনি নির্মাণ করাইয়াছিলেন। চোল শিল্পের ইহা অতি উৎকৃষ্ট নিদর্শন। রাজরাজ নিজে শৈব হইলেও অপর ধর্মের প্রতি শ্রদ্ধাশীল ছিলেন। যবদ্বীপের শৈলেন্দ্র বংশীয় একজন রাজা তাঁহার অনুমতিক্রমে নেগাপত্তমে একটি বৌদ্ধ বিহার প্রতিষ্ঠা করিয়াছিলেন। রাজরাজ চীনদেশে দূত প্রেরণ করিয়াছিলেন।

তাঁহার পুত্র সুবিখ্যাত ১ম রাজেন্দ্রচোল (১০১১—'৪৪) শুধু চোলবংশেরই শ্রেষ্ঠ রাজা ছিলেন না, ভারতবর্ষের সমুদয় দিগ্বিজয়ী রাজার মধ্যে তাঁহার সমকক্ষ রণকুশল নৃপতি খুব অল্পই দেখিতে পাওয়া গিয়াছে।

১ম রাজেন্দ্র চোল

তিনি কেবলমাত্র পিতার সাম্রাজ্য অক্ষুণ্ণ রাখিতে সমর্থ হইয়াছিলেন তাহা নহে, পরন্তু তিনি কল্যাণের চালুক্য ও মহীশূরের গঙ্গবংশ ধ্বংস করিয়া পূর্ববঙ্গ পর্যন্ত অগ্রসর হইয়া, পালরাজ মহীপালকে বশ্যতা স্বীকারে বাধ্য করেন। গঙ্গাতীর পর্যন্ত প্রভুত্ব বিস্তার করিয়া তিনি "গঙ্গইকোণ্ড"—অর্থাৎ গঙ্গাবিজয়ী উপাধি গ্রহণ করিয়াছিলেন। সাময়িকভাবে উড়িষ্যা হইতে পশ্চিম ও দক্ষিণ বাংলা পর্যন্ত সমগ্র দেশ তাঁহার অধিকারভুক্ত হইয়াছিল। তিনি জৈনতীর্থ ত্রিজিনপল্লীতে নূতন রাজধানী স্থাপন করিয়া তাহার নাম রাখেন "গঙ্গইকোণ্ড চোলপুরম্"। রাজেন্দ্র চোল আবার সমুদ্র পার হইয়া দক্ষিণ ব্রহ্ম, মার্তাবান্ নিকোবর দ্বীপপুঞ্জ, মালয় এবং যবদ্বীপ ও সুবর্ণদ্বীপ বা সুমাত্রার কিয়দংশ জয় করেন। সুতরাং একাদশ শতক পর্যন্ত ভারতীয় নৌ-বাহিনীর গৌরব বঙ্গোপসাগর অতিক্রম করিয়া সুদূর মালয় ও যবদ্বীপ পর্যন্ত ছিল। এযুগে দক্ষিণ ও পশ্চিম ভারতের নাবিকগণও মলদ্বীপ (Maldive) হইতে পূর্ব-আফ্রিকায় এবং পারস্য সাগর ও লোহিত সাগর অতিবাহন করিয়া পাশ্চাত্ত্য জাতিদের সহিত বাণিজ্য-সম্বন্ধ স্থাপন করিয়াছিল। ১০৩৩ খৃঃ অব্দে রাজেন্দ্র চোল চীনদেশে দূত প্রেরণ করিয়াছিলেন। তিনিও পিতার ন্যায় সংস্কৃতির পৃষ্ঠপোষক ছিলেন। বেদের বিভিন্ন শাখা শিক্ষা দিবার নিমিত্ত তিনি একটি বৈদিক বিদ্যালয় প্রতিষ্ঠা করেন।

নৌ-শক্তি



রাজরাজ চোলের মুদ্রা

রাজেন্দ্র চোলের মৃত্যুর পর তাঁহার দুই পুত্র রাজাধিরাজ এবং ২য় রাজেন্দ্র চোল পর পর রাজত্ব করেন। কিন্তু রাজাধিরাজের রাজত্বকালে রাজ্যের সর্বত্র বিদ্রোহ দেখা দেয়। তিনি পাণ্ড্যদেশ ও সিংহলের বিদ্রোহ দমন করেন; কিন্তু কল্যাণের চালুক্যরাজ সোমেশ্বর তাঁহাকে পরাজিত ও নিহত করেন। ২য় রাজেন্দ্র রাজপদ লাভ করিয়া সোমেশ্বরকে পরাজিত করেন। ইহার পরেও কিন্তু চোল-চালুক্য বিগ্রহের অবসান হইল না। পরবর্তীরাজ বীররাজেন্দ্র চোল গৌরব অক্ষুণ্ণ রাখিয়াছিলেন। তাঁহার পুত্র আভ্যন্তরীণ বিদ্রোহের ফলে সিংহাসনচ্যুত হইলে

চোল বংশের পতন

১ম রাজেন্দ্র চোলের দৌহিত্র, বেঙ্গীর চালুক্য বংশীয় কুলোত্তুঙ্গ বা ৩য় রাজেন্দ্র সিংহাসন লাভ করিলেন। তাঁহার সহিত কল্যাণের ৬ষ্ঠ বিক্রমাদিত্যের এক সংঘর্ষ হইয়াছিল। ১০৮৬ খৃঃ অব্দে তিনি চোলরাজ্য জরিপ করাইয়া রাজস্বের পরিমাণ নির্দিষ্ট করিয়া দেন। ৩য় রাজেন্দ্র চোলের পর চোলদের অধঃপতন আরম্ভ হয় এবং হোয়সল, কাকতীয় ও পাণ্ড্যগণ ক্রমে ক্রমে পরাক্রান্ত হইয়া উঠিতে থাকেন।

৩য় রাজেন্দ্র-চোল কুলোত্তুঙ্গ

পাণ্ড্য রাজ্য।—খৃষ্টীয় দ্বিতীয় অথবা তৃতীয় শতকের আগে সুদূর দক্ষিণ-ভারতের পশ্চিম উপকূলে (বর্তমান মাদুরা, রামনাদ ও তিন্নেভল্লি জেলা) পাণ্ড্য রাজ্য স্থাপিত হয়। সেখানে প্রাচীনতম তামিল সাহিত্য সঙ্গম স্থাপিত হয়। ষষ্ঠ শতকে কডুঙ্গন নামক এক রাজার রাজত্বকালে পাণ্ড্য রাজ্য প্রবল হইয়া উঠিল। কডুঙ্গন বংশের রাজগণ পল্লব, চালুক্য ও চোলদের বিরুদ্ধে সাফল্যের সহিত যুদ্ধ করিয়া রাজ্য বিস্তার করেন। দশম শতকে চোলরাজ পরান্তক পাণ্ড্য রাজধানী মাদুরা অধিকার করিয়া কডুঙ্গন রাজবংশ-স্থাপিত সাম্রাজ্য ধ্বংস করেন। কিন্তু পাণ্ড্যগণ সহজে চোল আধিপত্য মানিয়া লয় নাই। পরবর্তী দুই শতাব্দী পর্যন্ত তাহারা বার বার বিদ্রোহ করিয়া স্বাধীনতা লাভের চেষ্টা করিয়াছে।

প্রাচীন ইতিহাস

চোলেদের সহিত সংঘর্ষ

দ্বাদশ শতকের শেষ ভাগ হইতে ত্রয়োদশ শতকের মধ্যভাগ পর্যন্ত জটাবর্মন্ কুল-শেখর ও মারবর্মন্ সুন্দরপাণ্ড্য প্রভৃতি পাণ্ড্যরাজগণ চোলদের সহিত যুদ্ধবিগ্রহ করিয়া সাময়িকভাবে পাণ্ড্য-শক্তি পুনরুদ্ধার করিতে সমর্থ হইলেও শেষ পর্যন্ত তাঁহাদের সকল চেষ্টা চোল পরাক্রমে ব্যর্থ হইয়া যায়। অবশেষে আনু-মানিক ১২৫১ খৃষ্টাব্দে জটাবর্মন্ সুন্দরপাণ্ড্য, চোলদের পরাজিত করিয়া পাণ্ড্যশক্তি পুনস্থাপিত করিলেন। পাণ্ড্যরাজগণের মধ্যে তিনি ছিলেন সর্বাপেক্ষা পরাক্রান্ত রাজা। তিনি চোল, চের বা কেরল ও হয়সালদের পরাজিত করিয়া সুদূর সিংহল পর্যন্ত আধিপত্য স্থাপন করেন। কথিত আছে, তাঁহার প্রভুত্ব মালয় দেশেও বিস্তার লাভ করিয়াছিল। তিনি বহু সুরম্য মন্দির নির্মাণ করিয়া যশস্বী হইয়াছিলেন।

জটাবর্মন্ সুন্দরপাণ্ড্য

জটাবর্মনের মৃত্যুর পরে তাঁহার পুত্র মারবর্ম্ণ-কুলশেখর সিংহাসনে উপবেশন করেন। তাঁহার রাজত্ব কাল হইতেই পাণ্ড্য রাজ্যের পতন আরম্ভ হইল। কুলশেখরের

মৃত্যুর পরে সিংহাসনের উত্তরাধিকার লইয়া তাঁহার পুত্রদের মধ্যে গৃহবিবাদ বাধিল।

পাণ্ড্য রাজ্যের পতন


এই সুযোগে আলাউদ্দীন খল্‌জির সেনাপতি মালিক কাফুর পাণ্ড্য রাজ্য জয় করিয়া লইলেন।

মুসলমান ঐতিহাসিক ওয়াসাফ্ ও ভেনিসের পর্যটক মার্কো পোলো যে বিবরণ লিখিয়া গিয়াছেন তাহা হইতে জানিতে পারা যায় যে, সে-যুগে বাণিজ্যশ্রীতে পাণ্ড্যদেশ অত্যন্ত সমৃদ্ধ ছিল। সঙ্গম যুগের তামিল সাহিত্যে দেখি অতীতকালেও পাণ্ড্য রাজ্য ব্যবসা-বাণিজ্যে খ্যাতি লাভ করিয়াছিল। খৃষ্টীয় প্রথম শতকে একজন পাণ্ড্য রাজা রোমান সম্রাট অগষ্টাসের দরবারে দূত প্রেরণ করিয়াছিলেন। পাশ্চাত্ত্য দেশের সহিত পাণ্ড্য রাজ্যের দীর্ঘকাল পর্যন্ত বাণিজ্যিক আদান-প্রদান ছিল। পাণ্ড্য-দেশের কায়ল বন্দরে আরবদেশ ও সুদূর চীন হইতে বিস্তর বাণিজ্যপোত আসিত। পাণ্ড্যরাজগণ নৌবহরগঠনে বিশেষ মনোযোগ দিতেন। তাঁহাদের উৎসাহ ও আনুকূল্যে কেরল (কোচিন ও ত্রিবাঙ্কুর) অর্থাৎ মালাবার উপকূলের সুদক্ষ নাবিকগণ, বহু শতাব্দী ধরিয়া, ভারত মহাসাগরে ভারতীয় নৌশক্তি বিস্তার করিয়াছিল। তাহার ফলে ভারতীয় নাবিকগণ সুদূর-প্রাচ্যের সমগ্র বাণিজ্যসম্ভার চীনা ও জাপানী বণিক্‌দের হাত হইতে, মালয় উপদ্বীপে গ্রহণ করিয়া, আরব সাগর পারে, পাশ্চাত্ত্য বণিকসঙ্ঘের নিকট পৌঁছাইয়া দিত। মধ্যযুগে ভেনিস্ ও জেনোয়ার নাবিকগণ তুর্কীরাজ্যের কড়া পাহারা এড়াইয়া ভারতীয় বণিকের সহিত সাক্ষাৎসম্বন্ধ স্থাপন করিতে বহুবার চেষ্টা করে। মার্কো পোলোর ভ্রমণকাহিনী (১২৮০—১৩০০) তাহার প্রমাণ। পর্তুগীজ ভাস্কো-ডা-গামা যখন প্রথম দক্ষিণ-আফ্রিকা হইতে দক্ষিণ-ভারতে আসেন (১৪৯৮) তখন একজন ভারতীয় নাবিককে তিনি সাদরে পথপরিদর্শক (pilot) পদে বরণ করেন। মধ্যযুগের ভারতবর্ষে মালাবারীদের যুদ্ধ-শিক্ষালয় ও নৌ-বিদ্যালয় বিখ্যাত ছিল। মালাবারের একজন গোলন্দাজকে মলদ্বীপের যুদ্ধশিক্ষালয়ের অধ্যক্ষ নিযুক্ত করা হইয়াছিল এবং স্বয়ং মলদ্বীপের সুলতান তাঁহাকে সম্মানিত করিয়াছিলেন।

ব্যবসা-বাণিজ্যের শ্রীবৃদ্ধি

দাক্ষিণাত্যের সভ্যতা ও সংস্কৃতি।—গুপ্ত সাম্রাজ্যের পতনের পর হইতেই ভারতের রাষ্ট্রীয় ঐক্য প্রকৃতপক্ষে বিনষ্ট হইয়া যায়। হর্ষবর্ধন সম্রাজ্য প্রতিষ্ঠা করিয়া ভারতের রাষ্ট্রীয় ঐক্যস্থাপনের চেষ্টা করিয়াছিলেন; কিন্তু তাঁহার সে চেষ্টা সফল হয় নাই।

খৃষ্টীয় সপ্তম শতকে উত্তর ও দক্ষিণ ভারতে যে সকল ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য প্রতিষ্ঠিত হয় তাহারা স্ব স্ব প্রভুত্ব বিস্তারের চেষ্টায় অবিরত আত্মকলহে লিপ্ত হইয়া পড়িল। ইহার মধ্যে কখনও বা শক্তিমান কোন রাজা সাম্রাজ্য স্থাপনের স্বপ্ন কিঞ্চিৎ সফল করিতে সক্ষম



তাঞ্জোরের শিবমন্দির

হইয়াছিলেন। কিন্তু এই সকল সাম্রাজ্য ছিল ক্ষণস্থায়ী; শক্তিমান রাজার মৃত্যুর সঙ্গে সঙ্গেই সাম্রাজ্য চূর্ণবিচূর্ণ হইয়া যাইত। কিন্তু এরূপ অবিচ্ছিন্ন যুদ্ধবিগ্রহ ও রাষ্ট্রবিপ্লবের

মধ্যে হিন্দু সভ্যতা ও সংস্কৃতির ধারা অব্যাহতই ছিল। শঙ্করাচার্যের প্রেরণায় এ-যুগেও হিন্দুধর্ম ও দর্শনের অত্যাশ্চর্য বিকাশ ও বিস্তার ঘটে। হিন্দুসভ্যতার প্রাণশক্তির ইহা এক অপূর্ব নিদর্শন। মধ্যযুগে ভারতবর্ষের সাহিত্য, দর্শন, বিজ্ঞান, শিল্পকলা ও বাণিজ্য-বিস্তার, সর্ববিষয়েই হিন্দুরা প্রভূত উন্নতি করিয়াছিল। সমাজ ও ধর্মেও তখন যুগোপযোগী পরিবর্তন সাধিত হওয়ায়, প্রাচীন ভারতীয় সমাজ, ধর্ম ও সংস্কৃতি ক্ষয় ও ধ্বংসের মুখ হইতে রক্ষা পাইয়াছিল।

হিন্দুধর্মের রূপান্তর

ধর্ম।—এযুগে বৈদিক হিন্দুধর্ম রূপান্তরিত হইয়া ব্রাহ্মণ্যধর্ম অথবা পৌরাণিক হিন্দু-ধর্মে পরিবর্তিত হইয়া যায় এবং বিষ্ণু, শিব, গণপতি, সূর্য, লক্ষ্মী ও দুর্গা প্রভৃতি নানা দেবদেবীর পূজা প্রচলিত হয়। এই সঙ্গে প্রাচীন যুগের মহাপুরুষগণও অবতাররূপে পূজিত হইতে থাকেন। অবতারবাদ পৌরাণিক হিন্দুধর্মের একটি বিশেষত্ব ইহা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। বৈদিক যাগযজ্ঞ ও ক্রিয়াকলাপমূলক অনুষ্ঠানের স্থলে ভক্তিমূলক ধর্ম জনসাধারণের মনের উপর অধিকতর প্রভাব বিস্তার করে এবং ইহার প্রসারের সঙ্গে সঙ্গে মূর্তিপূজার বহুল প্রচলন হইল। তখন দেশের সর্বত্র শিল্প শাস্ত্রানুযায়ী প্রতিমা ও মন্দিরাদি প্রতিষ্ঠিত হইল।

দাক্ষিণাত্যে ইতিপূর্বেই বৌদ্ধধর্ম একপ্রকার লোপ পাইয়াছিল। গুপ্তোত্তর যুগে জৈনধর্ম এখানে প্রবল হইয়া উঠিয়াছিল। কিন্তু পরবর্তীকালে শঙ্করাচার্য, রামানুজ ও মধ্বাচার্য-প্রবর্তিত শৈব ও বৈষ্ণব ধর্ম এবং বসবের বীরশৈব বা লিঙ্গায়ৎ ধর্ম প্রচারের ফলে জৈনধর্মের প্রভাব অনেক পরিমাণে ক্ষুণ্ণ হইয়া যায়। এযুগে বৈষ্ণব ও শৈব ধর্মের প্রভাব দাক্ষিণাত্যের সর্বত্র বিস্তৃত হইয়া পড়ে।

বৈষ্ণব ও শৈবগুরুগণ

ধর্মগুরুগণের আবির্ভাব।—এই সময়ে কয়েকজন খ্যাতনামা ধর্মপ্রবর্তকের আবির্ভাব হয়। ইঁহাদের মধ্যে কুমারিলভট্ট, শঙ্করাচার্য, রামানুজ, রামানন্দ, মধ্বাচার্য ও বসবের নাম বিশেষ উল্লেখযোগ্য। ইহা ব্যতীত তামিলভূমির শৈব আচার্য সম্বন্দর এবং 'আড়বার' আখ্যাধারী বৈষ্ণবগণও প্রসিদ্ধ ছিলেন। তামিলভূমির শৈব প্রচারকগণ 'নায়নার' নামে পরিচিত। ইহাদের মধ্যে সম্বন্দর ও সুন্দরমূর্তি সমগ্র দক্ষিণ-ভারতে খ্যাত। দাক্ষিণাত্যের মন্দিরসমূহে আড়বার ভক্তগণ বিষ্ণুর সহিত পূজিত হন। বৈদিক পণ্ডিত কুমারিলভট্ট সপ্তম শতকে আবির্ভূত

হন। তিনি দাক্ষিণাত্যবাসী মৈথিলী ব্রাহ্মণ ছিলেন। মীমাংসা-দর্শনের (পূর্ব-মীমাংসা) শ্রেষ্ঠ ব্যাখ্যাকারী কুমারিলের বিচারপদ্ধতির ফলে বৈদিক কর্মকাণ্ড অর্থাৎ আচার-অনুষ্ঠানের শ্রেষ্ঠত্ব আবার নূতন করিয়া প্রচারিত হয়। অষ্টম শতকে

শঙ্করাচার্য

ভগবান শঙ্করাচার্য মালাবার দেশে কালাদি গ্রামে এক নম্বুদ্রি ব্রাহ্মণ-পরিবারে জন্মগ্রহণ করিয়াছিলেন। তাঁহার প্রচারিত ধর্মমত 'অদ্বৈতবাদ' নামে প্রসিদ্ধ। এই মতের মূলকথা হইল 'ব্রহ্ম সত, জগৎ মিথ্যা',—মায়ার প্রভাবেই ব্রহ্মে জগৎ-ভ্রম হইয়া থাকে। গীতা, উপনিষদ্ ও বেদান্ত দর্শনের ভাষ্য-রচনায় ইনি যে প্রতিভার পরিচয় দান করিয়া গিয়াছেন তাহা অদ্বিতীয় বলিলে অত্যুক্তি করা হয় না। কিন্তু কেবল দার্শনিক মতবাদের ব্যাখ্যাই তাঁহার জীবনের একমাত্র কৃতিত্ব ছিল না। ভারতের নানা স্থানে তিনি অনেকগুলি মঠ প্রতিষ্ঠা করিয়া যান। তন্মধ্যে পুরীর গোবর্ধন মঠ, দ্বারকার সারদা মঠ, বদরিকাশ্রমের যোশী মঠ, এবং মহীশূরের শৃঙ্গেরী মঠ বিশেষভাবে উল্লেখ-যোগ্য। শঙ্করাচার্য অদ্বৈতবেদান্ত প্রচার করিলেও কাহারো কাহারো মতে লৌকিক ধর্মানুষ্ঠানে তিনি শিবের আরাধনা সমর্থন করিতেন। কথিত আছে, মাত্র বত্রিশ বা আটত্রিশ বৎসর বয়সে হিমালয়ের কেদারতীর্থে শঙ্করাচার্য দেহত্যাগ করেন।

রামানুজ ও রামানন্দ

রামানুজের আবির্ভাবকাল খৃষ্টীয় দ্বাদশ শতক। মাদ্রাজের নিকটবর্তী শ্রীপেরুম্বুদুর নামক স্থানে এক ব্রাহ্মণবংশে ইহার জন্ম হয়। শঙ্করাচার্যের ন্যায় ইনিও বেদান্ত দর্শনের ভাষ্য রচনা করিয়া গিয়াছেন। ইহার প্রবর্তিত মতবাদের মূল কথা হইল 'জীবমাত্রই পরব্রহ্মের অংশস্বরূপ।' রামানুজাচার্য শ্রীবৈষ্ণব সম্প্রদায়ের একজন আদিগুরু। শ্রীরঙ্গমে এই মহাপুরুষ দেহত্যাগ করেন। তাঁহার প্রধান শিষ্য উত্তর-ভারতের সাধু ও 'রামায়ৎ'-সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা রামানন্দ।

মধ্বাচার্য

মধ্বাচার্য আর একজন খ্যাতনামা বৈষ্ণবধর্ম-প্রচারক। ইহার শিষ্যসম্প্রদায় 'মধ্বাচারী' নামে খ্যাত। দক্ষিণ-ভারতের এই ভক্তিবাদ ও বল্লভসম্প্রদায় উত্তরাপথের রামানন্দপ্রমুখ বৈষ্ণবপন্থীদের প্রেরণা দিয়াছিল।

বসব

শৈবপ্রচারকগণের মধ্যে বসবের নামই বিশেষ উল্লেখযোগ্য। বিজাপুরে এক ব্রাহ্মণ-বংশে ইহার জন্ম হয়। ইনি কল্যাণীরাজ বিজ্জল কলচুর্যের মন্ত্রী ছিলেন। ইহার শিষ্যগণ 'বীরশৈব' বা 'লিঙ্গায়ৎ' নামে খ্যাত। লিঙ্গায়ৎগণ শিব-লিঙ্গের পূজা করেন, কিন্তু বেদ ও ব্রাহ্মণের প্রাধান্য স্বীকার করেন না।

জ্ঞান-বিজ্ঞান।—পৌরাণিক যুগে উত্তর-ভারতের ন্যায় দক্ষিণাপথেও হিন্দুগণ শিক্ষায় ও সভ্যতায় বিশেষ উৎকর্ষ লাভ করে। এযুগে ধর্ম, কাব্য, নাটক, দর্শন, বিজ্ঞান, শিল্পশাস্ত্র, ইতিহাস প্রভৃতি বিভিন্ন বিষয়ক গ্রন্থাদি রচিত হইয়া ভারতীয় সাহিত্যকে পুষ্ট করিয়াছে এবং হিন্দু মনীষার চরমোৎকর্ষে পরিচয় দিয়াছে। সাতবাহন যুগে প্রাকৃত ও সংস্কৃত উভয় ভাষাতেই গ্রন্থাদি রচিত হয়। এই বংশের রাজা হাল সুবিখ্যাত 'সপ্তশতক' গ্রন্থের রচয়িতা। চালুক্য, পল্লব ও চোল রাজগণের মধ্যে অনেকেই ছিলেন শিক্ষাদীক্ষার প্রতি অপরিসীম অনুরাগী। তাঁহাদের পৃষ্ঠপোষকতায় দক্ষিণ-ভারতের জ্ঞানভাণ্ডার পুষ্টিলাভ করিয়াছে। বেদান্ত-দর্শনশাস্ত্রের ভাষ্যকারগণের মধ্যে আচার্য শঙ্কর ও রামানুজ গুপ্তোত্তর যুগে আবির্ভূত হইয়াছিলেন। 'সিদ্ধান্ত-শিরোমণি' নামক সুপ্রসিদ্ধ জ্যোতিষগ্রন্থের প্রণেতা ভাস্করাচার্য দ্বাদশ শতকে জীবিত ছিলেন। 'গোলাধ্যায়' নামক গ্রন্থে ইনি পৃথিবীর গোলত্ব ও মাধ্যাকর্ষণ শক্তির উল্লেখ করিয়াছেন। বিক্রমাঙ্ক-চরিত-রচয়িতা বিহ্লন ও মিতাক্ষরা-প্রণেতা বিজ্ঞানেশ্বর চালুক্যরাজ ষষ্ঠ বিক্রমাদিত্যের সভায় ছিলেন। পল্লবরাজধানী কাঞ্চী সেযুগে সংস্কৃতির একটি বড় কেন্দ্র ছিল। পল্লবরাজ মহেন্দ্রবর্মন্ 'মত্তবিলাস প্রহসন' নামক বিখ্যাত হাস্যরসাত্মক নাটকখানির রচয়িতা। কল্যাণের চালুক্যবংশীয় তৃতীয় সোমেশ্বর দর্শন, বিজ্ঞান, সঙ্গীত, কাব্য, জ্যোতিষ প্রভৃতি বহু বিষয়ে অনুরাগী ছিলেন এবং জ্ঞান-বিজ্ঞানের আলোচনায় আগ্রহ দেখাইয়াছেন।

হিন্দু মনীষার উৎকর্ষ

শিল্পকলা।—ভারতীয় শিল্পকলার উৎকর্ষসাধনে পল্লব, চালুক্য, রাষ্ট্রকূট ও চোলদের দান অপরিসীম এবং এই সকল বিভিন্ন রাজবংশের অনেক রাজাই চিত্র, স্থাপত্য ও ভাস্কর্যশিল্পে নিজেদের নাম অক্ষয় করিয়া গিয়াছেন। সিত্তন্নবাসলের ভিত্তি-চিত্র, মামল্লপুরের রথমন্দির এবং কাঞ্চীর মন্দিরসমূহ পল্লব স্থাপত্য-রীতির চরম উৎকর্ষের পরিচায়ক। রাষ্ট্রকূটরাজ প্রথম কৃষ্ণ ছিলেন ইলোরার বহু-বিখ্যাত পর্বত-খোদিত কৈলাস মন্দিরের প্রতিষ্ঠাতা। এই বিরাট মন্দিরটি রীতি-বৈচিত্র্যে ও সৌন্দর্যে বোধ হয় অতুলনীয়। চালুক্যরাজ বিজয়াদিত্যের নির্মিত সঙ্গমেশ্বর মন্দির এবং ২য় বিক্রমাদিত্যের স্থাপিত বিরূপাক্ষ মন্দির ও স্থাপত্য-শিল্পের উজ্জ্বল রত্ন। প্রাচীন অজন্তা ও এলিফান্টার গুহাচিত্রাবলী চালুক্য যুগে সম্পূর্ণ হইয়াছিল। তাঞ্জোরের সুন্দর

স্থাপত্য, ভাস্কর্য ও চিত্রকলা

সুন্দর মন্দিরগুলি চোল রাজাদের অপূর্ব কীর্তি। মন্দির ব্যতীত পাথর ও ব্রোঞ্জে উৎকীর্ণ বহু সুদৃশ্য মূর্তি দাক্ষিণাত্যের বিভিন্ন স্থানে আছে। ইহার মধ্যে নটরাজের মূর্তি গঠনরীতি ও সৌন্দর্য অতুলনীয়। দক্ষিণ-ভারতের মন্দিরগুলির স্থাপত্য-রীতি উত্তর-ভারতের রীতি হইতে পৃথক ছিল। সু-উচ্চ গোপুরম্-শোভিত দুর্গাকারে নির্মিত মন্দিরগুলির ন্যায় মন্দির উত্তর-ভারতে দেখা যায় না। দক্ষিণ-ভারতের দেবায়তনগুলির বিশালত্ব উহার একটি বৈশিষ্ট্য। চোল রাজগণ কৃষির উন্নতির জন্য বহু বাঁধ ও জলাশয় নির্মাণ করেন। চোলপুরম্ নামক স্থানের ষোল মাইল লম্বা বাঁধটি চোল পৌর-শিল্পের একটি অপূর্ব নিদর্শন।



নটরাজ

নৌ-শক্তি ও বাণিজ্য

চোল ও পাণ্ড্য রাজারা নৌ-শক্তিতে ও ব্যবসা-বাণিজ্যে উৎকর্ষলাভ করিয়াছিলেন। নৌ-শক্তির সাহায্যে দাক্ষিণাত্যের রাজারা বারবার সিংহলের উপর আধিপত্য বিস্তার করিয়াছিলেন। প্রথম রাজেন্দ্রচোলের নৌ-বাহিনী সমুদ্র অতিক্রম করিয়া ব্রহ্মদেশ, নিকোবর দ্বীপপুঞ্জ, মালয় ও সুমাত্রার এক অংশের উপর প্রভুত্ব বিস্তার করে। প্রাচীন যুগে দক্ষিণ-ভারতের বন্দরগুলি হইতে ভারতীয় বণিকরা সমুদ্রপথে দূর দূর দেশে বাণিজ্য করিতে যাইত। এযুগেও বণিকরা পূর্ব-আফ্রিকা, আরব ও পারস্য প্রভৃতি দেশের সহিত বাণিজ্য-সম্বন্ধ স্থাপন করিয়াছিল।

স্বয়ং-শাসিত গ্রাম।—প্রাচীনকালে ভারতবর্ষের রাষ্ট্রীয় ব্যবস্থার মূলভিত্তি ছিল স্বয়ংসম্পূর্ণ এবং স্বাবলম্বী গ্রামগুলি। প্রত্যেকটি গ্রাম আভ্যন্তরীণ ব্যাপারে প্রায় সম্পূর্ণ

স্বাধীন ছিল। দাক্ষিণাত্যে চোল ও পাণ্ড্যরাজ্যে গ্রামশাসন-ব্যবস্থা অতি সুন্দর ছিল। গ্রাম-সংক্রান্ত সমস্ত ব্যাপারের পূর্ণ কর্তৃত্ব ছিল গ্রাম-পঞ্চায়েৎ সভার হাতে। ইহার নাম ছিল 'মহাসভা', সভার সদস্যগণ গ্রামবাসিগণ কর্তৃক নির্বাচিত হইতেন। গ্রামের রাস্তাঘাট, সেচব্যবস্থা, জনহিতকর প্রতিষ্ঠানসমূহ, কর আদায়, এমন কি অপরাধীর বিচার পর্যন্ত মহাসভার হাতে ছিল। মহাসভার সদস্যগণ বিভিন্ন কমিটিতে বিভক্ত হইয়া ভিন্ন ভিন্ন বিভাগের কার্য পরিচালনা করিতেন। মহাসভার সদস্যগণ প্রতি বৎসর নির্বাচিত হইতেন। কোন সদস্য অপরাধ করিলে তাঁহাকে পদচ্যুত করা হইত। রাণী, মহারাণী ছাড়া সাধারণ নারীরাও মহাসভার সদস্য হইতে পারিতেন। উচ্চ শ্রেণীর রাজকর্মচারীরা সদস্যগণের কার্যের উপর নজর রাখিতেন।

নির্বাচিত মহাসভা

সেযুগে কেন্দ্রীয় শাসন-ব্যবস্থা অনেকটা গুপ্ত সম্রাটদের শাসন-ব্যবস্থার অনুরূপ ছিল।

বংশ-তালিকা

(তারিখ আনুমানিক)

(ক) গুর্জর-প্রতিহার বংশ (আঃ ৭৫০—১০৩৭)

(সূর্য বংশ)

১ম নাগভট (আঃ ৭৫০)

দেবরাজ
বৎসরাজ (আঃ ৭৮৩)
২য় নাগভট (আঃ ৮১৫)
রামভদ্র
১ম ভোজ (আঃ ৮৩৬-'৯০)
১ম মহেন্দ্রপাল (আঃ ৮৯০-৯১০)

২য় ভোজ (আঃ ৯১০-'১২) ১ম মহীপাল (আঃ ৯১২-'৪৩)

২য় মহেন্দ্রপাল (আঃ ৯৪৫)
বিনায়কপাল (আঃ ৯৫৩)

দেবপাল (আঃ ৯৪৮)
২য় মহীপাল (আঃ ৯৫৪)
২য় বৎসরাজ (আঃ ৯৫৫)

বিজয়পাল (আঃ ৯৬০)
রাজ্যপাল (আঃ ১০১৮)
ত্রিলোচনপাল (আঃ ১০২৭)
যশঃপাল (আঃ ১০৩৭)


(খ) বাতাপির চালুক্য বংশ

- ১ম জয়সিংহ
  - রণরাগ
    - ১ম পুলকেশী (৫৪৩-৫৪৪)
      - ১ম কীর্তিবর্মন্ (৫৬৬-৫৯৭)
        - ২য় পুলকেশী (৬০৯-৬৪২)
          - ১ম বিক্রমাদিত্য (৬৫৫-৬৮০)
            - বিনয়াদিত্য (৬৮০-৬৯৬)
              - বিজয়াদিত্য (৬৯৬—৭৩৩)
                - ২য় বিক্রমাদিত্য (৭৩৩-৭৪৬)
                  - ২য় কীর্তিবর্মণ (৭৪৬-৭৫৭)
        - বিষ্ণুবর্ধন (পূর্ব-চালুক্য বংশের প্রতিষ্ঠাতা)
      - মঙ্গলেশ (৫৯৭-৬০৮)

(গ) কল্যাণের চালুক্য বংশ

- ২য় তৈল বা তৈলপ (৯৭৩-৯৯৭)
  - সত্যাশ্রয় (৯৯৭-১০০৮)
    - ৫ম বিক্রমাদিত্য (১০০৮-১০১৪)
    - ২য় অয্যান (১০১৪-১০১৫)
  - দশবর্মা
    - ২য় জয়সিংহ (১০১৫-১০৪২)
      - ১ম সোমেশ্বর (১০৪২-১০৬৮)
        - ২য় সোমেশ্বর (১০৬৮-১০৭৬)
        - ৬ষ্ঠ বিক্রমাদিত্য (১০৭৬-১১২৭)
          - ৩য় সোমেশ্বর (১১২৭-১১৩৮)
            - ২য় জগদেকমল্ল (১১৩৮-১১৫১)
            - ৩য় তৈলপ (১১৫১-১১৫৬)
              - ৪র্থ সোমেশ্বর (১১৮৪-১২০০)

(ঘ) রাষ্ট্রকূট বংশ


১ম দন্তিবর্মা
১ম ইন্দ্র
১ম গোবিন্দ
১ম কক্ক
২য় ইন্দ্র
১ম কৃষ্ণ (৭৬৮-৭৭২)
দন্তিদুর্গ (৭৫৪)
২য় গোবিন্দ
ধ্রুব (৭৭৯-৭৯৩)
৩য় গোবিন্দ (৭৯৩-৮১৪)
১ম অমোঘবর্ষ (৮১৪-৮৭৭)
২য় কৃষ্ণ (৮৭৭-৯১৩)
জগত্তুঙ্গ
৩য় ইন্দ্র (৯১৫-৯২৭)
৩য় অমোঘবর্ষ (৯৩৪-৯৩৯)
২য় অমোঘবর্ষ (৯১৭-৯১৮)
৪র্থ গোবিন্দ (৯১৮-৯৩৪)
৩য় কৃষ্ণ (৯৩৯-৯৬৮)
খোট্টিগ (৯৬৮-৯৭২)
নিরূপম
পুত্র
৪র্থ ইন্দ্র (৯৮২)
৪র্থ অমোঘবর্ষ (৯৭২-৯৭৩)

(ঙ) পল্লব বংশ

- ৫ম সিংহবর্মা
  - সিংহবিষ্ণু
    - ১ম মহেন্দ্রবর্মা
      - ১ম নরসিংহবর্মা (৬৪২-৬৬৮)
        - ২য় মহেন্দ্রবর্মা
          - ১ম পরমেশ্বরবর্মা (৬৭৪)
            - ২য় নরসিংহবর্মা
              - ২য় পরমেশ্বরবর্মা
              - ৩য় মহেন্দ্রবর্মা
  - ভীমবর্মা
    - বুদ্ধবর্মা
      - আদিত্যবর্মা
        - গোবিন্দবর্মা
          - হিরণ্যবর্মা
            - ২য় নন্দীবর্মা (৭১৭-৭৮২)
              - দন্তিবর্মা (৭৭৬-৮২৮)
                - ৩য় নন্দীবর্মা
                  - অপরাজিতবর্মা (৮৭৬-৮৯৫)

(চ) চোল বংশ

- বিজয়ালয় (৮৪৬-৮৭১)
  - ১ম আদিত্য (৮৭১-৯০৭)
    - ১ম পরান্তক (৯০৭-৯৫৩)
      - ১ম রাজাদিত্য (৯৪৭-৯৪৯)
      - গণ্ডরাদিত্য (৯৪৯-৯৫৭)
        - মদুরান্তক উত্তম (৯৬৯-৯৮৫)
      - অরিঞ্জয় (৯৫৬-৯৫৭)
        - ২য় পরান্তক (৯৫৬-৯৭৩)
          - ২য় আদিত্য (৯৫৬-৯৬৯)
          - ১ম রাজরাজ (৯৮৫-১০১৬)
            - ১ম রাজেন্দ্র (১০১২-১০৪৪)
              - ১ম রাজাধিরাজ (১০৪৪-১০৫৪)
              - ২য় রাজেন্দ্র দেব (১০৫৪-১০৬৪)
                - রাজমহেন্দ্র (১০৬০-১০৬৩)
              - বীররাজেন্দ্র (১০৬৩-১০৬৯)
                - অধিরাজেন্দ্র (১০৬৭-১০৭০)

প্রশ্নাবলী

১। হর্ষের মৃত্যুর পর উত্তর-ভারতের অবস্থা বর্ণনা কর।

২। কাশ্মীর ও উড়িষ্যা রাজ্যের একটি সংক্ষিপ্ত ইতিহাস দাও।

৩। রাজপুত জাতি বলিতে কি বুঝ? রাজপুত জাতির অভ্যুত্থান সম্বন্ধে যাহা জান লিখ।

৪। গুর্জর-প্রতিহার সাম্রাজ্যের একটি সংক্ষিপ্ত ইতিহাস দাও।

৫। পাল, প্রতিহার ও রাষ্ট্রকূট বংশের মধ্যে কনৌজের আধিপত্য লইয়া সংঘর্ষের কাহিনী সংক্ষেপে বর্ণনা কর।

৬। চালুক্যরাজ ২য় পুলকেশীর সম্বন্ধে যাহা জান লিখ।

৭। কাঞ্চীর পল্লব-রাজবংশের ইতিহাস সংক্ষেপে বর্ণনা কর।

৮। রাষ্ট্রকূট রাজবংশের ধারাবাহিক ইতিহাস দাও।

৯। মুসলমান বিজয়ের পূর্বে দক্ষিণাপথের সভ্যতা ও সংস্কৃতি সম্বন্ধে যাহা জান বর্ণনা কর।

১০। চোল রাজবংশের অভ্যুত্থান ও পতনের ইতিহাস সংক্ষেপে বর্ণনা কর।

১১। ইঁহাদের সম্বন্ধে কি জান?—নরসিংহবর্মা (পল্লব), ও ষষ্ঠ বিক্রমাদিত্য, বসব, শঙ্করাচার্য, রামানুজ, কুমারিল ভট্ট, মধ্বাচার্য, অমোঘবর্ষ, ললিতাদিত্য মুক্তাপীড়, অনন্তবর্মন্ চোড়গঙ্গ, ৩য় গোবিন্দ, রাজরাজ চোল।

একাদশ অধ্যায়

পাল ও সেন রাজাদের আমলে বাংলাদেশ

(Bengal under the Palas and Senas)

বঙ্গের পালবংশ।—পঞ্চম শতকের শেষভাগে গুপ্ত সাম্রাজ্যের পতন হইলে বঙ্গদেশে স্বাধীন রাষ্ট্রের অভ্যুদয় হয়। ষষ্ঠ শতকে বাঙ্গালী রাজারা আর্যাবর্তে রাজ্য বিস্তারের চেষ্টা করিয়া কনৌজের মৌখরি রাজগণের বিরুদ্ধতায় ব্যর্থকাম হইয়াছিলেন। সপ্তম শতাব্দীতে গৌড়রাজ শশাঙ্কের অভ্যুদয় ঘটে। বীর শশাঙ্কের পর বাংলায় ঘোর দুর্দিন ঘনাইয়া আসিয়াছিল। ক্রমাগত নানা বিদেশী রাজাদের আক্রমণে বাংলার রাষ্ট্রীয় এবং সামাজিক জীবনে নিদারুণ বিপ্লব উপস্থিত হয়। বাংলার এই অরাজকতার ইতিহাস 'মাৎস্য-ন্যায়' নামে প্রসিদ্ধি লাভ করিয়াছে। এই দুর্দশা সহ্য করিতে না পারিয়া খৃষ্টীয় অষ্টম শতকের মধ্যভাগে বাংলার প্রকৃতি-পুঞ্জ একমত হইয়া গোপাল নামে এক ব্যক্তিকে রাজপদে বরণ করিলেন। গোপাল-স্থাপিত রাজবংশ পালবংশ নামে পরিচিত। পাল-রাজগণের বংশ-পরিচয় সম্বন্ধে বিশেষ কিছুই জানা যায় না। ইহারা নিজেদের সূর্যবংশোদ্ভব বলিয়া পরিচয় দিতেন। গোপাল কৃতী পুরুষ ছিলেন। তাঁহার পাঁচ বৎসর রাজত্বকাল মধ্যে তিনি সহজেই দেশে শান্তি ও শৃঙ্খলা ফিরাইয়া আনিলেন এবং প্রায় সমগ্র বাংলাদেশের উপরে প্রভুত্ব স্থাপন করিয়াছিলেন। তিনি নিজে ছিলেন বৌদ্ধধর্মাবলম্বী। বিখ্যাত 'ওদন্তপুরী' বা উদ্দণ্ডপুর বৌদ্ধবিহার তিনিই প্রতিষ্ঠা করিয়াছিলেন। রাজ্যসঙ্কটে প্রজাগণ কর্তৃক উপযুক্ত নেতাকে রাজপদে বরণ করার অধিকার বাংলার ইতিহাসে এই প্রথম দেখা যায়।

অরাজকতা বা 'মাৎস্য-ন্যায়'

নির্বাচিত রাজা গোপাল (৭৬৫-৭৭০)

গোপালের পুত্র ধর্মপাল ছিলেন পালবংশের সর্বশ্রেষ্ঠ নরপতি। বঙ্গদেশ হইতে পঞ্জাবের অন্তর্গত জলন্ধর পর্যন্ত তাঁহার অধিকার বিস্তৃত হইয়াছিল। অষ্টম শতকের শেষ অথবা নবম শতকের প্রথম দিকে তিনি কনৌজরাজ ইন্দ্রায়ুধকে পরাজিত করিয়া সে স্থলে চক্রায়ুধ নামে একজন আশ্রিতকে নরপতিরূপে

ধর্মপাল (৭৭০-৮১৫)

কনৌজের সিংহাসনে স্থাপন করেন। সম্ভবতঃ এই কারণে কনৌজে এক রাজন্য-সম্মেলন আহূত হয়। তাহাতে অবন্তি, ভোজ, মৎস্য, মদ্র, কুরু, যবন, গান্ধার, কীর, প্রভৃতি নানা রাজ্যের রাজগণ উপস্থিত হইয়া তাঁহাকে অধিরাজ বলিয়া স্বীকার করেন। দেবপালের মুঙ্গের লিপিতে উল্লিখিত হইয়াছে যে, ধর্মপালের বিজয়বাহিনী কেদার, গোকর্ণ ও বাংলার গঙ্গাসাগর প্রভৃতি তীর্থে উপনীত হইয়া ধর্মকার্য সম্পাদন করিয়াছিল। ইহা হইতে অনুমান করা যায় যে, ধর্মপাল সমগ্র উত্তর-ভারতে আধিপত্য বিস্তার করিয়াছিলেন। কিন্তু তিনি নির্বিবাদে রাজত্ব করিতে পারেন নাই। তাঁহার রাজত্বকালে কনৌজের আধিপত্য লইয়া পাল, গুর্জর-প্রতিহার ও রাষ্ট্রকূট রাজবংশের মধ্যে এক প্রতিদ্বন্দ্বিতা আরম্ভ হয়। এই প্রতিদ্বন্দ্বিতায় তাঁহাকে রাষ্ট্রকূটরাজ ধ্রুব ও তাঁহার পুত্র ৩য় গোবিন্দের হাতে পরাজয় স্বীকার করিতে হয়। এদিকে প্রতিহাররাজ ২য় নাগভট কনৌজ হইতে ধর্মপালের আশ্রিত চক্রায়ুধকে বিতাড়িত করিয়া সেখানে প্রতিহার বংশে প্রাধান্য প্রতিষ্ঠা করেন। কিন্তু ধর্মপালের অনুরোধে রাষ্ট্রকূটরাজ ৩য় গোবিন্দ আর্যাবর্ত আক্রমণ করিয়া কনৌজ হইতে প্রতিহারদিগকে বিতাড়িত করিলেন। এই সময়ে ধর্মপাল রাষ্ট্রকূট-রাজের বশ্যতা স্বীকার করেন। ইহার অনতিকাল পরে গোবিন্দ স্বীয় রাজ্যে প্রত্যাবর্তন করিলে ধর্মপাল উত্তর-ভারতের উপর প্রভুত্ব পুনরুদ্ধার করিয়া মৃত্যুকাল পর্যন্ত তাহা অক্ষুণ্ণ রাখিলেন। ধর্মপাল কয়েকটি বিহার প্রতিষ্ঠা করিয়াছিলেন। তাহাদের মধ্যে মগধের বিক্রমশিলা ও উত্তরবঙ্গে সোমপুর মহাবিহারের নাম সুপ্রসিদ্ধ। বগুড়া জেলার পাহাড়পুরে সোমপুর মহাবিহারের বিরাট ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়। ইহার মৌলিক স্থাপত্য সুদূর যবদ্বীপের মন্দিরের স্থাপত্যরীতির উপরে প্রভাব বিস্তার করিয়াছিল। তিনি প্রায় ৪৫ বৎসর রাজত্ব করেন। ধর্মপালের নালন্দা লিপিতে তাঁহার রাষ্ট্র ও সামরিক সংগঠন সম্বন্ধে তথ্য পাওয়া যায়।

দেবপাল (৮১৫-'৫৪)

ধর্মপালের মৃত্যু হইলে তাঁহার পুত্র দেবপাল সিংহাসন লাভ করেন এবং হৃতরাজ্য পুনরুদ্ধারে মনোনিবেশ করিয়া তিনি তাঁহার বিজয়বাহিনী লইয়া উত্তরে কাম্বোজ (তিব্বত-ভুটান (Himalayan) কীর কিরাত) হইতে দক্ষিণে বিন্ধ্য পর্যন্ত সমগ্র ভূ-ভাগ জয় করেন। তিনি উৎকলী ও হূণগণকে এবং দ্রবিড় ও গুর্জররাজকে পরাজিত করিয়াছিলেন, এরূপ প্রমাণও পাওয়া যায়। কামরূপ ও উৎকল-জয় তাঁহার সেনাপতি লাউসেন বা লবসেনের

চেষ্টাতেই সম্ভব হইয়াছিল বলিয়া কিংবদন্তী আছে। দেবপালের মুঙ্গের লিপিতে উক্ত হইয়াছে যে, তিনি উত্তরে হিমালয় হইতে দক্ষিণে সেতুবন্ধ রামেশ্বর পর্যন্ত বিস্তৃত সাম্রাজ্য স্থাপন করিয়াছিলেন। কিন্তু এই উক্তি ঐতিহাসিকগণ অতিরঞ্জন দোষ-দুষ্ট বলিয়া মনে করেন। দেবপালের রাজত্বকালে সুবর্ণ-দ্বীপের (সুমাত্রা) রাজা বালপুত্রদেব তাঁহার বদান্যতায় নালন্দায় একটি সঙ্ঘারাম নির্মাণ ও তাহার ব্যয়াদি নির্বাহের ব্যবস্থা করাইয়া দিয়াছিলেন। মালয় উপদ্বীপের সহিত পূর্ব-ভারতবর্ষের গভীর সম্বন্ধ ঐতিহাসিকরা স্বীকার করিয়াছেন। সুমাত্রা, যবদ্বীপ ও মালয়ে যে বিশাল 'শৈলেন্দ্র' হিন্দুরাজ্য গড়িয়া উঠে, তাহার নাম ছিল 'শ্রীবিজয়'। উড়িষ্যার সহিতও এই 'শ্রীবিজয়' রাজ্যের যোগ ছিল। সুতরাং বাঙ্গালী, উড়িয়া ও দ্রবিড় নাবিকগণ যে ভারতীয় নৌ-শক্তির প্রতিষ্ঠা করেন, তাহার ফলে পল্লব, চোল ও পাণ্ড্যরাজগণ মালয় ও সিংহলে প্রভাব বিস্তার করিয়াছিলেন। ইহাদের নৌ-বাহিনীর কথা সুবিজ্ঞাত। দেবপাল অন্যূন ৩৯ বৎসরকাল বিপুল গৌরবে রাজত্ব ও বাংলার শৌর্যবীর্যের প্রসার করিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পর পালবংশের প্রভাব-প্রতিপত্তি অনেক হ্রাস পাইয়াছিল।

দেবপালের পর তাঁহার ভ্রাতুষ্পুত্র ১ম বিগ্রহপাল বা ১ম শূরপাল রাজপদ লাভ করেন। কয়েক বৎসর রাজত্বের পরে তিনি স্বেচ্ছায় সিংহাসন ত্যাগ করিয়া ধর্মচর্চায় মনোনিবেশ করিলে, তাঁহার পুত্র নারায়ণপাল সিংহাসনে আরোহণ করেন। এই সময় পালরাজাদের দুর্বলতার সুযোগে কনৌজের প্রতিহারগণ আপনাদের প্রতিপত্তি অনেকট বর্ধিত করিয়াছিলেন। প্রতিহাররাজ ১ম ভোজ মুঙ্গেরের নিকট এক যুদ্ধে পালরাজাকে পরাজিত করেন। ভোজের গোয়ালিয়র লিপিতে এই জয়ের কাহিনী উল্লিখিত হইয়াছে। ১ম ভোজের পুত্র মহেন্দ্রপাল কিছুকালের জন্য উত্তরবঙ্গও অধিকার করিয়াছিলেন। এদিকে তিব্বত হইতে কম্বোজ নামক এক জাতির আক্রমণে উত্তরবঙ্গ পালরাজাদের হস্তচ্যুত হয়।

পালবংশের শক্তি হ্রাস

নারায়ণপালের মৃত্যুর পরে রাজ্যপাল, ২য় গোপাল ও ২য় বিগ্রহপাল ক্রমান্বয়ে রাজত্ব করেন। ইহারা কেহই শক্তিশালী ছিলেন না। ইহাদের দুর্বলতার সুযোগে চন্দেল্ল ও কলচুরি রাজগণ পাল সাম্রাজ্যের মধ্যভারতীয় কোন কোন অঞ্চলের উপর আধিপত্য বিস্তার করিয়াছিলেন। প্রাচীন মগধও এই সময় পালবংশের হস্তচ্যুত হয়। একাদশ শতাব্দীতে পালবংশীয় নবম রাজা মহীপাল

মগধ, তীরভুক্তি ও পূর্ববঙ্গ পুনরধিকার করিয়া পালবংশের হৃত গৌরব কিয়ৎপরিমাণে উদ্ধার করিলেন। তাঁহার রাজত্বকালে শক্তিশালী চোল রাজা রাজেন্দ্রচোল বাংলাদেশ আক্রমণ করেন। কিন্তু মহীপাল এই চোল আক্রমণ প্রতিহত করিয়াছিলেন। কম্বোজ, চালুক্য ও কলচুরি রাজগণের সহিতও তিনি সংঘর্ষে লিপ্ত হইয়াছিলেন। পালরাজ সাফল্যের সহিত ইঁহাদের বাধা দিয়াছিলেন। এ যুগের লিপি হইতে জানা যায় যে, মহীপাল উত্তর ও দক্ষিণ বিহার, এমন কি বারাণসী পর্যন্ত আধিপত্য স্থাপন করিয়াছিলেন। এ-যুগে আচার্য ধর্মপালের নেতৃত্বে একদল বৌদ্ধ-প্রচারক তিব্বতে গমন করেন। তিব্বতের ধর্ম ও শিল্পের উপর বাঙ্গালীর প্রভাব বিশেষভাবে স্বীকৃত হইয়াছে। কিন্তু পালরাজাদের পুনরভ্যুদয় হইলেও সমগ্র বঙ্গদেশ তাঁহাদের প্রভুত্ব স্বীকার করিয়া লয় নাই। পূর্ববঙ্গে চন্দ্রবংশের অধীনে এবং পশ্চিমবঙ্গে শূরদের অধীনে দুইটি স্বাধীন রাজ্যের পত্তন হইয়াছিল। বর্তমান মেদিনীপুর-অঞ্চলে তখনও তিব্বতীদের জ্ঞাতি কম্বোজরা রাজত্ব করিতেছিল তাহার প্রমাণ পাওয়া যায়।

মহীপাল

বঙ্গের চন্দ্র ও শূর রাজ্য

প্রথম মহীপালের পুত্র নয়পালের রাজত্বকালে চেদিরাজ লক্ষ্মীকর্ণ বাংলাদেশ আক্রমণ করেন। অতঃপর উভয় রাজ্যের মধ্যে সন্ধি স্থাপিত হয়, এবং নয়পালের পুত্র ৩য় বিগ্রহপাল লক্ষ্মীকর্ণের কন্যাকে বিবাহ করেন। নয়পালের রাজত্বকালেই সুপ্রসিদ্ধ বৌদ্ধ বাঙ্গালী পণ্ডিত অতীশ বা দীপঙ্কর শ্রীজ্ঞান সুদূর সুমাত্রা দ্বীপে ও তিব্বতে বৌদ্ধধর্ম প্রচার করিয়া অমরকীর্তি লাভ করেন এবং এই সংযোগের পরোক্ষ ফলে বঙ্গীয় চিত্রকলার প্রভাব নেপাল-তিব্বতী বৌদ্ধশিল্পের উপর বিস্তৃত হয়। নয়পালের পর ৩য় বিগ্রহপাল দীর্ঘকাল রাজত্ব করেন। তাঁহার পুত্র ২য় মহীপালের (আঃ ১০৮১—'৮২) সময় পালসাম্রাজ্য পুনরায় ধ্বংসের মুখে অগ্রসর হয়। পূর্ববঙ্গে চন্দ্রবংশের পর বর্মরাজবংশ প্রবল হইয়া উঠে। দিব্য বা দিব্বোক নামে এক কৈবর্ত-নায়কের নেতৃত্বে বরেন্দ্রী (অর্থাৎ উত্তরবঙ্গ) বিদ্রোহ ঘোষণা করে এবং ২য় মহীপাল পরাজিত ও নিহত হন। দিব্বোকের মৃত্যুর পর তাঁহার ভ্রাতুষ্পুত্র ভীম বরেন্দ্রভূমির রাজা হন। ২য় মহীপালের কনিষ্ঠ ভ্রাতা রামপাল ভীমকে পরাজিত ও নিহত করিয়া বরেন্দ্রী উদ্ধার করেন। তাঁহার মন্ত্রী সন্ধ্যাকর নন্দী-রচিত 'রামচরিত'-কাব্যে ইহা বর্ণিত আছে। তাঁহার সুদীর্ঘ রাজত্বকালে

নয়পাল

দীপঙ্কর

দিব্বোক ও ২য় মহীপাল

পালবংশের গৌরব পুনঃ-প্রতিষ্ঠিত হইলেও বেশী দিন স্থায়ী হইতে পারে নাই। সেনরাজ বিজয়সেনের বিজয়াভিযানে বাংলার পালপ্রভুত্ব চিরদিনের মত নিশ্চিহ্ন হইয়া যায়। কিন্তু বিহার প্রদেশে পালরাজগণ তুর্কী আক্রমণ পর্যন্ত রাজত্ব করিতেন বলিয়া প্রমাণ পাওয়া যায়।

সেনবংশ।—সেনরাজারা ছিলেন দাক্ষিণাত্যের কর্ণাটদেশীয় ব্রাহ্মণ, কিন্তু বাংলাদেশে প্রভুত্ব স্থাপন করিয়া তাঁহারা নিজেদের ক্ষত্রিয় বলিয়া পরিচয় দিতেন। একাদশ শতাব্দীতে সামন্তসেন রাঢ় অঞ্চলে (বর্ধমান বিভাগ) একটি ক্ষুদ্র রাজ্য স্থাপন করেন। বিজয়সেন (আঃ ১০৯৭—১১৫৯) ছিলেন সামন্তসেনের পৌত্র। পশ্চিমবঙ্গে শূরবংশের রাজকন্যা বিলাসদেবীকে বিবাহ করিয়া তিনি সেনবংশের প্রভাব ও প্রতিপত্তি বৃদ্ধি করিয়াছিলেন। তাঁহারই আক্রমণে বঙ্গদেশে পাল সাম্রাজ্যের অবসান ঘটে। ইহার পর তীরভুক্তি (মিথিলা বা উত্তর-বিহারের ত্রিহুত), কামরূপ ও কলিঙ্গ পর্যন্ত তাঁহার প্রভুত্ব বিস্তৃত হয়। তিনি হুগলী জেলার ত্রিবেণীর নিকটে নূতন রাজধানী স্থাপন করিয়া তাহার নাম রাখেন 'বিজয়পুর'। তাঁহার মৃত্যুর পর তাঁহার পুত্র স্বনামখ্যাত বল্লালসেন (আঃ ১১৫৯—'৮৫) রাজপদ লাভ করেন, তিনি ছিলেন শূরবংশের দৌহিত্র।

বল্লালসেন

কৌলিন্যপ্রথার প্রবর্তকরূপে বল্লালসেনের নাম বাংলাদেশে প্রসিদ্ধ হইয়া আছে। তিনি 'দানসাগর' ও 'অদ্ভূতসাগর' নামক দু'খানি গ্রন্থ রচনা করেন। বল্লালের পর তাঁহার পুত্র লক্ষ্মণসেন (১১৮৫) রাজা হন। নিরতিশয় ভীরু বলিয়া

লক্ষ্মণসেন

তাঁহার চরিত্রে অনর্থক কালিমা লেপন করা হইয়াছে। প্রকৃতপক্ষে লক্ষ্মণসেনই ছিলেন সেনবংশের শেষ পরাক্রান্ত নরপতি। তিনি কামরূপের রাজাকে পরাজিত করিয়া তাঁহাকে বশ্যতাস্বীকারে বাধ্য করেন। কাশীর রাজাকেও লক্ষ্মণসেনের নিকট পরাভব স্বীকার করিতে হইয়াছিল। কেহ কেহ অনুমান করেন যে, লক্ষ্মণসেনেরই রাজ্যাভিষেকের সময় লক্ষ্মণ-সংবৎ প্রবর্তিত হইয়াছিল। লক্ষ্মণসেন বিদ্বান্ ও বিদ্যোৎসাহী নরপতি ছিলেন। কথিত আছে যে, বল্লালের অসমাপ্ত গ্রন্থ 'অদ্ভূতসাগর' তিনি সম্পূর্ণ করিয়া যান। 'গীতগোবিন্দ'-প্রণেতা বীরভূমের ভক্তকবি জয়দেব, এবং ধোয়ী, উমাপতি, প্রভৃতি প্রসিদ্ধ লেখকগণ লক্ষ্মণসেনের সভাসদ্ ছিলেন। দ্বাদশ শতাব্দীর শেষে অথবা ত্রয়োদশ শতাব্দীর প্রথমে মুহম্মদ ঘুরীর সেনাপতি বখ্‌তিয়ারের পুত্র ইখ্‌তিয়ার-উদ্দীন মুহম্মদ (ইখ্‌তিয়ারউদ্দীন মুহম্মদ বিন্ বখ্‌তিয়ার) বিহার জয় করিবার পর নদীয়া

আক্রমণ করিলে, লক্ষ্মণসেন ('রায় লখ্‌মনীয়া') অথবা তাঁহার পুত্রগণ পূর্ববঙ্গে হাটিয়া যান। কিন্তু ইহার পরও বিক্রমপুরে সেনরাজগণ ত্রয়োদশ শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন। লক্ষ্মণসেনের দুই পুত্র বিশ্বরূপসেন ও কেশবসেন পরাক্রান্ত নৃপতি ছিলেন বলিয়া শুনিতে পাওয়া যায়।

সেনবংশের পতন

পাল ও সেন রাজগণের কৃতিত্ব।—পালবংশের অভ্যুত্থান বাংলাদেশের ইতিহাস এক গৌরবময় অধ্যায়। এই সময়ে বাংলাদেশে সমগ্র আর্যাবর্তের অখণ্ড রাষ্ট্রনীতি প্রথম প্রতিষ্ঠা লাভ করে। ইহার পূর্বে শশাঙ্ক গঞ্জাম (কোঙ্গোদ) পর্যন্ত অধিকার করিলেও হর্ষবর্ধনের প্রতিকূলতায় বাংলার সে প্রভুত্ব স্থায়ী হইতে পারে নাই। পাল রাজগণ বিচ্ছিন্ন ও উপদ্রুত বঙ্গভূমিতে শান্তি, শৃঙ্খলা ও ঐক্য স্থাপন করিয়া, বাংলাদেশকে 'মাৎস্য-ন্যায়'-এর প্লাবন হইতে রক্ষা করিয়াছিলেন।

বঙ্গের অভ্যুথান

পালরাজগণ ছিলেন বৌদ্ধধর্মাবলম্বী উদ্দণ্ডপুর, বিক্রমশিলা, সোমপুর প্রভৃতি বৌদ্ধ-বিহার তাঁহাদেরই কীর্তি। তাঁহাদেরই সময় ধর্মপাল ও দীপাঙ্কর প্রমুখ আচার্যগণ তিব্বত, ব্রহ্ম, শ্রীবিজয় (সুমাত্রা) ও মালয় দেশে ভারতীয় সভ্যতা ও ধর্ম প্রচার করেন। দেবপালের রাজত্বকালে সুদূর সুমাত্রা দ্বীপের রাজা তাঁহার অনুমতি লইয়া নালন্দায় একটি সঙ্ঘারাম নির্মাণ করাইয়া দিলে উহার ব্যয়-নির্বাহের জন্য উদার হৃদয় দেবপাল পাঁচখানি গ্রাম দান করিয়াছিলেন। বৌদ্ধধর্মাবলম্বী হইলেও পালরাজগণ হিন্দুধর্মের বিরোধিতা করেন নাই; ব্রাহ্মণ-রাই মন্ত্রীর ন্যায় উচ্চপদে নিযুক্ত হইতেন। পালরাজারা বিদ্যোৎসাহীও ছিলেন। আয়ুর্বেদজ্ঞ চক্রপাণি দত্ত 'বৌদ্ধগান ও দোঁহা'-রচয়িতা লুই ও কাহ্নপাদ প্রভৃতি পদকর্তা, এবং 'রামচরিত'-রচয়িতা কবি

বিদেশে ভারতের সভ্যতার প্রসার



পালযুগের চিত্র

সন্ধ্যাকর নন্দী এই সময়েই আবির্ভূত হন। পালযুগেই ধীমান্ ও তাঁহার পুত্র বীতপাল ভাস্কর্যে ও চিত্রকলায় পূর্ব-এশিয়ায় এক নূতন শিল্প-রীতির প্রতিষ্ঠা করেন এবং এই শিল্প-কলার সুস্পষ্ট প্রভাব ব্রহ্মদেশীয় মন্দিরে ও ভিত্তি-চিত্রে এবং নেপালী ও তিব্বতী শিল্পের উপর বিস্তৃত হয়। সেনারজগণ ছিলেন ব্রাহ্মণ্য-ধর্মের পৃষ্ঠপোষক। কথিত আছে, বল্লালসেন মগধ, উড়িষ্যা, নেপাল, ভুটান, চট্টগ্রাম, আরাকান (ব্রহ্মদেশ), প্রভৃতি স্থানে প্রচারক প্রেরণ করিয়াছিলেন। এই প্রবাদের সত্যাসত্য যাহাই হউক, বল্লালসেন যে বঙ্গসমাজের একজন শ্রেষ্ঠ সমাজপতি ছিলেন তাহাতে সন্দেহ নাই। আজিও বঙ্গের ব্রাহ্মণ, বৈদ্য ও কায়স্থগণ তৎপ্রবর্তিত কৌলিন্য-প্রথা স্বীকার করিয়া চলেন। বল্লালসেন ও লক্ষ্মণসেন বিদ্যোৎসাহী নরপতি ছিলেন। তাঁহাদের সময়েই বঙ্গদেশে জয়দেব, ধোয়ী, হলায়ুধ, শ্রীধর দাস, উমাপতি ধর, প্রভৃতি কবিগণ আবির্ভূত হন। বিজয়সেনের রাজত্বকালে শূলপাণি নামক শিল্পী বরেন্দ্রীতে প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন।

ব্রাহ্মণ্যধর্মের অভ্যুদয়

সামাজিক ও অর্থ নৈতিক অবস্থা।—এ-যুগের সাহিত্য হইতে সাধারণ বাঙ্গালীর দৈনন্দিন জীবনযাত্রার কিছু পরিচয় পাওয়া যায়। হিউয়েন্-সাঙ বাংলাদেশের অধিবাসী-দের সম্বন্ধে যে বিবরণ রাখিয়া গিয়াছেন তাহা হইতে জানা যায় যে, তাহারা সাধু, অমায়িক, শ্রমসহিষ্ণু, দৃঢ় এবং সাহসী ছিল। শিক্ষা-দীক্ষার প্রতি তাহাদের অনুরাগ ছিল অসাধারণ। জ্ঞানলাভের জন্য তাহারা দূর দেশে যাইতে কুণ্ঠিত হইত না। বেদ, মীমাংসা, ধর্মশাস্ত্র, পুরাণ, রামায়ণ ও মহাভারত এবং অর্থশাস্ত্র, গণিত, জ্যোতিষ, ব্যাকরণ, আয়ুর্বেদ প্রভৃতি প্রধান শিক্ষণীয় বিষয় ছিল। সেকালের বহুগ্রন্থে বাঙ্গালী মেয়েদের খুব প্রশংসা পাওয়া যায়। তাঁহারা লেখাপড়া শিখিতেন এবং কেহ কেহ ধর্ম সম্প্রদায়ের "গুরুও" হইতেন ; নারীজাতির অবরোধপ্রথা ছিল না।

শিক্ষা

বাংলার অধিবাসীদের বেশীর ভাগ তখন গ্রামে বাস করিত। সাধারণ বাঙ্গালীর জীবনধারা মোটামুটী সচ্ছল ছিল। কৃষি ও শিল্প ছিল তাহাদের উপজীবিকা। গ্রামের চারিপাশে কৃষিক্ষেত্র ও পশুচারণ ভূমি থাকিত। বাংলাদেশে জনাকীর্ণ সম্পদশালী নগরের অভাবও ছিল না। সন্ধ্যাকর নন্দীর 'রামচরিতে' পাল-রাজধানী রামাবতীর মনোজ্ঞ বিবরণ আছে। নগরের প্রশস্ত রাজপথের

জীবনযাত্রা প্রণালী

দুই পার্শ্বে কনক-ধবল প্রাসাদশ্রেণী 'মেরু-শিখরের' ন্যায় প্রতীয়মান হইত এবং প্রাসাদ-শিখরে স্বর্ণকলস শোভা পাইত। নগরের মধ্যে নানাস্থানে উদ্যান, সরোবর, মন্দির প্রভৃতি ছিল। নাগরিকদের বেশভূষা ও ঐশ্বর্যের সীমা ছিল না।

খাদ্য ও পরিচ্ছদ

ভাত, মাছ, মাংস, তরকারী, ঘি এবং দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্য বাঙ্গালীর প্রধান খাদ্য ছিল। পূজা-পার্বণ ও উৎসবকালে ভোজ্যদ্রব্যের বাহুল্য দেখা যাইত। বাংলাদেশে উৎকৃষ্ট গুড় ও চিনি উৎপাদিত হইত। সেকালে বাঙ্গালীদের বেশভূষার বাহুল্য ছিল না। পুরুষ ও নারী একখানা করিয়া ধুতি ও শাড়ী ব্যবহার করিত। পুরুষরা চাদর ও মেয়েরা ওড়না দিয়ে ঊর্ধ্বাঙ্গ আবৃত করিত। মেয়েরা কখন কখন খাট জামা পরিত। পুরুষ ও নারী উভয়েই অলঙ্কার পরিতে ভালবাসিত। ধনী পরিবারের মেয়েরা মণিমুক্তাদি-খচিত অলঙ্কার পরিধান করিত। সেকালের সাহিত্যে চামড়ার জুতা ও কাঠের খড়ম ব্যবহারের কথা পাওয়া যায়।

ক্রীড়া-কৌতুক, যানবাহন

সেকালে নানাবিধ ক্রীড়া-কৌতুক ও উৎসবের অনুষ্ঠান হইত। নৃত্য-গীত, অভিনয়, দাবা ও পাশাখেলা এবং মল্লক্রীড়া ইত্যাদি বাঙ্গালীর প্রধান আনন্দ-উৎসব ছিল। গরু ও ঘোড়ার গাড়ী, হাতী, রথ ও নৌকা প্রভৃতি প্রধান যানবাহন ছিল।

শিল্পদ্রব্য

কৃষিকর্ম বাঙ্গালীর প্রধান উপজীবিকা হইলেও সেকালের বাঙ্গালী শিল্প ও ব্যবসা-বাণিজ্যে বিশেষ উৎকর্ষ লাভ করিয়াছিল। বস্ত্রশিল্পে বাংলা অতি প্রাচীনকাল হইতেই প্রসিদ্ধি লাভ করিয়াছিল। বাংলার ক্ষৌম, দুকূল, পত্রোর্ণ ও কার্পাসিক বস্ত্রের খ্যাতি প্রাচীনকালেই ইউরোপ ও এশিয়ার বিভিন্ন দেশে ছড়াইয়া পড়িয়াছিল। বাংলাদেশের সূক্ষ্ম বস্ত্র দেশ-বিদেশে চালান যাইত। বাংলার গুড় ও চিনির আদর সর্বত্র ছিল। স্থাপত্য, ভাস্কর্য, অন্যান্য কারুশিল্প ও চিত্রাঙ্কন বিদ্যায় বাঙ্গালী পারদর্শিতার পরিচয় দিয়াছিল। বাংলাদেশ তখন ব্যবসা-বাণিজ্যেও অগ্রণী ছিল। বাংলার অভ্যন্তরে ক্রয়-বিক্রয়ের জন্য বড় বড় হাট ও গঞ্জ গড়িয়া উঠিয়াছিল। দেশে বহু নদ-নদী ও রাস্তা থাকায় শিল্পজাত দ্রব্যাদি দেশের একস্থান হইতে অন্যস্থানে প্রেরণের সুবিধা ছিল। সমুদ্রপথেও বাংলার ব্যবসা-বাণিজ্য চলিত। বাঙ্গালী বণিকরা জাহাজে করিয়া সিংহল,

ব্যবসা-বাণিজ্য

ব্রহ্মদেশ, মালয় উপদ্বীপ, প্রাচ্য দ্বীপপুঞ্জ, এমন কি সুদূর চীনেও বাণিজ্য করিতে যাইত। স্থলপথে নেপাল, ভুটান ও তিব্বতের সহিত বাণিজ্য চলিত। তাম্রলিপ্ত তখন পূর্ব-ভারতের একটি প্রসিদ্ধ বন্দর ছিল। শিল্প-বাণিজ্যের প্রসারের সঙ্গে সঙ্গে বাংলার ঐশ্বর্যও অভাবনীয়রূপে বৃদ্ধি পাইয়াছিল।

স্তূপ ও বিহারের ধ্বংসাবশেষ

বাংলার স্থাপত্য শিল্পের কথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। প্রাচীন সাহিত্য, শিলালিপি ও বৈদেশিক ভ্রমণকারীদের লিখিত বিবরণ হইতে জানিতে পারা যায় যে, সেকালে বাংলায় কারুকার্যময় বহু হর্ম্য, মন্দির, স্তূপ ও বিহার ছিল। প্রাসাদ ও মন্দিরগুলি প্রধানতঃ ইষ্ট নির্মিত হইত। বাংলাদেশের আবহাওয়া আর্দ্র হওয়ায় প্রাসাদ ও মন্দিরাদি অধিকাংশ ধ্বংস হইয়া গিয়াছে। প্রায় ২০০০ বৎসরের অতীত কীর্তির ভগ্ন নিদর্শন এখনও যাহা পাওয়া যাইতেছে—তাহা হইতে বাংলার স্থাপত্য ও ভাস্কর্য-শিল্পের উৎকর্ষের পরিচয় কতকটা পাওয়া যায়।

উত্তর-বাংলায় ধর্মপাল নির্মিত সোমপুর (পাহাড়পুর) বিহার এককালে পূর্ব্ব-ভারতে বিশেষ খ্যাতিলাভ করিয়াছিল। ইহাতে ও মহাস্থান প্রভৃতি কেন্দ্রে বাংলার শিল্প-রীতির ও সংস্কৃতির পরিচয় মেলে। "বৃহৎ-বঙ্গ" জুড়িয়া আরও অসংখ্য মন্দির, বিহার ও শিক্ষায়তন প্রভৃতির ধ্বংসাবশেষ ছড়াইয়া আছে ক্রমশ তাহাদের সন্ধান মিলিবে।

বংশ-তালিকা

(তারিখ আনুমানিক)

(ক) পালবংশের রাজগণ

(১) প্রথম গোপাল (৭৬৫-'৭০ খৃঃ অঃ)

(২) ধর্মপাল (৭৭০-৮১৫) — বাকপাল

(৩) দেবপাল (৮১৫-'৫৪) — জয়পাল

(৪) প্রথম বিগ্রহপাল (৮৫৪-'৫৭)

(৫) নারায়ণ পাল (৮৫৭-৯১১)

(৬) রাজ্যপাল (৯১১-'৩৫)

(৭) ২য় গোপাল (৯৩৫-'৯২)

(৮) ২য় বিগ্রহপাল (৯৯২)

(৯) প্রথম মহীপাল (৯৯২-১০৪০)

(১০) নয়পাল (১০৪০-'৫৫)

(১১) ৩য় বিগ্রহপাল (১০৫৫-'৮১)

(১২) ২য় মহীপাল (১০৮১-'৮২)

(১৩) শূরপাল (১০৮২-'৮৪) — (১৪) রামপাল (১০৮৪-১১২৬)

(১৫) কুমারপাল (১১২৬-'৩০) — (১৬) তৃতীয় গোপাল (১১৩০)

(১৭) মদনপাল (১১৩০-'৫০)

(খ) সেনবংশের রাজগণ

(১) সামন্তসেন (১০৫০-'৭৪)
|
(২) হেমন্তসেন (১০৭৫-'৯৭)
|
(৩) বিজয়সেন (১০৯৭-১১৫৯)
|
(৪) বল্লালসেন (১১৫৯-'৮৫)
|
(৫) লক্ষ্মণসেন (১১৮৫-১২০৬)
|
(৬) বিশ্বরূপসেন (১২০৬-'২৫)　　(৭) কেশবসেন (১২২৫-'৩০)

প্রশ্নাবলী

১। বঙ্গের পাল রাজবংশের সংক্ষিপ্ত বিবরণী দাও।

২। বঙ্গের পাল রাজবংশের উত্থান ও পতনের ইতিহাস লিখ।

৩। ধর্মপালের রাজত্বকালে পাল-প্রতিহার ও রাষ্ট্রকূট দ্বন্দ্বের বিবরণ লিখ।

৪। বঙ্গের সেন রাজবংশের উত্থান ও পতনের ইতিহাস লিখ।

৫। পাল ও সেন রাজাদের আমলে বঙ্গের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা সম্বন্ধে একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।

দ্বাদশ অধ্যায়

বৃহত্তর ভারত

(Greater India)

বহির্বিশ্বের সহিত ভারতের যোগাযোগ।—স্মরণাতীত কাল হইতেই ভারতের সহিত বহির্বিশ্বের যোগাযোগ স্থাপিত হইয়াছিল। ঐতিহাসিক যুগে ভারতকে কেন্দ্র করিয়া পূর্ব ও পশ্চিম উভয় দিকেই বাণিজ্য চলিত। এই বাণিজ্যে জলপথ ও স্থলপথ দুই-ই ব্যবহার করা হইত। স্থলপথে আফগানিস্তান, পার্থিয়া, পশ্চিম-এশিয়া, আবার মধ্য-এশিয়া ও চীনের সহিত ভারতের শিল্প-বাণিজ্যের আদান-প্রদান চলিত। সামুদ্রিক বাণিজ্যেও হিন্দুগণ সুদূর অতীতে বিশেষ খ্যাতি অর্জন করে। ভারতের সমুদ্র-উপকূলের বন্দরসমূহ হইতে হিন্দু বণিকগণ ব্রহ্মদেশ, সিংহল, মালয়, প্রাচ্য দ্বীপপুঞ্জ, শ্যাম, ইন্দোচীন ও চীনদেশ পর্যন্ত বাণিজ্য করিতে যাইত। এই সকল বাণিজ্যপথ ধরিয়া ভারতীয় শিল্প ও সভ্যতা দূরদূরান্তে বিস্তৃত হইয়া পড়ে এবং ভারতীয়গণ নানা দেশে উপনিবেশ স্থাপন করে।

পশ্চিম-এশিয়া ও পূর্ব-এশিয়ার সহিত বাণিজ্য

মধ্য-এশিয়া।—অতি প্রাচীনকালেই মধ্য-এশিয়ায় ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি বিস্তারলাভ করিয়াছিল এবং এখানে বড় বড় ভারতীয় উপনিবেশ স্থাপিত হইয়াছিল। খোটান, কুচা, তুরফান প্রভৃতি স্থানগুলি মধ্য-এশিয়ায় ভারতীয় সভ্যতার কেন্দ্র ছিল। এই সকল স্থানে বালুকা-স্তূপ খুঁড়িয়া মাটির নীচ হইতে বহু বৌদ্ধ বিহার, স্তূপ ও হিন্দু মন্দিরের ধ্বংসাবশেষ বাহির করা হইয়াছে। এই সকল স্তূপ, বিহার ও মন্দিরে বহু বৌদ্ধ ও হিন্দু দেবদেবীর মূর্তি ও সভ্যতার অন্যান্য নিদর্শন এবং প্রাকৃত ও সংস্কৃত ভাষায় লিখিত বহু মূল্যবান পাণ্ডুলিপি প্রভৃতি পাওয়া গিয়াছে। কেহ কেহ অনুমান করেন যে, মৌর্যযুগে অশোকের রাজত্বকালে কাশ্মীর হইতে খোটানে প্রথম ভারতীয় উপনিবেশ স্থাপিত হইয়াছিল। পরে খৃষ্টীয় প্রথম শতকে কুষাণ-সম্রাট কণিষ্কের রাজত্বকালে বৌদ্ধধর্ম ও ভারতীয় সভ্যতা মধ্য-এশিয়ায় দ্রুত বিস্তৃতিলাভ করে। এখান হইতেই পরবর্তী কয়েক শতাব্দীর মধ্যে বৌদ্ধধর্ম চীন, কোরিয়া ও জাপানে বিস্তার লাভ করে। খোটানে একটি ভারতীয়

মধ্য-এশিয়ায় ভারতীয় উপনিবেশ ও সভ্যতা

রাজবংশ দীর্ঘকাল রাজত্ব করেন। এদেশের প্রাচীন ধর্মশাস্ত্র ও সাহিত্যের ভাষা ছিল সংস্কৃত। পরে বৌদ্ধধর্ম প্রসারের সঙ্গে সঙ্গে প্রাকৃত ভাষা প্রাধান্য লাভ করে।

বৌদ্ধধর্ম

খোটানে শৈব-হিন্দুধর্মের কিছু নিদর্শন পাওয়া গিয়াছে। হিউয়েন্-সাঙ যখন ভারতে আসেন তখনও খোটানে বৌদ্ধধর্মের প্রভাব অক্ষুণ্ণ ছিল। মধ্য-এশিয়ার হূণ, তুর্কী প্রভৃতি দুর্ধর্ষ যাযাবর জাতির মধ্যেও বৌদ্ধধর্ম বিস্তারলাভ করে। ত্রয়োদশ শতকেও মধ্য-এশিয়ায় Mongol রাজ্যে বৌদ্ধধর্ম প্রচলিত ছিল।

মধ্য-এশিয়ায় অবস্থিত কুচা নামক স্থানটিও এককালে ভারতীয় সভ্যতার বড় কেন্দ্র ছিল। খ্যাতনামা বৌদ্ধ পণ্ডিত কুমারজীব কুচার অধিবাসী ছিলেন। তিনি বহু বৌদ্ধশাস্ত্র চীনা ভাষায় অনুবাদ করিয়া বিশেষ খ্যাতিলাভ করিয়াছিলেন।

মধ্য-এশিয়া হইতেই চীন, মঙ্গোলিয়া, সাইবেরিয়া, কোরিয়া ও জাপানে বৌদ্ধধর্ম প্রচারিত হইয়াছে একথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। বৌদ্ধধর্ম প্রচারিত হইবার পরে চীন হইতে বহু পণ্ডিত বৌদ্ধধর্ম ও শাস্ত্র সম্বন্ধে ব্যুৎপত্তি লাভের নিমিত্ত ভারতে আসেন। তাঁহারা সংস্কৃত ও পালি ভাষা শিক্ষা করিয়া বহু বৌদ্ধ শাস্ত্র-গ্রন্থ সংগ্রহ করিয়া দেশে ফিরিয়া যান। আবার চীনদেশ হইতে আমন্ত্রণ পাইয়া বহু ভারতীয় পণ্ডিত চীনদেশে গমন করেন। ইঁহাদের অক্লান্ত চেষ্টার ফলে চীন, জাপান ও কোরিয়া প্রভৃতি দেশে বৌদ্ধধর্ম ও সাহিত্য বিস্তারলাভ করে এবং চীন সভ্যতার উপর ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি হাজার বৎসর ধরিয়া প্রভাব বিস্তার করে।

চীন ও সুদূর প্রাচ্যে বৌদ্ধধর্ম প্রচার

সপ্তম শতকে রাজা স্রং-সান্ গাম্পোর রাজত্বকালে তিব্বতে বৌদ্ধধর্ম প্রচারিত হয়। কথিত আছে, তিনি খোটান ও বঙ্গদেশ হইতে ভারতীয় লিপি আনাইয়া তিব্বতে প্রচলন করেন। এই সময় হইতেই তিব্বতীয় পণ্ডিতগণ নালন্দা ও বিক্রমশীলার মঠে বৌদ্ধ ধর্মশাস্ত্র অধ্যয়নের নিমিত্ত আসিতে আরম্ভ করেন। ভারতীয় পণ্ডিতরাও অনেকে তিব্বতে যাইয়া বৌদ্ধশাস্ত্র অনুবাদ করিয়া তিব্বতে বৌদ্ধধর্ম বিস্তারে সহায়তা করেন। অষ্টম শতকে নালন্দা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ বাঙ্গালী বৌদ্ধাচার্য শান্তরক্ষিত ও তাঁহার ভগ্নীপতি পদ্মসম্ভব রাজ-আমন্ত্রণ লাভ করিয়া তিব্বতে যান। সেখানে তিনি বৌদ্ধধর্ম ও ভারতীয় লিপি প্রচার করিয়া জীবন অতিবাহিত করেন। তিনিই তিব্বতের বিখ্যাত লামাসম্প্রদায়ের প্রবর্তন করেন। একাদশ শতাব্দীতে

তিব্বতে বৌদ্ধধর্ম

সম্রাট নয়পালের রাজত্বকালে বিক্রমশীলা মঠের প্রধান আচার্য অতীশ দীপঙ্কর তিব্বতে যান। তিনি ১৩ বৎসর সেখানে থাকিয়া মহাযান বৌদ্ধধর্ম প্রচার করেন। সেখানেই তাঁহার মৃত্যু হয়। অতীশ প্রায় দুই শতখানি বৌদ্ধগ্রন্থ তিব্বতী ভাষায় অনুবাদ অথবা রচনা করেন।

পূর্ব-এশিয়া।—অতি প্রাচীনকাল হইতেই ভারতের পূর্ব-উপকূলের বন্দরগুলি হইতে ভারতীয় বণিকরা জাহাজে করিয়া সমুদ্র পাড়ি দিয়া ব্রহ্ম, মালয়, সুমাত্রা, যবদ্বীপ, বলিদ্বীপ, বোর্ণিও ও চীন প্রভৃতি দেশে বাণিজ্য করিতে যাইত। বাংলা দেশের তাম্রলিপ্ত ভারত ও পূর্ব-এশিয়ার দেশসমূহের মধ্যে বাণিজ্যের একটি প্রধান বন্দর ছিল। কালক্রমে ভারতবাসী এই সকল দেশে উপনিবেশ ও রাজ্যস্থাপন করে এবং ভারতের ধর্ম ও সভ্যতা এখানে বিস্তারলাভ করে। এইরূপে ধীরে ধীরে ভারতের বাহিরে "বৃহত্তর ভারত" গড়িয়া উঠে।

পূর্ব-ভারতীয় দ্বীপপুঞ্জে উপনিবেশ ও সভ্যতা বিস্তার

সম্ভবতঃ প্রথম বা দ্বিতীয় শতকে বর্তমান ইন্দোচীনের কাম্বোডিয়া দেশে প্রথম হিন্দু রাজ্য প্রতিষ্ঠিত হয়। কিংবদন্তী আছে, কৌণ্ডিন্য নামে ভারতের একজন ক্ষত্রিয় রাজপুত্র নাগবংশীয় রাজকুমারী সোমাকে বিবাহ করিয়া কাম্বোজে একটি রাজবংশ স্থাপিত করেন।

ফু-নান্

কাম্বোডিয়ার দক্ষিণাংশে এই রাজ্য অবস্থিত ছিল। চীনাদের নিকট এই রাজ্য ফু-নান্ নামে পরিচিত ছিল। পার্শ্ববর্তী দেশসমূহ জয় করিয়া ফু-নান্ খুব প্রবল হইয়া উঠে। একজন চীনা লেখক উল্লেখ করিয়াছেন যে এখানে এক হাজারের বেশী শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ বাস করিতেন এবং ইঁহারা দিবারাত্র শাস্ত্রালোচনা লইয়া থাকিতেন। কাম্বোজবাসীরা ইঁহাদের ধর্ম গ্রহণ করিয়াছিল। ফু-নানের হিন্দুরাজারা ভারতে ও চীনে দূত প্রেরণ করিয়াছিলেন।

কাম্বোজ

ষষ্ঠ শতকে ফু-নান্ রাজ্যের পতন হইলে এখানে আর একটি শক্তিশালী হিন্দুরাজ্য স্থাপিত হয়। ইহা কাম্বোজদেশ নামে পরিচিত হয়। জয়বর্মন্, সূর্যবর্মন ও যশোবর্মন্ নামক রাজাদের রাজত্বকালে কাম্বোজ রাজ্য শক্তি ও গৌরবে দক্ষিণ-পূর্ব এশিয়ায় অদ্বিতীয় ছিল। কাম্বোডিয়া, কোচিন-চীন, শ্যাম, লাওস্, মালয় উপদ্বীপ ও ব্রহ্মদেশের একাংশ কাম্বোজ রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। কাম্বোজের রাজারা নয়শত বৎসর পর্যন্ত সগৌরবে রাজত্ব করিয়াছিলেন। পঞ্চদশ শতকে এই রাজ্যের পতন ঘটে।

যশোধরপুর বা আঙ্কোরথম্ এই রাজ্যের রাজধানী ছিল। নবম শতকে রাজা সপ্তম জয়বর্মন্ ইহা স্থাপিত করেন। লোকসংখ্যা, ঐশ্বর্য ও বিশালতায় সেযুগে ইহার তুলনা ছিল না। নগরের অভ্যন্তরে সুরম্য প্রাসাদাবলী, উদ্যান, সরোবর ও মন্দিরাদি ইহার শোভাবর্ধন করিত। নগরের মধ্যস্থলে সু-উচ্চ ও বিশাল একটি মন্দির ছিল। ইহা (Bayon) বেয়নের মন্দির নামে খ্যাত। পিরামিডের আকারে থাকে থাকে নির্মিত এই মন্দিরটির শীর্ষদেশে একটি অতি উচ্চ বুরুজ ছিল। বুরুজের চারি-পার্শ্বে চারিটি বিরাট ধ্যানমগ্ন শিব-বুদ্ধমূর্তি খোদিত ছিল। কাম্বোজ সভ্যতার আর একটি আশ্চর্য নিদর্শন 'আঙ্কোরভাট'-এর বিখ্যাত বিষ্ণুমন্দির। সমস্ত পৃথিবীতে প্রস্তরনির্মিত এতবড় মন্দির আর নাই। কয়েকটি ক্রমোচ্চ থাকের মঞ্চের উপরে প্রধান মন্দিরটি গঠন করা হইয়াছে। বুরুজের আকারে গঠিত মন্দির-শিখরটি ২১৩ ফুট উচ্চ। নীচ হইতে মন্দিরে উঠিবার পথের পার্শ্বে প্রাচীরে পুরাণাদিতে বর্ণিত দেবদেবীর উপাখ্যান উৎকীর্ণ রহিয়াছে। বেয়ন ও

যশোধরপুর

আঙ্কোর-ভাটের মন্দির



আঙ্কোরভাটের মন্দির

আঙ্কোরভাটে মন্দিরের শিল্পকলা বৃহত্তর ভারতের হিন্দুসভ্যতার গৌরবের নিদর্শনস্বরূপ আজিও জগতের বিস্ময় উৎপাদন করিয়া দাঁড়াইয়া আছে। কাম্বোজ সংস্কৃত শিক্ষার একটি বড় কেন্দ্র ছিল।

চম্পা

ইন্দোচীনে আর একটি বড় হিন্দুরাজ্য ছিল চম্পা। খৃষ্টীয় দ্বিতীয় শতকে এই রাজ্যটি প্রতিষ্ঠিত হয়। বর্তমান ভিয়েট্‌নাম বা আনাম দেশ চম্পারাজ্যের অন্তর্গত ছিল। এখানে বহু সমৃদ্ধিশালী নগর এবং হিন্দু ও বৌদ্ধ মন্দির ছিল। বর্মন্‌ উপাধিধারী রাজারা এখানে তের শত বৎসর রাজত্ব করেন। চম্পার প্রধান নগর ছিল অমরাবতী ও বিজয়। প্রাচীনকালে চম্পা সংস্কৃত শিক্ষার একটি প্রসিদ্ধ কেন্দ্র ছিল। এখানে সংস্কৃত ভাষায় লেখা বহু অনুশাসন পাওয়া গিয়াছে।

সুমাত্রা, যবদ্বীপ ও বলিদ্বীপ

খৃষ্টীয় প্রথম অথবা দ্বিতীয় শতকে সুমাত্রা, যবদ্বীপ, বলিদ্বীপ, বোর্ণিও, সেলিবিস্‌ এবং মালয় উপদ্বীপ প্রভৃতি স্থানে হিন্দুরাজ্য এবং ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি বিস্তৃত হইয়াছিল। এই সকল রাজ্যে ভারতীয় নামধারী বৌদ্ধ ও হিন্দুরাজবংশ বহু শতাব্দী পর্যন্ত রাজত্ব করিয়াছেন। প্রাচ্য দ্বীপপুঞ্জের হিন্দু উপনিবেশ বা রাজ্যসমূহে সংস্কৃত ও প্রাকৃত ভাষায় লিখিত বহু অনুশাসন-লিপি ও দলিলপত্র আবিষ্কৃত হইয়াছে। তাহা হইতে জানা যায় যে, এখানে রামায়ণ, মহাভারত, পুরাণ, হিন্দু ও বৌদ্ধ ধর্মশাস্ত্র, জাতক, নীতিশাস্ত্র, ভারতীয় দর্শন ও ব্যাকরণ প্রভৃতি গ্রন্থসমূহ বিশেষ সমাদর ও শ্রদ্ধা লাভ করিয়াছিল। বৌদ্ধধর্মও এখানে বিশেষ প্রসারলাভ করে।

শ্রীবিজয়

খৃষ্টীয় চতুর্থ শতকে সুমাত্রায় একটি শক্তিশালী হিন্দুরাজ্য স্থাপিত হয়। ইহার রাজধানী ছিল শ্রীবিজয়। শ্রীবিজয় হিন্দু ও বৌদ্ধ সংস্কৃতির একটি বড় কেন্দ্র ছিল। মালয় ও চীন হইতে পণ্ডিতগণ এখানে শিক্ষালাভ করিতে আসিতেন। অষ্টম শতাব্দীতে এই রাজ্য শৈলেন্দ্র রাজবংশ কর্তৃক বিজিত হয়।

শৈলেন্দ্রবংশ


পূর্ব-এশিয়ায় যে-সকল শক্তিশালী হিন্দু রাজবংশ রাজত্ব করিয়াছেন, তাহার মধ্যে সুমাত্রার শৈলেন্দ্র রাজবংশ সর্বপ্রধান। শ্রীবিজয় শৈলেন্দ্র সাম্রাজ্যের রাজধানী ছিল। অষ্টম শতকের শেষভাগে সুমাত্রা, যবদ্বীপ, বলিদ্বীপ, বর্ণিও, সেলিবিস্‌, মালয়েশিয়া এবং পূর্ব-উপদ্বীপের অনেক স্থানে শৈলেন্দ্রবংশের প্রভুত্ব বিস্তৃত হয়। শৈলেন্দ্র রাজারা মহাযান বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। ভারত ও চীনের সহিত ইহাদের দূত বিনিময় হইয়াছিল। শৈলেন্দ্রবংশের রাজা বালপুত্রদেব নালন্দায় একটি সংঘারাম প্রতিষ্ঠিত করিয়া ইহার ব্যয় নির্বাহের জন্য পাঁচটি গ্রাম চাহিয়া বাংলার

দেবপালের নিকট দূত পাঠাইয়াছিলেন। কুমারঘোষ নামে জনৈক বাঙ্গালী আচার্য শৈলেন্দ্রবংশের গুরু ছিলেন। যবদ্বীপের বিখ্যাত বরোবুদুরের সুবিখ্যাত বৌদ্ধমন্দির শৈলেন্দ্রবংশের রাজত্বকালে নির্মিত হয়। এই মন্দিরের বিশালতা এবং অপূর্ব ভাস্কর্য ভারতীয় শিল্পি-গণের অক্ষয় কীর্তি ঘোষণা করিতেছে। প্রাম্‌বানাম্ মন্দিরে রামায়ণ খোদিত আছে। আরব বণিকরা শৈলেন্দ্র রাজাদের শক্তি ও সমৃদ্ধি দেখিয়া বিস্মিত হইয়াছে। তাহারা বলিয়াছে যে, শৈলেন্দ্র রাজাদের ন্যায় শক্তিশালী ও ঐশ্বর্যশালী রাজা সেকালে আর কেহ ছিলেন না। ইহাদের একটি শক্তিশালী নৌ-বাহিনী ছিল। ত্রয়োদশ শতাব্দীতে শৈলেন্দ্র বংশের পতন হন।

বরোবুদুরের মন্দির

যবদ্বীপ ও বলিদ্বিপ ছিল হিন্দুসভ্যতার আর একটি বড় কেন্দ্র। খৃষ্টীয় প্রথম শতক হইতে সুরু করিয়া পনের শত বৎসর পর্যন্ত এখানে বিভিন্ন হিন্দু রাজবংশ রাজত্ব করিয়াছেন। অষ্টম শতাব্দীতে যবদ্বীপ শৈলেন্দ্র সাম্রাজ্যের অধীন হয়। নবম শতাব্দীতে পূর্ব-যবদ্বীপ শৈলেন্দ্র রাজবংশের অধীনতাপাশ ছিন্ন করিয়া স্বাধীনতা লাভ করে। ত্রয়োদশ শতাব্দীতে বিজয় নামে একজন রাজা এখানে একটি নূতন রাজবংশ স্থাপিত করেন। মজপহিত এই রাজ্যের রাজধানী ছিল। এই

যবদ্বীপ



বরোবুদুরের মন্দির

শতাব্দীর মধ্যভাগে মজপহিত সাম্রাজ্য মালয় উপদ্বীপ পর্যন্ত বিস্তৃত হয়। ষোড়শ শতাব্দীতে মুসলমান বিজয়ের ফলে যবদ্বীপের হিন্দু রাজত্বের অবসান ঘটে।

বলিদ্বীপও হিন্দুসভ্যতার বড় একটি কেন্দ্ররূপে গড়িয়া উঠে। ইহা প্রথমে যবদ্বীপের রাজাদের অধীন ছিল, পরে স্বাধীনতা লাভ করে। প্রাচ্য দ্বীপপুঞ্জের বহু স্থানে হিন্দুধর্ম ও সভ্যতা প্রাধান্য লাভ করে। বৌদ্ধধর্মও এখানে প্রচারিত হইয়াছিল। ব্রহ্মা, বিষ্ণু, শিব, সূর্য প্রভৃতি হিন্দু দেবতার পূজা এখানে প্রচলিত হয়। রামায়ণ ও মহাভারত এই অঞ্চলের অধিবাসীদের প্রধান ধর্মগ্রন্থ ছিল। বলিদ্বীপের অধিকাংশ লোক এখনও হিন্দুধর্মাবলম্বী।

বলিদ্বীপ

ইন্দোচীন, শ্যাম, ফিলিপাইন দ্বীপপুঞ্জ ও পার্শ্ববর্তী দ্বীপসমূহেও হিন্দু সভ্যতা বিস্তারলাভ করিয়াছিল। সম্ভবতঃ এই সব স্থানে হিন্দু উপনিবেশও স্থাপিত হয়। হিন্দু সভ্যতার বহু নিদর্শন দক্ষিণ-পূর্ব এশিয়ায় পাওয়া গিয়াছে।

প্রশ্নাবলী

১। বহির্বিশ্বে হিন্দু উপনিবেশ ও সংস্কৃতি বিস্তারের একটি ধারাবাহিক বর্ণনা দাও।

২। ইহাদের সম্বন্ধে কি জান? —শ্রীবিজয়, শৈলেন্দ্রবংশ, চম্পা, কাম্বোজ, আঙ্কোরভাট, বরোবুদুর।

ত্রয়োদশ অধ্যায়

ভারতে মুস্‌লিম শক্তির অভ্যুদয়

(Rise of Muslim Power in India)

আরবে ইস্‌লাম ধর্মের অভ্যুদয়ঃ হজরত্‌ মুহম্মদ ও ইস্‌লাম ধর্ম।— ইস্‌লাম ধর্মের প্রবর্তক হজরত্‌ মুহম্মদ আরবের সুবিখ্যাত কোরেশবংশে জন্মগ্রহণ করেন (আঃ ৫৭০ খৃঃ)। কিশোর বয়স হইতে আরব বণিক্‌গণের সহিত মিশর, আবিসিনিয়া, সিরিয়া, পারস্য, প্রভৃতি দেশে গমনাগমন করায় নানাধর্ম ও নানাজাতির সহিত তাঁহার মিশিবার সুযোগ হইয়াছিল। আরব দেশ তখন পৌত্তলিকতার লীলাভূমি; তদুপরি বিভিন্ন সম্প্রদায় প্রায় সর্বদাই ধর্ম-কলহে লিপ্ত থাকিত। মুহম্মদ

পৌত্তলিকতা বিলোপ করিয়া, পরস্পর-বিবদমান সম্প্রদায়গুলিকে একসূত্রে বাঁধিতে চেষ্টা করিয়া এক নূতন ধর্মমত প্রচার করেন। তাঁহার প্রবর্তিত ধর্মের নাম 'ইস্‌লাম'। ইস্‌লামের মূল কথা হইল "আল্লা এক এবং অদ্বিতীয়", "মুহম্মদ আল্লাপ্রেরিত শেষ পয়গম্বর (ধর্মপ্রবর্তক)" এবং আল্লার নিকট উচ্চ-নীচ, ধনী-নির্ধন নির্বিশেষে সকল মুস্‌লিমই সমান। যে-সকল ঐশীবাণী মুহম্মদের চিত্তপটে আবির্ভূত হইত তাহাই পবিত্র 'কুর-আন্' (কোরান) নামক ধর্মগ্রন্থে বিবৃত হইয়াছে। ৬৩২ খৃঃ অব্দে যখন এই মহাপুরুষ মানবলীলা সংবরণ করেন, তখন আরবের প্রায় সমুদয় অধিবাসী তাঁহার ধর্মে দীক্ষিত হইয়াছে।

ইস্‌লাম ধর্মের মূল উপদেশ

মুহম্মদ আরবজাতির মধ্যে এক অভূতপূর্ব অনুপ্রেরণার সঞ্চার করিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পর আরবগণ দিকে দিকে ইস্‌লামের বাণী প্রচারের উদ্দেশ্য দিগ্বিজয়ে মনোনিবেশ করেন। এই সময় 'খলিফা' বা ধর্মগুরুপদের সৃষ্টি হয়। তাঁহাদের নেতৃত্বে আরবগণ একদিকে মিশর জয় করিয়া উত্তর-আফ্রিকার মধ্য দিয়া ইউরোপের স্পেনদেশে প্রবেশ করেন, অপর দিকে সিরিয়া, প্যালেস্টাইন, ইরাক বা বাবিলন, পারস্য ভারতবর্ষের সিন্ধুদেশ পর্যন্ত তাঁহাদের অধিকার বিস্তৃত হয়। এইভাবে আরবের স্থানীয় ধর্ম ক্রমশঃ বিশ্বপ্রসারী সর্বজনীন ধর্মে বিকাশ-লাভ করে।

আরবজাতির দিগ্বিজয়

আরবদের সিন্ধুজয়।—অষ্টম শতকের প্রথম দিকে ইরাকের আরব-শাসনকর্তা হজ্জাজ, খলিফা ১ম ওলিদের সম্মতিক্রমে সিন্ধুদেশ আক্রমণ করেন। সিন্ধুর দেবল নামক বন্দরে একদল জলদস্যু আরব বণিক্‌দের কয়েকখানা বাণিজ্যতরী লুণ্ঠন করে এবং সেজন্য হজ্জাজ সিন্ধুরাজ দাহিরের নিকট ক্ষতিপূরণ দাবী করিলে, দাহির সে দাবী পূরণ করিতে অস্বীকার করিলেন। ইহাতে অসন্তুষ্ট হইয়া হজ্জাজ দাহিরের রাজ্য আক্রমণ করেন। দাহিরের পরাক্রমে পর পর দুইবার তাঁহার আক্রমণ ব্যর্থ হইয়া যায়। তৃতীয়বার হজ্জাজ যে অভিযান প্রেরণ করেন তাহার সেনাপতি ছিলেন মুহম্মদ বিন্ কাসিম (অর্থাৎ কাসিমের পুত্র মুহম্মদ) নামে এক সপ্তদশবর্ষীয় তরুণ যুবক। দাহিরের সেনাপতিদের অনেকেই সঙ্কটকালে বিশাল আরববাহিনীর সঙ্গে যোগদান করিল। সিন্ধু-দেশের বৌদ্ধগণও ব্রাহ্মণরাজা দাহিরের সঙ্গে সহযোগিতা না করিয়া

ভারতে আরব-অধিকার

বিদেশীদের সাহায্য করিতে লাগিল। হিন্দুবীর দাহির রণক্ষেত্রে প্রাণবির্জন দিলে তাঁহার মহিষী অমিতবিক্রমে যুদ্ধ চালাইয়া শেষরক্ষা করিতে পারিলেন না। মুহম্মদ সিন্ধুদেশ জয় করিলেন (৭১১—'১২খৃঃ); ক্রমে মূলতান পর্যন্ত তাঁহার অধিকারভুক্ত হইল। কিন্তু আরবগণ আর অধিক দূর অগ্রসর হইতে পারে নাই।

আরব শাসনের আদিযুগে হিন্দু ও আরবগণ সিন্ধুদেশে একত্রে সদ্ভাবের সঙ্গে বসবাস করিতেন। মুসলমান-শাসকগণ হিন্দুকর্মচারীদের হস্তেই রাজস্ব-আদায় প্রভৃতি কাজের ভার ন্যস্ত করিতেন এবং হিন্দুদের ধর্মানুষ্ঠানেও তাঁহারা কোনরূপ বাধার সৃষ্টি করেন নাই। আরবগণ ভারতীয় গণিত, জ্যোতিষ, আয়ুর্বেদ ও দর্শনসম্বন্ধে নূতন জ্ঞানলাভ করিয়া, তাহা স্বদেশে প্রচার করেন; সেখান হইতে উহা ইউরোপে প্রসারলাভ করে।

ভারতে তুর্ক-অধিকার

তুর্ক-মুসলমান আক্রমণের সময়ে ভারতের রাজনৈতিক অবস্থা।—আরবগণ কর্তৃক সিন্ধুজয়ের পরে কয়েক শতাব্দী পর্যন্ত মুসলমানগণ ভারতে আর রাজ্যবিস্তার করিতে পারেন নাই। দশম শতাব্দীর শেষভাগে আফগানিস্তানের অন্তর্গত গজনী রাজ্যের তুর্কীজাতীয় মুসলমান রাজারা পুনরায় রাজ্যবিস্তারের উদ্দেশ্যে বারবার ভারতবর্ষ আক্রমণ করেন এবং উত্তর-পশ্চিম ভারতের একাংশে তাঁহাদের আধিপত্য বিস্তার করেন। গজনীর পতনের পরে ঘুর রাজ্যের তুর্কী স্থলতানগণ ভারত-জয়ে অগ্রসর হন এবং দ্বাদশ শতাব্দী শেষ হইবার পূর্বেই দিল্লী জয় করিয়া একটি শক্তিশালী মুস্‌লিম রাজ্যের ভিত্তি স্থাপন করেন।

এই সময়ে উত্তর ও পশ্চিম-ভারত অনেকগুলি খণ্ডরাজ্যে বিভক্ত ছিল। এই সকল রাজ্যে রাজপুত রাজারা রাজত্ব করিতেন। রাজ্যগুলির মধ্যে কোন একতা ছিল না। ইহারা পরস্পরের সহিত অবিরাম যুদ্ধ-বিগ্রহে লিপ্ত থাকিয়া নিজেদের শক্তিক্ষয় করিতেছিল। যখন মুসলমানগণ ভারত আক্রমণ করেন, তখনও ইহারা একত্র হইয়া বিদেশী শত্রুকে বাধাদান করিতে পারিল না। রাজ্যগুলির মধ্যে এই বিভেদের স্থযোগ লইয়া মুসলমানগণ সহজেই ভারত জয় করিতে সক্ষম হন। কিন্তু ইহাও স্মরণ রাখা প্রয়োজন যে, হিন্দু রাজগণ সহজে মুসলমানদের বশ্যতা স্বীকার করিয়া লন নাই। প্রায় প্রতিটি রাজ্যই দীর্ঘকালব্যাপী যুদ্ধের পর মুস্‌লিম শক্তির হস্তগত হইয়াছিল।

এই সময় উত্তর ও পশ্চিম-ভারতে যে-সকল শক্তিশালী রাজপুতবংশ রাজত্ব করিতেছিলেন, তাঁহাদের মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ছিলেন—কনৌজের গহড়বাল-বংশ, আজমীর ও দিল্লীর চৌহানবংশ, মালবের পরমারবংশ, জেজাকভুক্তির (বুন্দেলখণ্ড) চন্দেল্লবংশ, ডাহলের (জব্বলপুর) চেদীবংশ এবং গুজরাটের চৌলুক্যবংশ। উত্তর-পশ্চিম ভারতে কাশ্মীর হইতে মূলতান পর্যন্ত বিস্তৃত একটি শক্তিশালী রাজ্য ছিল। এখানে হিন্দু শাহিবংশীয় রাজারা রাজত্ব করিতেন।

গজনী রাজ্য।—অলপ্‌তগীন মামে একজন তুর্কী বীর সুলেমান পর্বত অঞ্চলে স্বাধীন গজনী রাজ্য প্রতিষ্ঠা করেন (আঃ ৯৬২)। তাঁহার মৃত্যুর পরে তাঁহার তুর্কী ক্রীতদাস ও জামাতা সবুক্তগীন গজনীর সিংহাসনে আরোহণ করেন। ইস্‌লামের সাম্যনীতি দাসকেও সিংহাসনের অধিকার দিত,—ইহা স্মরণীয় ঘটনা।

অলপ্‌তগীন, সবুক্তগীন

সবুক্তগীনের আক্রমণ।—দশম শতকের শেষভাগে উদভাণ্ডপুরের (বর্তমান উন্দ) শাহিবংশীয় হিন্দু রাজারা বিশেষ পরাক্রান্ত হইয়া উঠিয়াছিলেন। সবুক্ত-গীনের সময়ে এই রাজ্যের রাজা ছিলেন জয়পাল। তাঁহার রাজ্যসীমা কাবুল পর্যন্ত বিস্তৃত ছিল। সবুক্তগীন গজনীর সিংহাসনে আরোহণ করিবার পূর্বেই এই শাহিরাজ্য এবং আরব-শাসিত মূলতান আক্রমণ করিয়াছিলেন। রাজপদ লাভ করিয়া তিনি আর একবার শাহিরাজ্যের প্রত্যন্তভাগে প্রবেশ করিয়া লুঠতরাজ করেন। ইহাতে বিরক্ত হইয়া জয়পাল গজনীরাজ্য আক্রমণ করিলেন। কিন্তু দৈববিপাকে এই অভিযান ব্যর্থ হইল এবং জয়পালকে বাধ্য হইয়া সিন্ধুপারের রাজ্যখণ্ড সবুক্তগীনের হস্তে সমর্পণ করিবার সর্তে সন্ধিভিক্ষা করিতে হইল। কিন্তু স্বরাজ্যে ফিরিয়াই তিনি এই সন্ধি অস্বীকার করিলেন। সবুক্তগীন তখন জয়পালকে সমুচিত শিক্ষাদানের অভিপ্রায়ে তাঁহার রাজ্য আক্রমণের উদ্যোগ করিলে, জয়পাল ভারতবর্ষের অন্যান্য অনেক রাজার নিকট সাহায্য প্রার্থনা করেন। দিল্লী-আজমীর, কালিঞ্জর ও কনৌজ হইতে সাহায্য আসিল এবং জয়পাল এক বিরাট বাহিনী লইয়া গজনী আক্রমণ করিলেন; কিন্তু যুদ্ধে তাঁহারই পরাজয় হইল। সবুক্তগীন সিন্ধুর পশ্চিম-তট পর্যন্ত সমগ্র ভূ-ভাগ অধিকার করিয়া লইলেন।

শাহিরাজ্য

জয়পাল

সুলতান মাহ্‌মুদ।—৯৯৭ খৃঃ অব্দে সবুক্তগীনের মৃত্যু হইলে, তাঁহার পুত্র

ইস্‌মাইল গজনীর সিংহাসনে আরোহণ করেন। কিন্তু মাত্র সাত মাস রাজত্ব করার পর তাঁহার বৈমাত্রেয় ভ্রাতা মাহ্‌মূদ তাঁহাকে বিতাড়িত করিয়া সিংহাসন অধিকার করেন। মাহ্‌মূদ ছিলেন অত্যন্ত রণকুশল। তাঁহার রাজ্যসীমা তখন পারস্য হইতে সিন্ধু পর্যন্ত বিস্তৃত ছিল।



সুলতান মাহ্‌মূদ

১০০১ খৃঃ অব্দে মাহ্‌মূদ ভারতবর্ষের দিকে অগ্রসর হন। বৃদ্ধ রাজা জয়পাল তাঁহাকে বাধা দিবার জন্য সসৈন্যে অগ্রসর হইলেন। পেশোয়ারের নিকট উভয় পক্ষে তুমুল সংগ্রাম হইল; কিন্তু জয়পাল পরাজিত ও বন্দী হইলেন। তখন প্রচুর ক্ষতিপূরণ এবং বার্ষিক কর দান করিতে স্বীকৃত হইলে তাঁহাকে মুক্তি দেওয়া হয়। কিন্তু এই নিদারুণ অপমানে জয়পাল একেবারে ভাঙ্গিয়া পড়িলেন। রাজ্য-ভার পুত্র আনন্দপালের হস্তে সমর্পণ করিয়া তিনি প্রজ্বলিত চিতাগ্নিতে প্রাণবিসর্জন দিলেন। কিন্তু জয়পালের মৃত্যুতে এই বিবাদের অবসান হইল না।

১০০৪ খৃঃ অব্দে সুলতান মাহ্‌মূদ বিতস্তা-তীরের ক্ষুদ্র ভেরারাজ্য জয় করেন। পর বৎসর মাহ্‌মূদ মূলতানের আরবরাজ্য আক্রমণ করিবার উদ্যোগ করিলে, আনন্দপাল তাঁহাকে শাহিরাজ্যের মধ্য দিয়া যাইতে নিষেধ করিয়া পাঠাইলেন। ফলে মাহ্‌মূদ আনন্দপালকে আক্রমণ করিয়া পরাভূত করেন। ইহার পর আনন্দপাল অন্যান্য রাজাদের নিকট সাহায্যের আবেদন করিলে, দিল্লী, আজমীর, কালিঞ্জর, কনৌজ, উজ্জয়িনী প্রভৃতি রাজ্যের রাজারা তাঁহার নিকট সৈন্যদল প্রেরণ করেন। কথিত আছে, এই দুর্যোগের দিনে স্বাধীনতা-সংগ্রামের ব্যয়নির্বাহের জন্য হিন্দু-নারীরা নিজেদের অলঙ্কারাদি পর্যন্ত দান করিয়াছিলেন। ১০০৮ খৃঃ অব্দে উন্দের নিকট

আনন্দপালের সহিত বিরোধ

মাহ্‌মূদের সহিত হিন্দুদের এই সম্মিলিত বাহিনীর এক প্রবল সংঘর্ষ হয়। যুদ্ধে মাহ্‌মুদ জয়ী হইলেন; মুসলমান-আক্রমণ প্রতিরোধের জন্য হিন্দুদের সম্মিলিত প্রচেষ্টা সম্পূর্ণ ব্যর্থ হইল। ইহার পর মাহ্‌মুদ নির্বিরোধে নগরকোট বা ভীমনগর (বর্তমান কাংড়া) লুণ্ঠন করিলেন। শুনিতে পাওয়া যায়, সেখান হইতে তিনি সাতলক্ষ স্বর্ণমুদ্রা, দুইশত মণ সুবর্ণ, দুই সহস্র মণ রৌপ্য, সাতশত মণ স্বর্ণ ও রৌপ্যপাত্র, এবং বিশ মণ মণিমুক্তা ও হীরক লইয়া প্রস্থান করেন। আনন্দপালের মৃত্যুর পর তাঁহার পুত্র ত্রিলোচনপাল এবং পৌত্র 'নিডর' ভীমপাল অনেকদিন পর্যন্ত মাহ্‌মুদকে বাধা দিয়াছিলেন। ১০১৪ খৃঃ অব্দে শাহিরাজ্যের নূতন রাজধানী নন্দনদুর্গের পতন হয় এবং তাহার পর ১০২১—'২২ খৃঃ অব্দে ত্রিলোচনপাল মাহ্‌মুদের নিকট পরাজিত ও নিহত হন। ইহার পর ভীম পাল মাহ্‌মুদকে বাধা দিতে চেষ্টা করিলে, ১০২৬ খৃঃ অব্দে শাহি-বংশের বিলোপ সাধন করিয়া মাহ্‌মুদ সমগ্র রাজ্যটি নিজের অধিকারভুক্ত করিয়া লইলেন।

শাহিবংশের পতন (১০২৬)

উন্দের যুদ্ধের পর মাহ্‌মুদ মুলতানে প্রবেশ করিয়া উহাও অধিকার করিয়া লইয়াছিলেন (১০১০)। যে বৎসর নন্দনদুর্গের পতন হয়, সম্ভবতঃ সেই বৎসরই মাহ্‌মুদ থানেশ্বর লুণ্ঠন করেন (১০১৪); ইহার পর তিনি মথুরা (১০১৮) লুণ্ঠন করেন এবং ১০১৯ খৃঃ অব্দে প্রতিহাররাজ রাজ্যপালকে পরাভূত করিয়া কনৌজ লুণ্ঠন করেন। ইহার পর সম্ভবতঃ ১০২৬ খৃঃ অব্দে চন্দেল্লরাজ গণ্ড তাঁহার নিকট পরাজয় স্বীকার করিলে, মাহ্‌মুদ বুন্দেলখণ্ডের রাজধানী লুণ্ঠন করেন। মাহ্‌মুদের এই সকল লুণ্ঠনাভিযানের মধ্যে সোমনাথ-লুণ্ঠনই সর্বাপেক্ষা প্রসিদ্ধ। ১০২৬ খৃঃ অব্দে তিনি সোমনাথে উপস্থিত হন। গুজরাটের চৌলুক্যরাজ ১ম ভীম তাঁহাকে বাধা দিয়াছিলেন বটে, কিন্তু মাহ্‌মুদের গতিরোধ করার মত শক্তি তাঁহার ছিল না। মাহ্‌মুদ সোমনাথ অধিকার করিয়া মন্দিরটি লুণ্ঠন করেন। এই অভিযানের ফলে প্রায় দুই কোটি স্বর্ণ মুদ্রা তাঁহার হস্তগত হইয়াছিল। পর বৎসর জাঠদিগকে দমন করিবার জন্য তিনি যে সৈন্যদল প্রেরণ করেন, তাহাই ভারতবর্ষে তাঁহার শেষ অভিযান। ইহার পর তিনি পারস্যদেশ লইয়া ব্যস্ত হইয়া পড়েন। পশ্চিমে কাস্পিয়ান সাগর হইতে পূর্বে পাঞ্জাব পর্যন্ত তাঁহার অধিকার বিস্তৃত হইয়াছিল। ১০৩০ খৃঃ অব্দে গজনী নগরীতে মাহ্‌মুদের মৃত্যু হয়।

মুলতান জয় (১০১০)

কনৌজ-লুণ্ঠন (১০১৯)

গণ্ডের পরাভব (১০২৬)

সোমনাথ লুণ্ঠন (১০২৬)

মাহ্‌মুদের মৃত্যু (১০৩০)

সুলতান মাহ্‌মুদ যে একজন বিচক্ষণ ও অনন্যসাধারণ প্রতিভাশালী সেনানায়ক ছিলেন তাহাতে কোন সন্দেহ নাই। তাঁহার অগণিত বিজয়াভিযান ইহার অকাট্য প্রমাণ; কিন্তু তাঁহার সামরিক শক্তি ভারতে স্থায়ী মুস্‌লিম রাজ্য প্রতিষ্ঠা না করিয়া প্রধানতঃ লুণ্ঠনকার্যে আর দেবায়তন-ধ্বংসে নিয়োজিত হইয়াছিল। এমন কি, এদেশে ইস্‌লাম ধর্মের প্রসারের জন্যও তাঁহার কোনরূপ চেষ্টা ছিল না। পক্ষান্তরে তাঁহার অমানুষিক নিষ্ঠুরতা ভারতবর্ষে ইস্‌লামের অগ্রগতিকে অনেকটা ব্যাহত করিয়া দিয়াছিল। প্রসিদ্ধ মুস্‌লিম মনীষী অল্‌-বিরূণী বলিয়া গিয়াছেন যে, "সুলতান মাহ্‌মুদ হিন্দুস্থানকে মরুভূমিতে পরিণত করিয়া গিয়াছেন।" ভারত লুণ্ঠন করিয়া মাহ্‌মুদ যে অপর্যাপ্ত ধনরত্ন লইয়া গজনীতে প্রত্যাগমন করেন, তাহার দ্বারা তিনি সেখানে বহু সুদৃশ্য প্রাসাদাদি নির্মাণ করাইয়া নগরীর সৌন্দর্য বর্ধন করিয়াছিলেন। শিল্পানুরাগ আর বিদ্যোৎসাহ ছিল এই দিগ্বিজয়ী বীরের চরিত্রের অন্যতম বৈশিষ্ট্য। গজনীতে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করিয়া তাহার জন্য তিনি অকাতরে অর্থব্যয় করেন। 'শাহ্‌নামা'-রচয়িতা প্রসিদ্ধ কবি ফির্দৌসী তাঁহারই একজন সভাসদ্‌ ছিলেন। মনীষী অল্‌-বিরূণীও মাহ্‌মুদের একজন অন্তরঙ্গ সভাসদ্‌ ছিলেন। তিনি মাহ্‌মুদের সহিত ভারতবর্ষে আসেন এবং এদেশে থাকিয়া সংস্কৃত ভাষা শিক্ষা করিয়া উহাতে অগাধ ব্যুৎপত্তি লাভ করেন। অল্‌-বিরূণী যে শুধু ভারতবর্ষ সম্বন্ধে আর্‌বী ভাষায় একখানি বিবরণ লিখিয়া প্রসিদ্ধ হইয়া গিয়াছেন তাহাই নয়, মধ্যযুগের গণিত-শাস্ত্র এবং বিজ্ঞানেও তাঁহার দান কম নয়।

মাহ্‌মুদের কৃতিত্ব

ঘুর রাজ্য।—হিরাতের দক্ষিণ-পূর্বদিকে ঘুর নামে এক ক্ষুদ্র রাজ্য ছিল। সুলতান মাহ্‌মুদ উহা জয় করিয়া গজনীর অধিকারভুক্ত করিয়াছিলেন। দ্বাদশ শতকের মধ্যভাগে ঘুরের রাজা আলাউদ্দীন হুসেন গজনী জয় করেন (১১৬০)। আলাউদ্দীনের পরে তাঁহার ভাগিনেয় গিয়াস্‌উদ্দীন ঘুরের রাজা হইলেন।

মুহম্মদ ঘুরী।—গিয়াস্‌উদ্দীন ঘুররাজ্যের সিংহাসনে আরোহণ করিয়া তাঁহার ভ্রাতা শিহাব্‌উদ্দীন বা মুইজ্‌দ্দীন মুহম্মদ-বিন্‌ সামকে (সামের পুত্র মুইজ্‌উদ্দীন বা শিহাব্‌-উদ্দীন) গজনী ও কাবুলের শাসনকর্তা নিযুক্ত করিলেন (১১৭৩)। ইনিই ভারতবর্ষের ইতিহাসে মুহম্মদ ঘুরী, অর্থাৎ ঘুরের মুহম্মদ বলিয়া অধিক পরিচিত। সুলতান মাহ্‌মুদের

মত তিনিও কয়েকবার ভারত আক্রমণ করেন। ভারতবর্ষে মুসলমান অধিকার স্থাপন করাই তাঁহার ভারত আক্রমণের প্রধান উদ্দেশ্য ছিল।

প্রথমবার ভারতবর্ষ আক্রমণ করিয়া তিনি মূলতানের মুস্‌লিম (আরব) রাজাকে পরাজিত করেন এবং উহা অধিকার করেন (১১৭৫)। কিন্তু দ্বিতীয় ভীমের হাতে পরাজিত হওয়ায় তাঁহার গুজরাট অভিযান ব্যর্থ হয়। ১১৮৬ খৃঃ অব্দে মুহম্মুদ ঘুরী জম্মুর হিন্দুরাজার সহিত মৈত্রী স্থাপন করিয়া, খুসরু মালিককে পরাজিত করিয়া লাহোর অধিকার করেন। এরূপে ঘুর সাম্রাজ্যের সীমা দিল্লী-আজমীরের চৌহানরাজ্যের প্রত্যন্তভাগ পর্যন্ত বিস্তৃত হওয়ায়, মুহম্মদ ঘুরী ও পৃথ্বীরাজের মধ্যে সংঘর্ষ অনিবার্য হইয়া উঠিল। মুহম্মদ ঘুরী পৃথ্বীরাজ (৩য়)-এর সহিত শক্তিপরীক্ষার আয়োজন করিলে পৃথ্বীরাজও অন্যান্য হিন্দুরাজগণের সহযোগিতায় এক বিরাট বাহিনী সংগ্রহ করিলেন। কিন্তু কনৌজরাজ জয়চ্চন্দ্র তাঁহার সহিত যোগ দেন নাই। বরং শুনা যায়, জয়চ্চন্দ্রের কন্যা সংযুক্তা বা সংযোগিতাকে স্বয়ংবরসভা হইতে পৃথ্বীরাজ বলপূর্বক হরণ করিয়াছিলেন বলিয়া, সে অপমানের প্রতিশোধ লইবার জন্য জয়চ্চন্দ্র মুহম্মদ ঘুরীকে পৃথ্বীরাজের বিরুদ্ধে উৎসাহিত করিয়াছিলেন। ১১৯১ খৃঃ অব্দে থানেশ্বরের নিকটবর্তী তরাইন বা তলাবরী নামক স্থানে পৃথ্বীরাজের অধিনায়কত্বে হিন্দুবাহিনী তুর্কী সৈন্যদলের সম্মুখীন হইল। মুহম্মদ ঘুরী পরাজিত ও আহত হইয়া ফিরিয়া গেলেন। কিন্তু পর বৎসর (১১৯২) মুহম্মদ ঘুরী পুনরায় এক বৃহৎ বাহিনী গঠন করিয়া পৃথ্বিরাজের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন। পুনরায় তরাইনের রণক্ষেত্রে উভয়পক্ষের সাক্ষাৎ হইল। এবারও অনেক হিন্দুরাজা পৃথ্বীরাজকে সৈন্য দিয়া সাহায্য করিয়াছিলেন। কিন্তু হিন্দুসৈন্যগণ প্রাণপণ যুদ্ধ করিয়াও সম্পূর্ণরূপে পরাজিত ও বিধ্বস্ত হইল। পৃথ্বীরাজ বন্দী ও নিহত হইলেন। এই সময় কবি চাঁদ বরদাই 'পৃথ্বীরাজ রাসো'-মহাকাব্য রাজস্থানী ভাষায় রচনা করিতে আরম্ভ করেন।

পৃথ্বীরাজ ও মুহম্মদ ঘুরী

কুতব্‌উদ্দীনের দিল্লী জয় (১১৯২-'৯৩)

ইহার পর মুহম্মদ ঘুরী আজমীর অধিকার করিলেন। সেখানে একজন হিন্দুকে করদ রাজার পদে প্রতিষ্ঠিত করিয়া তিনি গজনীতে ফিরিয়া গেলেন। তাঁহার প্রতিনিধি কুতব্‌উদ্দীন আইবক দিল্লী অধিকার করেন (১১৯২—'৯৩)। ইহার পর মুহম্মদ ঘুরী ফিরিয়া আসিয়া চন্দবার নামক স্থানে

কনৌরাজ জয়চ্চন্দ্রকে পরাজিত ও নিহত করিলেন (১১৯৪)। এভাবে বারাণসী পর্যন্ত তাঁহার অধিকার বিস্তৃত হইল। তাঁহার জনৈক অনুচর, ইখ্‌তিয়ারুউদ্দীন মুহম্মদ-বিন্ বখ্‌তিয়ার খল্‌জী (বখ্‌তিয়ার খল্‌জীর পুত্র ইখ্‌তিয়ারুউদ্দীন মুহম্মদ) আনুমানিক ১১৯৩ খৃঃ অব্দে পালবংশীয় রাজাকে পরাভূত করিয়া বিহার জয় করেন এবং আরও অগ্রসর হইয়া সেনবংশের লক্ষ্মণসেনকে (মতান্তরে তাঁহার পুত্রকে) বিতাড়িত করিয়া নবদ্বীপসহ পশ্চিমবঙ্গ কাড়িয়া লন। এদিকে কুতব্‌ ১১৯৮ খৃঃ অব্দে গুজরাট আক্রমণ করিয়া রাজধানী অন্‌হিলবাড়া লুণ্ঠন করিলেন, কিন্তু গুজরাট জয় করিতে পারিলেন না। ১২০২ খৃঃ অব্দে কুতব্‌উদ্দীন কর্তৃক কালিঞ্জর অধিকৃত হয়। এভাবে উত্তর-ভারতের অধিকাংশই তুর্কী ঘুর সম্রাজ্যের অন্তর্ভুক্ত হইয়া পড়িল। ১২০৩ খৃঃ অব্দে গিয়াস্‌উদ্দীনের

মুহম্মদ ঘুরীর রাজ্যলাভ (১২০৩)

মৃত্যু হইলে মুহম্মদ ঘুরী সিংহাসন লাভ করিলেন। কিন্তু নিরুপদ্রবে রাজ্যভোগ তাঁহার অদৃষ্টে ছিল না। নানাস্থানে বিদ্রোহ আরম্ভ হইল। ভারতে বিদ্রোহ দমন করিয়া যখন তিনি গজনীতে ফিরিতেছিলেন, তখন সিন্ধুদেশে কয়েকজন অজ্ঞাত আততায়ীর হস্তে তাঁহার মৃত্যু হয় (১২০৬)। তাঁহার কোন পুত্র ছিল না ; তাই তাঁহার বিশাল সাম্রাজ্য নানাভাগে বিভক্ত হইয়া পড়িল—তাজ্‌উদ্দীন, নাসিরুউদ্দীন এবং কুতব্‌উদ্দীন যথাক্রমে গজনী, সিন্ধুদেশ এবং দিল্লীতে নিজ নিজ প্রাধান্য স্থাপন করিলেন। ইঁহারা সকলেই ছিলেন মুহম্মদ ঘুরীর তুর্কী ক্রীতদাস। কুতবউদ্দীন হইলেন দিল্লীর প্রথম সুলতান। ভারতে মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠার কার্য সম্পূর্ণ হইল।

হিন্দুজাতির পরাজয়ের কারণ।—মুসলমান আক্রমণকারিগণের হস্তে হিন্দুদের পরাজয়ের কয়েকটি কারণ নির্দেশ করা যাইতে পারে। প্রথমতঃ, হিন্দুজাতির মধ্যে একতা ও সংহতি বোধের বিশেষ অভাব ছিল। মুসলমান আক্রমণের প্রাক্কালে ভারতবর্ষ বহু

বহু-রাষ্ট্র বিভক্ত হিন্দুদের একতার অভাব

স্বাধীন ও স্বতন্ত্র রাজ্যে বিভক্ত হইয়া পড়িয়াছিল। ঈর্ষ্যা ও বিদ্বেষে বিচ্ছিন্ন এই সকল রাজাগুলি পরস্পর যুদ্ধে লিপ্ত থাকিয়া হীনবল হইয়া গিয়াছিল। দেশ ও জাতির শত্রুর বিরুদ্ধে হিন্দু রাজগণ একত্র দাঁড়াইয়া দীর্ঘকাল দৃঢ়তার সহিত কখনও সংগ্রাম করিতে পারেন নাই ; বরং কোন কোন হিন্দু রাজা স্বজাতির বিরুদ্ধে মুসলমানদের সাহায্য দান করিতে দ্বিধা বোধ করেন

নাই, এরূপ প্রমাণ আছে। প্রকৃতপক্ষে হিন্দুদের সাহায্যেই মুসলমান শক্তি ভারতে আধিপত্য স্থাপন করিতে সমর্থ হইয়াছে, একথা বলিলে অত্যুক্তি হইবে না। অবশ্য কখনও কখনও কতিপয় হিন্দুরাজা একত্রিত হইয়া মুসলমানদের বাধা দিয়াছেন; কিন্তু নানা কারণে, বিশেষ করিয়া হিন্দুবাহিনী বিভিন্ন নায়কের নেতৃত্বাধীনে পরিচালিত হইবার ফলে, এরূপ সাময়িক ঐক্য কার্যকরী হইতে পারে নাই। সুতরাং হিন্দুজাতির রাজনৈতিক একতার অভাবই তাহাদের পরাজয়ের একটি প্রধান কারণ।

মুসলমানদের উন্নত রণকৌশল

দ্বিতীয়তঃ, হিন্দুদিগের তুলনায় মুসলমানদিগের রণনীতি, সংগঠনী প্রতিভা, নিয়মানুবর্তিতা ও শৃংখলা বোধ উন্নত ছিল। হিন্দুদিগের সামরিক শক্তির যে বিশেষ অভাব ছিল তাহা বলা যায় না। শারীরিক শক্তি, ও ব্যক্তিগত সাহসিকতা প্রভৃতি গুণে হিন্দু সৈন্য মুসলমান সৈন্য অপেক্ষা কোন অংশেই নিকৃষ্ট ছিল না; বরং রাজপুত সৈন্য শৌর্যবীর্যে, দৃঢ়তায় ও কর্তব্যনিষ্ঠায় বিশ্বে অতুলনীয় ছিল। কিন্তু উপযুক্ত নেতৃত্ব, শৃংখলাবোধ ও উন্নত রণনীতির সহায়তায় মুসলমানগণ বার বার হিন্দুদের পরাজিত করিতে সমর্থ হইয়াছে। হিন্দুরাজগণ যুদ্ধজয়ের নিমিত্ত চিরাচরিত প্রথা অনুসারে প্রধানতঃ রণহস্তীর উপর নির্ভর করিয়াছেন; অথচ বার বার হস্তীবাহিনী শত্রুর আক্রমণে আহত ও ক্ষিপ্ত হইয়া হিন্দুবাহিনীর সর্বনাশ ডাকিয়া আনিয়াছে। তথাপি হিন্দুরাজগণ ইহা হইতে শিক্ষা গ্রহণ করেন নাই। মুসলমান আক্রমণকারিগণের প্রধান নির্ভর ছিল তাহাদের ক্ষিপ্রগামী অশ্বারোহীবাহিনী। তীব্র আক্রমণের সম্মুখীন হইয়া হিন্দুবাহিনী দীর্ঘকাল দৃঢ়ভাবে যুদ্ধ চালাইতে পারে নাই। সুতরাং মুসলমানদের উন্নত রণকৌশল তাহাদের বিজয়লাভে সাহায্য করিয়াছে।

ইস্‌লাম ধর্মের প্রেরণা

তৃতীয়তঃ, ইসলাম ধর্ম উচ্চ-নীচ ভেদাভেদ দূর করিয়া সমগ্র মুসলমানদের সুসম্বদ্ধ ও ঐক্যের সূত্রে আবদ্ধ করিয়া একটি শক্তিশালী জাতিতে পরিণত করিয়াছিল এবং তাহাদের মধ্যে এক অপূর্ব ধর্মোন্মাদনার প্রেরণা অনিয়াছিল। বিশ্বের সর্বত্র ইসলামের প্রাধান্য স্থাপন ও গরিমা বর্ধনের জন্য মুসমানগণ অকাতরে আত্মবিসর্জন করিতে প্রস্তুত ছিল। পৌত্তলিক হিন্দুদের নিহত করিয়া 'গাজী' হইবার আকাঙ্ক্ষায় অথবা ধর্মের জন্য মৃত্যু বরণ করিয়া 'শহীদ্' হইবার পুণ্যলাভের উদ্দেশ্যে দলে দলে মুসলমান সৈন্যবাহিনীতে যোগদান করিয়া প্রাণ তুচ্ছ করিয়া

যুদ্ধে অবতীর্ণ হইয়াছিল। জাতিভেদে দুর্বল হিন্দুদিগের মধ্যে এরূপ সংহতিবোধ, মিলিত উদ্যম ও এক ধর্ম প্রেরণার অভাব ছিল। হিন্দুদের জাতিভেদপ্রসূত বিদ্বেষ সমগ্র জাতির স্বার্থরক্ষার প্রয়োজনকেও অতিক্রম করিয়া গিয়াছিল। সুতরাং নববলদৃপ্ত মুসলমানদের দুর্বার আক্রমণ প্রতিহত করিয়া দেশের স্বাধীনতা রক্ষা করা তাহাদের পক্ষে সম্ভব হইল না।

প্রশ্নাবলী

১। সুলতান মাহ্‌মুদের ভারতাভিযানগুলির একটি বর্ণনা কর। তাঁহার চরিত্র ও কৃতিত্বের বিচার কর।


২। মুহম্মদ ঘুরী কে ছিলেন? ভারতে মুস্‌লিম রাজ্য প্রতিষ্ঠায় তিনি কি অংশ গ্রহণ করিয়াছিলেন বর্ণনা কর।

৩। মুসলমানগণ কর্তৃক উত্তর-ভারত জয় কিরূপে সম্পাদিত হইয়াছিল তাহা সংক্ষেপে বর্ণনা কর।


৪। মুস্‌লিম আক্রমণকারিগণকে বাধাদানকার্যে—দাহির, জয়পাল, আনন্দপাল ও পৃথ্বীরাজ—কে কিরূপ অংশ গ্রহণ করেন?

৫। মুসলমানদিগের বিরুদ্ধে হিন্দুদের পরাজয়ের কারণ কি?

সময়-রেখা


খৃষ্টপূর্বাব্দ
৩২৩-২৯৮ চন্দ্রগুপ্তের রাজত্বকাল
৩০০
২৯৮ বিন্দুসারের রাজ্যলাভ
মৌর্য সাম্রাজ্য
২৭৩
২৫০
অশোকের রাজত্বকাল
২৩২
২০০
১৮৭-১৫১ পুষ্য মিত্র শুঙ্গ
বৈদেশিক আক্রমণ
১৫০
শুঙ্গবংশ
১০০
৮০ কাণ্ববংশ
কাণ্ববংশ
৫০
৩০ কাণ্ববংশের পতন

সময়-রেখা


খ্রীষ্টাব্দ
0
১00
২00
৩00
৪00
৫00
৭৮ শকাব্দ, কণিষ্কের সিংহাসন লাভ
১৩০
১৫০
রুদ্রদামন
৩২০ গুপ্তাব্দ, চন্দ্রগুপ্তের রাজ্যলাভ
৩৩০ সমুদ্রগুপ্ত
৩৭৫ দ্বিতীয় চন্দ্রগুপ্ত
৪০৫-১১ ফা-হিয়েনের ভারত ভ্রমণ
৪১৪ কুমারগুপ্তের রাজ্যলাভ
৪৫৫ স্কন্দগুপ্ত
হূণ-আক্রমণ
গুপ্ত সাম্রাজ্য

সময়-রেখা

খ্রীষ্টাব্দ	
৫৩৩	যশোধর্মন্
৫৫০	
৫৭০	হজরত মুহম্মদের জন্ম
৬০০	
৬০৬-৪৭	হর্ষবর্ধনের রাজত্ব
৬০৯-৪২	চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশীর রাজত্ব
৬১৯	শশাঙ্ক
৬৩০-৬৪৪	হিউয়েন-সাঙের ভারত ভ্রমণ
৬৫০	
৭০০	
৭১১	মুহম্মদ বিন কাসিমের সিন্ধু আক্রমণ
৭৫০	
৭৬৫	পালবংশ স্থাপন
৭৭০	ধর্মপাল
৮০০	
৮১৫	দেবপাল

পালবংশ (৭৬৫ →)

স্বদেশ ও সভ্যতা

(উচ্চতর মাধ্যমিক সংস্করণ)

দ্বিতীয় খণ্ড

দশম শ্রেণীর পাঠ্য

চতুর্দশ অধ্যায়

দাস রাজবংশ

পূর্বাভাষ।—আরব, পারসিকাদি পশ্চিম-এশিয়ার এবং তুর্কী, মুঘল, প্রভৃতি মধ্য-এশিয়ার জাতিসঙ্ঘের সহিত ভারতবাসীদের সংঘর্ষ ও চরম সম্বন্ধ নির্ণয় মধ্যযুগের ইতিহাসের মূল বিষয়বস্তু। বিজেতা ও বিজিতে সম্বন্ধ এযুগে কঠিন ও নির্মমরূপে প্রকাশ পাইলেও হিন্দু ও মুস্‌লিম ধর্ম এবং সংস্কৃতির মধ্যে প্রচুর আদান-প্রদান হয়। মুস্‌লিম রাষ্ট্রের প্রতিষ্ঠা ও ব্যবস্থাদির সঙ্গে সঙ্গে হিন্দুরাজ্যে তাহাদের প্রতিক্রিয়ার ইতিহাসও একযোগে পাঠ করা দরকার। জাতিগত ও ধর্মগত প্রভেদ থাকিলেও মুস্‌লিম-সঙ্ঘ হিন্দুদের সঙ্গে একই ভারতবর্ষে স্থায়িভাবে বসবাস করে। সুতরাং প্রায় সহস্র বৎসর ধরিয়া অখণ্ড ভারতবর্ষ সমভাবে দুইটি বিরাট ধর্ম ও জাতিসঙ্ঘের কর্মক্ষেত্র।

কুতব্‌উদ্দীন আইবক।—১২০৬ খৃষ্টাব্দে মুহম্মদ ঘুরীর মৃত্যু হইলে তাঁহার বিশাল সাম্রাজ্য তাঁহার কয়েকজন অনুচরের মধ্যে বিভক্ত হইয়া গিয়াছিল, ইহা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। ভারতবর্ষের বিজিত রাজ্যসমূহের মধ্যে নাসিরউদ্দীন সিন্ধুদেশ ও মুলতান অধিকার করিলেন এবং দিল্লী ও অপরাপর অংশের উপর কুতবউদ্দীন আইবক স্বাধীন রাজা হইয়া বসিলেন। তাজউদ্দীন নামক অপর একজন ব্যক্তি গজনীর আধিপত্য লাভ করিলেন। ইঁহারা সকলেই প্রথম জীবনে মুহম্মদ ঘুরীর ক্রীতদাস ছিলেন। পরে কর্মদক্ষতা প্রদর্শন করিয়া সকলেই তাঁহার সেনাপতি ও প্রাদেশিক শাসনকর্তার পদে উন্নীত হইয়াছিলেন।

মুহম্মদ ঘুরীর মৃত্যুর পরেই লাহোরে কুতব্‌উদ্দীনের রাজ্যাভিষেক হয়; কিন্তু তিনি দিল্লীতে রাজধানী স্থাপন করিয়া রাজ্যশাসন করিতে আরম্ভ করেন। মুহম্মদের এক ভ্রাতুষ্পুত্র এই সময় ঘুরের সিংহাসন লাভ করিয়াছিলেন। তিনি কুতব্‌উদ্দীনকে 'সুলতান' উপাধিতে ভূষিত করেন। কুতব্‌উদ্দীন ছিলেন ভারতের প্রথম স্বাধীন মুসলমান নরপতি। কুতব্ প্রথম জীবনে মুহম্মদ ঘুরীর একজন ক্রীতদাস ছিলেন। তাঁহার পরবর্তী দুইজন সুলতানও প্রথমে ক্রীতদাস ছিলেন। এজন্য দিল্লীর সিংহাসনে তিনি যে রাজবংশের প্রতিষ্ঠা করেন ইতিহাসে তাহা দাসবংশ (Slave Dynasty) নামে পরিচিত। কিন্তু এই নামকরণ যুক্তিযুক্ত হয় নাই। মুস্‌লিম আইন অনুসারে কোন ক্রীতদাস সিংহাসনের অধিকারী হইতে পারিতেন না। কুতব্ ও অন্যান্য ক্রীতদাসগণ সিংহাসন লাভের পূর্বে নিজ নিজ প্রভুর নিকট হইতে মুক্তিলাভ করিয়া উচ্চ রাজকার্যে নিযুক্ত হইয়াছিলেন। ইঁহারা সকলেই ছিলেন অভিজাত বংশসম্ভূত। ঐক্যবাদী মুসলমান সমাজে ক্রীতদাস কথাটির সহিত হীনতা অথবা কলংকের সম্পর্ক ছিল না; উপযুক্ত হইলে ইঁহাদের রাজপদ লাভের পথেও কোন বাধা ছিল না।


কুতব্‌উদ্দীন আইবক

কুতব্ মহম্মদ ঘুরীর ভারত অভিযান কালে তাঁহার একজন সেনাপতিরূপে রাজ্যজয়ে তাঁহাকে সাহায্য করিয়াছিলেন। তিনি দিল্লী, রণথম্ভোর ও কোল প্রভৃতি স্থান জয় করিয়া এবং গুজরাটের বিরুদ্ধে সাফল্যের সহিত অভিযান পরিচালনা করিয়া খ্যাতিলাভ করেন। তাঁহার কার্যে সন্তুষ্ট হইয়া মুহম্মদ তাঁহাকে দিল্লীর শাসনকর্তার পদে নিযুক্ত করেন। এই কার্যে নিযুক্ত থাকা কালে তিনি বাংলাদেশ পর্যন্ত মুসলমান অধিকার বিস্তার করিয়াছিলেন।

সিংহাসন লাভ করিবার পর গজনীর সিংহাসন উপলক্ষ্য করিয়া তাজউদ্দীনের সহিত তাঁহার বিরোধ বাধিল। কুতব্ সাময়িকভাবে গজনী অধিকার করিলেও তাজউদ্দীন অল্পকাল মধ্যেই স্বীয় রাজ্য পুনরুদ্ধার করিতে সমর্থ হইয়াছিলেন। এই সময় হইতে গজনীর

সহিত ভারতের সম্বন্ধ বিচ্ছিন্ন হইয়া গেল। মাত্র চারিবৎসর রাজত্ব করার পর কুতব্-উদ্দীনের মৃত্যু হয় (১২১০)। তিনি শিল্পানুরাগী ছিলেন। দিল্লীর প্রসিদ্ধ কুতব্ মিনার ও কুতব্ মস্‌জিদের তিনি ভিত্তি স্থাপন করিয়া যান। দাতা বলিয়াও তাঁহার খুব খ্যাতি ছিল। লক্ষ লক্ষ টাকা দান করিয়া তিনি লাখবক্স (লক্ষ দাতা) আখ্যা লাভ করিয়াছিলেন।

কুতব্ উদ্দীনের মৃত্যুর পর তাঁহার পুত্র আরাম শাহ্ সুলতানপদ লাভ করেন। কিন্তু তিনি ছিলেন নিতান্তই অকর্মণ্য। তাঁহার কুশাসনে বিরক্ত হইয়া দিল্লীর তুর্কী-আমীরগণ কুতবের জামাতা ও বদায়ুনের শাসনকর্তা ইলতুৎমিসকে সিংহাসন গ্রহণ করিতে আহ্বান করিলেন। ইলতুৎমিস সসৈন্যে অগ্রসর হইয়া আরামকে পরাজিত ও অপসারিত করিয়া সিংহাসন অধিকার করেন (১২১১)।

ইলতুৎমিস (১২১১—১২৩৬)

প্রথম-জীবন ও সিংহাসনারোহণ।—অভিজাত তুর্কী পরিবারে জন্মগ্রহণ করিলেও কুতবের ন্যায় ইলতুৎমিসও প্রথম জীবনে ক্রীতদাস ছিলেন। জমালউদ্দীন নামক গজনীর একজন বণিক তাঁহাকে কুতবের নিকট বিক্রয় করেন। কুতব্ তাঁহার কর্ম-দক্ষতা ও গুণে মুগ্ধ হইয়া নিজ কন্যার সহিত তাঁহার বিবাহ দিয়া তাঁহাকে বদায়ুনের শাসনভার দান করেন। এই সময় হইতেই তাঁহার ভাগ্যোন্নতি সুরু হয় এবং ১২১১ খৃষ্টাব্দে তিনি দিল্লীর সুলতানপদে অধিষ্ঠিত হন।

সিংহাসন লাভ করিবার সঙ্গে সঙ্গেই ইলতুৎমিসকে বিষম বিপদের সম্মুখীন হইতে হইল। মাত্র চারিবৎসর রাজত্বের মধ্যে কুতব্ উদ্দীন রাজ্যের যথোচিত শৃংখলা বিধান করিয়া যাইতে পারেন নাই। আরামের রাজত্বকালে রাজ্যের সর্বত্র বিশৃংখলা ও অরাজকতা দেখা দিয়াছিল। তাঁহার মৃত্যুর সঙ্গে সঙ্গে সিন্ধু-দেশে নাসিরউদ্দীন স্বাধীনতা ঘোষণা করিলেন; বাংলার শাসনকর্তা আলীমর্দান খল্‌জী দিল্লীর আধিপত্য অস্বীকার করিয়া স্বাধীন সুলতান হইয়া বসিলেন। এই সুযোগে গজনীর তাজউদ্দীন ইলদিজ পাঞ্জাব আক্রমণ করিলেন এবং ইহার অধিকার লইয়া তাঁহার সহিত নাসিরউদ্দীনের বিরোধ বাধিল। এই সময় দিল্লীর আমীরদিগের মধ্যেও অনেকে ইলতুৎমিসের বিরোধী ছিলেন। এদিকে গোয়ালিয়র ও রণথম্ভোরের হিন্দু-রাজারাও ইতিমধ্যে স্বাধীনতা ঘোষণা করিয়াছিলেন।

শাসন সঙ্কট

এই ঘোরতর বিপদের সম্মুখীন হইয়াও ইলতুৎমিস বিচলিত হইলেন না। তিনি সাহসিকতার সহিত বিদ্রোহ দমন করিয়া রাজ্যে শান্তি ও শৃংখলা স্থাপন করিতে অগ্রসর হইলেন। তিনি প্রথমেই বিদ্রোহী আমীরদের দমন করিয়া দিল্লীর উপর আপন প্রভুত্ব সুপ্রতিষ্ঠিত করিলেন। অতঃপর তিনি ইলদিজের বিরুদ্ধে পাঞ্জাব অভিমুখে অগ্রসর হইলেন। এই সময় খারিজমের শাহের আক্রমণে ইলদিজ গজনী হইতে বিতাড়িত হইয়া পাঞ্জাবে আশ্রয় গ্রহণ করেন এবং এই অঞ্চলে আপন আধিপত্য স্থাপন করিয়াছিলেন। ইলতুৎমিস তরাইনের নিকটে এক যুদ্ধে ইলদিজকে পরাজিত ও বন্দী করিয়া পাঞ্জাব অধিকার করিলেন। ইহার অল্পকাল পরেই বন্দী ইলদিজকে নিহত করা হইল (১২১৬)। পর বৎসর সিন্ধুর নাসিরউদ্দীন তাঁহার নিকট পরাজিত হইয়া পাঞ্জাব ত্যাগ করিতে বাধ্য হন। ইহার কয়েক বৎসর পরে ১২২৭ খৃষ্টাব্দে ইলতুৎমিস নাসিরউদ্দীনকে পুনরায় পরাভূত করিয়া সিন্ধুদেশ জয় করিয়া লন। নাসিরউদ্দীন পলায়ন কালে সিন্ধুনদী অতিক্রম করিতে যাইয়া জলমগ্ন হইয়া প্রাণত্যাগ করেন। ১২২৬ খৃষ্টাব্দে ইলতুৎমিস বাংলার বিদ্রোহ দমন করিয়া এই প্রদেশ দিল্লীর অধিকারভুক্ত করেন। এই বৎসরই রণথম্ভোরের দুর্গ তাঁহার হস্তগত হয়। ইহার পর ১২৩১ খৃষ্টাব্দে ইলতুৎমিস গোয়ালিয়র পুনরধিকার করিয়া মালব আক্রমণ করিলেন এবং একে একে বিদিশা ও উজ্জয়িনী অধিকার ও লুণ্ঠন করিলেন। এই সময়েই মহাকালের প্রসিদ্ধ প্রাচীন মন্দিরটি ধ্বংস হইয়া যায়।

বিদ্রোহ দমন ও শৃংখলা স্থাপন

মুঘল আক্রমণ।—ইলতুৎমিস যখন শত্রুর বিরুদ্ধে যুদ্ধবিগ্রহে ব্যাপৃত ছিলেন তখন ১২২১ খৃষ্টাব্দে দুর্দান্ত মুঘল বা মঙ্গোল নেতা ইতিহাস-প্রসিদ্ধ বীর চিঙ্গিজ খাঁ অগণিত সৈন্য লইয়া ভারতের দ্বারদেশে উপনীত হন। চিঙ্গিজ মধ্য-এশিয়ার খারিজম রাজ্য আক্রমণ করিলে তথাকার রাজা জলালউদ্দীন পলায়ন করিয়া পাঞ্জাবে উপস্থিত হইলেন এবং ইলতুৎমিসের আশ্রয় প্রার্থনা করিলেন। চিঙ্গিজ জলাল-উদ্দীনকে শাস্তি দিবার মানসে তাঁহার পশ্চাদ্ধাবন করিয়া সিন্ধু পর্যন্ত অগ্রসর হইলেন। ইলতুৎমিস চিঙ্গিজের ভয়ে খারিজম-রাজকে আশ্রয় দিতে অসম্মত হইলে তিনি পাঞ্জাব ত্যাগ করিতে বাধ্য হইলেন। সঙ্গে সঙ্গে চিঙ্গিজও ভারতবর্ষ ত্যাগ করিয়া তাঁহার অনুসরণ করিলেন। দৈবানুকূল্যে ভারতবর্ষ এক নিদারুণ বিপদ হইতে রক্ষা পাইল। এই সময় দুর্ধর্ষ মুঘলজাতি এশিয়ার সর্বত্র এক সন্ত্রাসের সৃষ্টি করিয়াছিল।

চিঙ্গিজ খাঁ

খলিফার অভিনন্দন (১২২৯)।—এই সময়ে বাগদাদের খলিফা পৃথিবীর সর্বত্র মুস্লিম জগতের ধর্মগুরু ও নেতা বলিয়া পরিগণিত হইতেন। যদিও তাঁহার ক্ষমতা তখন বিশেষ কিছু ছিল না, তথাপি মুস্লিম জগতের নেতারূপে সর্বত্র তাঁহার অপরিসীম সম্মান ছিল। ১২২৯ খৃষ্টাব্দে খলিফার জনৈক প্রতিনিধি নানাবিধ উপঢৌকনসহ দিল্লীতে উপস্থিত হইয়া তাঁহাকে খলিফার অভিনন্দন জ্ঞাপন করেন। খলিফার অভিনন্দন ও অনুমোদন লাভের ফলে ইলতুৎমিসের সিংহাসন নিষ্কণ্টক হইল এবং তাঁহার সম্মান ও প্রতিপত্তি সমধিক বৃদ্ধি পাইল।

চরিত্র ও কৃতিত্ব।—দীর্ঘ ২৬ বৎসর রাজত্ব করিবার পর ১২৩৬ খৃষ্টাব্দে ইলতুৎমিস মৃত্যুমুখে পতিত হন। দাস রাজগণের মধ্যে তিনি ছিলেন সর্বশ্রেষ্ঠ। তিনি একজন বিদ্যোৎসাহী ও শিল্পানুরাগী নরপতি ছিলেন। বহু গুণিজন তাঁহার রাজসভায় আশ্রয় লাভ করিয়াছিলেন। তাঁহারই সময়ে দিল্লীর কুতব্ মিনারের নির্মাণকার্য সমাপ্ত হয়। এতদ্ব্যতীত তাঁহার সময়ে দিল্লীতে কয়েকটি সুন্দর সুন্দর মস্জিদ নির্মিত হয়। আজমীরেও তিনি একটি সুন্দর মস্জিদ নির্মাণ করেন।

শিক্ষা ও সংস্কৃতি

তিনি একাধারে বীর, দৃঢ়চেতা ও নানা গুণের অধিকারী ছিলেন। তিনি যখন সিংহাসনে আরোহণ করেন তখন বিদ্রোহ ও বিশৃংখলার ফলে দিল্লীর মুসলমান সাম্রাজ্য ভাঙ্গিয়া পড়িবার উপক্রম হইয়াছিল। ইলতুৎমিস বিদ্রোহ দমন ও শৃংখলা স্থাপন করিয়া এই সাম্রাজ্য যে কেবলমাত্র রক্ষা করিতে সমর্থ হইয়াছিলেন তাহা নহে, সমস্ত হিন্দুস্থানের উপর আধিপত্য স্থাপন করিয়া ইহাকে স্থায়ী ভিত্তির উপর প্রতিষ্ঠিত করিয়াছিলেন। কিন্তু শাসক হিসাবে তিনি বিশেষ কৃতিত্ব দেখাইতে পারেন নাই। সম্ভবতঃ সমস্ত জীবন যুদ্ধবিগ্রহে অতিবাহিত করিতে বাধ্য হওয়ায় তিনি শাসন-শৃংখলা স্থাপন করিবার অবকাশ পান নাই।

দৃঢ় ভিত্তির উপর সাম্রাজ্য স্থাপন

সুলতানা রজিয়া (১২৩৬-'৪০)।—ইলতুৎমিসের পুত্রগণ ছিলেন একেবারে অকর্মণ্য। এজন্য তিনি কন্যা রজিয়াকে সিংহাসনের উত্তরাধিকারিণী মনোনীত করিয়া যান। তিনি নানাবিধ গুণের অধিকারিণী ছিলেন এবং পিতার জীবদ্দশায় তাঁহাকে রাজকার্য পরিচালনায় সাহায্য করিয়া শাসন পরিচালনায় অভিজ্ঞতা অর্জন করেন। কিন্তু ওমরাহ্গণ ইলতুৎমিসের

মৃত্যুর পর রজিয়ার বৈমাত্রেয় ভ্রাতা রুক্‌নউদ্দীন ফীরূজকে স্থলতানপদে বরণ করিলেন। কিন্তু তিনি ছিলেন একেবারে অযোগ্য। তখন ওমরাহ্‌গণ তাঁহাকে সিংহাসনচ্যুত করিয়া রজিয়াকে সিংহাসনে স্থাপন করিলেন। ইলতুৎমিসের সময় হইতেই স্থলতানের চল্লিশ জন প্রধান দাস শক্তিশালী হইয়া, রাজ্যের যাবতীয় কর্তৃত্ব নিজেদের আয়ত্তাধীন করার অভিপ্রায়ে একটি সংসদ গঠন করেন। ইহা 'চল্লিশের চক্র' নামে পরিচিত। চল্লিশ দাসের সকলেই ছিলেন রাজ্যের শক্তিশালী ওমরাহ্‌।

রজিয়া সিংহাসন লাভ করিয়া স্থচারুরূপে রাজকার্য পরিচালনায় মন দিলেন। বিদ্রোহীদের বিরুদ্ধে তিনি স্বয়ং সৈন্য পরিচালনা করিতেন, এবং রাজসভায়ও পুরুষের বেশে উপস্থিত হইয়া যাবতীয় রাজকার্য সম্পাদন করিতেন। তাঁহার স্থশাসনে পুনরায় রাজ্যে শৃংখলা ফিরিয়া আসিল। কিন্তু রজিয়া ন্যায়নিষ্ঠ ও স্থযোগ্য শাসক হইলেও দিল্লীর প্রভাবশালী ওমরাহেরা একজন নারীর শাসনাধীনে থাকিতে স্বীকৃত হইলেন না। তাঁহারা রজিয়ার পুরুষবেশ ধারণ করিয়া প্রকাশ্য দরবারে উপস্থিতিও ইস্‌লাম ধর্ম বিরোধী বলিয়া মনে করিতেন। এই সময় আবার রজিয়া ইয়াকুৎ নামক একজন হাবসী ক্রীতদাসকে উচ্চ রাজকর্মচারিপদে নিযুক্ত করিয়া তাহার প্রতি বিশেষ পক্ষপাতিত্ব দেখাইতে আরম্ভ করিলেন। এই সকল কারণে 'চল্লিশের চক্র' স্থলতানার বিরুদ্ধে চক্রান্ত করিয়া বিদ্রোহী হইয়া উঠিল্। ভাতিন্দার শাসনকর্তা আল্‌তুনিয়া ওমরাহ্‌গণ কর্তৃক প্ররোচিত হইয়া বিদ্রোহ ঘোষণা করিলেন। রজিয়া সসৈন্যে তাঁহার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়া পরাজিত ও বন্দী হইলেন। তখন রজিয়া আল্‌তুনিয়াকে বিবাহ করিয়া সিংহাসন পুনরুদ্ধারের চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু তাঁহার সকল চেষ্টাই ব্যর্থ হইয়া গেল। কয়েকমাস পরে তিনি ও তাঁহার স্বামী বিদ্রোহীদের হস্তে নিহত হইলেন (১২৪০)।



স্থলতানা রজিয়া

বিদ্রোহ—রজিয়ার পরাজয় ও মৃত্যু

বহ্‌রাম ও মাস্থদ (১২৪০-১২৪৬)

রজিয়ার পর ইলতুৎমিসের এক পুত্র, মুইজ্‌উদ্দীন বহ্‌রাম (১২৪০—'৪২) এবং রুক্‌নউদ্দীনের পুত্র আলাউদ্দীন মাস্থদ শাহ্‌ (১২৪২—'৪৬) ক্রমান্বয়ে রাজত্ব করেন। ইহাদের রাজত্বকালে চল্লিশের চক্রের আমীরগণই প্রকৃতপক্ষে সমস্ত শাসনক্ষমতা হস্তগত করিয়াছিলেন। ইহাদের অত্যাচার ও স্বেচ্ছাচারী শাসনে ঈর্ষান্বিত হইয়া বহ্‌রাম আমীর-দিগের নেতাকে গোপনে হত্যা করিলে আমীরগণ তাঁহার বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হইলেন। এই সময় মুঘলগণ পাঞ্জাব আক্রমণ করিয়া লাহোর অধিকার করিয়া লইল। বহ্‌রাম মুঘলদিগের বিরুদ্ধে একটি সৈন্যবাহিনী প্রেরণ করিলেন। কিন্তু এই বাহিনী বিদ্রোহী হইয়া তাঁহাকে নিহত করিয়া আলাউদ্দীন মাস্থদকে সিংহাসনে স্থাপিত করিল। কিন্তু মাস্থদের রাজত্বকালও কুশাসন, বিদ্রোহ ও বিশৃংখলায় কলঙ্কিত ছিল। অবশেষে কয়েকজন শক্তিশালী আমীর তাঁহাকে পদচ্যুত করিয়া ১২৪৬ খৃঃ অব্দে ইলতুৎমিসের আর এক পুত্র নাসিরুউদ্দীন মাহ্‌মুদকে সিংহাসনে স্থাপিত করিলেন।

নাসিরুউদ্দীন মাহ্‌মুদ (১২৪৬—'৬৬)

নাসিরুউদ্দীনেরও রাজকার্যে বিশেষ কোন যোগ্যতা ছিল না। তাঁহার শ্বশুর ও মন্ত্রী উলুঘ খাঁর সহায়তায় তিনি নির্বিঘ্নে দীর্ঘ ২০ বৎসর রাজ্যশাসন করিয়াছিলেন। উলুঘ খাঁই ছিলেন প্রকৃত শাসনকর্তা। নাসিরুউদ্দীনের রাজত্বকালে দেশের অবস্থা অত্যন্ত খারাপ হইয়া পড়ে। তাঁহার এবং তাঁহার পরবর্তী স্থলতানগণের রাজত্বকালে মুঘলগণ বারবার আক্রমণ করিয়া পাঞ্জাব বিধ্বস্ত করিতে থাকে এবং দোয়াব ও মেওয়াট অঞ্চলে বিদ্রোহের স্থচনা হয়। উলুঘ খাঁ কঠোরহস্তে বিদ্রোহ দমন করিয়া এবং মুঘলগণকে দূরীভূত করিয়া রাজ্যে শান্তিস্থাপন করেন। কালিঞ্জর ও গোয়ালিয়রের হিন্দুরাজগণের বিরুদ্ধে তিনি সাফল্যের সহিত যুদ্ধ করিয়াছিলেন। নাসিরুউদ্দীন ধার্মিক ও বিদ্বান ছিলেন এবং বিত্থার আদর করিতেন। কথিত আছে, তিনি অতি সরল ও অনাড়ম্বর জীবন যাপন করিতেন এবং কোরাণ নকল করিয়া অবসর বিনোদন করিতেন। ১২৬৬ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

গিয়াসুউদ্দীন বল্‌বন (১২৬৬—'৮৭)

প্রথম জীবন ঃ ক্ষমতা লাভ।—নাসিরুউদ্দীন নিঃসন্তান ছিলেন। তাঁহার পর উলুঘ খাঁ গিয়াসুউদ্দীন বল্‌বন নামে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। বল্‌বন ছিলেন স্থলতান ইলতুৎমিসের 'চল্লিশ ক্রীতদাস'-এর একজন। তিনি তুর্কী অভিজাত বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন। তাঁহার পিতা ছিলেন একজন খাঁন বা ক্ষুদ্র রাজ্যের শাসক। বাল্যকালে মুঘলগণ তাঁহাকে ধরিয়া লইয়া বাগদাদের একজন বণিকের নিকট ক্রীতদাসরূপে বিক্রয় করে। পরে এই বণিকের নিকট হইতে ইলতুৎমিস তাঁহাকে ক্রয় করেন। কালক্রমে বল্‌বন স্বীয় প্রতিভা ও কর্মদক্ষতাগুণে স্থলতানের প্রিয়পাত্র হইলেন এবং আমীরপদে অধিষ্ঠিত হইয়া চল্লিশের চক্রে স্থানলাভ করিলেন। রজিয়া ও পরবর্তী স্থলতানদের রাজত্বকালে তিনি উচ্চ রাজকর্মচারীর পদ লাভ করিয়া অতি শক্তিশালী হইয়া উঠিলেন এবং মুঘলদের বিরুদ্ধে যুদ্ধ করিয়া খ্যাতিলাভ করিলেন। বলবনের সাহায্যে নাসিরুউদ্দীন মাহ্‌মুদ রাজপদ লাভ করেন। নাসিরুউদ্দীন তাঁহার কন্যাকে বিবাহ করেন ১২৪০ খৃষ্টাব্দে, সিংহাসনারোহণের পূর্বে।

রাজশক্তি দৃঢ়ীকরণ।—সিংহাসন লাভের পূর্বে বল্‌বন 'চল্লিশের চক্রের' একজন প্রধান আমীর ছিলেন এবং রাজশক্তির বিরুদ্ধে নিজেদের প্রাধান্য স্থাপনে শক্তি নিয়োগ করিয়াছিলেন। কিন্তু স্থলতান পদ লাভ করিয়াই তিনি উপলব্ধি করিলেন যে, আমীর-ওমরাহ্‌দিগের ক্ষমতা খর্ব করিতে না পারিলে রাজ্যে শান্তি, শৃংখলা ও স্থশাসন প্রতিষ্ঠা করা সম্ভব হইবে না। তখন হইতে তাঁহার রাজনীতির লক্ষ্য হইল কঠোর হস্তে বিদ্রোহ ও অরাজকতা দমন করিয়া রাজশক্তি স্থদৃঢ় ভিত্তির উপর স্থাপন করা। এজন্য তিনি অতি কঠোর ব্যবস্থা অবলম্বন করিলেন। তিনি শাসন ব্যবস্থার সর্বময় কর্তৃত্ব গ্রহণ করিলেন। তাঁহার অনুমতি ব্যতীত রাজকর্মচারিগণ যাহাতে কোন কার্য না করেন এদিকে সতর্ক দৃষ্টি রাখিলেন। কেহ তাঁহার আদেশ লংঘন করিলে তাহাকে কঠোর শাস্তি দেওয়া হইত। অপরাধ করিলে উচ্চ-রাজকর্মচারিগণ, এমন কি তাঁহার নিজ আত্মীয়স্বজনও দণ্ড হইতে অব্যাহতি পাইতেন না। তিনি বহু গুপ্তচর নিয়োগ করিয়াছিলেন। ইহারা রাজ্যের সর্বত্র ভ্রমণ করিয়া রাজকর্মচারী ও আমীর-ওমরাহ্‌দের গতিবিধির সংবাদ স্থলতানকে জানাইত। এরূপ কঠোর ব্যবস্থা

শাসন-শৃংখলা স্থাপন

অবলম্বনের ফলে রাজ্যে শান্তি ও শৃংখলা স্থাপিত হইল এবং আমীর-ওমরাহ্‌গণ ক্ষমতাহীন হইয়া পড়িলেন। তিনি সামরিক বিভাগের সংস্কার সাধন করিয়া ইহার কার্যকারিতা বৃদ্ধি করিলেন। তাঁহার এই সকল ব্যবস্থার ফলে রাজশক্তি দৃঢ়ভাবে স্থাপিত হইল।

মেওয়াটি দস্যু দমন।—দিল্লীর নিকটবর্তী মেওয়াট প্রদেশের (আলোয়ার) রাজপুত দস্যুগণ দস্যুতা ও লুণ্ঠন দ্বারা সর্বত্র সন্ত্রাসের সৃষ্টি করিয়াছিল। নাসিরুদ্দীনের রাজত্বকালে বল্‌বন ইহাদের কঠোরভাবে দমন করিয়াছিলেন। এই সময় ইহাদের অত্যাচার পুনরায় বৃদ্ধি পাইয়াছিল। ইহারা দিল্লী নগরের উপকণ্ঠে অতর্কিতভাবে উপস্থিত হইয়া লুণ্ঠন ও হত্যা করিয়া বেড়াইতে লাগিল। বল্‌বন ইহাদের আক্রমণ করিয়া একেবারে উৎসাদিত করিয়া দিলেন। বহু সহস্র মেওয়াটি দস্যুকে নির্মমভাবে হত্যা করা হইল। ইহার পরবর্তী প্রায় ষাট বৎসরকাল মেওয়াটি দস্যুদের অত্যাচারের কাহিনী আর শোনা যায় নাই।

বাংলার বিদ্রোহ দমন।—বাংলার শাসনকর্তা তুগ্রিল খাঁর বিদ্রোহ দমন, বল্‌বনের জীবনের আর এক কীর্তি। বাংলাদেশ কখনই সহজে দিল্লীর আধিপত্য স্বীকার করে নাই। এখানে বিদ্রোহ প্রায়শঃই দেখা যাইত। বাঙ্গালীর স্বাধীনতা-স্পৃহা এবং দিল্লী হইতে বাংলার দূরত্বই সম্ভবতঃ ইহার কারণ ছিল। তুগ্রিল খাঁ ১২৭১ খৃঃ অব্দে বঙ্গের স্বাধীনতা ঘোষণা করিলে, সুলতান পর পর দুইবার তাঁহার বিরুদ্ধে সৈন্যদল পাঠাইয়াও তাঁহাকে দমন করিতে পারেন নাই। সুলতান তখন নিজেই সসৈন্যে বাংলাদেশের দিকে অগ্রসর হন। তুগ্রিল খাঁ পরাজিত ও বন্দী হইলেন। তাঁহার প্রাণদণ্ড বিধান করা হইল। তুগ্রিলকে পরাজিত ও নিহত করিয়া সুলতান বাংলার রাজধানী লক্ষ্ণাবতীতে প্রত্যাবর্তন করিয়া রাজপথের দুই পার্শ্বে সারি সারি ফাঁসির মঞ্চ স্থাপন করিয়া বিদ্রোহী তুগ্রিলের আত্মীয়স্বজন ও বহু সহস্র অনুচরকে তাহাতে লটকাইয়া হত্যা করিলেন। তারপর সুলতান নিজের দ্বিতীয় পুত্র বুগ্‌রা খাঁকে বাংলার শাসনকর্তা নিযুক্ত করিয়া দিল্লীতে ফিরিয়া আসিলেন। তখন হইতে ১৩৩৮ খৃঃ অব্দ পর্যন্ত বল্‌বনের বংশধরগণই বাংলাদেশ শাসন করিতে থাকেন। সুলতানের এই কঠোর ব্যবস্থার ফলে বাংলা অথবা সাম্রাজ্যের অপর প্রদেশে বিদ্রোহের সম্ভাবনা একেবারে লোপ পাইল।

দোয়াবের বিদ্রোহ দমন

দিল্লীর অনতিদূরে দোয়াব অঞ্চল এবং রোহিলখণ্ডের হিন্দু সামন্তগণের বিদ্রোহও তিনি কঠোরভাবে দমন করেন।

মুঘল আক্রমণ।—মুঘল (মোগল) আক্রমণ প্রতিরোধ করিবার জন্যও বল্‌বন যথোচিত ব্যবস্থা করিতে ত্রুটি করেন নাই। চিঙ্গিজ খাঁর প্রত্যাগমনের কিছুকাল পর হইতেই মুঘলরা বারবার ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত লংঘন করিয়া এদেশে প্রবেশ করিতে চেষ্টা করিতেছিল। বল্‌বন নিজের জ্যেষ্ঠপুত্র মুহম্মদকে প্রত্যন্তদেশের শাসনকর্তা নিযুক্ত করেন এবং মুলতান, সামানা প্রভৃতি সামরিক গুরুত্বপূর্ণ অঞ্চলে সুশিক্ষিত সৈন্যদল রাখেন। কিন্তু ১২৮৫ খৃঃ অব্দে মুঘলদের সহিত সংঘর্ষে মুহম্মদের মৃত্যু হয়। ইহার পর বিভিন্ন সুলতানের রাজত্বকালে মুঘলদের উৎপাত ক্রমেই বৃদ্ধি পাইতে থাকে।

মুঘল আক্রমণ

১২৮৫ খৃঃ অব্দে জ্যেষ্ঠপুত্র মুহম্মদের আকস্মিক মৃত্যুতে বৃদ্ধ বল্‌বন একেবারে ভাঙ্গিয়া পড়িলেন। ইহার এক বা দুই বৎসরের মধ্যে তাঁহারও মৃত্যু হইল (১২৮৬—'৮৭)।

বল্‌বনের কৃতিত্ব।—রজিয়ার মৃত্যুর পরে দেশে যে অরাজকতা ও বিশৃংখলা দেখা দিয়াছিল তাহার ফলে সুলতানী সাম্রাজ্য ছিন্নভিন্ন হইবার উপক্রম হইয়াছিল। নাসিরুদ্দীনের রাজত্বকালে বল্‌বন শাসনকর্তৃত্ব গ্রহণ করিয়া আসন্ন ধ্বংস হইতে সাম্রাজ্য রক্ষা করিলেন। তিনি স্ব-স্ব-প্রধান আমীর ও মালিকগণের শক্তি খর্ব করিয়া আপন প্রভুত্বাধীনে আনিয়াছিলেন; দোয়াব অঞ্চলের বিদ্রোহ কঠোর হস্তে দমন করিয়া রাজ্যে শান্তি ও শৃংখলা স্থাপিত করিয়াছিলেন; সাম্রাজ্যের দূরতম প্রদেশ বাংলাদেশের বিদ্রোহ দমন করিয়া তিনি সমগ্র উত্তর-ভারতে সাম্রাজ্য দৃঢ়মূল করিলেন; মুঘল আক্রমণ প্রতিরোধ করিবার সুব্যবস্থা করিয়া তিনি সাম্রাজ্যের নিরাপত্তা বিধান করিলেন। তাঁহার আভ্যন্তরীণ শাসন সংস্কারের ফলে রাজশক্তি সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হইল এবং সমগ্র দেশ হইতে অরাজকতা দূর হইল। বল্‌বনের কার্যাবলী আলোচনা করিলে একথা নিঃসন্দেহে বলা যায় যে, রজিয়ার মৃত্যুর পরে আমীরদিগের স্বেচ্ছাচারিতা, সুলতানদিগের দুর্বলতা এবং মুঘল আক্রমণের ফলে সাম্রাজ্যে যে সংকট দেখা দিয়াছিল সেই সময়ে বল্‌বনের ন্যায় দৃঢ়চেতা, দূরদর্শী ও ন্যায়পরায়ণ শাসক সাম্রাজ্যের শাসনদণ্ড গ্রহণ না করিলে ইহা ধ্বংসপ্রাপ্ত হইত। এই সংকটময় পরিস্থিতি হইতে সাম্রাজ্য রক্ষার জন্য তিনি যে ব্যবস্থা গ্রহণ করিয়াছিলেন তাহা তাঁহার অসাধারণ প্রতিভা ও কৃতিত্বের পরিচায়ক।

সাম্রাজ্য রক্ষাকল্পে তাঁহার অবদান

বল্‌বন ন্যায়পরায়ণ ও সুবিচারক ছিলেন। তাঁহার সুকঠোর ন্যায়দণ্ডের নিকট পদমর্যাদা বা ধনসম্পদের কোনই মূল্য ছিল না। ন্যায়ের মর্যাদা ও রাজশক্তির সম্মান-রক্ষার জন্য তিনি যে-কোন পদস্থ ব্যক্তিকে যে-কোন শাস্তি দিতেন।

ন্যায়বিচার

সুলতান ছিলেন রাজ্যের সর্বময় কর্তা এবং তাঁহার শাসন ছিল অতি কঠোর। প্রাদেশিক শাসনকর্তাদের সমস্ত গুরুতর বিষয়সম্বন্ধে তাঁহার পরামর্শ ও নির্দেশ অনুসারে কার্য করিতে হইত। বল্‌বনের সুদীর্ঘ শাসনকালে তাঁহার যশ সমগ্র এশিয়ায় ছড়াইয়া পড়িয়াছিল। দুর্ধর্ষ মুঘলদের অত্যাচারে রাজ্যহারা সতের জন রাজা আসিয়া তাঁহার সভায় আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। আশ্রিতদের মধ্যে সেযুগের অনেক বিদ্বান ও সাহিত্যিক ছিলেন। তাঁহাদের মধ্যে সুপ্রসিদ্ধ কবি আমীর খসরু ছিলেন বল্‌বনের সভাসদ ও সুরকার। তখন দিল্লী নগরী মুস্‌লিম সংস্কৃতির একটি পীঠস্থানে পরিণত হইয়াছিল এবং উর্দু ভাষা হিন্দু ও মুসলমানদিগের মধ্যে সংযোগের সেতু হইয়া উঠে।

সংস্কৃতির পৃষ্ঠপোষকতা

দাসবংশের পতন

কায়কোবাদ।—বল্‌বনের মৃত্যুর পর বুগ্‌রা খাঁর অকর্মণ্য পুত্র কায়কোবাদ সুলতান হইলেন। তিনি রাজকার্যে অবহেলা করিয়া বিলাসে দিন যাপন করিতে লাগিলেন। ইহার ফলে সর্বত্র বিশৃংখলা দেখা দিল। অল্পকাল পরেই দিল্লীর ওমরাহ্‌গণ কায়কোবাদকে সরাইয়া তাঁহার নাবালক পুত্র কায়মর্সকে সুলতানপদে প্রতিষ্ঠিত করিলেন। কিন্তু ইহাতেও রাজ্যে শৃংখলা আসিল না। তুর্কী আমীরগণের ষড়যন্ত্রে দিল্লীর রাজনীতিক অবস্থা জটিল হইয়া উঠিল। এই গোলযোগের মধ্যে খল্‌জী ওমরাহ্‌গণ কায়কোবাদ ও কায়মর্সকে হত্যা করিয়া তাঁহাদের নেতা খল্‌জী বংশীয় ফীরুজ শাহ্‌কে রাজপদে অভিষিক্ত করিলেন (১২৯০)। এইভাবে 'দাসবংশ'-এর অবসান হইল।

অরাজকতা

প্রশ্নাবলী

১। দাসবংশের প্রতিষ্ঠাতা কে? তাঁহার সম্বন্ধে যাহা জান লেখ। এই বংশের নাম দাসবংশ হয় কেন?
২। ইলতুৎমিসের রাজত্বকাল সংক্ষেপে বর্ণনা কর এবং শাসক হিসাবে তাঁহার কৃতিত্বের বিচার কর।
৩। গিয়াসউদ্দীনের রাজত্বকালের প্রধান প্রধান ঘটনাবলীর সংক্ষিপ্ত বিবরণ লেখ। শাসক হিসাবে তাঁহার কৃতিত্বের বিচার কর।
৪। কাহাকে তোমরা দাসবংশের সর্বশ্রেষ্ঠ সুলতান বলিয়া মনে কর? কারণ দেখাও।
৫। ইঁহাদের সম্বন্ধে কি জান? চিঙ্গিজ খাঁ, রজিয়া, নাসিরুদ্দীন মাহ্‌মুদ, তুগ্রিল খাঁ, চল্লিশের চক্র।

পঞ্চদশ অধ্যায়

খল্‌জী ও তুগ্‌লুক সুলতানগণ

(ক) খল্‌জী রাজবংশ

জলাল্‌উদ্দীন ফীরূজ খল্‌জী।—ফীরূজ শাহ্ 'জলাল্‌উদ্দীন' নাম ধারণ করিয়া সত্তর বৎসর বয়সে দিল্লীর সিংহাসনে আরোহণ করিলেন। দাসবংশের শেষ সুলতান কায়কোবাদ ও কায়মর্স এবং কয়েকজন প্রধান প্রধান তুর্কী আমীরকে হত্যা করিয়া সিংহাসন লাভ করায় দিল্লীর তুর্কীবংশীয় আমীরগণ এবং বহু নাগরিক তাঁহার প্রতি বিরূপ হইয়াছিলেন। কিন্তু তাঁহার সদয় ও সহৃদয় ব্যবহার শীঘ্রই তাঁহাকে জনপ্রিয় করিয়া তুলিল। তিনি তুর্কী আমীরদের ধন-সম্পত্তি দান করিয়া এবং উচ্চ রাজকার্যে নিযুক্ত করিয়া তাঁহাদের স্বপক্ষে আনিলেন।

শান্তি স্থাপন

জলাল্‌উদ্দীনের সিংহাসনারোহণের অল্পকাল পরেই কারার শাসনকর্তা ও বল্‌বনের ভ্রাতুষ্পুত্র মালিক চজ্জু বিদ্রোহী হইয়া সসৈন্যে দিল্লী অভিমুখে অগ্রসর হইলেন। কিন্তু তিনি পরাজিত ও বন্দী হইয়া জলাল্‌উদ্দীনের নিকট আনীত হইলে উদার-হৃদয় সুলতান তাঁহাকে ক্ষমা করিলেন। কারার শাসনভার সুলতানের ভ্রাতুষ্পুত্র ও জামাতা আলাউদ্দীনের হাতে অর্পণ করা হইল। একবার এক সহস্র ঠগী দস্যুকে ধরিয়া আনা হইলে তিনি তাহাদের শাস্তিদান না করিয়া বাংলাদেশে নির্বাসিত করিলেন।

চজ্জুর বিদ্রোহ

পররাষ্ট্র-নীতি পরিচালনায় জলাল্‌উদ্দীন দৃঢ়তার পরিচয় দিতে পারেন নাই। তিনি রণথম্ভোর জয়ের চেষ্টা করিয়া ব্যর্থ হন। তাঁহার সময়ে মুঘল নেতা হলাগু ভারতবর্ষ আক্রমণ করেন, কিন্তু সুলতানের হস্তে তাঁহাকে পরাজয় বরণ করিতে হয়। পরাজিত মুঘলদের মধ্যে অনেককেই নির্বিচারে হত্যা করা হইল; অবশিষ্ট কয়েক সহস্র মুঘল ইসলাম ধর্ম গ্রহণ করিয়া সুলতানের অনুমতি লইয়া দিল্লীর উপকণ্ঠে স্থায়িভাবে বাস করিতে লাগিল। ইহারা 'নব মুসলমান' নামে পরিচিত হইল।

নব মুসলমান

জলাল্‌উদ্দীন ছিলেন ন্যায়পরায়ণ, উদার এবং অত্যন্ত মৃদু-স্বভাবের লোক। বিদ্রোহী অথবা দস্যু-তস্কররা ধরা পড়িয়া ক্ষমাভিক্ষা করিলে তিনি প্রায়ই তাহাদিগকে ছাড়িয়া দিতেন।

আলাউদ্দীন খল্‌জী (১২৯৬—১৩১৬)

প্রথম জীবন।—আলাউদ্দীন ছিলেন জলাল্‌উদ্দীনের ভ্রাতুষ্পুত্র। শৈশবে তাঁহার পিতার মৃত্যু হইলে জলাল্‌উদ্দীন তাঁহাকে পুত্রাধিক স্নেহে লালন-পালন করেন এবং আপন কন্যার সহিত তাঁহার বিবাহ দেন। মালিক চজ্জুর বিদ্রোহের পর আলাউদ্দীন কারা প্রদেশের শাসনকর্তৃত্ব লাভ করিলেন। তিনি ছিলেন অতি উচ্চাভিলাষী। তিনি মনে মনে দিল্লীর সিংহাসন লাভের আকাঙ্ক্ষা পোষণ করিতেন। কারার শাসনকর্তার পদ লাভ করিবার পর তিনি নিজের শক্তিবৃদ্ধির দিকে মনোযোগ দিলেন।


আলাউদ্দীন খল্‌জী

খল্‌জী সাম্রাজ্যবাদের স্বরূপ

তরাইনের যুদ্ধের পর এক শতাব্দী কাটিয়া গিয়াছিল। তখনও মুস্‌লিম আক্রমণের তরঙ্গ দাক্ষিণাত্যে গিয়া আঘাত করে নাই। এতকাল মুসলমান সুলতানরা উত্তর-ভারতে আধিপত্য বিস্তারেই ব্যাপৃত ছিলেন, দাক্ষিণাত্যের দিকে দৃষ্টি দিবার অবসর তাঁহাদের ছিল না। আলাউদ্দীন সর্বপ্রথম দাক্ষিণাত্যে মুসলমান আধিপত্য বিস্তার করিয়া এক সর্ব-ভারতীয় সাম্রাজ্য স্থাপনের পরিকল্পনা করিলেন। এইখানেই ছিল পূর্ববর্তী সুলতানদের সাম্রাজ্য হইতে খল্‌জী সাম্রাজ্যবাদের পার্থক্য। দিল্লীর সিংহাসন লাভ করিয়া আলাউদ্দীন দাক্ষিণাত্যে সাম্রাজ্য বিস্তারের কার্য সুসম্পন্ন করিয়াছিলেন। কিন্তু দাক্ষিণাত্যের সাম্রাজ্য বিস্তারের প্রারম্ভিক কার্য কারার শাসনকর্তারূপেই তিনি সূচনা করেন।

কারাতে বাসকালে তিনি যাদব রাজ্যের অপরিসীম সম্পদের কথা শুনিলেন এবং এই রাজ্য জয় করিয়া নিজেকে শক্তিশালী করিতে সচেষ্ট হইলেন। তিনি প্রথমে মালব আক্রমণ করিলেন। তারপর তিনি অকস্মাৎ একেবারে দেবগিরির যাদবরাজ রামচন্দ্রের রাজ্যে (মহারাষ্ট্র) গিয়া উপনীত হইলেন (১২৯৪ খৃঃ)। রামচন্দ্র হঠাৎ আক্রমণের জন্য প্রস্তুত ছিলেন না। সুতরাং বাধ্য হইয়া তাঁহাকে একটি প্রদেশ (ইলিচপুর) ছাড়িয়া দিয়া বার্ষিক করদানে স্বীকৃত হইতে হয়। আলাউদ্দীন দেবগিরি হইতে প্রচুর ধনরত্ন লইয়া কারায় ফিরিয়া আসিলেন।

দাক্ষিণাত্য অভিযান—দেবগিরি লুণ্ঠন

এই সংবাদ পাইয়া সুলতান জামাতাকে অভিনন্দন জানাইবার জন্য নিজেই কারায় গমন করিলেন। কিন্তু সেখানে আলাউদ্দীনের প্ররোচনায় জনৈক গুপ্তঘাতক তাঁহাকে হত্যা করিল। আলাউদ্দীন তখন নিজেকে সুলতান বলিয়া ঘোষণা করিলেন (১২৯৬)।

রাজ্যারোহণ ও দিল্লী-জয়।—বৃদ্ধ সুলতানের হত্যার সংবাদ পাইয়া দিল্লীর রাজভক্ত আমীরগণ রুক্‌নউদ্দীন ইব্রাহিম নামক তাঁহার এক পুত্রকে সিংহাসনে স্থাপন করিয়া আলাউদ্দীনের বিরোধিতা করিতে প্রস্তুত হইলেন। কিন্তু আলাউদ্দীন দ্রুতবেগে দিল্লীতে উপস্থিত হইয়া আমীর ও নাগরিকদের প্রচুর অর্থদানে বশীভূত করিয়া সিংহাসন অধিকার করিলেন। জলাল্‌উদ্দীনের পরিবারবর্গের প্রতি তিনি অতি নিষ্ঠুর ব্যবহার করিয়াছিলেন। তাঁহার পুত্রদের অন্ধ করিয়া কারাগারে রাখা হইল। এইরূপে আলাউদ্দীন সিংহাসন নিষ্কণ্টক করিলেন।

আভ্যন্তরীণ গোলযোগ—বিদ্রোহ-দমন।—সিংহাসনারোহণের পর প্রথম কয়েক বৎসর আলাউদ্দীনকে আভ্যন্তরীণ বিদ্রোহ ও বৈদেশিক আক্রমণের সম্মুখীন হইতে হইয়াছিল। দিল্লীর তুর্কী আমীরগণ খল্‌জী বংশীয় আলাউদ্দীনের অধীনতা সহজে স্বীকার করিতে চাহিলেন না; সুলতানের আত্মীয়গণের মধ্যেও কেহ কেহ সিংহাসনলাভের আকাঙ্ক্ষায় তাঁহার বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হইয়া তাঁহার প্রাণনাশের চেষ্টা করিয়াছিলেন; এতদ্ব্যতীত দিল্লীর নিকট জলাল্‌উদ্দীন যে সকল নব-মুসলমানকে স্থাপিত করিয়াছিলেন, তাহারা সুলতানের প্রতি অসন্তুষ্ট হইয়া তাঁহার প্রাণনাশের চেষ্টা করিলে সুলতান ক্রুদ্ধ হইয়া তাহাদের হত্যা করিবার আদেশ দিলেন। ইহার ফলে প্রায় ৩০ হাজার নব-

মুসলমানকে অতি নৃশংসভাবে নিহত করা হইল। আলাউদ্দীন অতি দৃঢ়তার সহিত বিদ্রোহ ও ষড়যন্ত্র দমন করিয়া রাজ্যে শান্তি ও শৃংখলা স্থাপিত করিয়াছিলেন এবং ভবিষ্যতে যাহাতে তাঁহার বিরুদ্ধে বিদ্রোহ না ঘটে ইহার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিলেন।

মুঘল আক্রমণ।—পূর্ববর্তী সুলতানদিগের ন্যায় আলাউদ্দীনকেও বারবার মুঘল আক্রমণের সম্মুখীন হইতে হইয়াছিল। ১২৯৭ হইতে ১৩০৭ খৃষ্টাব্দ পর্যন্ত বারবার আক্রমণ চালাইয়া মুঘলগণ সাম্রাজ্য বিপন্ন করিয়া তুলিয়াছিল। ১২৯৯ খৃষ্টাব্দে কুতলুগ খাজার নেতৃত্বে প্রায় দুই লক্ষ মুঘলসৈন্য দিল্লী জয় করিবার উদ্দেশ্যে যমুনা নদীর তীর পর্যন্ত অগ্রসর হইয়াছিল; কিন্তু সুলতানের সুদক্ষ সেনাপতি জাফর খাঁর হস্তে পরাজিত হইয়া তাহারা প্রত্যাবর্তন করিতে বাধ্য হইল। এই যুদ্ধে জাফর খাঁ নিহত হইয়াছিলেন। ১৩০৩ খৃষ্টাব্দে আলাউদ্দীন যখন চিতোর জয়ে ব্যস্ত ছিলেন তখন মুঘলগণ অতর্কিত আক্রমণ করিয়া দিল্লী পর্যন্ত অগ্রসর হইয়া নগর লুণ্ঠন করিল। কিন্তু এবারেও শেষ পর্যন্ত তাহারা প্রত্যাবর্তন করিতে বাধ্য হইল। ১৩০৬ খৃষ্টাব্দে মুঘলগণ পুনরায় ভারত আক্রমণ করিলে সুলতানের সেনাপতি গাজী মালিক তাহাদের সম্পূর্ণরূপে পরাস্ত করেন। এই যুদ্ধে প্রায় ৫০ হাজার মুঘলসৈন্য নিহত অথবা বন্দী হইয়াছিল। সর্বশেষ মুঘল আক্রমণ হয় ১৩০৭ খৃষ্টাব্দে; কিন্তু এবারেও মুঘলগণ সম্পূর্ণরূপে পরাভূত হইয়াছিল।

মুঘলদিগের পরাজয়

মুঘল আক্রমণ প্রতিরোধ ব্যবস্থা

ভবিষ্যতে মুঘল আক্রমণ হইতে রাজ্য রক্ষাকল্পে আলাউদ্দীন কয়েকটি ব্যবস্থা অবলম্বন করেন। সাম্রাজ্যের উত্তর-পশ্চিম সীমান্তের পুরাতন দুর্গগুলির সংস্কার করিয়া ও কয়েকটি নূতন দুর্গ নির্মাণ করিয়া তাহাতে সুশিক্ষিত সৈন্য-বাহিনী স্থাপিত করা হইল, এবং গাজী মালিকের হস্তে পাঞ্জাবের শাসনভার ন্যস্ত করা হইল। গাজী মালিকের বিক্রমে মুঘলগণ আর ভারত আক্রমণ করিতে সাহসী হয় নাই।

রাজ্যবিস্তার।—সিংহাসনে আরোহণ করিয়া আলাউদ্দীন সাম্রাজ্যবৃদ্ধির দিকে মনোনিবেশ করিলেন। ১২৯৭ খৃঃ অব্দে তিনি গুজরাট জয়ের নিমিত্ত সৈন্য পাঠাইলেন। গুজরাটের রাজা ২য় কর্ণদেব এই আক্রমণ প্রতিরোধ করিতে পারিলেন না। সুলতানের সৈন্যরা গুজরাটের সমৃদ্ধ বন্দরগুলি লুণ্ঠন করিয়া অপর্যাপ্ত ধনরত্ন লইয়া দিল্লী ফিরিয়া আসিল। লুণ্ঠিত ধনরত্নের সঙ্গে আসিলেন কর্ণদেবের

উত্তর ভারত বিজয়াভিযান —গুজরাট জয়

রাণী বন্দিনী কমলাদেবী। স্থলতান আলাউদ্দীন তাঁহাকে নিজ অন্তঃপুরে প্রেরণ করিলেন। ইহার কিছুকাল পরে কমলাদেবীর কন্যা দেবলাদেবী ধৃত হইয়া দিল্লীতে আনীত হইলেন; তাঁহার সহিত আলাউদ্দীনের পুত্র খিজির খাঁর বিবাহ হইল।

১৩০০ খৃঃ অব্দে আলাউদ্দীন রাজপুতনার রণথম্ভোর দুর্গ আক্রমণ করিলেন। বহুদিন যুদ্ধের পর দুর্গাধিপতি হম্বীরদেব নিহত হন এবং আলাউদ্দীন রণথম্ভোর অধিকার করেন।

রণথম্ভোর জয়

১৩০৩ খৃঃ অব্দে আলাউদ্দীন মেবারের রাজধানী চিতোর আক্রমণ করিলেন। স্বাধীনতা ও সম্মান রক্ষার জন্য রাজপুতগণ যে অপূর্ব শৌর্য-বীর্যের পরিচয় দান করিয়াছিলেন, তাহা যেমন গৌরবময় তেমনই মর্মস্পর্শী। কিন্তু আলাউদ্দীনের রণকৌশলের নিকট সকলই ব্যর্থ হইয়া গেল। অবশেষে উপায়ান্তর না দেখিয়া রাজপুত রমণীগণ 'জহরব্রত' অনুষ্ঠান করিয়া চিতাগ্নিতে আত্মাহুতি দিলেন; রাজপুত বীরগণ বিপুল বিক্রমে শত্রুসৈন্যের উপর ঝাঁপাইয়া পড়িয়া যুদ্ধ করিতে করিতে মৃত্যুবরণ করিলেন। এইরূপে চিতোর অধিকৃত হইল। কথিত আছে, মেবার-রাণী পরমা স্থন্দরী পদ্মিনীকে লাভ করিবার আশায় স্থলতান মেবার আক্রমণ করিয়াছিলেন। কিন্তু এ কাহিনীর সত্যতা সম্বন্ধে ঐতিহাসিকদের মধ্যে মতভেদ আছে। ইহার প্রায় পনের বৎসর পরে মেবারের রাণা বীর হম্মীর চিতোরের উদ্ধারসাধন করেন।

চিতোর জয়

১৩০৫ খৃঃ অব্দে আলাউদ্দীন মালব আক্রমণ করিয়া উজ্জয়িনী, চন্দেরী, মাণ্ডু ও ধারা-নগরী অধিকার করেন। ইহার পর তিনি দক্ষিণাপথ জয়ের আয়োজন করিতে লাগিলেন। প্রথমবার পরাজয়ের পর দেবগিরির রাজা রামচন্দ্রদেব নিয়মিতভাবে কর দিতে অবহেলা করিতেছিলেন। তদুপরি তিনি গুজরাটের পলাতক রাজা ২য় কর্ণদেবকে নিজ-রাজ্যে আশ্রয় দিয়াছিলেন। তাই ১৩০৬ খৃঃ অব্দে আলাউদ্দীন তাঁহার স্থদক্ষ সেনাপতি মালিক কাফুরের নেতৃত্বে দেবগিরিতে একদল সৈন্য প্রেরণ করেন। রামচন্দ্রদেব পরাজিত হইয়া নিয়মিত করদানে স্বীকৃত হইলেন (১৩০৭ খৃঃ)। ইহার পর ১৩০৯ খৃঃ অব্দে কাফুর অন্ধ্র বা তেলিঙ্গানা রাজ্য আক্রমণ করিলেন। অন্ধ্রের রাজধানী ছিল বরঙ্গল। কাকতীয়রাজ ২য় প্রতাপরুদ্র কাফুরকে প্রতিরোধ করিতে পারিলেন না। সমুদয় সঞ্চিত ধনসম্পদ অর্পণ করিয়া বাৎসরিক করদানের

দাক্ষিণাত্যে বিজয়াভিযান

মালিক কাফুর

চুক্তিতে তিনি সন্ধি স্থাপন করিতে বাধ্য হন (১৩০৮—'০৯)। ইহার পর ১৩১০ খৃঃ অব্দে কাফুর দোরসমুদ্রের (মহীশূরের অন্তর্গত হলেবীদ) হোয়সলরাজ ৩য় বীরবল্লালকে পরাভূত করেন ও বীরবল্লালের রাজধানী দোরসমুদ্র লুণ্ঠন করিয়া তাঁহাকে দিল্লীতে প্রেরণ করেন। অতঃপর কাফুর মাদুরার পাণ্ড্যরাজাকে পরাভূত করিয়া হিন্দুতীর্থ সেতুবন্ধ রামেশ্বরে বিজয়-গৌরবে একটি মস্‌জিদ স্থাপন করিলেন (১৩১০ খৃঃ)। এইরূপে উত্তরে সীমান্ত অঞ্চল হইতে দক্ষিণে সেতুবন্ধ রামেশ্বর পর্যন্ত আলাউদ্দীনের সাম্রাজ্য বিস্তৃত হইল।

আলাউদ্দীনের সাম্রাজ্য

১৩১১ খৃঃ অব্দে মালিক কাফুর জয়োল্লাসে দিল্লী প্রত্যাবর্তন করিলেন। ১৩০৯ খৃঃ অব্দে রামচন্দ্রদেবের মৃত্যুর পর তাঁহার পুত্র শংকরদেব দেবগিরির স্বাধীনতা ফিরাইয়া আনিতে চেষ্টা করিলে, কাফুরের হস্তে তাঁহাকে পরাজিত ও নিহত হইতে হয় (১৩১২—'১৩)।

১৩১৬ খৃঃ অব্দে আলাউদ্দীনের মৃত্যু হয়।

আভ্যন্তরীণ নীতি।—সিংহাসন লাভের অব্যবহিত পরেই আলাউদ্দীনকে নানারূপ বিদ্রোহ ও ষড়যন্ত্রে বিব্রত হইতে হইয়াছিল একথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে।

বিদ্রোহ নিবারণ ব্যবস্থা

বিদ্রোহের কারণ অনুসন্ধান করিয়া তাঁহার বিশ্বাস হইল যে, ওমরাহদের মধ্যে পরস্পর কুটুম্বিতা ও একত্র পানভোজন, মদ্যপান এবং প্রজাদের আর্থিক স্বচ্ছলতাই ইহার কারণ। আলাউদ্দীন তখন কয়েকটি নিষেধাজ্ঞা জারি করিলেন। তাঁহার আদেশে মদ্যপান রহিত হইল; স্থলতানের অনুমতি ব্যতীত সম্ভ্রান্ত লোকদের মধ্যে বৈবাহিক সম্বন্ধ স্থাপন নিষিদ্ধ হইল, বড় বড় ওমরাহ্‌গণও স্থলতানের অনুমতি ব্যতীত কোন সামাজিক উৎসব-অনুষ্ঠানে একত্রিত হইতে পারিতেন না। আলাউদ্দীন জায়গীর প্রথা লোপ করিয়া রাজকর্মচারী, প্রাদেশিক শাসনকর্তা ও সৈন্যাধ্যক্ষদিগকে বেতন দিবার প্রথা প্রবর্তিত করেন। যাহাতে প্রজারা প্রচুর অর্থ-সঞ্চয় করিতে না পারে সেজন্য তাহাদের উপর অতিরিক্ত কর ধার্য করা হইল।

অর্থ নৈতিক পীড়ন—অতিরিক্ত কর স্থাপন


তিনি মনে করিতেন যে, প্রজাদের অবস্থা শোচনীয় করিয়া রাখিলে তাহারা তাহাদের সমস্ত শক্তি জীবিকা অর্জনের জন্যই নিয়োগ করিবে, স্থতরাং বিদ্রোহের চিন্তা মনে আনিবার অবকাশও পাইবে না। এই উদ্দেশ্যেই তিনি প্রজাপীড়ন-নীতি গ্রহণ করিয়াছিলেন। বিশেষ করিয়া

হিন্দুদের উপর নানা বাধানিষেধ আরোপ করিয়া তিনি তাহাদের জীবন দুর্বহ করিয়া তুলিয়াছিলেন। দোয়াব অঞ্চলে হিন্দুদের উপর শস্তের অর্ধাংশ রাজস্ব বলিয়া ধার্য করা হইয়াছিল এবং অতি কঠোর উপায় অবলম্বন করিয়া ইহা আদায় করা হইত। ইহাতে সম্ভ্রান্ত ও সম্পন্ন হিন্দু-পরিবারগুলিও একেবারে নিঃস্ব হইয়া পড়িল, এমন কি এই সকল সম্ভ্রান্ত পরিবারের মহিলারা মুসলমান পরিবারে দাসীবৃত্তি করিয়া জীবিকা অর্জন করিতে বাধ্য হইলেন। সুলতানের উদ্দেশ্য ছিল যে, হিন্দুদের এমন দরিদ্র করিয়া রাখিবেন যাহাতে তাহারা ভাল বেশভূষা পরিতে অথবা স্বচ্ছলভাবে দিনযাপন করিতে না পারে। রাজস্ব সংগ্রহকারীদের অত্যাচারে হিন্দুর জীবন দুর্বিসহ হইয়া উঠিয়াছিল এবং জনসাধারণের নিকট রাজস্ব সংগ্রাহকগণ কুখ্যাতি অর্জন করিয়াছিলেন।

বাজার নিয়ন্ত্রণ

আলাউদ্দীন তাঁহার বিস্তীর্ণ সাম্রাজ্যের আভ্যন্তরীণ শান্তি ও শৃংখলা রক্ষার নিমিত্ত একটি বিরাট সৈন্যদল পোষণ করিবার ব্যবস্থা করিলেন এবং ইহাদের সামরিক শিক্ষাদান ও সংগঠনের উন্নতি বিধান করিয়া খল্জী সামরিক পদ্ধতির ভিত্তি নূতন করিয়া রচনা করিলেন। সৈনিকদিগের বেতন ছিল সামান্য। যাহাতে অল্প বেতনেই তাহারা স্বচ্ছন্দে জীবিকা নির্বাহ করিতে পারে এজন্য তিনি কৃত্রিম উপায়ে দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় দ্রব্যাদির বাজার দর কমাইয়া দিলেন এবং প্রত্যেক দ্রব্যের মূল্য নির্দিষ্ট করিয়া দিলেন। বাজারগুলির নিয়মিত তত্ত্বাবধানের জন্য তিনি দুই জন উচ্চপদস্থ কর্মচারী নিয়োগ করিলেন। কোন ব্যবসায়ী নিরূপিত মূল্য অপেক্ষা বেশি দরে দ্রব্য বিক্রয় করিলে তাহাকে কঠোর শাস্তি পাইতে হইত। কোথাও কেহ ক্রয়-বিক্রয়ে অসাধু উপায় গ্রহণ করিতেছে কিনা ইহা গোপনে পর্যবেক্ষণ করিবার নিমিত্ত বহু গুপ্তচর নিযুক্ত ছিল। এই সমস্ত ব্যবস্থার ফলে কোন ব্যবসায়ী অসাধু উপায় গ্রহন করিতে সাহসী হইত না। সুলতান কর্তৃক বাজার দর নিয়ন্ত্রিত হইবার ফলে সামরিক বিভাগের ব্যয়ভার লাঘব হইল এবং দ্রব্যমূল্য কম থাকায় সাময়িকভাবে সাধারণ লোকের সুবিধা হইয়াছিল।

আলাউদ্দীন উৎপন্ন শস্যের দ্বারা রাজস্ব গ্রহণের ব্যবস্থা করেন। দোয়াব অঞ্চলে হিন্দুদের উৎপন্ন শস্তের অর্ধাংশ রাজস্ব হিসাবে দিতে হইত। ইহা ছাড়া তিনি প্রজাদের


আলাউদ্দিনের সাম্রাজ্য
০ ২০০ ৪০০
মাইল
কাবুল
কাশ্মীর
গজনী
লাহোর
শতদ্রু নং
মুলতান
সিন্ধু নং
দিল্লী
গঙ্গা নং
আজমীর
রণথম্ভোর
কাশী
গঙ্গা নং
ব্রহ্মপুত্র নং
চিতোর
গোয়ালিওর
কালিঞ্জর
প্রয়াগ
উজ্জয়িনী
গৌড়
অনহিলবার
জুনাগড়
নর্মদা নং
তাপ্তী নং
উড়িষ্যা
দেবগিরি
মহানদী
বরঙ্গল
গোদাবরী নং
কৃষ্ণা নং
ব ঙ্গো প সা গ র
আরব সাগর
কাঞ্চী
তাঞ্জোর
মাদুরা
সিংহল

উপর আরও বহুবিধ কর স্থাপন করেন। ইহা ব্যতীত প্রজাদের নিকট হইতে যতদূর সম্ভব কর আদায় করিয়া রাজকোষ পূর্ণ করিবার জন্য তিনি হিন্দু-মুসলমান-নির্বিশেষে প্রজাদিগকে বিনা খাজনায় রাষ্ট্র কর্তৃক প্রদত্ত ভূ-সম্পত্তি, খয়রাতি বৃত্তি এবং দেবোত্তর সম্পত্তি কাড়িয়া লইলেন। ইহাতে রাষ্ট্রের আয় বহুগুণ বৃদ্ধি পাইল। প্রয়োজনের সময় যাহাতে খাদ্যাভাব না ঘটে এজন্য শস্য বড় বড় সরকারী গুদামে মজুত রাখা হইত।

রাজস্ব

শাসনাদর্শ।—সে-যুগে মুস্‌লিম রাজ্যগুলি কোরান্-শরিয়তের বিধানানুসারে শাসিত হইত। আলাউদ্দীন কিন্তু শাসন-পরিচালনায় শরিয়তের ধর্মীয় বিধান অথবা উলেমাদের উপদেশ মানিয়া চলেন নাই। রাষ্ট্রশাসনে রাজা ও রাষ্ট্রের স্বার্থ ছিল তাঁহার কাছে বড় কথা। ইহার জন্য প্রয়োজন হইলে ন্যায়, নীতি ও শাস্ত্রীয় বিধিনিষেধ উপেক্ষা করিতে তিনি দ্বিধা করিতেন না। সুতরাং তাঁহার শাসননীতি ও পদ্ধতি পূর্ববর্তী সুলতানের শাসন নীতি হইতে পৃথক। গোঁড়া মুসলমান হইলেও রাজনৈতিক ব্যাপারে তিনি ধর্মনীতিকে অস্বীকার করিয়া চলিয়াছেন। উলেমাদের বিধি-নির্দেশ প্রয়োজনবোধে উপেক্ষা করিতে তিনি বিন্দুমাত্র দ্বিধা করেন নাই। শাসন-ব্যবস্থায় তাঁহার ইচ্ছাই ছিল শেষ কথা এবং প্রত্যেক রাজকর্মচারীকে তাঁহার আদেশ নির্বিচারে মানিয়া চলিতে হইত। আলাউদ্দীনই প্রথম মুসলমান শাসক যিনি সাম্রাজ্য শাসনে উলেমা ও শরিয়তের নির্দেশ ও প্রভাব মানিয়া লন নাই।

আলাউদ্দীনের শাসনাদর্শ

চরিত্র ও কৃতিত্ব।—আলাউদ্দীনের রাজত্বকালেই মুসলিম-শক্তি প্রথম প্রায় সমগ্র ভারতবর্ষে পরিব্যাপ্ত হয়। তাঁহার রণকৌশল বাস্তবিক উচ্চস্তরের ছিল। পুনঃ পুনঃ জয়লাভ করিয়া সুলতান নিজের শক্তিমত্তায় অগাধ আস্থা স্থাপন করিয়াছিলেন এবং নিজেকে তিনি 'দ্বিতীয় সেকেন্দর শাহ্' (২য় আলেকজাণ্ডার) নামে প্রচার করিবার জন্য তৎকালীন মুদ্রায় উক্ত নাম উৎকীর্ণ করিবার আদেশ দিয়াছিলেন। 'খুৎবা' উপাসনায় তাঁহাকে '২য় সেকেন্দর শাহ্' বলিয়া উল্লেখ করিতে হইত। নিজেকে ধর্মপ্রবর্তক বলিয়া প্রচার করিবার ইচ্ছাও তাঁহার হইয়াছিল; কিন্তু পরে জনৈক স্পষ্টবাদী অমাত্যের পরামর্শে তিনি সে দুরাকাঙ্ক্ষা পরিত্যাগ করেন। আলাউদ্দীনের সামরিক প্রতিভা যাহাই হউক তাঁহার ন্যায় কুটিল, নির্মম চরিত্রের সুলতান খুব অল্পই

চরিত্র—দোষ ও গুণ

দেখিতে পাওয়া গিয়াছে। ঐতিহাসিক বরণী লিখিয়া গিয়াছেন যে, "সুলতান আলা-উদ্দীন যত নির্দোষ লোকের প্রাণনাশ করিয়া গিয়াছেন, মিশরের ফেরো (সম্রাট) তত লোকের প্রাণদণ্ড বিধান করেন নাই।" রাজ্যশাসনের দিক দিয়াও তিনি বিশেষ কোন কৃতিত্ব দেখাইয়া যাইতে পারেন নাই। প্রজার স্বেচ্ছানুগত্য লাভের জন্য কোন ব্যবস্থাই তিনি করেন নাই। তাঁহার কঠোর শাসন ও নিয়মানুবর্তিতা তাঁহাকে সর্বশ্রেণীর প্রজার বিদ্বেষভাজন করিয়াছিল। এবিষয়ে ইলতুৎমিস্ ও বল্‌বনের স্থান আলাউদ্দীন খল্‌জী অপেক্ষা অনেক উচ্চে।

শাসক হিসাবে তাঁহার স্থান

আলাউদ্দীন শিল্পকলায় নিজের নাম অক্ষয় করিয়া রাখিবার চেষ্টা করিয়া গিয়াছেন। তিনি দিল্লীর নিকটে 'সীরী' নামে এক নূতন শহর নির্মাণ করিয়াছিলেন। ইহা ব্যতীত তিনি সাম্রাজ্যের মধ্যে বহু মস্‌জিদ, বিদ্যালয় ও পান্থশালা নির্মাণ করাইয়াছিলেন। সুলতান নিজে নিরক্ষর হইলেও বিদ্যার প্রতি তাঁহার অকৃত্রিম অনুরাগ ছিল। বহু বিদ্বান ও ধার্মিক ব্যক্তি তাঁহার দরবারে সমাদর লাভ করিয়াছিলেন। শেখ নিজামউদ্দীন আউলিয়া এবং শেখ রুকনউদ্দীনকে তিনি বিশেষ শ্রদ্ধা করিতেন এবং ঐতি-হাসিক বরণী ও বিখ্যাত হিন্দীকবি, সঙ্গীতজ্ঞ ও সাহিত্যিক আমীর খুস্‌রু আলাউদ্দীনের সভাসদ্ ছিলেন। ফার্সী ভাষাতেও তাঁহার রচনাদি আছে।

শিল্পানুরাগ

খল্‌জী বংশের অবসান।—আলাউদ্দীন তাঁহার শেষ জীবনে অত্যন্ত খামখেয়ালি ও সন্দেহপ্রবণ হইয়া পড়িয়াছিলেন। এই সময় কাফুর সুলতানের বিশ্বাস অর্জন করিয়া তাঁহার প্রিয়পাত্র হইয়া উঠিলেন এবং গোপনে ক্ষমতা হস্তগত করিবার জন্য চক্রান্ত করিতে লাগিলেন। কাফুরের প্ররোচনায় বৃদ্ধ সুলতান তাঁহার এক নাবালক পুত্র সিহাবউদ্দীনকে উত্তরাধিকারী মনোনীত করিলেন।

সুলতানের মৃত্যুর পরে সিহাবউদ্দীনকে সিংহাসনে বসাইয়া কাফুর নিজেই রাজ্যশাসন করিতে লাগিলেন। এই সময় তাঁহার স্বেচ্ছাচারিতা ও ঔদ্ধত্য এতদূর বৃদ্ধি পাইল যে, খল্‌জীবংশের প্রতি অনুরক্ত ওমরাহ্ ও দাসগণ তাঁহাকে হত্যা করিয়া আলাউদ্দীনের তৃতীয় পুত্র কুতবউদ্দীন মুবারক শাহ্‌কে সিংহাসনে স্থাপিত করিলেন। সিহাবউদ্দীনকে অন্ধ করিয়া কারাগারে নিক্ষেপ করা হইল।

মুবারক শাহ্ সিংহাসন লাভ করিয়া দেশে সুশাসন ও শৃংখলা স্থাপন করিয়া অভিজাত সম্প্রদায় ও জনসাধারণের আনুগত্য লাভ করিলেন। কিন্তু অনতিকাল পরে তিনি খুস্রু নামে একজন ইসলাম-ধর্মাবলম্বী নীচ বংশোদ্ভব হিন্দু-অনুচরের হাতে শাসনভার ছাড়িয়া দিয়া বিলাসে নিমগ্ন হইলেন। ইহাতে দেশের সর্বত্র অসন্তোষ দেখা দিল। ইতিমধ্যে খুস্রু তাঁহাকে হত্যা করিলেন এবং 'নাসিরুউদ্দীন' উপাধি ধারণ করিয়া সুলতান হইয়া বসিলেন। সিংহাসন লাভ করিয়া খুস্রু অত্যন্ত অত্যাচারী হইয়া উঠিলেন। তিনি রাজ্যের সম্ভ্রান্ত আমীর এবং কর্মচারীদের অপসারিত করিয়া নিজের অনুগ্রহভাজন ব্যক্তিদের রাজ্যের উচ্চপদে নিয়োগ করিলেন। তাঁহার এই সকল কার্যে অসন্তুষ্ট হইয়া পাঞ্জাবের অন্তর্গত দীপালপুরের শাসনকর্তা গাজী মালিক তাঁহাকে পরাজিত ও নিহত করেন (১৩২০)। খল্জী বংশের কেহই আর জীবিত ছিলেন না; সুতরাং ওমরাহ্দের অনুমোদনে গাজী মালিক 'গিয়াস্উদ্দীন তুগ্লুক শাহ্' নাম ধারণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করেন।

কুতবউদ্দীন মুবারক শাহ্

অভিজাত সম্প্রদায়ের বিদ্রোহ

(খ) তুগ্লুক রাজবংশ

গিয়াস্উদ্দীন তুগ্লুক শাহ্ (১৩২০—'২৫)।—গিয়াস্উদ্দীন তুগ্লুক দিল্লীর সিংহাসনে যে রাজবংশের প্রতিষ্ঠা করেন তাহার নাম 'তুগ্লুক বংশ'। বৃদ্ধ বয়সে সিংহাসনে আরোহণ করিলেও, তিনি নানাবিধ সংস্কার প্রবর্তন করিয়া শাসনকার্যে যথেষ্ট কৃতিত্বের পরিচয় দান করেন এবং রাজ্যে শৃঙ্খলা স্থাপন করেন। তিনি 'তুগ্লুকাবাদ' নামে দিল্লীর নিকট একটি নূতন শহরেরও পত্তন করিয়াছিলেন।

শাসন-সংস্কার

আলাউদ্দীনের মৃত্যুর প্রায় সঙ্গে সঙ্গেই দাক্ষিণাত্যে বিদ্রোহ আরম্ভ হয়। অনেকে দিল্লীতে অরাজকতার অবসরে মুসলমানদের অধীনতাপাশ ছিন্ন করিয়াছিলেন। গিয়াস্উদ্দীন তাঁহার পুত্র ফখরুউদ্দীন মুহম্মদ জুনাকে বিদ্রোহ দমনের জন্য বরঙ্গলে প্রেরণ করিলেন (১৩২১ খৃঃ)। প্রথম অভিযান ব্যর্থ হইলেও ১৩২৩ খৃঃ অব্দে পুনরায় বরঙ্গল আক্রমণ করিয়া জুনা খাঁ রাজা প্রতাপরুদ্রদেবকে বন্দী করিয়া ফেলিলেন। ওদিকে বুগ্রা খাঁর

বংশধরগণ বাঙ্গালায় প্রায় স্বাধীন হইয়া উঠিয়াছিলেন। গিয়াস্‌উদ্দীন স্বয়ং সসৈন্যে বাঙ্গালায় অভিযান করেন, এবং সেখানে দিল্লীর শাসন সুপ্রতিষ্ঠিত করিয়া প্রত্যাবর্তনের পথে ত্রিহুত জয় করিলেন। জুনা খাঁ দিল্লীর উপকণ্ঠে এক সুবৃহৎ দারুমণ্ডপ নির্মাণ করাইয়া সেখানে মহাসমারোহে পিতাকে অভ্যর্থনা করেন। অকস্মাৎ দারুমণ্ডপটি ভাঙিয়া পড়ে এবং সুলতান তাঁহার কনিষ্ঠ পুত্র মাহ্‌মুদের সহিত মৃত্যুমুখে পতিত হন (১৩২৫)। সুপ্রসিদ্ধ আরব-পর্যটক ইব্‌ন্‌ বতুতা বলিয়াছেন যে, জুনা খাঁর ষড়যন্ত্রের ফলেই এই দুর্ঘটনা ঘটে।

মুহম্মদ বিন তুগ্‌লুক (১৩২৫—১৩৫১)

সিংহাসনারোহণ ও চরিত্র।—গিয়াস্‌উদ্দীনের মৃত্যুর পর তাঁহার পুত্র জুনা খাঁ মুহম্মদ বিন্‌ তুগ্‌লুক নাম ধারণ করিয়া সিংহাসনে আরোহণ করিলেন। মুহম্মদ ছিলেন দোষে-গুণে এক অদ্ভুত স্বভাবের লোক। গণিত, বিজ্ঞান, দর্শন, সাহিত্য, প্রভৃতি নানাশাস্ত্রে তিনি অসাধারণ পণ্ডিত ছিলেন। তাঁহার ব্যক্তিগত চরিত্রও ছিল সম্পূর্ণ নিষ্কলুষ। তিনি কখনও মদ্যপান করিতেন না এবং প্রাত্যহিক জীবনযাত্রায় নিরলসভাবে ইস্‌লামের অনুশাসন মানিয়া চলিতেন। রণক্ষেত্রে বীরত্ব ও কর্মপটুতার জন্যও তাঁহার খ্যাতি ছিল। প্রকৃতপক্ষে পাণ্ডিত্য ও অন্যান্য গুণে মধ্যযুগের রাজাদিগের মধ্যে তাঁহার সমকক্ষ কেহ ছিলেন না। কিন্তু তাঁহার স্বভাবে বিন্দুমাত্র সামঞ্জস্য ছিল না। স্বভাবতঃ তিনি ছিলেন উদার ও ন্যায়পরায়ণ; কিন্তু কার্যক্ষেত্রে অনেক সময় তিনি ন্যায়ের মর্যাদা পদদলিত করিয়া গিয়াছেন। অর্থনীতির সংস্কার করিতে গিয়া তিনি দেশের আর্থিক জীবনে এক মহা বিপর্যয় বাধাইয়া তুলিয়াছিলেন। রাজ্যজয়ের অদম্য উচ্চাভিলাষের ফলে তাঁহারই রাজত্বকালে তাঁহার বিশাল সাম্রাজ্য ছিন্নভিন্ন হইয়া গিয়াছিল এবং রাজভাণ্ডারের অপরিমেয় ধনরাশিও প্রায় নিঃশেষ হইয়া

চরিত্র



মুহম্মদ বিন্‌ তুগলুক

পড়িয়াছিল। অধিকাংশ যুদ্ধেই তিনি জয়লাভ করিয়াছিলেন তবুও আসন্ন বিনাশের কবল হইতে সাম্রাজ্য রক্ষা করিতে পারেন নাই। প্রজার উপকার করিতে গিয়া প্রজাপীড়নের যে অদ্ভুত দৃষ্টান্ত তিনি রাখিয়া গিয়াছেন তাহার তুলনা নাই। কিন্তু মুহম্মদের চরিত্র ও নীতির বিচার প্রসঙ্গে একটি কথা উল্লেখ করা প্রয়োজন। তিনি মধ্যযুগে রাজ্যশাসন করিয়াছিলেন। সে যুগ ছিল অশান্তি, বিশৃংখলা ও যুদ্ধবিগ্রহের যুগ। এজন্য শান্তি ও শৃংখলা রক্ষার জন্য রাজাদের বাধ্য হইয়া কঠোর নীতি অবলম্বন করিতে হইত। দয়া ও ক্ষমা প্রভৃতি গুণ তখন দুর্বলতার নামান্তর ছিল। যখনই কোন রাজার চরিত্রে এই গুণের সমাবেশ দেখা যাইত, তখনই রাজ্যে বার বার বিদ্রোহের আগুন জ্বলিয়া উঠিত। সুলতান যে কঠোরতা দেখাইয়াছেন ইহাও তাহার অন্যতম কারণ। ধৈর্যের অভাব মুহম্মদের চরিত্রের সর্বাপেক্ষা বড় ত্রুটি ছিল। যাহা তিনি ভাল মনে করিতেন, তাহাই দ্রুত সম্পাদন করিবার অদম্য আগ্রহ তাঁহার চরিত্রের একটি বৈশিষ্ট্য ছিল। ইহাতে কোন বাধা আসিলে তিনি ক্রোধে ক্ষিপ্ত হইয়া উঠিতেন। এজন্যই অনেক সময় প্রজার উপকার করিতে যাইয়া তিনি রাজ্যের গুরুতর অকল্যাণ ডাকিয়া আনিয়াছেন।

আভ্যন্তরীণ নীতি।—রাজপদ লাভ করিয়াই তিনি সাম্রাজ্যের প্রাদেশিক শাসনকর্তাদের দিল্লীতে আহ্বান করিয়া সমগ্র রাজ্যের রাজস্ব ও জমির হিসাব রাখার ব্যবস্থা করেন। কিন্তু তিনি রাজকর এমনভাবে বাড়াইয়া দিলেন যে, দরিদ্র কৃষকদের দুর্দশার আর সীমা রহিল না। অনেকেই বনে-জঙ্গলে গিয়া আশ্রয় লইল। সুলতানের আদেশে বন ঘিরিয়া ফেলিয়া যাহাকে পাওয়া গেল, তাহারই প্রাণবধ করা হইতে লাগিল। কৃষিকার্য একরকম বন্ধ হইয়া গেল; দেশে দুর্ভিক্ষ আরম্ভ হইল। ইহার প্রতিকারার্থে তিনি ছয়মাস ব্যাপিয়া সমস্ত প্রজাদের শস্যাদি এবং অন্নব্যঞ্জনাদি বিতরণ করিয়াছিলেন এবং কৃষিচালনার জন্য নিঃস্ব চাষীদের রাজকোষ হইতে অর্থ ধার দিয়াছিলেন।

করবৃদ্ধি

খেয়ালী সুলতান হঠাৎ দিল্লী হইতে দেবগিরিতে রাজধানী পরিবর্তন করিতে মনস্থ করিলেন। দক্ষিণাপথে তখন দিল্লীর আধিপত্য সবেমাত্র স্থাপিত হইয়াছে। সেখানে বার বার বিদ্রোহও হইতেছিল। সুতরাং দেবগিরিতে রাজধানী স্থাপিত হইলে দাক্ষিণাত্যে

শাসন-শৃংখলা স্থাপন করা সম্ভব হইবে, এই ধারণা তাঁহার হইল। রাজধানী পরিবর্তনের আরও একটি কারণ ছিল। দূর বিস্তৃত সাম্রাজ্যের ঠিক কেন্দ্রস্থলে অবস্থিত দেবগিরি হইতে সাম্রাজ্যের সর্বত্র দৃষ্টি রাখা ও শাসন পরিচালনা করা সুবিধা হইবে, ইহাও তিনি মনে করিয়াছিলেন; এবং তাঁহার এই ধারণাকে একেবারে অযৌক্তিক বলাও চলে না। দেবগিরিতে একটি দুর্গ নির্মাণ করিয়া তাহার নূতন নামকরণ করা হইয়াছিল 'দৌলতাবাদ'। কথিত আছে যে, তিনি দিল্লীর আবালবৃদ্ধবনিতা সকল অধিবাসীকে জোর করিয়া 'দৌলতাবাদে' পাঠাইলেন। ইহাতে সাধারণ লোকদের দুর্দশার অবধি রহিল না; বহু লোক পথে প্রাণ হারাইল। আট বৎসর পরে 'দৌলতাবাদ' সুলতানের আর ভাল লাগিল না, তখন সকলকে লইয়া তিনি পুনরায় দিল্লীতে ফিরিয়া আসিলেন। কিন্তু সুলতান ফিরিয়া আসিলেও দিল্লীর প্রাচীন গৌরব আর ফিরিয়া আসিল না।

রাজধানী পরিবর্তন

দিগ্বিজয়ের অভিপ্রায়ে সুলতান রাজত্বের প্রথম দিকেই একবার পারস্যের অধীন ইরাক ও খোরাসান জয় করিবার জন্য কয়েক লক্ষ সৈন্য সংগ্রহ করিলেন। এক বৎসর যাবৎ এই বিশাল বাহিনীর রসদ যোগাইয়া অবশেষে পারস্য-জয় অসম্ভব বিবেচনায় সৈন্যদের বিদায় দিতে হইল। পারস্য-জয়ের অভিপ্রায় ত্যাগ করিয়া সুলতান সুবিবেচনার পরিচয় দিয়াছিলেন; কারণ শক্তিশালী পারস্য জয় করিতে যাইয়া সুলতানকে যে দীর্ঘ যুদ্ধবিগ্রহে লিপ্ত হইতে হইত তাহার ফলাফল ছিল অনিশ্চিত। যুদ্ধে পরাজয় হইলে তাঁহার নিজ সাম্রাজ্য ধ্বংস হইবার সম্ভাবনা ছিল। অতঃপর সুলতান বর্তমান কুমায়ুন-ঘাড়োয়াল অঞ্চলে অবস্থিত কারাচল নামক হিন্দুরাজ্যটি জয় করিবার নিমিত্ত এক বিরাট বাহিনী পাঠাইলেন। হিমালয়ের পার্বত্য প্রদেশে এই বাহিনী একেবারে বিধ্বস্ত হইয়া গেল। যাহা হউক, সুলতানের এই অভিযান একেবারে ব্যর্থ হয় নাই। কারাচলের হিন্দুরাজা তাঁহার বশ্যতা স্বীকার করেন (১৩১৮)। ঐতিহাসিক ফেরিস্তা এই অভিযানকে ভুলক্রমে চীন-অভিযান বলিয়া উল্লেখ করিয়াছেন।

দিগ্বিজয়ের পরিকল্পনা

এই সকল অভিযানের ফলে রাজকোষ শূন্য হইয়া আসিল। তখন সুলতান চীনদেশে প্রচলিত কাগজের নোটের খবর পাইয়া তাহার অনুকরণে এদেশে তামার নোট চালাইবার ব্যবস্থা করিলেন। মুদ্রানীতির দিক্ হইতে এ ব্যবস্থা শাস্ত্রসম্মত।

তামার নোট

কিন্তু এই নোট যাহাতে কেহ জাল করিতে না পারে, এরূপ কোন সতর্কতা না থাকায়, লোকে অবাধে নোট জাল করিয়া অর্থশালী হইতে লাগিল; রাজকোষ জাল নোটে ভরিয়া গেল। বিদেশী বণিক্‌গণ উহা গ্রহণ করিতে অস্বীকার করিল। ফলে ব্যবসায়-বাণিজ্য প্রায় বন্ধ হইবার উপক্রম হইল। বাধ্য হইয়া স্থলতান নোটের প্রচলন বন্ধ করিয়া দিলেন। রাজকোষে যত জাল নোট জমিয়া উঠিয়াছিল, স্থলতান তাহার বিনিময়ে পূর্ণ মূল্য ফিরাইয়া দিলেন। ইহাতে রাজকোষের বিলক্ষণ ক্ষতি হইয়া গেল।

বিভিন্ন স্থানে বিদ্রোহ।—স্থলতানের এই সকল কার্যের ফলে সাম্রাজ্যের বিভিন্ন স্থানে বিদ্রোহ দেখা দিল, এবং বাঙ্গালা, অযোধ্যা, মালব, গুজরাট, মাহুরা ও বিদর প্রভৃতি স্থানের শাসনকর্তৃগণ স্বাধীনতা ঘোষণা করিলেন। স্থলতান কয়েকটি বিদ্রোহ দমন করিলেন। কিন্তু বাঙ্গালাদেশে শাম্‌স্‌উদ্দীন ইলিয়াস্ শাহের নেতৃত্বে একটি স্বাধীন রাজ্যের প্রতিষ্ঠা হইল। এদিকে দাক্ষিণাত্যের মা'বারে জালাল্‌উদ্দীন আহ্সান শাহ্ বিদ্রোহ করিয়া স্বাধীন হইয়া গেলেন। স্থলতান তাঁহাকে দমন করিতে পারিলেন না। মাহুরা ও তেলিঙ্গানা স্বাধীন হইল। দাক্ষিণাত্যে তখন হিন্দু ও মুসলমানগণ দিল্লীর বিরুদ্ধে সঙ্ঘবদ্ধ হন, এবং তাহারই ফলে কৃষ্ণা নদীর দক্ষিণে বিজয়নগরের হিন্দুরাজ্য (১৩৩৬) এবং কৃষ্ণার উত্তরে শিয়া-মুস্‌লিম বহ্মনী রাজ্য স্থাপিত হয় (১৩৪৭)। স্থলতান বিদ্রোহদমনের জন্য সাম্রাজ্যের এক প্রান্ত হইতে অপর প্রান্ত অবধি কেবলই ধাবিত হইতেছিলেন। অবশেষে সিন্ধু-দেশের তট্টা নামক স্থানে তিনি পীড়িত হইয়া পড়েন; সেইখানেই তাঁহার মৃত্যু হয় (১৩৫১)।

খলিফার সহিত সম্বন্ধ।—মুহম্মদ মনে করিতেন যে, খলিফা ভগবানের প্রতিনিধি এবং তাঁহার সম্মতি ব্যতীত কেহই রাজ্যশাসনের অধিকারী হইতে পারেন না। স্থতরাং স্থলতান খলিফার নিকট একজন দূত প্রেরণ করেন। খলিফা তখন রাজ্যচ্যুত হইয়া মিশরের স্থলতানের আশ্রয়ে বাস করিতেছিলেন। ১৩৪৪ খৃঃ অব্দে খলিফার দূত সনদসহ দিল্লীতে উপস্থিত হইলে মুহম্মদ তাঁহাকে সসম্মানে অভ্যর্থনা করিয়া প্রচুর ধনরত্ন উপহার দিয়াছিলেন।

ইব্‌ন্ বতুতা।—ইব্‌ন্ বতুতা উত্তর-আফ্রিকার অন্তর্গত মরক্কো-নিবাসী একজন খ্যাতনামা ও স্থপাণ্ডিত আরব-পর্যটক। ইনি মুহম্মদ তুগ্‌লুকের রাজত্বকালে ভারতে উপস্থিত

হন। সুলতান তাঁহাকে দিল্লীর কাজীর পদে নিযুক্ত করেন। কয়েক বৎসর পরে তিনি তাঁহাকে চীনদেশে দৌত্যকার্যে প্রেরণ করেন। বতুতা চীন যাইবার পথে বাঙ্গালা দেশের চট্টগ্রাম ও শ্রীহট্টে আসিয়াছিলেন। বাঙ্গালাদেশে জিনিষপত্রের মূল্য তখন অত্যন্ত সস্তা ছিল। তাঁহার লিখিত বিবরণ হইতে সমসাময়িক চীন ও ভারতের বহু তথ্য জানা যায়। বতুতা ভারতের সহিত চীনের সাংস্কৃতিক সম্বন্ধ উপলক্ষে যাহা লিখিয়াছেন, তাহার সহিত ক্যাথলিক পাদ্রী Odroic এবং ভিনিসীয় পর্যটক Marco Polo-র বিবরণ একত্রে (১২৮৮ ও ১২৯৩) পাঠ করিলে মধ্যযুগের ভারতবাসীরা যে ব্যবসায়-বাণিজ্যে ও অর্থগৌরবে পূর্ব ও পশ্চিমে সুপ্রসিদ্ধ ছিল ইহা প্রমাণিত হয়।

চীন ও ভারতের সম্বন্ধ

ফীরূজ শাহ্ (১৩৫১-১৩৮৮)

সিংহাসনারোহণ ও চরিত্র—সিন্ধুদেশে অকস্মাৎ মুহম্মদের মৃত্যু হইলে সহসা নেতৃত্ব-বিহীন হইয়া সেনাবাহিনীর মধ্যে বিশৃংখলা দেখা দিল। মুহম্মদের সৈন্যশ্রেণীর মধ্যে মঙ্গোল সৈন্যদের একটি বাহিনী ছিল। সুলতানের মৃত্যুর পরেই তাহারা বিদ্রোহী হইয়া শিবির লুণ্ঠন করিয়া গুজরাটের বিদ্রোহীদের সহিত যোগ দিল। এদিকে দিল্লীতে সুলতানের মৃত্যু সংবাদ পৌছাইলে খাজা-ই-জহান নামক একজন উচ্চপদস্থ কর্মচারী একজন শিশুকে মুহম্মদের পুত্র বলিয়া ঘোষণা করিয়া সিংহাসনে বসাইলেন। এই সব গোলযোগের ফলে সাম্রাজ্য ভাঙ্গিয়া পড়িতে পারে এই আশংকায় মালিক ও আমীরগণ মুহম্মদের জ্ঞাতি ভ্রাতা (খুল্লতাত পুত্র) ফীরূজকে সুলতান পদে নির্বাচিত করিয়া তাঁহাকে সিংহাসন গ্রহণ করিতে অনুরোধ করিলেন। ফীরূজ সমবেত অভিজাতবর্গের অনুরোধ এড়াইতে না পারিয়া সিংহাসনে উপবেশন করিলেন এবং অনতিবিলম্বে সৈন্যবাহিনীতে শৃংখলা স্থাপন করিয়া দিল্লী অভিমুখে রওনা হইলেন। তিনি দিল্লীতে উপস্থিত হইবামাত্র খাজা-ই-জহান তাঁহার বশ্যতা স্বীকার করিলেন। ফীরূজ নিরুপদ্রবে দিল্লীর সিংহাসন অধিকার করিলেন।

সাম্রাজ্যে বিশৃংখলা

ফীরূজ ছিলেন দয়ালু প্রকৃতির লোক,—বিনয়ী, নিরীহ, শান্ত ও নির্বিরোধী।

সমসাময়িক ঐতিহাসিকরা তাঁহাকে ধর্মানুরাগী বলিয়াও বর্ণনা করিয়াছেন। তিনি ব্যক্তিগত জীবনে ইস্‌লামের অনুশাসন মানিয়া চলিতেন এবং রাজ-প্রাসাদের জাঁকজমক নিষিদ্ধ করিয়া অতি সরল জীবন যাপন করিতেন। মুহম্মদের রাজত্বকালে তিনি রাজকার্যে অভিজ্ঞতা লাভ করিয়াছিলেন। মুসলমান ঐতিহাসিকগণ তাঁহাকে শ্রেষ্ঠ সুলতান বলিয়া অভিহিত করিয়াছেন।

চরিত্র

বিদ্রোহীদের বিরুদ্ধে অভিযান—বাঙ্গালা ও দাক্ষিণাত্যের স্বাধীনতা লাভ।—মুহম্মদ তুগলুকের শাসনকালের শেষভাগে রাজ্যের বিভিন্ন প্রদেশে বিদ্রোহ দেখা দিয়াছিল এবং বাঙ্গালা, দাক্ষিণাত্য প্রভৃতি অঞ্চল স্বাধীনতা ঘোষণা করিয়াছিল, একথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। সিংহাসনে উপবেশন করিয়া ফীরুজ বিদ্রোহ দমন করিয়া সর্বত্র দিল্লীর প্রভুত্ব পুনঃস্থাপিত করিতে অগ্রসর হইলেন। ১৩৫৩—'৫৪ খৃঃ অব্দে ফীরুজ বাঙ্গালাদেশ অধিকার করিবার চেষ্টা করেন। শাম্‌সুউদ্দীন ইলিয়াস শাহ্ একডালা দুর্গে আশ্রয় গ্রহণ করিয়া বিপুল বিক্রমে সুলতানকে বাধা দিয়া তাঁহার সকল চেষ্টা ব্যর্থ করিলেন। পরে আর একবার (১৩৬০) শাম্‌সুউদ্দীনের পুত্র সিকন্দরের রাজত্বকালে সুলতান বাঙ্গালা আক্রমণ করিয়াছিলেন, কিন্তু তখনও তাঁহাকে ব্যর্থমনোরথ হইয়াই ফিরিয়া যাইতে হইয়াছিল। বাঙ্গালাদেশের স্বাধীনতা তাঁহাকে স্বীকার করিয়া লইতে হইয়াছিল। সিন্ধুদেশেও তিনি দুইবার অভিযান করিয়াছিলেন; শেষ পর্যন্ত বহুকষ্টে জয়লাভ করিয়া তিনি সিন্ধুদেশে আধিপত্য স্থাপন করিয়াছিলেন। সিন্ধু অভিযানে তাঁহার বহু সৈন্য বিনষ্ট হইয়াছিল। দাক্ষিণাত্যে যে সকল স্থান দিল্লীর সুলতানের হস্তচ্যুত হইয়া পড়িয়াছিল সেগুলির পুনরুদ্ধারের জন্য তিনি বিশেষ কোন চেষ্টা করেন নাই। ইহার ফলে সাম্রাজ্যের আয়তন হ্রাস পাইল।

বাঙ্গালার সিকন্দরের সহিত সন্ধি স্থাপন করিবার পর ফীরুজ জাজনগর বা উড়িষ্যার বিরুদ্ধে অভিযান করিলেন। উড়িষ্যার অধিপতি ভীত হইয়া পলায়ন করিলেন। সুলতান পুরী অধিকার করিয়া জগন্নাথের মন্দিরটি অপবিত্র করিলেন। তখন উড়িষ্যা-রাজ বশ্যতা স্বীকার করিয়া বাৎসরিক করদানে সম্মত হইলে সুলতান দিল্লী প্রত্যাবর্তন করিলেন।

উড়িষ্যা জয়

মুহম্মদ তুগলুকের রাজত্বকালে পাঞ্জাবের নগরকোট দুর্গটি স্বাধীন হইয়া গিয়াছিল। ১৩৬০ খৃষ্টাব্দে ফীরূজ এই দুর্গটি পুনরধিকার করিলেন। এখানে একটি মন্দিরের গ্রন্থাগারে বহু মূল্যবান সংস্কৃত গ্রন্থ ছিল। ফীরূজের আদেশে তিনশত সংস্কৃত গ্রন্থ ফার্সীভাষায় অনূদিত হইল।

নগরকোট জয়

আভ্যন্তরীণ শাসন—ফীরূজ দয়ালু ও প্রজারঞ্জক শাসক ছিলেন। তিনি প্রজাদের করভার লাঘব করেন। কোরাণে উল্লিখিত চারিপ্রকার কর স্থাপন করিয়া অপরাপর নানাবিধ অবৈধ কর গ্রহণ প্রথা তিনি রহিত করিয়া দেন। ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নতির জন্য তিনি বহু প্রকার আন্তঃপ্রাদেশিক শুল্ক উঠাইয়া দেন। কৃষির উন্নতির জন্য তিনি বহু খাল ও জলাশয় খনন করেন। দুই শত মাইল দীর্ঘ সুপ্রসিদ্ধ যমুনার খাল তাঁহারই সময়ে খনন করা হইয়াছিল। কৃষি ও শিল্প-বাণিজ্যের শ্রীবৃদ্ধি হওয়ায় জনসাধারণের সুখ ও স্বাচ্ছন্দ্য বৃদ্ধি পাইয়াছিল।

অর্থনৈতিক সংস্কার ঃ জনকল্যাণমূলক কার্য

ফীরূজ বিচার বিভাগেরও সংস্কার সাধন করিয়াছিলেন। সেকালে অপরাধীদিগের প্রতি অমানুষিক অত্যাচার করার রীতি ছিল। সুলতান ইহা রহিত করিয়াছিলেন। প্রজাদের দুঃখ-দুর্দশা দূর করিবার নিমিত্ত তিনি বাৎসরিক এককোটি টাকা দানের ব্যবস্থা করেন। ফীরূজ শাসন বিভাগেরও কয়েকটি পরিবর্তন সাধন করেন। আলাউদ্দীন রাজকর্মচারীদিগকে নগদ বেতন দিতেন, কিন্তু ফীরূজ উহার পরিবর্তে জায়গীর প্রথা পুনঃ প্রবর্তন করেন।

শাসন সংস্কার

ফীরূজের শাসননীতি ইস্‌লামের অনুশাসনের ভিত্তির উপর প্রতিষ্ঠিত ছিল। তিনি গোঁড়া মুসলমান ছিলেন। তিনি দয়ালু ও হিন্দু মাতার সন্তান হইলেও ধর্মসম্বন্ধে ছিলেন অত্যন্ত অনুদার। হিন্দুদিগকে প্রকাশ্যভাবে ধর্মাচরণ করিতে নিষেধ করা এপর্যন্ত হইল। হিন্দুদের উপর 'জিজিয়া' কর পূর্বেই স্থাপিত হইয়াছিল, কিন্তু ব্রাহ্মণগণকে সে কর দিতে হয় নাই। কিন্তু ফীরূজের সময় তাহাদিগকেও উহা দিতে বাধ্য করা হয়। শিয়া-সম্প্রদায়ের মুসলমানদিগের উপরেও তিনি অত্যাচার করিতে ত্রুটি করেন নাই। অপরাপর ধর্মমতের প্রতি সম্মান দেখাইবার কোন প্রয়োজন আছে ইহা তিনি মনে করিতেন না এবং অমুসলমানদের

অনুদার ধর্মনীতি ও জিজিয়া কর

জোর করিয়া, অথবা প্রলুব্ধ করিয়া ইসলামধর্মে দীক্ষিত করিবার চেষ্টা তিনি করিয়াছেন। তাঁহার এই অনুদার ধর্মনীতির ফলে সাম্রাজ্য দুর্বল হইয়া পড়িয়াছিল।

ফীরূজ স্বয়ং বিদ্বান ছিলেন এবং বিদ্বান ব্যক্তিগণের সমাদর করিতেন। শিল্পানুরাগী হিসাবেও তিনি খ্যাতিলাভ করিয়াছিলেন। তিনি দিল্লীর উপকণ্ঠে 'ফীরূজাবাদ' নামে এক নগর স্থাপন করেন। জৌনপুর শহরও তাঁহার প্রতিষ্ঠিত। এতদ্ভিন্ন তিনি অনেকগুলি মসজিদ, মাদ্রাসা, আরোগ্যশালা, উদ্যান প্রভৃতি নির্মাণ করেন। শিক্ষা ও সংস্কৃতির উন্নতিকল্পে তিনি বহু বিদ্যায়তন প্রতিষ্ঠা করেন। বহু ধার্মিক ও পণ্ডিতব্যক্তি তাঁহার পৃষ্ঠপোষকতা লাভ করিয়াছিলেন। ইঁহাদের মধ্যে জলালউদ্দীন রুমীর নাম বিশ্ববিখ্যাত।

শিল্প ও সংস্কৃতি

শিল্পকার্য

ফীরূজ সুদীর্ঘ ৩৭ বৎসর রাজত্ব করিয়াছিলেন। ১৩৮৮ খৃঃ অব্দে প্রায় আশী বৎসর বয়সে তাঁহার মৃত্যু হয়।

অরাজকতা।—ফীরূজের মৃত্যুর সঙ্গে সঙ্গে রাজ্যময় অরাজকতা আরম্ভ হইয়া গেল। ১৩৮৮ হইতে ১৩৯৮ খৃঃ অব্দের মধ্যে পাঁচজন অযোগ্য সুলতান পর পর সিংহাসন লাভ করেন। অবশেষে এই বংশের শেষ সুলতান মাহমুদ তুগ্‌লুক সিংহাসনে আরোহণ করেন। তাঁহার রাজত্বকালে প্রসিদ্ধ তায়মুরলঙ্গ ভারত আক্রমণ করেন। বিশাল দিল্লী সাম্রাজ্য তখন সঙ্কুচিত হইয়া দিল্লী ও তাহার পার্শ্ববর্তী কয়েকটি অঞ্চলে সীমাবদ্ধ হইয়াছিল।

তায়মুরের আক্রমণ।—১৩৯৮ খৃঃ অব্দে সমরকন্দের অধিপতি, পারস্য ও ইরাক-বিজয়ী তায়মুর বেগ্ ভারতবর্ষ আক্রমণ করেন। তায়মুর ছিলেন মঙ্গোলজাতির অন্তর্গত তুর্কীদের চাঘ্‌তাই শাখার নায়ক। তাঁহার একটি পা ছিল খোঁড়া; তাই ইতিহাসে তিনি তায়মুর লঙ্গ বা (খোঁড়া তায়মুর) নামে পরিচিত। চিঙ্গিজ খাঁর পরে এশিয়ায় তাঁহার ন্যায় পরাক্রান্ত দিগ্বিজয়ী আর কেহ জন্মগ্রহণ করিয়াছেন কিনা সন্দেহ।

তায়মুরের পরিচয়

পানিপথের নিকট তুগ্‌লুগ বংশের শেষ রাজা মাহমুদ তুগ্‌লুকের সেনাপতি মল্লু ইক্‌বালের নেতৃত্বে হিন্দু-মুসলমানের এক সম্মিলিত বাহিনী তায়মুরের বিরুদ্ধে দণ্ডায়মান হইল; কিন্তু তায়মুর অনায়াসে তাহাদিগকে পরাজিত করিয়া সগৌরবে দিল্লী প্রবেশ

করিলেন। মাহ্‌মুদ তুগ্‌লুক ইতিপূর্বেই গুজরাটে পলায়ন করিয়াছিলেন। তায়মুরের দিল্লীতে প্রবেশের পথেই একলক্ষ হিন্দু-বন্দীকে হত্যা করা হইয়াছিল। সেখানে প্রবেশ করিয়া একাদিক্রমে পাঁচ দিন নগরী লুণ্ঠন করা হইল; সহস্র সহস্র স্ত্রী-পুরুষ, বালক-বালিকা নিহত হইল। তারপর শত শত বৎসরের সঞ্চিত ধনরাশি লুণ্ঠন করিয়া তায়মুর সমরকন্দে ফিরিয়া গেলেন। তায়মুর সহস্র সহস্র নরনারীকে বন্দী করিয়া লইয়া দেশে ফিরিলেন; বন্দীদের মধ্যে অনেক ভারতীয় শিল্পীও ছিলেন। তাঁহাদিগকে সমরকন্দের প্রাসাদ, অট্টালিকা, প্রভৃতি নির্মাণে নিযুক্ত করা হয়, অপর সকলকে দাসদাসীরূপে বিক্রয় করিয়া দেওয়া হয়। তায়মুর দেশে ফিরিবার পর দুর্ভিক্ষ ও মহামারীতে ধন-জনপূর্ণ দিল্লীনগরী শ্মশানে পরিণত হইল।

দিল্লী-লুণ্ঠন



তায়মুরলঙ্গ

তায়মুর চলিয়া গেলে স্থলতান দিল্লীতে ফিরিয়া আসিলেন বটে, কিন্তু সে মহাশ্মশানে বসিয়া তুগ্‌লুক বংশের লুপ্ত গৌরব ফিরাইয়া আনিবার কোনই সম্ভাবনা আর ছিল না। অবশেষে দীর্ঘ তেইশ বৎসর নামেমাত্র রাজত্ব করিবার পর, ১৪১৩ খৃঃ অব্দে তাঁহার মৃত্যু হইল। মাহ্‌মুদ শাহের মৃত্যুর সঙ্গে সঙ্গে তুগ্‌লুক বংশও নিশ্চিহ্ন হইয়া গেল।

(গ) সৈয়দ ও লোদী বংশ (১৪১৪—১৫২৬)

(তুর্ক-আফগান সাম্রাজ্যের পতন)

সৈয়দ স্থলতানগণ।—(১৪১৪—'৫১)।—মাহ্‌মুদ তুগ্‌লুকের মৃত্যুর অল্পকাল পরে মূলতানের শাসনকর্তা খিজ্‌র খাঁ দিল্লী অধিকার করিলেন (১৪১৪)। খিজ্‌র খাঁ এবং তাঁহার বংশধরগণ 'সৈয়দ' নামে পরিচিত, কারণ তাঁহারা নিজেদের হজরত্ মুহম্মদের দৌহিত্র বংশ বলিয়া পরিচয় দিতেন। খিজ্‌র খাঁ তায়মুর

খিজ্‌র খাঁ

এবং তাঁহার পুত্রদের প্রতিনিধি হিসাবেই দিল্লী শাসন করিতেন। দিল্লীরাজ্য তখন দিল্লী ও তৎপার্শ্ববর্তী অঞ্চলে সীমাবদ্ধ ছিল। ১৪২১ খৃষ্টাব্দে খিজ্‌র খাঁর মৃত্যু হইলে তাঁহার তিনজন বংশধর—মুবারক শাহ্‌, মুহম্মদ শাহ্‌ এবং আলাউদ্দীন আলম্‌ শাহ্‌ ক্রমান্বয়ে পরবর্তী ৩০ বৎসর কাল রাজত্ব করেন। ১৪৫১ খৃষ্টাব্দে পাঞ্জাবের আফগান শাসনকর্তা বহলুল লোদী সৈয়দ বংশের শেষ সুলতানকে বিতাড়িত করিয়া দিল্লীর সিংহাসন অধিকার করেন।

লোদীবংশ।—(১৪৫১—১৫২৬)।—বহ্‌লুল লোদীই ছিলেন দিল্লীর প্রথম আফগান সুলতান। তিনি জৌনপুররাজ হুসেন শাহ্‌কে পরাভূত করিয়া নিজ পুত্র বার্‌বক শাহ্‌কে সেখানকার শাসনকর্তা নিযুক্ত করিলেন। পূর্বে কাশী, পশ্চিমে পাঞ্জাব এবং দক্ষিণে বুন্দেল-খণ্ডের সীমা পর্যন্ত তাঁহার আধিপত্য মোটামুটিভাবে স্বীকৃত হইল। বহলুল একজন কৃতী শাসক ছিলেন। তিনি দিল্লীর শক্তিশালী আমীর ওমরাহদের দমন করিয়া রাজ্যে শান্তি ও শৃংখলা স্থাপিত করিয়াছিলেন।

সিকন্দর লোদী

১৪৮৯ খৃঃ অব্দে বহ্‌লুলের মৃত্যুর পর তাঁহার এক পুত্র নিজাম খাঁ 'সিকন্দর শাহ্‌' উপাধি ধারণ করিয়া সিংহাসনে আরোহণ করিলেন। তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা জৌনপুরের বার্‌বক শাহের সহিত তাঁহার বিরোধ বাধিয়া গেল। সিকন্দর তাঁহাকে পরাভূত করিয়া জৌনপুর অধিকার করিয়া লইলেন। তারপর বিহার জয় করিয়া তিনি ত্রিহুত পর্যন্ত রাজ্যসীমা বিস্তার করেন। সুলতান সিকন্দর অত্যন্ত হিন্দুবিদ্বেষী ছিলেন। তিনি বহু হিন্দু মন্দির বিনষ্ট করেন এবং বলপূর্বক বহু হিন্দুকে ধর্মান্তরিত করেন।

দেশের সমৃদ্ধি

সিকন্দরের রাজত্বকাল দ্রব্যাদির সুলভ মূল্যের জন্য প্রসিদ্ধ হইয়া আছে। ন্যায়পরায়ণতা এবং সুশাসনের জন্যও তিনি বিখ্যাত ছিলেন। বহুকাল পূর্বে গজনীর সুলতান মাহ্‌মুদ আগ্রা শহরটিকে বিধ্বস্ত করিয়া দিয়াছিলেন। সিকন্দর উহার সংস্কার করিয়া শ্রীহীন শহরটিকে নূতন করিয়া গড়িয়া তোলেন। দিল্লীতেও লোদী-উদ্যান বিখ্যাত।

ইব্রাহিম লোদী

পানিপথের প্রথম যুদ্ধ (১৫২৬)

১৫১৭ খৃঃ অব্দে সিকন্দরের মৃত্যুর পর তাঁহার পুত্র ইব্রাহিম সুলতানপদে অভিষিক্ত হইলেন। ওমরাহ্‌দের চক্রান্তে রাজ্যে পুনরায় অরাজকতা দেখা দিল। বিহারের শাসনকর্তা দরিয়া খাঁ লোহানী স্বাধীনতা ঘোষণা করিলেন। লাহোরের আফগান শাসনকর্তা দৌলত খাঁ লোদী কাবুলের মুঘলরাজা বাবরকে দিল্লীজয়ের জন্য সসম্মানে নিমন্ত্রণ করিয়া পাঠাইলেন। পানিপথের প্রসিদ্ধ রণাঙ্গণে বাবর ও ইব্রাহিম লোদীর যুদ্ধ হইল। শেষ আফগান-সম্রাট্‌ ইব্রাহিম,

বীরের ন্যায় যুদ্ধ করিয়া রণক্ষেত্রে প্রাণত্যাগ করিলেন (১৫২৬)। বাবর দিল্লী অধিকার করিলেন। দিল্লীতে পুনরায় মুঘল-তুর্কী আধিপত্য স্থাপিত হইল।

সুলতানী রাজবংশ

(ক) দাসবংশ (১২০৬—'৯০ খৃঃ)

(১) কুতব্‌উদ্দীন (১২০৬-'১০)—মুহম্মদ ঘুরীর ক্রীতদাস

(২) অরাম (দত্তক পুত্র)—(১২১০-'১১)—(সিংহাসনচ্যুত)

(৩) ইলতুৎমিস্ (১২১১-'৩৬)—কুতব্‌উদ্দীনের জামাতা

(৪) রুক্‌নুদ্দীন (১২৩৬) (৫) রজিয়া (৬) মুইজ্‌উদ্দীন বহ্‌রাম (৮) নাসির্‌উদ্দীন মাহ্‌মুদ
সিংহাসনচ্যুত ও নিহত (১২৩৬-'৪০) (১২৪০-'৪২) (১২৪৬-'৬৬)

(৭) আলাউদ্দীন মাহ্‌মুদ—(১২৪২-'৪৬)

(৯) গিয়াস্‌উদ্দীন বলবন (১২৬৬-'৮৭)—(নাসির্‌উদ্দীনের শ্বশুর)

(১০) কায়কোবাদ (১২৮৭-'৯০)

কায়মর্স

(খ) খল্‌জীবংশ (১২৯০—১৩২০ খৃঃ)

(১) জলাল্‌উদ্দীন খল্‌জী (১২৯০-১২৯৬)

(২) রুক্‌নুদ্দীন (১২৯৬)—সিংহাসনচ্যুত

(৩) আলাউদ্দীন খল্‌জী (১২৯৬-১৩১৬)—জলাল্‌উদ্দীনের ভ্রাতুষ্পুত্র

(৪) শাহব্‌উদ্দীন মুবারক (১৩১৬)—নিহত (৫) কুতব্‌উদ্দীন মুবারক (১৩১৬-'২০)

(৬) নাসির্‌উদ্দীন খুসরু (১৩২০)—কুতব্‌উদ্দীন মুবারকের কর্মচারী

(গ) তুগ্‌লুকবংশ (১৩২০—১৪১৩ খৃঃ)

- (১) গিয়াসউদ্দীন তুগ্‌লুক (১৩২০-'২৫)
  - (২) মুহম্মদ বিন্ তুগ্‌লুক (১৩২৫-'৫১)
- (৩) ফিরুজ শাহ্ তুগ্‌লুক (১৩৫১-'৮৮)—মুহম্মদ তুগ্‌লুকের খুল্লতাত-পুত্র
  - ফতে খাঁ
    - (৮) নসরৎ শাহ্ (১৩৯৪-'৯৮)
    - (৪) ২য় গিয়াসউদ্দীন তুগ্‌লুক্ (১৩৮৮-'৮৯)
    - (৫) আবুবকর (১৩৮৯-'৯০)
  - জাফর খাঁ
  - (৬) নাসিরুদ্দীন মুহম্মদ (১৩৯০-'৯৪)
    - (৭) আলাউদ্দীন সিকন্দর (১৩৯৪)
    - (৯) মাহমুদ শাহ্ (১৩৯৮-১৪১৩)

(ঘ) সৈয়দবংশ (১৪১৪—'৫১ খৃঃ)

- (১) খিজ্‌র খাঁ (১৪১৪-'২১)
  - (২) মুইজউদ্দীন (১৪২১-১৪৩৪)
  - ফরিদ খাঁ
    - (৩) মুহম্মদ শাহ্ (১৪৩৪-'৪৫)
      - (৪) আলাউদ্দীন আলম শাহ্ (১৪৪৫-'৫১)

(ঙ) লোদীবংশ (১৪৫১—১৫২৬ খৃঃ)

- (১) বহ্‌লুল লোদী (১৪৫১-'৮৯)
  - (২) সিকন্দর লোদী (১৪৮৯-১৫১৭)
    - (৩) ইব্রাহিম লোদী (১৫১৭-'২৬) পানিপথের যুদ্ধে নিহত ; পাঠানবংশের লোপ ও মুঘল রাজবংশের প্রতিষ্ঠা।

প্রশ্নাবলী

১। আলাউদ্দীন খল্‌জীর চরিত্র ও কার্যাবলী সম্বন্ধে কি জান?

২। বিজেতা ও শাসক হিসাবে আলাউদ্দীন খল্‌জীর সংক্ষিপ্ত বিবরণ দাও।

৩। আলাউদ্দীনের শাসনাদর্শ সম্বন্ধে কি জান? তাঁহার চরিত্র ও কৃতিত্বের বিচার কর।

৪। খল্‌জী সাম্রাজ্যের পতন কিরূপে ঘটিয়াছিল বর্ণনা কর।

৫। মুহম্মদ বিন্ তুগ্‌লুকের রাজত্বের বিবরণ দাও এবং তাঁহার কার্যাবলীর ফলে কিরূপে তুগ্‌লুক সাম্রাজ্যের পতন ঘটিয়াছিল দেখাও।

৬। মুহম্মদ তুগ্‌লুকের চরিত্রের সমালোচনা কর এবং তাঁহার রাজত্বের বিবরণ দাও।

৭। ফীরূজ শাহের রাজত্বের সংক্ষিপ্ত বিবরণ লিখ। প্রজাদের মঙ্গলার্থে তিনি যাহা করিয়াছিলেন তাহা বর্ণনা কর।

৮। তায়মুরের ভারত আক্রমণ ও ইহার ফলাফল বর্ণনা কর।

৯। ইহাদের সম্বন্ধে কি জান? আলাউদ্দীনের দাক্ষিণাত্য জয়; মালিক কাফুর, নিজামউদ্দীন আউলিয়া, আমীর খুসরু, ইব্‌ন বতুতা, খল্‌জী সাম্রাজ্যবাদের স্বরূপ, আলাউদ্দীনের দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ-ব্যবস্থা, সৈয়দবংশ, বহ্‌লুল লোদী, পানিপথের প্রথম যুদ্ধ, বাবরের দিল্লী জয়ের প্রাকালে ভারতের রাজনৈতিক অবস্থা।

ষোড়শ অধ্যায়

বঙ্গদেশ, উড়িষ্যা ও আসাম

পূর্বাভাষ।—কুতব্‌উদ্দীনের সিংহাসনে আরোহণ (১২০৬) হইতে পানিপথের যুদ্ধে বাবরের জয়লাভ (১৫২৬) পর্যন্ত, কিঞ্চিদধিক তিনশত বৎসরের ইতিহাস ছিল ভারতবর্ষে তুর্কীশাসনের প্রথম অধ্যায়। এই সুদীর্ঘ কালকে দুইটি পর্বে ভাগ করা যাইতে পারে। প্রথম পর্বে আমরা পাই দিল্লীর তুর্কীর সুলতানদের প্রাধান্যবিস্তার—ইহা ১২০৬ খৃঃ অব্দ হইতে ১৩৩৮ খৃঃ অব্দ পর্যন্ত, একশত বত্রিশ বৎসরের ইতিহাস। ইহার

প্রথম ভাগ (১২০৬—১২৯৪) ব্যয়িত হয় উত্তর-ভারতে তুর্কীপ্রাধান্য প্রতিষ্ঠায় এবং দ্বিতীয় ভাগের প্রধান রাজনীতিক ঘটনা দাক্ষিণাত্যে মুসলমান-অধিকার বিস্তার। ১৩৩৮ খৃঃ অব্দ হইতে ১৫০৬ খৃঃ অব্দ পর্যন্ত প্রায় দুইশত বৎসর ধরিয়া সমগ্র ভারতে দিল্লীর সুলতানদের বিরুদ্ধে ব্যাপক প্রতিক্রিয়া দেখা যায়। তখন হইতে তুর্কীশাসনের দ্বিতীয় পর্বের সূচনা হয়। এই সময়ে উত্তর ও দক্ষিণ ভারতে বহু স্বাধীন রাজ্য প্রতিষ্ঠিত হয় এবং সঙ্গে সঙ্গে দিল্লী সুলতানদের পতন আরম্ভ হয়।

(ক) বঙ্গদেশ

তুর্কী বিজয়।—ইখ্‌তিয়ারউদ্দীন মুহম্মদ লক্ষ্মণসেনের নিকট হইতে পশ্চিম ও উত্তর বঙ্গ অধিকার করিয়াছিলেন। কিন্তু সমগ্র বঙ্গদেশ কখন তুর্কীদের পদানত হয় তাহা বলা কঠিন। সম্ভবতঃ ত্রয়োদশ শতকের শেষার্ধে সমগ্র বাঙ্গালায় তুর্কী-আধিপত্য বিস্তৃত হয়। ইখ্‌তিয়ারউদ্দীনের মৃত্যুর পর বঙ্গদেশে খল্‌জী ওমরাহ্‌দের শাসন প্রবর্তিত হয়। দিল্লী হইতে বঙ্গদেশের দূরত্ব অল্প নয়, তাই সুযোগ পাইলেই বঙ্গের শাসকগণ দিল্লীশ্বরের অধীনতাপাশ ছিন্ন করিতে চেষ্টা করিতেন।

খল্‌জী-শাসন

বাঙ্গালায় বিদ্রোহ।—সুলতান ইল্‌তুৎমিসের সময় বাঙ্গালার শাসক ইবাজ খাঁ প্রতাপশালী হইয়া উঠেন এবং দিল্লীর প্রাধান্য অস্বীকার করেন। কিন্তু অবশেষে ইল্‌তুৎমিসের নিকট তাঁহাকে বশ্যতা স্বীকার করিতে হয় (১২২৭)। ইহার পর বাঙ্গালার শাসকগণ প্রতিবেশী রাজ্যগুলির (উড়িষ্যা, আসাম) সহিত যুদ্ধবিগ্রহ করিয়া দিন কাটাইতে লাগিলেন। অবশেষে সুলতান বল্‌বনের রাজত্বকালে বঙ্গের শাসনকর্তা তুগ্রিল খাঁ স্বাধীনতা ঘোষণা করিয়া দুই-দুই বার দিল্লীর সৈন্যদলকে পরাজিত করিলে বল্‌বন স্বয়ং বাঙ্গালায় প্রবেশ করিয়া তাঁহাকে পরাজিত ও নিহত করেন (১২৭৯—'৮২) এবং পুত্র বুগ্‌রা খাঁর উপর বঙ্গের শাসনভার ন্যস্ত করেন। তখন হইতে বুগ্‌রা খাঁর বংশধরগণই বাঙ্গালা শাসন করিতে থাকেন। আলাউদ্দীন খল্‌জীর মৃত্যুর পর দিল্লীতে অরাজকতার সুযোগে বঙ্গদেশে পুনরায় বিদ্রোহ দেখা দেয়। আবার, সঙ্গে সঙ্গে বুগ্‌রা খাঁর উত্তরাধিকারীদের মধ্যেও গৃহবিবাদ আরম্ভ হইয়া যায়। গিয়াসউদ্দীন তুগ্‌লুক (১ম) স্বয়ং বাঙ্গালায় গমন করিয়া বিদ্রোহীদিগকে দমন করিলেন এবং দিল্লীর আধিপত্য পুনঃ স্থাপিত করিলেন। এই সময় তিনি বাঙ্গালাদেশকে লক্ষ্মণাবতী, সাতগাঁ এবং সোনারগাঁ নামক তিনটি

তুগ্রিল খাঁর বিদ্রোহ

বিভিন্ন প্রদেশে বিভক্ত করিয়া দেন। মুহম্মদ তুগ্‌লুক উপরোক্ত প্রদেশসমূহের শাসনভার যথাক্রমে কদর্ খাঁ, ইজউদ্দীন ও গিয়াসউদ্দীন বহাদুরের হস্তে অর্পণ করেন। কিন্তু গিয়াসউদ্দীন পুনরায় বিদ্রোহী হইয়া নিহত হইলে বহ্‌রাম খাঁ নামক এক ব্যক্তি সোনার-গাঁয়ের শাসনভার প্রাপ্ত হন। ১৩৩৬ খৃষ্টাব্দে বহ্‌রামের মৃত্যুর পরে তাঁহার জনৈক কর্মচারী ফকরউদ্দীন মুবারক শাহ্‌ সোনারগাঁয়ে স্বাধীনভাবে রাজত্ব করিতে আরম্ভ করেন। কিছুকাল মধ্যেই আলাউদ্দীন আলী শাহ্‌ (১৩৩৯—'৪৫) লক্ষণাবতী হইতে পাণ্ডুয়াতে রাজধানী স্থানান্তরিত করিয়া উত্তর ও পশ্চিমবঙ্গ জুড়িয়া একটি স্বাধীন রাজ্য স্থাপিত করেন।

স্বাধীন বাঙ্গালা—ইলিয়াস্ শাহী বংশ।—তাহার পর শাম্‌স্‌উদ্দীন ইলিয়াস্ শাহ্ সমগ্র বঙ্গদেশ অধিকার করিলেন এবং পাণ্ডুয়ায় রাজধানী স্থাপন করিয়া স্বাধীনভাবে রাজত্ব করিতে লাগিলেন। শাম্‌স্‌উদ্দীন ইলিয়াস্ শাহ্ সম্ভবতঃ ১৩৪৫ হইতে ১৩৫৭ খৃঃ অব্দ পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন। সম্ভবতঃ বঙ্গদেশ হইতে বারাণসী পর্যন্ত সমগ্র ভূ-ভাগ তাঁহার করায়ত্ত হইয়াছিল। সুলতান ফীরূজ শাহ্ স্বয়ং তাঁহার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াও তাঁহাকে বশ্যতা স্বীকার করাইতে পারেন নাই (১৩৫৩)।

ইলিয়াস্ শাহ্

শাম্‌স্‌উদ্দীন ইলিয়াস্ শাহের মৃত্যুর পর তাঁহার পুত্র সিকন্দর শাহ্ বাঙ্গালার সিংহাসনে আরোহণ করেন। এবারও দিল্লীশ্বর ফীরূজ শাহ্ বঙ্গদেশ আক্রমণ করিয়া ব্যর্থমনোরথ হন। সিকন্দরের রাজত্বকালে পাণ্ডুয়ার বিখ্যাত আদিনা মস্‌জিদ নির্মিত হয়। সিকন্দরের পুত্র গিয়াস্‌উদ্দীন আজম্ সম্ভবতঃ ১৩৯৩ খৃঃ অব্দ হইতে ১৪১০ খৃঃ অব্দ পর্যন্ত কৃতিত্বের সহিত বঙ্গদেশ শাসন করেন। সিকন্দর শাহ্ যখন পাণ্ডুয়ায় রাজত্ব করিতেছিলেন তখন তাঁহার পুত্র গিয়াস্‌উদ্দীন সোনারগাঁয় নিজ রাজধানী স্থাপন করিয়া স্বাধীনভাবে শাসন করিতে থাকেন। তিনি একদিকে যেমন পারস্যের সুপ্রসিদ্ধ কবি হাফেজকে বাঙ্গালায় আমন্ত্রণ করেন, তেমনি চীন-দেশের সহিতও সম্বন্ধস্থাপনে সচেষ্ট ছিলেন। মিং-বংশের সম্রাট্ ইয়ং-লোর নিকট ১৪০৮ খৃঃ অব্দে গিয়াস্ বাঙ্গালাদেশের বিচিত্র শিল্পসম্ভারসমেত দূত প্রেরণ করেন। ১৪৩৮ খৃঃ অব্দ পর্যন্ত বাঙ্গালার স্বাধীন সুলতানদের সহিত মিং-সম্রাটের আদান-প্রদান চলিয়াছিল। সম্রাট্ ইয়ং-লো সুদক্ষ চীনা নাবিকদের সাহায্যে জলপথে মৈত্রীদূতগণকে বাঙ্গালাদেশে প্রেরণ করেন। কথিত আছে, ৬২ খানি চীনা জাহাজ কয়েক হাজার সৈন্য,

সিকন্দর শাহ্ ও গিয়াস্‌উদ্দীন আজম্

চীন-সাম্রাজ্যের দৌত্য (১৪০৮-'৩৮)

লস্কর ও রাজপ্রতিনিধির সহিত কোচিন-চীন ও মালয় অতিবাহন করিয়া স্ুমাত্রা, নিকোবর দ্বীপ পার হইয়া চাটগাঁ হইতে ক্রমশঃ মেঘনা নদীর তীরস্থ সোনারগাঁ এবং শেষে পশ্চিম-বঙ্গের পাণ্ডুয়ায় আসিয়া উপস্থিত হয়।

চীনা দো-ভাষী পণ্ডিতপ্রবর মা-হুয়ান (Ma Huan) এই সময়ে যে বর্ণনা লিপিবদ্ধ করিয়াছিলেন তাহা মিং (Ming) রাজবংশের ইতিহাসের মধ্যে সম্প্রতি আবিষ্কৃত হইয়াছে। ইহাতে লিখিত আছে—বাঙালীরা চামড়ার জুতা ব্যবহার করিত, মেয়েরা রেশমের জামা ও শাড়ী এবং বহুবিধ মূল্যবান্ অলঙ্কার পরিত, পুরুষরা অত্যন্ত লম্বা-চওড়া ও বলিষ্ঠ ছিল। বাঙ্গালার সঙ্গীত, বাদ্যযন্ত্র, নটীদের নৃত্যকলা, নারীদের বহুমূল্য অলঙ্কার, মস্‌লিন, গাছের ছালের কাগজে নির্মিত পঞ্জিকা (Calendar), প্রভৃতি বহু কারুশিল্পের (arts & crafts) উচ্ছ্বসিত প্রশংসা, উক্ত চীনা ঐতিহাসিক করিয়া গিয়াছেন। গিয়াসের বংশধরগণও চীনা রাজদরবারের সহিত সম্বন্ধ বজায় রাখিয়াছিলেন এবং ১৪৩৮ খৃষ্টাব্দে যে উপঢৌকন বাঙ্গালাদেশ হইতে প্রেরণ করা হইয়াছিল, তাহার মধ্যে গণ্ডারের খড়্গ, ময়ূরপুচ্ছ ও বিচিত্র মণিখচিত আসবাব, কিংখাপ, শুকপাখী, জীরাফ প্রভৃতি বিশেষ উল্লেখযোগ্য। বাংলাদেশের আতিথ্য, বদান্য ও ঐশ্বর্যের প্রচুর সুখ্যাতি এই সময়কার চীনা ইতিবৃত্তে পাওয়া যায়।

চীনা ঐতিহাসিকের বঙ্গদর্শন

বাঙ্গালার কারুশিল্প

রাজা গণেশ।—১৪১০ খৃঃ অব্দের পর কোনও এক সময়ে উত্তরবঙ্গে দিনাজপুর ও ভাতুড়িয়ার জমিদার রাজা গণেশ অত্যন্ত প্রতাপশালী হইয়া উঠেন। ইলিয়াস্ শাহের কোনও একজন বংশধরকে সিংহাসনচ্যুত করিয়া তিনি রাজপদ অধিকার করেন। কিন্তু রাজা গণেশের নামাঙ্কিত কোন মুদ্রা না পাওয়ায় অনেকে মনে করেন যে, তিনি কোন মুস্‌লিম নরপতিকে ক্রীড়াপুত্তলিস্বরূপ পুরোভাগে রাখিয়া রাজ্যশাসন করিতেন। যে সময় গণেশ বা তাঁহার পুত্র যদু রাজত্ব করিতেন বলিয়া অনুমিত হয়, সেই সময়ে দনুজমর্দনদেব নামে আর একজন হিন্দু নরপতিও উত্তর ও পূর্ববঙ্গে নিজের প্রাধান্য বিস্তার করিয়াছিলেন। পাণ্ডুয়া, সুবর্ণগ্রাম (সোনার গাঁ) ও চট্টগ্রামের টাঁকশালে উৎকীর্ণ তাঁহার মুদ্রা পাওয়া গিয়াছে। কেহ কেহ অনুমান করেন যে, এই দনুজমর্দনদেবই রাজা গণেশ।

রাজা গণেশ

দনুজমর্দনদেব

গণেশের পর তাঁহার ইস্‌লামধর্মাবলম্বী পুত্র যদু জলাল্‌উদ্দীন নাম ধারণ করিয়া সিংহাসনে আরোহণ করেন। তিনি হিন্দুদের নিষ্ঠুরভাবে নির্যাতন করিয়াছিলেন। ইহার পর পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগে রাজক্ষমতা পুনরায় ইলিয়াস্‌ শাহের বংশধরদের হস্তগত হয়। তাঁহারা শ্রীহট্ট পর্যন্ত নিজেদের অধিকার বিস্তার করেন। আনুমানিক ১৪৮৬ খৃঃ অব্দে জনৈক হাবসী খোজা ইলিয়াস্‌শাহী বংশের শেষ রাজাকে হত্যা করিয়া বাংলার সিংহাসন অধিকার করেন। হাবসীরা হইল আফ্রিকার আবিসিনিয়া দেশের অধিবাসী।

হুসেনশাহী বংশ।—এই সময়ের ইতিহাস কেবলই কুটিল ষড়যন্ত্র ও হত্যার বীভৎস কাহিনী। অবশেষে ১৪৯৩ খৃঃ অব্দে রাজ্যের প্রধানদের নির্বাচনে আলাউদ্দীন হুসেন শাহ্‌ বাংলার সিংহাসনে আরোহণ করিলে পুনরায় দেশে শান্তি ফিরিয়া আসিল। বাঙ্গালার ইতিহাসে হুসেন শাহের ন্যায় জনপ্রিয় নৃপতি বিরল। রাজপদলাভ করিয়াই তিনি অত্যাচারী হাবসী সেনাদলের শক্তি খর্ব করেন। দেশজয়ে মনোনিবেশ করিয়া হুসেন শাহ্‌ কামরূপ (আসাম), কামতাপুর (রংপুর ও কোচবিহার) এবং উড়িষ্যা জয় করিয়াছিলেন। উত্তর-পশ্চিমে আধুনিক বিহারের কোন কোন অংশ এবং দক্ষিণ-পূর্বে ত্রিপুরার কিয়দংশ পর্যন্ত বোধ হয় তাঁহার রাজ্যের অন্তর্ভুক্ত হয়। হুসেন শাহ্‌ বাঙ্গালা সাহিত্যের একজন প্রধান পৃষ্ঠপোষক ছিলেন। এই সময়েই চট্টগ্রামের কবি শ্রীকর নন্দী মহাভারতের কিয়দংশ এবং বরিশালের বিজয় গুপ্ত 'পদ্মপুরাণ'-এর বাঙ্গালা পদ্যানুবাদ করেন। বর্ধমানের কবি মালাধর বসুকে হুসেন শাহ্‌ 'গুণরাজ খাঁ' উপাধি প্রদান করিয়াছিলেন। এই সময়ই আবার রাজ-পুরুষ রূপ, সনাতন, পুরন্দর, গোপীনাথ বসু, প্রভৃতি হিন্দুকর্মচারিগণ উচ্চ রাজকীয় পদ লাভ করেন। গৌড়ীয় বৈষ্ণবধর্মের প্রবর্তক শ্রীহট্টবংশীয় শ্রীচৈতন্যদেবও হুসেন শাহের রাজত্বকালেই নবদ্বীপে আবির্ভূত হন। হুসেন শাহ্‌ সম্ভবতঃ ১৫১৮ খৃঃ অব্দ পর্যন্ত রাজত্ব করেন। তাঁহার পুত্র নসরৎ শাহ্‌ও একজন সহৃদয় নরপতি ছিলেন। তাঁহারই আদেশে মহাভারতের বাঙ্গালা পদ্যানুবাদ লিখিত হয়। তিনি শিল্পানুরাগের জন্যও প্রসিদ্ধিলাভ করিয়া গিয়াছেন। তাঁহার পিতা মালদহ জেলায় গৌড়ের 'ছোট সোনা মস্‌জিদ' নির্মাণ করাইয়াছিলেন। নসরতের সময়ে 'বড় সোনা মস্‌জিদ' ও 'কদমরসুল মস্‌জিদ' নির্মিত হয়। নসরৎ শাহ্‌ ত্রিহুত অধিকার করিয়াছিলেন

প্রজা-নির্বাচিত হুসেন শাহ্‌

বাঙ্গালা সাহিত্য

শ্রীচৈতন্য

নসরৎ শাহ্‌

গৌড়শিল্প

এবং মুঘলবীর বাবরের সহিত সম্মানজনক সন্ধিও স্থাপন করেন। এই সময়েই খৃষ্টান পর্তুগীজদের চট্টগ্রাম অধিকার ও উপদ্রবের কথা প্রথম শোনা যায়। এই বংশের শেষ নরপতির নাম গিয়াস্‌উদ্দীন মাহ্‌মুদ। তিনি সুবিখ্যাত শের শাহ্‌ (তখন শের খাঁ) কর্তৃক রাজ্যচ্যুত হন (১৫৩৬—'৩৮); শের শাহ্‌ ছিলেন সুরবংশীয় আফগান। সুরবংশের পতনের পর বঙ্গদেশ কর্‌রাণী বংশের হস্তগত হয়। অতঃপর কর্‌রাণীবংশীয় দায়ুদ খাঁকে পরাভূত করিয়া মুঘলসম্রাট আকবর বঙ্গদেশ অধিকার করেন (১৫৭৬ খৃঃ)। এই সময়ে বৈষ্ণব-পণ্ডিত ও দার্শনিক কৃষ্ণদাস কবিরাজ প্রসিদ্ধ 'শ্রীচৈতন্যচরিতামৃত' লিখিতে আরম্ভ করেন।

(খ) উড়িষ্যা

খৃষ্টীয় একাদশ শতাব্দীতে প্রাচ্য গঙ্গবংশের রাজগণ উড়িষ্যায় রাজত্ব করিতেন। এই বংশের অনন্তবর্মণ চোড়গঙ্গ (১০৭৮—১১৪৭) ছিলেন সর্বশ্রেষ্ঠ নরপতি। তিনি যুদ্ধ-বিগ্রহে জয়লাভ করিয়া উড়িষ্যাকে একটি পরাক্রান্ত রাজ্যে পরিণত করেন। গঙ্গা হইতে গোদাবরী নদী পর্যন্ত তাঁহার রাজ্য বিস্তৃত ছিল। উৎকল জয় করিয়া তিনি "উৎকলাধিপতি" উপাধি ধারণ করেন। তিনি শিল্প ও সংস্কৃতির পৃষ্ঠপোষক ছিলেন। তাঁহারই শাসনকালে পুরীর জগন্নাথ দেবের সুপ্রসিদ্ধ মন্দিরটি নির্মিত হইয়াছিল। তাঁহার পৃষ্ঠপোষকতায় সংস্কৃত ও তেলেগু সাহিত্য উৎকর্ষ লাভ করে। অনন্ত বর্মণের উত্তরাধিকারিগণের রাজত্বকালে গঙ্গ সাম্রাজ্য সংকুচিত হইয়া যায়। ইহারা মুসলিম আক্রমণের সম্মুখীন হইয়াছিলেন এবং দীর্ঘকাল সংঘর্ষ চলিবার পরে বৈদেশিক আক্রমণকারিগণ ব্যর্থ হইয়া ফিরিতে বাধ্য হন। এই বংশের ১ম নরসিংহদেব (১২৩৮—১২৬৪) শক্তিশালী রাজা ছিলেন। তিনি কোণারকের সুবিখ্যাত সূর্যমন্দিরের প্রতিষ্ঠাতারূপে খ্যাতিলাভ করেন। স্থাপত্য ও ভাস্কর্য শিল্পে এই মন্দিরটি অতুলনীয়।

প্রাচ্য গঙ্গবংশ —অনন্তবর্মণ চোড়গঙ্গ

প্রথম নরসিংহ

আনুমানিক ১৪৩৫ খৃষ্টাব্দে গঙ্গ বংশের শেষ রাজাকে সিংহাসনচ্যুত করিয়া তাঁহার মন্ত্রী কপিলেন্দ্রদেব রাজপদ অধিকার করেন। তিনি বিজয়নগর ও বহ্‌মনী রাজগণের সহিত যুদ্ধে জয়লাভ করিয়া কাবেরী নদী পর্যন্ত রাজ্যসীমা বিস্তার করেন। তাঁহার মৃত্যুর পরে পুরুষোত্তম গজপতি রাজা হন। তিনি রাজ্যের গৌরব

কপিলেন্দ্র বংশ

রক্ষা করিতে সমর্থ হন। তাঁহার পর তাঁহার পুত্র প্রতাপরুদ্র (১৪৯৬—১৫৩৯) সিংহাসন লাভ করেন। বাঙ্গালার হুগলী ও মেদিনীপুর হইতে অন্ধ্রের গুণ্টুর পর্যন্ত তাঁহার রাজ্য বিস্তৃত ছিল। বিজয়নগর ও গোলকুণ্ডার সহিত যুদ্ধে পরাস্ত হইয়া তিনি গোদাবরীর দক্ষিণাংশের উপর অধিকার ত্যাগ করিতে বাধ্য হন। প্রতাপরুদ্রের রাজত্বকালে শ্রীচৈতন্যদেব উড়িষ্যায় বৈষ্ণব ধর্ম প্রচার করেন। প্রতাপরুদ্র ও অন্ধ্রদেশের ভক্ত রামানন্দ তাঁহার শিষ্যত্ব গ্রহণ করেন।

ভোই বংশ

কপিলেন্দ্র-প্রতিষ্ঠিত সূর্যবংশের পতনের পরে ভোই বংশ উড়িষ্যার সিংহাসনে প্রতিষ্ঠিত হন। কিন্তু কয়েক বৎসরের মধ্যেই, ষোড়শ শতাব্দীর মধ্যভাগে অন্ধ্রদেশের মুকুন্দ হরিচন্দন বা হরিচন্দ্র উড়িষ্যার সিংহাসন অধিকার করেন। ১৫৬৮ খৃষ্টাব্দে বাংলার কর্‌রাণী বংশীয় সুলতানগণ উড়িষ্যা জয় করিয়া লন।

(গ) আসাম

ত্রয়োদশ শতকের প্রারম্ভে রাজনৈতিক অবস্থা

ত্রয়োদশ শতাব্দীর প্রথম ভাগে যখন বাংলাদেশে মুসলমান অধিকার বিস্তার লাভ করিতেছিল, তখন আসাম কয়েকটি পরস্পর-বিবদমান রাজ্যে বিভক্ত ছিল। এই সকল রাজ্যে চুটিয়া, বোদো, কচারী প্রভৃতি জাতির প্রাধান্য স্থাপিত ছিল। এই রাজ্যগুলির মধ্যে কামরূপ রাজ্যটি ছিল সর্বাপেক্ষা প্রাচীন ও শক্তিশালী। ইহার অপর একটি নাম ছিল কামতা। ইহার পশ্চিম সীমা উত্তর-বাঙ্গালার করতোয়া নদী পর্যন্ত বিস্তৃত ছিল।

আহোম জাতির আগমন

ত্রয়োদশ শতকের প্রথমভাগে ব্রহ্মদেশের শান অধিত্যকা হইতে শ্বেতকায় শান জাতির একটি শাখা কামরূপে প্রবেশ করিয়া ইহার পূর্ব ও দক্ষিণ অংশে একটি পরাক্রান্ত রাজ্য গড়িয়া তুলে। এই তেজস্বী মঙ্গোলীয় জাতিটি ইতিহাসে 'আহোম' নামে পরিচিত এবং ইহাদের নাম হইতেই দেশের নাম হইয়াছে আসাম। আহোম রাজগণ ছয়শত বৎসর স্বাধীনভাবে রাজত্ব করেন। ত্রয়োদশ শতকের প্রারম্ভ হইতে মুসলমানগণ বারবার আসাম আক্রমণ করিয়া ব্যর্থ হয়। পূর্বদিকে কামরূপ রাজ্যের বিস্তৃতিও ইঁহারা রোধ করেন।

আহোম রাজগণের মধ্যে স্থহুংমুং (১৪৯৭—১৫৩৯)-এর নাম বিশেষ উল্লেখযোগ্য। সম্ভবতঃ তাঁহার রাজত্বকালে আহোম রাজ্য বাঙ্গালাদেশের একাংশেও বিস্তৃত হইয়াছিল। ইঁহার রাজত্বকালে অহমিয়া বৈষ্ণব সম্প্রদায়ের আদি গুরু শঙ্করদেব আসামে ধর্ম প্রচার করেন। আসাম ও বাঙ্গালার মধ্যে আজও বৈষ্ণবধর্ম আধ্যাত্মিক ও সাহিত্যিক যোগসূত্র হইয়া আছে।

স্থহুংমুং—বৈষ্ণবধর্ম প্রচার

আহোম রাজাদের সহিত মুসলমান আক্রমণকারিগণের বহু যুদ্ধবিগ্রহ হয়। সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে আহোমরাজ জয়ধ্বজ সিংহ সাময়িকভাবে মুঘল সম্রাটের বশ্যতা স্বীকার করেন। কিন্তু কয়েক বৎসরের মধ্যেই আহোম জাতি আবার স্বাধীনতা লাভ করে।

পঞ্চদশ শতাব্দীর প্রথম ভাগে খেন জাতি কামতা অধিকার করিয়া একটি শক্তিশালী রাজবংশ স্থাপিত করে। কামতাপুর এই রাজ্যের রাজধানী ছিল। এই বংশের শেষ রাজা নীলাম্বর ১৪৯৮ খৃষ্টাব্দে আলাউদ্দীন হুসেন শাহ্ কর্তৃক রাজ্যচ্যুত হইলে কামরূপে অরাজকতা ও বিশৃংখলা দেখা দিল। ষোড়শ শতাব্দীর প্রথম ভাগে (১৫১৫) মঙ্গোল কোচজাতিসম্ভূত বিশ্বসিংহ এই অঞ্চলে একটি পরাক্রান্ত রাজ্য স্থাপিত করেন। তাঁহার রাজধানীর নাম ছিল কোচবিহার (বর্তমান কুচবিহার)। বিশ্বসিংহের পুত্র নরনারায়ণের রাজত্বকালে কামতা রাজ্য শক্তি ও সম্পদের উচ্চ শিখরে আরোহণ করিয়াছিল। ১৫৮১ খৃষ্টাব্দে বিদ্রোহের ফলে তিনি রাজ্যের একাংশ ভ্রাতুষ্পুত্র রঘুদেবের হাতে অর্পণ করিতে বাধ্য হইলেন। রঘুদেবের রাজ্যের নাম হইল কোচ-হাজো; বাকি অংশ কোচবিহার নামেই পরিচিত রহিল। সপ্তদশ শতাব্দীর প্রথমার্ধে কোচরাজ্য দুইটির উপরে যথাক্রমে হিন্দু আহোম ও মুসলমান প্রভুত্ব স্থাপিত হইল।

কোচবিহার রাজ্য

বিশ্বসিংহ ও নরনারায়ণ

প্রশ্নাবলী

১। ইলিয়াস্ শাহী বংশীয় রাজগণের রাজত্বকালের বঙ্গদেশের সংক্ষিপ্ত ইতিহাস লিখ।

২। সুলতানী আমলে বাঙ্গালাদেশের বর্ণনা কর।

৩। টীকা লিখ—রাজা গণেশ, হুশেন শাহ্‌, মা-হুয়ান, নশরৎ শাহ্‌।

৪। উড়িষ্যার প্রাচ্য-গঙ্গবংশীয় রাজগণের ইতিহাস বর্ণনা কর।

৫। ত্রয়োদশ শতকে আসামের রাজনৈতিক অবস্থা সম্বন্ধে যাহা জান লিখ।

৬। ইঁহাদের সম্বন্ধে কি জান?—অনন্তবর্মণ চোড়গঙ্গ, ১ম নরসিংহ, কপিলেন্দ্র, প্রতাপরুদ্র, কোণারক, শঙ্করদেব, বিশ্বসিংহ।

সপ্তদশ অধ্যায়

বহ্‌মনী রাজ্য ও বিজয়নগর

(ক) বহ্‌মনী রাজ্য

আলাউদ্দীন বহ্‌মন শাহ্‌ (১৩৪৭—১৩৫৮)।—মুহম্মদ বিন্‌ তুগ্‌লুকের শাসনকালে দক্ষিণাপথে বিদ্রোহ দেখা দেয়। বিদ্রোহের নেতা হাসান বা জাফর খাঁ ১৩৪৭ খৃঃ অব্দে দৌলতাবাদ (দেবগিরি) অধিকার করিয়া নিজেকে স্বাধীন নরপতি বলিয়া ঘোষণা করিলেন। কাহারও কাহারও মতে হাসান নিজেকে প্রাচীন পারস্যের বিখ্যাত বীরনৃপতি বহ্‌মনের বংশধর বলিতেন, এজন্য তিনি আলাউদ্দীন 'বহ্‌মন' শাহ্‌ উপাধি গ্রহণ করিয়াছিলেন ও তাঁহার প্রতিষ্ঠিত রাজ্যের নাম হইয়াছিল 'বহ্‌মনী রাজ্য'। তাঁহার রাজ্যসীমা ছিল উত্তরে পেনগঙ্গা নদী (বেরার অঞ্চল) হইতে দক্ষিণে কৃষ্ণা এবং পূর্বে বর্তমান নিজাম রাজ্যের অন্তর্গত ভোনগিরি নগর (বরঙ্গল অঞ্চল) হইতে পশ্চিমে কোঙ্কণ উপকূলের গোয়া ও দাভোল বন্দর অবধি বিস্তৃত। গুলবর্গা নগরে রাজধানী স্থাপন করিয়া আলাউদ্দীন উহার নাম রাখেন 'হাসনাবাদ'। তাঁহার রাজত্বের অধিকাংশ কাল

রাজ্যসীমা

রাজ্যমধ্যে বিদ্রোহ দমন করিয়া শৃংখলা স্থাপনে অতিবাহিত হইয়াছে। সুশাসনের নিমিত্ত তিনি সমস্ত রাজ্য চারিটি প্রদেশ বা তরফে বিভক্ত করেন এবং প্রতিটি প্রদেশের উপর এক একজন তরফদার নামধারী শাসনকর্তা নিয়োগ করেন।

শাসন-ব্যবস্থা

প্রথম মুহম্মদ শাহ্ (১৩৫৮—'৭৩)।—আলাউদ্দীনের পুত্র ১ম মুহম্মদ শাহের রাজত্বকাল প্রধানতঃ বিজয়নগর ও তেলিঙ্গনা (বরঙ্গল) রাজ্যের সহিত যুদ্ধবিগ্রহেই ব্যয়িত হয়। এই যুদ্ধবিগ্রহের ফলে তেলিঙ্গনা বশ্যতা স্বীকার করে এবং বিজয়নগর পরাজিত হয়। কথিত আছে, তিনি যুদ্ধবিগ্রহে প্রায় ৫ লক্ষ হিন্দু নিহত করেন। তিনি শাসনবিভাগে নানাবিধ পরিবর্তন সাধন করিয়াছিলেন। তিনি আটজন মন্ত্রী নিয়োগ করিয়া তাঁহাদের হাতে রাষ্ট্রের প্রধান প্রধান বিভাগ পরিচালনার ভার অর্পণ করেন।

১ম মুহম্মদ শাহ

ফীরূজ শাহ্ (১৩৯৭-১৪২২)—মুহম্মদ শাহের মৃত্যুর পর ১৩৭৭ হইতে ১৩৯৭ খৃষ্টাব্দের মধ্যে দুইজন রাজা বহ্মনী রাজ্যের সিংহাসনে উপবেশন করেন। ইহাদের রাজত্বকালে উল্লেখযোগ্য কোন ঘটনা ঘটে নাই। অতঃপর ১৩৯৭ খৃঃ অব্দে ১ম মুহম্মদের কনিষ্ঠ ভ্রাতুষ্পুত্র বিখ্যাত ফীরূজ শাহ্ সিংহাসনে আরোহণ করেন। ফীরূজ শাহ্ রাজ্যশাসন ও যুদ্ধকার্যে সুদক্ষ ছিলেন। বিজয়নগরের রাজা ১ম দেবরায় দুইবার তাঁহার নিকটে পরাজিত হইয়া স্বীয় কন্যাকে ফীরূজের সহিত বিবাহ দিয়া তাঁহার সহিত সন্ধি স্থাপন করেন; তবুও উভয় রাজ্যের মধ্যে সদ্ভাব স্থাপিত হইল না। ইহার পর ফীরূজ আবার বিজয়নগর আক্রমণ করিলে নিদারুণভাবে পরাভূত হন (আঃ ১৪২০)। কয়েক বৎসরের মধ্যেই ভ্রাতা আহ্মদের হস্তে তাঁহার মৃত্যু হয় (১৪২২)। ফীরূজ শাহ্কে অনেকেই বহ্মনী বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি বলিয়া থাকেন। কেহ কেহ তাঁহাকে "দাক্ষিণাত্যের আকবর" আখ্যাও প্রদান করিয়াছিলেন। ঐতিহাসিক ফিরিস্তার মতে ফীরূজ শাহের সময়েই বহ্মনী রাজ্য গৌরবের উচ্চতম শিখরে আরোহণ করিয়াছিল। সুলতান ফীরূজ শিল্পানুরাগী ছিলেন। গুল্বর্গা শহরটিকে তিনি অনেক সুরম্য অট্টালিকার দ্বারা সুশোভিত করেন। এতদ্ব্যতীত ভীমানদীর তীরে ফীরূজাবাদ শহরেও তিনি এক বিশাল

ফীরূজ শাহ্

বিজয়নগরের সহিত যুদ্ধ

কৃতিত্ব

রাজপ্রাসাদ নির্মাণ করেন। দুষ্প্রাপ্য দ্রব্যাদি এবং পুরাবস্তুর উপর তাঁহার খুবই আকর্ষণ ছিল। পর্তুগীজদের ভারত আবিষ্কারের পূর্বে ইউরোপ হইতে তিনি বহুমূল্য শিল্পদ্রব্য আনয়ন করিয়াছিলেন।

আহ্মদ শাহ্, (১৪২২—'৩৫)

আহ্মদ শাহ্‌—(১৪২২-'৩৫)।—আহ্মদ শাহের রাজত্বকালে বিজয়নগরের সহিত বহ্মনী রাজ্যের সংঘর্ষ চলিতে থাকে। কিছুকাল যুদ্ধবিগ্রহের পর উভয়পক্ষে সন্ধি স্থাপিত হয়। বিজয়নগররাজ পরাজিত হইয়া করদানে স্বীকৃত হন। ১৪২৫ অথবা ১৪২৬ খৃঃ অব্দে বরঙ্গলের হিন্দুরাজ্য অধিকার করিয়া আহ্মদ শাহ্ গুলবর্গা হইতে বিদরে রাজধানী স্থানান্তরিত করেন। তিনি মালব ও গুজরাটের স্থলতানদের সহিতও যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন। ১৪৩৫ খৃঃ অব্দে তাঁহার মৃত্যু হয়।

বাহ্মনী রাজ্যের পতন।—আহ্মদ শাহের মৃত্যুর পর ২য় আলাউদ্দীন (১৪৩৫—'৫৭) এবং হুমায়ুন (১৪৫৭—'৬১) ক্রমান্বয়ে রাজত্ব করেন। ইঁহারা ছিলেন অকর্মণ্য, বিলাসী ও নিষ্ঠুর। ইঁহাদের রাজত্বকালে বহ্মনী রাজ্যের ইতিহাস আভ্যন্তরীণ নানা গোলযোগে জটিল হইয়া উঠে। রাজ্যের প্রধান প্রধান ওমরাহ্গণ দুইটি দলে বিভক্ত হইয়া স্থলতানদের দুর্বলতার অবসরে আপনাদের ক্ষমতা স্থাপনের আশায় নানা ষড়যন্ত্রে লিপ্ত থাকিতেন। এই দল দুইটি—দক্ষিণী বা ভারতীয় এবং বৈদেশিক বা আরব, তুর্কী, পার্শী, ও মুঘল নামে পরিচিত ছিল। অবশেষে ৩য় মুহ্ম্মদ শাহের শাসনকালে বৈদেশিক দলের নেতা খাজা মাহ্মুদ গাওয়ান প্রধান মন্ত্রীর পদ অধিকার করেন। তিনি পর পর তিনজন স্থলতানের অধীনে মন্ত্রিত্ব করিয়াছিলেন। তাঁহার ন্যায় কর্মদক্ষ রাজপুরুষ বহ্মনী রাজ্যে কেহই ছিলেন না। আভ্যন্তরীণ শাসনে তিনি যেরূপ বিচক্ষণ ছিলেন, যুদ্ধকার্যেও তিনি তেমনই পটু ছিলেন। যুদ্ধযাত্রা করিয়া তিনি স্বয়ং গোয়া বন্দর পুনরুদ্ধার করেন। ১৪৭৩ খৃঃ অব্দে মাহ্মুদ গাওয়ান বেলগাঁওয়ের দুর্গ অধিকার করেন। অতঃপর বিজয়নগরের সহিত সাফল্যের সহিত যুদ্ধ পরিচালনা করিয়া স্থপ্রসিদ্ধ প্রাচীন নগর কাঞ্চী অধিকার ও লুণ্ঠন করেন। স্থদীর্ঘকাল ধরিয়া অনন্যসাধারণ বিচক্ষণতার সহিত তিনি বহ্মনী রাজ্যের বিস্তৃতি সাধন করিয়াছিলেন এবং রাজ্যে শান্তি ও শৃঙ্খলা রক্ষা করিয়া আসিতেছিলেন। কিন্তু ভারতীয় স্থন্নী-মুসলমান ও হাবসীগণের মিলিত দক্ষিণী দল তাঁহার বিরুদ্ধপক্ষ ছিল। কয়েকজন দক্ষিণী নেতা

৩য় মুহ্ম্মদ শাহ্ ও মন্ত্রী মাহ্মুদ গাওয়ান

স্থলতানের নিকট মাহ্‌মুদ গাওয়ানের বিরুদ্ধে রাজদ্রোহের অভিযোগ উত্থাপন করিলে স্থলতান কোনরূপ বিচার-বিবেচনা না করিয়াই বিচক্ষণ গাওয়ানের প্রাণদণ্ড বিধান করেন (১৪৮১)।

মাহ্‌মুদ গাওয়ানের মৃত্যুর সঙ্গেই বহ্‌মনী রাজ্য অতি দ্রুত পতনের পথে ধাবিত হইল। অসাধারণ মনীষার বলে তিনি এই রাজ্যটিকে অবশ্যম্ভাবী পতন হইতে বহুদিন রক্ষা করিয়া চলিয়াছিলেন। বহ্‌মনী রাজ্যের নানাস্থানে তিনি বহু দুর্গ প্রতিষ্ঠা করিয়া প্রত্যেকটি সঙ্কটক্ষেত্র সুরক্ষিত করিয়া তুলিয়াছিলেন। সেগুলি যেমন রণবিজ্ঞানে তাঁহার গভীর অভিজ্ঞতার পরিচায়ক, তেমনি বিদরে তিনি যে সুবৃহৎ শিক্ষায়তন ও গ্রন্থাগার স্থাপন করিয়াছিলেন তাহাও তাঁহার বিদ্যোৎসাহের উজ্জল দৃষ্টান্ত। এতদ্ভিন্ন তাঁহারই প্রচেষ্টায় চাষবাসের সুবিধার জন্য জলসেচেরও সুব্যবস্থা হইয়াছিল। ব্যক্তিগত জীবনেও তিনি ছিলেন ন্যায়নিষ্ঠ, দয়ালু ও দাতা। শাসনকার্য ও রণনীতি উভয় ক্ষেত্রেই তিনি সমান নৈপুণ্য দেখাইয়া গিয়াছেন।

মাহ্‌মুদ গাওয়ানের চরিত্র ও কৃতিত্ব

৩য় মুহম্মদ শাহের মৃত্যুর পর তাঁহার পুত্র মাহ্‌মুদের সময়ে স্থলতানদের অকর্মণ্যতার সুযোগ লইয়া প্রাদেশিক শাসকগণ একে একে স্বাধীনতা ঘোষণা করিতে আরম্ভ করিলেন। বিশাল বহ্‌মনী রাজ্য ক্রমশঃ বিদর নগরের পার্শ্ববর্তী ভূখণ্ডে সঙ্কুচিত হইয়া পড়িল। ১৫২৬ খৃঃ অব্দে কাসিম বারীদের পুত্র আমীর বারীদ তখনকার হীনবল স্থলতানকে রাজ্যচ্যুত করিয়া নিজেই সিংহাসন অধিকার করিয়া বসিলেন।

স্থলতান ৩য় মুহম্মদের রাজত্বকালে নিকিতিন (Athanasius Nikitin) নামে জনৈক রুশ-বণিক বহ্‌মনী রাজ্যে আগমন করেন। তিনি পঞ্চদশ শতকের দক্ষিণ-পশ্চিমভারতের ধনজনসমৃদ্ধির এক বিবরণ রাখিয়া গিয়াছেন। সেযুগে ঐশ্বর্য ও সমৃদ্ধি অভিজাত শ্রেণীর মধ্যেই সীমাবদ্ধ ছিল এবং সাধারণ লোকের অবস্থা ছিল অত্যন্ত শোচনীয়। ভারতের কথা রুশ-সাহিত্যে প্রথম দেখা দিল।

নিকিতিনের বর্ণনা

বহ্‌মনী শাসনের প্রকৃতি।—বহ্‌মনী রাজ্যে মোট ১৮ জন স্থলতান রাজত্ব করিয়াছিলেন। ইহাদের দীর্ঘ রাজত্বকাল একটানা যুদ্ধবিগ্রহ, ষড়যন্ত্র ও নরহত্যার কাহিনীতে পরিপূর্ণ। অধিকাংশ স্থলতান ছিলেন অকর্মণ্য, বিলাসী, চরিত্রহীন ও নিষ্ঠুর। শিক্ষা ও সংস্কৃতির উন্নতি অথবা জনসাধারণের কল্যাণ বিধানের জন্য ইহারা বিশেষ কিছুই করেন

নাই। বহ্মনী স্থলতানগণ হিন্দুদের উপর যে নিপীড়ন চালাইয়াছেন তাহার তুলনা নাই। হিন্দুধর্ম উৎসাদিত করিয়া সমগ্র হিন্দুদের ইস্‌লাম ধর্মে দীক্ষিত করাই এই অত্যাচারের উদ্দেশ্য ছিল। স্থলতানদের মধ্যে কেহ কেহ মসজিদ ও প্রাসাদ নির্মাণ করিয়া ইসলাম শিল্পানুরাগের কিছু পরিচয় দিয়াছেন।

দাক্ষিণাত্যের পঞ্চরাজ্য

১৪৮২ খৃষ্টাব্দে ৩য় মুহম্মদ শাহের মৃত্যুর পর আরও চারিজন নামসর্বস্ব স্থলতান বহ্মনী সিংহাসন অধিকার করিয়াছিলেন। তাঁহাদের রাজত্বকালে ১৪৮২ হইতে ১৫২৬ খৃষ্টাব্দের মধ্যে বিশাল বহ্মনী রাজ্য পাঁচটি খণ্ড রাজ্যে বিভক্ত হইয়া পড়িল। এই পাঁচটি রাজ্য হইল—বেরার, বিজাপুর, আহমদনগর, গোলকুণ্ডা ও বিদর।

বেরারের ইমাদশাহী রাজ্য।— ১৪৮৪ খৃষ্টাব্দে ফথ্‌উল্লা ইমাদ-উল-মুল্ক-নামক এক ব্যক্তি বেরারে একটি স্বাধীন রাজ্য স্থাপিত করেন। তাঁহার স্থাপিত রাজবংশ ইমাদশাহী বংশ নামে খ্যাত। তিনি প্রথমে ছিলেন হিন্দু; পরে ইসলাম ধর্ম গ্রহণ করিয়া বহ্মনী স্থলতানদের অধীনে উচ্চ রাজকর্মচারি-পদে নিযুক্ত হইয়াছিলেন। এলিচপুর এই রাজ্যের রাজধানী ছিল। ইমাদশাহী বংশ ৯০ বৎসর স্বাধীনভাবে রাজত্ব করিয়াছিলেন। ১৫৭৪ খৃষ্টাব্দে বেরার আহমদনগর রাজ্যের অধিকারভুক্ত হয়।

ইমাদশাহী বংশ

বিজাপুরের আদিলশাহী রাজ্য।—বিজাপুর প্রদেশ ছিল বহ্মনী রাজ্যের দক্ষিণ-প্রান্তে অবস্থিত। এই রাজ্যের প্রতিষ্ঠাতা য়ুসুফ আদিল শাহ্ প্রথম জীবনে খাজা মাহ্‌মুদ গাওয়ানের ক্রীতদাস ছিলেন। কথিত আছে, তিনি তুরস্কের স্থলতান ২য় মুরাদের পুত্র; কিন্তু ভাগ্যবিপর্যয়ে তাঁহাকে খাজা মাহ্মুদ গাওয়ানের ক্রীতদাস হইতে হইয়াছিল। য়ুসুফের বুদ্ধিমত্তা দর্শনে মুগ্ধ হইয়া মাহ্‌মুদ তাঁহাকে পরিশেষে বিজাপুরের শাসনকর্তার পদে নিয়োগ করেন। ১৪৮৯ খৃঃ অব্দে য়ুসুফ স্বাধীনতা ঘোষণা করিলেন। নূতন রাজবংশের নাম হইল "আদিল-শাহী" বংশ। য়ুসুফ আদিল শাহ্ ছিলেন শিয়া মতাবলম্বী।

য়ুসুফ আদিল শাহ্

১৪৯৮ খৃষ্টাব্দে পর্তুগীজগণ ভারতে উপস্থিত হয় এবং গোয়া বন্দর লইয়া পর্তুগীজদের

সহিত বিজাপুরের অনেক সংঘর্ষের পর গোয়া বন্দরটি অবশেষে পর্তুগীজদের অধিকারভুক্ত হয়। পশ্চিম ভারতের নাবিকসঙ্ঘ তিনটি প্রধান ভাগে বিভক্ত ছিল,—প্রথম গুজরাটি, দ্বিতীয় মালাবারি এবং তৃতীয় মারাঠি। শিবাজীর রাষ্ট্রশক্তি শুধু স্থলবাহিনী নয় জলবাহিনীর উপরও প্রতিষ্ঠিত ছিল। তাঁহার পিতা যে বিজাপুর রাজ্যের কর্মচারী ছিলেন সেই বিজাপুরের অধীনে বহু মারাঠি বিচক্ষণ নাবিক পশ্চিম ভারতের উপকূল রক্ষা করিত। অথচ হিন্দু ও মুস্‌লিম শাসকগণ নৌ-যুদ্ধে প্রজাদের স্বাভাবিক নৈপুণ্যকে রাষ্ট্রীয় নৌ-শক্তিতে পরিণত করিতে পারেন নাই; এবং নৌ-বাহিনীর সার্থকতা না বুঝিবার ফলে এই বিশাল ভারতবর্ষ মুষ্টিমেয় পর্তুগীজ, ডাচ্‌, ফরাসী, ইংরেজ প্রভৃতি নাবিকসঙ্ঘ-পরিচালিত নৌবহরের কাছে পরাজিত হইয়া স্বাধীনতা হারাইয়াছিল।

পর্তুগীজদের গোয়া অধিকার

যুসুফ আদিল শাহ্‌ উদারহৃদয় ও বিদ্যোৎসাহী নরপতি ছিলেন। তিনি নিজে এক মারাঠি সর্দারের ভগ্নীকে বিবাহ করেন। তাঁহার রাজত্বকালে হিন্দুরাও গুরুদায়িত্বপূর্ণ রাষ্ট্রপদ লাভ করে। রাজকার্যও তখন প্রধানতঃ মারাঠি ভাষায় চলিত। যুসুফ পারস্য, তুর্কীস্থান ও রুম (ইস্তাম্বুল) হইতে বহু পণ্ডিতকে তাঁহার রাজসভায় নিমন্ত্রণ করিয়া সাহিত্য ও শিক্ষার বিস্তার করেন।

যুসুফের পর তাঁহার পুত্র ইস্‌মাইল শাহ্‌ বিজয়নগরের রাজা অচ্যুত রায়কে পরাজিত করিয়া কৃষ্ণা ও তুঙ্গভদ্রার মধ্যবর্তী রায়চুর দোয়াব অধিকার করেন। তিনি তাঁহার পিতার ন্যায় কর্মকুশল ও উদার ছিলেন। তাঁহার কনিষ্ঠ পুত্র ১ম ইব্রাহিম সুন্নী মতাবলম্বী ছিলেন; কিন্তু ইব্রাহিমের পুত্র আলী আদিল শাহ্‌ ছিলেন শিয়া মতাবলম্বী। ১৫৫৮ খৃঃ অব্দে আদিল শাহ্‌ বিজয়নগরের রাজা সদাশিবের মন্ত্রী রামরাজার সহিত মৈত্রী স্থাপন করিয়া আহ্‌মদনগরের সুলতানকে পরাস্ত করেন। কিন্তু পরে তিনি আহ্‌মদনগর, গোলকুণ্ডা, বিদরের সহিত মিলিত হইয়া বিজয়নগর বিধ্বস্ত করিয়া ফেলিলেন (১৫৬৫)। আলী আদিল শাহ্‌, পরাজিত আহ্‌মদনগরের সুলতান হুসেন শাহের কন্যা বীরাঙ্গনা চাঁদবিবিকে বিবাহ করিয়াছিলেন। ১৫৭০ খৃঃ অব্দে বিজাপুর ও আহ্‌মদনগরের মিলিত নৌ-বাহিনী পর্তুগীজদের হাত হইতে গোয়া বন্দর উদ্ধার করিতে গিয়া ব্যর্থকাম হইয়া ফিরিয়া আসে।

আলী আদিল শাহ

বিজয়নগর ধ্বংস (১৫৬৫)

অতঃপর ২য় ইব্রাহিম আদিল শাহ্ বিজাপুরের রাজপদ লাভ করেন। তিনি সুশাসকরূপে খ্যাতিলাভ করেন। ১৫৯৫ খৃঃ অব্দে বিজাপুর ও আহ্‌মদনগর রাজ্যের মধ্যে এক যুদ্ধে আহ্‌মদনগরের সুলতানের মৃত্যু হয়। ইব্রাহিম আদিল শাহ্ নিজে সুন্নী মতাবলম্বী হইলেও অন্যান্য ধর্মের প্রতি তাঁহার ঔদার্যের অভাব ছিল না। সুলতান সমগ্র রাজ্য জরিপ করাইয়া রাজস্ব নিরূপণ করিয়াছিলেন। তাঁহার ভূমিরাজস্ব-সংক্রান্ত কোন কোন ব্যবস্থা এখনও সেই সকল অঞ্চলে প্রচলিত আছে। তাঁহারই আদেশে সুপ্রসিদ্ধ ঐতিহাসিক ফিরিস্তা একখানি তথ্যপূর্ণ ইতিহাস-গ্রন্থ রচনা করেন। ১৬২৬ খৃষ্টাব্দে ইব্রাহিমের মৃত্যু হয়। ১৬৩৬ খৃষ্টাব্দে সম্রাট শাহ্‌জহান বিজাপুরকে সামন্ত রাজ্যে পরিণত করেন এবং ১৬৮৬ খৃষ্টাব্দে ঔরঙ্গজীবের সময় উহা মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়।

২য় ইব্রাহিম

ঐতিহাসিক ফিরিস্তা

আহ্‌মদনগরের নিজামশাহী রাজ্য।—বহ্‌মনী রাজ্যের উত্তর-পশ্চিম অংশে দৌলতাবাদ প্রদেশ অবস্থিত ছিল। মাহ্‌মুদের রাজত্বকালে এই প্রদেশের শাসনকর্তা মালিক আহ্‌মদ এক স্বাধীন রাজ্যের প্রতিষ্ঠা করেন (১৪৯০)। আহ্‌মদনগর ইহার রাজধানী ছিল। স্বাধীন হইয়া তিনি আহ্‌মদ নিজাম শাহ্ উপাধি গ্রহণ করায় তাঁহার বংশের নাম হইল "নিজামশাহী" বংশ। এই বংশের দ্বিতীয় সুলতান বুরহান নিজাম শাহ্ (১৫০৮—'৫৩) সুন্নী মত ত্যাগ করিয়া শিয়া সম্প্রদায়ভুক্ত হন এবং বিজয়নগরের হিন্দুরাজার সহিত মৈত্রী স্থাপন করিয়া বিজাপুরের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। কিন্তু তাঁহার পরবর্তী সুলতান হুসেন শাহ্ ১৫৬৫ খৃঃ অব্দে বিদর, বিজাপুর ও গোলকুণ্ডার সহিত মিলিত হইয়া বিজয়নগর ধ্বংস করেন। আহ্‌মদনগর ১৫৭৪ খৃঃ অব্দে বেরার রাজ্য অধিকার করে। ইহার পর দিল্লীর মুঘল বাদশাহের সহিত আহ্‌মদনগরের নিজামশাহী সুলতানদের ভীষণ সংঘর্ষ আরম্ভ হয়। ১৫৯৬ খৃঃ অব্দে বীরাঙ্গনা চাঁদবিবি আকবরের পুত্র মুরাদের সহিত বীরবিক্রমে যুদ্ধ করিয়াও পরাজয় স্বীকার করিতে বাধ্য হন এবং আহ্‌মদনগর রাজ্যের একটি অংশ আকবরের হস্তগত হয়। অবশেষে ১৬৩৭ খৃঃ অব্দে সম্রাট শাহ্‌জহান সম্পূর্ণরূপে এই রাজ্যটি জয় করেন।

মালিক আহ্‌মদ

স্বাধীনতার অবসান

গোলকুণ্ডার কুতবশাহী রাজ্য।—গোলকুণ্ডার অবস্থান ছিল বহ্‌মনী রাজ্যের পূর্বভাগে। কুলী কুতব নামে জনৈক তুর্কীকে মাহ্‌মুদ গাওয়ান গোলকুণ্ডার শাসনকর্তা

নিযুক্ত করিয়াছিলেন। স্থলতান মাহ্‌মুদ শাহের মৃত্যুর পরে তিনি মন্ত্রী আমীর বারীদের কর্তৃত্ব স্বীকার করিতে অসম্মত হইয়া ১৫১৮ খৃঃ অব্দে স্বাধীনতা ঘোষণা করিলেন। কুলী কুতব শাহ্ এইভাবে যে রাজবংশ স্থাপন করিয়া যান তাহার নাম হয় "কুতবশাহী" বংশ। ভাগনগর নামক স্থানে রাজধানী স্থানান্তরিত করিয়া তিনি তাহার নাম রাখিলেন হায়দরাবাদ,—পরে ইহাই নিজাম রাজ্যের রাজধানী হইয়াছিল। ১৫৫০ খৃঃ অব্দে এই বংশের সর্বশ্রেষ্ঠ স্থলতান ইব্রাহিম শাহ্ সিংহাসন লাভ করেন। তিনি বিদর, বিজাপুর ও আহ্‌মদনগরের স্থলতানদের সহিত মিলিত হইয়া বিজয়নগরের বিরুদ্ধে যুদ্ধ করিয়াছিলেন (১৫৬৫)। ইব্রাহিম শাহ্ উদার ও স্থশাসক বলিয়া খ্যাতিলাভ করিয়া গিয়াছেন। তাঁহার সময় উচ্চ রাজকীয় পদে কর্মচারী নিয়োগে হিন্দু-মুসলমান কাহারও প্রতি পক্ষপাতিত্ব দেখান হইত না। ১৫৮০ খৃঃ অব্দে তাঁহার মৃত্যু হয়। তাঁহার পুত্র মুহম্মদ কুলী ১৬১১ খৃঃ অব্দ অবধি রাজত্ব করিয়াছিলেন। ইহার পর মুঘল সম্রাট শাহ্‌জহান গোলকুণ্ডা রাজ্যটিকে করদ রাজ্যে পরিণত করেন (১৬৩৫), এবং ঔরঙ্গজীব ১৬৯৭ খৃঃ অব্দে উহা সম্পূর্ণরূপে অধিকার করিয়া লন।

কুলী কুতব

ইব্রাহিম শাহ্


মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্তি

বিদরের বারীদশাহী রাজ্য।—বিদর ছিল বহ্‌মনী রাজ্যের মধ্যভাগে অবস্থিত এবং ইহার রাজধানী ; বহ্‌মনী স্থলতানগণ এখানেই বাস করিতেন। ১৫২৬ খৃঃ অব্দে মন্ত্রী আমীর বারীদ শেষ বহ্‌মনী স্থলতানকে সিংহাসনচ্যুত করিয়া নিজেই বিদর রাজ্যের রাজা হইয়া বসিলেন। তাঁহার প্রতিষ্ঠিত রাজবংশের নাম হইল "বারীদশাহী" বংশ। এই রাজবংশের এক স্থলতান বিজাপুর, আহ্‌মদনগর ও গোলকুণ্ডার স্থলতানদের সহিত মিলিত হইয়া বিজয়নগরের বিরুদ্ধে যুদ্ধ করিয়াছিলেন। আনুমানিক ১৬০৯ খৃঃ অব্দে বিদর বিজাপুর রাজ্যের অন্তর্ভুক্ত হইয়া যায়।

আমীর বারীদ

(খ) বিজয়নগর রাজ্য

বিজয়নগরের উদ্ভব (১৩৩৬—১৫৬৫)।—হরিহর ও বুক্ক প্রমুখ পাঁচ ভ্রাতা বিজয়নগর রাজ্যের প্রতিষ্ঠাতা বলিয়া প্রসিদ্ধ। অনেকে মনে করেন যে, দোরসমুদ্রের (বর্তমান হলেবীদ) হোয়সল বংশীয় রাজা ৩য় বীরবল্লাল (১২৯২—১৩৪২) মুস্‌লিম আক্রমণ প্রতিরোধ


১৪০০ খৃষ্টাব্দে ভারতবর্ষ
(বহ্‌মনী ও বিজয়নগর রাজ্য)
মাইল
০ ১০০ ২০০ ৩০০ ৪০০ ৫০০
খাইবার পথ
কাশ্মীর
ঝিলাম
লাহোর
মুলতান
শতদ্রু
সিন্ধু
দিল্লী
তুগলুকাবাদ
ফিরোজাবাদ
জৌনপুর
গঙ্গা
চম্বল
চিতোর
মালব
উজ্জয়িনী
গুজরাট
মণ্ডু
নর্মদা
কারা
বিহার
বঙ্গদেশ
আসিরগড়
খান্দেশ
গণ্ডোয়ানা
আমেদনগর
গোদাবরী
গুলবর্গা
তেলিঙ্গানা
তালিকোট
কোণ্ডাপল্লী
দোরসমুদ্র
কাঞ্চী
করল
সিংহল
আরব সাগর
বঙ্গোপসাগর

করিবার জন্য তুঙ্গভদ্রা নদীর দক্ষিণে আনেগুণ্ডি নামক স্থানে এক সুদৃঢ় দুর্গ নির্মাণ করিয়া তাঁহার আত্মীয় সঙ্গমের পুত্র হরিহরের উপর উহার শাসনভার অর্পণ করেন। পরে এই আনেগুণ্ডি দুর্গের নিকটেই 'বিজয়নগর' নামক বিরাট শহরটি গড়িয়া উঠে এবং সেখানকার শাসনকর্তারাও পূর্ণ স্বাধীনতা ঘোষণা করেন। তেলিঙ্গানার (অন্ধ্র) বরঙ্গল নগর জুনা খাঁ (মুহম্মদ বিন্ তুগ্‌লুক) কর্তৃক বিধ্বস্ত হইলে সঙ্গম-পুত্র হরিহর, বুক্ক, প্রভৃতি পঞ্চভ্রাতা সেখান হইতে পলায়ন করিয়া আসিয়া বিজয়নগর প্রতিষ্ঠা করেন, এইরূপ একটি জনশ্রুতিও আছে। কিংবদন্তী অনুসারে ১৩৩৬ খৃঃ অব্দে এই রাজ্যটি প্রতিষ্ঠিত হয়। বিজয়নগর রাজ্যের প্রতিষ্ঠা সম্বন্ধে জনশ্রুতি যাহাই থাকুক না কেন, ইহা যে দক্ষিণ-ভারতে হিন্দুধর্ম ও সংস্কৃতি রক্ষার জয়স্তম্ভরূপে স্থাপিত হইয়াছিল ইহাতে কোন সন্দেহ নাই।

সঙ্গম বংশ।—পঞ্চভ্রাতার মধ্যে ১ম হরিহর বা হক্ক এবং ১ম বুক্কই সর্বাপেক্ষা প্রসিদ্ধ। উত্তরে তুঙ্গভদ্রা হইতে দক্ষিণে সম্ভবতঃ ত্রিচিনপল্লীর সীমা এবং পূর্ব ও পশ্চিমে সমুদ্রের উপকূলভাগ অবধি তাঁহাদের অধিকার বিস্তৃত হইয়াছিল। বিস্মৃতপ্রায় বেদের শ্রেষ্ঠ ভাষ্যকার সায়ন এবং তাঁহার ভ্রাতা পণ্ডিতপ্রবর মাধব এই সময়েই আবির্ভূত হইয়াছিলেন; তাঁহারা ছিলেন বুক্কের মন্ত্রী। কথিত আছে, ১ম হরিহর ও ১ম বুক্ক রাজোপাধি ধারণ করেন নাই। ১৩৭৪ খৃঃ অব্দে বুক্ক সুদূর চীনদেশে দূত প্রেরণ করিয়াছিলেন। চীন ও ভারতের সম্বন্ধ মধ্যযুগে অব্যাহত ছিল।

১ম হরিহর ও ১ম বুক্ক

সায়ন ও মাধব

১৩৭৬ বা ১৩৭৮ খৃঃ অব্দে বুক্ক মৃত্যুমুখে পতিত হইলে তাঁহার পুত্র ২য় হরিহর সগৌরবে মহারাজাধিরাজ উপাধি ধারণ করিয়া বিজয়নগরের সিংহাসনে আরোহণ করেন। ২য় হরিহর দক্ষিণদিকে অগ্রসর হইয়া কাঞ্চী ও ত্রিচিনপল্লী অধিকার করেন। ২য় হরিহরের সহিত রায়চুর দোয়াবের অধিকার লইয়া বহ্‌মনী সুলতান ফীরূজ শাহের সহিত যুদ্ধ হইয়াছিল এবং এই যুদ্ধে তিনি পরাজয় বরণ করিয়াছিলেন।

২য় হরিহর

২য় হরিহরের পুত্র ১ম দেবরায়ের রাজত্বকালে বহ্‌মনী সুলতান ফীরূজ শাহ্ পুনরায় বিজয়নগর আক্রমণ করেন। যুদ্ধে হারিয়া দেবরায় সন্ধির প্রস্তাব করেন এবং নিজের এক কন্যাকে সুলতানের হস্তে দিয়া নিষ্কৃতিলাভ করিলেন। কিন্তু ইহাতেও দুই প্রতিবেশী রাজ্যের বিবাদের অবসান হইল না। দেবরায়ের পুত্র

১ম দেবরায়

বীরবিজয়ের রাজত্বকালে ফীরুজ শাহ্ পুনরায় বিজয়নগর আক্রমণ করিলে (আঃ ১৪২০) মুসলমানদের পরাজয়ের গ্লানি লইয়া ফিরিতে হয়। ১ম দেবরায়ের পৌত্র ২য় দেবরায় নিজের সৈন্যদলে মুসলমান অশ্বারোহী ও তীরন্দাজ নিযুক্ত করিয়াছিলেন।

বীরবিজয়

২য় দেবরায়

তবুও বহ্মনী রাজ্যের সহিত যুদ্ধে সুফল ফলিল না। বহ্মনী সুলতান আহ্মদ শাহ্ ও তাঁহার পুত্র ২য় আলাউদ্দীনের নিকট পরাজিত হইয়া দেবরায় করদানে সম্মত হন এবং সন্ধি স্থাপন করেন। ২য় দেবরায় আভ্যন্তরীণ শাসনব্যবস্থার সংস্কার করেন এবং নৌবল বৃদ্ধি ও বাণিজ্যের শ্রীবৃদ্ধি সাধন করিয়া খ্যাতিলাভ করেন। ইটালীয় পর্যটক নিকোলো কণ্টি এবং পারসিক রাজদূত আব্দুর রজ্জাক এই সময় বিজয়নগরে আসিয়াছিলেন। তাঁহারা উভয়েই বিজয়নগরের ঐশ্বর্য ও সমৃদ্ধি দেখিয়া আশ্চর্যান্বিত হইয়াছিলেন। ২য় দেবরায়ের মৃত্যুর সঙ্গে সঙ্গেই রাজবংশে গৃহবিচ্ছেদ দেখা দিল এবং ১৪৮৬ খৃঃ অব্দে চন্দ্রগিরির শাসনকর্তা নরসিংহ শালুব সিংহাসন অধিকার করিলেন।

নরসিংহ শালুব

শালুব বংশ।—নরসিংহ শালুব বিজয়নগরে যে রাজবংশ প্রতিষ্ঠা করিলেন তাহা "শালুব" বা "শাড়ব" বংশ নামে পরিচিত। ইতিমধ্যে পরাক্রান্ত বহ্মনী রাজ্যের পতন হইয়াছিল; কিন্তু বিজয়নগরের সহিত মুস্লিম রাজ্যগুলির শত্রুতার অবসান হয় নাই। নরসিংহকে প্রায়ই এই "প্রতিবেশি-পঞ্চকের" আক্রমণ হইতে রাজ্যরক্ষা করিয়া চলিতে হইত। তিনি পার্শ্ববর্তী রাজ্যসমূহ জয় করিয়া রাজ্যসীমা বৃদ্ধি করেন। নরসিংহের মৃত্যুর পরে তাঁহার দুই পুত্র ক্রমান্বয়ে রাজত্ব করেন। ইঁহারা কেহই শাসনৈপুণ্য দেখাইতে পারেন নাই। ইঁহাদের শাসনকালে সেনাপতি নরসনায়ক রাজ্যের শাসন পরিচালনা করিতে লাগিলেন। নরসনায়কের মৃত্যুর পর তাঁহার পুত্র বীর নরসিংহ ১৫০৫ খৃষ্টাব্দে নরসিংহের পুত্রকে হত্যা করিয়া সিংহাসন অধিকার করেন।

তুলুব বংশ: নরসনায়ক ও কৃষ্ণদেব রায়

তুলুব বংশ।—নরসনায়ক ছিলেন তুলুববংশীয়। এই বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি ছিলেন সুপ্রসিদ্ধ কৃষ্ণদেব রায়। তিনি ছিলেন নরসনায়কের পুত্র। বিজয়নগর প্রতিষ্ঠার দুই শতাব্দী পরে কৃষ্ণদেব রায় ১৫০৯ খৃঃ অব্দ হইতে ১৫২৯ খৃঃ অব্দ অবধি রাজত্ব করিয়া গিয়াছেন। তাঁহার রাজত্বকাল বিজয়নগরের তথা দক্ষিণ-ভারতের ইতিহাসে

একটি উজ্জ্বলতম অধ্যায়। রাজ্যাভিষেকের অনতিকাল পরে তিনি উদয়গিরির (নেল্লোর জেলায় অবস্থিত) দুর্ভেদ্য দুর্গ অধিকার করেন। তারপর তিনি দুর্গের পর দুর্গ জয় করিয়া চলিলেন। ১৫১৫ খৃঃ অব্দে উড়িষ্যার রাজা বীরভদ্র তাঁহার নিকট পরাজয় স্বীকার করিতে বাধ্য হন। ১৫২০ খৃষ্টাব্দে বিজাপুরের সুলতান ইস্‌মাইল আদিল শাহ্‌কে পরাভূত করিয়া তিনি কৃষ্ণা ও তুঙ্গ-ভদ্রার দোয়াবে অবস্থিত রায়চুর দুর্গ অধিকার করেন। ইহার পর তিনি বিজয়গৌরবে একবার বিজাপুর শহরেও প্রবেশ করিয়াছিলেন। বহ্‌মনী সুলতানদের প্রথম রাজধানী গুলবর্গা অধিকার করিয়া তিনি সেখানকার দুর্ভেদ্য দুর্গটি ধূলিসাৎ করিয়া দিয়াছিলেন। তাঁহার সময় বিজয়নগর রাজ্য বর্তমান মাদ্রাজ প্রেসিডেন্সীর প্রায় সমগ্র অংশ এবং মহীশূর, ত্রিবাঙ্কুর, কোচিন, কুর্গ প্রভৃতি রাজ্য এবং বর্তমান বোম্বাই প্রেসিডেন্সীরও কিছু অংশ পর্যন্ত বিস্তৃত ছিল। কৃষ্ণদেব রায় সমর-কৌশলের জন্যই



কৃষ্ণদেব রায়

চরিত্র

বিখ্যাত নন; উদারতা, অমায়িকতা, শিল্প, সঙ্গীত ও সাহিত্যানুরাগ প্রভৃতি বিবিধ সদ্‌গুণের জন্য প্রসিদ্ধ ছিলেন। পাএস্ (Paes) নামে একজন সমসাময়িক পর্তুগীজ লেখকও কৃষ্ণদেবের উচ্ছ্বসিত প্রশংসা করিয়া গিয়াছেন। দাক্ষিণাত্যের যে সকল নরপতি ইতিহাসের পৃষ্ঠা সমুজ্জ্বল করিয়া রাখিয়াছেন কৃষ্ণদেব রায় তাঁহাদের শীর্ষস্থানীয়।

অচ্যুত রায়, সদাশিব রায়, রামরাজা

কৃষ্ণদেব রায়ের পর তাঁহার ভ্রাতা অচ্যুত রায় ও তাঁহার পরে তাঁহার ভ্রাতুষ্পুত্র সদাশিব রায় রাজা হইলেন। কিন্তু সদাশিবের সময় প্রকৃত ক্ষমতা ছিল মন্ত্রী রামরাজা বা রামরায়ের হাতে। ১৫৫৮ খৃঃ অব্দে রামরাজা বিজাপুর ও গোলকুণ্ডার সহিত মিলিত হইয়া আহ্‌মদনগর জয় করেন। যুদ্ধজয়ের পর হিন্দু সৈন্যেরা আহ্‌মদনগরের অধিবাসীদের প্রতি অশেষ অত্যাচার

করে ; রামরাজাও তাঁহার মুস্‌লিম মিত্রগণের সহিত যথোচিত ব্যবহার করেন নাই। ফলে বিজাপুর, গোলকুণ্ডা, বিদর ও আহ্‌মদনগর এই চারিটি রাজ্য একত্র হইয়া বিজয়নগরের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিল। বিজাপুর রাজ্যের অন্তর্গত তালিকোট নামক নগর হইতে ত্রিশ মাইল দূরবর্তী একস্থানে উভয়পক্ষে তুমুল যুদ্ধ হইল ; ইতিহাসে ইহা "তালিকোটের যুদ্ধ" নামেই প্রসিদ্ধ। এই যুদ্ধে হিন্দুগণ সম্পূর্ণরূপে পরাজিত ও বিধ্বস্ত হইল। রামরাজা বন্দী হইয়া প্রাণ হারাইলেন (১৫৬৫ খৃঃ)। সম্মিলিত মুস্‌লিম বাহিনী বিজয়নগরে প্রবেশ করিয়া সেখানকার বিরাট অট্টালিকা, সুরম্য প্রাসাদ ও মন্দিরগুলি ধূলিসাৎ করিয়া দিল।

চতুঃশক্তি সম্মেলন

তালিকোটের যুদ্ধ ১৫৬৫)

আরবীডু বংশ।—সদাশিব ও রাজবংশের অন্যান্য সকলে পেনুগোণ্ডায় পলায়ন করিয়াছিলেন। সেখানে রামরাজার ভ্রাতা তিরুমল ১৫৭০ খৃঃ অব্দে রাজপদ অধিকার করিয়া 'আরবীডু' রাজবংশের প্রতিষ্ঠা করেন। এই বংশের প্রসিদ্ধ নরপতি ছিলেন ১ম বেঙ্কট। আনুমানিক ১৫৮৫ খৃঃ অব্দে তিনি সিংহাসনে আরোহণ করিয়া চন্দ্রগিরি নামক স্থানে রাজধানী স্থানান্তরিত করেন। কিন্তু রাজ্যের সুদিন আর ফিরিল না। প্রাদেশিক সামন্তগণ একে একে স্বাধীনতা ঘোষণা করিতে লাগিলেন ; রাজ্যের অধিকাংশই বিজাপুর ও গোলকুণ্ডা রাজ্যের কুক্ষিগত হইয়া পড়িল। বিজয়নগর বা চন্দ্রগিরির রাজারাও কালক্রমে ক্ষুদ্র স্থানীয় নায়কে পরিণত হইয়া গেলেন।

আরবীডু বংশ : ১ম বেঙ্কট

বিজয়নগরের আভ্যন্তরীণ অবস্থা।—বিজয়নগর অতি সুসমৃদ্ধ রাজ্য ছিল। ইহার সমৃদ্ধির দিনে বিদেশ হইতে বহু বণিক ও পর্যটক এখানে আসিয়াছিলেন। ইঁহাদের মধ্যে ইতালীয় বণিক্ নিকোলো কন্টি (Nicolo Conti), পারস্যের রাজদূত আব্দুর রজ্জাক এবং পর্তুগীজ দোমিঙ্গোজ্ পাএস (Domingos Paes)-এর নাম উল্লেখযোগ্য। ইঁহারা সকলেই রাজধানী বিজয়নগরের আয়তন, লোকসংখ্যা, ইহার সুরম্য হর্ম্যাবলী, বিশাল ও সুন্দর মন্দির, বাজার ও বিপণিশ্রেণী, রাজপ্রাসাদ এবং ইহার শিল্পকলা ও সমৃদ্ধির উচ্ছ্বসিত প্রশংসা করিয়াছেন। পাএসের মতে বিজয়নগর ছিল পৃথিবীর সর্বাপেক্ষা সমৃদ্ধিশালী নগর। সামুদ্রিক বাণিজ্য হইতে বিজয়নগরের প্রভূত অর্থাগম হইত। ঐতিহাসিক ফিরিস্তা স্বীকার করিয়া গিয়াছেন যে, বিজয়নগরের রাজারা ক্ষমতা, ঐশ্বর্য ও রাজ্যবিস্তারে বহ্‌মনী সুলতানদিগকে অতিক্রম করিয়া

বৈদেশিক ভ্রমণকারিগণের বিবরণ

গিয়াছিলেন। নিকোলো কন্টির বর্ণনা হইতে জানিতে পারা যায় যে, শুধু বিজয়নগর সহরটির পরিধি ছিল ৬০ মাইল; চারিদিকে পর্বতগাত্রের উপর দিয়া দুর্ভেদ্য শৈল বেষ্টনী নির্মাণ করিয়া রাজধানী সুরক্ষিত করিয়া রাখা হইয়াছিল। পারসিক রাজদূত আব্দুর রজ্জাক বিজয়নগর সম্বন্ধে লিখিয়াছেন যে, পৃথিবীতে ইহার ন্যায় নগর কেহ চক্ষে দেখে নাই, কানেও শোনে নাই। পর পর সাতটি দুর্ভেদ্য দুর্গপ্রাকারে ইহা সুরক্ষিত। সপ্তম প্রাকারটি অপরগুলির মধ্যভাগে অবস্থিত; ইহার মধ্যবর্তী ভূভাগ হিরাতের বড় বাজারের প্রায় দশগুণ। ইহার মধ্যে রাজপ্রাসাদ। যেখানে রাজপ্রাসাদ অবস্থিত সেখানে পাথর-কাটা মসৃণ জলপ্রণালীর মধ্য দিয়া অনেকগুলি স্রোতস্বতী প্রবাহিত হইতেছে। নগরটি যে কিরূপ জনবহুল তাহা ধারণা করা অসম্ভব। রাজপ্রাসাদের ধনাগার স্বর্ণে

বিজয়নগরের ঐশ্বর্য

পরিপূর্ণ। সম্ভ্রান্ত ব্যক্তি হইতে সাধারণ লোক পর্যন্ত উচ্চনীচ সকলেই কানে, গলায়, বাহুতে ও অঙ্গুলিতে নানাবিধ মণিরত্নখচিত অলংকার পরিধান করিয়া থাকে। রজ্জাক আরও বলিয়াছেন যে, বিজয়নগর রাজ্যে ছোটবড় প্রায় তিনশত সামুদ্রিক বন্দর ছিল। শিল্প ও ব্যবসা-বাণিজ্যে ইহার সমৃদ্ধির তুলনা ছিল না। কৃষ্ণদেব রায়ের রাজত্ব-কালে পর্তুগীজ দোমিঙ্গোজ্ পাএস বিজয়নগরে আসিয়াছিলেন। তিনি নগরটির আয়তন ও লোকসংখ্যা স্থির করিয়া উঠিতে পারেন নাই; কিন্তু নগরটিতে লক্ষাধিক বাসগৃহ ছিল বলিয়া তিনি অনুমান করিয়াছিলেন। তাঁহার মতে তখন বিজয়নগর ছিল পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা সমৃদ্ধিশালী নগর। রাজপ্রাসাদের একটি ঘর ছাদ হইতে ভিত্তি পর্যন্ত আগাগোড়া গজদন্তে নির্মিত ছিল। পর্তুগীজ ন্যুনিজ উল্লেখ করিয়াছেন যে, রাজপ্রাসাদে স্বর্ণ ও রৌপ্য ব্যতীত অন্য কোন ধাতুর বাসনপত্র ব্যবহার করা হইত না।

বিজয়নগরের রাজারা অনেকেই বিদ্যোৎসাহী এবং শিল্পানুরাগী ছিলেন। পণ্ডিতপ্রবর

বিদ্যা ও শিক্ষা

সায়ন ও মাধবাচার্যের কথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। এই সময়েই আবার রাজাদের পৃষ্ঠপোষকতায় কানাড়ী ও তেলেগু সঙ্গীত এবং পরবর্তী যুগের সাহিত্যের যথেষ্ট শ্রীবৃদ্ধি সাধিত হয়। তাই তেলেগু সুরশিল্পী ত্যাগরাজের অপূর্ব রচনায় সারা দক্ষিণ-ভারত আজও মুগ্ধ হইয়া আছে। এই রাজ্যে স্ত্রী-শিক্ষার বিশেষ প্রসার ছিল। ন্যুনিজের (Nuniz) বিবরণ হইতে জানা যায় যে, রাজ্যের অর্থ-বিভাগে কতিপয় স্ত্রী-কর্মচারী নিযুক্ত ছিলেন। বিজয়নগরের মন্দির ও প্রাসাদাদির ধ্বংসাবশেষ সেখানকার স্থাপত্য-শিল্পের

নীরব সাক্ষ্য আজিও বহন করিতেছে। তখনকার চিত্রশিল্পের নিদর্শনগুলি বিলুপ্ত হইয়া গেলেও আব্দুর রজ্জাক এবং পর্তুগীজ লেখকদের বিবরণ হইতে নিঃসংশয়ে বুঝিতে পারা যায় যে, ভাস্কর্য ও স্থাপত্যের ন্যায় বিজয়নগরের চিত্রকলারও একসময় চরম উন্নতি হইয়াছিল।

বিজয়নগরের শাসন-ব্যবস্থা।—বিজয়নগরের শাসন-ব্যবস্থায় রাজা ছিলেন সর্বোচ্চ ক্ষমতার অধিকারী এবং শাসন-ব্যবস্থার উপর তাঁহার কর্তৃত্ব ছিল অবাধ। তিনি একাধারে ছিলেন প্রধান শাসক, বিচারক ও সেনাপতি। কিন্তু অবাধ ক্ষমতার অধিকারী হইলেও রাজারা স্বৈরাচারী ছিলেন না। শাসনকার্যে তাঁহাকে সহায়তা করিবার জন্য একটি সমিতি ছিল। রাজ-মন্ত্রিবর্গ, প্রাদেশিক শাসকগণ, সেনাপতিবর্গ এবং রাজনীতিতে অভিজ্ঞ ব্রাহ্মণ-শ্রেণীর ব্যক্তিবর্গ লইয়া সমিতি গঠিত হইত। রাজা ইঁহাদের সহিত পরামর্শ করিয়া শাসন পরিচালনা করিতেন। মন্ত্রিগণ বহুসংখ্যক কর্মচারীর সাহায্যে স্ব স্ব বিভাগ পরিচালনা করিতেন। রাজা জনহিতের প্রতি দৃষ্টি রাখিয়া আপন কর্তব্য সম্পাদন করিতেন। উচ্চ-রাজকর্মচারিগণ জায়গীর ভোগ করিতেন।

কেন্দ্রীয় শাসন

বিজয়নগর রাজ্য বহুসংখ্যক প্রদেশে বিভক্ত ছিল। প্রাদেশিক শাসকগণ রাজার প্রতিনিধিরূপে প্রায় স্বাধীনভাবেই নিজ নিজ প্রদেশ শাসন করিতেন। ইঁহারা প্রাদেশিক রাজস্বের এক-তৃতীয়াংশ কেন্দ্রীয় সরকারকে প্রেরণ করিতেন এবং রাজার প্রয়োজনে সৈন্য সাহায্য দিতে বাধ্য থাকিতেন। প্রদেশসমূহ আবার নাড়ু অথবা কোট্টম নামক ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত থাকিত। রাষ্ট্রের ক্ষুদ্রতম অংশ ছিল গ্রাম। গ্রামের সর্বপ্রকার শাসনব্যবস্থা গ্রাম্য কর্মচারীদের হাতে ন্যস্ত ছিল। ইঁহারা বংশানুক্রমে শাসন পরিচালনা করিতেন।

প্রাদেশিক শাসন

সরকারী আয়ের প্রধান উৎস ছিল ভূমিরাজস্ব। ইহা ব্যতীত নানারূপ সেস্‌জাতীয় করও প্রজাদের দিতে হইত। বৈদেশিক পর্যটকদের বিবরণ হইতে জানা যায় যে, জনসাধারণ অত্যধিক করভারে জর্জরিত হইত।

রাজস্ব

রাজ্যে রাজা ছিলেন সর্বোচ্চ বিচারক। রাজার অধীনে বহু বিচারক ও বিচারালয় ছিল। হিন্দু শাস্ত্রবিধি এবং স্থানীয় আচারপদ্ধতি অনুসারে বিচারকার্য নিষ্পন্ন করা হইত। ফৌজদারী দণ্ডবিধি অত্যন্ত কঠোর ছিল। সাধারণ অপরাধে অঙ্গচ্ছেদ অথবা মৃত্যুদণ্ড হইত। ব্রাহ্মণগণ মৃত্যুদণ্ড হইতে অব্যাহতি পাইত।


বিচার

সামরিক বল

বিজয়নগর রাজ্যের রাজশক্তি সামরিক বলের উপর প্রতিষ্ঠিত ছিল। সামরিক বাহিনী হস্তী, অশ্বারোহী ও পদাতিক এই তিনটি বিভাগে বিভক্ত ছিল। বিজয়-নগরের রাজাদের একটি গোলন্দাজ বাহিনীও ছিল। সংখ্যায় হিন্দু সৈন্যবাহিনী বিরাট হইলেও রণনীতি ও কার্যকারিতার দিক দিয়া ইহা দুর্ধর্ষ মুসলিম সৈন্যবাহিনী অপেক্ষা হীন ছিল।


বংশ-তালিকা

বহ্মনী বংশ




বিজয়নগর রাজবংশসমূহের তালিকা


(ক) সঙ্গম বংশ



(খ) তুলুব বংশ



(গ) আরবীডু বংশ



প্রশ্নাবলী

১। সংক্ষেপে বহ্‌মনী রাজ্যের ইতিহাস বর্ণনা কর।

২। বিজয়নগর রাজ্যের উত্থান ও পতনের ইতিহাস বর্ণনা কর।

৩। তোমার মতে বিজয়নগর রাজ্যের সর্বশ্রেষ্ঠ রাজা কে? তাঁহার রাজত্বকালের ঘটনাবলী বর্ণনা কর।

৪। বিজয়নগর ও বহ্‌মনী রাজ্যের মধ্যে দ্বন্দ্বের কাহিনী সংক্ষেপে বিবৃত কর।

৫। বিদেশী পর্যটকদের বর্ণনা অবলম্বন করিয়া বিজয়নগরের রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থার বিবরণ দাও।

৬। টীকা লিখ:—আলাউদ্দীন বহ্‌মন শাহ্, ফীরূজ শাহ্, মাহ্‌মুদ গাওয়ান, কৃষ্ণদেব রায়, আব্দুর রজ্জাক, নিকোলো কন্টি, পাএস্, তালিকোটের যুদ্ধ, য়ুসুফ আদিল শাহ্।

৭। বহ্‌মনী রাজ্যের পতনের পরে দাক্ষিণাত্যে যে পঞ্চ মুসলমান রাজ্যের উদ্ভব হইয়াছিল, সংক্ষেপে উহাদের ইতিহাস বর্ণনা কর।

৮। বিজাপুরের আদিলশাহী বংশের রাজত্বকালের ইতিহাস লিখ।

অষ্টাদশ অধ্যায়

সুলতানী আমলে ভারতবর্ষ

রাজনৈতিক অবস্থা।—শাসনব্যবস্থার নামে সুলতানগণ প্রকৃতপক্ষে এক-কর্তৃত্ব (Autocracy) এদেশে প্রতিষ্ঠা করেন। একাধারে সুলতানই ছিলেন সম্রাট, সৈন্যাধ্যক্ষ ও বিচারপতি। তাঁহার কথাই ছিল দেশের আইন। মন্ত্রী, অমাত্য, প্রাদেশিক রাজপ্রতিনিধি, প্রভৃতি সকলেই ছিলেন সুলতানের ভৃত্যস্বরূপ; তাই যে-কোনও মুহূর্তে কাহারও নিকট কোনরূপ কৈফিয়ৎ না দিয়া তাঁহাদিগকে পদচ্যুত এবং প্রাণদণ্ডে দণ্ডিত করা চলিত। দিল্লীর কেন্দ্রীয় শাসনব্যবস্থার অনুকরণে প্রাদেশিক শাসকগণও নিজ নিজ প্রদেশে এক-কর্তৃত্ব প্রতিষ্ঠা করিয়াছিলেন। সুলতানের আনুগত্য স্বীকার, নিয়মিত কর ও উপঢৌকন-প্রদান এবং প্রয়োজনানুসারে সৈন্য সংগ্রহ করিয়া দেওয়া ব্যতীত সুলতানের নিকট তাঁহাদের আর কোন দায়িত্ব ছিল না।

এক-কর্তৃত্ব শাসনব্যবস্থা

প্রাদেশিক শাসন

এরূপ স্বেচ্ছাচারী শাসনতন্ত্রের মূল ভিত্তি ছিল সামরিক শক্তি। যে সামরিক শক্তির উপর নির্ভর করিয়া সুলতানগণ রাজ্যশাসন করিতেন, তাহা রাজধানী, দুর্গ, সৈন্যাবাস, প্রভৃতি কয়েকটি বিশিষ্ট স্থানেই কেন্দ্রীভূত থাকিত। অন্যান্য স্থানে হিন্দু সামন্তগণ স্বাধীনভাবেই দেশের চিরাচরিত পদ্ধতিতে শাসনকার্য নির্বাহ করিতেন। সুলতানের আনুগত্য-স্বীকারের চিহ্নস্বরূপ তাঁহারা রাজধানীতে নিয়মিত রাজস্ব এবং কখনও কখনও উপঢৌকন পাঠাইতেন মাত্র। বিশেষ অত্যাচারী সম্রাটের রাজত্বকাল ব্যতীত প্রজাসাধারণের জীবনযাত্রায় মুস্‌লিম শাসকগণ হস্তক্ষেপ করিতেন না। হিন্দুদিগকে প্রায়ই 'জিজিয়া' কর নামে একটি অতিরিক্ত রাজস্ব দিতে হইত এবং তাহারা মুসলমানদের সমকক্ষ বলিয়া বিবেচিত হইত না।

ইসলাম ধর্মের প্রসার—হিন্দুসমাজ ও ধর্মের উপর প্রতিক্রিয়া।—মুসলমানদের পূর্বে গ্রীক, শক, হূণ প্রভৃতি যে-সকল বৈদেশিক জাতি ভারতে আসিয়াছিল, তাহারা ভারতীয় আচার-ব্যবহার ও ধর্ম গ্রহণ করিয়া কালক্রমে হিন্দুসমাজে মিশিয়া এক হইয়া গিয়াছিল। কিন্তু মুসলমানগণ তিনশত বৎসর এদেশে বাস করিয়াও নিজেদের স্বাতন্ত্র্য বজায় রাখিয়াছিলেন। তাঁহারা পূর্বগামী বিদেশী জাতিদের ন্যায় হিন্দুসমাজের অঙ্গীভূত হন নাই। ইস্‌লাম ধর্ম ও সমাজবিধি হিন্দুধর্ম ও সমাজ-ব্যবস্থা হইতে সম্পূর্ণ পৃথক্। প্রতীক ও প্রতিমা-পূজা হিন্দু-উপাসনাদির বিশেষত্ব; কিন্তু মুসলমানগণ প্রতীক ও প্রতিমাকে ধর্মোন্নতির প্রবল অন্তরায় বলিয়া মনে করেন। হিন্দু-সমাজের মূলভিত্তি জাতিভেদমূলক বর্ণাশ্রম ধর্ম, কিন্তু সাম্যবাদী মুসলমান-সমাজ সম্পূর্ণরূপে জাতিভেদবর্জিত ও গণতান্ত্রিক। হিন্দু ও মুসলমান—এই দুইটি সমাজের মিলনের পথে এই সকল পার্থক্য, বহু বাধা সৃষ্টি করিয়া রহিল। মুসলমান বিজয়ের পর ইস্‌লাম ধর্ম ধীরে ধীরে ভারতে বিস্তারলাভ করিতে থাকে। কালক্রমে নিম্নবর্ণের বহু হিন্দু উচ্চবর্ণের অত্যাচারে প্রপীড়িত হইয়া এবং মুসলমান সমাজের উদারতা ও সাম্যনীতিতে আকৃষ্ট হইয়া ইস্‌লাম ধর্ম গ্রহণ করিতে লাগিল। ইহা ব্যতীত উচ্চ রাজপদ-লাভ ও 'জিজিয়া' হইতে অব্যাহতির প্রলোভনেও বহু হিন্দু ইস্‌লাম ধর্ম গ্রহণ করিতেছিল। এই সঙ্কটের অবস্থায় ইস্‌লাম প্রভাব যাহাতে হিন্দু সমাজকে দুর্বল করিতে না পারে, সেজন্য হিন্দু শাস্ত্রকারগণ কঠোর বিধি-নিষেধ ও সামাজিক শাসনের ব্যবস্থা

করিলেন। তাঁহাদের এই আত্মরক্ষানীতি ও রক্ষণশীলতার জন্যই, অন্যান্য দেশে ইস্‌লাম প্রচারকগণ যেরূপ পূর্ণ সাফল্যলাভ করিয়াছিলেন, ভারতবর্ষে মুস্‌লিমগণ সেরূপ সাফল্যলাভ করিতে পারেন নাই। মধ্যযুগের রক্ষণশীল শাস্ত্রকারদের মধ্যে দক্ষিণের মাধবাচার্য ও বাঙ্গালার রঘুনন্দন সর্বাপেক্ষা প্রসিদ্ধ।

হিন্দু সমাজের আত্মরক্ষা—মাধবাচার্য ও রঘুনন্দন

তথাপি বহুকাল একত্র বসবাস করায় এবং ভারতবর্ষকে স্থায়ী বাসস্থান করার ফলে, হিন্দু ও মুসলমানগণ পরস্পরের প্রভাব হইতে মুক্ত থাকিতে পারে নাই। যে-সকল হিন্দু ইস্‌লাম ধর্ম গ্রহণ করিতেন, তাঁহাদের অনেকের পক্ষেই চিরাচরিত আচার-ব্যবহার সম্পূর্ণরূপে বর্জন করা সম্ভব হইত না। আবার, অনেক মুসলমান স্থলতান ও ওমরাহ্ হিন্দু-রমণীর পাণিগ্রহণ করিয়া কোন কোন বিষয়ে হিন্দু আচার-ব্যবহারের দ্বারাও প্রভাবিত হইতেন। এইভাবে কালক্রমে উভয় ধর্ম ও সমাজের মধ্যে উৎকট সংঘর্ষ কমিয়া সমন্বয়ের প্রচেষ্টা দেখা গেল।

এযুগের কয়েকজন রাজাও শাসনব্যবস্থায় উদারনীতি গ্রহণ করিয়া হিন্দু-মুস্‌লিম্ মিলনের পথ প্রশস্ত করিয়াছিলেন। ইঁহাদের মধ্যে বাঙ্গালার হুসেন শাহ্, বিজাপুরের য়ুসুফ আদিল শাহ্ এবং কাশ্মীরের জয়নুল আবিদীনের নাম বিশেষ উল্লেখযোগ্য। ইঁহারা কেহই হিন্দু মুসলমানের মধ্যে ভেদাভেদ করেন নাই। হুসেন শাহের শাসনকালে শ্রীচৈতন্যদেব বৈষ্ণব ধর্ম প্রচার করেন। এই সময় রাজানুগ্রহে বাঙ্গালা সাহিত্যেরও অভাবনীয় উন্নতি হইয়াছিল। য়ুসুফ আদিল শাহ্ জনৈক হিন্দু মারাঠি মহিলাকে বিবাহ করেন। বহু হিন্দু তাঁহার অধীনে রাজকার্যে নিযুক্ত ছিলেন এবং রাজকার্যে মারাঠি ভাষার ব্যবহার প্রচলিত হয়। কাশ্মীরে জয়নুল আবিদীনও ধর্ম সম্বন্ধে বিশেষ উদার ছিলেন। তাঁহার শাসনকালে হিন্দুগণ নির্ভয়ে ধর্মকার্য সম্পাদন করিবার সুযোগ পাইয়াছিল।

উদারমনা রাজগণ—হিন্দু-মুসলিম মিলন-প্রচেষ্টা

চতুর্দশ ও পঞ্চদশ শতকে উত্তর ও দক্ষিণ ভারতে কয়েকজন ধর্মপ্রচারকের আবির্ভাব ঘটিয়াছিল, যাঁহারা উভয় ধর্মের মধ্যে সামঞ্জস্য স্থাপন করিয়া হিন্দু-মুস্‌লিম্ মিলনের বাণী প্রচার করিতে লাগিলেন। মিলনপন্থী মহাপুরুষদের মধ্যে রামানন্দ, কবীর, গুরু নানক, শ্রীচৈতন্য, যবন হরিদাস, খাজা মুইন্‌উদ্দীন চিশ্‌তি, নিজামউদ্দীন আউলিয়া, শাহ্ জলাল,

নূর কুতব্-উল আলম, একনাথ, নামদেব, ও মীরাবাঈ প্রভৃতি বিশেষ প্রসিদ্ধ। এই ধর্মপ্রচারকগণ সাধারণের বোধগম্য হিন্দী, উর্দু, বাংলা, মারাঠি প্রভৃতি দেশীয় ভাষাতেই উপদেশ দান করিয়া গিয়াছেন। ইঁহাদের ধর্মোপদেশের মূল কথা—ঈশ্বর এক ও অদ্বিতীয় এবং তিনিই সকলের আরাধ্য। ভক্তি ও সেবা দ্বারাই প্রেমময় ভগবানকে লাভ করা যায়। যাগযজ্ঞ অথবা জটিল পূজাপদ্ধতি ভগবানের আরাধনায় নিষ্প্রয়োজন। হিন্দুর ভগবান ও মুসলমানের ভগবানে কোন প্রভেদ নাই; কারণ ঈশ্বর এক। জাতিভেদ ধর্মের অঙ্গ নহে; জীবমাত্রেই ভগবানের সন্তান।

হিন্দু-মুস্লিম ধর্মপ্রচারকগণ

'রামাৎ বৈষ্ণব'-সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা প্রসিদ্ধ ধর্মপ্রচারক রামানন্দ, খৃষ্টীয় চতুর্দশ শতকে আবির্ভূত হন। ভগবান রামচন্দ্রের উপাসক এবং জাতিতে ব্রাহ্মণ হইলেও তিনি ঈশ্বরের একত্ব প্রচার করিয়াছেন এবং জাতি-বর্ণ-নির্বিশেষে সকলকেই দীক্ষা দিয়াছেন। ইঁহার শিষ্যদের মধ্যে মুসলমান জোলা ভক্ত কবীর সুপ্রসিদ্ধ।

রামানন্দ

বৈষ্ণবপ্রচারক বল্লভাচার্য পঞ্চদশ শতকে আবির্ভূত হন। তিনি ছিলেন দক্ষিণী ব্রাহ্মণ এবং শ্রীকৃষ্ণের উপাসক। তিনিও জাতিভেদ মানিতেন না। তাঁহার মতে জীবমাত্রই ভগবানের সন্তান। তাঁহার প্রভাব দাক্ষিণাত্য হইতে সুদূর কাথিয়াবাড় ও গুজরাট পর্যন্ত বিস্তৃত হয়।

বল্লভাচার্য

মহাপ্রভু শ্রীচৈতন্য ছিলেন নবদ্বীপের বাঙালী ব্রাহ্মণ। ষোড়শ শতকের সন্ন্যাসী-প্রচারকদের মধ্যে তিনিই সর্বাপেক্ষা প্রসিদ্ধ। মাত্র ২৪ বৎসর বয়সে সন্ন্যাস গ্রহণ করিয়া তিনি বৈষ্ণবধর্মের মূলমন্ত্র 'বৈরাগ্য, বিশুদ্ধ প্রেম ও জীবে দয়া'-প্রচারে জীবন উৎসর্গ করেন। তিনিও জাতিভেদ স্বীকার করিতেন না। তাঁহার অগণিত শিষ্যের মধ্যে মুসলমান—যবন হরিদাস বিশেষ প্রসিদ্ধ। শ্রীচৈতন্যদেবের আবির্ভাব বাংলা, বিহার, আসাম ও উড়িষ্যার ধর্ম, সংস্কৃতি ও সাহিত্যের ইতিহাসে চিরস্মরণীয় হইয়া থাকিবে।

শ্রীচৈতন্য

একনাথ ছিলেন মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ। তিনিও জাতিভেদ মানিতেন না। অধিকন্তু তিনি ছিলেন গার্হস্থ্যধর্মের পৃষ্ঠপোষক। সমাজে যাহারা অস্পৃশ্য বলিয়া অবজ্ঞাত ছিল তাহারাও তাঁহার গৃহে সাদরে স্থান পাইয়াছিল।

একনাথ

এ-যুগের অপরাপর ধর্মপ্রচারকদের মধ্যে কবীর এবং গুরু নানক বিশেষ প্রসিদ্ধ।



গুরু নানক



কবীর

উভয়েই পঞ্চদশ শতাব্দীতে উত্তর-ভারতে আবির্ভূত হন। কবীর নিজে ছিলেন হিন্দুস্থানী মুসলমান জোলা ; কিন্তু হিন্দু, মুস্‌লিম কোন ধর্মেরই বাহিরের আচার-ব্যবহার তিনি মানিতেন না। তাঁহার মতে, যিনি হিন্দুর ঈশ্বর তিনিই মুসলমানের আল্লা। কবীরের দোঁহা হিন্দী সাহিত্যের অমর অবদান।

কবীর

গুরু নানক (১৪৬৯—১৫৩৯) জাতিতে ছিলেন ক্ষত্রিয়। তৈমুরলঙ্গ মারা যাবার অর্ধ শতাব্দী পরে নানকের আবির্ভাব হয়। সত্যের সন্ধানে তিনি সুদূর মক্কা ও বোগদাদ পর্যন্ত ভ্রমণ করিয়াছিলেন। ধর্মের জটিল বাহ্যিক আচার হইতে মুক্ত হইয়া "সৎ-শ্রী অকাল" অর্থাৎ সত্যস্বরূপ ভগবানের আরাধনা করিতে হইবে—ইহাই তাঁহার প্রবর্তিত ধর্মের মূলমন্ত্র। তাঁহার শিষ্যদের মধ্যে হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়েরই লোক ছিল। গুরু নানকের শিষ্যদের নাম ছিল 'শিখ'। এই 'শিখ' কথাটি সংস্কৃত 'শিষ্য' শব্দের অপভ্রংশ। ইহা হইতেই তাঁহার শিষ্যবর্গ 'শিখ সম্প্রদায়' নামে আজ সুপরিচিত।

নানক

কৃষ্ণ-প্রাণ মীরাবাঈ ছিলেন এ-যুগের একজন শ্রেষ্ঠ সাধিকা। জনপ্রবাদ অনুসারে তিনি ছিলেন মেবারের রাণা কুম্ভের বা তাঁর আত্মীয়ের পত্নী। ষোড়শ শতাব্দীর মধ্যভাগে তিনি পরলোক গমন করেন। তাঁহার রচিত গুজরাতী ও রাজস্থানী ভজনসমূহ এখনও ভারতের সর্বত্র লক্ষ লক্ষ কণ্ঠে গীত হইয়া থাকে।

মীরাবাঈ

এ-যুগের মুসলমান ফকিরদের মধ্যে খাজা মুইনুদ্দীন চিশ্‌তি, নিজামুদ্দীন আউলিয়া, শাহ্‌জলাল এবং নূর-কুতব্-উল আলম ছিলেন সর্বাপেক্ষা প্রসিদ্ধ। সুফী-সম্প্রদায়ভুক্ত খাজা মুইনুদ্দীন চিশ্‌তি আজমীরে বাস করিতেন এবং সমভাবে হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের শ্রদ্ধার পাত্র ছিলেন। নিজামুদ্দীন আউলিয়া বাস করিতেন রাজধানী দিল্লী নগরীতে। আলাউদ্দীন খল্‌জীর ন্যায় পরাক্রান্ত সুলতানও তাঁহাকে শ্রদ্ধা করিতেন এবং তাঁহার দরগায় একটি মস্‌জিদ নির্মাণ করাইয়া দিয়াছিলেন। বিখ্যাত সাধু শাহ্‌জলাল তব্‌রিজীর আস্তানা বাংলা ও আসামের অনেক স্থানে দেখা যায়। নূর কুতব-উল আলম জৌনপুর হইতে বাংলাদেশে আসেন; পাণ্ডুয়ায় তাঁহার সমাধি এখনও বর্তমান। স্থানীয় হিন্দু ও মুসলমানগণ আজও এই দুই সাধুর দরগায় 'সিন্নি' দিয়া থাকেন। উত্তর-ভারতের বিশেষতঃ বাংলার লোকসাহিত্য, পাঁচালী, ছড়া, পীরের গান, গ্রাম্য-গীতি, প্রভৃতিতে হিন্দু-মুসলমান ভাবধারা অঙ্গাঙ্গিভাবে মিশিয়া গিয়াছে।

খাজা মুইনুদ্দীন চিশ্‌তি

নিজামুদ্দীন আউলিয়া

লোকসাহিত্যে মিলনগাথা

ভাষা ও সাহিত্য।—তুর্কী-আধিপত্যের সঙ্গে সঙ্গে সংস্কৃত ভাষা রাজানুগ্রহ হইতে বঞ্চিত হইয়া পড়িল; তথাপি দেশের প্রাচীন শিক্ষাকেন্দ্রগুলিতে ব্রাহ্মণগণ সংস্কৃতের চর্চা অব্যাহত রাখিয়াছিলেন। দেশে টোল-চতুষ্পাঠীর অভাব ছিল না। প্রধান প্রধান তীর্থ-সমূহ ছিল যেন সেকালের এক একটি বিশ্ববিদ্যালয়। এ-যুগের সংস্কৃত লেখকগণের মধ্যে বেদের ভাষ্যকার সায়নাচার্য, তাঁহার ভ্রাতা দার্শনিক স্মার্ত মাধবাচার্য, পণ্ডিত হেমাদ্রি, বোপদেব, জ্ঞানেশ্বর, জয়দেব, স্মার্ত রঘুনন্দন, জীব গোস্বামী, জগন্নাথ প্রভৃতি বিশেষ প্রসিদ্ধ।

প্রাচীন সংস্কৃতি

লৌকিক ভাষা ও পল্লীসাহিত্যের উত্তরোত্তর বিকাশই এ-যুগের সংস্কৃতির বিশিষ্ট দান। ধর্মপ্রচারকগণ জনসাধারণের মধ্যে ধর্মপ্রচারের জন্য স্বভাবতঃই লৌকিক ভাষার আশ্রয় গ্রহণ করেন। এইভাবেই বাংলা, হিন্দী, উর্দু, মারাঠী, গুজরাটী,

প্রভৃতি জনসাধারণের দৈনন্দিন কাজকর্মের ভাষা কালক্রমে সাহিত্যের পর্যায়ে উন্নীত হইতে লাগিল। বাংলায় শ্রীচৈতন্যদেবের প্রেমধর্ম-প্রচারের ফলে বাংলাসাহিত্য নিরতিশয় সমৃদ্ধ হইয়া উঠিতে থাকে। বিদ্যাপতি ও চণ্ডীদাসের পদাবলী শ্রীচৈতন্যের পূর্ব হইতেই মৈথিলী ও বাংলাসাহিত্যের ইতিহাসে প্রসিদ্ধ। কৃত্তিবাসের রামায়ণ ও কাশীদাসের মহাভারত আজও বাঙ্গালার ঘরে ঘরে পঠিত হইয়া থাকে। বাংলার যে সকল সুলতানের নাম বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতার জন্য অক্ষয় হইয়া আছে, তাঁহাদের মধ্যে ইউসুফ শাহ্, হুসেন্ শাহ্ ও হুসেন শাহের পুত্র নসরৎ শাহ্ সর্বাপেক্ষা প্রসিদ্ধ। ইউসুফ শাহের আনুকূল্যে মালাধর বসু শ্রীমদ্ভাগবতের বঙ্গানুবাদ করেন। কবীন্দ্র পরমেশ্বর, হুসেন শাহ্‌কে 'কলির কৃষ্ণ' বলিয়া উল্লেখ করিয়া গিয়াছেন। নসরৎ শাহের আদেশে মহাভারতের এক বাংলা সংস্করণ রচিত হইয়াছিল। নসরৎ শাহের সেনাপতি পরাগল খাঁ এবং পরাগলের পুত্র ছোটে খাঁ বা ছুটি-খাঁ মহাভারতের অনুবাদ করিয়াছিলেন। রামানন্দ এবং কবীর হিন্দী সাহিত্যের বিশেষ উৎকর্ষ সাধন করেন। কবীরের দোঁহা বিদ্যাপতি ও চণ্ডীদাসের পদাবলীর ন্যায় যে-কোন সাহিত্যের গৌরবের বস্তু। নানক ও তাঁহার শিষ্যবর্গের রচনায় পাঞ্জাবী ভাষা সমৃদ্ধ হইয়া উঠিয়াছিল এবং মহারাষ্ট্রের ধর্মপ্রচারক জ্ঞানেশ্বর ও একনাথ মারাঠী ভাষার উন্নতি সাধন করেন এবং নামদেব ও তুকারাম কর্তৃক উহার পূর্ণ বিকাশ হয়।

লৌকিক ভাষা ও সাহিত্য

বাংলা সাহিত্য

অপরাপর লৌকিক সাহিত্য

দিল্লীর সুলতানগণ ছিলেন পারসিক সাহিত্যের পৃষ্ঠপোষক। কবি ও সুরজ্ঞ আমীর খুস্রু বোধ হয় এ যুগের পারসিক ও হিন্দী ভাষার সাহিত্যিকদের মধ্যে সর্বশ্রেষ্ঠ। তাঁহার সুদীর্ঘ জীবনকালে তিনি গিয়াস্‌উদ্দীন বল্‌বন হইতে গিয়াস্‌উদ্দীন তুগ্‌লুক পর্যন্ত প্রায় সকল সুলতানেরই আনুকূল্য লাভ করিয়াছিলেন। তাঁহার রচনাবলীতে হিন্দী শব্দেরও বহুল প্রয়োগ দেখিতে পাওয়া যায়। সেজন্য তাঁহাকে ফার্সী-হিন্দীর মিশ্রণে উৎপন্ন উর্দু সাহিত্যেরও একজন আদি-লেখক বলা হইয়া থাকে। তিনি হিন্দু সঙ্গীত ও সভ্যতারও সমজদার ছিলেন। সেখ নাজিমউদ্দীন বা হাসন-ই-দিহ্‌লবী নামে আর একজন কবিও এ-যুগে প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। কয়েকটি উৎকৃষ্ট ঐতিহাসিক গ্রন্থ পারসিক সাহিত্যিকদের বিশিষ্ট অবদান। নাসিরউদ্দীন মাহ্‌মুদের

আমীর খুস্রু

ঐতিহাসিক গ্রন্থ

শাসনকালে, মিন্‌হাজউদ্দীন সিরাজ 'তবকাত্-ই-নাসিরী' নামে এক বিরাট ইতিহাস রচনা করেন। কবি আমীর খুস্রুও 'তারিখ-ই-আলাই' নামে একখানি ইতিহাস লিখিয়া গিয়াছেন। তাহাতে আলাউদ্দীন খল্‌জীর রাজত্বের প্রথম ভাগ অবধি বর্ণিত হইয়াছে। এ-যুগের



তুগ্‌লুক শাহের সমাধি

সর্বশ্রেষ্ঠ ঐতিহাসিক জিয়াউদ্দীন বরণী ছিলেন মুহম্মদ তুগ্‌লুক ও ফীরূজ তুগ্‌লুকের সমসাময়িক। তিনি 'তারিখ-ই-ফীরূজশাহী' নামে একখানি প্রসিদ্ধ ইতিহাস প্রণয়ন করেন। শম্‌স্-ই-সিরাজ অফিফ্ নামে আর একজন লেখকও 'তারিখ-ই-ফীরূজশাহী' নামে আর একখানি গ্রন্থ রচনা করেন। পরবর্তী ঐতিহাসিকগণ এই সমস্ত গ্রন্থের উপর নির্ভর করিয়া সে-যুগের ইতিহাস রচনা করিয়াছিলেন।


উর্দু ভাষার উৎপত্তি

একদিকে হিন্দী অপরদিকে ফার্‌সী, তুর্কী, ও আরবী ভাষার সংমিশ্রণে এ-যুগে উর্দু ভাষার উদ্ভব হয়। 'উর্দু' কথাটি তুর্কী, ইহার অর্থ 'শিবির'। প্রধানতঃ সৈন্যশিবিরে ও হাটবাজারে হিন্দু ও মুস্‌লিম সৈন্যদলের পরস্পর কথাবার্তার

মধ্য দিয়া এই মিশ্র ভাষার উৎপত্তি হয়। উর্দু সাহিত্যে হিন্দুদের দান প্রচুর ও স্মরণীয়। দৈনন্দিন জীবনে সর্বসাধারণের ব্যবসায়-বাণিজ্য, মেলামেশা, প্রভৃতিও ইহার উৎপত্তির সহায়তা করে। উর্দু প্রকৃতপক্ষে হিন্দীরই বৈদেশিক শব্দবহুল একটি রূপ। ইহার ব্যাকরণ প্রধানত হিন্দীরই অনুরূপ, কিন্তু শব্দসম্পদ্ হিন্দী, ফারসী, আরবী ও যৎসামান্য তুর্কী শব্দের মিশ্রণে গঠিত।

অভিনব স্থাপত্য।—মুসলিম শাসকগণ স্থাপত্যশিল্পের বিশেষ অনুরাগী ছিলেন। এ-যুগে তাঁহাদের উৎসাহে এক অভিনব স্থাপত্যশিল্প গড়িয়া উঠে, তাহাতে হিন্দু ও মুসলিম স্থাপত্যরীতির সুষ্ঠু সংমিশ্রণ দেখিতে পাওয়া যায়। মুসলিমগণ যে সকল প্রাসাদ, মসজিদ, স্মৃতিসৌধ, প্রভৃতি নির্মাণ করাইয়া গিয়াছেন, সে-সকল কার্যে যথেষ্ট সংখ্যক হিন্দুশিল্পী নিয়োগ করিতেন। কখনও বা হিন্দু-মন্দিরাদিই কিছু পরিবর্তিত করিয়া অথবা উহার উপকরণ লইয়া মসজিদ প্রভৃতিতে রূপান্তরিত করা হইত। ফলে উভয় রীতির মিশ্রণে এ-যুগে ভারতবর্ষে যে কেবল এক নূতন স্থাপত্যশিল্পের

স্থাপত্যশিল্পের মিশ্রণ




সিদি সৈয়দ মস্‌জিদের সচ্ছিত্র শৈল-গবাক্ষ (আহ্‌মদাবাদ)

উদ্ভব হইল তাহাই নয়, স্থানভেদে তাহার মধ্যে প্রাদেশিক বৈশিষ্ট্যও স্পষ্ট হইয়া উঠিল।

এ-যুগে গুজরাট, দিল্লী, জৌনপুর, বঙ্গদেশ, দাক্ষিণাত্য, প্রভৃতি এক এক স্থানে এক এক রীতির স্থাপত্যশিল্প দেখিতে পাওয়া যায়। দিল্লীর কুতব্‌মিনার এবং বিবিধ মস্‌জিদ ও সমাধিসৌধগুলিতে মুসলিম রীতির প্রাধান্য দৃষ্ট হয়। প্রসিদ্ধ অতাল মস্‌জিদ ও জাম-ই মস্‌জিদ জৌনপুর স্থাপত্যরীতির উৎকৃষ্ট নিদর্শন। গুজরাটী স্থাপত্যের

প্রাদেশিক রীতি



ছোট সোনা মসজিদ

উৎকৃষ্ট নমুনা হইল আহ্‌মদ শাহের আদেশে নির্মিত তিন-দরওয়াজা এবং জাম-ই-মস্‌জিদ (আহ্‌মদাবাদ); বাংলাদেশে গৌড়ের সোনা মস্‌জিদ, লোটন মস্‌জিদ, কদম্ রসুল, প্রভৃতি এবং পাণ্ডুয়ার আদিনা মসজিদ ও একলাখী সমাধিভবন, মধ্যযুগের বঙ্গীয় স্থাপত্যের স্বকীয়তা প্রচার করিতেছে। দাক্ষিণাত্যের স্থাপত্যশিল্পের মধ্যে দৌলতাবাদের চাঁদ মিনার, বিদরের মাহমুদ গাওয়ানের বিদ্যা-নিকেতন এবং বিজাপুরের গোল-গুম্বজ সর্বাপেক্ষা উল্লেখযোগ্য।

বিজয়নগরের হিন্দুরাজগণ এবং রাজপুত নৃপতিগণও চারুকলা ও স্থাপত্যশিল্পের বিশেষ

পৃষ্ঠপোষক ছিলেন। কুম্ভের বিজয়স্তম্ভ এবং বিজয়নগরের পদ্মমহল ও বিঠলদেবের মন্দির সে-যুগের হিন্দু-স্থাপত্যশিল্পের শ্রেষ্ঠ নিদর্শন।



বিজাপুরের গোলগুম্বজ

দেশের অবস্থা।—এযুগে অবিরাম যুদ্ধবিগ্রহ প্রভৃতি অশান্তির কারণ সত্ত্বেও দেশ সম্পদশালী ছিল। কৃষি ও ব্যবসায়-বাণিজ্যের সবিশেষ উন্নতি হইয়াছিল এবং দ্রব্যাদির মূল্য অতিশয় সস্তা থাকায় জনসাধারণ মোটের উপর সুখে-স্বচ্ছন্দে জীবনযাত্রা নির্বাহ করিত। তৎকালীন বৈদেশিক ভ্রমণকারিগণের বিবরণ হইতে দেশের ঐশ্বর্য ও সমৃদ্ধির অনেক পরিচয় পাওয়া যায়। সুলতান মুহম্মদ তুগ্‌লুকের রাজত্বকালে আফ্রিকার মরক্কোদেশের সুপ্রসিদ্ধ পর্যটক ইবন্ বতুতা ভারতে আসেন এবং সুলতান কর্তৃক দিল্লীর কাজীপদে নিযুক্ত হইয়া বহু বৎসর এদেশে বাস করেন। তাঁহার লিখিত বিবরণ হইতে তদানীন্তন ভারতের অবস্থা সম্বন্ধে অনেক কথা জানা যায়। সাধারণ লোকের জীবন সরল ও অনাড়ম্বর ছিল। দ্রব্যমূল্য সস্তা হওয়ায় অতি দরিদ্র ব্যক্তিও দুবেলা পেট ভরিয়া খাইতে পারিত। বাংলা

বৈদেশিক ভ্রমণকারীদের বিবরণ

দেশে তখন সর্বপ্রকার দ্রব্যের প্রাচুর্য ছিল এবং দামেও তাহা সস্তা ছিল। পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, পঞ্চদশ শতাব্দীর প্রথম ভাগে চীনা দূতের সঙ্গে দো-ভাষী মা-হুয়ান বাংলা দেশে আসিয়াছিলেন। তিনি বাংলা দেশের ঐশ্বর্যের উচ্ছ্বসিত প্রশংসা করিয়াছেন এবং এদেশের সঙ্গীত, বাদ্য এবং নৃত্যকলার পরিচয় পাইয়া মুগ্ধ হইয়াছিলেন।

বিদেশী পর্যটকগণের বিবরণ হইতে দাক্ষিণাত্যের অবস্থা সম্বন্ধেও সম্যক অবগত হওয়া যায়। সকলেই একবাক্যে ইহার ঐশ্বর্য ও শিল্পকলার প্রশংসা করিয়াছেন। পঞ্চদশ শতাব্দীর প্রথম ভাগে ইতালীয় পর্যটক নিকোলো কন্টি বিজয়নগরে আসিয়াছিলেন। তিনি লিখিয়াছেন,

দাক্ষিণাত্যের অবস্থা

বিজয়নগর সহরটির পরিধি ছিল ৬০ মাইল; চারিদিকে পর্বতগাত্রের উপর দিয়া দুর্ভেদ্য শৈল-বেষ্টনী নির্মাণ করিয়া রাজধানী সুরক্ষিত করিয়া রাখা হইয়াছিল। ভাস্কো-ডা-গামার দেশবাসী পর্তুগীজ কবি Camoens-এর সমসাময়িক পর্যটক দোমিঙ্গোজ পাএস ষোড়শ শতাব্দীর প্রথমে বিজয়নগর সম্বন্ধে একটি বিবরণ লিপিবদ্ধ করেন।

পাএসের বিবরণ

তিনি সমস্ত নগরটির আয়তন ও লোকসংখ্যা স্থির করিয়া উঠিতে পারেন নাই; কিন্তু নগরটিতে লক্ষাধিক বাসগৃহ ছিল বলিয়া তিনি অনুমান করিয়াছিলেন। তাঁহার মতে বিজয়নগর ছিল পৃথিবীর সর্বাপেক্ষা সমৃদ্ধিশালী নগর। পাএস বিজনগরের রাজপ্রাসাদ সম্বন্ধে একটি মনোরম বিবরণ দিয়াছেন সেখানে তিনি ৩৪টি রাজপথ দেখিতে পান; সেখানকার একটি গৃহ, ছাদ হইতে ভিত্তি পর্যন্ত আগাগোড়া ছিল গজদন্তে নির্মিত। অন্যান্য ভ্রমণকারিগণের বিবরণ হইতে জানা যায় যে, ব্যবসা-বাণিজ্যে এবং শিল্পকলায় বিজয়নগর খুব উন্নত ছিল। এখানে শিক্ষার অবস্থাও খুব উন্নত ছিল। রাজ্যে স্ত্রী-শিক্ষার বিশেষ প্রসার ছিল। শিক্ষিতা স্ত্রীলোকেরা রাজকর্মে নিযুক্ত হইতেন।

প্রশ্নাবলী

১। ইস্‌লামী প্রভাব হইতে হিন্দুসমাজকে রক্ষা করিবার জন্য ব্রাহ্মণেরা কিরূপ চেষ্টা করিয়াছিলেন? সন্ন্যাসী-প্রচারকগণ ও তাঁহাদের কার্যাবলী সম্বন্ধে যাহা জান লিখ।

২। সুলতানী আমলে ধর্মপ্রচারকগণের আবির্ভাবের কারণ নির্দেশ কর। তাঁহাদের মধ্যে সর্বাধিক প্রসিদ্ধ কয়েকজনের নাম উল্লেখ কর এবং তাঁহাদের উপদেশাবলীর একটি বিবরণ দাও।

৩। সুলতানী আমলের সাহিত্য, শিল্প ও স্থাপত্যের একটি বিবরণ লিখ।

৪। সুলতানী যুগে হিন্দু-মুসলমান মিলন প্রচেষ্টায় সুলতান ও ধর্মপ্রচারকগণের সম্বন্ধে যাহা জান লিখ।

ঊনবিংশ অধ্যায়

মুঘলদের আগমন

বাবর, হুমায়ূন, শের শাহ্

(ক) বাবর (১৫২৬–১৫৩০)

মঙ্গোল জাতি।—মঙ্গোল জাতি মধ্য এশিয়ার স্তেপ্ অঞ্চলের অধিবাসী ছিল। হূণ প্রভৃতি জাতির ন্যায় ইহারাও ছিল বর্বর, সাহসী ও যুদ্ধপ্রিয় যাযাবর জাতি। ছোট ছোট দলে বিভক্ত হইয়া এক এক জন নেতার অধীনে ছোট ছোট তাঁবুতে ইহারা বাস করিত। গ্রাম বা নগরে বাস করা ইহারা পছন্দ করিত না। ঘোড়ায় চড়িয়া ইহারা যাতায়াত করিত এবং ঘোড়ার মাংস ও দুগ্ধ ছিল ইহাদের প্রধান খাদ্য। পশুপালন, শিকার ও যুদ্ধ ছিল ইহাদের বৃত্তি। তীর ও ধনুক ছিল ইহাদের প্রধান অস্ত্র এবং মঙ্গোলদের লক্ষ্য ছিল অব্যর্থ। ত্রয়োদশ শতাব্দীতে চিঙ্গিজ খাঁ নামক একজন অসাধারণ প্রতিভাশালী এবং অসামান্য সমরকুশল নেতা মঙ্গোল জাতিকে সংঘবদ্ধ করিয়া একটি অতি শক্তিশালী রাজ্য প্রতিষ্ঠা করেন। সুলতানী যুগের প্রথম ভাগ হইতে তৈমুর পর্যন্ত মঙ্গোলগণ ভারতের বিরুদ্ধে নানা অভিযান করে। বাবরই সর্বপ্রথম দিল্লী জয় করিয়া ভারতে স্থায়ী সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। মোগল বা মুঘল কথাগুলি মঙ্গোল শব্দ হইতে উদ্ভূত।

বাবরের বাল্যজীবন।—বাবর দিল্লীর সিংহাসনে যে রাজবংশের প্রতিষ্ঠা করেন, তাহা 'মুঘল বংশ' নামে পরিচিত। কিন্তু তিনি নিজে ছিলেন তুর্কী, তৈমুরের বংশসম্ভূত। তাঁহার মাতার দিক দিয়া তিনি মোগল (মুঘল) চিঙ্গিজ খাঁর সহিত সম্বন্ধযুক্ত ছিলেন। তিনি ছিলেন আমেরিকা-আবিষ্কারক কলম্বাস-এর সমসাময়িক।

বাবরের বংশ-পরিচয়

বাবরের প্রথম জীবন বড়ই বৈচিত্র্যময়। ১৪৮৩ খৃষ্টাব্দে বাবর জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা উমর শেখ মির্জা ছিলেন তুর্কীস্তানের ফরঘনা নামক একটি ক্ষুদ্র রাজ্যের অধিপতি। ১৪৯৪ খৃঃ অব্দে পিতার মৃত্যুর পরে একাদশবর্ষীয় বালক বাবর ফরঘনা রাজ্য তৈমুরের উত্তরাধিকারিরূপে প্রাপ্ত হইয়া জীবন-সংগ্রাম শুরু করেন। তাঁহার প্রকৃত নাম

ছিল জহিরউদ্দীন মুহম্মদ; কিন্তু তিনি বাবর (অর্থাৎ, সিংহ বা ব্যাঘ্র) নামেই সমধিক পরিচিত। তৈমুরের রাজধানী সমরখন্দের অধিকার লইয়াও তৈমুরের বংশধরদের মধ্যে তখন বিরোধ চলিতেছিল। বাবরও এই বিরোধে যোগ দিয়াছিলেন। ১৪৯৭ খৃঃ অব্দে মাত্র ১৪ বৎসর বয়সে তিনি সমরখন্দ অধিকার করেন; কিন্তু অল্পকাল পরেই সমরখন্দ ও ফরঘনা উভয়ই তাঁহার হস্তচ্যুত হইয়া গেল। কিছুকাল পরে আবার তিনি এই রাজ্য দুইটি জয় করিলেন কিন্তু পুনরায় উজবেগ-নায়ক সায়বানি খাঁর হস্তে পরাজিত হইয়া তিনি সমরখন্দ ও পিতৃরাজ্য উভয়ই হারাইয়া ভাগ্যান্বেষণে স্থান হইতে স্থানান্তরে ঘুরিয়া বেড়াইতে লাগিলেন। এই সময় তাঁহার দুঃখ-কষ্টের সীমা ছিল না। কিন্তু ইহাতে বিন্দুমাত্র বিচলিত না হইয়া তিনি নিজের ভাগ্যোন্নতি করিতে বদ্ধপরিকর হইলেন; সুযোগও শীঘ্র আসিল। এই সময় কাবুলে বিশেষ গোলযোগ সুরু হইয়াছিল। সুযোগ বুঝিয়া ১৫০৪ খৃঃ অব্দে তিনি কাবুল জয় করিলেন। কাবুল হইতে তিনি আর একবার সমরখন্দ জয় করিবার চেষ্টা করিয়া ব্যর্থ হইলেন। অতঃপর বাবর তৈমুরের ন্যায় 'হিন্দুস্থান' জয়ের সঙ্কল্প করেন।

কাবুল জয়

পানিপথের যুদ্ধ—দিল্লীজয়।—পানিপথের যুদ্ধের পূর্বে তিনি চারিবার ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন। এই সকল আক্রমণকালে তিনি পাঞ্জাব পর্যন্ত অগ্রসর হইয়াছিলেন; কিন্তু প্রতিবারই তাঁহাকে পশ্চাদপসরণ করিতে হয়। ১৫২৪ খৃষ্টাব্দে দিল্লীর সুলতান ইব্রাহিম লোদীর অত্যাচারে বিরক্ত হইয়া পঞ্জাবের শাসনকর্তা দৌলত খাঁ লোদী এবং ইব্রাহিমের এক পিতৃব্য আলম খাঁ ভারতবর্ষ জয় করিবার জন্য বাবরকে নিমন্ত্রণ করিয়া পাঠাইলেন। এই সুযোগে বাবর লাহোর জয় করিয়া উহা নিজের অধিকারভুক্ত করিয়া লইলেন। তখন দৌলত খাঁ তাঁহার বিরুদ্ধাচরণ করিতে লাগিলেন। সুতরাং ১৫২৫ খৃঃ অব্দে বাবর পুনরায় পঞ্জাব আক্রমণ করিয়া তাঁহাকে বশ্যতা স্বীকার করিতে বাধ্য করেন। তারপর পানিপথের রণক্ষেত্রে তিনি সুলতান ইব্রাহিম লোদীর সৈন্যদলকে কামান ও বন্দুক প্রভৃতি আগ্নেয় অস্ত্রের সাহায্যে পরাস্ত করিলেন (১৫২৬)। যুদ্ধে ইব্রাহিম নিহত হইলেন এবং বাবর দিল্লী ও আগ্রা অধিকার করিলেন। ভারতে মুঘল সাম্রাজ্যের ভিত্তি স্থাপিত হইল। মুঘল নামে পরিচিত হইলেও তৈমুর-বংশধর বাবর আসলে তুর্কী ছিলেন।

ভারত-অভিযান—লাহোর অধিকার

পানিপথের যুদ্ধ (১৫২৬)

খানুয়ার যুদ্ধ।—পানিপথের যুদ্ধে জয়লাভ করিয়া বাবর দিল্লীর সিংহাসন অধিকার করিলেও ভারতে মুঘল অধিকার-স্থাপনের অন্তরায় তখনও দূর নাই। দোয়াব অঞ্চলে এবং বিহার ও বাংলায় আফগান সামন্তগণ তখনও মুঘলদের বশ্যতা স্বীকার করেন নাই। মেবারের 'রাণা' সংগ্রামসিংহ পুনরায় ভারতে হিন্দু আধিপত্য স্থাপনের চেষ্টা করিতেছিলেন এবং ইব্রাহিম লোদীর পতনের পর বাবর দিল্লীর সিংহাসন অধিকার করিলে সংগ্রামসিংহ তাঁহার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। বাবর প্রথমেই আফগানদিগের বিরুদ্ধে অভিযান প্রেরণ করিয়া তাহাদের দমন করিলেন এবং একে একে জৌনপুর, কাল্পি, ঢোলপুর, বিয়ানা ও গোয়ালিয়র প্রভৃতি স্থান অধিকার করিয়া লইলেন। অতঃপর তিনি মেবারের রাণা সংগ্রাম-সিংহের বিরুদ্ধে যুদ্ধের জন্য প্রস্তুত হইলেন। ইতিমধ্যে বৈদেশিক শত্রুকে ভারত হইতে বিতাড়িত করিবার নিমিত্ত সংগ্রামসিংহ বিরাট আয়োজন করিলেন। এই যুদ্ধে শতাধিক রাজপুত রাজা ও সামন্ত তাঁহার সহিত যোগদান করেন। মেওয়াটের আফগাননায়ক হাসান খাঁ এবং সিকন্দর লোদীর পুত্র মাহমূদ লোদীও নিজ নিজ সৈন্যবাহিনী লইয়া রাজপুত বাহিনীর বলবৃদ্ধি করিলেন। রাণা সংগ্রামের বিরাট বাহিনী মুঘল সেনাবাহিনীর মধ্যে ভীতির সঞ্চার করিল। কিন্তু বাবর ইহাতে বিচলিত না হইয়া সৈন্যবাহিনীর মধ্যে নূতন উদ্দীপনা সৃষ্টি করিলেন। ফতেপুর সিক্রীর নিকট খানুয়া নামক স্থানে উভয় পক্ষে যুদ্ধ হইল (১৫২৭)। কিন্তু বাবরের রণকৌশল ও বন্দুক-কামানের সম্মুখে



বাবর

মামুলি অস্ত্রশস্ত্রে সজ্জিত বিশাল রাজপুতবাহিনী ছিন্নভিন্ন হইয়া গেল। ইহার অল্পকাল পরেই রাণা সংগ্রাম ভগ্নহৃদয়ে প্রাণত্যাগ করিলেন। রাণা সংগ্রামসিংহের পরাজয়ের ফলে পশ্চিম ভারতে মুঘলদিগের সর্বাপেক্ষা শক্তিশালী শত্রু রাজপুত জাতি পরাভূত হইল এবং এই অঞ্চলে মুঘল অধিকার বিস্তৃতির পথে নানা বাধা সাময়িক ভাবে অপসারিত হইল।

সংগ্রামসিংহের পরাজয় (১৫২৭)

রাজ্যবিস্তার।—খানুয়ার যুদ্ধে জয়লাভ করিয়া বাবর বর্তমান গোয়ালিয়র রাজ্যের অন্তর্গত চন্দেরী দুর্গ অধিকার করেন। ইতিমধ্যে স্থলতান ইব্রাহিম লোদীর ভ্রাতা মাহ্মূদ লোদী বিহারের আফগান ওমরাহগণকে সঙ্ঘবদ্ধ করিয়া বাবরকে বাধা দিবার আয়োজন করিলেন। এই সংবাদ পাইয়া বাবর অনতিবিলম্বে বিহার অভিমুখে অগ্রসর হইলে বহু আফগান সামন্ত তাঁহার বশ্যতা স্বীকার করিলেন। মাহ্মূদ নিরুপায় হইয়া বাংলার অধিপতি নসরৎ শাহের আশ্রয় গ্রহণ করিলেন। মাহ্মূদ ও নসরতের মিলিত বাহিনী বাবরকে বাধা দিতে অগ্রসর হইল; কিন্তু পাটনার অনতিদূরে গোগ্রা নদীর তীরে সম্মিলিত আফগানবাহিনী পরাজিত হইল (১৫২৯)। এইরূপে বাবরের রাজ্যসীমা একদিকে অক্ষু নদীর (Oxus) তীর হইতে বঙ্গের প্রত্যন্তসীমা এবং অপরদিকে হিমালয় হইতে গোয়ালিয়র অবধি বিস্তৃত হইল।

বাবরের রাজ্যসীমা

১৫৩০ খৃঃ অব্দে মাত্র সাতচল্লিশ বৎসর বয়সে বাবর মৃত্যুমুখে পতিত হন। বাবরের মৃত্যু সম্বন্ধে একটি কাহিনী আছে যে, তাঁহার প্রিয় পুত্র হুমায়ূনের সংকটাপন্ন পীড়া উপস্থিত হইলে বাবর নিজের জীবনের বিনিময়ে পুত্রের জীবন রক্ষা করার জন্য ঈশ্বরের নিকট একান্ত মনে প্রার্থনা করেন। ইহার পরেই তিনি পীড়িত হইয়া প্রাণত্যাগ করেন এবং হুমায়ূন আরোগ্য লাভ করেন। তাঁহার অন্তিম ইচ্ছা অনুসারে কাবুলে তাঁহার মৃতদেহ সমাধিস্থ করিয়া এক স্থন্দর উদ্যান রচিত হয়।

বাবরের চরিত্র ও কৃতিত্ব।—মধ্যযুগে যে-সকল খ্যাতনামা পুরুষ জন্মগ্রহণ করিয়া নিজেদের কর্মনৈপুণ্যে ইতিহাসে অবিস্মরণীয় হইয়া আছেন বাবর তাঁহাদের মধ্যে একজন। তাঁহার সাহস, বীরত্ব ও কর্মদক্ষতা ছিল অসামান্য। সামান্য একজন ভাগ্যান্বেষী সৈনিক হিসাবে জীবন আরম্ভ করিয়া কেবলমাত্র স্বীয় অনন্যসাধারণ প্রতিভা ও দক্ষতাবলে বহু বাধাবিঘ্ন অতিক্রম করিয়া তিনি যে মুঘল সাম্রাজ্যের ভিত্তি স্থাপন করিতে সক্ষম

হইয়াছিলেন, ইহাই তাঁহার কৃতিত্বের চরম পরিচয়। তিনি যে কেবলমাত্র বীর ও রণনিপুণ সেনানায়ক ছিলেন এমন নহে, সঙ্গীত, সাহিত্য ও চারুকলায়ও তাঁহার যথেষ্ট অধিকার ছিল। তিনি ফারসী ও তুর্কী উভয় ভাষাতেই চমৎকার গীতি-কবিতা রচনা করিতে পারিতেন। তিনি তাঁহার মাতৃভাষা তুর্কীতে একখানি মনোরম 'আত্মচরিত' রচনা করিয়াছিলেন। বাবরের আত্মজীবনী বিশ্বসাহিত্যের একখানি উৎকৃষ্ট গ্রন্থ।

(খ) হুমায়ূন (১৫৩০—'৩৯ ও ১৫৫৫—'৫৬)

সিংহাসনারোহণ-প্রারম্ভিক বাধা-বিপত্তি।—বাবরের মৃত্যুর পর হুমায়ূন দিল্লীর সিংহাসনে আরোহণ করিলেন এবং পিতার নির্দেশমত সাম্রাজ্যের কতিপয় অংশ ভ্রাতাদের মধ্যে ভাগ করিয়া দিলেন। কাবুল, কান্দাহার ও পঞ্জাব কামরানের হস্তে গেল এবং হিন্দাল ও আস্কারী যথাক্রমে সম্বল ও মেওয়াট প্রদেশ পাইলেন। হুমায়ূন ছিলেন সাহসী, শিক্ষিত এবং উদার-হৃদয়। কিন্তু তিনি পিতার ন্যায় দৃঢ়-চরিত্র ও কর্মকুশল ছিলেন না।



হুমায়ূন

বাবর বিশাল সাম্রাজ্য জয় করিয়াছিলেন বটে, কিন্তু শাসনকার্যের কোনরূপ শৃঙ্খলা-বিধান করিয়া যাইতে পারেন নাই। সুতরাং সিংহাসন লাভ করিয়াই নবীন সম্রাটকে নানা বিপদের সম্মুখীন হইতে হইল। প্রথমতঃ, বাবর পূর্বভারতের আফগান নায়কদিগকে পরাজিত করিলেও ইহাদের শক্তি সম্পূর্ণরূপে বিনষ্ট করিতে পারেন নাই। তাঁহার মৃত্যু সংবাদ পাইবামাত্র মাহ্মুদ লোদী আফগান সামন্তদিগকে একত্রিত করিয়া লোদী সাম্রাজ্য পুনরুদ্ধার করিবার উদ্যোগ করিলেন। ঠিক এই সময়ে বিহারে শের খাঁ নামে একজন অতি প্রতিভাশালী

আফগান নেতা আফগানদিগকে সংঘবদ্ধ করিয়া শক্তি সঞ্চয় করিতেছিলেন। দ্বিতীয়তঃ, গুজরাটের বাহাদুর শাহ ছিলেন মুঘলদিগের ঘোরতর শত্রু। পশ্চিম-ভারতের এক বিস্তীর্ণ অংশ জয় করিয়া তিনি বিশেষ শক্তিশালী হইয়া উঠিয়াছিলেন এবং ভারত হইতে মুঘলদিগকে বিতাড়িত করিয়া দিল্লীর উপর আধিপত্য বিস্তারের আয়োজন করিতেছিলেন।

সিংহাসন লাভের পর বাধা-বিপত্তি

তৃতীয়তঃ, বাবর রাজপুতদিগকে পরাজিত করিতে সক্ষম হইলেও তাহাদের শক্তি নাশ করিতে পারেন নাই। যে-কোন মুহূর্তে রাজপুতগণ পুনরায় মুঘলদের সহিত শক্তিপরীক্ষায় অগ্রসর হইবে এরূপ সম্ভাবনা ছিল। চতুর্থতঃ, মুসলিম জগতে সিংহাসনের উত্তরাধিকার সম্বন্ধে কোন বাঁধাবাঁধি আইন ছিল না ; স্বতরাং হুমায়ূনের ভ্রাতারা এবং রাজবংশের সহিত সম্পর্কিত কতিপয় ব্যক্তি সিংহাসন লাভের জন্য লোলুপ হইয়া তাঁহার সহিত শত্রুতা করিতে আরম্ভ করিলেন। পঞ্চমতঃ, তুর্কী, মুঘল, পারসিক, আফগান ও ভারতীয় বিভিন্ন জাতির সমন্বয়ে মুঘল সৈন্যবাহিনী গঠিত ছিল। বাবর অসামান্য দৃঢ়তা ও সামরিক শক্তির সাহায্যে এই বিচিত্র বাহিনীর উপর নিজের কর্তৃত্ব অক্ষুণ্ণ রাখিয়াছিলেন। কিন্তু হুমায়ূনের পক্ষে তাহা সম্ভব হইল না ; স্বতরাং সৈন্যবাহিনীর মধ্যেও বিশৃংখলা দেখা দিল। অধিকন্তু পঞ্জাব ও কাবুলের অধিকার কামরানের হাতে থাকায় মধ্য-এশিয়া ও আফগানিস্তান হইতে সৈন্য সংগ্রহ করার পথও হুমায়ূনের পক্ষে রুদ্ধ হইল। এরূপ জটিল পরিস্থিতির সম্মুখীন হইয়া ইহার স্বসমাধান করিবার মত দৃঢ়তা ও দূরদর্শিতা হুমায়ূনের চরিত্রে ছিল না।

আফগান শক্তি দমন।—সিংহাসনারোহণের পরেই হুমায়ূন আফগানদের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন। প্রথমেই তিনি কালিঞ্জরের স্বদৃঢ় দুর্গটি অধিকার করিলেন। অতঃপর তিনি মাহ্মুদ লোদী ও তাঁহার সাহায্যকারী আফগানদের বিরুদ্ধে অগ্রসর হইয়া দৌরুয়ার যুদ্ধে তাঁহাদের সম্পূর্ণরূপে পরাজিত করিলেন। আফগানসৈন্য ছিন্নভিন্ন হইয়া গেল এবং মাহ্মুদ পলায়ন করিয়া প্রাণরক্ষা করিলেন। ইহার পরে তিনি শের খাঁকে দমন করিবার উদ্দেশ্যে তাঁহার অধিকৃত চুনার দুর্গ অবরোধ করিলেন। স্বচতুর শের খাঁ উপায়ান্তর না দেখিয়া তাঁহার বশ্যতা স্বীকার করিয়া রক্ষা পাইলেন। হুমায়ূন চুনার দুর্গ শের খাঁর হস্তে সমর্পণ করিয়া গুজরাটের বাহাদুর শাহের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন।

শের খাঁর সহিত সংঘর্ষ

বাহাদুর শাহের সহিত সংঘর্ষ।—গুজরাটের স্বাধীন সুলতান বাহাদুর শাহ্ ছিলেন অতি পরাক্রান্ত। তিনি আহমদনগর, খান্দেশ ও বেরার জয় করিয়া নিজের শক্তি ও প্রতিপত্তি বিশেষ বৃদ্ধি করিয়াছিলেন। হুমায়ূন যখন শের খাঁর সহিত যুদ্ধে ব্যাপৃত ছিলেন, তখন বাহাদুর শাহ্ মালব জয় করিয়া চিতোর অবরোধ করিলেন। রাজপুতনায় আধিপত্য বিস্তার করিয়া তিনি হিন্দুস্থান জয়ের কল্পনা করিয়াছিলেন। ইহা ছাড়া তিনি হুমায়ূনের শত্রু কয়েকজন মুঘল আমীর এবং আফগান সামন্তকে স্বীয় রাজ্যে আশ্রয় দিয়াছিলেন। বাহাদুরের কূটনীতি ও শক্তিবৃদ্ধিতে ভীত হইয়া হুমায়ূন শের খাঁর সহিত শান্তি স্থাপন করিয়া তাঁহার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন। তিনি কয়েকটি যুদ্ধে জয়লাভ করিয়া মালব অধিকার করিলেন এবং গুজরাটের কয়েকটি দুর্গ জয় করিয়া লইলেন। পরাজিত বাহাদুর দিউতে পর্তুগীজদের আশ্রয়ে পলায়ন করিলেন। ইতিমধ্যে আগ্রা ও বিহারে নানাবিধ গোলযোগ দেখা দিয়াছে সংবাদ পাইয়া হুমায়ূন আগ্রায় ফিরিয়া আসিলেন এবং সেখানে শান্তি স্থাপন করিয়া দ্রুতগতিতে পূর্বদিকে শের খাঁর বিরুদ্ধে সসৈন্যে ধাবিত হইলেন। হুমায়ূনের অনুপস্থিতির সুযোগে বাহাদুর গুজরাট ও মালব পুনরুদ্ধার করিলেন। কিন্তু অল্পকাল পরেই পর্তুগীজদের সহিত এক বিরোধে তিনি তাহাদের হস্তে নিহত হইলেন। হুমায়ূন বিহারে শের খাঁর সহিত যুদ্ধে ব্যাপৃত থাকায় মালব ও গুজরাটে হস্তক্ষেপ করিতে পারিলেন না।

গুজরাট ও মালব জয়

বিজিত রাজ্য হস্তচ্যুত

শের খাঁর সহিত যুদ্ধ।—হুমায়ূন যখন গুজরাটে যুদ্ধে লিপ্ত ছিলেন সেই সুযোগে শের খাঁ স্বাধীনতা ঘোষণা করিয়া দুর্ভেদ্য রোটাস দুর্গ অধিকার করিয়া বাংলাদেশ আক্রমণ করিলেন এবং বাংলার অধিপতি মাহ্মুদ শাহ্কে পরাজিত করিয়া গৌড় অবরোধ করিলেন। এই সংবাদ পাইয়াই হুমায়ূন গুজরাটের যুদ্ধ অসমাপ্ত রাখিয়া শের খাঁর বিরুদ্ধে অগ্রসর হইলেন। কিন্তু শের খাঁর সহিত সংঘর্ষে প্রথমে তিনি সাফল্য অর্জন করিলেও পরে পরাজিত ও রাজ্যচ্যুত হইয়া পারস্যে পলায়ন করিতে বাধ্য হইলেন। প্রায় ১৫ বৎসর নির্বাসন ভোগের পরে শের শাহের মৃত্যুর পর তাঁহার অযোগ্য বংশধরদিগের দুর্বলতার সুযোগে হুমায়ূন স্বরাজ্য উদ্ধার করিতে সমর্থ হন। কিন্তু ইহার কয়েক মাস পরেই তাঁহার মৃত্যু হয় (১৫৫৬)।

পরাজয় ও রাজ্যচ্যুতি

(গ) শের শাহ্ (১৫৪০—১৫৪৪)

বাল্যজীবন।—শের শাহের বাল্য নাম ছিল ফরিদ খাঁ স্থর। তিনি স্থরবংশীয় আফগান ছিলেন। তাঁহার পিতামহ ইব্রাহিম স্থর দিল্লীর উপকণ্ঠে হিস্‌সার ফীরুজা নামক স্থানে আসিয়া বাস করিতে থাকেন। শেরের পিতা হাসান স্থর সাসারামে জায়গীর লাভ করিয়া সেখানে বসতি স্থাপন করেন। বিমাতার বিদ্বেষে ফরিদ পিতার স্নেহ হইতে বঞ্চিত হন। পনের বৎসর বয়সে গৃহত্যাগ করিয়া তিনি জৌনপুরে গমন করেন এবং সেখানে পারসিক সাহিত্যে বিশেষ ব্যুৎপত্তি লাভ করেন। ইহাতে তাঁহার পিতা সন্তুষ্ট হইয়া তাঁহাকে গৃহে আনিয়া তাঁহার উপর স্বীয় জায়গীর-পরিচালনার ভার অর্পণ করিলেন। কিন্তু পুনরায় বিমাতার চক্রান্তে তাঁহাকে গৃহত্যাগ করিতে হইল। এবার তিনি আগ্রায় গিয়া চাকুরী গ্রহণ করেন (১৫১৯)। পিতার মৃত্যু হইলে তিনি পিতার জায়গীর লাভ করিলেন। কিছুকাল পরে তিনি বিহারের স্বাধীন স্থলতান বহর খাঁ লোহানীর অধীনে চাকুরী গ্রহণ করেন। কথিত আছে, একদিন একাকী একটি ব্যাঘ্র শিকার করিয়া প্রভুর নিকট হইতে ফরিদ 'শের খাঁ' উপাধি প্রাপ্ত হন। ইতিমধ্যে শত্রুদের চক্রান্তে আবার পৈতৃক জায়গীর হইতে বঞ্চিত হইলে শের খাঁ বাবরের নিকট চাকুরী গ্রহণ করিয়া (১৫২৬) কারা প্রদেশের 'মুঘল' শাসনকর্তার সহায়তায় স্বীয় জায়গীর উদ্ধার করেন। কিছুকাল পরে শের খাঁর ব্যবহারে বাবর অসন্তুষ্ট হন; ফলে শের খাঁকে চাকুরী ছাড়িয়া পুনরায় বিহারে আসিয়া বহর খাঁর অধীনে কাজ লইতে হয়। কিছুকাল পরে বহর খাঁর মৃত্যু হইলে, নাবালক জলাল খাঁর অভিভাবক হিসাবে শের খাঁ বিহার শাসন করিতে থাকেন। এদিকে চুনার দুর্গের কিল্লাদার তাজ খাঁর বিধবা পত্নী মালিকা শের খাঁকে

প্রাথমিক দুঃখ-দুর্দশা

ক্রমোন্নতি ও শক্তিবৃদ্ধি



শের শাহ্

বিবাহ করিয়া তাঁহার হস্তে দুর্গ সমর্পণ করিলেন (১৫৩০)। শের খাঁর আধিপত্যে ঈর্ষান্বিত বিহারের ওমরাহ্‌গণ বাংলার সুলতান গিয়াসউদ্দীন মাহ্‌মুদ শাহের সহিত মিলিত হইয়া তাঁহার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। সুরজগড় নামক স্থানে শের খাঁর হস্তে বিহার-বঙ্গের সম্মিলিত বাহিনী পরাজিত হইল, এবং শের খাঁই বিহারের সর্বময় কর্তা হইয়া উঠিলেন।

চুনার দুর্গ অধিকার

মুঘল-আফগান দ্বন্দ্ব।—এই সময়ে শের খাঁর শক্তি-বৃদ্ধিতে শঙ্কিত হইয়া হুমায়ূন ১৫৩১ খৃঃ অব্দে চুনার দুর্গ অবরোধ করিলেন। চারিমাস অবরোধের পর শের খাঁ বাদশাহের আনুগত্য স্বীকার করিলে অবরোধ প্রত্যাহার করা হয়। হুমায়ূন চুনার ত্যাগ করিয়া যখন গুজরাটে বাহাদুর শাহ্‌কে লইয়া ব্যস্ত ছিলেন, তখন শের খাঁ সহসা বঙ্গদেশ আক্রমণ করেন। নিরুপায় গিয়াসউদ্দীন মাহ্‌মুদ তাঁহাকে উপঢৌকন দিয়া বিদায় করিলেন (১৫৩৭)। শের খাঁ তখনকার মত চলিয়া গেলেন; কিন্তু পর বৎসর (১৫৩৮) তিনি পুনরায় বঙ্গদেশ আক্রমণ করিলেন। এদিকে আগ্রায় বিদ্রোহের সংবাদে, মালব ও গুজরাটের জয়কার্য অসম্পূর্ণ রাখিয়াই, হুমায়ূনকে আগ্রায় ফিরিয়া আসিতে হইল। সেখানে হুমায়ূন সহজেই বিদ্রোহীদিগকে পরাজিত করিলেন বটে, কিন্তু এদিকে শের খাঁ বঙ্গদেশ জয়ে প্রবৃত্ত হইলেন। শের খাঁকে দমন করিবার জন্য হুমায়ূন আবার চুনার দুর্গ অবরোধ করিলেন। হুমায়ূন চুনারে থাকিতে থাকিতেই শের খাঁ গৌড় অধিকার করিয়া ফেলিলেন। হুমায়ূন চুনার অধিকার করিয়া গৌড়ের দিকে অগ্রসর হইলেন। শের খাঁ সাময়িকভাবে গৌড় হইতে সরিয়া গেলেন এবং সহজেই গৌড় হুমায়ূনের করায়ত্ত হইল। কিন্তু বিজয়গৌরবে তিনি ও তাঁহার সৈন্যেরা আমোদ-প্রমোদে মত্ত হইলেন; এমন সময় সংবাদ আসিল যে, শের খাঁ চুনার উদ্ধার করিয়া জৌনপুর অবরোধ করিয়াছেন এবং পাঠান সৈন্যেরা কনৌজ অবধি অগ্রসর হইয়াছে। তখন আলস্য পরিহার করিয়া হুমায়ূনকে আগ্রার দিকে ছুটিতে হইল। শের খাঁ গঙ্গাতীরে বক্সারের অনতিদূরে চৌসা নামক স্থানে তাঁহার পথরোধ করিয়া মুঘল সৈন্যবাহিনীকে সম্পূর্ণরূপে ছত্রভঙ্গ করিয়া দিলেন। হুমায়ূন পলায়ন করিয়া কোনমতে প্রাণরক্ষা করিলেন।

বঙ্গদেশ আক্রমণ

হুমায়ূনের সহিত যুদ্ধ

হুমায়ূনের পরাজয়

দিল্লীর সিংহাসন লাভ।—চৌসার যুদ্ধের পর শের খাঁ 'শের শাহ্‌' উপাধি গ্রহণ করিয়া নিজেকে স্বাধীন সুলতান বলিয়া ঘোষণা করিলেন। পর বৎসর হুমায়ুন হৃত-রাজ্য পুনরুদ্ধারের আশায় আবার শের শাহ্‌কে আক্রমণ করিলেন। কিন্তু এবারও কনৌজের নিকট বিলগ্রাম নামক স্থানে তাঁহার পরাজয় হইল (১৫৪০) এবং বিহারের শের শাহ্‌ দিল্লীর সিংহাসন অধিকার করিলেন। কনৌজের যুদ্ধে পরাভবের পর হুমায়ুন লাহোরে গিয়া কামরানের সাহায্যপ্রার্থী হন। কিন্তু কামরান তাঁহাকে সাহায্য করার পরিবর্তে পঞ্জাবের অধিকার ত্যাগ করিয়া শের শাহের সহিত সন্ধি করেন। কোনও স্থানে সাহায্য না পাইয়া নির্বাসিত হুমায়ুন বহু কষ্টে ইরানে গিয়া পারস্যরাজের আশ্রয় গ্রহণ করিলেন (১৫৪৫—৫৫)।

'শের শাহ্‌' উপাধিগ্রহণ

কনৌজের যুদ্ধ (১৫৪০)

রাজ্যবিস্তার।—দিল্লীর সিংহাসন লাভ করিয়া শের শাহ্‌ বঙ্গদেশের শাসনকর্তা খিজির খাঁর বিদ্রোহ দমন করেন। ভবিষ্যতে বিদ্রোহের সম্ভাবনা দূর করিবার জন্য তিনি প্রাদেশিক শাসনকর্তার পদ উঠাইয়া দিলেন এবং বঙ্গদেশকে ১৯টি 'সরকার'-এ বিভক্ত করিয়া এক-একজন আমীরের উপর এক-একটি সরকারের শাসনের ভার দিলেন। আমীরদের মধ্যে শাসনকার্যে কোনরূপ সংযোগ রহিল না। এইভাবে বঙ্গদেশে নিজের কর্তৃত্ব সুদৃঢ় করিয়া শের শাহ্‌ মালব-জয়ে অগ্রসর হইলেন। ইহার পর তিনি মালবদেশ জয় করিয়া নিজের অধিকারভুক্ত করিয়া লইলেন (১৫৪২)। বিখ্যাত গোয়ালিয়র ও রণথম্ভোর দুর্গও তাঁহার হস্তগত হইল। অতঃপর তিনি মালবের রাজপুত-সর্দার পূরণমলের অধীন রায়সীন দুর্গ অধিকার করিলেন। দুর্গের অধিবাসীদিগকে নিরাপদে দুর্গ ত্যাগ করিয়া যাইতে দিবেন এই আশ্বাস দিয়া তিনি নিষ্ঠুরভাবে তাহাদের হত্যা করিয়াছিলেন। এই অমার্জনীয় অপরাধ তাঁহার চরিত্রে দুরপনেয় কলঙ্ক-কালিমা লেপন করিল। শের শাহের অধীন পঞ্জাবের শাসনকর্তা সিন্ধু ও মূলতান অধিকার করিলেন (১৫৪৪)। তারপর শের শাহ্‌ কৌশলে রাজপুতনার অন্তর্গত মাড়বারের পরাক্রান্ত রাজা মালদেবকেও পরাজিত করেন। এইরূপে আজমীর হইতে আবু পর্যন্ত সমগ্র ভূ-ভাগের উপর তাঁহার অধিকার বিস্তৃত হয়। তারপর চিতোর দুর্গও তাঁহার হস্তগত হইল। কিন্তু যেন নিয়তির শাসনে ফিরিবার পথে কালিঞ্জর দুর্গ অবরোধকালে বারুদের

বঙ্গদেশের বিদ্রোহ দমন

মালব-জয়

সিন্ধু ও মূলতান জয় (১৫৪৪)

চিতোর দুর্গ অধিকার

স্তূপে আগুন লাগায় শের শাহ্ সেই অগ্নিতে দগ্ধ হইয়া মৃত্যুমুখে পতিত হইলেন (১৫৪৫)। যদিও তাঁহার সৈন্যদল দুর্গ অধিকার করিল।

শের শাহের শাসনপদ্ধতি।—শের শাহ্ মাত্র পাঁচ বৎসর রাজত্ব করিয়াছিলেন। শের শাহের অভ্যুত্থানের সময় রাজ্যে বিশৃঙ্খলার অন্ত ছিল না ; দেশ ছিল অসংখ্য রাজ্যে বিভক্ত। এরূপ অবস্থায় নিজের প্রতিভাবলে সামান্য অবস্থা হইতে নানা বাধাবিঘ্ন অতিক্রম করিয়া তিনি দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়াছিলেন এবং নিয়মিত যুদ্ধবিগ্রহে লিপ্ত থাকা সত্ত্বেও বিশৃঙ্খল সাম্রাজ্যে শৃঙ্খলাস্থাপনে কৃতকার্য হইয়াছিলেন, ইহাই তাঁহার অসামান্য কৃতিত্বের পরিচয়।

সরকার ও পরগণা


বিজিত প্রদেশগুলিকে তিনি অনেকগুলি 'সরকার'-এ বিভক্ত করিয়াছিলেন। প্রত্যেকটি 'সরকার' আবার ছিল কয়েকটি 'পরগণায়' বিভক্ত। শিকদার, আমীন ও মুন্‌সিফ নামধারী কর্মচারীরা পরগণার শাসনভার পরিচালনা করিতেন। শিকদার ছিলেন পরগণার প্রধান সামরিক কর্মচারী। রাজাদেশ কার্যকরী করা এবং প্রয়োজনবোধে আমীনকে সাহায্য দান করা ছিল তাঁহার প্রধান কর্তব্য। আমীন পরগণার রাজস্ব নির্ধারণ ও আদায়ের ব্যবস্থা করিতেন। ইহা ছাড়া প্রত্যেক পরগণায় একজন ধনাধ্যক্ষ এবং হিন্দী ও ফারসী ভাষায় হিসাব লিখিবার জন্য দুইজন কারকুন ছিলেন। প্রধান শিকদার ও প্রধান মুন্‌সিফ প্রভৃতি উচ্চ রাজকর্মচারিগণের হস্তে সরকারের শাসন ন্যস্ত ছিল। ইহারা পরগণার কর্মচারীদের কার্য তত্ত্বাবধান করিতেন। মাঝে মাঝে কর্মচারীদের এক সরকার বা পরগণা হইতে অন্যত্র বদলি করা হইত।

রাজস্ব-ব্যবস্থা

সমগ্র সাম্রাজ্য জরিপ করাইয়া তিনি প্রত্যেক প্রজার জমির সীমা নির্দেশ করিয়া দিয়াছিলেন। এই উদ্দেশ্যে কবুলিয়ৎ ও পাট্টার প্রবর্তন করা হয়। প্রজারা এই প্রথম তাহাদের অধিকার ও দেয় কর সম্বন্ধে স্পষ্ট লিখিত দলিল পাইল। উৎপন্ন শস্যের এক-তৃতীয়াংশ ছিল রাজকর ; প্রজারা ইচ্ছামত শস্য অথবা অর্থের দ্বারা রাজস্ব দিতে পারিত। মুকদ্দম নামক এক শ্রেণীর কর্মচারী প্রজাদের নিকট হইতে রাজস্ব সংগ্রহ করিত। প্রজারা সরাসরিও রাজকোষে রাজস্ব জমা দিতে পারিত।

মুদ্রানীতি

শের শাহ্ দেশের মুদ্রানীতিরও সংস্কার সাধন করেন। তিনি প্রচুর রৌপ্যমুদ্রা মুদ্রিত করিয়াছিলেন। এই সকল 'তঙ্কা'র (টাকা) উপর ফারসী এবং দেবনাগরী অক্ষরে তাঁহার নাম খোদাই করা থাকিত। দেশের মধ্যে


শের শাহের সাম্রাজ্য
০ ২০০ ৪০০
মাইল
লাহোর
মুলতান
সিন্ধু নং
যমুনা নং
গঙ্গা নং
দিল্লী
আগ্রা
বিলগ্রাম
মথুরা
কনৌজ
গোয়ালিওর
এলাহাবাদ
রোটাস
গৌড়
কালিঞ্জর
শে র শা হে র সা ম্রা জ্য
নর্মদা নং
মাণ্ডু
মহানদী
গোদাবরী নং
কৃষ্ণা নং
কাবেরী নং
আ র ব সা গ র
ব ঙ্গো প সা গ র

যাতায়াতের সুব্যবস্থার জন্যও তিনি পথঘাটের সংস্কার সাধন করেন। বাঙ্গালাদেশ হইতে পঞ্জাব পর্যন্ত বিস্তৃত একটি সুদীর্ঘ রাজপথ তিনি নির্মাণ করাইয়াছিলেন। এই রাস্তাটির বর্তমান নাম 'গ্র্যাণ্ড ট্রাঙ্ক রোড' (Grand Trunk Road)। পথিক ও বণিকদের জন্য তিনি পথের পাশে হিন্দু ও মুস্‌লিমদের উপযোগী অনেকগুলি পৃথক্ পৃথক্ সরাইখানাও স্থাপন করিয়াছিলেন। তাঁহার সময় ডাকবিভাগেরও যথেষ্ট উন্নতি হয়।

জনকল্যাণমূলক কার্যাবলী


বিচার ব্যবস্থা

শের শাহ্ ন্যায়-বিচারের অত্যন্ত পক্ষপাতী ছিলেন। অপরাধীকে শাস্তিদানের সময় তিনি তাহার পদমর্যাদার প্রতি ভ্রুক্ষেপ করিতেন না। প্রতি পরগণায় আমীন দেওয়ানী মামলার বিচার করিতেন; ফৌজদারী মামলার বিচারভার কাজী ও মীর আদল নামক কর্মচারীদের হাতে ন্যস্ত ছিল। প্রধান মুনসিফ কয়েকটি পরগণার দেওয়ানী বিচারের ভার প্রাপ্ত ছিলেন। দণ্ডবিধি অতি কঠোর ছিল; চুরি অথবা ডাকাতি অপরাধে প্রাণদণ্ড হইত। সাম্রাজ্যের সর্বত্র শান্তিরক্ষার জন্য তিনি প্রত্যেক গ্রামের মোড়লের উপর এই কার্যের ভার অর্পণ করিয়াছিলেন। সেনা-বিভাগেও কঠোর নিয়মানুবর্তিতা প্রবর্তন করা হইয়াছিল। সম্রাট নিজে ছিলেন সৈন্য-বাহিনীর সর্বাধিনায়ক। অন্যান্য সামরিক কর্মচারিগণ সর্বাংশে তাঁহার অধীন ছিল। সৈন্য ও সেনাপতি ও রাজকর্মচারীদের তিনি জায়গীরের পরিবর্তে বেতন দিতেন। তাঁহার সৈন্যবিভাগে দেড় লক্ষ অশ্বারোহী, পঁচিশ হাজার পদাতিক সৈন্য এবং পাঁচ হাজার রণহস্তী ছিল। তিনি হিন্দু ও মুসলমানদের অপক্ষপাত দৃষ্টিতে দেখিতেন। যোগ্যতা থাকিলে হিন্দুগণও তাঁহার সেনাবিভাগে উচ্চতম পদে নিযুক্ত হইত। ব্রহ্মজিৎ গৌড় নামক একজন হিন্দু তাঁহার বিশ্বস্ত সেনাপতি ছিলেন। মাত্র পাঁচ বৎসরের রাজত্বকালের মধ্যে শের শাহ্ আভ্যন্তরীণ শাসনকার্যে যে প্রতিভার পরিচয় দিয়া গিয়াছেন তাহার তুলনা পাওয়া কঠিন। মহামতি আকবর রাজ্যশাসনে শের শাহেরই প্রবর্তিত নীতি অনুসরণ করিয়া ইতিহাসে অমর হইয়া গিয়াছেন।

সৈন্য বিভাগ

শের শাহের চরিত্র।—শের শাহ্ যেরূপ রণনিপুণ তদপেক্ষাও শাসনপটু ছিলেন। জয়গৌরব অপেক্ষা শাসনপ্রতিভার জন্যই তিনি সমধিক প্রসিদ্ধ। রাজনীতির ক্ষেত্রে প্রয়োজনবোধে ছলনার আশ্রয় লইলেও, ব্যক্তিগত জীবনে তিনি ছিলেন অতিশয় ধর্মপ্রাণ ব্যক্তি। কিন্তু তাঁহার ধর্মভাব পরধর্মের প্রতি বিদ্বেষে পর্যবসিত হয় নাই। তাঁহার

আনুকূল্যে মুস্‌লিম কবি মালিক মুহম্মদ জয়সী 'পদ্মাবতী' কাব্য রচনা করেন (১৫৪০)। বস্তুতঃ রাজনীতির ক্ষেত্রে হিন্দু-মুসলমানের মৈত্রীর প্রথম সূচনা হয় সম্রাট শের শাহেরই রাজত্বকালে। শের শাহ্ মহামতি আকবরের ন্যায় হিন্দু-মুস্‌লিম মিলনের জন্য উল্লেখ-যোগ্য কোন কাজ করিয়া যাইবার অবসর পান নাই ; কিন্তু মুহম্মদ জয়সী-রচিত 'পদ্মাবতী'



শের শাহের সমাধি—সাসারাম

কাব্য তাঁহার রাজত্বকালের অমরকীর্তি ও হিন্দু-মুস্‌লিম মৈত্রীর শ্রেষ্ঠ নিদর্শন। শের শাহের শিল্পানুরাগও উল্লেখযোগ্য। তিনি দিল্লীর উপকণ্ঠে অনেকগুলি মনোরম প্রাসাদ, পথঘাট, প্রভৃতি নির্মাণ করাইয়াছিলেন। তাঁহার আমলের স্থাপত্যশিল্পের সর্বশ্রেষ্ঠ নিদর্শন হইল বিহারের অন্তর্গত সাসারামে তাঁহার নিজের সমাধিভবন। মৃত্যুর পূর্বেই তিনি এই বিরাট সমাধি-সৌধটি নির্মাণ করাইয়াছিলেন।


শের শাহের বংশধরগণ।—শের শাহের মৃত্যুর পর রাজ্যে বিশৃঙ্খলা দেখা দিল। শের শাহের পুত্র ইস্‌লাম বা সলীম শাহ্ পিতার মৃত্যুর পর সিংহাসনে আরোহণ করিয়াছিলেন ; কিন্তু তাঁহার রাজত্বকাল বিদ্রোহদমনেই কাটিয়াছিল। ১৫৫৪ খৃঃ অব্দে ইস্‌লাম শাহের মৃত্যু হইলে তাঁহার শিশুপুত্র ফীরূজ শাহ্‌কে রাজপদে অভিষিক্ত করা হয়। কিন্তু শের শাহের ভ্রাতুষ্পুত্র মুহম্মদ আদিল শাহ্ এই শিশুকে হত্যা করিয়া সিংহাসন অধিকার করেন। মুহম্মদ আদিল শাহ্ ছিলেন অকর্মণ্য। হিমু নামে এক হিন্দু বণিকের হাতে রাজ্যভার ছাড়িয়া দিয়া তিনি নিশ্চিন্ত বিলাসে দিন কাটাইতে

ইস্‌লাম শাহ্

লাগিলেন। এদিকে হিমুর সৌভাগ্যে ঈর্ষ্যান্বিত হইয়া আফগান ওমরাহ্‌গণ সুলতানের বিরুদ্ধতা করিতে লাগিলেন। দেখিতে দেখিতে বঙ্গদেশ ও মালব দিল্লী সাম্রাজ্য হইতে বিচ্ছিন্ন হইয়া গেল; আদিল শাহের দুইজন জ্ঞাতিভ্রাতা ইব্রাহিম ও সিকন্দর স্থর বিদ্রোহ ঘোষণা করিয়া সিংহাসন দাবী করিলেন। ইব্রাহিম দিল্লী ও আগ্রা অধিকার করিয়া লইলে আদিল শাহ্‌ চুনারে সরিয়া আসিলেন। কিন্তু ইহার পরেই সিকন্দর ইব্রাহিমকে পরাজিত করিয়া পঞ্জাব হইতে গঙ্গা পর্যন্ত সমস্ত ভূভাগে আধিপত্য লাভ করিলেন। ইতিমধ্যে স্থর বংশীয় আফগান মুহম্মদ খাঁ বাংলায় স্বাধীনতা ঘোষণা করেন। এই সুযোগে হুমায়ূন পুনরায় ভারতবর্ষে প্রবেশ করিয়া পঞ্জাব, দিল্লী ও আগ্রা অধিকার করিয়া লইলেন (১৫৫৫)।

হুমায়ুনের প্রত্যাবর্তন।—১৫৪০ খৃঃ অব্দে বিলগ্রামে (কনৌজের যুদ্ধে) শের শাহের হস্তে পরাজিত হইয়া হুমায়ূন নানাস্থানে আশ্রয়ের আশায় ঘুরিতে ঘুরিতে অবশেষে পারস্য-রাজের আনুকূল্য লাভ করেন (১৫৪৫)। এই দুঃখ-দুর্দশার মধ্যে সিন্ধুদেশের অন্তর্গত অমরকোট নামক স্থানে তাঁহার বিখ্যাত পুত্র আকবরের জন্ম হয় (২৩শে নভেম্বর, ১৫৪২)। ১৫৪৫ খৃঃ অব্দে পারসিক সৈন্যের সহায়তায় হুমায়ূন কান্দাহার জয় করিলেন। অল্পকাল পরেই তিনি ভ্রাতা কামরানকে কাবুল হইতে বিতাড়িত করেন। অতঃপর শের শাহের মৃত্যুর পরে সুযোগ বুঝিয়া হুমায়ূন লাহোর, দিল্লী ও আগ্রা অধিকার করিলেন (১৫৫৫)। কিন্তু বাবরের ন্যায় হুমায়ূনের অদৃষ্টেও বেশী দিন রাজ্যভোগ ছিল না। একদিন তিনি তাঁহার পাঠাগারে বসিয়া নিবিষ্টচিত্তে অধ্যয়ন করিতেছিলেন, এমন সময় নিকটবর্তী মস্‌জিদ হইতে নমাজের আজান শুনিতে পাইয়া উপাসনার জন্য সিঁড়ি বাহিয়া নীচে নামিতে গিয়া সহসা পা পিছলাইয়া পড়িয়া গেলেন। এই আঘাতের ফলেই তাঁহার মৃত্যু হয় (১৫৫৬)।

শের শাহের বংশ-তালিকা



প্রশ্নাবলী

১। বাবরের জীবনী ও চরিত্র সম্বন্ধে একটি সংক্ষিপ্ত বিবৃতি দাও।

২। সম্রাট্ হুমায়ূনের সহিত শের শাহের সংঘর্ষের বিবরণ দাও।

৩। শাসক এবং বিজেতা হিসাবে শের শাহের মহত্ত্ব প্রকাশ কর।

৪। শের শাহের জীবনী সংক্ষেপে বর্ণনা কর এবং শাসক হিসাবে তাঁহার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫। শের শাহের ভূমিরাজস্ব-প্রথা সম্বন্ধে কি জান?

বিংশ অধ্যায়

মুঘল সাম্রাজ্য বিস্তার—আকবর, জহাঙ্গীর ও শাহ্‌জহান

(ক) আকবর (১৫৫৬-১৬০৫)

আকবরের রাজ্যাভিষেক।—হুমায়ুনের মৃত্যুর সময় আকবর এবং তাঁহার অভিভাবক ও সেনাপতি বৈরাম খাঁ পঞ্জাবে সিকন্দর সূরের সহিত যুদ্ধে ব্যাপৃত ছিলেন। সেইখানেই কালনৌর নামক স্থানে আকবরকে রাজপদে অভিষিক্ত করা হইল (১৫৫৬)। তাঁহার বয়স তখন তের বৎসর মাত্র। প্রবীণ বৈরাম খাঁ রাজ্য চালাইতে লাগিলেন।

রাজনৈতিক পরিস্থিতি

মুঘল-পাঠান সংঘর্ষ।—হুমায়ুন কেবল লাহোর, দিল্লী ও আগ্রার পুনরুদ্ধার সাধন করিয়াছিলেন। যখন তাঁহার মৃত্যু হয়, তখন দিল্লী ও আগ্রার পার্শ্ববর্তী ভূ-ভাগই 'মুঘল' অধিকারে ছিল। উত্তর-ভারতের অধিকাংশ স্থান তখনও সূরবংশীয় আফগানেরই অধিকারে ছিল। বৈরাম ও আকবরের হাতে সিকন্দর সূর শিরহিন্দ নামক স্থানে পরাভূত হইয়া বশ্যতা স্বীকার করেন। এদিকে আদিল শাহের একজন হিন্দু সেনাপতি হিমু আগ্রা ও দিল্লী অধিকার করিয়া বিক্রমজিৎ নামে নিজেকেই দিল্লীর অধিপতি বলিয়া ঘোষণা করিলেন। বৈরাম খাঁ ও আকবরের সহিত পানিপথের যুদ্ধক্ষেত্রে হিমুর সাক্ষাৎ হইল; হিমুর বিরাট বাহিনী বৈরাম ও আকবরের হস্তে সম্পূর্ণরূপে পরাভূত হইল এবং বৈরামের আদেশে আহত হিমুকে হত্যা করা হইল।

হিমু

সূরবংশের পতন

পানিপথের যুদ্ধে মুঘলদের জয় হইল (১৫৫৬)। আকবর ও বৈরাম খাঁ দিল্লী ও আগ্রা পুনরুদ্ধার করিলেন। ইহার পর গোয়ালিয়র, আজমীর ও জৌনপুর এক এক করিয়া আকবরের হস্তগত হইল (১৫৫৮—'৬০), এবং অদূর ভবিষ্যতে তাঁহার দিগ্বিজয়ের পথও প্রশস্ত হইল।


রাজ্যভার গ্রহণ।—১৫৬০ খৃঃ অব্দ পর্যন্ত বৈরাম খাঁ নাবালক সম্রাটের অভিভাবক-রূপে রাজ্যশাসন করিয়াছিলেন। কিন্তু বৈরাম খাঁর অভিভাবকত্ব আকবরের মনঃপূত

হইতেছিল না। তিনি বৈরাম খাঁকে অবসর দান করিয়া স্বয়ং রাজ্যভার গ্রহণ করিতে মনস্থ করিলেন, এবং তাঁহাকে মক্কায় যাইতে আদেশ দিলেন (১৫৬০)। বৈরাম বিদ্রোহ করিলেন কিন্তু সহজেই তাঁহাকে পরাজিত করা হইল। বৈরামের প্রতি কৃতজ্ঞতা স্মরণ করিয়া আকবরও তাঁহাকে ক্ষমা করিলেন। মক্কার পথে গুজরাটের পাটন (আন্‌হিলবাড়া) নগরে জনৈক আফগান, পূর্বের শত্রুতার জন্য, বৈরামকে হত্যা করিল (১৫৬১)। কিন্তু তখনও আকবর স্বহস্তে রাজ্যভার গ্রহণ করিলেন না। তাঁহার ধাত্রীমাতা এবং ধাত্রীমাতার পুত্র আদম খাঁ এবং পীর মুহম্মদ প্রভৃতি কর্মচারিগণই রাজ্য চালাইতে লাগিলেন। ইঁহাদের কু-শাসন ও অত্যাচারে রাজ্যের সর্বত্র বিশৃঙ্খলা ও বিদ্রোহ দেখা দেওয়ায়, ১৫৬২ খৃঃ অব্দে, বিশ বৎসর বয়সে, আকবর স্বয়ং রাজ্যভার গ্রহণ করিলেন, এবং অনতিবিলম্বে বিদ্রোহ দমন ও বিশৃঙ্খলা দূর করিয়া রাজ্যে শান্তি স্থাপন করিলেন।



মহামতি আকবর

আকবরের সাম্রাজ্য-গঠন।—পানিপথের যুদ্ধের (১৫৫৬) পর পাঁচ বৎসরের মধ্যে পশ্চিমে পঞ্জাব ও মুলতান হইতে পূর্বে প্রয়াগ (এলাহাবাদ), এবং দক্ষিণে আজমীর ও গোয়ালিয়র অবধি আকবরের অধিকারভুক্ত হয়। কাবুল নামেমাত্র 'হিন্দুস্থানী' সাম্রাজ্যের অধীন সামন্ত রাজ্য হইলেও কার্যতঃ আকবরের কনিষ্ঠ ভ্রাতা মির্জা মুহম্মদ হকীমের শাসনাধীনে প্রায়-স্বাধীন রাজ্যই ছিল। কান্দাহার রাজ্য ইতিমধ্যে পারসিক সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হইয়া পড়িয়াছিল। বৈরাম খাঁর পতনের পর আদম খাঁ ও পীর মুহম্মদ মালবের আফগান সুলতান বজবাহাদুরকে পরাজিত করিয়া মালবদেশ আকবরের অধিকারভুক্ত করেন (১৫৬১)। ইতিমধ্যে মীরাবাইএর জন্মস্থান রাজপুতানার অন্তর্গত মীর্থা বা মেরতা


আকবরের সাম্রাজ্য
(১৬০৫ খ্রীষ্টাব্দ)
০ ২০০ ৪০০
মাইল
কাবুল
পেশোয়ার
শ্রীনগর
সিন্ধু নং
লাহোর
শতদ্রু নং
মুলতান
সিন্ধু নং
পাণিপথ
গঙ্গা নং
দিল্লী
আগ্রা
কনৌজ
লক্ষ্ণৌ
আজমীর
যমুনা নং
কাশী
এলাহাবাদ
পাটনা
গৌড়
গঙ্গা নং
উজ্জয়িনী
নর্মদা নং
অসীরগড়
বুরহানপুর
মহানদী
আহম্মদনগর
গোদাবরী নং
কৃষ্ণা নং
কাবেরী নং
আ র ব
সা গ র
ব ঙ্গো প সা গ র
আকবরের সাম্রাজ্য
১ কাবুল
২ লাহোর
৩ মুলতান
৪ দিল্লী
৫ আগ্রা
৬ অযোধ্যা
৭ এলাহাবাদ
৮ আজমীর
৯ গুজরাট
১০ মালব
১১ বিহার
১২ বঙ্গদেশ
১৩ খান্দেশ
১৪ বেরার
১৫ আহম্মদনগর
১৬ উড়িষ্যা
১৭ কাশ্মীর
১৮ সিন্ধু

দুর্গও অধিকৃত হইল (১৫৬২)। তৎপরে আকবরের আদেশে কারাপ্রদেশের শাসনকর্তা আসফ খাঁ ১৫৬৪ খৃঃ অব্দে মালবের পূর্বদিকে গোণ্ডয়ানা আক্রমণ করিলেন। সেখানকার রাজা ছিলেন নাবালক ; রাজমাতা দুর্গাবতী পুত্রের অভিভাবিকা হইয়া রাজ্য-শাসন করিতেছিলেন। রাণী দুর্গাবতীর বিপুলবাহিনী মুঘল সৈন্যদলের গতিরোধ করিতে পারিল না। পরাজয় নিশ্চিত জানিয়া বীরাঙ্গনা দুর্গাবতী ছুরিকাঘাতে প্রাণত্যাগ করিলেন এবং তাঁহার নাবালক পুত্রও বীরের ন্যায় যুদ্ধ করিয়া নিহত হইলেন। গোণ্ডয়ানা মুঘলদের পদানত হইল (১৫৬৪)।

রাণী দুর্গাবতী

গোণ্ডয়ানা জয় (১৫৬৪)

অতঃপর আকবর রাজপুতানার দিকে মনঃসংযোগ করিলেন। উত্তর-ভারতে তখন হিন্দু রাজপুত রাজারা খুব প্রবল ছিলেন। মুঘল সাম্রাজ্য দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করিতে হইলে ইহাদের বশীভূত করা প্রয়োজন, ইহা আকবর সম্যক উপলব্ধি করিয়াছিলেন। তিনি জানিতেন, কেবল যুদ্ধের দ্বারা দুর্ধর্ষ রাজপুতজাতিকে বশ্যতা স্বীকার করাইবার চেষ্টা বৃথা ; তাই তিনি রাজপুত রাজাদের সহিত মৈত্রীস্থাপনে যত্নবান্ হইলেন। তাঁহার এই উদার নীতির ফলে, একে একে অম্বর (জয়পুর), মাড়বার (যোধপুর), বিকানীর, জয়শল্মীর, বুন্দী, কোটা প্রভৃতি বিভিন্ন রাজ্যের রাজারা তাঁহার আধিপত্য স্বীকার করিলেন। রাজপুতদের সহিত মৈত্রীস্থাপনের উদ্দেশ্যে আকবর ইতিপূর্বেই অম্বরের রাজা বিহারীমলের কন্যাকে বিবাহ করিয়াছিলেন (১৫৬২)। বহু রাজপুত রাজাকে তিনি আপন দরবারে উচ্চ রাজকার্যে নিযুক্ত করেন।

আকবরের রাজপুত নীতি—রাজপুত জাতির বশ্যতা-স্বীকার

মেবারের সহিত সংঘর্ষ।—কিন্তু অন্যান্য বহু রাজপুত রাজা বশ্যতা স্বীকার করিলেও মেবারের রাণা বশ্যতা স্বীকার করিলেন না। এই মেবারের রাণাকেই সমগ্র রাজপুতজাতি নেতা বলিয়া শ্রদ্ধা করিত। সুতরাং মেবার জয়ের জন্য আকবর দৃঢ়প্রতিজ্ঞ হইলেন। উদয়সিংহ তখন মেবারের রাণা। আকবর মেবারের রাজধানী চিতোর আক্রমণ করিলে (১৫৬৭), তিনি উদয়পুরে হটিয়া গেলেন। মেবারের রাজপুত বীরগণ জয়মল ও পুত্ত নামক দুইজন নায়কের নেতৃত্বে প্রাণপণে মুঘল সৈন্যের গতিরোধ করিতে লাগিলেন। আকবর চারিমাস চিতোর অবরোধ করিয়াও নগর অধিকার করিতে পারিলেন না। অবশেষে একরাত্রে

উদয়সিংহ — আকবর কর্তৃক চিতোর জয়

জয়মল্ল অতর্কিতে আকবরের গুলিতে নিহত হইলেন। রাজপুত রণনায়কগণ নিরুৎসাহ হইয়া আত্মোৎসর্গের জন্য প্রস্তুত হইলেন। মহিলাগণ জহরব্রত অনুষ্ঠান করিয়া আগুনে পুড়িয়া মরিলেন, পুরুষেরা সম্মুখ সমরে প্রাণত্যাগ করিলেন। এইরূপে দুর্ভেদ্য চিতোর-দুর্গ আকবরের অধিকারভুক্ত হইল (১৫৬৮)।

কিন্তু চিতোরের পতনের পরেও মেবারের বীরগণ আকবরের বশ্যতা স্বীকার করিলেন না। তাঁহারা দুর্গম পার্বত্য অঞ্চলে গিয়া আশ্রয় গ্রহণ করিলেন। রাণা উদয়সিংহের পুত্র বীরশ্রেষ্ঠ



মহারাণা প্রতাপ

প্রতাপসিংহ

প্রতাপসিংহ মেবারের স্বাধীনতা রক্ষার জন্য প্রাণপণে যুদ্ধ করিতে লাগিলেন। রাজপুতানার ইতিহাস ও গাথা-সাহিত্যে যাঁহাদের বীরত্ব ও আত্মত্যাগ আজিও উজ্জ্বল হইয়া আছে, প্রতাপসিংহ তাঁহাদের অন্যতম। আকবর প্রতাপের বিরুদ্ধে অম্বর-রাজ মানসিংহকে প্রেরণ করিলেন। হল্‌দি-ঘাটের গিরিদ্বারে উভয়পক্ষের যুদ্ধ হইল (১৫৭৬)। প্রতাপ এবং তাঁহার অনুচরবর্গ অশেষ বীরত্ব প্রদর্শন করিয়াও পরাজিত হইলেন। দুর্গম পার্বত্য অঞ্চলে তাঁহার নিজের এবং স্ত্রী-পুত্র-কন্যার দুর্দশার আর সীমা রহিল না। বৎসরের পর বৎসর এইভাবে কাটিতে লাগিল, তবুও তিনি বশ্যতা স্বীকার করি-লেন না। তাঁহার এই অপূর্ব আত্মত্যাগ আকবরের অন্তরও স্পর্শ করিয়াছিল। রাজসভায় তিনি মুক্তকণ্ঠে এই মহান্ শত্রুর প্রশংসা করিতেন। ক্রমে প্রতাপের অদৃষ্ট প্রসন্ন হইতে লাগিল ; ধীরে ধীরে তিনি অনেকগুলি বিজিত দুর্গ পুনরুদ্ধার করিলেন। মৃত্যুর পূর্বে তিনি স্বদেশের অধিকাংশই উদ্ধার করিয়াছিলেন। কেবল মণ্ডলগড়, আজমীর ও চিতোরের পুনরুদ্ধার সাধন করিতে পারেন নাই। প্রতাপসিংহ প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, তাঁহার পূর্বপুরুষদের পরম গৌরবের চিতোর নগরী উদ্ধার না-করা অবধি তিনি কখনও তৃণশয্যা ভিন্ন অপর কোন শয্যায় শয়ন করিবেন না, বৃক্ষপত্র ভিন্ন অপর কোন পাত্রে আহার

করিবেন না। আজীবন সে প্রতিজ্ঞা তিনি পালন করিয়া গিয়াছেন। ১৫৯৭ খৃঃ অব্দে বীরশ্রেষ্ঠ রাণা প্রতাপ মানবলীলা সংবরণ করেন।

১৫৬৯ খৃঃ অব্দে আকবর রণ্থম্ভোর ও কালিঞ্জর অধিকার করিলেন। হুমায়ুন তাঁহার রাজত্বকালের প্রথমভাগে গুজরাট জয় করিয়াছিলেন (১৫৩৫); কিন্তু স্থায়ী অধিকার স্থাপনের অবসর পান নাই। তদবধি সেখানে অন্তর্দ্বন্দ্ব লাগিয়াই ছিল এবং অবশেষে সেখানকার বিবদমান দলগুলির জনৈক নেতা আকবরকে গুজরাট অধিকার করিতে আহ্বান করেন। এই সুযোগে আকবর গুজরাটের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন (১৫৭২)। এক বৎসর যুদ্ধের পর এই বাণিজ্যসম্পদে সমৃদ্ধিশালী প্রদেশটি তাঁহার সাম্রাজ্যভুক্ত হইয়া গেল।

গুজরাট জয় (১৫৭৩)

গুজরাটের জয়ের পর আকবর বঙ্গদেশ জয় করেন। সুরবংশের পতনের পর সেখানে কর্‌রাণী সুলতানদের আধিপত্য স্থাপিত হইয়াছিল। এই রাজবংশের প্রতিষ্ঠাতা সুলেমান কর্‌রাণী নামেমাত্র আকবরের বশ্যতা স্বীকার করিয়া প্রকৃতপক্ষে স্বাধীনভাবেই রাজ্য-শাসন করিতে লাগিলেন। তাঁহার পুত্র দায়ূদ খাঁ স্বাধীনতা ঘোষণা করেন। কিন্তু আকবরের সেনাপতি খাঁ জহান ও রাজা তোডরমলের হাতে রাজমহলের যুদ্ধে তিনি পরাজিত ও নিহত হইলেন। এইরূপে বঙ্গদেশও আকবরের সাম্রাজ্যভুক্ত হইয়া গেল (১৫৭৬)। কিন্তু বাঙ্গালার প্রসিদ্ধ 'বার-ভূঞা'র পরাক্রমে মুঘল শাসনকর্তাদের প্রায় দুইশত বৎসর ধরিয়া বিব্রত হইতে হইয়াছিল। ইঁহারা ছিলেন বাঙ্গালার ভূম্যধিকারী এবং হিন্দু-মুস্‌লিম নির্বিশেষে বঙ্গে পূর্ণ স্বাতন্ত্র্যের পরিপোষক। ইঁহাদের মধ্যে ভাওয়ালের ঈশা খাঁ, বিক্রমপুরের চাঁদ রায় ও কেদার রায়, যশোরের প্রতাপাদিত্য এবং বাক্‌লা বা বাখরগঞ্জের রামচন্দ্র রায় বা কন্দর্পনারায়ণ বিশেষ প্রসিদ্ধ। আকবর কয়েকটি যুদ্ধে জয়লাভ করিলেও সম্পূর্ণরূপে ইঁহাদের দমন করিতে পারেন নাই।

বঙ্গবিজয় (১৫৭৬)

বাঙ্গালার 'বার-ভূঞা'

কাবুলের শাসনকর্তা মির্জা মুহম্মদ হকীম ছিলেন আকবরের বৈমাত্রেয় ভ্রাতা। তিনি বার বার জ্যেষ্ঠ ভ্রাতার বিরুদ্ধতা করিতে লাগিলেন। ১৫৮০ খৃঃ অব্দে তিনি পঞ্জাব পর্যন্ত

অগ্রসর হন। তখন আকবর স্বয়ং যুদ্ধযাত্রা করিয়া অনায়াসে কাবুল অধিকার করিলেন (১৫৮১) ; কিন্তু ভ্রাতাকে রাজ্য হইতে বঞ্চিত করিলেন না। ইহার পর একে একে কাশ্মীর (১৫৮৬), সিন্ধু (১৫৯১), উড়িষ্যা (১৫৯২), বেলুচিস্তান (১৫৯৪), এবং কান্দাহার (১৫৯৫) আকবরের হস্তগত হয়। একদিকে কান্দাহার ও হিন্দুকুশ হইতে ব্রহ্মপুত্র এবং আর একদিকে হিমালয় হইতে নর্মদা অবধি তাঁহার বিশাল সাম্রাজ্য বিস্তৃত হইল। এইরূপে উত্তর-ভারত বিজয় সম্পূর্ণ করিয়া তিনি দাক্ষিণাত্য জয়ের জন্য প্রস্তুত হইলেন।

উত্তর-পশ্চিম ভারতে মুঘল অধিকার বিস্তার

আকবর খান্দেশ, আহ্‌মদনগর, গোলকুণ্ডা, বিজাপুর, প্রভৃতি রাজ্যের সুলতানদিগের নিকট বশ্যতা স্বীকারের জন্য দূত প্রেরণ করিলেন। কিন্তু এক খান্দেশ ব্যতীত অপর কোন রাজাই বিনা যুদ্ধে বশ্যতা স্বীকার করিতে সম্মত হইল না। তখন তিনি নিজ পুত্র মুরাদ ও বৈরামের পুত্র আব্‌দার রহিমের নেতৃত্বে আহ্‌মদনগরের বিরুদ্ধে এক অভিযান প্রেরণ করিলেন। আহ্‌মদনগর তখন এক নাবালক সুলতানের অধীন ছিল। কিন্তু বিজাপুরের বিধবা রাজমহিষী এবং আহ্‌মদনগরের রাজকন্যা বীরাঙ্গনা চাঁদ সুলতানা বিপুলবিক্রমে নগর রক্ষা করিতে লাগিলেন। ১৫৬৯ খৃঃ অব্দে উভয়পক্ষে এক সন্ধি হইল। সন্ধির সর্ত অনুসারে আহ্‌মদনগরের সুলতান আকবরকে বেরার প্রদেশ সমর্পণ করিতে বাধ্য হইলেন। ইহার চারিবৎসর পরে চাঁদবিবি আততায়ীর হস্তে নিহত হইলে আহ্‌মদনগর রাজ্যের কিয়দংশ আকবরের অধিকারভুক্ত হইয়াছিল। আহ্‌মদনগরের পতনের পর খান্দেশের দুর্ভেদ্য অসীরগড় দুর্গ আকবরের হস্তগত হয় (১৬০১)। সম্রাট শাহ্‌জহানের রাজত্বকালে আহ্‌মদনগর সম্পূর্ণভাবে মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয় (১৬৬৩)।

বেরার অধিকার

আহ্‌মদনগর ও খান্দেশ জয়

বিদ্রোহ।—আকবর বিশাল ভারতের ন্যূনাধিক তিন-চতুর্থাংশ ব্যাপিয়া সাম্রাজ্য বিস্তার করিলেও নিরুপদ্রবে রাজত্ব করিতে পারেন নাই। তাঁহার অনুচরদের মধ্যে অনেকেই সুযোগ-সুবিধা বুঝিলেই বিদ্রোহ করিতে দ্বিধা করিতেন না। আকবর যখন চিতোর অভিযানের আয়োজন করিতেছিলেন তখন মধ্য-এশিয়ার কয়েকজন উজ্‌বেগ রণনায়ক বিদ্রোহী হইলেন। আকবর এই বিদ্রোহ দমন করিয়া বিদ্রোহের মূলোৎ-

উজ্‌বেগ বিদ্রোহ

পাটন করেন। তাঁহার রাজত্বকালে মালব ও বাংলাদেশেও বিদ্রোহ ঘটে। আকবর বিদ্রোহী-দের সম্পূর্ণরূপে পরাস্ত করেন। আকবর যখন দাক্ষিণাত্যে যুদ্ধে ব্যাপৃত ছিলেন তখন যুবরাজ সলীম বিদ্রোহ করিয়া এলাহাবাদে নিজেকে বাদশাহ্ বলিয়া ঘোষণা করেন। আকবর তাঁহার প্রিয় মন্ত্রী আবুল ফজলকে সলীমের বিরুদ্ধে অগ্রসর হইতে আদেশ দিলে সলীম তাহাকে গোপনে হত্যা করাইলেন। অতঃপর ১৬০৩ খৃঃ অব্দে সলিমা বেগমের মধ্যস্থতায় পিতাপুত্রের বিবাদ নিষ্পত্তি হইল সলীম ক্ষমা প্রার্থনা করিয়া বশ্যতা স্বীকার করিলেন।

সলীমের বিদ্রোহ

আকবরের রাজনীতি।—শের শাহের ন্যায় আকবরও উপলব্ধি করিয়াছিলেন যে, এই দেশটি একা হিন্দু অথবা মুসলমানের নহে, ইহা উভয় জাতিরই মাতৃভূমি। হিন্দু ও মুসলমান উভয় জাতির সমর্থন ও সহযোগিতা লাভ করিতে না পারিলে এখানে কোন স্থায়ী সাম্রাজ্য গড়িয়া তোলা সম্ভব হইবে না। এই দৃষ্টিভঙ্গি লইয়া তিনি তাঁহার শাসননীতি পরিচালনা করিতে অগ্রসর হইয়াছিলেন। তাঁহার আদর্শ ছিল যে, হিন্দু ও মুসলমানের মধ্যে সকল বিভেদ দূর করিয়া, সকল শ্রেণীর প্রজাকে রাজার প্রতি এক আনুগত্যের বন্ধনে বাঁধিয়া, জাতি-ধর্ম-নির্বিশেষে সমস্ত ভারতবাসীকে এক মিলিত মহাজাতিতে পরিণত করিবেন। এই আদর্শকে কার্যে পরিণত করিবার জন্য তিনি হিন্দুদের উপর হইতে জিজিয়া-কর এবং হিন্দু তীর্থযাত্রীদের নিকট হইতে তীর্থকর আদায়ের ব্যবস্থা রহিত করিয়া দিলেন। তিনি শাসন ও সামরিক বিভাগে যোগ্যতা-অনুসারে হিন্দুদের উচ্চপদে নিয়োগ করিতেন। তাঁহার অপক্ষপাত ব্যবহার দ্বারা তিনি দেশের অগণিত হিন্দু প্রজার হৃদয় জয় করিয়া সাম্রাজ্য দৃঢ়মূল করিয়াছিলেন।

আকবরের ধর্মমত।—আকবরের ধর্মমত ছিল খুব উদার। বাল্যকালে তিনি নৈষ্ঠিক সুন্নী-মুসলমানরূপে প্রতিপালিত হইয়াছিলেন। কিন্তু শৈশবেই তিনি সুফী-সম্প্রদায়ের সংস্পর্শে আসেন। সম্ভবতঃ তাঁহাদের প্রভাবেই তাঁহার ধর্মজীবনে পরিবর্তন দেখা যায়। তাঁহার হিন্দু-মহিষীদের প্রভাবও এই পরিবর্তনে বিশেষ সাহায্য করিয়াছিল। মুসলমান হইলেও সমস্ত ধর্মের প্রতিই ছিল তাঁহার সমান শ্রদ্ধা। তিনি ফতেপুর-সিক্রিতে 'ইবাদৎ-খানা' নামে এক ধর্মসভাগৃহ প্রতিষ্ঠা করেন। সেখানে বিভিন্ন সম্প্রদায়ের মুস্‌লিম

আচার্যগণ সমবেত হইয়া তাঁহার সহিত স্বাধীনভাবে ধর্মচর্চা করিতেন। ক্রমে ইবাদৎখানায় হিন্দু, জৈন, পার্শী, খৃষ্টান, প্রভৃতি বিভিন্ন ধর্মের আচার্যগণও নিমন্ত্রিত হইয়া ধর্মের মূলতত্ত্বসম্বন্ধে সম্রাটের সহিত আলোচনা করিতেন। বিভিন্ন ধর্ম-মতের সমন্বয়ের চেষ্টায় বাদশাহ্ সকল ধর্মের সারমর্ম লইয়া 'দীন-ইলাহী' নামে এক নূতন মতবাদ প্রচার করেন (১৫৮২)—এক ঈশ্বরে বিশ্বাস ছিল ইহার মূলমন্ত্র। পরধর্মসহিষ্ণুতাই ছিল তাঁহার ধর্মমতের মূল সূত্র। রাজকীয় আড়ম্বরের সহিত দীন-ইলাহী মতবাদের প্রতিষ্ঠা করা হইলেও ইহাতে জনচিত্ত আকৃষ্ট হয় নাই। আকবর বলপূর্বক কাহাকেও তাঁহার ধর্মমত গ্রহণ করাইতে চেষ্টা করেন নাই। তাঁহার মৃত্যুর সঙ্গে সঙ্গেই ইহা বিলুপ্ত হইয়া যায়। সম্ভবতঃ আকবরের অভিপ্রায় ছিল ধর্মসমন্বয়ের দ্বারা হিন্দু-মুসলমানের স্থায়ী মিলনসাধন করিয়া তাহাদের এক বিরাট ভারতীয় জাতিতে পরিণত করিবেন।

ইবাদৎখানা

'দীন-ইলাহী'

ধর্ম-সমন্বয়ের ব্যর্থ প্রয়াস

আকবরের চরিত্র ও কৃতিত্ব।—আকবরের চরিত্র ছিল বিরোধী গুণের সমাবেশে মনোহর। তিনি একাধারে ছিলেন কোমল ও কঠোর, অমায়িক অথচ গম্ভীর। শত্রুর তিনি আতঙ্ক ছিলেন। বন্ধুরা তাঁহাকে যেরূপ ভালবাসিত তেমনই ভয়ও করিত। বাদশাহ্ ছিলেন "মহতের নিকট মহৎ, দীনের কাছে দীন" ইহাই ছিল তাঁহার চরিত্রের অনুপম মাধুর্য। বাল্যকালে তিনি লেখাপড়া শিখেন নাই ; সম্ভবতঃ আজীবন তিনি নিরক্ষরই ছিলেন ; অথচ তাঁহার জ্ঞানপিপাসা ছিল অপরিসীম। শিল্প, সাহিত্য, ইতিহাস, ধর্মতত্ত্ব প্রভৃতি নানাবিষয়ের পুস্তকসমূহ তাঁহার নিকট নিয়মিতভাবে পাঠ-করা হইত এবং তিনি সে-সকল তথ্য যথাযথ স্মরণ রাখিতেন। দর্শন ও ধর্মতত্ত্বের উপর তাঁহার স্বাভাবিক আকর্ষণ ছিল। তিনি ধর্মতত্ত্বসম্বন্ধে প্রায় বিশেষজ্ঞের ন্যায়ই আলোচনা করিতে পারিতেন। এইরূপ আলাপ-আলোচনা ও স্বাধীন চিন্তার মধ্য দিয়া তাঁহার চিত্তের বিকাশ হইয়াছিল। কাব্য, চিত্রকলা, সঙ্গীত, স্থাপত্য-শিল্প, প্রভৃতি বিভিন্ন কলাশাস্ত্রের গুণাগুণ-বিচারে তিনি সেকালে অদ্বিতীয় ছিলেন। আবার যন্ত্রপাতির কাজকর্ম করিতেও তিনি খুব ভালবাসিতেন। কামান-নির্মাণ এবং দিয়াশলাই-প্রস্তুত কার্যে তিনি যথেষ্ট আনন্দ অনুভব করিতেন। রাজ্যশাসনে তাঁহার ছিল অসামান্য অধিকার। বিশাল সাম্রাজ্যের সামরিক এবং

জ্ঞান-পিপাসা

ধর্ম-জিজ্ঞাসা

যান্ত্রিক কার্যে অনুরাগ

অসামরিক শাসন উভয় বিভাগের প্রত্যেকটি বিষয় তাঁহার নখদর্পণে ছিল। শুধু পাশ্চাত্ত্য শত্রু ও তাহাদের নৌ-বলের বিপদ্ সম্বন্ধে তিনি তেমন সজাগ ছিলেন না।

অসামান্য প্রতিভাবলে অগণিত বাধাবিপত্তি অতিক্রম করিয়া আকবর যে-কার্য সাধন করিয়া গিয়াছেন তাহাই তাঁহার প্রতিভার সাক্ষ্য দিতেছে। তাঁহার ন্যায় মনীষী, কষ্ট-সহিষ্ণু ও পরিশ্রমী নরপতি জগতে বিরল। হিন্দু-মুস্‌লিম মিলনের জন্য তিনি যথেষ্ট চেষ্টা করিয়া গিয়াছেন। ইতিপূর্বে আর কোন মুস্‌লিম নরপতি হিন্দু-মুসলমানের ভাবধারার আদান-প্রদান ও সামঞ্জস্যের জন্য এমন আন্তরিকভাবে প্রয়াসী হন নাই। কিন্তু হিন্দু-মুসলমানের মিলন অপেক্ষাও মহামতি আকবরের জীবনাদর্শ মহত্তর ছিল; আকবর ধর্ম-সমন্বয়ের ভিত্তিতে ভারতবাসীকে তথা সমগ্র মানবজাতিকে যেন একসূত্রে গাঁথিয়া তুলিতে চাহিয়াছিলেন। কিন্তু দেশের শিক্ষা-দীক্ষা, ঐতিহ্য সকলই ছিল সে-যুগে তাঁহার প্রতিকূল। সুতরাং হয়ত ইহাই আকবরের ব্যর্থতার প্রধান কারণ। কিন্তু বিফল হইলেও এক্ষেত্রে তিনি ছিলেন একজন যুগপ্রবর্তক।

হিন্দু-মুস্‌লিম মিলনের চেষ্টা

শেষজীবন।—আকবরের শেষজীবন শান্তিতে অতিবাহিত হয় নাই। সলীমের বিদ্রোহ ও প্রিয়বন্ধু আবুল ফজলের শোচনীয় মৃত্যুতে তিনি মর্মান্তিক আঘাত পাইয়াছিলেন। দুই পুত্র মুরাদ ও দানিয়ালের অকালমৃত্যুতে তাঁহার স্বাস্থ্য পূর্বেই ভাঙ্গিয়া গিয়াছিল। ইহার অল্পকাল পরেই আকবর সহসা পীড়িত হইয়া পড়েন এবং ৬৩ বৎসর বয়সে তাঁহার মৃত্যু হয় (১৭ই অক্টোবর, ১৬০৫)।

(খ) জহাঙ্গীর (১৬০৫—’২৭)

সিংহাসনারোহণ।—আকবরের মৃত্যুর পর যুবরাজ সলীম ‘নূরউদ্দীন মুহম্মদ জহাঙ্গীর পাদশাহ্ (বাদশাহ্) গাজী’ উপাধি ধারণ করিয়া সিংহাসনে আরোহণ করেন।

চরিত্র।—জহাঙ্গীরের চরিত্রে দোষ ও গুণ দুই-ই দেখা যায়। সময়বিশেষে তিনি অত্যন্ত খামখেয়ালী এবং কঠোরতার পরিচয় দিয়াছেন। আবার, কখনও বা তাঁহার অন্তরে করুণার প্লাবন বহিতে দেখা গিয়াছে। জহাঙ্গীরের ‘আত্মকথায়’ তাঁহার সাহিত্য-প্রতিভা ও শিল্পানুরাগের যথেষ্ট পরিচয় পাওয়া যায়। এই ‘আত্মকথা’ হইতে আমরা

তাঁহার ন্যায়ানুরাগের কথাও জানিতে পারি। বাদশাহ্ হইয়া ন্যায়বিচারের জন্য তিনি এক নূতন উপায় উদ্ভাবন করিয়াছিলেন। সম্রাটের দরবারে এক বিরাট লৌহ-শৃঙ্খলে ৬০টি ঘণ্টা বাঁধিয়া রাখা হইয়াছিল। রাজ্যের দীনতম প্রজাও এই ঘণ্টা বাজাইয়া বাদশাহের নিকট তাহার অভিযোগ জানাইতে পারিত। ইহা ভিন্ন তিনি বারটি আইনও জারি করেন। এই আইনসমূহ একত্রে 'দস্তুর-উল-আমল' নামে অভিহিত হইত। অনেক অন্যায় কর ও শুল্ক রহিত করিয়া তিনি প্রজাদের নিকট দয়ালু ও ন্যায়নিষ্ঠ বলিয়া

ন্যায় বিচার



জহাঙ্গীর

সুনাম অর্জন করিয়াছিলেন। তাঁহার সর্বশ্রেষ্ঠ গুণ ছিল শিল্পানুরাগ ও কবিজনোচিত মনোভাব। তাঁহার চরিত্রের প্রধান দুর্বলতা ছিল মদ্যপান ও অহিফেন-সেবন। ইহার ফলে তিনি আরামপ্রিয় ও বিলাসী হইয়া পড়িয়াছিলেন। তিনি তাঁহার অশেষ গুণবতী পত্নী নূরজহানের হাতে রাজ্যের রশ্মি ছাড়িয়া দিয়াছিলেন।

খুস্রুর বিদ্রোহ।—সলীম যখন আকবরের বিরুদ্ধে বিদ্রোহী হন তখন তাঁহার জ্যেষ্ঠপুত্র খুস্রুকে আকবরের উত্তরাধিকারীরূপে সিংহাসনে স্থাপিত করিবার জন্য এক চক্রান্ত হইয়াছিল। খুস্রুর মাতুল অম্বররাজ মানসিংহ এবং শ্বশুর আজিজ কোকা ছিলেন এই ষড়যন্ত্রের উদ্যোক্তা। কিন্তু আকবর মৃত্যুর পূর্বে সলীমকে উত্তরাধিকারী মনোনীত করায় এই ষড়যন্ত্র ব্যর্থ হইয়াছিল। জহাঙ্গীর সিংহাসনে উপবেশন করিবার কয়েক মাস পরেই খুস্রু বিদ্রোহী হন। জহাঙ্গীর স্বয়ং তাঁহার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়া তাঁহাকে পরাজিত ও বন্দী করেন। ইহার কয়েক বৎসর পরে বন্দী অবস্থায় খুস্রুর মৃত্যু হয় (১৬৩২)।

খুস্রুর বিদ্রোহের সময় শিখগুরু অর্জুন তাঁহাকে অর্থ সাহায্য করিয়াছিলেন। এই

অপরাধে সম্রাট তাঁহার মৃত্যুদণ্ড দেন। ইহার ফলে শিখজাতি মুঘল রাজবংশের চিরন্তন শত্রুতে পরিণত হইল।

নূরজহান।—আকবরের রাজত্বকালে মির্জা গিয়াস্‌বেগ নামক জনৈক ব্যক্তি ভারতে আসিয়া বাদশাহের অধীনে কার্য গ্রহণ করেন। তাঁহার কন্যা মিহ্‌রুন্নিসা ছিলেন অপূর্ব গুণবতী ও রূপবতী। আলি কুলিবেগ নামক এক ব্যক্তির সহিত তাঁহার বিবাহ হয়। জহাঙ্গীর তাঁহাকে 'শের আফগান' উপাধি দান করিয়া বর্ধমানের জায়গীরদার-পদে নিযুক্ত করেন। কোনও কারণে শের আফগান বিদ্রোহী মনোভাব দেখাইলে সম্রাট বাংলার শাসনকর্তা কুতবউদ্দীনকে তাঁহাকে বন্দী করিয়া দিল্লীতে প্রেরণ করিতে আদেশ দিলেন। কুতব এই আদেশ পালনে অগ্রসর হইলে উভয়পক্ষে যুদ্ধ বাধিল এবং যুদ্ধে কুতব ও শের উভয়েই নিহত হইলেন। মিহ্‌রুন্নিসাকে দিল্লীর রাজপ্রাসাদে লইয়া আসা হইল। ইহার চারিবৎসর পরে জহাঙ্গীর তাঁহার রূপে মুগ্ধ হইয়া তাঁহাকে বিবাহ করেন। এই সময় হইতে তাঁহার নাম হয় নূরজহান বা জগতের আলো।

নূরজহানের সহিত জহাঙ্গীরের বিবাহ সম্বন্ধে একটি কাহিনী আছে যে, জহাঙ্গীর যখন যুবরাজ তখন মিহ্‌রুন্নিসাকে তিনি বিবাহ করিতে চাহিয়াছিলেন। কিন্তু আকবর ইহাতে অসম্মত হইয়া আলি কুলির সহিত তাঁহার বিবাহ দেন এবং আলি কুলিকে শের আফগান উপাধি দিয়া বর্ধমানের শাসনকর্তার পদে নিয়োগ করেন। জহাঙ্গীর সিংহাসনলাভ করিয়া প্রকারান্তরে শের আফগানকে হত্যা করিয়া মিহ্‌রুন্নিসাকে দিল্লীতে লইয়া আসেন এবং কয়েক বৎসর পরে বিবাহ করেন। এই কাহিনীর সত্যতা সম্বন্ধে অনেকে সন্দেহ প্রকাশ করিয়াছেন।

নূরজহান অনন্যসাধারণ গুণের অধিকারিণী ছিলেন। ফারসী সাহিত্য ও কাব্যে তাঁহার গভীর ব্যুৎপত্তি ছিল। ললিতকলা ও উদ্যানবিন্যাস শিল্পেও তিনি বিশেষ কৃতিত্বের পরিচয় দিয়াছিলেন। রাজনীতিতেও তিনি নিপুণা ও পারদর্শিনী ছিলেন। নিজের বুদ্ধি ও গুণের জন্য তিনি বাদ্‌শাহের প্রধানা বেগম হইয়াছিলেন এবং তিনিই সাম্রাজ্যের প্রকৃত শাসনকর্ত্রী হইয়া দাঁড়াইলেন। রাজকীয় মুদ্রায় জহাঙ্গীরের নামের সহিত তাঁহার নাম অংকিত হইত। তিনি পর্দাপ্রথা সম্পূর্ণ অগ্রাহ্য করিতেন।

স্বামীর সহিত তিনি প্রকাশ্যে বাহির হইতেন এবং প্রজাদের দর্শন দিতেন। তাঁহার স্বাক্ষর রাজকীয় ফর্মানে (আদেশপত্র) প্রকাশিত হইত। আরামপ্রিয় ও বিলাসী সম্রাট তাঁহার পত্নীর রূপ-গুণের অন্তরালে ছায়ার ন্যায় বিরাজ করিতে লাগিলেন। জহাঙ্গীরের রাজত্ব-কালে নূরজহানের পিতা ও ভ্রাতা যথাক্রমে 'ইতিমাদুদ্দৌলাহ্' ও 'আসফ খাঁ' উপাধি লাভ করিয়া প্রধান ওমরাহ্ শ্রেণীতে উন্নীত হইয়াছিলেন।

রাজ্য-বিস্তার।– জহাঙ্গীরের রাজত্বকালে কয়েকটি যুদ্ধবিগ্রহ হইয়াছিল। এই সকল যুদ্ধের ফলে মুঘল সাম্রাজ্য আরও বিস্তৃতি লাভ করে। আকবর বঙ্গদেশ জয় করিলেও বাঙ্গালার হিন্দু-মুসলমান ভূ-স্বামীদের সম্পূর্ণরূপে দমন করিয়া যাইতে পারেন নাই। জহাঙ্গীরের রাজত্বকালে সুবাদার ইস্‌লাম খাঁ কর্তৃক এই কার্য সাধিত হয়। এই সময়ে ভাওয়ালের ইসা খাঁ, বাক্‌লার রামচন্দ্র এবং যশোরের প্রতাপাদিত্য প্রভৃতি ভৌমিকগণ পরাভূত হইয়াছিলেন। ইস্‌লাম খাঁ ঢাকায় রাজধানী স্থাপন করিয়া ইহার নাম রাখিলেন জহাঙ্গীর নগর। ইহার পর শ্রীহট্টের আফগান নেতা ওসমান খাঁ বাদশাহী সৈন্যের হস্তে পরাজিত ও নিহত হন।

বাঙ্গালায় বিদ্রোহ দমন (১৬১২)

আকবরের রাজত্বকালে বীরশ্রেষ্ঠ রাণা প্রতাপসিংহ যাবজ্জীবন যুদ্ধ করিয়া মেবারের স্বাধীনতা অক্ষুণ্ণ রাখিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পরে তাঁহার পুত্র অমর সিংহ রাণা হইলেন। পিতার ন্যায় দৃঢ়তা বা সহিষ্ণুতা তাঁহার ছিল না। জহাঙ্গীর সিংহাসন লাভ করিয়া আপন পুত্র পরভেজের নেতৃত্বে মেবার জয়ের নিমিত্ত এক অভিযান প্রেরণ করিলেন, কিন্তু এ অভিযান ব্যর্থ হইল। অতঃপর সেনাপতি মহাবৎ খাঁ মেবার আক্রমণ করিয়া কয়েকটি যুদ্ধে জয়লাভ করিলেও মেবার অধিকার করিতে সক্ষম হইলেন না। ইহার পাঁচ বৎসর পরে অমরসিংহ সম্রাট-পুত্র খুর্‌রমের (শাহ্‌জহান) নিকট পরাভূত হইয়া বশ্যতা স্বীকার করিতে বাধ্য হন (১৬১৪)। খুর্‌রম্ মেবার রাজ্য এমনভাবে অবরোধ করিয়া ফেলিয়াছিলেন যে, অমরসিংহের পক্ষে সন্ধির প্রস্তাবে সম্মত হওয়া ছাড়া উপায়ান্তর ছিল না। তবে বশ্যতা স্বীকার করিলেও মেবারের রাণাকে বাদশাহের দরবারে উপস্থিত হইয়া তাঁহার আনুগত্য গ্রহণ করার দায় হইতে মুক্তি দেওয়া হইয়াছিল। তাঁহার পুত্র করণসিংহকে পাঁচ হাজারী মনসবদারের

মেবার জয় (১৬১৪)

পদ দেওয়া হইল। রাণাকে চিতোর প্রত্যর্পণ করা হইল। আকবরের রাজপুত মহিষীর গর্ভজাত পুত্র জহাঙ্গীর পরাজিত মেবার রাণার প্রতি যে বীরোচিত মর্যাদা দেখাইলেন তাহা প্রশংসনীয়।

জহাঙ্গীরও আকবরের ন্যায় দাক্ষিণাত্য জয়ের উদ্যোগ করিয়াছিলেন। আহ্মদনগরের সহিত দীর্ঘকাল ধরিয়া যুদ্ধ চলিতে লাগিল ; কিন্তু সেখানকার সুযোগ্য হাবসী (Abyssinian) মন্ত্রী মালিক অম্বর বার বার বাদশাহের সৈন্যদলকে পরাভূত করিতে লাগিলেন। অবশেষে খুর্‌রম্‌কে সেখানে প্রেরণ করা হইলে তিনি আহ্মদনগর জয় করিয়া (১৬১৬) পিতার নিকট হইতে 'শাহ্‌জহান' উপাধি লাভ করিলেন। আহ্‌মদনগরের এক অংশ মুঘল-সাম্রাজ্যভুক্ত হইল। তাহার পর পঞ্জাবের উত্তর-পূর্বে কাঙ্গড়া দুর্গ জহাঙ্গীরের অধিকারভুক্ত হইল। (১৬২০)।

আহ্‌মদনগর জয় (১৬১৬)

আকবরের রাজত্বকালে ভারতের উত্তর-পশ্চিম সীমান্তে অবস্থিত কান্দাহার মুঘল সাম্রাজ্যভুক্ত হয়। এই স্থানটির সামরিক ও বাণিজ্যিক গুরুত্ব ছিল খুব বেশি। এজন্য ইহার অধিকার লইয়া ভারত ও পারস্যের মধ্যে দ্বন্দ্ব লাগিয়াই ছিল। ১৬২২ খৃষ্টাব্দে পারস্য সম্রাট শাহ্ আব্বাস অতর্কিত আক্রমণ করিয়া কান্দাহার অধিকার করিয়া লইলেন। জহাঙ্গীর বহু চেষ্টা করিয়াও ইহা পুনর্জয় করিতে পারিলেন না।

কান্দাহার হস্তচ্যুত (১৬২২)

বিদ্রোহ।—জহাঙ্গীরেরও রাজত্বের শেষভাগে শাহ্‌জহান বিদ্রোহী হন। তিনি নূরজহানের ভ্রাতুষ্পুত্রী মমতাজকে বিবাহ করিয়াছিলেন এবং সিংহাসনের উত্তরাধিকারী হইবেন মনে করিয়াছিলেন। কিন্তু তাঁহার কনিষ্ঠ ভ্রাতা শাহ্‌রিয়র শের আফগানের ঔরসজাত নূরজহানের কন্যাকে বিবাহ করেন। সম্রাজ্ঞী নূরজহান নিজের জামাতাকে সিংহাসনে বসাইবার জন্য গোপনে চেষ্টা করিতে লাগিলেন। সম্রাট এই সময়ে কান্দাহার পুনরুদ্ধারের নিমিত্ত শাহ্‌জহানকে আফগানিস্তানে যাইতে আদেশ করিলেন। তাঁহার অনুপস্থিতির সুযোগে নূরজহান শাহ্‌রিয়রকে সিংহাসন দানের ব্যবস্থা সফল করিয়া তুলিবেন, ইহা সন্দেহ করিয়া শাহ্‌জহান বিদ্রোহী হইলেন। কিন্তু যুদ্ধে তাঁহার পরাজয় ঘটিল। জহাঙ্গীরের মৃত্যুর দুই বৎসর পূর্বে পিতা-পুত্রের মধ্যে মনান্তর দূর হইয়াছিল।

শাহজহানের বিদ্রোহ

এদিকে অকস্মাৎ এক নূতন বিদ্রোহ উপস্থিত হইল। মহবৎ খাঁ নামক জনৈক আফগান মনসবদার নিজ কর্মকুশলতায় যথেষ্ট উন্নতি করিয়াছিলেন। শাহ্‌জহানের বিদ্রোহ দমনে তিনিই ছিলেন বাদশাহের দক্ষিণ-হস্তস্বরূপ। কিন্তু নূরজহানের কর্তৃত্বে তিনি বিরক্ত হইয়া অকস্মাৎ একদিন বিদ্রোহ ঘোষণা করিলেন এবং জহাঙ্গীর ও নূরজহান কাবুল যাইবার পথে যখন বিতস্তাতীরে শিবির স্থাপন করিয়া বিশ্রাম করিতেছিলেন, তখন শিবির আক্রমণ করিয়া তিনি বাদশাহকে বন্দী করিয়া ফেলিলেন। যুদ্ধ করিয়া স্বামীকে উদ্ধারের চেষ্টা বিফল হইলে, কূটনীতিজ্ঞা নূরজহান স্বেচ্ছায় বন্দিনী হইয়া কৌশলে স্বামীকে মুক্ত করিলেন। মহবৎ খাঁ নিরুপায় হইয়া রাজপুতানায় পলায়ন করেন। সেখানে শাহ্‌জহান মেবারের রাণার সহায়তায় পুনরায় বিদ্রোহের আয়োজন করিতেছিলেন। তাঁহার সহিত মহবৎ খাঁ আসিয়া যোগ দিলেন। ইহার অল্পকাল পরেই কাশ্মীর হইতে ফিরিবার পথে সম্রাট জহাঙ্গীরেরও মৃত্যু হইল (অক্টোবর, ১৬২৭)। লাহোরে তাঁহাকে সমাধিস্থ করা হয়।

মহবৎ খাঁর বিদ্রোহ

জহাঙ্গীর বন্দী

স্যার টমাস রো।—জহাঙ্গীরের রাজত্বকালে ইংলণ্ডের রাজা প্রথম জেম্‌স্ ১৬১৫ খৃষ্টাব্দে স্যার টমাস রো নামে একজন বিচক্ষণ দূতকে তাঁহার রাজসভায় প্রেরণ করেন। রো প্রায় চারি বৎসরকাল এদেশে ছিলেন। তিনি জহাঙ্গীরের দরবারের এক মনোরম বিবরণ লিখিয়া গিয়াছেন।

তুজুক-ই-জহাঙ্গীরি।—জহাঙ্গীর সুশিক্ষিত ও সাহিত্যরসিক ছিলেন। তাঁহার স্বরচিত আত্মজীবনী 'তুজুক-ই-জহাঙ্গীরি' এযুগের একখানি উৎকৃষ্ট গ্রন্থ। ইহাতে সমসাময়িক ভারতের রাষ্ট্রনীতিক, সামাজিক ও অর্থনৈতিক অবস্থা সম্বন্ধে অনেক মূল্যবান তথ্য লিপিবদ্ধ আছে। সাহিত্য হিসাবেও ইহা একখানি উৎকৃষ্ট গ্রন্থ।

(গ) শাহ্‌জহান (১৬২৭—১৬৫৮)

রাজ্যারোহণ।—জহাঙ্গীরের মৃত্যুকালে শাহ্‌জহান ছিলেন সুদূর দাক্ষিণাত্যে। পিতার মৃত্যুর পর তিনি শ্বশুর আসফ খাঁ এবং সেনাপতি মহবৎ খাঁর সাহায্যে সহজেই সিংহাসন দখল করিলেন এবং ভবিষ্যতে যাহাতে আর কেহ সিংহাসন দাবী না করিতে পারে

সেজন্য ভ্রাতা ও ভ্রাতুষ্পুত্র প্রভৃতি অন্যান্য দাবিদারগণকে সরাইয়া ফেলিলেন। নূরজহানের



শাহ্‌জহান

সকল ক্ষমতারই অবসান হইল। অবশ্য তাঁহার ভরণ-পোষণের জন্য শাহ্‌জহান উপযুক্ত সম্পত্তি নির্ধারিত করিয়াছিলেন।

বিদ্রোহ দমন।—কিন্তু সিংহাসনে বসিয়াও শত্রুর উপদ্রবের হাত হইতে শাহ্‌জহান একেবারে নিষ্কৃতি পাইলেন না। ঝুঝর সিং নামে একজন বুন্দেলা সামন্ত বুন্দেলখণ্ডে বিদ্রোহ করিলে তাঁহাকে দমন করা হয়। ইহার পর খাঁ-জহান লোদী নামে জনৈক আফগান ওমরাহ্‌ বিদ্রোহ ঘোষণা করিলেন। তিন বৎসর পরে তিনি পরাজিত ও বন্দী হন (১৬৩১)। সম্রাটের আদেশে তাঁহাকে এবং তাঁহার পুত্রদের নিষ্ঠুরভাবে হত্যা করা হয়।

পর্তুগীজ দমন।—বিগত শত বৎসরে পর্তুগীজ বণিকেরা প্রভূত শক্তিশালী হইয়া উঠিয়াছিল। মুঘল নৌবাহিনীর দুর্বলতার সুযোগ লইয়া চৌল, গোয়া, হুগলী, চট্টগ্রাম, প্রভৃতি বন্দরে তাহারা নিজেদের আধিপত্য স্থাপন করিল। তাহাদের অত্যাচারে এই সকল বন্দর ও পার্শ্ববর্তী জনপদগুলি প্রায় বিনষ্ট হইবার উপক্রম হয়। ১৪৯৮ খৃঃ অব্দে এদেশে আসিয়া তাহারা বাণিজ্যের সঙ্গে সঙ্গে দস্যুবৃত্তি

পর্তুগীজদের অত্যাচার

করিত। তাহারা হিন্দু-মুসলমান, পুরুষ-নারী সকলের উপরই অমানুষিক অত্যাচার করিত, দেবদেবীর মূর্তি ভাঙ্গিত, মক্কার পথে মুস্‌লিম তীর্থযাত্রীদের জাহাজ লুঠ করিত, ভারতীয় বাণিজ্যতরী অধিকার করিয়া লইত। যে-সকল বন্দরের উপর তাহাদের কর্তৃত্ব ছিল সে-সকল স্থানে জোর করিয়া শুল্ক আদায় করিত, অতর্কিতে নরনারী, বালক-বালিকাকে বন্দী করিয়া দাসদাসীরূপে বিক্রয় করিত এবং জোর করিয়া খৃষ্টধর্মে দীক্ষিত করিত। ১৬৩১ খৃষ্টাব্দে পর্তুগীজদের অত্যাচারে ক্রুদ্ধ হইয়া শাহ্‌জহান বাঙ্গালার শাসনকর্তা কাসিম খাঁকে হুগলী আক্রমণের আদেশ দিলেন। কাসিম খাঁ হুগলী অধিকার করিয়া প্রায় ৪০০০ বন্দীকে আগ্রায় পাঠাইয়া দিলেন (১৬৩২)। ইহার ফলে খৃষ্টধর্ম প্রচারে বাধা পড়িল।

উত্তর-পশ্চিম সীমান্ত-নীতি।—বিদ্রোহ দমন ও রাজ্যে শৃঙ্খলা বিধান করিয়া শাহ্‌জহান পূর্বপুরুষদের ন্যায় সাম্রাজ্য বিস্তারে অগ্রসর হইলেন। হুমায়ুনের সময় হইতেই কান্দাহারের অধিকার লইয়া দিল্লীর সম্রাট ও পারস্যরাজের মধ্যে বরাবর দ্বন্দ্ব চলিয়া আসিতেছিল। ১৬৩৮ খৃঃ অব্দে আলী মর্দান খাঁ নামে পারস্যরাজের জনৈক কর্মচারী বিশ্বাসঘাতকতা করিয়া ইহা শাহ্‌জহানের হস্তে সমর্পণ করেন। কিন্তু কান্দাহারের উপর মুঘল আধিপত্য দীর্ঘকাল স্থায়ী হয় নাই। পারস্যরাজ দ্বিতীয় শাহ্‌ আব্বাস, মধ্য-এশিয়ায় মুঘলদিগের পরাজয়ের সুযোগ লইয়া, ১৬৪৯ খৃষ্টাব্দে কান্দাহার পুনরধিকার করিতে সক্ষম হন। শাহ্‌জহান মন্ত্রী সাহ্‌দুল্লা খাঁ এবং স্বীয় পুত্র ঔরংজীবের নেতৃত্বে দুইটি (১৬৪৯ এবং ১৬৫২) এবং দারার নেতৃত্বে একটি অভিযান কান্দাহার পুনরুদ্ধারের জন্য প্রেরণ করেন। কিন্তু কোন অভিযানই সাফল্যলাভ করিল না; কান্দাহার পারস্যের অধিকারেই রহিয়া গেল।

কান্দাহার পুনরুদ্ধার

মধ্য-এশিয়ায় রাজ্যবিস্তার।—মধ্য-এশিয়ায় এককালে তৈমুরবংশীয় রাজগণ রাজত্ব করিতেন। তাঁহাদের রাজধানী ছিল সমরখন্দ। বাবর সাময়িকভাবে সমরখন্দের সিংহাসন লাভ করিয়াছিলেন; পরে উজবেগদিগের আক্রমণে তিনি এখান হইতে বিতাড়িত হন। শাহ্‌জহান পিতৃপুরুষদের প্রাচীন রাজ্য জয়ের জন্য উদ্যোগ করিলেন। এই উদ্দেশ্যে তিনি প্রথমে বল্‌খ্‌ ও বদখ্‌শান রাজ্য জয় করিয়া পরে সমরখন্দ জয়ের পরিকল্পনা গ্রহণ করিলেন। এই সময় বল্‌খ্‌ ও বদখ্‌শান রাজ্যে আভ্যন্তরীণ গোলযোগ দেখা দিয়াছিল। ইহার সুযোগ লইয়া ১৬৪৬ খৃষ্টাব্দে কুমার

সাময়িকভাবে বল্‌খ্‌ ও বদখ্‌শান জয়

মুরাদ এবং সেনাপতি আলী মর্দান খাঁ একযোগে আক্রমণ করিয়া রাজ্যটি অধিকার করিয়া লইলেন। কিন্তু মধ্য-এশিয়ার জলবায়ু স্বাস্থ্যের পক্ষে অনুকূল না হওয়ায় মুরাদ আগ্রায় প্রত্যাবর্তন করিলেন। এদিকে মুঘলদের বিরুদ্ধে বল্খ্ ও বদখ্শানে বিদ্রোহ দেখা দিল। সম্রাট তখন যুদ্ধনিপুণ ঔরংজীবকে এক সেনাবাহিনী সহ সেখানে প্রেরণ করিলেন। কিন্তু দুর্ধর্ষ উজবেগদিগকে বশীভূত করা ঔরংজীবের পক্ষেও সম্ভব হইল না। অবশেষে মুঘলবাহিনী এই দেশ ছাড়িয়া আসিতে বাধ্য হইল। এই ব্যর্থ চেষ্টায় বাদশাহের কয়েক কোটি মুদ্রা এবং বহু সৈন্য ক্ষয় হইয়াছিল। এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে, এই সময় মধ্য-এশিয়ায় বহু হিন্দু ব্যবসায়ী ব্যবসা করিত।

দাক্ষিণাত্য নীতি।—আকবর ও জহাঙ্গীরের রাজত্বকালে আহ্মদনগর রাজ্যের কিছু অংশ মুঘল সাম্রাজ্যের অধিকারভুক্ত হইয়াছিল। শাহ্জহান পিতা ও পিতামহের আরব্ধ কার্য সম্পূর্ণ করিবার সংকল্প করিলেন। শাহ্জহানের দাক্ষিণাত্য জয়ের দুইটি উদ্দেশ্য ছিল। প্রথমতঃ, আলাউদ্দীন প্রভৃতির ন্যায় তিনি সর্বভারতীয় সাম্রাজ্য গঠনের ইচ্ছা পোষণ করিতেন এবং দ্বিতীয়তঃ, তিনি ছিলেন গোঁড়া সুন্নী মুসলমান; দাক্ষিণাত্যের মুসলমান রাজগণ ছিলেন সিয়া সম্প্রদায়ভুক্ত। সুতরাং ধর্মের দিক হইতেও তিনি শিয়ারাজ্যগুলি ধ্বংস করা একান্ত কর্তব্য মনে করিলেন।

প্রথমেই তিনি আহ্মদনগর জয়ের উদ্যোগ করিলেন। মালিক অম্বরের মৃত্যুর পর আহ্মদনগর রাজ্যে আভ্যন্তরীণ গোলযোগ দেখা দিয়াছিল। মালিক অম্বরের মৃত্যুর পর তাঁহার পুত্র ফত্‌খাঁ মন্ত্রী হইয়াছিলেন। তাঁহার সহিত নিজামশাহী সুলতান মুর্তাজার বিবাদ উপস্থিত হইলে ফত্‌খাঁ মুঘলদের সহিত সংযোগ স্থাপন করিলেন এবং শাহজহানের ইঙ্গিতে আপন প্রভুকে হত্যা করিয়া তাঁহার নাবালক পুত্র হুসেন খাঁকে সিংহাসনে স্থাপিত করিয়া নিজেই সর্বেসর্বা হইয়া বসিলেন। ১৬৩১ খৃষ্টাব্দে তিনি বিশ্বাসঘাতকতাপূর্বক আহ্মদনগর রাজ্যের দুর্ভেদ্য দৌলতাবাদ দুর্গটি মুঘলদের হাতে সমর্পণ করিয়া বাদশাহের অধীনে কর্মগ্রহণ করিলেন। সুলতান হুসেনকে বন্দী করিয়া গোয়ালিয়র দুর্গে প্রেরণ করা হইল। এইরূপে আহ্মদনগর মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হইয়া গেল।

আহ্মদনগর জয়

ইহার পর মারাঠা নায়ক শাহজী (শিবাজীর পিতা) নিজামশাহী বংশের এক বালককে

স্থলতান পদে প্রতিষ্ঠিত করিয়া মুঘলদের বিরুদ্ধে যুদ্ধ করিতে লাগিলেন। কিন্তু কয়েক বৎসর পরে তিনিও শাহ্‌জহানের নিকট আত্মসমর্পণ করিতে বাধ্য হইলেন।

গোলকুণ্ডা ও বিজাপুরের বশ্যতা স্বীকার

তারপর বিজাপুর ও গোলকুণ্ডা রাজ্য দুইটির উপর আপনার আধিপত্য বিস্তারে উদ্যোগী হইয়া শাহ্‌জহান নিজেই দাক্ষিণাত্যে গমন করিলেন। তিনি গোলকুণ্ডা ও বিজাপুরের স্থলতানদের বশ্যতা স্বীকার করিয়া করদান করিতে আহ্বান করিলেন। গোলকুণ্ডার স্থলতান বাদশাহের আনুগত্য স্বীকার করিলেন এবং বাৎসরিক করদানে সম্মত হইলেন। বিজাপুরের সহিত যুদ্ধেও শাহ্‌জহানের জয় হইল। বিজাপুর-রাজ বশ্যতা স্বীকার করিয়া সন্ধি করিতে বাধ্য হইলেন। বিজিত আহ্‌মদনগর রাজ্যের এক ক্ষুদ্র অংশ তিনি বাদশাহের উপহারস্বরূপ লাভ করিলেন। এইভাবে দক্ষিণাপথে মুঘল প্রাধান্য স্থাপিত হইল (১৬৩৬)। শাহ্‌জহান তাঁহার তৃতীয় পুত্র কূটনীতিজ্ঞ ঔরংজীবকে দাক্ষিণাত্যের রাজপ্রতিনিধি নিযুক্ত করিলেন। ঔরংজীব প্রথমবার একাদিক্রমে প্রায় আট বৎসরকাল দাক্ষিণাত্য শাসন করেন।

ঔরংজীব দাক্ষিণাত্যের স্থবাদার

বহুকাল যাবৎ দাক্ষিণাত্যের শাসনকার্যে নানারূপ গোলযোগ ও বিশৃঙ্খলা চলিতেছিল। খান্দেশ, বেরার, তেলিঙ্গানা ও আহ্‌মদনগর এই চারিটি প্রদেশ হইতে যে রাজস্ব আদায় হইত তাহার দ্বারা প্রাদেশিক শাসনকার্য নির্বাহ করাও দুরূহ হইয়া উঠিয়াছিল। ১৬৫৩ খৃষ্টাব্দে ঔরংজীবকে পুনরায় দাক্ষিণাত্যের স্থবাদার নিযুক্ত করা হইলে তিনি প্রথমেই রাজস্ব-বিভাগে শৃংখলা স্থাপনের ব্যবস্থা করিলেন। এই কার্যে তাঁহার প্রধান সহায় ছিলেন মুর্শিদকুলি খাঁ। ইহার বহুকাল পরে তিনি বাংলার দেওয়ান হইয়াছিলেন। ঔরংজীবের সঙ্গে তিনি দাক্ষিণাত্যের একজন দেওয়ানরূপে তথায় আসেন এবং ১৬৫৬ খৃঃ অব্দে সমগ্র স্থবার প্রধান দেওয়ান পদে উন্নীত হন। মুর্শিদকুলি খাঁ, তোডরমলের দৃষ্টান্ত অনুসরণ করিয়া, সমগ্র স্থবা জরিপ করিয়া রাজস্বের পরিমাণ নির্দিষ্ট করিয়া দিলেন। কৃষকদিগকে সরকারী ঋণ দিয়া সাহায্য করায় দুই বৎসরের মধ্যে কৃষির অবস্থার উন্নতি হইল।

মুর্শিদকুলি খাঁ

রাজস্ব সম্বন্ধে বিধিব্যবস্থা স্থির করার পর ঔরংজীব রাজ্য-বিস্তারে উদ্যোগী হইলেন। গোলকুণ্ডার স্থলতান তাঁহার প্রতিশ্রুত কর প্রদান করেন নাই, এই অজুহাতে তিনি

গোলকুণ্ডা আক্রমণ করিতে উদ্যত হইলেন। এদিকে দৈবক্রমে গোলকুণ্ডার প্রধান মন্ত্রী মীরজুম্‌লা ঔরংজীবের পক্ষে যোগ দিলেন। মীরজুম্‌লার প্রকৃত নাম ছিল মুহম্মদ সৈয়দ। পারস্য হইতে ভারতবর্ষে আসিয়া তিনি জহরতের ব্যবসায় আরম্ভ করিয়াছিলেন। গোলকুণ্ডার স্থলতান আবদুল্লাহ্‌ কুতব্‌শাহ্‌ তাঁহার বুদ্ধিমত্তা দর্শনে মুগ্ধ হইয়া তাঁহাকে প্রধান মন্ত্রীর পদে নিযুক্ত করেন। মীরজুম্‌লা চন্দ্রগিরির রাজাকে (বিজয়নগর রাজবংশের উত্তরাধিকারী) পরাস্ত করিয়া কর্ণাটদেশে আপন প্রভুত্ব স্থাপন করেন। প্রধান মন্ত্রীর এরূপ ক্ষমতাবৃদ্ধি স্থলতান কুতব্‌শাহ্‌ প্রীতির চক্ষে দেখিতে পারেন নাই। গোলকুণ্ডার স্থলতান, মীরজুম্‌লার পুত্রকে ঔদ্ধত্যের অপরাধে বন্দী করায়, মীরজুম্‌লা ঔরংজীবের শরণাপন্ন হইলে, তিনি তাঁহার পক্ষাবলম্বন করিয়া অতর্কিতে গোলকুণ্ডা আক্রমণ করিলেন। কিন্তু সম্রাট শাহ্‌জহান যুদ্ধের বিরুদ্ধে ছিলেন। স্থতরাং বাধ্য হইয়া ঔরংজীবকে গোলকুণ্ডার স্থলতানের সহিত সন্ধি স্থাপন করিতে হয় (১৬৫৬)। তবে যুদ্ধের ক্ষতিপূরণস্বরূপ তাঁহার নিকট হইতে রামগিরি জেলা এবং প্রচুর অর্থ আদায় করা হইল। এই বৎসরেই মন্ত্রী সাদুল্লাহ্‌ খাঁর মৃত্যুতে মীরজুম্‌লা বাদ্‌শাহের মন্ত্রীর পদে নিযুক্ত হন।

মীরজুম্‌লার সহায়তা লাভ

১৬৫৬ খৃঃ অব্দে ঔরংজীব মীরজুম্‌লার সহায়তায় বিজাপুর আক্রমণ করিলেন। কিন্তু এক্ষেত্রেও সম্রাটের আদেশে ঔরঙ্গজীবকে বিজাপুরের সহিত সন্ধি করিতে হইল (১৬৫৭)। যুদ্ধের ক্ষতিপূরণস্বরূপ বিজাপুর রাজ্যের কিয়দংশ মুঘলদের অধিকারভুক্ত হইল। গোলকুণ্ডা ও বিজাপুর জয় সম্পূর্ণ করিতে পারিলে ঔরংজীব অত্যন্ত শক্তিশালী হইয়া উঠিবেন, সম্ভবতঃ এই আশঙ্কায় শাহ্‌জহান দুরাকাঙ্ক্ষী ঔরংজীবকে বাধা দিয়াছিলেন।

বিজাপুর জয় ও সন্ধিস্থাপন (১৬৫৭)

সিংহাসনের উত্তরাধিকার-সংক্রান্ত বিরোধ।—এই ঘটনার অনতিকাল পরেই সম্রাট্‌ শাহ্‌জহান কঠিন পীড়ায় আক্রান্ত হইলেন (সেপ্টেম্বর, ১৬৫৭)। অবিলম্বে তাঁহার পুত্রদের মধ্যে সিংহাসন লইয়া বিরোধ বাধিয়া গেল। স্থচতুর ঔরংজীব দাক্ষিণাত্য ছাড়িয়া রাজধানীর দিকে অগ্রসর হইলেন। শাহ্‌জহানের চারি পুত্রের মধ্যে দারা শিকোহ্‌ ছিলেন সর্বজ্যেষ্ঠ। তাঁহাকে সম্রাট্‌ সর্বাপেক্ষা ভালবাসিতেন এবং তাঁহার সহয়তায় রাজকার্য পরিচালনা করিতেন। দারা

শাহ্‌জহানের পীড়া ও পুত্রদের বিরোধ

ছিলেন বিদ্যোৎসাহী ও অত্যন্ত উদার। ধর্মবিষয়ে তিনি আকবরের ন্যায় উদার মত পোষণ করিতেন। এজন্য গোঁড়া মুসলমানগণ তাঁহাকে মোটেই পছন্দ করিতেন না। শাহ্জহানের দ্বিতীয় পুত্র স্থজা ছিলেন বঙ্গদেশের শাসনকর্তা। সাহসী ও রণকুশল হইলেও তিনি ছিলেন আরামপ্রিয় ও বিলাসী। তৃতীয় পুত্র ঔরংজীব ছিলেন ভ্রাতাদের মধ্যে সর্বাপেক্ষা বুদ্ধিমান, চতুর ও কর্মকুশল। তিনি ছিলেন নিষ্ঠাবান স্থন্নী মুসলমান। এই কারণে সংখ্যাগরিষ্ঠ স্থন্নী মুসলমান সম্প্রদায় ঔরংজীবের উপর অত্যন্ত প্রীত ছিল। শাহ্জহানের কনিষ্ঠ পুত্র মুরাদ বখ্শ শৌর্য-বীর্যে স্থখ্যাতি অর্জন করিলেও নির্বোধ, ধর্মসম্বন্ধে উদাসীন ও উচ্ছৃঙ্খল-প্রকৃতির ছিলেন। এই ভ্রাতৃকলহে শাহ্জহানের দুই কন্যার মধ্যে জ্যেষ্ঠা কন্যা জহানারা দারার পক্ষ সমর্থন করিতেন আর কনিষ্ঠা রৌশনারা ছিলেন ঔরংজীবের পক্ষে। ভ্রাতা-ভগ্নীরা সকলেই ছিলেন সম্রাজ্ঞী মমতাজের সন্তান, তবুও সিংহাসনের জন্য তাঁহারা পরস্পরের উচ্ছেদের চেষ্টায় কিছুমাত্র সঙ্কোচ বোধ করেন নাই। সৌভাগ্যক্রমে এই নিদারুণ ব্যাপার আরম্ভ হইবার বহুকাল পূর্বেই ভাগ্যবতী মমতাজমহলের মৃত্যু হইয়াছিল (১৬৩১)।

দারা শিকোহ্ ও স্থজা

ঔরংজীব

মুরাদ

জহানারা ও রৌশনারা

জ্যেষ্ঠপুত্র দারার প্রতি সম্রাটের আকর্ষণ চিরকালই তাঁহার অন্যান্য ভ্রাতাদের চক্ষুশূল ছিল। শাহ্জহান তাঁহাকে সিংহাসনের উত্তরাধিকারী স্থির করিয়াছিলেন। শাহ্জহানের পীড়ার সময় দারা আগ্রায় পিতার পার্শ্বেই ছিলেন। কিন্তু তাঁহার ভ্রাতাদের সন্দেহ হইল, সিংহাসনের লোভে দারা পিতার মৃত্যু-সংবাদ গোপন করিয়াছেন। স্থতরাং প্রত্যেকেই নিজেকে সম্রাট্ বলিয়া ঘোষণা করিলেন। স্থজা রাজমহলে নিজেকে বাদশাহ্ বলিয়া ঘোষণা করিয়া আগ্রার দিকে অগ্রসর হইলেন। মুরাদ আহ্মদাবাদে নিজেকে সম্রাট্ বলিয়া ঘোষণা করিয়া রাজ্য ভাগাভাগি করিবার সর্তে মালবে আসিয়া ঔরংজীবের সহিত মিলিত হইলেন। ইতিমধ্যে শাহ্জহান স্থস্থ হইয়া বিদ্রোহ-দমনের ব্যবস্থা অবলম্বন করিলেন। স্থজাকে দমন করিবার জন্য দারার জ্যেষ্ঠপুত্র স্থলেমান শিকোহ্‌কে এবং ঔরংজীব ও মুরাদের বিরুদ্ধে কাসিম খাঁ ও যশোবন্ত সিংহকে প্রেরণ করা হইল। কিন্তু উজ্জয়িনীর নিকট ধর্মাট নামক স্থানে সম্রাটের সৈন্যদলকে পরাভূত করিয়া ঔরংজীব ও মুরাদ আগ্রার দিকে অগ্রসর হইলেন (১৬৫৮)। তখন

ধর্মাটের যুদ্ধ

আগ্রার অনতিদূরে সামুগড় নামক স্থানে দারা নিজে বিদ্রোহী বাহিনীর গতিরোধ করিয়া দাঁড়াইলেন ; কিন্তু তাঁহারও পরাজয় হইল। ঔরংজীব ও মুরাদ বিজয়-গৌরবে আগ্রায় প্রবেশ করিয়া আগ্রার প্রাসাদ-দুর্গ অবরোধ করিলেন। কয়েকদিনের মধ্যেই দুর্গ হস্তগত করিয়া ঔরংজীব পিতাকে বন্দী করিলেন (১৬৫৮)। অতঃপর তিনি কৌশলে মুরাদকে বন্দী করিয়া গোয়ালিয়র দুর্গে প্রেরণ করিলেন। তিন বৎসর পরে মিথ্যা অভিযোগে তাঁহার প্রাণদণ্ড হইল (১৬৬১)।

শাহ্ জহান বন্দী (১৬৫৮)

মুরাদের বিচার ও মৃত্যু

এদিকে সুলেমান কাশীর নিকট বাহাদুরপুর নামক স্থানে সুজাকে পরাজিত করেন (১৬৫৮)। তিনি পিতার সাহায্যে অগ্রসর হইবার পূর্বেই সামুগড়ে ঔরংজীব ও মুরাদের হস্তে পরাভূত হইয়া দারাকে পলায়ন করিতে হইল। ঔরংজীব দারার পশ্চাদ্ধাবন করিয়া দিল্লী ও লাহোর হইয়া মুলতান পর্যন্ত অগ্রসর হইয়াছিলেন। এই সুযোগে সুজা পুনরায় সৈন্য সংগ্রহ করিয়া অগ্রসর হইতে লাগিলেন। তখন ঔরংজীব ফিরিয়া আসিয়া খাজুয়া নামক স্থানে সুজাকে সম্পূর্ণরূপে পরাজিত করিলেন (১৬৫৯)। মীরজুম্‌লার উপর তাঁহার পশ্চাদ্ধাবনের ভার পড়িল। সুজা বঙ্গদেশে প্রবেশ করিয়া প্রথমে ঢাকায় আশ্রয় লইলেন। সেখান হইতে তিনি আরাকানের দিকে পলায়ন করিলেন। সম্ভবতঃ আরাকানীদের হাতে তিনি সপরিবারে নিহত হন (১৬৬০)। ঔরংজীবের জ্যেষ্ঠ পুত্র মুহম্মদ-সুলতানের সহিত সুজার কন্যার বিবাহ হইয়াছিল। মুহম্মদ সুজার পক্ষ অবলম্বন করিয়াছিলেন এই অপরাধের জন্য তাঁহাকে আজীবন কারাগারে বন্দী করিয়া রাখা হয়।

সুজার দুর্ভাগ্য

ঔরংজীবের সাফল্যে প্রমাদ গণিয়া সুলেমান শিকোহ্‌র সৈন্যেরা একে একে তাঁহাকে পরিত্যাগ করিতে লাগিল। তখন নিরুপায় হইয়া তিনি ঘাড়োয়াল রাজ্যে গিয়া আশ্রয় লইলেন (১৬৫৮)। দুই বৎসর পরে তিনি ঔরংজীব কর্তৃক বন্দী হইয়া প্রাণ হারাইলেন।

এদিকে দারা মুলতান ও সিন্ধুদেশ অতিক্রম করিয়া গুজরাটে গিয়া উপস্থিত হইলেন। গুজরাটের শাসনকর্তা শাহ্ নওয়াজ খাঁ তাঁহার পক্ষ অবলম্বন করিলেন। কিছু সৈন্য

সংগ্রহ করিয়া তিনি আজমীরের দিকে অগ্রসর হইলেন এবং আজমীরের দক্ষিণে দেওরাই গিরিবর্ত্মে তিনদিনব্যাপী ভীষণ যুদ্ধের পর পরাজিত হইলেন (১৬৫৯)। পরাভূত দারা তখন পারস্যে আশ্রয় ভিক্ষার অভিপ্রায়ে সীমান্তের দিকে অগ্রসর হইয়া মালিক জীভন নামে জনৈক আফগান সর্দারের আশ্রয় গ্রহণ করিলেন; জীভন বিশ্বাসঘাতকতা করিয়া তাঁহাকে ঔরংজীবের হস্তে সমর্পণ করিলেন। ঔরংজীব বন্দী দারাকে ভিখারীর বেশে হাতীর পিঠে চড়াইয়া দিল্লীর পথে পথে সকলকে দেখাইয়া বেড়াইবার আদেশ দিলেন। তারপর ধর্মবিদ্বেষের অভিযোগে দারার প্রাণদণ্ড হইল (১৬৫৯)।

দারার চরম পরাজয় (১৬৫৯)

দারা ও তাঁহার কনিষ্ঠপুত্র সিপারকে একই সঙ্গে বন্দী করা হইয়াছিল। সিপার তখন বালক মাত্র। বহুকাল বন্দী রাখিয়া সিপারকে মুক্তিদান করা হয় এবং ঔরংজীব নিজের তৃতীয়া কন্যার সহিত তাঁহার বিবাহ দেন। মুরাদের পুত্র ইজিদ্ বখ্শকেও মুক্তিদান করিয়া তিনি নিজ পঞ্চম কন্যার সহিত বিবাহ দেন।

এদিকে সিংহাসনচ্যুত বৃদ্ধ সম্রাট্ শাহ্জহান আগ্রার প্রাসাদ-দুর্গে বন্দী জীবন যাপন করিতে লাগিলেন। ঔরংজীব পিতার পরিচর্যার জন্য জ্যেষ্ঠা ভগ্নী জহানারাকে অনুমতি দিয়াছিলেন। জহানারার পিতৃভক্তি ও কবিত্বশক্তি চিরস্মরণীয়। সম্রাট্-নন্দিনী তাঁহার মৃত্যুর পর নিজের কবরের উপর কোন স্মৃতি-সৌধ নির্মাণ করিতে নিষেধ করিয়াছিলেন। তাঁহার আদেশে, সাধারণ মানুষের কবরের মত, তাঁহার কবরের উপর শুধু সবুজ ঘাস ও উদার আকাশ ছিল। দুঃখ, শোক এবং অপমানে শাহ্জহানের সুদীর্ঘ অন্তিম জীবন দুর্বিসহ হইয়া উঠিল। এইরূপে প্রায় আটবৎসর বন্দিশালায় কাটাইয়া ৭৪ বৎসর বয়সে শাহ্জহান মৃত্যুমুখে পতিত হইলেন (১৬৬৬)।

শাহ্জহানের মৃত্যু

চরিত্র ও কৃতিত্ব।—ঐতিহাসিকগণ শাহ্জহানের চরিত্র সম্বন্ধে যথেষ্ট প্রশংসা করিয়া গিয়াছেন। সম্রাটের অতুল ঐশ্বর্য, আড়ম্বর, শিল্পানুরাগ বিশেষতঃ তাঁহার নির্মিত তাজমহলের অনুপম সৌন্দর্য তাঁহার চরিত্রের ত্রুটিগুলিকে প্রায় সম্পূর্ণরূপে ঢাকিয়া দিয়াছে। কিন্তু ব্যক্তিগত জীবনে কিংবা কর্মক্ষেত্রে তিনি মোটেই মহৎ ছিলেন না। পুত্র হিসাবে শাহ্জহান পিতার অন্তরে অন্যায়ভাবে আঘাত দিতে দ্বিধাবোধ করেন নাই। রাজনীতিক হিসাবে শাহ্জহান ছিলেন মধ্যম

চরিত্রের ত্রুটি

শ্রেণীর। কয়েকটি যুদ্ধে জয়লাভ করিলেও, তিনবার তাঁহার কান্দাহার উদ্ধারের চেষ্টা নিষ্ফল হইয়া যায়। বল্‌খ্‌ ও বদখ্‌শানেও তিনি কর্তৃত্ব রক্ষা করিতে পারেন নাই। ধর্মবিষয়েও তাঁহার কোন উদারতা ছিল না। নিজে রাজপুত নারীর পুত্র হইয়াও ধর্ম-বিষয়ে শাহ্‌জহান ছিলেন হিন্দুবিদ্বেষী। কাশীতে তিনি ৭৬টি হিন্দু মন্দির ধ্বংস করিয়াছিলেন। শিখ ও শিয়া মুসলমানদের প্রতিও তিনি অত্যাচার করিয়াছিলেন। ধর্ম সম্বন্ধে আকবরের উদার নীতি পরিত্যাগ করিয়া তিনি মুঘলসাম্রাজ্যের সর্বনাশ সাধন করিয়াছিলেন।

সংকীর্ণ ধর্মনীতি

মুঘল সাম্রাজ্যের চরম উন্নতি।—কোন কোন ঐতিহাসিক উল্লেখ করিয়াছেন যে, শাহজহানের রাজত্বকালে মুঘল সাম্রাজ্য উন্নতির চরম শিখরে আরোহণ করিয়াছিল। তাঁহার শাসনকালে রাজ্যের অভ্যন্তরে মোটামুটি শান্তি বজায় ছিল। গুরুতর কোন বিদ্রোহ অথবা বহিরাক্রমণের দ্বারা রাজ্যের নিরাপত্তা বিঘ্নিত হয় নাই। আকবরের সাম্রাজ্যের তুলনায় তাঁহার সময়ে মুঘল সাম্রাজ্যের বিস্তৃতি অনেক বেশী ছিল। এই সময় উত্তর-পশ্চিমে মধ্য-এশিয়ার বল্‌খ ও বদাখ্‌শান পর্যন্ত সাম্রাজ্য বিস্তার লাভ করিয়াছিল; দাক্ষিণাত্যের স্বাধীন রাজ্যগুলিও বাদশাহের বশ্যতা স্বীকার করিয়াছিল। সাম্রাজ্যের আর্থিক অবস্থাও ছিল বেশ উন্নত। শাহজহানের ঐশ্বর্য ছিল অপরিমিত। অজস্র অর্থব্যয় করিয়া তিনি দিল্লী ও আগ্রায় যে সকল রাজপ্রাসাদ, মসজিদ ও সমাধি-ভবন প্রভৃতি নির্মাণ করিয়াছিলেন তাহা দেশ-বিদেশের লোকের বিস্ময় দৃষ্টি আকর্ষণ করিতেছে। দিল্লীর লালকেল্লা নামক প্রাসাদ দুর্গ, ইহার দেওয়ানি আম, দেওয়ানি খাস ও রঙ্গ মহলাদি হর্ম্যাবলী, জাম-ই-মসজিদ, আগ্রার মোতি মসজিদ ও রাজ-প্রাসাদ এবং তাজমহল প্রভৃতি মুঘল শিল্পের উৎকর্ষের পরিচয় বহন করিতেছে। এই দিক দিয়া বিচার করিলে নিঃসন্দেহে বলা যায় যে শাহজহানের রাজত্বকাল মুঘল ইতিহাসের এক গৌরবময় যুগ। কিন্তু শাহজহানের রাজত্বকালকে বিশেষভাবে বিশ্লেষণ করিলে দেখা যায় যে, এই সময় হইতেই মুঘল সাম্রাজ্যের পতনের সূচনা হইয়াছিল। তাঁহারই রাজত্বকালে কান্দাহার মুঘল রাজবংশের হস্তচ্যুত হয়; তিনি বহু চেষ্টা করিয়াও ইহা পুনরুদ্ধার করিতে সমর্থ হন নাই। মধ্য-এশিয়ায়ও তিনি বিজিত রাজ্য অল্পকাল পরেই ছাড়িয়া দিতে বাধ্য হইয়াছিলেন। উভয় স্থানেই মুঘলসৈন্য বাহিনীর

গৌরবময় যুগ

পতনের সূচনা

সামরিক দক্ষতার অভাব প্রমাণিত হইয়াছে। বিচিত্র হর্ম্যাদি নির্মাণে তিনি যে অর্থব্যয় করিয়াছেন তাহার ফলে কৃষককুল করভারে জর্জরিত ও নিষ্পেষিত হইয়াছে। ইহার ফলে মুঘল সাম্রাজ্যের ভিত্তি শিথিল হইয়া গিয়াছিল। আবার ধর্ম সম্বন্ধে তিনি যে অনুদার নীতির সূচনা করিয়াছিলেন ঔরংজীবের রাজত্বকালে সেই ধর্মনীতিই সাম্রাজ্যের সর্বনাশের পথ প্রশস্ত করিয়াছিল।

প্রশ্নাবলী

১। বিজেতা হিসাবে আকবরের জীবনী বর্ণনা কর।

২। সাম্রাজ্য শাসনে আকবর কিরূপ নীতি গ্রহণ করিয়াছিলেন?

৩। আকবরের হিন্দু এবং রাজপুত নীতি সম্বন্ধে কি জান? ইহার ফলাফল বর্ণনা কর।

৪। আকবরকে সাম্রাজ্য স্রষ্টা বলা হয় কেন? মুঘল সাম্রাজ্যকে দৃঢ় ও স্থায়ী ভিত্তির উপর প্রতিষ্ঠা করিতে তিনি কি উপায় অবলম্বন করিয়াছিলেন তাহা সংক্ষেপে লেখ।

৫। আকবরের ধর্মমত সম্বন্ধে কি জান?

৬। জহাঙ্গীরের রাজত্বের কাহিনী সংক্ষেপে বর্ণনা কর।

৭। শাহ্‌জহানের রাজত্বকালের সংক্ষিপ্ত বিবরণ লেখ।

৮। "শাহ্‌জহানের রাজত্বকালে মুঘল সাম্রাজ্য শক্তি ও গৌরবের চরম শিখরে আরোহণ করিয়াছি"— এ সম্বন্ধে তোমার অভিমত কি?

৯। ইহাদের সম্বন্ধে কি জান? পানিপথের দ্বিতীয় যুদ্ধ, বৈরাম খাঁ, রাণা প্রতাপ, দীন ইলাহী, তোডরমল, খুস্‌রুর বিদ্রোহ, নুরজঁহান, সার টমাস রো, মালিক অম্বর, মুর্শিদকুলি খাঁ।

[redacted]

একবিংশ অধ্যায়

ঔরংজীব (১৬৫৮-১৭০৭)—মুঘল সাম্রাজ্যের অবসান

(ক) ঔরংজীব

সিংহাসনারোহণ।—আগ্রা অধিকারের পর ঔরংজীব দারার অনুসরণ করিয়া দিল্লী যান। সেখানে তাঁহার রাজ্যাভিষেক হয়। তিনি 'আলমগীর' (বিশ্বজয়ী) উপাধি গ্রহণ করিয়া সিংহাসনে আরোহণ করেন।

চরিত্র।—রাজপ্রাসাদের অপরিমেয় বিলাসিতার মধ্যে ঔরংজীব আজীবন যে কঠোর সংযমের পরিচয় দিয়া গিয়াছেন, তাহা যেমন প্রশংসার্হ তেমনই বিস্ময়কর। তিনি বাদশাহ্ হইয়াও স্বহস্তে টুপি তৈয়ারী করিয়া বিক্রয়লব্ধ যে সামান্য অর্থ রাখিয়া গিয়াছিলেন, তাহা দিয়াই তাঁহার কবরের খরচ নির্বাহ করিতে আদেশ দেন। কোরান নকল করিয়া তিনি যে টাকা সঞ্চয় করিয়াছিলেন, তাহা তাঁহার মঙ্গলকামনায় দরিদ্র ধার্মিক মুসলমানদের মধ্যে বিতরণ করিবার আদেশ দিয়া যান। তাঁহার ধর্মনিষ্ঠা ছিল অসাধারণ। জীবনের শেষ দিন পর্যন্তও তিনি শাস্ত্রীয় অনুশাসন ও অন্যান্য অনুষ্ঠান পালন করিয়াছিলেন, ইহাতে তাঁহার সামান্য শৈথিল্যও দেখিতে পাওয়া যায় নাই। মুস্‌লিম ধর্মশাস্ত্রেও ছিল তাঁহার অগাধ পাণ্ডিত্য ; সমগ্র কোরান ছিল তাঁহার কণ্ঠস্থ। তিনি কখনও মদ্য স্পর্শ করেন নাই। কালক্রমে তিনি আমিষভোজনও ত্যাগ করিয়াছিলেন। পুত্র-কন্যাগণকে সদাচার ও ধর্ম-শিক্ষাদানের জন্য তাঁহার চেষ্টার অবধি ছিল না। রাজকার্যে রাজকীয় আড়ম্বর নিখুঁত-ভাবে রক্ষা করিয়াও, নিজের বেশভূষায় তিনি অনাড়ম্বর ছিলেন। নিজে সঙ্গীতবিদ্যায় পারদর্শী হইয়াও শাস্ত্রীয় অনুশাসনের সম্মান রক্ষার জন্য তিনি গীতবাদ্য বন্ধ করিয়া দিয়াছিলেন, চিত্রকলাদিরও কোনরূপ পৃষ্ঠপোষকতা করেন নাই। অনেকে ঔরংজীবের প্রতি ভণ্ডামির দোষারোপ করিয়া থাকেন। কারণ তাঁহার ধর্মনিষ্ঠা, সদাচার, প্রভৃতির সহিত ভ্রাতৃহত্যা, পিতাকে কারাগারে নিক্ষেপ, রাজকার্যে শঠতার আশ্রয়গ্রহণ, প্রভৃতি

ব্যাপারের সামঞ্জস্য বিধান করা কঠিন। কিন্তু সিংহাসনের জন্য পিতৃদ্রোহ বা ভ্রাতৃদ্রোহ তাঁহার বংশে নূতন নয়। প্রায় প্রত্যেক স্বৈরাচারী রাজার ন্যায়ই তাঁহার বিশ্বাস ছিল যে, রাজকার্যে নীতির কোন স্থান নাই। তাই সে ক্ষেত্রে মিথ্যাচার, বিশ্বাসভঙ্গ প্রভৃতি কার্য তাঁহার কাছে বিবেকবিরুদ্ধ বলিয়া মনে হইত না। কিন্তু যেখানে, তাঁহার মতে রাজ্যের স্থায়ী মঙ্গল ও ইস্‌লাম ধর্মের মধ্যে কোনরূপ বিরোধ ঘটিয়াছে, সেখানে তিনি নিজ ধর্মের জন্য সাম্রাজ্যের স্থায়ী স্বার্থ বিসর্জন দিতেও কুণ্ঠিত হন নাই। এজন্য রাজ্যের নিশ্চিত অমঙ্গল জানিয়াও তিনি অ-মুসলমানদের প্রতি যথেষ্ট অত্যাচার করিয়াছেন। মনে হয়, যেন শুধু ধর্মান্ধতার জন্য তিনি সাম্রাজ্যের ভিত্তি শিথিল করিয়া দিয়াছিলেন।

ধর্মমতের প্রতি এরূপ প্রগাঢ় আসক্তিহেতু রাজনীতিক হিসাবে সফলতা তিনি লাভ করিতে পারেন নাই। আকবর ধর্মে উদারনীতি অনুসরণ করিয়া বিস্তীর্ণ মুঘল সাম্রাজ্য সুদৃঢ় ভিত্তির উপর স্থাপিত করিয়া গিয়াছিলেন। কিন্তু ঔরংজীবের সঙ্কীর্ণ নীতি ও পরধর্মদ্বেষের ফলে সেই সুদৃঢ় ও বিশাল মুঘল সাম্রাজ্য পতনের পথে দ্রুত অগ্রসর হইল। ঔরংজীব অন্তিমকালে নিজ জীবনের বিরাট ব্যর্থতা উপলব্ধি করিয়াছিলেন। তাঁহার শেষজীবনের চিঠিগুলিতে তিনি নিরাশাজনিত যে ক্ষোভ ও বেদনা প্রকাশ করিয়াছেন, তাহা বড়ই মর্মস্পর্শী।

ঔরংজীবের ব্যর্থতা

রাজ্যবিস্তার।—সিংহাসনলাভের পর ঔরংজীব রাজ্যবিস্তারে মনোনিবেশ করিলেন।

মীরজুম্‌লার আসাম আক্রমণ

ঔরংজীবের সেনাপতি বাংলার শাসনকর্তা মীরজুম্‌লা আসাম আক্রমণ করিয়া অহোমরাজ জয়ধ্বজসিংহের রাজধানী বড়গাঁও পর্যন্ত অগ্রসর হইলে জয়ধ্বজসিংহ বাৎসরিক করদানের প্রস্তাবে সম্মত হইয়া সন্ধি করিলেন। ফিরিবার পথে মীরজুম্‌লার মৃত্যু হইল (১৬৬৩)। ইহার কিছুকাল পরেই বিজিত রাজ্য ঔরংজীবের হস্তচ্যুত হইয়া যায়।

শায়েস্তা খাঁ

মীরজুম্‌লার পর বাদশাহের মাতুল শায়েস্তা খাঁকে বাঙ্গালার সুবাদারপদে নিযুক্ত করা হয়। এই সময় পর্তুগীজ জলদস্যুরা বাঙ্গালার দক্ষিণ অঞ্চল ছারখার করিয়া বেড়াইতেছিল। তিনি তাহাদিগকে দমন

করেন। ১৬৬৬ খৃঃ অব্দে আরাকান রাজ্যের নৌ-শক্তিকে পরাভূত করিয়া শায়েস্তা খাঁ সন্দীপ ও চট্টগ্রাম অধিকার করেন। শায়েস্তা খাঁ বঙ্গদেশের নৌ-শক্তি বাড়াইবার জন্য বিশেষ চেষ্টা করিয়াছিলেন। তাঁহার সময়ে বাঙ্গালী লস্করদের সাহস, নৈপুণ্য ও বুদ্ধিমত্তা অত্যন্ত প্রসিদ্ধি লাভ করিয়াছিল।

পর্তুগীজ দমন, চট্টগ্রাম অধিকার (১৬৬৬)

উত্তর-পশ্চিম সীমান্তের য়ুসুফ্‌জাই ও আফ্রিদি উপজাতিদের উপদ্রবে ঔরংজীবকে বিব্রত হইতে হইয়াছিল। ঔরংজীব কূটনীতির বলে কয়েকটি দলকে বশীভূত করিয়া তাহাদের পরস্পরের মধ্যে বিভেদ সৃষ্টি করিয়া একে একে তাহাদের যুদ্ধে পরাজিত করিলেন এবং ফলে পরস্পর যুদ্ধবিগ্রহ করিতে করিতে বিদ্রোহও সাময়িক ভাবে থামিয়া গেল।

পশ্চিম-সীমান্তে বিদ্রোহ



ঔরংজীব (সমসাময়িক চিত্র হইতে)

ঔরংজীবের ধর্মনীতিঃ রাজ্যের বিভিন্ন স্থানে বিদ্রোহ।—

ঔরংজীব ছিলেন অত্যন্ত নিষ্ঠাবান্ সুন্নি মুসলমান, উপরন্ত পরধর্মদ্বেষী। তিনি দাক্ষিণাত্যের শিয়া-সম্প্রদায়ভুক্ত রাজ্যগুলি যথা বিজাপুর, গোলকুণ্ডা, প্রভৃতির উপরও কম অত্যাচার করেন নাই। ধর্মপ্রচারের আকাঙ্ক্ষা সম্রাটের রাজ্যবিস্তারের উৎসাহ অপেক্ষা কম ছিল না। প্রজাদিগকে ইস্‌লাম ধর্ম-গ্রহণে উৎসাহিত করিবার জন্য তিনি পুরস্কার, উপাধি প্রভৃতি বিতরণের ব্যবস্থা করিতে লাগিলেন; আর যাহারা ইস্‌লাম ধর্ম গ্রহণ করে নাই তাহাদের উপর অতিরিক্ত করভার চাপাইয়া দিলেন। হিন্দু বণিক্‌দের উপর অত্যধিক বাণিজ্যশুল্ক ধার্য করা হইল। ১৬৭৯ খৃঃ অব্দে তাঁহারই আদেশে 'জিজিয়া' কর পুনঃপ্রবর্তিত হয়। রাজপুত ব্যতীত সমুদয় হিন্দুকে পাল্কী, হাতী বা ভাল ঘোড়ায় চড়িতে নিষেধ করিয়া তিনি এক

হিন্দুদিগের প্রতি অত্যাচার

আদেশ জারি করেন। হিন্দুদের উৎসব, মেলা, শোভাযাত্রা, প্রভৃতিও বন্ধ করিয়া দেওয়া হইতে লাগিল। বাদশাহ্ প্রত্যেক সুবাদারকে হিন্দুমন্দির-ধ্বংসের আদেশ দেন। এইরূপে যে সকল মন্দির বিধ্বস্ত হইয়া গেল, তাহাদের মধ্যে মথুরার কেশব মন্দির এবং কাশীর বিশ্বেশ্বর মন্দির সর্বাপেক্ষা উল্লেখযোগ্য। কাশীর বিশ্বেশ্বর মন্দির ধ্বংস করিয়া তাহার ভিত্তির উপর এক বিরাট মস্‌জিদ স্থাপন করা হইল, আর মথুরার নাম রাখা হইল 'ইস্‌লামাবাদ'। ইস্‌লাম ধর্ম গ্রহণ না করিলে রাজকার্য হইতে হিন্দুদের বিতাড়িত করার ব্যবস্থাও হইতে লাগিল।

এইভাবে সংখ্যাগরিষ্ঠ প্রজাদের ধর্মবিশ্বাসে আঘাত করিয়া ঔরংজীব স্বেচ্ছায় সাম্রাজ্যের সর্বনাশ ডাকিয়া আনিলেন। তাঁহার অত্যাচারে উত্যক্ত হইয়া ১৬৬৯ খৃঃ অব্দে এবং পুনরায় ১৬৮৫ খৃঃ অব্দে মথুরা-অঞ্চলে জাঠগণ বিদ্রোহ ঘোষণা করে। বহু সৈন্যক্ষয় করিয়া ঔরংজীব তাহাদিগকে প্রতিবারই পরাজিত করিলেও সম্পূর্ণরূপে দমন করিতে পারেন নাই। বুন্দেলখণ্ডেরাজা চম্পৎরায় ঔরংজীবের রাজত্বের প্রথম দিকেই বিদ্রোহ ঘোষণা করিয়াছিলেন, কিন্তু পরাজিত হইয়া তিনি আত্মহত্যা করেন (১৬৬১)।

জাঠ-বিদ্রোহ

চম্পৎরায়ের পুত্র ছত্রসাল শিবাজীর মত নিজেকে হিন্দুধর্মের রক্ষকরূপে ঘোষণা করিয়া বিদ্রোহী হইয়া উঠিলেন। ঔরংজীব তাঁহাকে কিছুতেই দমন করিতে পারিলেন না। ছত্রসাল বুন্দেলখণ্ডে এক স্বাধীন হিন্দুরাজ্য প্রতিষ্ঠা করিলেন।

ছত্রসাল

১৬৭২ খৃঃ অব্দে সৎনামী নামক অনুন্নত হিন্দু কৃষক-সম্প্রদায় বিদ্রোহ ঘোষণা করে। পাতিয়ালা রাজ্যের অন্তর্গত নরনৌল এবং আলোয়ার রাজ্য বা মেওয়াট ছিল তাহাদের বাসভূমি। কিন্তু সুশিক্ষিত বাদশাহী ফৌজের সহিত সৎনামী কৃষকেরা পারিয়া উঠিল না। তাহাদের অধিকাংশই রণক্ষেত্রে প্রাণ হারাইল।

সৎনামী-বিদ্রোহ (১৬৭২)

মুঘল ও শিখ সংঘর্ষ।—শিখদের মধ্যেও তখন নূতন প্রেরণা আসিয়াছিল এবং তাহারা ধীরে ধীরে শক্তি সঞ্চয় করিতেছিল এবং মুঘলদের সহিত বিরোধিতায় লিপ্ত হইয়াছিল। গুরু হরগোবিন্দ মুসলমানদের অত্যাচার হইতে শিখদের রক্ষা করিবার নিমিত্ত তাহাদের একটি সামরিক সম্প্রদায়ে পরিণত করেন। তাঁহার পুত্র শিখদের

পঞ্জাবের শিখ-সম্প্রদায়

নবম গুরু তেগবাহাদুর ঔরংজীবের ধর্মনীতির প্রতিবাদ করায় বাদশাহ তাঁহাকে রাজদ্রোহের অপরাধে বন্দী করেন। তাঁহাকে ইস্‌লাম ধর্ম অথবা মৃত্যু, এই দু'য়ের একটি বাছিয়া লইতে বলিলে তেগবাহাদুর প্রাণদণ্ড বরণ করিলেন (১৬৭৫)। গুরুর এই আত্মত্যাগে শিখদের মধ্যে এক অভিনব প্রেরণার সঞ্চার হইল। দশম গুরু গোবিন্দসিংহ তেগবাহাদুরের মৃত্যুর প্রতিশোধ লইবার জন্য শিখদিগকে একটি রণকুশল সামরিক জাতিতে পরিণত করিলেন। শিখজাতি প্রাণপণে মুঘলদের বিরোধিতা করিতে লাগিল।

তেগবাহাদুরের প্রাণদণ্ড (১৬৭৫)

গুরু গোবিন্দ ও শিখ-রণশক্তি

ঔরংজীব ও রাজপুত জাতি।—এদিকে সঙ্কীর্ণ রাজনীতি ও হিন্দুবিদ্বেষ দ্বারা ঔরংজীব ক্রমে ক্রমে বিশ্বস্ত রাজপুতগণকেও শত্রুতে পরিণত করিয়া তুলিলেন। হিন্দুগণের প্রতি ঔরংজীবের অত্যাচার ও 'জিজিয়া'-কর পুনঃপ্রবর্তন—এই দুইটি কারণে সমস্ত রাজপুত জাতি ক্ষুব্ধ হইয়া উঠিল।

রাজপুতগণের সহিত সংঘর্ষ

এই সময়ে মাড়বাররাজ যশোবন্তসিংহ সম্রাটের কার্যে আফগানিস্তানে ছিলেন। আফগান সীমান্তে জামরুদ নামক স্থানে অকস্মাৎ তাঁহার মৃত্যু হয় (১৬৭৮)। সমসাময়িক কোন কোন লেখক উল্লেখ করিয়াছেন যে, ঔরংজীবের ইঙ্গিতে তাঁহাকে বিষ প্রয়োগে হত্যা করা হয়। যশোবন্তের মৃত্যুর পরেই ঔরংজীব মাড়বার দখল করিলেন এবং তথাকার বহু দেবায়তন ধ্বংস করিয়া দিলেন। মাড়বারের উপর জিজিয়া কর স্থাপিত হইল। এদিকে যশোবন্ত সিংহের মৃত্যুর পর তাঁহার মহিষী শিশুপুত্র অজিতসিংহকে লইয়া স্বদেশের পথে দিল্লীতে উপস্থিত হইলে ঔরংজীব তাঁহাদের আটকাইয়া রাখিবার আয়োজন করিলেন। সেনাপতি দুর্গাদাসের বিশ্বস্ততা, বীরত্ব ও বিচক্ষণতায় যশোবন্তসিংহের মহিষী ও পুত্রকে দিল্লী হইতে রাজপুতনায় নিরাপদে লইয়া আসা সম্ভব হইল। দুর্গাদাসের নেতৃত্বে মাড়বারে বিদ্রোহের আগুন জ্বলিয়া উঠিল। ঔরংজীব তখন মাড়বারের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়া সহজেই যোধপুর অধিকার করিলেন। দেখিতে দেখিতে অন্যান্য অনেক নগরও তিনি জয় করিলেন (১৬৭৯) এবং মাড়বারকে কয়েকটি অংশে বিভক্ত করিয়া প্রতি অংশের শাসনভার এক একজন মুসলমান শাসকের হস্তে ন্যস্ত করিলেন। অজিতসিংহের মাতা ছিলেন মেবার রাজবংশের কন্যা। তিনি মেবাররাজ রাজসিংহের নিকট সহায়তা প্রার্থনা করিলে রাজসিংহ মাড়বারের রাঠোরগণের সহিত যোগদান করিলেন। কিন্তু তিনি

দুর্গাদাস

ঔরংজীবের বিশাল বাহিনীর অগ্রগতি রোধ করিতে পারিলেন না। ঔরংজীব চিতোর অধিকার করিলেন এবং মেবারের প্রায় দুইশত দেবমন্দির বিধ্বস্ত করিলেন। বীরশ্রেষ্ঠ রাজসিংহ সমতলভূমি ত্যাগ করিয়া দুর্গম পার্বত্য প্রদেশে গিয়া দুর্ভেদ্য দুর্গে আশ্রয় লইলেন এবং স্বাধীনতা রক্ষা করিয়া শত্রুর গতি প্রতিহত করিতে লাগিলেন।

মেবার-রাজ রাজসিংহ

ঔরংজীব তাঁহার পুত্র মহম্মদ আকবরের হাতে রাজপুতদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনার ভার অর্পণ করিলেন। কিন্তু এই সঙ্কটকালে আকবর রাজপুতদের সহায়তায় সিংহাসন অধিকারের অভিপ্রায়ে বিদ্রোহ ঘোষণা করিলেন (১৬৮১)। ঔরংজীব তখন কূটনীতি প্রয়োগে আকবরের অভিপ্রায় সম্বন্ধে রাজপুতদের মনে সন্দেহ আনিলেন। ফলে রাজপুতরা তাঁহাকে সাহায্য করিল না। আকবর উপায়ন্তর না দেখিয়া প্রাণভয়ে মারাঠা রাজ্যে গিয়া উপস্থিত হইলেন। শিবাজীর পুত্র শম্ভুজী তাঁহাকে আশ্রয় দিলেন। ইহার কয়েক বৎসর পরে আকবর তাঁহার পূর্বপুরুষ হুমায়ুনের মত পারস্য দেশে পলায়ন করেন এবং ১৭০৪ খৃঃ অব্দে তাঁহার মৃত্যু হয়।


বলপ্রয়োগে রাজপুত জাতিকে দমন করা অসম্ভব দেখিয়া ঔরংজীব রাণা রাজসিংহের পুত্র জয়সিংহের সহিত সন্ধি করিলেন (১৬৮১)। সন্ধির সর্ত অনুসারে জয়সিংহ ঔরংজীবকে মেবারের কয়েকটি জেলা ছাড়িয়া দিলেন; ঔরংজীবও মেবারের উপর হইতে 'জিজিয়া'-কর তুলিয়া লইলেন। কিন্তু মাড়বারের সহিত তখনও যুদ্ধ চলিতে লাগিল। ঔরংজীব সেনাপতিদের উপর যুদ্ধের ভার দিয়া দাক্ষিণাত্যে গমন করিলেন (১৬৮২)। দীর্ঘ ত্রিশ বৎসর ধরিয়া এই যুদ্ধ চলিয়াছিল। ঔরংজীবের পুত্র বাহাদুর শাহের রাজত্বকালে ইহার অবসান ঘটে (১৭০৯)। তিনি মাড়বারের সিংহাসনের উপর অজিত সিংহের দাবি মানিয়া লইয়াছিলেন। ঔরংজীবের রাজপুতনীতি মুঘল রাজবংশের এককালে বন্ধু ও সহায় রাজপুতজাতিকে মুঘলদের পরম শত্রুতে পরিণত করিয়াছিল।

মেবারের সহিত সন্ধি (১৬৮১)

মুঘল ও মারাঠা সংঘর্ষ—এই সময়ে ছত্রপতি শিবাজীর নেতৃত্বে মারাঠা শক্তির অভ্যুদয় হয়। শাহ্‌জহানের রাজত্বকালেই শিবাজী দাক্ষিণাত্যে ধীরে ধীরে শক্তিসঞ্চয়

শিবাজীর অভ্যুদয় : শায়েস্তা খাঁ

করিতেছিলেন। দাক্ষিণাত্যের সুবাদার হিসাবে কাজ করিবার সময় গোলকুণ্ডা ও বিজাপুরের মুস্‌লিম শক্তি খর্ব করিয়া ঔরংজীব আপনার অজ্ঞাতসারে শিবাজীর শক্তি-বৃদ্ধির পথ প্রস্তুত করিয়া আসিয়াছিলেন।



১৬৬০ খৃঃ অব্দে ঔরংজীব শায়েস্তা খাঁকে দাক্ষিণাত্যের সুবাদার নিযুক্ত করিয়া পাঠাইলেন। কিন্তু শিবাজীর হস্তে পরাভূত হইয়া তাঁহাকে ফিরিয়া আসিতে হইল (১৬৬৩)। তারপর যুবরাজ মুয়াজ্জম দাক্ষিণাত্যে প্রেরিত হইলেন। তাহাতেও কিছুই হইল না। শিবাজী সুরৎ (সুরাট) ও আহ্‌মদনগর লুণ্ঠন করিয়া প্রভূত অর্থ সংগ্রহ করিলেন (১৬৬৪)। তখন ঔরংজীব অম্বররাজ জয়সিংহ ও সেনাপতি দিলীর খাঁকে শিবাজীর বিরুদ্ধে প্রেরণ করেন। এবার শিবাজীর পরাজয় হইল (১৬৬৫) এবং পুরন্দরের সন্ধিতে তিনি বহু দুর্গ সমর্পণ করিয়া মুঘল সম্রাটের বশ্যতা স্বীকার করিলেন। ইহার ফলে উভয় পক্ষের বিরোধ কিছুকালের জন্য স্থগিত রহিল। জয়সিংহের অনুরোধে তিনি বাদশাহের সহিত সাক্ষাতের জন্য আগ্রায় গমন করিলেন (১৬৬৬)। ঔরংজীব তাঁহাকে আপন আয়ত্তে পাইয়া আগ্রায় বন্দী করিয়া রাখিলেন। কিন্তু সুচতুর শিবাজী কৌশলে আগ্রা হইতে পলায়ন করেন। ১৬৬৮ খৃঃ অব্দে ঔরংজীব শিবাজীর 'রাজা' উপাধি মানিয়া লইতে বাধ্য হন। কিন্তু তবুও উভয়ের মধ্যে মৈত্রী হইল না। পুরন্দরের সন্ধির সর্ত অনুযায়ী শিবাজী যে সকল দুর্গ ছাড়িয়া দিয়াছিলেন সেগুলির অধিকাংশই জয় করিয়া লইলেন। ১৬৭৪ খৃঃ অব্দে মহাসমারোহে তাঁহার রাজ্যাভিষেক হইল এবং তিনি 'ছত্রপতি' উপাধি গ্রহণ করিলেন। ঔরংজীব কিছুতেই এই মারাঠাবীরকে দমন করিতে পারিলেন না! দক্ষিণ-ভারতে হিন্দু-শক্তি পুনর্জাগরিত হইল।

ঔরংজীবের জীবনের শেষ পঁচিশ বৎসর দক্ষিণাত্যে যুদ্ধবিগ্রহে কাটিয়াছিল। ১৬৮২ খৃঃ অব্দে যখন তিনি দক্ষিণাপথের মুঘল রাজধানী ঔরঙ্গাবাদে পৌছেন, তখন বিজাপুর ও গোলকুণ্ডা রাজ্য দুইটির অবস্থা ছিল অত্যন্ত শোচনীয়। বারবার মারাঠাদের আক্রমণে এবং অন্তর্দ্বন্দ্বে রাজ্যদ্বয়ের পতন আসন্ন হইয়াছিল। বহুকাল হইতেই এই রাজ্য দুইটির প্রতি ঔরংজীবের লোভ ছিল। ১৬৮৫ খৃঃ অব্দে তিনি বিজাপুর অবরোধ করিলেন এবং পর বৎসর বিজাপুরের সুলতান সিকন্দর শাহ আত্মসমর্পণ করিলে তাঁহাকে আজীবন বন্দী করিয়া রাখা হইল। এইভাবে বিজাপুরের আদিলশাহী রাজবংশ বিলুপ্ত হইয়া গেল। পর বৎসর গোলকুণ্ডা রাজ্যও ঔরংজীবের অধিকারভুক্ত হইয়া পড়িল (১৬৮৭)।

বিজাপুর অধিকার (১৬৮৬)

গোলকুণ্ডা অধিকার (১৬৮৭)

১৬৮২ খৃঃ অব্দে ঔরংজীব দক্ষিণ-ভারতে উপস্থিত হইয়া মারাঠাদের সহিত যুদ্ধবিগ্রহে লিপ্ত হইয়াছিলেন। কিন্তু বহুকাল যুদ্ধ করিয়াও তিনি মারাঠাদের দমন করিতে পারিলেন না। অবশেষে সুদীর্ঘ নিষ্ফল যুদ্ধের মধ্যে ১৭০৭ খৃঃ অব্দে ঔরংজীব আহমদনগরে মৃত্যুমুখে পতিত হইলেন।

মারাঠাদের সহিত যুদ্ধ

দাক্ষিণাত্য নীতির ফলাফল।—ঔরংজীবের রাজ্যবিস্তারের আকাঙ্ক্ষা ও অনুদার ধর্মনীতি তাঁহাকে দাক্ষিণাত্য-যুদ্ধে লিপ্ত করিয়াছিল। দাক্ষিণাত্যের মুসলমান সুলতানগণ ছিলেন শিয়া-মতাবলম্বী। সুতরাং সুন্নি ঔরংজীবের চোখে তাঁহারা খাঁটি মুসলমান ছিলেন না। এজন্য তাঁহাদের উচ্ছেদ-সাধন তিনি ধর্মের দিক হইতে একান্ত কর্তব্য মনে করিয়াছিলেন। হিন্দু মারাঠাদের অভ্যুদয়ের ফলে মুসলিম সাম্রাজ্যের নিরাপত্তা ক্ষুণ্ন হইয়াছিল, ইহাও তিনি সম্যক উপলব্ধি করিয়াছিলেন। সুতরাং মুঘল সাম্রাজ্যের ভিত্তি সুদৃঢ় করিবার জন্য মারাঠাশক্তিকে উচ্ছেদ করিতে তিনি দৃঢ়প্রতিজ্ঞ হইলেন। এই দুই কারণেই তিনি দাক্ষিণাত্যের যুদ্ধে সাম্রাজ্যের সমস্ত শক্তি নিয়োগ করিয়াছিলেন। ঔরংজীব জীবনের শেষ পঁচিশ বৎসর দাক্ষিণাত্য-যুদ্ধে ব্যয় করিয়াছিলেন এবং এই যুদ্ধে মুঘলদের যে বিপুল ক্ষয়ক্ষতি হইয়াছিল তাহারই ফলে মুঘল সাম্রাজ্যের পতন অবশ্যম্ভাবী হইয়াছিল। কোন কোন ঐতিহাসিক ঔরংজীবের দাক্ষিণাত্য-নীতি ভ্রান্ত করিয়া উল্লেখ করিয়াছেন। তিনি যদি মুসলমান রাজ্যদুইটি ধ্বংস না করিতেন, তাহা হইলে ইহাদের সহায়তায় হয়ত মারাঠাদের দমন করা অপেক্ষাকৃত সহজ হইত। এই দুইটি রাজ্যের সুলতানরা মুঘল সাম্রাজ্যের শক্তির সহায়তায় মারাঠাদের রাজ্য-বিস্তারের পথ আরও বহুকাল রুদ্ধ করিয়া রাখিতে পারিতেন ইহাতে কোন সন্দেহ নাই। এই রাজ্য দুইটি ধ্বংস করিয়া ঔরংজীব নিজেই সাম্রাজ্যের সর্বনাশ ডাকিয়া আনিয়াছিলেন। কিন্তু কেহ কেহ বলেন যে, মারাঠা শক্তির সহিত সংঘাতের ফলেই দাক্ষিণাত্যের মুসলমান রাজ্য দুইটি অত্যন্ত দুর্বল হইয়া গিয়াছিল। সুতরাং ঔরংজীব ইহাদের সহিত মিত্রতা রক্ষা করিয়া ইহাদের সাহায্যে মারাঠাদের সহিত যুদ্ধ চালাইলেও প্রবল মারাঠা শক্তিকে পরাভূত করিতে পারিতেন কিনা সন্দেহ। আবার শাহজহানের আমল হইতে মুঘল বাদশাহগণ ছিলেন শিয়া-বিদ্বেষী। তিনি ও ঔরংজীব উভয়েই দাক্ষিণাত্যের শিয়া রাজ্য দুটি নির্মূল করিবার অভিপ্রায়ে যুদ্ধ

ঔরংজীবের দাক্ষিণাত্য-নীতি

করিতেছিলেন। ঔরংজীব সুলতানদের সহিত মিত্রতা করিয়া তাঁহাদের স্বদলে আনিতে সমর্থ হইতেন কিনা তাহারও কোন নিশ্চয়তা ছিল না; সুতরাং তাঁহার পক্ষে বিজাপুর ও গোলকুণ্ডা ধ্বংস করা ভুল হইয়াছিল এ কথা বলা যায় না।

ঔরংজীবের চরিত্র

চরিত্র।—আকবরের ন্যায় ঔরংজীব মুঘল বংশের অন্যতম শ্রেষ্ঠ সম্রাট ছিলেন। তাঁহার চরিত্রে বিভিন্ন গুণের সমাবেশ ছিল। তিনি একাধারে ছিলেন ধর্মনিষ্ঠ, সাহসী, রণকুশল, কর্মদক্ষ, শিক্ষিত ও প্রখর বুদ্ধিসম্পন্ন। রাজনীতিতে তিনি অভিজ্ঞ ছিলেন এবং কূটনীতিতে সে যুগে তাঁহার সমকক্ষ কেহ ছিল কিনা সন্দেহ। তাঁহার নৈতিক চরিত্র ছিল নিষ্কলুষ; কিন্তু পিতা ও ভ্রাতাদের প্রতি ব্যবহারে তিনি অতি নিষ্ঠুরতার পরিচয় দিয়াছেন।

(খ) ঔরংজীবের উত্তরাধিকারিগণ—মুঘল সাম্রাজ্যের অবসান

বাহাদুর শাহের সিংহাসন লাভ (১৭০৭)

শাহ্ আলম বা বাহাদুর শাহ।—ঔরংজীবের মৃত্যুর সঙ্গে সঙ্গে তাঁহার পুত্রদের মধ্যেও ভ্রাতৃবিরোধ আরম্ভ হইল। তাঁহার পুত্রদের মধ্যে বয়োজ্যেষ্ঠ ও কর্মকুশল মুয়াজ্জম কাবুলের শাসনকর্তা ছিলেন। তিনি তাঁহার অন্যান্য ভ্রাতাদের পরাজিত করিয়া বাহাদুর শাহ্ উপাধি লইয়া সিংহাসনে আরোহণ করেন (১৭০৭)। মুয়াজ্জমের আর এক নাম ছিল শাহ্ আলম; এইজন্য ইনি ১ম বাহাদুর শাহ্ ও শাহ্ আলম উভয় নামেই খ্যাত ছিলেন। তিনি রাজপুতদের সহিত সন্ধি স্থাপন করিলেন এবং শিখ-বিদ্রোহ দমন করিয়া সাম্রাজ্যে শান্তি স্থাপিত করিলেন। ১৭১২ খৃঃ অব্দে বাহাদুর শাহের মৃত্যু হইল।

ভ্রাতৃদ্বন্দ্ব—সিংহাসন লাভ

জাহাঁদার শাহ্।—বাহাদুর শাহের মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠ পুত্র জাহাঁদার শাহ ভ্রাতৃদ্বন্দ্বে জয়লাভ করিয়া সিংহাসন অধিকার করেন। তিনি কেবল এগার মাস নামেমাত্র রাজত্ব করিয়াছিলেন। তারপর তাঁহার দ্বিতীয় ভ্রাতা আজিম্ উশ্শানের পুত্র ফর্‌রুখসিয়র জাহাঁদার শাহকে হত্যা করিয়া সিংহাসন অধিকার করেন (১৭১৩)।

সৈয়দ ভ্রাতৃদ্বয় দরবারে দলাদলি

ফর্‌রুখ্‌সিয়র।—ফর্‌রুখ্‌সিয়রের সহায় ছিলেন সৈয়দ আবদুল্লাহ ও সৈয়দ হুসেন আলী নামে দুই ভ্রাতা। তাঁহারাই এখন রাজ্যের সর্বময় কর্তা হইয়া উঠিলেন। এই সময় বাদশাহের দরবার এক বিরাট চক্রান্তভূমি হইয়া উঠিল। ওম্‌রাহেরা তিনদলে বিভক্ত ছিলেন—হিন্দুস্থানী ও ইরাণী (পারস্য ও খোরাসান

হইতে আগত) এবং তুরাণী (মধ্য-এশিয়া হইতে আগত)। বিভিন্ন দলেরপরস্পর ষড়যন্ত্র ও বিবাদের ফলে সাম্রাজ্যের শক্তি ক্রমশঃই ক্ষীণ হইতে লাগিল। বাদশাহের হাতে প্রকৃতপক্ষে কোন ক্ষমতাই রহিল না।

এই সময় মারাঠাগণ মুঘলরাজ্যে উপদ্রব আরম্ভ করায় সৈয়দ ভ্রাতৃদ্বয় পেশবার সহিত সন্ধি করিতে বাধ্য হইলেন। সন্ধির সর্ত অনুসারে মারাঠাগণ দাক্ষিণাত্যের মুঘল সুবা হইতেও চৌথ আদায়ের অধিকার পাইল।

সৈয়দ ভ্রাতৃদ্বয়ের প্রভুত্বে অতিষ্ঠ হইয়া বাদশাহ্ গোপনে তাঁহাদের প্রাণনাশের চেষ্টা করায় তাঁহারা অকর্মণ্য সম্রাটকে হত্যা করিলেন (১৭১৯)। তারপর কয়েক মাসের মধ্যে সৈয়দ ভ্রাতৃদ্বয় বাদশাহী পরিবারের দুইজন বংশধরকে পর পর সিংহাসনে বসাইলেন। কিন্তু ইঁহাদের উভয়েরই মৃত্যু হওয়ায় বাহাদুর শাহের এক পৌত্র মুহম্মদ শাহ্‌কে বাদশাহ-পদ দান করা হইল (১৭১৯)।

মুহম্মদ শাহ্।—সৈয়দ ভ্রাতৃদ্বয়ের কাল পূর্ণ হইয়া আসিয়াছিল। তাঁহাদের বিরুদ্ধে মুহম্মদ শাহ্ নিজাম-উল্-মুল্‌কের সহিত চক্রান্ত করিতে লাগিলেন। সৈয়দ হুসেন আলী খাঁকে গোপনে হত্যা করা হইল। তখন সৈয়দ আবদুল্লাহ্ খাঁ বিদ্রোহ করিলেন। কিন্তু যুদ্ধে আবদুল্লাহ্ বন্দী হইলেন এবং পরে নিহত হইলেন।

সৈয়দ ভ্রাতৃদ্বয়ের পতন হইল বটে, কিন্তু সঙ্গে সঙ্গে বাদশাহী সাম্রাজ্যও ছিন্নভিন্ন সাম্রাজ্য ছিন্নভিন্ন হইয়া গেল। মুহম্মদ শাহ নির্বোধ না হইলেও বিলাসী ও ইন্দ্রিয়াসক্ত ছিলেন। রাজকার্যে তাঁহার বিশেষ কোন যোগ্যতা ছিল না।

নিজাম-উল্-মুল্‌ক

১৭২২ খৃঃ অব্দে নিজাম-উল-মুল্‌ক্‌কে প্রধানমন্ত্রী নিয়োগ করা হইয়াছিল। তাঁহার প্রকৃত নাম ছিল মীর কমরউদ্দীন। তাঁহার পিতা গাজীউদ্দীন খাঁ সমরখন্দ হইতে এদেশে আসিয়া ঔরংজীবের অধীনে কার্য গ্রহণ করেন। কমরউদ্দীনও ঔরঙ্গজীবের সময় হইতেই নানা দায়িত্বপূর্ণ পদে কার্য করিয়া, অশেষ যোগ্যতার পরিচয় দিয়াছিলেন। নিজাম্-উল্-মুল্‌ক্ দিল্লীতে মন্ত্রীর কার্যে বিরক্ত হইয়া স্বেচ্ছায় দাক্ষিণাত্যের শাসনভার লইলেন এবং সেখানে গিয়া স্বাধীনভাবেই রাজত্ব করিতে লাগিলেন (১৭২৪ খৃঃ)। তাঁহার নাম হইতে হায়দরাবাদের নিজাম রাজবংশ প্রতিষ্ঠিত হইল। এই বৎসরই ইরাণী সাদৎ খাঁর উপর অযোধ্যার

নিজাম-রাজ্য স্থাপন (১৭২৪)

শাসনভার অর্পিত হয়। সাদৎ খাঁ ছিলেন পারস্যের অধিবাসী। তিনিও স্বাধীনভাবে অযোধ্যা শাসন করিতে লাগিলেন (১৭২৪ খৃঃ)। তারপর বাঙ্গালার সুবাদার আলীবর্দী খাঁ (১৭৪০—'৫৬ খৃঃ) বাদশাহকে করদান বন্ধ করিয়া স্বাধীনভাবে বঙ্গদেশ শাসন করিতে লাগিলেন। গঙ্গার উত্তরে রোহিলা-আফগানরাও আলি মুহম্মদ খাঁ নামক নেতার অধীনে স্বাধীন রোহিলখণ্ডের পত্তন করিল। পাঞ্জাবে শিখ ও ভরতপুরে জাঠদেরও ক্ষমতা বাড়িতে লাগিল। ক্রমে রাজপুত রাজারাও স্বাধীন হইয়া গেলেন; আর মারাঠারা মালব ও গুজরাটে প্রাধান্য স্থাপন করিয়া পেশবা ১ম বাজীরাওয়ের নেতৃত্বে দিল্লী পর্যন্ত অগ্রসর হইল (১৭৩৭ খৃঃ)। সম্রাট ঔরংজীবের মৃত্যুর (১৭০৭ খৃঃ) পর ত্রিশ বৎসর অতীত হইতে না হইতেই বিশাল সাম্রাজ্যের প্রদেশগুলি মুঘলদিগের হস্তচ্যুত হইয়া গেল এবং তথাকথিত দিল্লী নগরী ও তাহার চারিপাশের সামান্য ভূ-খণ্ডে উহা সীমাবদ্ধ হইয়া পড়িল।

অযোধ্যার স্বাধীনতা (১৭২৪)

স্বাধীন বঙ্গদেশ

রোহিলখণ্ড

নাদির শাহের আক্রমণ।—বাদশাহী সাম্রাজ্যের এই দুরবস্থার মধ্যে পারস্যরাজ নাদির শাহ্ ভারতবর্ষ আক্রমণ করিলেন (১৭৩৯ খৃঃ)। বিনা বাধায় গজনী, কাবুল ও লাহোর জয় করিয়া দিল্লীর দিকে অগ্রসর হইলে মুহম্মদ শাহ্ তাঁহাকে বাধা দিবার জন্য অগ্রসর হইলেন। পানিপথের অনতিদূরে কর্ণাল নামক স্থানে বাদশাহী ফৌজ পারসিকদের হস্তে বিধ্বস্ত হইল। পরাজিত মুহম্মদ শাহ্ বশ্যতা স্বীকার করিয়া বিজয়ী নাদির শাহের সহিত একসঙ্গে দিল্লীতে প্রবেশ করিলেন। কয়েকদিন শান্তিতে কাটিল। তারপর একদিন গুজব রটিল যে, অকস্মাৎ নাদির শাহের মৃত্যু হইয়াছে। তৎক্ষণাৎ দিল্লীর অধিবাসীরা কয়েক শত পারসিক সৈন্যের প্রাণনাশ করিল। নাদির শাহ্ উত্তেজিত হইয়া নির্মমভাবে ইহার প্রতিশোধ গ্রহণ করিলেন। কয়েক ঘণ্টার মধ্যেই প্রায় দেড় লক্ষ লোকের প্রাণ

মুহম্মদ শাহের বশ্যতা স্বীকার



নাদির শাহ

গেল। অবশেষে মুহম্মদ শাহ্ তাঁহাকে বিস্তর অনুনয় করিয়া এই জঘন্য হত্যাকাণ্ড প্রশমিত করিলেন। নাদির হত্যাকাণ্ড বন্ধ করিলেন বটে, কিন্তু অর্থের জন্য প্রজাদের উপর অকথ্য উৎপীড়নে ক্ষান্ত হইলেন না। এইরূপে প্রায় পনের কোটি নগদ টাকা এবং পঞ্চাশ কোটি টাকার মণিমাণিক্য নাদিরের হস্তগত হইল। শাহ্জহানের ভুবনবিখ্যাত ময়ূরাসন এবং কোহিনুরখানিও তিনি পারস্যে লইয়া গেলেন। এতদ্ভিন্ন সিন্ধুর পশ্চিমতীরের সমুদয় ভূ-ভাগও নাদির শাহের অধিকারে চলিয়া গেল। মুহম্মদ শাহ্ নামেমাত্র বাদশাহ রহিলেন বটে, কিন্তু মুঘল-তৈমুর বংশের গৌরব আর ফিরিল না।

নাদিরের প্রতিশোধ

এদিকে ১৭৪৭ খৃঃ অব্দে নাদির শাহের মৃত্যু হইলে তাঁহার সাম্রাজ্য ছিন্নভিন্ন হইয়া গেল। আহ্মদ শাহ্ নামে তাঁহার জনৈক আফগান সেনানায়ক পারস্য সাম্রাজ্যের পূর্বভাগে আধিপত্য স্থাপন করেন। তিনি ছিলেন আফগান 'আবদালী' বংশোদ্ভব এবং আফগানিস্তান রাজ্যের প্রতিষ্ঠাতা। তিনি নিজে 'দুর্-রি-দওরান্' (যুগরত্ন) উপাধি গ্রহণ করিয়াছিলেন এবং উহা হইতেই তাঁহার বংশ 'দুর্রাণী' বংশ বলিয়া পরিচিত হইতে থাকে। ১৭৪৮ খৃঃ অব্দে মুহম্মদ শাহের মৃত্যুর কিছুকাল পূর্বে তিনি মারাঠা-উৎপীড়িত মুসলমানগণ কর্তৃক আমন্ত্রিত হইয়া পঞ্জাব আক্রমণ করেন। কিন্তু যুবরাজ আহ্মদ শাহ্ (মুহম্মদ শাহের পুত্র) ও উজীর কমাল্উদ্দীনের হাতে তাঁহার পরাজয় হয়। পরবর্তী বাদশাহদিগের রাজত্বকালে আহ্মদ শাহ্ দুর্রাণী আরও কয়েকবার ভারত আক্রমণ করিয়া পঞ্জাব পর্যন্ত অধিকার বিস্তার করেন। মুহম্মদ শাহের মৃত্যুর পর ১৭৪৮ হইতে ১৮৫৮ খৃঃ অব্দ পর্যন্ত পর পর পাঁচজন বাদশাহ্ দিল্লীর সিংহাসনে উপবেশন করেন। ইঁহারা সকলেই শক্তিশালী ওম্রাহ্দের অথবা মারাঠা এবং ইংরাজের ক্রীড়নক ছিলেন। শেষ সম্রাট ২য় বাহাদুর শাহ্কে সিপাহী বিদ্রোহের পরে (১৮৫৮) ইংরাজ সরকার রেঙ্গুনে নির্বাসিত করেন; সেখানে তাঁর মৃত্যু হয়।

আহ্মদ শাহ্, আবদালীর প্রথম আক্রমণ ও পরাজয় (১৭৪৮)

মুঘল সাম্রাজ্যের পতনের কারণ।—প্রকৃতপক্ষে মুঘল বাদশাহী আধিপত্য ভারতবর্ষে দুই শতাব্দী কালও স্থায়ী হয় নাই। সুলতানী আধিপত্যের ন্যায় মুঘল সাম্রাজ্যের মূলও তেমন সুদৃঢ় ছিল না। একমাত্র সামরিক শক্তিই ছিল সে বিশাল সম্রাজ্যের ভিত্তিস্বরূপ। বস্তুতঃ সুলতানী আমলে যেরূপ, বাদশাহী আমলেও তদ্রূপ বিজেতা রাষ্ট্রশক্তির সহিত বিজিত জনসাধারণের বিশেষ কোন যোগ ছিল না। সাম্রাজ্যের

মধ্যে ঐক্যচেতনা কিংবা জাতীয়তাবোধ জাগ্রত হয় নাই। অথচ বাদশাহী সাম্রাজ্য এতদূর বিস্তারলাভ করিয়াছিল যে, জাতীয় ঐক্যচেতনার বিকাশ ব্যতীত তাহা রক্ষা করা সম্ভব ছিল না। শাসিতের পূর্ণ সহযোগিতা না থাকিলে বিশাল সাম্রাজ্য রক্ষা সম্ভবপর নয়। মহামতি আকবর হিন্দু-মুসলমানকে যেভাবে একসূত্রে বাঁধিয়া জাতীয়তাবোধে অনুপ্রাণিত করিতে চাহিয়াছিলেন তাহা সাময়িকভাবে ফলপ্রদ হইলেও, তাঁহার পরবর্তী সম্রাটগণের অনুদার নীতি ও হিন্দু-বিদ্বেষের ফলে আকবরের ঐকান্তিক প্রচেষ্টা, ফলপ্রসূ না হইয়া দেশব্যাপী বিক্ষোভ, বিদ্রোহ ও ব্যর্থতায় পরিণত হয়।

রাষ্ট্রীয় জীবনের অন্তঃসারশূন্যতা

মুঘল সাম্রাজ্যের অত্যধিক বিস্তারও ইহার পতনের আর একটি কারণ। প্রায় সমগ্র ভারতব্যাপী বিশাল সাম্রাজ্যের শাসন এক সম্রাটের পক্ষে একটি মাত্র কেন্দ্র হইতে পরিচালনা করা অসম্ভব ছিল। তাই ঔরংজীবের দুর্বল ও অকর্মণ্য বংশধরদিগের রাজত্বকালে প্রাদেশিক শাসনকর্তৃগণ সম্রাটের দুর্বলতার সুযোগ লইয়া বিদ্রোহী হইতেন। সাম্রাজ্যের কেন্দ্রস্থল হইতে দূরবর্তী প্রদেশের বিদ্রোহ-দমন সম্রাটদিগের পক্ষে সকল সময় সহজ বা সম্ভবপর হইত না। তাই মুঘল শক্তির অবসানের যুগে হিন্দু ও মুস্‌লিম সংঘর্ষের ফলে ভারত বহুধা-বিভক্ত ও দুর্বল হইয়া পড়িয়াছিল।

সাম্রাজ্যের অত্যধিক বিস্তার

প্রাদেশিক বিদ্রোহ

এই সময়ে সংখ্যাগরিষ্ঠ হিন্দুর জাতীয় জাগরণের ফলেও মুস্‌লিম সাম্রাজ্য দ্রুত অবনতির পথে অগ্রসর হইল। ঔরংজীবের অনুদার নীতির জন্য রাজপুত, মারাঠা, শিখ, জাঠ, প্রভৃতি শক্তির অভ্যুদয় ঘটে এবং ইহাদের সহিত সংঘর্ষের ফলে সাম্রাজ্যের ভিত্তি শিথিল হইয়া পড়ে। নাদির শাহ্ ও দুর্রাণীর আক্রমণও সাম্রাজ্যের আশু পতনের অন্যতম কারণ। ইহা ব্যতীত ঔরংজীবের উত্তরাধিকারিগণ প্রায় সকলেই ছিলেন রাজনৈতিক জ্ঞানে দুর্বল, বিলাসপরায়ণ ও অকর্মণ্য। তাঁহাদের দুর্বলতার ফলে প্রাদেশিক শাসনকর্তৃগণ দিল্লীর অধীনতাপাশ ছিন্ন করিয়া স্ব-স্ব প্রধান হইলেন। প্রাদেশিক শাসনকর্তৃগণের বিদ্রোহ এবং বিভিন্ন নবজাগ্রত শক্তির আঘাতে দিল্লীর বিশ্ববিশ্রুত মুঘল সাম্রাজ্য চূর্ণবিচূর্ণ হইয়া গেল এবং সেই সুযোগে খৃষ্টান পাশ্চাত্য শক্তি স্থায়ী প্রতিষ্ঠা লাভ করিয়া ভারতবর্ষকে পরাধীন করিল।

বিভিন্ন শক্তির অভ্যুদয়

বহিঃশত্রুর আক্রমণ


মুঘল সম্রাটদিগের নৌ-বলের অভাবও সাম্রাজ্য-পতনের অন্যতম কারণ। শাহ্‌জহানের রাজত্বকাল হইতেই ইউরোপীয় জাতিগুলি ভারতে ক্রমশঃ বলীয়ান হইয়া উঠিতেছিল। নৌ-বাহিনীই ছিল পাশ্চাত্ত্য শক্তিগুলির সর্বশ্রেষ্ঠ নির্ভর। মুঘল সম্রাটগণ শক্তিশালী নৌ-বহর গঠন করিয়া পাশ্চাত্ত্য শক্তিগুলিকে প্রতিহত করিবার কোন চেষ্টাই করেন নাই। তাঁহাদের এই অদূরদর্শিতার ফলে ও কৌশলী ইউরোপীয় শক্তিগুলির সুদক্ষ আক্রমণে সুবিশাল মুঘল সাম্রাজ্য ভাঙ্গিয়া গেল।

নৌ-বলের অভাব

মুঘল সৈন্যবাহিনীর কার্যকারিতার অভাবও সাম্রাজ্যের পতনের একটি বড় কারণ। সৈন্যবাহনীতে লক্ষ লক্ষ সৈন্য থাকিলেও সৈনিক ও সেনাপতিগণ ছিলেন অতি বিলাসী ও দুর্নীতিপরায়ণ। তাহাদের মধ্যে শৃংখলাবোধেরও অভাব ছিল। এজন্য মুঘল বাহিনী যুদ্ধক্ষেত্রে সার্থক আঘাত হানিবার শক্তি অনেক পরিমাণে হারাইয়াছিল।

সামরিক বাহিনীর কার্যকারিতার অভাব

মুঘল রাজবংশ (১৫৫৫--১৭১২ খৃঃ)



ঔরংজীবের পরবর্তী মুঘল সম্রাটগণ (১৭১২—১৮৫৮ খৃঃ)

(৮) বাহাদুর শাহ্
|
(৯) জাহাঁদার শাহ্ (১৭১২-'১৩)
(১০) ফরুখ্ সিয়র (১৭১৩-'১৯)—জাহাঁদার শাহের ভ্রাতুষ্পুত্র
(১১) রফিউদ্দরজাৎ (১৭১৯)—জাহাঁদার শাহের ভ্রাতুষ্পুত্র
(১২) নেকুসিয়র (১৭১৯)—বাহাদুর শাহের ভ্রাতুষ্পুত্র
(১৩) দ্বিতীয় শাহ্ জহান (১৭১৯)—জাহাঁদার শাহের ভ্রাতুষ্পুত্র
(১৪) মুহম্মদ শাহ্ (১৭১৯-'৪৮)—জাহাঁদার শাহের ভ্রাতুষ্পুত্র
|
(১৫) আহম্মদ শাহ্ (১৭৪৮-'৫৪)
(১৬) দ্বিতীয় আল্মগীর (১৭৫৪-'৫৯)—জাহাঁদার শাহের পুত্র
(১৭) তৃতীয় শাহ্ জহান (১৭৫৯-'৬০)—নেকুসিয়রের পুত্র
(১৮) দ্বিতীয় শাহ্ আলম (১৭৬০-১৮০৬)—দ্বিতীয় আলমগীরের পুত্র
|
(১৯) দ্বিতীয় আকবর (১৮০৬-'৩৭)
(২০) দ্বিতীয় বাহাদুর শাহ্ (১৮৩৭-'৫৮)

প্রশ্নাবলী

১। ঔরংজীবের শাসনকালের সংক্ষিপ্ত ইতিহাস লেখ।
২। ঔরংজীবের রাজনীতি সম্বন্ধে কি জান? ইহার ফলাফল বর্ণনা কর।
৩। ঔরংজীবের দাক্ষিণাত্য নীতির গুণাগুণ বিচার কর।
৪। ঔরংজীব ও আকবরের শাসননীতির তুলনামূলক বিচার কর।
৫। মুঘল সাম্রাজ্যের পতনের কারণ বর্ণনা কর।
৬। ইহাদের সম্বন্ধে কি জান?—রাজসিংহ, ছত্রসাল, নাদির শাহ্, আহ্মদ শাহ্ দুররাণী।

দ্বাবিংশ অধ্যায়

মুঘল যুগের শাসনব্যবস্থা এবং সামাজিক ও অর্থনৈতিক অবস্থা

(ক) শাসনব্যবস্থা

ভূমিকা।—আকবর সিংহাসন লাভ করিয়া যুদ্ধবিগ্রহের মাধ্যমে এক বিশাল সাম্রাজ্য স্থাপন করিয়াই ক্ষান্ত হন নাই; এই বিশাল সাম্রাজ্যের সুশাসন ও শৃংখলা বিধান করিয়া তিনি ইহাকে সুদৃঢ় ভিত্তির উপর স্থাপন করিয়াছিলেন। রাজ্যজয় ও শাসনকার্য এই উভয় ক্ষেত্রেই তিনি ছিলেন অনন্যসাধারণ। প্রকৃতপক্ষে তিনিই ছিলেন মুঘল সাম্রাজ্যের প্রকৃত স্রষ্টা। আকবর ভারতে যে শাসনপদ্ধতি প্রচলন করিয়াছিলেন, তাহাতে তিনি আলাউদ্দীন ও শের শাহের শাসননীতির অনুসরণ করিলেও ইহা পূর্বোক্ত শাসন-ব্যবস্থা অপেক্ষা উন্নততর এবং অধিকতর কার্যকরী ছিল।

কেন্দ্রীয় শাসন।—কেন্দ্রীয় শাসনে বাদশাহ নিজেই ছিলেন সর্বময় কর্তা,—একাধারে প্রধান শাসক, সেনানায়ক, বিচারক ও ধর্মমীমাংসক। সাম্রাজ্যে তাঁহার ক্ষমতা ছিল অপ্রতিহত; তাঁহার আদেশ আইনের ন্যায় বলবৎ ছিল।

সম্রাট

বিশাল সাম্রাজ্যের শাসনকার্যে তাঁহাকে সাহায্য করিবার জন্য কয়েকজন উচ্চপদস্থ রাজকর্মচারী ছিলেন। ইঁহাদের মধ্যে উজীর বা দেওয়ান ছিলেন সর্বপ্রধান। উজীর বা দেওয়ান প্রধানমন্ত্রী ও রাজস্ব বিভাগের অধিকর্তা ছিলেন। অপরাপর রাজকর্মচারীদিগের মধ্যে মীরবক্সী (সামরিক বিভাগের কর্তা), খান-ই-সামান (বাদশাহের গার্হস্থ্য বিভাগ ও সরকারী কারখানার অধিকর্তা), 'সদর-ই-সুদুর' (ধর্ম, দাতব্য ও বিচার বিভাগের অধিকর্তা) প্রভৃতি কর্মচারিগণ ছিলেন বিশেষ উল্লেখযোগ্য। এই সকল কর্মচারী ব্যতীত আরও কয়েকজন উচ্চপদস্থ রাজকর্মচারী ছিলেন, যথা—'মীর অতিশ' বা 'দারোগা-ই-তোপখানা' (গোলন্দাজ বিভাগের কর্তা) 'দারোগা-ই-গুসলখানা' (সম্রাটের ব্যক্তিগত সচিব), 'দারোগা-ই-ডাকচৌকি' (গুপ্তচর ও সংবাদ আদান-প্রদান বিভাগের কর্তা), 'মীর বাহরি', 'মীর আরজ,' ও

প্রধান রাজ-কর্মচারিগণ

'মুস্তৌফি' ইত্যাদি। 'মুহত্‌সিব' নামে আর একশ্রেণীর কর্মচারী ছিলেন ; ইঁহারা জনসাধারণের মধ্যে দুর্নীতির প্রসার নিবারণ করিতেন এবং মুসলমান সম্প্রদায় শরিয়তের অনুশাসন মানিয়া চলিতেছে কিনা সেদিকে দৃষ্টি রাখিতেন। শহর এলাকার শান্তিরক্ষার

কোতোয়াল

ভার ছিল কোতোয়াল নামক কর্মচারীদের হস্তে। চোর-ডাকাত ধরা, অপরাধ নিবারণ, ছোটখাট মামলার বিচার প্রভৃতি কার্যের ভার তাঁহাদের হস্তে ন্যস্ত ছিল।

ভকিল

আকবর যখন সিংহাসনে আরোহণ করেন তখন প্রধানমন্ত্রী (ভকিল) নামে অভিহিত হইতেন। বৈরামের মৃত্যুর পরে সম্রাট ভকিলের ক্ষমতা হ্রাস করেন। তখন হইতে 'উজির' প্রধানমন্ত্রীর মর্যাদা পাইতেন। শাহ্‌জহানের শাসনকাল পর্যন্ত ভকিলপদ বজায় ছিল। কেন্দ্রীয় শাসনবিভাগের কর্মচারীদের বেসামরিক ও সামরিক উভয়বিধ কার্যই করিতে হইত।

প্রাদেশিক শাসন—পঞ্চদশ সুবা

প্রাদেশিক শাসন।—সমগ্র সাম্রাজ্যটিকে আকবর ১৫টি 'সুবা' অর্থাৎ প্রদেশে বিভক্ত করিয়াছিলেন ; যথা—(১) কাবুল, (২) লাহোর, (৩) মুলতান, (৪) দিল্লী, (৫) আগ্রা, (৬) অযোধ্যা, (৭) এলাহাবাদ, (৮) আজমীর, (৯) আহ্‌মদাবাদ, (১০) মালব, (১১) বিহার, (১২) বাঙ্গালা (উড়িষ্যা-সহ), (১৩) খান্দেশ, (১৪) বেরার, এবং (১৫) আহ্‌মদনগর। প্রত্যেক সুবায় একজন করিয়া

সিপাহ-সলার

দেওয়ান

'নাজিম' বা 'সিপাহ-সলার' থাকিতেন ; পরবর্তীকালে তাঁহাদেরই নাম হয় 'সুবাদার'। সে-যুগে সামরিক শক্তিই ছিল সাম্রাজ্যের ভিত্তি-স্বরূপ ; এইজন্য প্রাদেশিক শাসনকর্তারা ছিলেন সামরিক কর্মচারী এবং বাদশাহের প্রতিনিধি। প্রত্যেক সুবায় 'সিপাহ-সলার' ব্যতীত একজন করিয়া 'দেওয়ান' থাকিতেন। তিনি ছিলেন রাজস্ব-বিভাগের কর্তা। প্রত্যেকটি সুবা আবার কয়েকটি 'সরকার' অর্থাৎ জেলায় বিভক্ত ছিল। জেলার শাসনকর্তার উপাধি ছিল 'ফৌজদার' ;

ফৌজদার, কোতোয়াল

তিনিও সামরিক কর্মচারী বলিয়া গণ্য হইতেন। সুবায় রাজস্ব আদায়ের অসুবিধা দেখা দিলে ফৌজদারগণ দেওয়ানকে সাহায্য দিতেন। শহরের শান্তিরক্ষার ভার ছিল 'কোতোয়াল' উপাধিধারী কর্মচারীদের উপর। বিচারকার্যের ভার ছিল 'কাজী' ও 'মীর আদল' নামক কর্মচারীদের উপর। 'মুফ্‌তী'

নামক কর্মচারীরা বিচারকার্যে কাজীদের সাহায্য করিতেন। প্রধান প্রধান শহর এবং গ্রামে কাজী থাকিতেন। অন্যান্য কর্মচারীদের মধ্যে বক্সী (বেতন-বিভাগের কর্তা), সদর্ (মস্জিদ ও দাতব্য-বিভাগের কর্তা), আমিল্ (রাজস্ব-আদায়কারী), বিতিক্‌চি (আমিলের অধস্তন কর্মচারী), মীর বহ্‌র (ফেরিঘাট, নৌ ও ডাক-বিভাগের কর্তা), বাকিয়া নবীশ (দলিল-বিভাগের কর্তা) পোতদার, (কোষাধ্যক্ষ), প্রভৃতির নাম উল্লেখযোগ্য।

অন্যান্য কর্মচারী

গ্রাম্য শাসনব্যবস্থা।—মুঘলযুগে গ্রামসমূহ ছিল স্বয়ংশাসিত। গ্রাম পঞ্চায়েৎ গ্রামের বিবাদ-বিসম্বাদের মীমাংসা করিতেন। গ্রামাঞ্চলে শান্তিরক্ষার ভার গ্রামের মোড়ল বা মুকদ্দমের উপর অর্পিত ছিল। তিনি রাজস্ব আদায়ে সরকারী কর্মচারীদের সাহায্য করিতেন।

মনসব প্রথা—সামরিক ব্যবস্থা।—আকবরের পূর্বে রাজকর্মচারীদিগকে জায়গীর-দানের প্রথা ছিল। ইহাতে একদিকে যেমন রাজস্বের বিস্তর ক্ষতি হইত, অপরদিকে তেমনই জায়গীরদারেরা সামরিক শক্তিবৃদ্ধিরও সুযোগ পাইতেন। ইহার ফলে বাদশাহের রাষ্ট্রীয় ও সামরিক শক্তি ক্ষুণ্ণ হইত। আকবর জায়গীর-প্রথার পরিবর্তে 'মন্‌সব'-প্রথার প্রবর্তন করেন। প্রত্যেক মন্‌সবদার নির্দিষ্ট হারে রাজকোষ হইতে বেতন ভোগ করিতেন। তিনি মন্‌সবদারগণকে ৩৩টি শ্রেণীতে বিভক্ত করেন। নিম্নতম মন্‌সবদারগণ সাধারণতঃ ছিলেন দশজন সৈন্যের অধিনায়ক, উচ্চতর শ্রেণীর কর্মচারীদের অধীনে ৫,০০০ সৈন্যও থাকিত; সাতহাজারী হইতে দশহাজারী মন্‌সবগুলি প্রায়ই রাজকুমারদের জন্য নির্দিষ্ট থাকিত। মুঘল সম্রাটদিগের অধীনে রাজকর্মচারিগণ সকলেই মন্‌সব ভোগ করিতেন। সম্রাটের প্রয়োজনে মন্‌সবদারগণ স্ব স্ব সৈন্যবাহিনী লইয়া তাঁহার সাহায্যার্থ আসিতে বাধ্য থাকিতেন।


মন্‌সব প্রথা

মন্‌সবদার

পদাতিক, অশ্বারোহী, গোলন্দাজ ও নৌবাহিনী—এই চারিটি বিভিন্ন অংশ লইয়া আকবরের সামরিক বিভাগ গঠিত ছিল। পদাতিক সৈন্যরা বন্দুক ও তলোয়ার লইয়া যুদ্ধ করিত। সামরিক বিভাগের সর্বাপেক্ষা শক্তিশালী অংশ ছিল অশ্বারোহী সৈন্যদল। মন্‌সবদারদের নির্দিষ্ট সংখ্যক অশ্বারোহী সৈন্য রাখিতে হইত। গোলন্দাজ-বিভাগ তোপখানা নামে পরিচিত ছিল। মুঘল সম্রাটের বহু কামান-বন্দুক

সামরিক বিভাগ

ছিল। আকবর স্বয়ং উন্নতধরণের কামান-বন্দুক নির্মাণের প্রথা আবিষ্কার করিয়া মুঘল গোলন্দাজ বাহিনীকে বিশেষ শক্তিশালী করেন। গোলন্দাজ বাহিনীর প্রধান কর্মচারীকে 'দারোগা-ই-তোপখানা' বলা হইত। নৌ-বাহিনীর ভার একটি স্বতন্ত্র বিভাগের উপর ন্যস্ত ছিল। মুঘল রণতরী প্রধানতঃ বাণিজ্য-রক্ষার উদ্দেশ্যে গঠিত হইয়াছিল। আকবর রণতরী নির্মাণের জন্য কয়েকটি কারখানা স্থাপিত করিয়াছিলেন। আকবরের একটি রণহস্তী বাহিনীও ছিল; কিন্তু তাঁহার সময়ে নৌ-শক্তি বৃদ্ধি পায় নাই।



মুঘলযুগের অস্ত্রশস্ত্র

মনসবদারদের অধীন সৈন্য ব্যতীত 'দাখিলী' ও 'আহিদী' নামে সম্রাটের আবার

দুই শ্রেণীর সৈন্যবাহিনী ছিল। দাখিলী বাহিনীর পরিচালনার ভার মনসবদারদের হস্তে ন্যস্ত ছিল এবং রাজকোষ হইতে তাহারা বেতন পাইত। আহিদী বাহিনী সম্ভ্রান্ত পরিবারের সন্তানদের লইয়া গঠিত ছিল। ইহা বাদশাহের পার্শ্বরক্ষী বাহিনীর কার্য করিত।

রাজস্ব ব্যবস্থা।—আকবরের পূর্বে রাজস্ব-আদায়ের ব্যবস্থায় অনেক ত্রুটি ছিল। আকবর রাজস্ব-আদায়ের সুব্যবস্থা করিয়া আজও স্মরণীয় হইয়া আছেন। এ কার্যে তাঁহার প্রধান সহায় ছিলেন রাজা তোডরমল। তিনি সাম্রাজ্যের সমস্ত জমি জরিপ করিয়া উর্বরতা ও কৃষির অবস্থার ভিত্তিতে জমিগুলিকে চারিটি শ্রেণীতে বিভক্ত করেন। প্রথম তিন শ্রেণীর জমিকে আবার উৎপাদন অনুসারে উত্তম, মধ্যম ও অধম, এই তিন ভাগে বিভক্ত করা হইল এবং এই তিন পর্যায়ের জমির উৎপাদনের গড় নির্ণয় করিয়া উহার এক-তৃতীয়াংশ রাজকররূপে ধার্য হইল। প্রজারা শস্য অথবা অর্থদ্বারা রাজস্ব দিত। অবশ্য আকবর যে রাজস্বের পরিমাণ স্থির করিয়াছিলেন তাহা হিন্দু 'ষড়ভাগ' রাজকরের তুলনায় বেশী ছিল; কিন্তু তাঁহার রাজত্বকালে 'জিজিয়া' প্রভৃতি কতগুলি অন্যায় করভার উঠিয়া যাওয়ায় এবং দেশে কৃষির যথেষ্ট উন্নতি হওয়ায় এই রাজস্ব দিতে প্রজাদের বিশেষ অসুবিধা হইত না। ইহা ছাড়া প্রাকৃতিক বিপর্যয় প্রভৃতি কারণে অজন্মা হইলে দেয় রাজস্বের পরিমাণ হ্রাস অথবা একেবারে মকুব করা হইত। জহাঙ্গীর এই ব্যবস্থাই বজায় রাখেন।

মুর্শিদকুলী খাঁ এবং বাংলা দেশের রাজস্ব-ব্যবস্থা।—শাহ্‌জহানের রাজত্বকালে ঔরংজীব যখন দাক্ষিণাত্যের সুবাদার-পদে নিযুক্ত ছিলেন তখন (১৬৫২) পারস্য দেশ হইতে আগত মুর্শিদকুলী খাঁ নামক একজন বিচক্ষণ ব্যক্তিকে দেওয়ান পদে নিযুক্ত করিয়া দাক্ষিণাত্যের মুঘল-বিজিত প্রদেশের বিশৃংখল রাজস্ব-ব্যবস্থায় শৃংখলা স্থাপনের ভার তাঁহার উপর অর্পণ করেন। তিনি তোডরমলের রীতি অনুসারেই জমি জরিপ করিয়া রাজস্বের পরিমাণ ধার্য করেন। ঔরংজীবের রাজত্বের শেষ ভাগে মুর্শিদকুলী খাঁ বাংলার দেওয়ান-পদে নিযুক্ত ছিলেন। এই সময় বাদশাহের পুত্র আজিমউস্‌শান বাংলার সুবাদার হইলেও প্রদেশের শাসনকর্তৃত্ব প্রকৃতপক্ষে মুর্শিদকুলীখাঁই পরিচালনা করিতেন। ১৭১৭ খৃষ্টাব্দে ফর্‌রুখশিয়রের রাজত্বকালে তিনি বাংলার সুবাদারী লাভ করেন। ১৭২৭ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়। তিনি বাংলাদেশের রাজস্ব-ব্যবস্থার বহু সংস্কার করিয়াছিলেন।

রাজস্ব আদায়ের পুরাতন ব্যবস্থা বাতিল করিয়া তিনি এক শ্রেণীর লোকের হাতে রাজস্ব আদায়ের ভার অর্পণ করেন। ইহারা চুক্তি অনুযায়ী রাজস্ব বাবদ দেয় অর্থ রাজকোষে জমা দিতে বাধ্য থাকিতেন। ইহারা ইজারাদার নামে অভিহিত হইতেন। মুর্শিদকুলী খাঁ বাঙ্গালী হিন্দু ব্যতীত অপর কাহারও সহিত রাজস্ব আদায় সম্বন্ধে চুক্তি করিতেন না। ইজারাদারগণই পরে জমিদারশ্রেণীতে উন্নীত হইয়াছিলেন।

আকবরের উত্তরাধিকারিগণের রাজত্বকালে শাসনবিভাগ ক্রমশঃ দুর্বল হইয়া পড়ে এবং ইহার ফলে দেশে নানাবিধ বিশৃংখলা দেখা দেয়। কিন্তু এই সময় সাম্রাজ্যের বিস্তৃতির সঙ্গে সঙ্গে সুবার সংখ্যাও বৃদ্ধি করা হইয়াছিল। জহাঙ্গীরের সময় সুবার সংখ্যা ছিল ১৭টি, এবং ঔরংজীবের সময় সংখ্যা বৃদ্ধি পাইয়া ২১টি হইয়াছিল।

(খ) দেশের অবস্থা

সমাজ।—ইউরোপীয় পর্যটকদের বিবরণ, সেকালের সাহিত্য, বিশেষ করিয়া আবুলফজল প্রণীত আইন-ই-আকবরী নামক মূল্যবান গ্রন্থ হইতে বাদশাহী যুগের সমাজ ও জীবনযাত্রার মনোরম বিবরণ পাওয়া যায়। এযুগের সমাজ ছিল সামন্ততান্ত্রিক। সমাজে সর্বোচ্চ সম্মানের অধিকারী ছিলেন সম্রাট। রাজদরবারের আমীর-ওমরাহ্‌গণ এবং রাজকর্মচারিগণ ছিলেন সমাজের উচ্চতম শ্রেণী এবং বিশেষ মর্যাদা ও ক্ষমতার অধিকারী। দেশের প্রায় সমস্ত সুখ-সুবিধাই তাঁহারা ভোগ করিতেন।

অভিজাত জীবনযাত্রা

এযুগে রাজা-মহারাজা, আমীর-ওমরাহ্‌ এবং অভিজাত শ্রেণী অপরিমেয় বিলাসে দিন কাটাইতেন। তাঁহারা অতিরিক্ত মদ্যপান করিতেন এবং পোষাক-পরিচ্ছদ, উৎসব-অনুষ্ঠান ও বিলাসে অপরিমিত অর্থব্যয় করিতেন। বাদশাহের ন্যায় ইহারা রাজধানী বা নগরে প্রাসাদোপম অট্টালিকায় অতিশয় জাঁকজমকের সহিত বাস করিতেন এবং বাদশাহের ন্যায় বিশিষ্ট অভিজাতবর্গের বহু পত্নীদের 'হারেম' থাকিত। অভিজাত শ্রেণীর আহার্যদ্রব্যের বাহুল্য ছিল লক্ষণীয়। মধ্য-এশিয়া হইতে বহুমূল্যে সংগৃহীত ফল ও পার্বত্য অঞ্চল হইতে আনীত বরফ আহার্য তালিকাভুক্ত ছিল। বাদশাহ্‌দিগের জন্মদিনে স্বর্ণ ও অন্যান্য মূল্যবান দ্রব্য দ্বারা তাঁহাদের তুলাদণ্ডে ওজন করিয়া এই সকল দ্রব্য প্রজাদের বিতরণ করিয়া দেওয়া হইত। ইহাতেও প্রচুর অর্থব্যয় হইত।

মধ্যবিত্ত শ্রেণীর জীবন ছিল সংযত ও বাহুল্যহীন। ইহারা মিতব্যয়ী ছিলেন এবং ধনিক শ্রেণীর শোষণ হইতে রক্ষা পাইবার জন্য দরিদ্রের ন্যায় বাস করিতেন। নিম্ন শ্রেণীর রাজকর্মচারী, বণিক ও ব্যবসায়ী এবং অপরাপর কয়েকটি বৃত্তিধারী ব্যক্তিগণকে লইয়া স্থিতিশীল মধ্যবিত্ত শ্রেণী গঠিত ছিল।

মধ্যবিত্ত শ্রেণী


কিন্তু কোটি কোটি শ্রমিক ও কৃষক শ্রেণীর অবস্থা ছিল দুঃখময়, একথা রুশ পর্যটক নিকিটিন লিখিয়াছেন। তাহাদিগকে জোর-জবরদস্তি করিয়া সারাদিন খাটাইয়া যৎসামান্য মজুরী দেওয়া হইত। রাজ্যের সম্ভ্রান্ত কর্মচারী ও অভিজাত ব্যক্তিরা প্রায়ই অর্ধমূল্যে জিনিষপত্র খরিদ করিতেন বলিয়া দোকানদারদের অবস্থাও বিশেষ ভাল ছিল না। দরিদ্র জনসাধারণের বেশভূষা ছিল অতি সামান্য এবং অস্বাস্থ্যকর কুটিরে তাহারা কোনক্রমে বাস করিত। তবে তাহাদের জীবনধারণের মানদণ্ড অতি সাধারণ হওয়ায় এবং দ্রব্যমূল্য খুব সস্তা থাকায় তাহারা যে অত্যন্ত দুঃখ-দুর্দশায় দিনযাপন করিত ইহাও মনে করিবার কোন সঙ্গত কারণ নাই। বরং পাশ্চাত্ত্য বণিকদের কঠোর শাসন ও শোষণের যুগে সাধারণ মানুষের অভাব ও অবনতি যেন চরমে পৌঁছিয়াছিল। দেশীয় শিল্প-সম্পদ ধ্বংস করিয়া পাশ্চাত্ত্য বাণিজ্যের প্রসার-সাধনই এই অর্থনৈতিক ও রাজনৈতিক কূটবুদ্ধির মূল উদ্দেশ্য ছিল। মুঘল যুগে যখন অতিবৃষ্টি বা অনাবৃষ্টি হইয়া দুর্ভিক্ষ দেখা দিত তখন অবশ্য জনসাধারণের দুঃখের অন্ত থাকিত না। সমাজে তথাকথিত উচ্চশ্রেণীর মধ্যেই ব্যভিচার ও বিলাসিতা দেখা যাইত ; সাধারণ লোক মিতাচারী, সৎ ও অতিথিপরায়ণ ছিল। ফরাসী পর্যটক তাভার্নিয়ে হিন্দুদের নৈতিক চরিত্রের প্রশংসা করিয়া গিয়াছেন। হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের মধ্যে এযুগে পর্দা প্রথার প্রচলন হইয়াছিল। সমাজে অনেক কুসংস্কারও প্রচলিত ছিল। আকবর সতীদাহ, বাল্যবিবাহ প্রভৃতি কুপ্রথা দূর করিতে চেষ্টা করিয়াছিলেন। দেশে মোটামুটি সুশাসন এবং শান্তি ও শৃঙ্খলা ছিল। শাহ্‌জহানের রাজত্বের শেষ দিকে শান্তি ও শৃঙ্খলা ক্রমশঃ ভাঙ্গিয়া পড়িতে থাকে।

শ্রমিক ও কৃষকের অবস্থা

অর্থনৈতিক অবস্থা।—এযুগে কৃষি ও শিল্পে দেশ খুব উন্নত ছিল। ইউরোপীয় পর্যটকগণ এদেশের, বিশেষ করিয়া বাংলার কৃষি-সম্পদের অজস্র প্রশংসা করিয়াছেন। ভারতে তখন বহু শিল্পদ্রব্য উৎপন্ন হইত। দেশের চাহিদা মিটাইয়া বিবিধ শিল্পদ্রব্য

বহুপরিমাণে বিদেশে চালান যাইত। রেশম ও নানাবিধ কার্পাস বস্ত্র, কার্পেট, চাউল, চিনি, সোরা, স্বর্ণ ও রৌপ্য-খচিত সৌখীন দ্রব্য প্রভৃতি ছিল প্রধান উৎপন্ন দ্রব্য। বাংলার মসলিনের খ্যাতি তখন দেশ-বিদেশে বিস্তৃত ছিল। বুরহানপুর, পাটন, জৌনপুর, বারাণসী, পাটনা এবং ঢাকা ছিল কার্পাস বস্ত্রশিল্পের

শিল্পদ্রব্য ও ব্যবসা-বাণিজ্য



বুলন্দ দরওয়াজা (ফতেপুর সিক্রি)

বড় বড় কেন্দ্র। লাহোর, আগ্রা, ফতেপুর সিক্রি এবং দক্ষিণ-ভারতের কয়েকটি স্থানে

প্রচুর রেশম ও পশম বস্ত্র উৎপাদিত হইত। মুঘল যুগে কয়েকটি বড় বড় সরকারী কারখানা ছিল। এখানে অভিজ্ঞ কর্মচারীদের তত্ত্বাবধানে নানাবিধ শিল্পদ্রব্য উৎপন্ন হইত। ভারতের পূর্ব ও পশ্চিম উপকূলের বন্দরগুলি হইতে সমুদ্রপথে বিদেশের সহিত পণ্যের আদান-প্রদান চলিত। চীনামাটির দ্রব্যাদি, গজদন্ত, মূল্যবান ধাতু ও মণিমুক্তাদি, মখমল, অশ্ব, এবং সুগন্ধ দ্রব্য বিদেশ হইতে আমদানী করা হইত।

বৈদেশিক পর্যটকগণ। বাদশাহী আমলে কয়েকজন বিচক্ষণ ইউরোপীয় পর্যটক ভারতবর্ষে আসিয়াছিলেন। তাঁহাদের ভ্রমণ-বৃত্তান্তে এদেশের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক অবস্থা সম্বন্ধে অনেক মূল্যবান তথ্য পাওয়া যায়।

রাল্ফ ফিচ্

রাল্ফ ফিচ্ (Ralph Fitch) ষোড়শ শতাব্দীর শেষ দিকে এদেশে আসেন। তিনি বলেন, আকবরের সময়ে আগ্রা ও ফতেপুর সিক্রি—প্রত্যেকটি শহরই তখন লণ্ডন হইতে বৃহৎ ছিল। ১৫৮৩ খৃঃ অব্দে বাখরগঞ্জ জেলার বাক্‌লা নামক ক্ষুদ্র শহরটির বিশাল সুরম্য অট্টালিকা এবং প্রশস্ত রাজপথ দেখিয়া তিনি বিশেষ মুগ্ধ হইয়াছিলেন।

উইলিয়ম হকিন্স

জহাঙ্গীরের রাজত্বকালে উইলিয়ম হকিন্স (William Hawkins) এদেশে আসেন। বাদশাহের অপরিমিত সম্পদের পরিচয় পাইয়া তিনি বিস্মিত হইয়াছিলেন। তিনি অনুমানে লিখিয়া গিয়াছেন যে, সম্রাটের বার্ষিক রাজস্ব ছিল অন্যূন ৫০ কোটি টাকা।

সার টমাস রো

জহাঙ্গীরের রাজত্বকালে সার টমাস রো (Sir Thomas Roe) ইংলণ্ডের রাজা ১ম জেম্‌সের দূতরূপে বাদশাহের দরবারে আগমন করেন। তিনি ১৬১৫ খৃঃ অব্দ হইতে ১৬১৯ খৃঃ অব্দ অবধি এখানে ছিলেন। টমাস রো জহাঙ্গীরের ব্যক্তিগত জীবন হইতে আরম্ভ করিয়া বহু বিষয়েই অনেক কিছু লিখিয়া গিয়াছেন এবং তাঁহার বর্ণনায় অনেক জ্ঞাতব্য তথ্য জানিতে পারা যায়। রো লিখিয়াছেন, জহাঙ্গীর দিনে তিনবার করিয়া দরবার করিতেন; দ্বিপ্রহরে হস্তী এবং অন্যান্য পশুর খেলা দেখিতেন। অপরাহ্ণ বেলা চারিটা হইতে সন্ধ্যা পাঁচটা-ছয়টা পর্যন্ত প্রার্থীদের সঙ্গে দেখাসাক্ষাৎ করিতেন। রাত্রি নয়টা হইতে দ্বিতীয় প্রহর অবধি তিনি রাজ্যের শ্রেষ্ঠ লোকদের সহিত পরামর্শ ও আলাপ-আলোচনা করিয়া কাটাইয়া

জহাঙ্গীর সম্বন্ধে রো

দিতেন। সপ্তাহে একদিন করিয়া বাদশাহ্ বিচার করিতে বসিতেন এবং ধৈর্যের সহিত সকল পক্ষের কথা শুনিয়া নিজের বিবেচনা অনুসারে অপরাধীদের শাস্তি দিতেন। বাদশাহের আদেশ-পত্র 'ফারমান্' ও হুকুমেই শাসনকার্য নির্বাহ হইত। প্রাদেশিক শাসকগণ জনগণের উৎপীড়ক ছিলেন। বিশেষ করিয়া সম্পদের কেন্দ্র বন্দরগুলিতে স্বেচ্ছাচারের মাত্রা ছিল অত্যধিক। পাশ্চাত্ত্য জাতির শক্তি-সামর্থ্যের বিষয় কিছু না জানিয়া সে যুগের মুস্‌লিম শাসকগণ ইংরেজ ও অন্যান্য ইউরোপীয় বণিক্‌দের নিকট হইতে অত্যধিক কর আদায় করিতেন। মৃত ব্যক্তিদের বিষয়-সম্পত্তি রাজকীয় সম্পদ-রূপে পরিগণিত হইত। রাজস্ব, উপঢৌকন এবং মৃত ব্যক্তিদের সম্পত্তি হইতেও বাদশাহের প্রচুর আয় হইত ; কিন্তু সাধারণ প্রজাদের দুঃখ ও দারিদ্র্যের লাঘব হইত না।



জহাঙ্গীরের দরবারে সার টমাস রো

ফ্রান্সিসকো পেলসের্ট (Francisco Palsaert) নামে জনৈক ডাচ্ বণিক্ জহাঙ্গীরের রাজত্বের শেষদিকে এদেশে আসিয়াছিলেন। তাঁহার বর্ণনা হইতেও জনসাধারণের অবস্থা সম্বন্ধে অনেক কথা জানিতে পারা যায়। প্রাদেশিক শাসকগণের অত্যাচারে এবং রাজস্ব-আদায়কারী কর্মচারীদের উৎপীড়নে মধ্যবিত্ত প্রজা ও কৃষকগণ নিতান্ত দুরবস্থায় দিন

ফ্রান্সিসকো পেলসের্ট

জনসাধারণের দুরবস্থা

কাটাইত। বাঙ্গালা দেশ তখন তূলা ও রেশম চাষের জন্য বিখ্যাত ছিল। আকবরের ন্যায় সম্রাট জহাঙ্গীরও জৈন, বৌদ্ধ ও হিন্দুদের মনোরঞ্জনের অভিপ্রায়ে সাম্রাজ্যে গো-হত্যা ও পর্বদিবসে প্রাণীবধ নিষেধ করিয়া দিয়াছিলেন।

গো-হত্যা নিষেধ

তাভার্নিয়ে (Tavernier) নামে জনৈক ফরাসী জহরত-ব্যবসায়ী সম্রাট শাহ্ জহানের রাজত্বকালে ভারতবর্ষে আগমন করেন। তাঁহার বিবরণে বাদশাহের ঐশ্বর্যের কথা সবিস্তারে বর্ণিত হইয়াছে। শাহ্জহানের ময়ূরাসনের এক বিস্তৃত বর্ণনা প্রসঙ্গে তিনি লিখিয়াছেন যে, আসনখানির মূল্য দশ কোটি টাকারও অনেক বেশী। ঔরংজীবের মণিমুক্তা দেখিবার সৌভাগ্য তাঁহার হইয়াছিল। তিনি লিখিয়াছেন, মুঘল বাদশাহের সাতখানি মণিরত্নখচিত সিংহাসন আছে; সেগুলির মধ্যে একখানি আগাগোড়া হীরক-শোভিত। বাঙ্গালার প্রসিদ্ধ রেশম-শিল্পের কথাও তিনি উল্লেখ করিয়াছেন।

তাভার্নিয়ে

বাদশাহের অতুল ঐশ্বর্য

ফরাসী নাট্যকার মলিয়ার (Moliere)-এর সহপাঠী বের্নিয়ে (Bernier) নামে একজন ফরাসী চিকিৎসক এদেশে বার বৎসর (১৬৫৬—'৬৮) কাটাইয়া যান। বাদশাহী সাম্রাজ্যের বিপুল বৈভব দর্শনে তিনি বিস্ময়াবিষ্ট হইয়াছিলেন। তিনিও প্রাদেশিক শাসকদের অত্যাচার ও কৃষকদের দুরবস্থার কথা লিখিয়া গিয়াছেন। ঔরংজীবের মনীষা ও কর্মশক্তি সম্বন্ধে তাঁহার অত্যন্ত উচ্চ ধারণা ছিল। তিনি ঔরংজীবকে 'অসাধারণ প্রতিভাশালী ক্ষণজন্মা পুরুষ' বলিয়া বর্ণনা করিয়াছেন। তাঁহার বর্ণনাতেও বাঙ্গালাদেশের তূলা ও রেশম-শিল্পের অনেক কথা জানিতে পারা যায়। বাঙ্গালার চাউল ও চিনি তখন নানা দেশের অভাব মিটাইত। ইউরোপীয় ভ্রমণকারিগণ বাঙ্গালাদেশের ঐশ্বর্যের বর্ণনা করিতে যাইয়া বলিয়াছেন যে, 'বাঙ্গালায় প্রবেশ করিবার জন্য একশত দুয়ার খোলা আছে, কিন্তু বাহির হইবার একটিও দুয়ার নাই।' অর্থাৎ কেহ বাঙ্গালাদেশে আসিলে ইহার ঐশ্বর্য ও জীবনযাত্রার স্বাচ্ছন্দ্য ছাড়িয়া যাইতে চাহিত না। বাঙ্গালাদেশের অসংখ্য জলপথ, শস্যপূর্ণ ক্ষেত্র ও পল্লীশ্রী এবং জনাকীর্ণ নগরসমূহ দেখিয়া বের্নিয়ে ইহার সৌন্দর্য ও সম্পদের উচ্ছ্বসিত প্রশংসা করিয়া গিয়াছেন। তবে মুঘল নৌ-শক্তির অভাবে বাঙ্গালাদেশে তখন দুর্বৃত্ত পর্তুগীজ বণিক্ ও মগ জলদস্যুরা অত্যন্ত উৎপাত করিত।

বের্নিয়ে

ঔরংজীবের প্রতিভা

বাঙ্গালাদেশ

মানুচ্চি (Manucci) নামে একজন ইতালীয় পর্যটকও ঔরংজীবের রাজত্বকালে ভারতবর্ষে আগমন করেন। তিনি ছিলেন সম্পূর্ণরূপে ভাগ্যান্বেষী। এদেশে নানাস্থানে তিনি চিকিৎসক এবং গোলন্দাজের কাজ করিয়া গিয়াছেন। তাঁহার বর্ণনা হইতেও আমরা প্রাদেশিক শাসকদের অত্যাচার এবং জনগণের দুরবস্থার কথা জানিতে পারি।

মানুচ্চির বিবরণ

প্রশ্নাবলী

১। সার টমাস রো এবং বের্নিয়ে কখন ভারতবর্ষে আসেন? তাঁহারা ভারতের কিরূপ বিবরণ লিখিয়া গিয়াছেন?

২। সপ্তদশ শতাব্দীর ভারতে আগত ইউরোপীয় পর্যটকগণ কর্তৃক প্রদত্ত বিবরণগুলি হইতে মুঘল সাম্রাজ্যের যেরূপ অবস্থার কথা তোমরা জানিতে পার, তাহা সংক্ষেপে বিবৃত কর।


ত্রয়োবিংশ অধ্যায়

মুঘল শিল্পকলা ও সাহিত্য

স্থাপত্য ও ভাস্কর্য শিল্প।—সৌন্দর্যপ্রিয় মুঘল বাদশাহদিগের পৃষ্ঠপোষকতায় ভারতবর্ষে স্থাপত্য, ভাস্কর্য, চিত্রকলা এবং সঙ্গীতের প্রভূত উন্নতি হইয়াছিল। বিশেষজ্ঞগণ এ-যুগের শিল্পপদ্ধতির নাম দিয়াছেন, "ইন্দো-পারসিক" শিল্প। ইহা হিন্দু ও মুসলমান রীতির মিলনের ফলে উদ্ভূত এক অপূর্ব সৃষ্টি। চারুকলার প্রতি আকবরের অনুরাগ ছিল অপরিসীম। তাঁহার রাজ্যকাল হইতেই মুঘল শিল্পের অসাধারণ উন্নতির সূচনা হয়। দিল্লীতে হুমায়ুনের সমাধিভবন, ফতেপুর সিক্রির সুরম্য প্রাসাদাবলী তাঁহার সৌন্দর্যবোধের অপূর্ব নিদর্শন। আগ্রা ও লাহোরে তিনি রমণীয় প্রাসাদ-দুর্গও নির্মাণ করিয়াছিলেন। জহাঙ্গীরও পিতার ন্যায় শিল্পানুরাগী ছিলেন। আগ্রার নিকট সেকেন্দ্রায় আকবরের সমাধিভবন এবং

আকবর ও জহাঙ্গীরের আমলে শিল্প-কলা

নূরজহানের পিতা "ইতিমাদুদ্দৌলাহ."র সমাধিভবন মুঘল স্থাপত্যের বিশিষ্ট নিদর্শন। সেকেন্দ্রার সমাধিভবনে বৌদ্ধ বিহারের শিল্প রীতির ছাপ সুস্পষ্ট।



তাজমহল

মুঘল শিল্পের চরম বিকাশ ঘটিয়াছিল শাহ্‌জহানের রাজত্বকালে। আগ্রায় যমুনাতীরে প্রিয়তমা পত্নী মমতাজ মহলের সমাধির উপর শাহ্‌জহান বিশ্বের বিস্ময় তাজমহল নামে যে স্মৃতিসৌধ নির্মাণ করিয়া গিয়াছেন, তাহা স্থাপত্য ও ভাস্কর্য-শিল্পের এক অনুপম নিদর্শন। ১৬৩২ হইতে ১৬৫৩ খৃঃ অব্দ অবধি দীর্ঘ ২১ বৎসর ইহার নির্মাণকার্যে ব্যয়িত হইয়াছিল। এই অপূর্ব স্মৃতিসৌধ-নির্মাণের কার্যে মুকর্‌রমৎ খাঁ ও মীর আবদুল করিম নামক দুইজন শিল্পী অধ্যক্ষের কাজ করিয়াছিলেন। কেহ কেহ উল্লেখ করিয়াছেন যে, উস্তাদ ইশা নামক একজন সুদক্ষ স্থপতি তাজের নির্মাণকার্যের তত্ত্বাবধান


শাহ্‌জহান—তাজমহল



আর্‌জুমন্দ বানু বেগম মমতাজ

করিয়াছিলেন। কোন কোন শিল্পবিশেষজ্ঞ এই অভিমত প্রকাশ করিয়াছেন যে, মুঘল শিল্পকলায় বৈদেশিক নীতির অনুসরণ করা হইয়াছে। তাঁহাদের মতে তাজমহল নির্মাণে যে শিল্পরীতি গ্রহণ করা হইয়াছে তাহাতে ইতালীয় রীতির ছাপ সুস্পষ্ট। ফাদার ম্যানরিক নামে একজন স্পেনীয় ধর্মযাজক বলিয়াছেন যে, তাজের পরিকল্পনা করিয়াছিলেন জেরোনিমো ভেরোনিও নামক জনৈক ভিনিসীয় শিল্পী। কিন্তু এই সব মত গ্রহণযোগ্য নয়; কারণ সমসাময়িক কোন ভারতীয় অথবা বিদেশী লেখকের বিবরণে ইহার উল্লেখ নাই। কেহ কেহ বলেন শাহ্জহানের শাসনকালের প্রাসাদ ও সমাধিভবন প্রভৃতিতে বহুবর্ণের মূল্যবান প্রস্তরাদির যে অলংকরণ দেখা যায় তাহাতে ইটালীর ফ্লোরেন্স নগরের শিল্প রীতির ছাপ সুস্পষ্ট। ভারতের সহিত পাশ্চাত্ত্য দেশের সংযোগ তখন স্থাপিত হইয়াছিল; সুতরাং পাশ্চাত্ত্য শিল্পের

মুঘল শিল্পে ইতালীয় শিল্পের তথাকথিত প্রভাব




দেওয়ান-ই-খাস্

কিছু প্রভাব মুঘল শিল্পে দেখা দিবে ইহা অস্বাভাবিক নয়। কিন্তু তাজ নির্মাণে ফ্লোরেন্সের পদ্ধতির অনুকরণ করা হইয়াছে ইহার স্বপক্ষে বিশেষ প্রমাণ নাই। মুঘলযুগে

হিন্দু-পারসিক শিল্পের সমন্বয়ের ফলে এক মৌলিক শিল্পরীতির উদ্ভব হইয়াছিল ইহা অনস্বীকার্য। আগ্রার মোতি মস্‌জিদ শাহ্‌জহানের আর এক কীর্তি। দিল্লীতে তিনি 'শাহ্‌জহানাবাদ' নামে এক নগর স্থাপন করেন। বিখ্যাত দেওয়ান-ই-খাস্‌ ও দেওয়ান-ই-আম্‌ এবং জাম-ই-মস্‌জিদ সেখানেই অবস্থিত। এগুলি 'হিন্দু-পারসিক' স্থাপত্য-শিল্পের চরম উৎকর্ষের নিদর্শন। শাহ্‌জহানের আর এক অদ্ভুত কীর্তি ছিল তাঁহার বিশ্ববিখ্যাত 'ময়ূরাসন'। ইহা ছিল দৈর্ঘে ৬ ফুট ও প্রস্থে ৪ ফুট। সিংহাসনখানি আগাগোড়া পেটানো সোনায় তৈয়ারী ছিল; সিংহাসনের মিনা-করা চন্দ্রাতপখানি ছিল হীরা ও মকরতমণি-খচিত দ্বাদশটি স্তম্ভের উপর স্থাপিত; প্রত্যেক স্তম্ভের মাথায় হীরা-মণিমাণিক্যের একজোড়া ময়ূর মুখোমুখি বসান ছিল; ময়ূর দু'টির মাঝে থাকিত মণিমুক্তার একটি গাছ,—দেখিলে মনে হইত ময়ূর দু'টি যেন পেখম মেলিয়া আনন্দে সেই গাছের মুক্তাফল খাইতেছে। এই অপূর্ব সিংহাসনটির মূল্য অন্যূন ৭৷৮ কোটি টাকা। ১৭৩৯ খৃঃ অব্দে নাদির শাহ্‌ ভারত লুণ্ঠন করিয়া উহা পারস্যে

ময়ূরাসন



জাম-ই-মস্‌জিদ

লইয়া যান। উল্লিখিত ময়ূরসিংহাসন, তাজমহল, ইত্যাদি নির্মাণে কত যে অর্থব্যয় হইয়াছে

তাহা স্থির করা দুষ্কর। শাহ্‌জহানের অতুল ঐশ্বর্য-সম্পদ আজও তাই স্মরণীয়। এযুগের সাহিত্য, স্থাপত্য ও চিত্রশিল্প, সম্রাটদিগের আনুকূল্যে, প্রভূত উন্নতি লাভ করিয়াছিল।

চিত্রশিল্প।—মুঘল যুগে শিল্পানুরাগী সম্রাটদের পৃষ্ঠপোষকতায় ও উৎসাহে চিত্রকলার অপূর্ব বিকাশ ঘটিয়াছিল। আকবরের আনুকূল্যে চিত্রকলায় এক অভিনব প্রেরণার সঞ্চার হইয়াছিল। হুমায়ুন শের শাহের নিকট পরাজিত হইয়া পারস্যে আশ্রয় গ্রহণ করিলে সেখানকার কয়েকজন কলাকুশল চিত্রশিল্পীর সহিত তাঁহার পরিচয় হয়। তাঁহাদের কেহ কেহ ভারতবর্ষে হুমায়ুন ও আকবরের অধীনে কার্য গ্রহণ করেন। এইভাবে হিন্দু-পারসিক বা 'মুঘল চিত্র-রীতি'র সূত্রপাত হয়। পরিশেষে রাজপুতাদি ভারতীয় চিত্রশিল্পীরাও এই রীতির অনুসরণে প্রবৃত্ত হইলে পারসিক ও হিন্দুচিত্র-রীতির সমন্বয়ে 'মুঘল চিত্রকলা'র বিকাশ আরম্ভ হয়। আকবরের রাজত্বকালে তাহার সূচনা হয়; পরে সম্রাট জহাঙ্গীরের রাজত্বকালে আমরা 'মুঘল চিত্রকলা'র পূর্ণ পরিণতি দেখিতে পাই। তিনি নিজেও একজন সুদক্ষ চিত্রশিল্পী ও সমজদার ছিলেন। এযুগের শ্রেষ্ঠ চিত্রশিল্পীদের মধ্যে উস্তাদ মন্‌সুর, আব্দুস সামাদ, মীর সৈয়দ আলী, আবুল হাসান, বিষণদাস, কেশব ও মাধব প্রভৃতির নাম বিশেষ উল্লেখযোগ্য। জহাঙ্গীরের, মৃত্যুর পরে মুঘল চিত্রকলার অবনতির সূত্রপাত হয়। শাহ্‌জহান সুদৃশ্য প্রাসাদাদি নির্মাণে বিশেষ আগ্রহ দেখাইলেও তিনি চিত্র সঙ্গীতাদি শিল্পেরও পৃষ্ঠপোষকতা করিয়াছেন। ফকিরউল্লা, মীর হাসিম, চিত্রমণি প্রভৃতি ছিলেন এযুগের শ্রেষ্ঠ চিত্রশিল্পী। ঔরংজীবের ধর্মান্ধতা ও অনুরাগের অভাবে মুঘল সঙ্গীত ও চিত্রশিল্পের চরম অবনতি আসিয়াছিল।

পারসিক ও হিন্দু চিত্র-রীতির সমন্বয়

মুঘল চিত্রশিল্প যখন ধীরে ধীরে চরম পরিণতির পথে অগ্রসর হইতেছিল তখন রাজপুতানায় জয়পুর শহরকে কেন্দ্র করিয়া আর একটি চিত্রকলা-পদ্ধতি গড়িয়া উঠিয়াছিল। ইহা 'রাজপুত' চিত্রকলা নামে প্রসিদ্ধ। বস্তুতঃপক্ষে ইহা মুঘল চিত্র-রীতি হইতে একেবারে স্বতন্ত্রভাবে বিকাশ লাভ করে নাই; অনেক দিক হইতে ইহা মুঘল রীতির অনুরূপ ছিল। মুঘল চিত্রশিল্পে আমরা বিশেষ করিয়া গাছপালা, লতাপাতা, ফুলফল ও পশুপাখী অংকনের প্রাধান্য দেখিতে পাই। প্রকৃতির অফুরন্ত সুষমাই মুঘল চিত্রশিল্পীদের মন বেশী আকৃষ্ট করিয়াছে এবং উহাই তাঁহারা নিপুণ তুলিকায় পটের বুকে ফুটাইয়া তুলিয়াছেন। রাজপুত চিত্রশিল্পেও প্রাকৃতিক সৌন্দর্যের

রাজপুত চিত্রশিল্প

প্রকাশ যথেষ্ট আছে এবং বর্ণসুষমায় তাহাও অতি রমণীয় ; কিন্তু রাজপুত চিত্রে সামাজিক জীবন, সঙ্গীত ও রাসলীলাদি হিন্দু ধর্মোৎসবের প্রাধান্য লক্ষ্য করা যায়। উভয় চিত্র-রীতিই পরস্পরের উপর প্রভাব বিস্তার করিয়াছে। অষ্টাদশ শতাব্দীতে বাসোলী (Basholi) এবং পঞ্জাবের কাংড়া অঞ্চলে একটি বিশেষ পার্বতীয় চিত্র-রীতি গড়িয়া উঠিয়াছিল। 'কাংড়া চিত্রকলা' শিল্পী ও মোলারাম সর্বত্র প্রসিদ্ধ। এই পাহাড়ী চিত্রে সৌন্দর্যবোধ ও রুচির অনুপম সমন্বয় ঘটিয়াছে। কাংড়া চিত্রকলা হইতেই পরবর্তী-কালে টেহেরি-গাড়োয়াল ও পঞ্জাবের শিখ চিত্রকলার বিকাশ হইয়াছে।

কাংড়া চিত্রকলা

সঙ্গীতকলা।—শুধু চিত্রশিল্পে নয়, সঙ্গীতকলার উৎকর্ষের জন্যও মুঘলযুগ চিরস্মরণীয়। অমর গায়ক ও রাগশিল্পী তানসেন ছিলেন আকবরের সভাসদ্। তানসেন ব্যতীত আকবরের সঙ্গীত-শাস্ত্রাভিজ্ঞ সভাসদ্গণের মধ্যে মালবের আফগান সুলতান বাজবাহাদুরের নাম বিশেষ উল্লেখযোগ্য। ভারতীয় সঙ্গীতকলার গুজরাটি রীতিতে বাজবাহাদুর বিশেষ অভিজ্ঞ ছিলেন। আকবরের দরবারে আরও ৩৬ জন খ্যাতনামা গায়ক ও সঙ্গীতজ্ঞের উল্লেখ পাওয়া যায়। মুঘল সাম্রাজ্যের পতনের যুগেও সদারঙ্গ প্রভৃতি কয়েকজন খ্যাতনামা ধ্রুপদ ও খেয়াল গায়ক ও সুরস্রষ্টা বাদশাহ্দের পৃষ্ঠপোষকতায় প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন।

তানসেন—বাজবাহাদুর

সাহিত্য।—তায়মুর বংশের একটি প্রধান বিশেষত্ব সাহিত্যিক প্রতিভা। বাদশাহ্দের মধ্যে বাবর এবং জহাঙ্গীর আত্মজীবনী রচনা করিয়া গিয়াছেন। হুমায়ুনের এক ভগ্নী গুল্-বদন বেগম, ভ্রাতার রাজত্বকালের এক ইতিহাস রচনা করিয়াছিলেন। দারা শিকোহ্ ধর্ম ও দর্শন সম্বন্ধীয় কয়েকখানি তুলনামূলক পুস্তক রচনা করেন এবং উপনিষদের পারসিক অনুবাদ প্রকাশ করেন। তিনি সুকবিও ছিলেন। ঔরংজীবের ভগ্নী জহানারা ও বিদুষী কন্যা জেবউন্নীসা ফার্সী ভাষায় চমৎকার কবিতা রচনা করিয়া যশস্বিনী হইয়া গিয়াছেন।

রাজবংশীয় লেখকগণ

আকবরের রাজত্বকাল ফার্সী ও হিন্দী সাহিত্যের উন্নতির জন্যও প্রসিদ্ধ। তাঁহার প্রিয় অমাত্য আবুল ফজল 'আইন-ই-আকবরী' ও 'আকবর-নামা' এই দুইখানি অমূল্য ঐতিহাসিক গ্রন্থ রচনা করিয়া অমর হইয়াছেন। আবুল ফজলের পারসিক গদ্য-রচনা এখনও আদর্শস্থানীয় হইয়া আছে। আবুল ফজলের ভ্রাতা নল-দময়ন্তীর

আবুল ফজল

অনুবাদক ফৈজী ছিলেন বিখ্যাত কবি। এই সময়ে আবার নিজামুদ্দীন ও বদাউনী দুইখানি প্রসিদ্ধ ঐতিহাসিক গ্রন্থ প্রণয়ন করেন। আকবরের আগ্রহ ও পৃষ্ঠপোষকতায় অথর্ববেদ, রামায়ণ, মহাভারত, হরিবংশ, কথাসরিৎসাগর, প্রভৃতি সংস্কৃত গ্রন্থের সচিত্র পারসিক অনুবাদ রচিত হয়। আকবরের আদেশে সুপ্রসিদ্ধ লীলাবতীর গণিত-শাস্ত্রও পারসিক ভাষায় অনূদিত হইয়াছিল। উত্তরকালে সম্রাট শাহ্‌জাহানের জ্যেষ্ঠপুত্র দারা শিকোহ্ তাঁহার প্রপিতামহের পদাঙ্ক অনুসরণ করিয়া ধর্মসমন্বয়ের উদ্দেশ্যে উপনিষদের পারসিক অনুবাদ (১৬৫৬) 'ওপনেখৎ' প্রকাশ করিয়াছিলেন এবং এক ফরাসী পণ্ডিত তাহার Latin অনুবাদ করিয়া ইউরোপে প্রচার করেন।

সংস্কৃত গ্রন্থের পারসিক অনুবাদ

ঐতিহাসিক ফিরিশ্‌তাও সেই সময়েরই লোক। ঔরংজীবের রাজত্বকালে প্রসিদ্ধ ঐতিহাসিক কাফি খাঁ আবির্ভূত হন। তাঁহার প্রকৃত নাম ছিল মুহম্মদ হাশিম। ঔরংজীব ইতিহাস-রচনা নিষেধ করিয়া দেওয়ায় তিনি 'কাফি খাঁ' এই ছদ্মনামে ইতিহাস লিখিতে থাকেন। এযুগের অনেক হিন্দু লেখকও পারসিক ভাষায় কয়েকখানি চমৎকার পুস্তক রচনা করিয়া গিয়াছেন। তাঁহাদের মধ্যে রায় ভারমল, ভীমসেন, সুজনরায় ক্ষত্রি, ঈশ্বরদাস নাগর প্রভৃতির নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

হিন্দু সাহিত্যিক

লৌকিক ভাষারও এই সময় যথেষ্ট শ্রীবৃদ্ধি হইয়াছিল। হিন্দী সাহিত্যে 'রামচরিতমানস' রচয়িতা তুলসীদাস ও 'সুরসাগর'-এর লেখক সুরদাসের নাম পূর্বেই উল্লেখ করা হইয়াছে। কেশবদাস, ভূষণ, প্রভৃতি সাহিত্যিকগণ হিন্দী সাহিত্যে অমর। হিন্দী 'পদ্মাবতী'-রচয়িতা মালিক মুহম্মদ জয়সী ও 'পদাবলী'-রচয়িতা রসখাঁন, এবং 'দোঁহা-রচয়িতা খান্‌খানান বা আবদুর রহিম হিন্দী সাহিত্যে যথেষ্ট কৃতিত্ব প্রদর্শন করিয়াছিলেন। এই মুসলিম যুগেই আবার বঙ্গসাহিত্যে 'কৃষ্ণ-কীর্ত্তন' রচয়িতা চণ্ডীদাস, 'রামায়ণ'-রচয়িতা কৃত্তিবাস, 'মহাভারত'-রচয়িতা কাশীরাম দাস, কবিকঙ্কন মুকুন্দরাম চক্রবর্তী, কবিচন্দ্র শঙ্কর চক্রবর্তী, ঘনরাম, এবং বাঙ্গালা 'পদ্মাবতী'-রচয়িতা আলাওল, প্রভৃতি বহু হিন্দু ও মুসলমান কবির আবির্ভাব হয়। এযুগে বৈষ্ণব আচার্যগণ শ্রীচৈতন্যদেবের জীবনী ও ধর্ম অবলম্বন করিয়া বাংলা ভাষায় যে সকল গ্রন্থ রচনা করিয়াছেন তাহা মধ্যযুগের বাংলা

হিন্দী সাহিত্য

বাঙ্গালা সাহিত্য

সাহিত্যের উৎকর্ষের পরিচয় বহন করিতেছে। লৌকিক দেবদেবী বিশেষ করিয়া চণ্ডী, মনসা, প্রভৃতির কাহিনী ও মহিমা অবলম্বন করিয়া এক শ্রেণীর কাব্য গড়িয়া উঠিয়াছিল। ইহা 'মঙ্গল' ও 'পাঁচালী' সাহিত্য নামে প্রসিদ্ধ। ইহা বাংলা লোক-সাহিত্যের অমূল্য সম্পদ। রামদাস, তুকারাম, বামন, মহীপতি, ময়ূর পণ্ডিত, প্রভৃতির কল্যাণে মারাঠি সাহিত্যও এই সময় যথেষ্ট উন্নতি লাভ করিয়াছিল। মারাঠি সাহিত্যে ভক্ত তুকারাম অবিস্মরণীয় হইয়া রহিয়াছেন। মারাঠি ভাষায় অনেকগুলি ইতিহাসও এই সময় রচিত হইয়াছিল।

মারাঠা সাহিত্য

প্রশ্নাবলী

১। মুঘল যুগের সমাজ, শিল্পকলা, স্থাপত্য ও সাহিত্যের একটি বর্ণনা দাও।

চতুর্বিংশ অধ্যায়

মারাঠা জাতির অভ্যুদয় ও সাম্রাজ্য বিস্তার

মহারাষ্ট্র।—বর্তমান বোম্বাই প্রেসিডেন্সীর এক বিস্তীর্ণ অংশ জুড়িয়া সেকালে মহারাষ্ট্র দেশ অবস্থিত ছিল। উত্তরে কোঙ্কন এবং নাসিক হইতে দক্ষিণে কোলাপুর এবং পশ্চিমে আরবসাগর হইতে পূর্বে হায়দরাবাদ রাজ্য পর্যন্ত এদেশ বিস্তৃত ছিল। পশ্চিমঘাট গিরিশ্রেণীর শাখা-প্রশাখা দ্বারা সমস্ত দেশ ছিল বিভক্ত। পর্বত-সংকুল এদেশের অধিবাসীরা মারাঠা নামে খ্যাত। স্বভাবতঃই এদেশের অধিবাসীরা ছিল শ্রমসহিষ্ণু, সাহসী ও রণকুশল। দাক্ষিণাত্যের সুলতানদের অধীনে মারাঠা নায়কগণ শাসন ও সমর-বিভাগে নিযুক্ত হইয়া খ্যাতি অর্জন করিয়াছেন। সপ্তদশ শতাব্দীতে ইঁহারা নামে বিজাপুর, গোলকণ্ডা ও আহ্‌মদনগরের সুলতানদের অধীন হইলেও প্রকৃতপক্ষে নিজ নিজ এলাকায় প্রায় স্বাধীনভাবেই রাজত্ব করিতেন। এই সময় মারাঠাদের মধ্যে ধীরে ধীরে জাতীয়তাবোধের উন্মেষ হইতেছিল। এই শুভসময়ে মারাঠা দেশে বীরশ্রেষ্ঠ শিবাজীর অভ্যুদয় ঘটে।

(ক) শিবাজী

বাল্যজীবন।—পুনা জেলার অন্তর্গত জুন্নর-এর নিকটে শিবনের গিরিদুর্গে ১৬২৭ খৃঃ অব্দে (মতান্তরে ১৬৩০) শিবাজীর জন্ম হয়। তাঁহার পিতা শাহজী প্রথমে আহ্‌মদনগর ও পরে বিজাপুরের রাজদরবারে একজন প্রভাবশালী কর্মচারী ছিলেন। পুনা জেলায় তাঁহার বিস্তীর্ণ জায়গীর ছিল। কর্ণাট অঞ্চলেও তাঁহার আর একটি বিস্তীর্ণ জায়গীর ছিল। দ্বিতীয়া পত্নীকে লইয়া তিনি সেখানে বাস করিতে থাকেন, আর শিবাজীর মাতা বালক-শিবাজীকে লইয়া দাদাজী-কোণ্ডদেব নামে জনৈক বিচক্ষণ ব্রাহ্মণ কর্মচারীর তত্ত্বাবধানে পুনায় রহিয়া গেলেন। শিবাজীর মাতা জীজাবাঈ ছিলেন দেবগিরির যাদব রাজবংশের কন্যা; পিতা শাহজী আপনাকে মেবারের শিশোদীয় রাজবংশের সন্তান বলিয়া আত্মপরিচয় দিতেন। বাল্যকাল হইতেই রামায়ণ-মহাভারতের উপাখ্যান, মাতৃ ও পিতৃকুলের বীরত্বকাহিনী ইত্যাদি শুনিয়া শিবাজীর অন্তরে প্রাচীন হিন্দুগৌরব ফিরাইয়া আনিবার কল্পনা জাগিয়া উঠে। শৈশবেই শিবাজী অস্ত্রবিদ্যায় নিপুণ হইয়া উঠিয়াছিলেন এবং দুর্ধর্ষ মাওলী জাতির মধ্য হইতে বিশ্বস্ত অনুচর সংগ্রহ করিয়াছিলেন।

বংশ-পরিচয়;



ছত্রপতি শিবাজী

স্বাধীন রাজ্য প্রতিষ্ঠার উদ্যোগ—বিজাপুরের সহিত যুদ্ধ।—এই মাওলী অনুচরগণের সাহায্যে ১৬৪৬ খৃঃ অব্দে শিবাজী বিজাপুর রাজ্যের অধীন তোরণ বা তোর্ণা দুর্গ (পুনার প্রায় ২০ মাইল দক্ষিণ-পশ্চিমে) অধিকার করিলেন। অভিভাবক দাদাজী-কোণ্ডদেবের মৃত্যুর (১৬৪৭) পর অপূর্ব ক্ষিপ্রতার সহিত শিবাজী ছলে-বলে-কৌশলে একটির পর একটি দুর্গ অধিকার করিয়া আপনার শক্তিবৃদ্ধি করিতে লাগিলেন। সেজন্য বিজাপুরের সুলতান শাহজীকে বন্দী করিলে (১৬৪৮) শিবাজী সম্রাট শাহ্‌জহানের পুত্র মুরাদ বখ্‌শের সহায়তায় পিতাকে

বিজাপুর রাজ্যের কয়েকটি দুর্গ জয়

উদ্ধার করিবার চেষ্টা করিতে লাগিলেন, কিন্তু তাহাতে সফল হইলেন না। অগত্যা শিবাজীকে কিছুকাল নিরস্ত হইয়া থাকিতে হইল। এদিকে বিজাপুরের কয়েকজন প্রভাবশালী ব্যক্তির অনুরোধে শাহজীকে কারামুক্ত করা হইল (১৬৪৯) এবং শিবাজীও স্বীয় সঙ্কল্প-সাধনে অগ্রসর হইলেন। ১৬৫৫—'৫৬ খৃঃ অব্দে শিবাজীর

জাউলী-অধিকার

জনৈক অনুচর সাতারা জেলার অন্তর্গত জাউলী নামক স্থানের সামন্ত রাজাকে হত্যা করেন, কারণ জাউলীর রাজা মারাঠা হইয়াও শিবাজীর সহিত যোগদান করিতে অসম্মত হইয়াছিলেন। জাউলী অধিকারের পর শিবাজী আরও কয়েকটি দুর্গ হস্তগত করেন। বিজাপুরের সুলতান তখন এই মারাঠাবীরকে আর উপেক্ষা করা সঙ্গত নয় ভাবিয়া প্রবীণ সেনাপতি আফজল খাঁকে তাঁহার বিরুদ্ধে প্রেরণ করিলেন (১৬৫৯)। বিজাপুরের সুশিক্ষিত বিরাট বাহিনীর সহিত মুষ্টিমেয় মারাঠা সৈন্যের সম্মুখ সমরের ক্ষমতা ছিল না। শিবাজী প্রতাপগড়ের দুর্ভেদ্য দুর্গে আশ্রয় গ্রহণ

শিবাজী ও আফজল খাঁ—বিজাপুরের পরাজয়

করিলেন। আফজল বহু চেষ্টা করিয়াও শিবাজীকে প্রতাপগড় হইতে বাহির করিতে পারিলেন না। তখন সন্ধির প্রস্তাব লইয়া আফজল খাঁর নিকট হইতে দূত গেল। স্থির হইল, আফজল ও শিবাজী একটি নির্দিষ্ট স্থানে সাক্ষাৎ করিয়া, সন্ধির সর্ত সম্বন্ধে আলোচনা করিবেন। পূর্ব ব্যবস্থা অনুসারে, আফজল খাঁ ও শিবাজী প্রতাপগড়ের নিকটে একস্থানে সাক্ষাৎ করিতে গেলেন। সাক্ষাৎকালে আফজল শিবাজীকে হত্যা করিবার চেষ্টা করিলে শিবাজী তাঁহাকে নিহত করিলেন। তারপর মারাঠা সৈন্যদল বিপুলবিক্রমে বিজাপুর বাহিনী ছিন্নভিন্ন করিয়া দিয়া শত্রুশিবির লুণ্ঠন করিল। সুলতান এই পরাজয়ের সংবাদে রুস্তম খাঁ নামক তাঁহার আর একজন সুদক্ষ সেনাপতির নেতৃত্বে শিবাজীর বিরুদ্ধে এক সৈন্যদল প্রেরণ করিলেন। পান্‌হালার নিকট এই যুদ্ধে রুস্তম খাঁও পরাভূত হইলেন। বিজাপুর রাজ্যের কিয়দংশ শিবাজীর অধিকারভুক্ত হইল।

মুঘলদের সহিত সংঘর্ষ।—ইতিমধ্যে মুঘলদের সহিত শিবাজীর বিবাদ বাধিল। ১৬৬০ খৃঃ অব্দে ঔরঙ্গজীব শায়েস্তা খাঁকে দাক্ষিণাত্যের সুবাদার নিযুক্ত করিয়া পাঠাইলেন।

শায়েস্তা খাঁর পরাজয়

সহজেই পুনা নগরী সুবাদারের হস্তগত হইল এবং কল্যাণ জেলা হইতে মারাঠারা বিতাড়িত হইল। কিন্তু শায়েস্তা খাঁ মারাঠাদের বিরুদ্ধে

বিশেষ সুবিধা করিয়া উঠিতে পারিলেন না। ক্ষিপ্রগতি মারাঠা অশ্বারোহীরা অতর্কিত আক্রমণে বাদশাহী ফৌজকে বিব্রত করিয়া তুলিতে লাগিল। অবশেষে একরাত্রে শিবাজী স্বয়ং মুষ্টিমেয় বিশ্বস্ত অনুচর সঙ্গে লইয়া একেবারে শায়েস্তা খাঁর শয়নকক্ষে হানা দিলেন (১৬৬৩)। শায়েস্তা খাঁ কোন রকমে প্রাণে বাঁচিলেন বটে, কিন্তু শত্রুর অস্ত্রাঘাতে তাঁহাকে একটি অঙ্গুলী হারাইতে হইল; তাঁহার পুত্রেরও প্রাণ গেল। শায়েস্তা খাঁর পরিবর্তে অতঃপর যুবরাজ মুয়াজ্জমকে দাক্ষিণাত্যে প্রেরণ করা হইল। কিন্তু শিবাজী সুরাট বন্দর ও আহ্‌মদনগর লুণ্ঠন করিয়া সগৌরবে 'রাজা' উপাধি গ্রহণ করিলেন (১৬৬৪)।

শিবাজীর 'রাজা' উপাধি গ্রহণ (১৬৬৪)

তখন ঔরঙ্গজীব অম্বরাধিপ জয়সিংহ এবং দিলীর খাঁকে শিবাজীর বিরুদ্ধে প্রেরণ করিলেন (১৬৬৪)। জয়সিংহ বিজাপুর এবং অন্যান্য কয়েকটি ক্ষুদ্ররাজ্যের সহিত মিলিত হইয়া পুরন্দর দুর্গ অবরোধ করিলেন। শিবাজী পরাজয় মানিয়া সন্ধি প্রার্থনা করিলেন। পুরন্দরের এই সন্ধির সর্ত অনুযায়ী মাত্র দ্বাদশটি দুর্গ নিজে রাখিয়া শিবাজী অন্যান্য দুর্গগুলি বাদশাহকে সমর্পণ করিলেন। তাঁহাকে বাদশাহের বশ্যতাও স্বীকার করিতে হইল (১৬৬৫)।

জয়সিংহ ও দিলীর খাঁ—পুরন্দরের সন্ধি

ইহার পর জয়সিংহ বিজাপুর আক্রমণ করিলে শিবাজী তাঁহাকে সাহায্য করেন। শিবাজীর সহায়তালাভে সন্তুষ্ট হইয়া ঔরঙ্গজীব তাঁহাকে খেলাৎ দিয়া দরবারে উপস্থিত হইবার জন্য নিমন্ত্রণ করিয়া পাঠাইলেন। জয়সিংহের অনুরোধে এবং অভয়দানে নির্ভর করিয়া শিবাজী বাদশাহের নিমন্ত্রণ রক্ষা করিবার জন্য আগ্রায় গমন করিলেন (১৬৬৬)। দরবারে তাঁহাকে পদমর্যাদা অনুযায়ী সম্মান প্রদর্শন না করায় অপমানে ক্ষিপ্ত হইয়া শিবাজী রূঢ় ভাষায় বাদশাহের কার্যের প্রতিবাদ করেন। কিন্তু প্রতিবাদ নিষ্ফল হইল, শিবাজী আগ্রায় নজর বন্দী হইয়া রহিলেন। অতঃপর তিনি মুক্তিলাভের এক অভিনব উপায় উদ্ভাবন করিলেন। পীড়ার ভান করিয়া শিবাজী প্রকাণ্ড প্রকাণ্ড ঝুড়িতে করিয়া সন্ন্যাসী, ফকির, আমীর, ওম্‌রাহ্‌, প্রভৃতির নিকট আরোগ্য-কামনার ছলে মিষ্টান্ন পাঠাইতে আরম্ভ করিয়া দিলেন। প্রথম প্রথম রক্ষীরা ঝুড়িগুলি পরীক্ষা করিয়া দেখিত; প্রত্যহই ঝুড়িগুলিতে রাশি রাশি মিষ্টান্ন দেখিয়া পরে তাহারা আর ঝুড়ি খুলিয়া দেখিত না। এই সুযোগে

শিবাজীর আগ্রায় গমন

একদিন শিবাজী এবং তাঁহার পুত্র, দুইটি ঝুড়িতে লুকাইয়া পলায়ন করিলেন। সোজা দাক্ষিণাত্যের পথ ধরিলে বিপদের আশঙ্কা, তাই চতুর শিবাজী মথুরা, বৃন্দাবন, কাশী, প্রসিদ্ধ তীর্থ ঘুরিতে ঘুরিতে উড়িষ্যার পথে মহারাষ্ট্রে আসিয়া উপনীত হইলেন।

কৌশলে শিবাজীর পলায়ন

স্বরাজ্যে ফিরিয়া শিবাজী দাক্ষিণাত্যের সুবাদারের সহিত সন্ধি স্থাপন করিয়া শাসন-সংস্কারে মনোনিবেশ করিলেন। ১৬৬৭ খৃঃ অব্দে জয়সিংহের মৃত্যু হইলে কুমার মুয়াজ্জমকে সহায়তা করিবার জন্য মাড়বারের অধিপতি যশোবন্তসিংহকে দাক্ষিণাত্যে প্রেরণ করা হইল। যশোবন্তসিংহ ও মুয়াজ্জম-এর মধ্যস্থতায় ঔরঙ্গজীব শিবাজীকে রাজা বলিয়া স্বীকার করিলেন। কিন্তু ১৬৬৯ খৃঃ অব্দে পুনরায় যুদ্ধ আরম্ভ হইয়া গেল। শিবাজী হৃত দুর্গগুলি উদ্ধার করিতে লাগিলেন এবং দ্বিতীয়বার সুরাট লুণ্ঠন করিলেন (১৬৭০)। তারপর খান্দেশ হইতে 'চৌথ' আদায় করা হইল। ১৬৭২ খৃঃ অব্দে তিনি সুরাটেরও 'চৌথ' দাবী করিলেন। সর্বত্র বাদশাহী ফৌজ তাঁহার নিকট পরাভূত হইতে লাগিল। ১৬৭৪ খৃঃ অব্দে রায়গড়ে মহাসমারোহে তাঁহার অভিষেক হইল, তিনি 'ছত্রপতি' এবং 'গো-ব্রাহ্মণ-প্রতিপালক' উপাধি গ্রহণ করিলেন।

সুরাট লুণ্ঠন (১৬৭০)

অভিষেক (১৬৭৪)

তারপর ১৬৭৭ খৃঃ অব্দে 'ছত্রপতি' শিবাজী গোলকণ্ডার সুলতানের সহিত সন্ধি করিয়া বিজাপুর রাজ্যের কর্ণাট প্রদেশ আক্রমণ করিলেন। সহজেই কর্ণাটের অন্তর্গত জিঞ্জি তাঁহার হস্তগত হইল; তারপর তিনি ভেল্লোর (Vellore) অধিকার করিলেন (১৬৬৮)। বর্তমান মহীশূরের কিয়দংশও তাঁহার অধিকারভুক্ত হইল। শিবাজীর প্রবল নৌ-শক্তি ছিল এবং মুঘল নৌ-বাহিনীর অধ্যক্ষ আফগান ফতে খাঁর সহিত তাঁহার সংঘর্ষ লাগিয়াই ছিল। ক্রমাগত পরাজয়ে বিক্ষুব্ধ হইয়া একবার ফতে খাঁ বোম্বাইয়ের দক্ষিণে জিঞ্জিরা বন্দরটি শিবাজীকে দিতে রাজী হওয়ায় অন্যান্য নৌ-কর্মচারিগণ মুঘল সম্রাটের অনুমতিক্রমে ইংরাজদের সাহায্য ভিক্ষা চাহিল। সম্মিলিত ইংরাজ ও মুঘল নৌ-বাহিনীর নিকট শিবাজীর পরাজয় ঘটে। কিন্তু শিবাজী পর বৎসর ইংরাজদের বাণিজ্যকেন্দ্র সুরাট বন্দরটি অধিকার করিয়া পূর্ব আক্রোশ মিটাইলেন। ১৬৮০ খৃঃ অব্দে শিবাজী পরলোকগমন করেন।

জিঞ্জি ও ভেল্লোর অধিকার

শিবাজীর মৃত্যু (১৬৮০)

চরিত্র ও কৃতিত্ব।—শিবাজীর চরিত্র ও কৃতিত্ব সম্বন্ধে ঐতিহাসিকগণ অতি উচ্চ ধারণা পোষণ করিয়া থাকেন। সামান্য একজন জায়গীরদারের পুত্র হইয়া

শিবাজীর কৃতিত্ব

তিনি কেবল নিজের প্রতিভাবলে ও কর্মদক্ষতায় এক বিস্তীর্ণ স্বাধীন রাজ্য স্থাপন করিয়া যাইতে পারিয়াছিলেন। বিশেষতঃ একদিকে বিজাপুর রাজ্যের বিরোধিতা, আর একদিকে ঔরঙ্গজীবের বিপুল শক্তি তাঁহাকে পদে পদে বাধা দিয়াছে। তথাপি এই অদ্ভুতকর্মা মারাঠাবীর এক স্বাধীন হিন্দুরাজ্য স্থাপন করিয়া আপনার

জাতি-স্রষ্টা

সঙ্কল্প কার্যে পরিণত করিয়াছিলেন। মারাঠা জাতির গঠনকর্তা বলিয়াই তিনি সমধিক প্রসিদ্ধ। তাঁহার মৃত্যুর পর প্রায় এক শতাব্দী ধরিয়া মারাঠারা ভারতের সর্বপ্রধান শক্তিরূপে পরিগণিত হইয়াছিল। ইহাই তাঁহার কৃতিত্বের সর্বশ্রেষ্ঠ নিদর্শন।

শিবাজীর কৃতিত্বের কথা ছাড়িয়া দিয়া কেবল তাঁহার ব্যক্তিগত জীবনের দোষ-গুণ আলোচনা করিলেও, তাঁহার চরিত্রের বিশেষত্ব সকলকে মুগ্ধ করে। কষ্ট-

শিবাজীর চরিত্র

সহিষ্ণুতা, সাহস, বুদ্ধি, প্রত্যুৎপন্নমতিত্ব, সমরকৌশল, প্রভৃতি বিবিধ সদ্‌গুণের সমাবেশে তাঁহার চরিত্র বাস্তবিকই প্রশংসনীয়। কর্মক্ষেত্রে সাফল্যলাভের জন্য অবশ্য তিনি ছল ও প্রতারণার আশ্রয় লইতে দ্বিধা করিতেন না। তখনকার রাজনীতিতে তাহা একরকম অপরিহার্য ছিল। হিন্দু বিদ্বেষী মুস্‌লিম ঐতিহাসিক কাফি খাঁ তাঁহাকে 'নরকের কুকুর', 'শয়তানের অবতার', প্রভৃতি বলিয়া গালি দিয়া গিয়াছেন, অথচ তিনিও শিবাজীর ন্যায়-নিষ্ঠা ও উদারতা সম্বন্ধে ভূয়সী প্রশংসা করিয়া গিয়াছেন। হিন্দুধর্মে পরম নিষ্ঠাবান্ হইলেও অন্য ধর্মের প্রতি তাঁহার কোন বিদ্বেষ বা হিংসা ছিল না। তিনি তাঁহার অনুচরদিগকে অপরের ধর্মস্থান বা ধর্মগ্রন্থের কোন ক্ষতি করিতে বার বার নিষেধ করিয়া দিয়াছিলেন। নারীজাতির প্রতি তাঁহার অপরিসীম শ্রদ্ধা ছিল এবং জাতি-ধর্ম-নির্বিশেষে তাঁহাদের সম্মান রক্ষার জন্য তিনি সর্বদা অবহিত থাকিতেন। মস্‌জিদের খরচ নির্বাহের জন্যও তিনি নিষ্কর ভূমি দান করিয়াছেন; লুণ্ঠন-ব্যাপারে কোর্-আন্ তাঁহার হস্তগত হইলে মুসলমান অনুচরকে তাহা উপহার দিতেন। মুসলমান ফকির দরবেশকেও সম্মান প্রদর্শন করিতে তিনি ইতস্ততঃ করিতেন না।

শিবাজীর শাসনব্যবস্থা।—শিবাজীর শাসনব্যবস্থাতে রাজাই ছিলেন রাজ্যের সর্বময় কর্তা। আটজন মন্ত্রী বা 'প্রধান' শাসনকার্যে তাঁহাকে সাহায্য করিতেন। প্রধানমন্ত্রী 'মুখ্যপ্রধান' বা 'পেশবা' নামে অভিহিত হইতেন। রাজ্যশাসনের জন্য হিন্দুপ্রথার আদর্শে পৃথক্ পৃথক্ বিভাগ নির্দিষ্ট ছিল। সর্বশুদ্ধ প্রায় ত্রিশটি বিভাগ ছিল। মন্ত্রীরা এক একজন এইরূপ একাধিক বিভাগের কর্তৃত্ব করিতেন। শাসন-সংক্রান্ত গুরুতর কার্যে রাজা মন্ত্রীসভার পরামর্শ গ্রহণ করিতেন। প্রাদেশিক শাসকগণ প্রত্যেকে আটজন উচ্চপদস্থ কর্মচারীর সহায়তায় নিজ নিজ প্রদেশ শাসন করিতেন।

রাজতন্ত্র

অষ্টপ্রধান

প্রাদেশিক শাসন

সৈন্যদলের অধ্যক্ষেরা বিভিন্ন শ্রেণীতে বিভক্ত ছিলেন। নিম্নতম অধ্যক্ষের উপাধি ছিল 'নায়ক', নায়কের পর 'হাবিলদার', তারপর 'জুমলাদার'। সর্বপ্রধান সৈন্যাধ্যক্ষের উপাধি ছিল 'সর্ণোবৎ' বা সেনাপতি। পদাতিক ও অশ্বারোহী দলের উপর এক একজন করিয়া মোট দুইজন 'সর্ণোবৎ' থাকিতেন। আবার সকলের উপর ছিলেন একজন প্রধান সেনাপতি; তিনি মন্ত্রিসভার অন্যতম সদস্য ছিলেন। অশ্বারোহী সৈন্যদের অধিকাংশ ছিল 'বার্গীর' (বর্গী) আর কতক ছিল 'শিলাদার'। বার্গীর-গণ সরকারী অশ্বারোহী; রাজসরকার হইতে তাহাদিগকে অস্ত্রশস্ত্র, পোষাক-পরিচ্ছদ, অশ্ব ও বেতন দেওয়া হইত। রাজপুত-আদর্শে শিলাদারেরা গড়িয়া তুলিয়াছিল জাতীয় সৈন্যদল (national militia)। তাহারা নিজেরাই অস্ত্রশস্ত্র, অশ্ব, পোষাক, প্রভৃতি লইয়া আসিত এবং সৈন্যদলে যোগ দিয়া নির্দিষ্ট সময়ের জন্য কাজ করিত; সেজন্য সরকার তাহাদিগকে অর্থ সাহায্য করিতেন। শিবাজী সৈন্যদলে কঠোর নিয়মানুবর্তিতা (discipline) প্রচলন করিয়াছিলেন। সৈন্যদলে এবং সেনানিবাসগুলিতে স্ত্রীলোকের প্রবেশ নিষিদ্ধ ছিল। সৈন্যদের সঙ্গে নিতান্ত অপরিহার্য দ্রব্যাদি ব্যতীত কোনরূপ উপকরণের বাহুল্যও থাকিতে পাইত না। ক্ষিপ্রতায় সে-যুগে মারাঠা সৈন্যদের সমকক্ষ কেহ ছিল না। তাহারা প্রায়ই সম্মুখ যুদ্ধ পরিহার করিয়া অতর্কিতে শত্রুদলের পার্শ্বদেশ বা পশ্চাদ্‌ভাগ আক্রমণ করিয়া তাহাদের ছিন্নভিন্ন করিয়া দিত, রসদ লুঠিয়া লইয়া যাইত এবং তাহাদের বিড়ম্বনার চূড়ান্ত করিয়া ছাড়িত। কিন্তু লুণ্ঠিত দ্রব্যাদি ছিল সরকারী সম্পত্তি। শিবাজীর শক্তিকেন্দ্র ছিল তাঁহার অসংখ্য গিরি-সঙ্কট (Pass) ও পার্বত্য

সৈন্য-বিভাগ

বার্গীর ও শিলাদার

শৃঙ্খলা

দুর্গ। তিনি ছিলেন সর্বসমেত দুইশত চল্লিশটি দুর্গের অধিকারী। যাহাতে দুর্গাধ্যক্ষরা বিশ্বাসঘাতকতা করিয়া শত্রুপক্ষের হাতে দুর্গ সমর্পণ করিতে না পারেন, সেজন্য প্রত্যেকটি দুর্গের কর্তৃত্বভার তিনজন করিয়া অধ্যক্ষের উপর ন্যস্ত ছিল। শিবাজী সৈন্যাধ্যক্ষগণকে জায়গীরের পরিবর্তে পদমর্যাদা অনুসারে বেতন দিতেন।

জায়গীর প্রথা লোপ

শিবাজীর নৌ-বহর (Navy)

শিবাজীর দূরদৃষ্টির আর একটি নিদর্শন ছিল তাঁহার নৌ-বহর গঠন। তাঁহার নৌ-বহর সে-যুগের ইউরোপীয় নৌ-বহর হইতে কোন অংশেই নিকৃষ্ট ছিল না। পর্তুগীজ, ইংরাজ ও ডাচ্‌দের সহিত সংঘর্ষে তিনি নৌযুদ্ধে কয়েকবার জয়লাভও করিয়াছিলেন।

রাজস্ব-নীতি

রাজস্ব-বিভাগেও শিবাজী শৃঙ্খলা আনয়ন করিয়াছিলেন। রাজস্ব আদায়ের নিমিত্ত তিনি সমগ্র রাজ্যটিকে কয়েকটি 'প্রান্ত' বা প্রদেশে বিভক্ত করেন। প্রত্যেকটি প্রান্ত কয়েকটি 'পরগণা'য় প্রত্যেকটি 'পরগণা' কয়েকটি 'তরফে', এবং প্রত্যেকটি 'তরফ' কতকগুলি 'গ্রামে' বিভক্ত ছিল। জমি জরিপ করিয়া তদনুযায়ী প্রত্যেক ভূমিখণ্ডের উপর উৎপন্ন দ্রব্যের পাঁচ-ভাগের দুই-ভাগ রাজকর ধার্য হইয়াছিল। কৃষকেরা সুবিধামত শস্য বা অর্থের দ্বারা রাজস্ব দিতে পারিত। শিবাজী জমি ইজারা দিবার প্রথা তুলিয়া দিয়াছিলেন। কৃষকদের নিকট হইতে যাহাতে রাজস্বের অতিরিক্ত আর কিছু আদায় না হয়, সেদিকেও তিনি তীক্ষ্ণ দৃষ্টি রাখিতেন। কিন্তু পর্বতসঙ্কুল মহারাষ্ট্র দেশে পর্যাপ্ত রাজস্ব আদায় হইত না। তাই শিবাজী অন্যান্য রাজ্য হইতে 'চৌথ' (রাজস্বের চতুর্থাংশ) ও 'সরদেশমুখী' (রাজস্বের দশমাংশ) আদায় করিতেন। যে সকল রাজ্য এই কর দিতে অস্বীকৃত হইত, মারাঠা সৈন্যগণ সেই সকল রাজ্য আক্রমণ করিয়া লুণ্ঠন করিত। মারাঠা সৈন্যের অত্যাচার হইতে রক্ষা পাইবার জন্য পার্শ্ববর্তী বহু রাজ্য এই কর দিতে স্বীকৃত হইয়াছিল। চৌথ ও সরদেশমুখী হইতে মারাঠা রাজ্যের প্রভূত অর্থাগম হইত। শিবাজীর পূর্বেও চৌথ-প্রথা বিদ্যমান ছিল। অধিকন্তু শিবাজী 'সরদেশমুখী' নামে রাজস্বের এক-দশমাংশ আদায় করিতেন।

রাজকর

চৌথ ও সরদেশমুখী

(খ) শিবাজীর উত্তরাধিকারিগণ

শিবাজীর পর তাহার পুত্র শান্তাজী বা শম্ভুজী সিংহাসনে আরোহণ করিলেন (১৬৮০)। তাঁহার রাজত্বকালে মারাঠা রাজ্যে বিশৃঙ্খলা উপস্থিত হইল। এই সুযোগে ঔরঙ্গজীব মারাঠা রাজ্য আক্রমণ করিয়া শম্ভুজীকে বন্দী করেন এবং অনুচরসহ তাঁহাকে হত্যা করেন (১৬৮৯)। শম্ভুজীর সাত বৎসর বয়সের শিশুপুত্র শাহু বা ২য় শিবাজীকে ঔরঙ্গজীব নিজ অন্তঃপুরে নজরবন্দী রাখিয়া পালনের ব্যবস্থা করিলেন।

শম্ভুজী (১৬৮০-'৮৯)

শাহু

তখন শিবাজীর (১ম) দ্বিতীয় পুত্র রাজারামকে মারাঠাগণ রাজা বলিয়া স্বীকার করিয়া লইল। রাজারাম মহারাষ্ট্র হইতে পলায়ন করিয়া কর্ণাটের অন্তর্গত জিঞ্জিতে গিয়া আশ্রয় লইয়াছিলেন। কিন্তু মহারাষ্ট্রের ব্রাহ্মণমন্ত্রী রামচন্দ্র পন্ত অশেষ কৌশলে রাজ্যরক্ষা করিতে লাগিলেন, আর সৈন্যাধ্যক্ষ সান্তাজী ঘোড়পাড়ে ও ধনাজী যাদব ক্রমাগত আক্রমণে বাদশাহী ফৌজকে বিব্রত ও শক্তিহীন করিয়া বেড়াইতে লাগিলেন। ১৭০০ খৃঃ অব্দে রাজারামের মৃত্যু হয়।

রাজারাম (১৬৮৯-১৭০০)

রাজারামের মৃত্যুর পর তাঁহার পত্নী তারাবাঈ তাঁহার নাবালক পুত্র ৩য় শিবাজীর অভিভাবিকা হইয়া রাজ্যশাসন করিতে লাগিলেন। তাঁহার রাজধানী ছিল সাতারা। তাঁহার নেতৃত্বে মারাঠারা অমিতবিক্রমে মুঘলদের বিরুদ্ধে যুদ্ধ করিতে লাগিল। দুর্ধর্ষ মারাঠারা কেবল যে বাদশাহী ফৌজকেই বিব্রত করিয়া বেড়াইতে লাগিল তাহাই নয়, পার্শ্ববর্তী প্রদেশগুলিও আক্রমণ করিয়া বিপর্যস্ত করিয়া ফেলিতে লাগিল। এই যুদ্ধবিগ্রহের মধ্যেই বৃদ্ধ ঔরঙ্গজীব মৃত্যুমুখে পতিত হইলেন। তাঁহার মৃত্যুর অনতিকাল পরেই শাহু মুক্তিলাভ করিয়া দেশে ফিরিয়া আসিলেন। তখন শাহু (২য় শিবাজী) এবং ৩য় শিবাজীর মধ্যে কে মারাঠা রাজ্যের ন্যায্য উত্তরাধিকারী তাহা লইয়া গৃহযুদ্ধ আরম্ভ হইল। কিছুকাল যুদ্ধবিগ্রহের পর বালাজী বিশ্বনাথ নামে এক ব্রাহ্মণের সহায়তায় শাহু ২য় শিবাজী সাতারায় রাজা হইলেন। ৩য় শিবাজী কোলাপুরে রাজত্ব করিতে লাগিলেন (১৭০৮)। ১৭১২ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু হইলে তাঁহার বৈমাত্রেয় ভ্রাতা শম্ভুজী (২য়) কোলাপুরে রাজা হইলেন। ৩য় শিবাজীর পুত্র রামরাজাকে শাহু দত্তক পুত্ররূপে গ্রহণ করেন। শাহুর মৃত্যুর পর পেশবা বালাজী বাজীরাও রামরাজাকে আজীবন (১৭৭৭) কারাগারে বন্দী করিয়া রাখেন।

তারাবাঈ, ২য় শিবাজী

(গ) পেশবাবংশের অভ্যুত্থান

বালাজী বিশ্বনাথ (১৭১৪—'২০)।—১৭১৪ খৃঃ অব্দে শাহু বালাজী বিশ্বনাথকে পেশবা বা প্রধানমন্ত্রীর পদে নিয়োগ করিলেন। তিনি স্বীয় প্রতিভা ও কর্ম-দক্ষতার বলে শীঘ্রই রাজ্যের সর্বময় কর্তা হইয়া উঠিলেন।

পেশবা পদ প্রাপ্তি

বাদশাহ্ ফর্‌রুখ্‌সিয়রের নিকট হইতে বালাজী বিশ্বনাথ শাহুর নামে এক সনদ বা ফরমান্ আদায় করেন (১৭১৯)। এই সনদে সম্রাট মারাঠারাজকে দাক্ষিণাত্যের ছয়টি সুবা (খান্দেশ, বেরার, বিদর, ঔরঙ্গাবাদ, হায়দারাবাদ ও বিজাপুর) হইতে 'চৌথ' ও 'সরদেশমুখী' আদায়ের অধিকার দান করেন। বিনিময়ে শাহু বাদশাহ্‌কে বার্ষিক দশ লক্ষ টাকা কর এবং যুদ্ধকালে ১৫ হাজার অশ্বারোহী সৈন্য দিয়া সাহায্য করিতে স্বীকৃত হন। ইহাতে কার্যতঃ দাক্ষিণাত্যের আধিপত্য বাদশাহের হস্ত হইতে মারাঠাদের হস্তে চলিয়া যায়।

চৌথ আদায়ের সনদ-লাভ

শিবাজীর মৃত্যুর পর মারাঠা রাজ্যে জায়গীর-প্রথা পুনঃপ্রবর্তন করা হইয়াছিল, এবং সেই সুযোগে জায়গীরদারেরা নিজ নিজ ক্ষমতা বৃদ্ধি করিবার সুযোগ পাইয়াছিলেন। বালাজী প্রত্যেক জায়গীরদারকে নিয়মিতভাবে চৌথ আদায়ের জন্য নির্দিষ্ট কর্মক্ষেত্র ভাগ করিয়া দিলেন এবং তাঁহারাও সানন্দে চারিদিকে লুণ্ঠন করিয়া বেড়াইতে লাগিলেন।

জায়গীর-প্রথা

১৭২০ খৃঃ অব্দে বালাজী বিশ্বনাথের মৃত্যু হইল। তাঁহার সময় হইতেই শিবাজীর বংশ-ধরগণ নামে মাত্র রাজা রহিলেন এবং পেশবাগণই রাজ্যের প্রকৃত নিয়ামক হইয়া উঠিলেন।

১ম বাজীরাও (১৭২০—'৪০)—বালাজী বিশ্বনাথের মৃত্যুর পর তাঁহার পুত্র বাজীরাও পেশবা পদ লাভ করিলেন। তিনি পিতা অপেক্ষাও কর্মকুশল ছিলেন, এবং কর্মক্ষমতায় পেশবাদের মধ্যে ছিলেন সর্বশ্রেষ্ঠ। বাদশাহী প্রভুত্ব ধ্বংস করিয়া তিনি সমগ্র ভারতে হিন্দুপ্রাধান্য-স্থাপনের সঙ্কল্প করিলেন এবং এই উদ্দেশ্যে ভারতময় 'হিন্দু-পদ-পাদ্‌শাহী' আদর্শ প্রচার করিতে লাগিলেন। বাজীরাওয়ের 'হিন্দু-পদ-পাদশাহী' আদর্শ সহজেই হিন্দুদের চিত্ত আকর্ষণ করিল এবং অনায়াসে মালব ও গুজরাটে মারাঠা-প্রভুত্ব স্থাপিত হইল। রাজা ছত্রসালকে মুস্‌লিমদের বিরুদ্ধে সাহায্য করার মূল্যস্বরূপ বুন্দেলখণ্ড রাজ্যের একাংশ মারাঠারা অধিকার করিয়া

'হিন্দু-পদ-পাদ্‌শাহী' আদর্শ

লইল। এদিকে দাক্ষিণাত্যেও বাদশাহের সেনাপতি মারাঠাদের নিকট পরাভূত হইলেন। অবশেষে ১৭৩৮ খৃঃ অব্দে মারাঠা সৈন্যদল দিল্লীর উপকণ্ঠে উপনীত হইলে শক্তি-হীন বাদশাহ্ (মুহম্মদ শাহ্) প্রমাদ গণিয়া নিজাম-উল্-মুল্‌ক্‌কে (কমরউদ্দীন) বাজীরাওয়ের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিতে আদেশ দিলেন। নিজামও মারাঠাদের প্রভাব-বিস্তারে আপনাকে নিরাপদ মনে করিতে পারিতেছিলেন না। কিন্তু যুদ্ধে নিজামই পরাজিত হইলেন (১৭৩৮)। তারপর মারাঠারা নৌ-শক্তিবলে সাল্‌সেটি ও বেসিন হইতে পর্তুগীজদিগকে তাড়াইয়া দিল (১৭৩৮)। নাদির শাহের ভারত-আক্রমণে বাজীরাও তাঁহার বিরুদ্ধে যুদ্ধযাত্রার আয়োজন করিতেছিলেন। এমন সময় মাত্র ৪২ বৎসর বয়সে তাঁহার মৃত্যু হইল (১৭৪০)।

মারাঠা রাজ্যপঞ্চক।—জায়গীর-প্রথার পুনঃপ্রবর্তনে বিস্তৃত মারাঠা সাম্রাজ্যের এক এক কেন্দ্রে ক্রমশঃ এক একজন সেনাপতি আপন আপন প্রাধান্য স্থাপন করেন। মালব-দেশে রণোজী সিন্ধিয়া এবং মল্‌হর রাও হোলকার বিস্তীর্ণ জায়গীর প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহা-দের বংশধরগণ সামন্ত (feudal) নরপতিরূপে যথাক্রমে গোয়ালিয়র এবং ইন্দোর রাজ্য শাসন করিতে লাগিলেন। এই মালবদেশেই পবারবংশ একটি ক্ষুদ্র জায়গীর প্রাপ্ত হন। তাঁহাদের রাজধানী ছিল বিক্রমাঙ্ক-চরিতে প্রসিদ্ধ ধারা নগরী। বেরার (বিদর্ভ) প্রদেশে রঘুজী ভোঁসলা পেশবাদের অভ্যুদয়ের পূর্বেই জায়গীর লাভ করিয়াছিলেন। এইভাবে বেরারে ভোঁসলা বংশের প্রতিপত্তি স্থাপিত হয়। পিলাজী গায়কবাড় গুজরাটে প্রতিষ্ঠিত হইলেন এবং বরো-দায় গায়কবাড় রাজ্যের উদ্ভব হইল। এই পাঁচটি রাজ্য ব্যতীত স্বয়ং পেশবার অধীনে রহিল পুনা রাজ্য। বিভিন্ন মারাঠা রাজ্যগুলি, পেশবার কর্তৃত্বাধীনে ক্ষীণসূত্রে গ্রথিত হইলেও, কার্যতঃ স্ব-স্ব-প্রধান ছিল। এই রাষ্ট্রীয় বিচ্ছিন্নতাই হইল মারাঠা শক্তির আশু পতনের অন্যতম কারণ।

বালাজী বাজীরাও (১৭৪০—'৬১)।—১ম বাজীরাওয়ের মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠ পুত্র বালাজী বাজীরাও পেশবা নিযুক্ত হইলে পেশবা-পদ বালাজী বিশ্বনাথের উত্তরাধিকারিগণের বংশগত হইয়া পড়ে। তথাকথিত ছত্রপতি শাহুও মৃত্যুর পূর্বে পেশবাকেই রাজ্যের সর্বময় কর্তৃত্ব দান করিয়া যান (১৭৪৯)। বালাজী বাজীরাও পুনায় রাজধানী স্থাপন করিয়া অপ্রতিহত প্রতাপে মারাঠা সাম্রাজ্য শাসন করিতে

পেশবা-পদ বংশানুক্রমিক

থাকেন। কিন্তু এই সময়ে তারাবাঈয়ের সহিত পেশবার সংঘর্ষ হয়। পরিশেষে তারাবাঈকে যুদ্ধে পরাজয় স্বীকার করিতে হইল এবং তারাবাঈয়ের পৌত্র রামরাজা আজীবন (১৭৪৯—'৭৭) সাতারা দুর্গে পেশবার বন্দী হইয়া রহিলেন। ১ম বাজীরাও মারাঠা সাম্রাজ্যের আয়তন বাড়াইয়া গেলেও, অবিরত যুদ্ধ-বিগ্রহের

তারাবাঈয়ের পরাজয়



ফলে সরকারী তহবিল প্রায় শূন্য হইয়া আসিয়াছিল। বালাজী বাজীরাও পিতার 'হিন্দু-

পদ-পাদ্‌শাহী' আদর্শ ত্যাগ করিয়া অর্থসংগ্রহের জন্য মারাঠাদের সনাতন প্রথানুসারে ব্যাপক লুণ্ঠন আরম্ভ করিলেন। সেই অন্যায় পীড়নে হিন্দু-মুসলমান-নির্বিশেষে দেশের সকলেই মারাঠাদের প্রতি বীতশ্রদ্ধ হইয়া উঠিতে লাগিল। ভারতবর্ষে হিন্দু সাম্রাজ্য-স্থাপনের আদর্শ কলুষিত ও বিলুপ্ত-প্রায় হইয়া গেল। এদিকে ইব্রাহিম খাঁ গর্দি প্রভৃতি বিদেশী সৈন্যাধ্যক্ষ নিয়োগ, পাশ্চাত্ত্য রণনীতিতে শিক্ষাদান ও বিদেশী সৈন্য আমদানী করিয়া বালাজী দেশীয় সৈন্যবিভাগ হইতে জাতীয়ভাব ও ঐক্যবোধ প্রায় লোপ করিয়াছিলেন। তবুও এই সময়ই মারাঠা শক্তি সাম্রাজ্য-বিস্তারের যেন চরম সীমায় উপনীত হইয়াছিল। বালাজীর ভ্রাতা রঘুনাথ রাও বা রাঘোবা ১৭৫৮ খৃঃ অব্দে অনায়াসে পঞ্জাব অবধি অধিকার করিয়া ফেলিলেন। এদিকে ১ম বাজীরাওয়ের ভ্রাতুষ্পুত্র সদাশিব রাও নিজাম-উল্‌-মুল্‌কের পুত্র নিজাম আলীকে পরাজিত করিয়া অসীরগড় ও অন্যান্য কয়েকটি দুর্গ অধিকার করিলেন (১৭৬০)। সাময়িকভাবে সমগ্র ভারতে মারাঠা শক্তি যেন অপ্রতিদ্বন্দ্বী হইয়া উঠিল। কান্‌হোজি আংগ্রে প্রমুখ নৌ-বীরগণের চেষ্টায় মারাঠা নৌ-শক্তিও চরম উৎকর্ষলাভ করিল।

অর্থের জন্য উৎপীড়ন

মারাঠা শক্তির চরম বিকাশ

কিন্তু এ সৌভাগ্য স্থায়ী হইল না। রঘুনাথ রাও পঞ্জাব জয় করিয়া ফিরিয়া গেলে, আহ্‌মদ শাহ্‌ দুর্‌রাণী পঞ্চম বার ভারত আক্রমণ করিয়া অনায়াসে পঞ্জাব অধিকার করিয়া ফেলিলেন। তখন পেশবা তাঁহার সপ্তদশবর্ষীয় পুত্র বিশ্বাস রাওকে সেনাপতি করিয়া এক বিপুল বাহিনী প্রেরণ করেন। সেনাপতির পরামর্শদাতা সদাশিব রাও ছিলেন এই বাহিনীর প্রকৃত পরিচালক।

পানিপথের যুদ্ধের কারণ

পানিপথে উভয় দলের সাক্ষাৎ হইল। উত্তর-ভারতের অধিকাংশ মুস্‌লিম রাষ্ট্রনায়কগণ মারাঠাদের অভ্যুদয়ে শঙ্কিত হইয়া একে একে দুর্‌রাণীর সহিত যোগদান করিলেন। আবার মারাঠাদের অত্যাচারের ফলে পেশবাপক্ষ প্রধান প্রধান হিন্দু রাজার সহায়তা হইতেও বঞ্চিত হইল। এমন কি মারাঠী রঘুজী ভোঁসলাও সদাশিবের সহিত যোগদান করিলেন না। বিপুল পরাক্রমের সহিত যুদ্ধ করিয়া অবশেষে মারাঠা সৈন্য সম্পূর্ণরূপে পরাজিত হইল। বিশ্বাস রাও, সদাশিব রাও এবং প্রায় দুই লক্ষ মারাঠা সৈন্য যুদ্ধক্ষেত্রে প্রাণ হারাইলেন। দুঃখে, শোকে, হতাশা ও মর্মবেদনায় বালাজী বাজীরাও অল্পকাল পরেই মৃত্যুমুখে পতিত হইলেন।

পানিপথের ৩য় যুদ্ধ

পানিপথের তৃতীয় যুদ্ধে (১৭৬১) মারাঠা শক্তি একেবারে লোপ না পাইলেও বহুল পরিমাণে খর্ব হইল এবং ভারতব্যাপী হিন্দু সাম্রাজ্য-স্থাপনের আশা নির্মূল হইয়া গেল।

ইহার ফলাফল

এদিকে বহুকষ্টে জয়লাভ করিলেও এই যুদ্ধে আহ্‌মদ শাহ্‌ দুর্‌রাণীর বিশেষ কোন লাভ হয় নাই। সৈন্যদলে বিদ্রোহ উপস্থিত হওয়ায় তাঁহাকে হিন্দুস্থানের বাদশাহীর আশা বিসর্জন দিয়া কাবুলে ফিরিয়া যাইতে হইল। আবার যুদ্ধনিপুণ শিখদের অভ্যুদয়ের ফলে পঞ্জাবেও তিনি তাঁহার অধিকার রক্ষা করিতে পারেন নাই। তাঁহার সাহায্যকারী অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা এবং রোহিলা ও আফগান, প্রভৃতি রাষ্ট্রনায়কদেরও এই যুদ্ধের ফলে বিশেষ কিছু লাভ হয় নাই। পরবর্তী পেশবা মাধব রাও পুনরায় মারাঠা প্রভুত্ব বিস্তারের চেষ্টা করেন। বাদশাহ্‌ শাহ্‌ আলম মারাঠাদের সাহায্যে ও তাহাদের ক্রীড়াপুত্তলি-রূপেই দিল্লী প্রবেশ করিয়াছিলেন। তবুও একথা কিছুতেই অস্বীকার করা যায় না যে, পানিপথের পরাজয়ের পর মারাঠা শক্তি একেবারে দুর্বল হইয়া পড়িয়াছিল এবং সেইজন্যই ইংরাজগণ দাক্ষিণাত্যে (১৭৬১) ও বাঙ্গালাদেশে (১৭৫৭) নিজেদের প্রাধান্য বিস্তার করিয়া ৬০ বছরের মধ্যে মারাঠা শক্তি ধ্বংস করে (১৮১৮)।

মারাঠা রাজবংশ

(১) শিবাজী (জন্ম ১৬২৭, ঔরংজীব কর্তৃক রাজা উপাধি স্বীকার ১৬৭৪ খৃঃ ; মৃত্যু ১৬৮০ খৃঃ)

(২) শম্ভুজী (১৬৮০-'৮৯)

(৫) দ্বিতীয় শিবাজী (১৭০৭-'৪৯)
(সাতারায় রাজত্ব করেন)

(৩) রাজারাম (১৬৮৯-১৭০০)

(৪) তৃতীয় শিবাজী (১৭০৮-'১২)
(কোলাপুরে রাজত্ব করেন)

(৬) রামরাজা (১৭৪৯-৭৭) (শাহুর দত্তকপুত্র)

(৭) দ্বিতীয় শাহু (দত্তকপুত্র)

প্রশ্নাবলী

১। শিবাজীর জীবনী সংক্ষেপে বর্ণনা কর এবং তাঁহার চরিত্রের সমালোচনা কর।

২। শিবাজীর শাসনব্যবস্থার সংক্ষিপ্ত বিবরণ দাও।

৩। শিবাজীর নেতৃত্বে মারাঠা জাতির অভ্যুত্থানের বর্ণনা দাও। তাঁহার আদর্শ কি ছিল?

৪। রাজা শাহুর মৃত্যু হইতে পানিপথের তৃতীয় যুদ্ধ পর্যন্ত মারাঠা জাতির ইতিহাস সংক্ষেপে বর্ণনা কর।

৫। প্রথম তিনজন পেশবার নেতৃত্বাধীনে মারাঠা শক্তির বিকাশ বর্ণনা কর এবং মুঘল সাম্রাজ্য ধ্বংস-সাধনে তাঁহাদের অবলম্বিত নীতির পরিচয় দাও। মারাঠা শক্তির পতনের কারণ কি?

৬। ১৭৬১ খৃঃ অব্দে পানিপথের তৃতীয় যুদ্ধে মারাঠাদের পরাজয়ের কারণ দেখাও। এই যুদ্ধের ফল কিরূপ হইয়াছিল?

সময়-রেখা

খ্রীষ্টাব্দ	বংশ	ঘটনা
৯৯৭		মাহ্‌মূদ গজনীর সুলতান
১০০১–১০২৬		মাহ্‌মূদের ভারত আক্রমণ
১১৫৮		বল্লালসেন
১১৯২		পৃথ্বীরাজের পরাজয় ও মুহম্মদ ঘোরীর ভারতে রাজ্য স্থাপন
১২০৬-১০	দাসবংশ	কুতবউদ্দীন
১২১১-৩৬	দাসবংশ	ইলতুৎমিস
১২৯৬–১৩১৬	খল্‌জী বংশ	আলাউদ্দীন
১৩২৫–১৩৫১	তুগ্‌লুক বংশ	মুহম্মদ বিন্ তুগ্‌লুক
১৩৯৮	তুগ্‌লুক বংশ	তায়মুরলঙ্গের ভারত আক্রমণ
১৪১৪–১৪২১	সৈয়দ বংশ	খিজ্‌র খাঁ
১৫১৭-২৬	লোদীবংশ	ইব্রাহিম লোদী
১৫২৬		প্রথম পানিপথের যুদ্ধ, বাবরের জয়লাভ ও দিল্লীর সুলতানী সাম্রাজ্যের পতন

সময়-রেখা

খৃষ্টাব্দ			
১৫০০	মুঘল সাম্রাজ্য		
		১৫২৬	প্রথম পানিপথের যুদ্ধ, বাবরের মুঘল সাম্রাজ্য স্থাপন
		১৫৩০	হুমায়ূন (শের শাহ্, ১৫৪০-৪৫)
১৫৫০		১৫৫৬	দ্বিতীয় পানিপথের যুদ্ধ
		১৫৫৬-১৬০৫	আকবর
১৬০০			ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির ভারতে বাণিজ্য করিবার সনদলাভ
		১৬০৫-২৭	জহাঙ্গির
		১৬২৭-৫৮	শাহ্জহান (শিবাজী, ১৬২৭-৮০)
১৬৫০		১৬৫৮-১৭০৭	ঔরঙ্গজীব
		১৬৬২-৬৩	মীর জুম্লার আসাম অভিযান
		১৬৯০	কলিকাতা স্থাপন
১৭০০			
		১৭৩৯	নাদির শাহের ভারত-আক্রমণ
১৭৫০		১৭৬১	তৃতীয় পানিপথের যুদ্ধ, মারাঠাদের পতন, মুঘল সাম্রাজ্যের অবসান

স্বদেশ ও সভ্যতা

(উচ্চতর মাধ্যমিক সংস্করণ)

তৃতীয় খণ্ড

একাদশ শ্রেণীর পাঠ্য

পঞ্চবিংশ অধ্যায়

ইউরোপীয় বণিকদিগের আগমন

(Advent of the European Traders)

পূর্বাভাষ।—পঞ্চদশ শতাব্দীর শেষে ভারতে ইউরোপীয় জাতির আবির্ভাব ঘটে। তাহারা আসিয়াছিল ব্যবসায়-ব্যপদেশে সমুদ্র বাহিয়া দক্ষিণ পথ দিয়া। মুসলমানদের মত তাহাদের সহিতও হিন্দুদের সংস্কৃতিগত বা ধর্মগত কোন যোগ ছিল না। তথাপি বিজ্ঞানের উৎকর্ষে এবং প্রবল মনন ও কর্মশক্তির প্রভাবে নীতি-তুর্বল ও উদ্যমহীন ভারতীয় মনকে আলোড়িত করিয়া ইউরোপীয়েরা এদেশে যেন এক আমূল পরিবর্তনের সূচনা করিয়াছে।

অতি প্রাচীনকালেই ভারত ও ইউরোপের মধ্যে বাণিজ্য-সম্বন্ধ স্থাপিত হইয়াছিল।

প্রাচ্য ও পাশ্চাত্ত্যের বাণিজ্যিক সম্বন্ধ

এই বাণিজ্যে জলপথ ও স্থলপথ তুই-ই ব্যবহৃত হইত। এই বাণিজ্যপথ ধরিয়া ভারতীয় শিল্প ও সভ্যতা দূরদূরান্তে বিস্তৃত হইয়া পড়িয়াছিল।

মধ্যযুগে আরব জাতির অভ্যুত্থানের ফলে ইউরোপ ও প্রাচ্য দেশের মধ্যে বাণিজ্য প্রধানতঃ আরব বণিকদের হাতে চলিয়া গেল। ইহারা পূর্বভারতীয় দ্বীপপুঞ্জ, মালয়, চীন এবং ভারতবর্ষ হইতে নানাবিধ পণ্য লইয়া ভূমধ্যসাগর ও কৃষ্ণসাগরের উপকূলে অবস্থিত বন্দর-সমূহে উপস্থিত হইত ; এবং ইটালীয় বণিকরা এখান হইতে পণ্য ক্রয় করিয়া সারা ইউরোপে ও রাশিয়ায় বিক্রয় করিয়া প্রভূত লাভবান হইতে লাগিল। এই সময়েই গঙ্গা হইতে ভল্‌গা পর্যন্ত বাণিজ্য-পথ প্রসারিত হয়। ইটালীর ভেনিস ও জেনোয়া প্রভৃতি নগরগুলিও বিশেষ সমৃদ্ধিশালী হইয়া উঠিয়াছিল।

ইটালীর বণিকরা প্রাচ্য দেশের সহিত বাণিজ্য করিয়া এত লাভবান হইতেছে দেখিয়া ইউরোপের অপরাপর দেশের বণিকরা প্রাচ্য দেশের সহিত সরাসরি বাণিজ্য করিবার জন্য উদ্‌গ্রীব হইয়া উঠিল। কিন্তু আরব, তুর্কী এবং ইটালীয় বণিকরা, যে পথে তাহারা প্রাচ্য

ও পাশ্চাত্ত্য দেশের মধ্যে বাণিজ্য চালাইত, সে পথে তাহাদের আসিতে দিল না। বাণিজ্য-পথের কর্তৃত্ব তাহারা নিজেদের হাতেই রাখিল। সুতরাং অন্যান্য ইউরোপীয় দেশের বণিকরা তখন, আফ্রিকা মহাদেশ ঘুরিয়া, প্রাচ্য দেশে আসিবার নূতন জলপথ আবিষ্কারের চেষ্টায় প্রবৃত্ত হইল। এই কার্যে অগ্রণী হইল পর্তুগাল ও স্পেন।

পর্তুগীজদের আগমন।—পঞ্চদশ শতাব্দীর শেষভাগ হইতে রুশ নিকিটিন্ ও অন্য ইউরোপীয় বণিকগণ তুর্কী ও আরবগণের মধ্যস্থতা উপেক্ষা করিয়া ভারতবর্ষের সহিত প্রত্যক্ষ বাণিজ্য-সম্বন্ধ স্থাপনের জন্য উৎসুক হইয়া উঠিয়াছিল। ভারতবর্ষে আসিবার নূতন সমুদ্রপথ আবিষ্কার করিবার জন্য পর্তুগালের রাজ-সরকার নাবিকদিগের যথেষ্ট সাহায্য করিতে লাগিলেন। ১৪৮৮ খৃঃ অব্দে বার্থোলোমিউ ডিয়াজ (Diaz) নামে জনৈক পর্তুগীজ নাবিক আফ্রিকার উপকূল বাহিয়া অবশেষে ভারতমহাসাগরের 'উত্তমাশা' অন্তরীপে উপস্থিত হন। ইতালীয় কলম্বাস্ স্পেনরাজের আনুকূল্যে ভারতের বাণিজ্যপথ আবিষ্কার করিতে বারবার প্রয়াস পান এবং সৌভাগ্যক্রমে নূতন মহাদেশ আমেরিকা আবিষ্কার (১৪৯২) করিয়া তাহার নাম দেন ইণ্ডিস্। আসল ভারতবর্ষে নামিয়া পর্তুগীজ ভাস্কো-ডা-গামা জানাইয়া দিলেন। তখন আমেরিকার নূতন নাম হইল ওয়েষ্ট ইণ্ডিস্ (West Indies) এবং ভারত ও দক্ষিণ-এশিয়ার ভূখণ্ড ইষ্ট ইণ্ডিস্ (East Indies) নামে অভিহিত হইল। ডিয়াজের পথ অনুসরণ করিয়া ১৪৯৮ খৃঃ অব্দে পর্তুগীজ নাবিক ভাস্কো-ডা-গামা ভারতের উপকূলে আসিয়া উপনীত হন এবং কালিকটে অবতরণ করেন। কালিকটের রাজা বা 'জামোরিণ' তাঁহার প্রতি সৌহার্দ্যপূর্ণ ব্যবহার করিলেন। ভাস্কো-ডা-গামা তিনমাস কালিকটে অবস্থান করিয়া কিছু ভারতীয় পণ্য লইয়া দেশে ফিরিয়া গেলেন। তাঁহার সাফল্যে উৎসাহিত হইয়া ১৫০০ খৃঃ অব্দে কাব্রাল (Cabral) নামে আর একজন প্রসিদ্ধ পর্তুগীজ নাবিক কালিকটে প্রথম বাণিজ্য-কুঠি স্থাপন করিলেন। আরবেরা পর্তুগীজদের বিরোধিতা করায় পর্তুগীজরা আরবদিগের প্রতি নিষ্ঠুর অত্যাচার করিল। ইহাতে কালিকটের হিন্দুরাজা সামুদ্রিন বা 'জামোরিণ'ও তাঁহাদের প্রতি বিরূপ হইয়া উঠিলেন। ইহার ফলে কাব্রাল কালিকট ত্যাগ করিতে বাধ্য হইলেন। এই সময় জামোরিণের সহিত কোচিন ও অন্যান্য কয়েকটি

বার্থোলোমিউ ডিয়াজ

ভাস্কো-ডা-গামা (১৪৯৮)

কাব্রাল (১৫০০) —ভারতের অন্তর্দ্বন্দ্বে হস্তক্ষেপ

রাজ্যের রাজাদের দ্বন্দ্ব চলিতেছিল। সুচতুর কাব্রাল এই দ্বন্দ্বের সুযোগ লইয়া কোচিনের রাজার সহিত যোগদান করিয়া ভারতে পর্তুগীজ-বাণিজ্য বিস্তারের পথ সুগম করিতে সচেষ্ট হইলেন। এই সময় হইতেই পর্তুগীজদের লক্ষ্য হইল আরব বণিকদের বিতাড়িত করিয়া প্রাচ্য ও পাশ্চাত্ত্য দেশের মধ্যে বাণিজ্য পরিচালনার একচেটিয়া অধিকার লাভ করা।

১৫০২ খৃষ্টাব্দে ভাস্কো-ডা-গামা দ্বিতীয়বার ভারতে আসিয়া কোচিন ও ক্যানানোর নামক স্থানে বাণিজ্যকুঠি স্থাপন করিলেন। আরব বণিকরা পর্তুগীজদের বাণিজ্য-বিস্তারে বাধা দিলে উভয় পক্ষের মধ্যে তীব্র সংঘর্ষ দেখা দিল। নৌ-শক্তিশালী পর্তুগীজ জাতির অত্যাচারে আরবরা অতিষ্ঠ হইয়া উঠিল। ১৫০৫ খৃষ্টাব্দ হইতে পর্তুগীজ সরকার প্রাচ্যদেশে বাণিজ্য-স্বার্থ রক্ষার্থে একজন গভর্ণর নিয়োগ করিবার নীতি গ্রহণ করিলেন। প্রথম গভর্ণর আলমেডা (Francisco d' Almeida) কোচিন ও ক্যানানোর প্রভৃতি কয়েকটি স্থানে দুর্গ নির্মাণ করিলেন এবং জামোরিণের আক্রমণ হইতে কোচিনের রাজাকে রক্ষা করিয়া এই অঞ্চলে পর্তুগীজদের প্রভাব-প্রতিপত্তি সমধিক বৃদ্ধি করিলেন। প্রাচ্য দেশের বাণিজ্যের উপর একচেটিয়া অধিকার স্থাপনই ছিল তাঁহার একমাত্র লক্ষ্য।


পর্তুগীজ-আরব সংঘর্ষ



ভাস্কো-ডা-গামা

১৫০৯ খৃঃ অব্দে আল্‌বুকার্ক এদেশে পর্তুগীজদের গভর্ণর নিযুক্ত হন। তিনি ছিলেন ভারতবর্ষে পর্তুগীজ শক্তির প্রকৃত প্রতিষ্ঠাতা। ১৫১০ খৃঃ অব্দে তিনি হিন্দুপ্রধান গোয়া বন্দরটি অধিকার করিয়া খৃষ্টধর্ম প্রসার করিলেন। ভারতবর্ষে ইহাই হইল ইউরোপীয় সাম্রাজ্যবাদের প্রথম সূত্রপাত। দাক্ষিণাত্যে, শিয়াদের সহিত সুন্নীদের এবং সাধারণভাবে হিন্দু ও মুসলমানদের মধ্যে ক্রমান্বয় সংঘর্ষের ফলে, মুষ্টিমেয় পর্তুগীজদের আধিপত্য বাড়িতে লাগিল। সালসেটি, বেসিন, দমান, দিউ,

আল্‌বুকার্ক, গোয়া অধিকার (১৫১০)


পারস্য
বসরা
ওর্মুজ
আরব
মোচা
চীন
মেসিনা
ফরমোসা
ম্যাকাও
ফিলিপাইন
দ্বীপপুঞ্জ
সুরাট
হুগলী
বোম্বাই
পেগু
গোয়া
মসলিপত্তম
বঙ্গোপসাগর
মাদ্রাজ
কোচিন
সিংহল
আরব সাগর
মোম্বাসা
জাঞ্জিবার
ভারত মহাসাগর
আচিন
মালাক্কা
বোর্ণিও
সেলিবিস
মলুক্কাস
নিউগিনি
সুমাত্রা
বাটাভিয়া
বান্টাম
জাভা
টাইমর
নিউ হল্যাণ্ড
মোজাম্বিক
মাদাগাস্কার
আসাণ্ডা
প্রাচ্যে ইওরোপীয় উপনিবেশ
ব্রিটিশ
পোর্তুগীজ
স্পেনীয়
ওলন্দাজ

বোম্বাই, সান্থোম (মাদ্রাজের নিকটে) ও সিংহলের বহু স্থানে এবং বাঙ্গালায় হুগলী, বাণ্ডেল, ত্রিবেণী ও চট্টগ্রাম, প্রভৃতি বন্দরে তাহারা বাণিজ্যকুঠি এবং উপনিবেশ স্থাপন করিল। এজন্য বাঙ্গালা ভাষায় অনেক পর্তুগীজ শব্দ মিশিয়া গিয়াছে।

ভারতে বহু বাণিজ্যকুঠি স্থাপন

আল্‌বুকার্কের ছয় বৎসরব্যাপী শাসনকালের মধ্যে তিনি পারস্য উপসাগরের মুখে অবস্থিত ওর্মুজ দ্বীপ এবং পূর্ব সাগরে মলকা দ্বীপেও অধিকার বিস্তার করিয়া ভারত-মহাসাগরের উপরে প্রভুত্ব স্থাপন করেন। ভারতে পর্তুগীজ শক্তির কেন্দ্র হইল গোয়া; এখান হইতে আল্‌বুকার্ক শাসন পরিচালনা করিতে লাগিলেন। তিনি দূরদর্শী রাজনীতিক ছিলেন। তিনি উপলব্ধি করিয়াছিলেন যে, ভারতের অল্পসংখ্যক পর্তুগীজ উপনিবেশিকদের পক্ষে এ অঞ্চলে পর্তুগীজ আধিপত্য বজায় রাখা সম্ভব হইবে না। সুতরাং তিনি পর্তুগীজদের ভারতীয় নারী বিবাহ করিতে উৎসাহ দিলেন, যাহাতে একটি ইন্দো-পর্তুগীজ সমাজ গড়িয়া উঠে এবং ইহার সমর্থনে এদেশে ক্যাথলিক পর্তুগীজ আধিপত্য স্থায়িত্ব লাভ করে। আল্‌বুকার্ক হিন্দুদের প্রতি সদ্ব্যবহার করিতেন। কিন্তু মুসলমানদের প্রতি তিনি নিষ্ঠুর ব্যবহার করিয়াছেন। পর্তুগীজদের পরধর্ম-বিদ্বেষ, দুর্নীতি ও অকথ্য অত্যাচারের ফলে ক্রমে ভারতীয় রাজা ও প্রজারা অতিষ্ঠ হইয়া উঠে। এই দোষেই এশিয়ার বিরাট পর্তুগীজ সাম্রাজ্য শীঘ্র নিশ্চিহ্ন হইয়া যায়। অথচ পারস্য উপসাগর হইতে সুদূর চীন ও জাপান পর্যন্ত তাহারা অধিকার বিস্তার করিয়াছিল।

ভারত মহাসাগরে প্রভুত্ব বিস্তার

এদিকে পর্তুগীজরা অন্যান্য ইউরোপীয় জাতিকেও ভারতবর্ষে আসিয়া ব্যবসা-বাণিজ্য করিতে দিতে চাহিত না। তখন অন্যান্য ইউরোপীয় জাতির জলপথে প্রতিকূলতা এবং স্থলপথে ভারতীয় রাজাদের সহিত সংঘর্ষের ফলে, অধিকাংশ বন্দর হইতে পর্তুগীজদিগকে বিদায় লইতে হইল। স্বাধীন ভারতবর্ষে এখনও গোয়া, দমান ও দিউ পর্তুগীজদের অধিকারে রহিয়াছে।

পর্তুগীজ অধিকারের অবসান

অন্যান্য ইউরোপীয় জাতি।—প্রাচ্যের বাণিজ্যক্ষেত্রে প্রবেশ করিয়া ষোড়শ শতকে পর্তুগীজ জাতি দক্ষিণ-পূর্ব এশিয়ায় একটি বিস্তীর্ণ সাম্রাজ্য স্থাপিত করিল। পর্তুগীজের সাফল্য ও সৌভাগ্যে উৎসাহিত হইয়া অন্যান্য ইউরোপীয় জাতিও ভারত ও প্রাচ্যে বাণিজ্য করিবার জন্য উদ্যোগ করিল। ১৬০০

ইংরাজ কোম্পানী (১৬০০)

খৃঃ অব্দে ৩১শে ডিসেম্বর, ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী রাণী এলিজাবেথের নিকট হইতে 'পূর্ব-সমুদ্রে' বাণিজ্যের একাধিকার লাভ করে। ইহার কিছু পূর্বে উক্ত রাজ্যকালে ইংরাজ নাবিকগণ ক্যাথলিক স্পেন রাজ্যের নৌবহর (Armada) ধ্বংস করিয়া স্পেনীয় সাম্রাজ্যের ভিত্তি কাঁপাইয়া দিয়াছিল, এবং ড্রেক্‌প্রমুখ ইংরাজ নৌ-বীরগণ পৃথিবী প্রদক্ষিণ করিয়া প্রটেষ্টাণ্ট (Protestant) ব্রিটিশ সাম্রাজ্যকে বিশ্বব্যাপী করিয়া তুলিতে সচেষ্ট হইলেন।

ডাচ কোম্পানী ও ডেনিশ কোম্পানী

ফরাসী কোম্পানী

অষ্টেণ্ড কোম্পানী

সুইডেনের কোম্পানী

১৬০২ খৃঃ অব্দে ওলন্দাজ বা ডাচ্‌গণ ইউনাইটেড ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী গঠন করে। ১৬১৬ খৃঃ অব্দে দিনেমার বা ডেনগণও ভারতবর্ষে বাণিজ্যার্থে আর একটি কোম্পানী গঠন করিল। ১৬৬৪ খৃঃ অব্দে ফ্রেঞ্চ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী গঠিত হয়। তারপর ১৭২২ খৃঃ অব্দে বেলজিয়ামের ফ্লেমিশ বণিক্‌গণ অষ্টেণ্ড কোম্পানী নাম দিয়া নিজেদের এক বণিক্-সঙ্ঘ গঠন করে; এবং সর্বশেষে ১৭৩১ খৃঃ অব্দে সুইডেনের বণিকরা আর একটি ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী গঠন করে। এই সকল বণিক্-সঙ্ঘের মধ্যে ফ্লাণ্ডার্সের অষ্টেণ্ড কোম্পানী ব্যবসায়ে কখনই বিশেষ সুবিধা করিয়া উঠিতে পারেন নাই; আর সুইডেনের ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর বাণিজ্য চলিত প্রধানতঃ চীন দেশের সঙ্গে। অন্যান্য কোম্পানীগুলি ভারতবর্ষেই আপনাদের কর্মক্ষেত্র প্রসারের চেষ্টা সুরু করিল।

ডাচ-পর্তুগীজ বিরোধ।—প্রাচ্যে ক্যাথলিক পর্তুগীজদের প্রতিদ্বন্দ্বী হইল প্রটেষ্টাণ্ট ধর্মাবলম্বী ডাচ (ওলন্দাজ) ও ইংরাজগণ। ১৫৯৫ খৃষ্টাব্দে ডাচদের সহিত পর্তুগীজদের বিরোধের সূচনা হয়। এই সময় ডাচদের দেশ নেদারল্যাণ্ডে (হল্যাণ্ড) বহু বাণিজ্য-প্রতিষ্ঠান স্থাপিত হইয়াছিল। ১৬০২ খৃঃ অব্দে এই সকল ক্ষুদ্র ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলি মিলিত হইয়া ইউনাইটেড ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী নামে একটি সংযুক্ত বাণিজ্য-প্রতিষ্ঠান গঠন করিয়া পর্তুগীজ ও ইংরাজদের সহিত প্রতিযোগিতায় লিপ্ত হইল। ডাচরা মাদ্রাজের উত্তরে পলিকট নামক স্থানে তাহাদের প্রথম বাণিজ্যকুঠি নির্মাণ করে (১৬০৯)।

ভারতে ডাচ অধিকার

তাহার পরে সপ্তদশ শতাব্দীর মধ্যভাগ অতিক্রান্ত হইবার পূর্বেই ডাচরা সুরাত, চুঁচুড়া, কাশিমবাজার, পাটনা, বালেশ্বর, নাগপত্তন ও কোচিন প্রভৃতি কয়েকটি স্থানে বাণিজ্যকুঠি স্থাপন করিল। কিন্তু শীঘ্রই ডাচরা ভারত হইতে দৃষ্টি ফিরাইয়া লইয়া সিংহল,

জাভা ও পূর্ব-ভারতীয় দ্বীপপুঞ্জে বাণিজ্য বিস্তারের দিকে অধিক মনোনিবেশ করিল। পূর্ব-ভারতীয় দ্বীপপুঞ্জে তাহারা পর্তুগীজ ও ইংরাজদের পরাভূত করিয়া প্রাধান্য অর্জন করিল এবং তিন শতাব্দীব্যাপী একটি শক্তিশালী সাম্রাজ্য গড়িয়া তুলিল। এই অঞ্চলে ডাচদের প্রধান কর্মক্ষেত্র ছিল সুমাত্রা, জাভা, বোর্ণিও, সেলিবিস, নিউগিনি প্রভৃতি "দ্বীপময় ভারত" (Insular India)। জাভার অন্তর্গত বাতাভিয়া (অধুনা Jakarta) ছিল ইহাদের প্রধান শক্তিকেন্দ্র। প্রাচ্যখণ্ডে ডাচ ও ইংরাজদের সহিত প্রতিযোগিতায় পর্তুগীজ শক্তির পতন হইল। সপ্তদশ শতাব্দীতে ডাচরা প্রধান বণিকশক্তিরূপে পরিগণিত হইল। কিন্তু অষ্টাদশ শতাব্দীতে ডাচদের সহিত প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হইয়া ইংরাজ জাতি প্রাধান্য অর্জন করিয়া সাম্রাজ্য স্থাপনের পথে অগ্রসর হইল। এই শতাব্দীতে ইংরাজদিগের বাণিজ্য বিস্তার ও সাম্রাজ্য গঠনে প্রধান বাধা আসিয়াছিল ক্যাথলিক ফরাসী জাতির নিকট হইতে। ফরাসীদের পরাজিত করিয়াই ইংরাজ জাতি ভারতে সাম্রাজ্য স্থাপন করিতে সমর্থ হইয়াছিল।

পূর্ব-ভারতীয় দ্বীপপুঞ্জে ডাচ অধিকার

সপ্তদশ শতকে ডাচ পণ্ডিত আব্রাহাম রোজার (Abraham Roger) হিন্দুধর্ম ও ভর্তৃহরির 'কাব্যনিদর্শন' অবলম্বনে একটি গ্রন্থ মাদ্রাজের পলিকট (Paliacatta) প্রচার-কেন্দ্র হইতে প্রকাশ করেন (১৬৬০-৬৩)। পঞ্চতন্ত্রের পর ইহাই ইউরোপে প্রথম সংস্কৃত "শতক" কাব্যের নমুনা হিসাবে প্রসিদ্ধ। ইহার প্রায় এক শতাব্দী পরে ফরাসী পণ্ডিত Du Perron "আবেস্তা" ও "উপনিষৎ" গ্রন্থ এবং ইংরাজ পণ্ডিত Wilkins "ভগবদ্গীতা" প্রকাশ করিলেন; ফলে ক্রমশঃ ভারতের ধর্ম ও সাহিত্য সম্বন্ধে পাশ্চাত্যগণ সজাগ হইয়া উঠিলেন। বাতাভিয়াতে ডাচ পণ্ডিতরা এশিয়ার সর্বপ্রথম ঐতিহাসিক গবেষক সমিতি (Batavia Society) প্রতিষ্ঠিত করেন (১৭৭৮) এবং ইংরাজরা কলিকাতায় Asiatic Society (১৭৮৪) স্থাপন করেন।

পাশ্চাত্যজাতি ও ভারতীয় সংস্কৃতি

দিনেমার জাতি।—১৬৭৬ খৃঃ অব্দে কলিকাতার নিকটে শ্রীরামপুরে দিনেমারদের প্রধান বাণিজ্যকেন্দ্র স্থাপিত হয়। কিন্তু ব্যবসায়ে সুবিধা না হওয়ায় ১৮৪৫ খৃঃ অব্দে তাহারা বৃটিশ গভর্ণমেণ্টের কাছে তাহাদের কুঠিগুলি বিক্রয় করিয়া চলিয়া যায়। Rev. Carey ও Dr. Marshman, প্রভৃতি ব্যাপটিষ্ট মিশনারীদের বিখ্যাত শ্রীরামপুর ছাপাখানা,

কাগজের কল ও কলেজ ঊনবিংশ শতাব্দীর গোড়ায় শ্রীরামপুরে স্থাপিত হয় এবং কলেজের দলিলে ডেনরাজের দানপত্র উদ্ধৃত আছে।

ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী।—পর্তুগীজদের পর ডাচ, ইংরাজ ও ফরাসী এই তিনটি জাতিই 'পূর্ব-সমুদ্রে'র আধিপত্য লইয়া পরস্পর প্রতিদ্বন্দ্বিতা স্থরু করিল। একই কর্মক্ষেত্রে বিভিন্ন জাতির বণিকগণ বাণিজ্য করিতে থাকায় তাহাদের মধ্যে কলহ ও বিরোধ অবশ্যম্ভাবী হইয়া উঠে। ডাচগণ সিংহল ও বিশাল প্রাচ্য দ্বীপপুঞ্জ লইয়া বিশেষ ব্যস্ত থাকায়, ভারতবর্ষে ইংরাজ ও ফরাসীরা পরস্পরের বিরোধিতা করিতে লাগিল।

ইংরাজ-ডাচ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতা

রাণী এলিজাবেথের রাজত্বকালে অজেয় স্পেনিশ নৌবাহিনী বা 'আর্মাডার' পরাজয়ের পর হইতেই ইংরাজ জাতি ব্যবসা-বাণিজ্য বিস্তারের উদ্দেশ্যে সমুদ্রের উপর অপ্রতিহত আধিপত্য স্থাপনে অগ্রসর হইল এবং ইহার ফলেই পর্তুগীজ এবং ডাচ জাতির সহিত তাহাদের অনিবার্য সংঘর্ষ ঘটিল। ষোড়শ শতাব্দীর শেষ দশকে কয়েকজন দুঃসাহসিক ইংরাজ নাবিক মশলা-দ্বীপের (Spice Islands) সন্ধানে পূর্ব-সাগরে কয়েকটি অভিযান লইয়া গেল। তাহাদের এই প্রচেষ্টা আংশিক সাফল্য লাভ করিয়াছিল। ১৬০০ খৃষ্টাব্দের ৩১শে ডিসেম্বর দিনটি ইংরাজ জাতির ইতিহাসে একটি স্মরণীয় তারিখ। এই দিন ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী প্রাচ্যদেশে বাণিজ্য করিবার নিমিত্ত রাণী এলিজাবেথের নিকট হইতে সনন্দ লাভ করিয়াছিল, ইহা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। প্রথম কয়েক বৎসর কোম্পানী পূর্ব-ভারতীয় দ্বীপপুঞ্জের দিকে দৃষ্টি নিবদ্ধ করিয়াছিল। ১৬০৯ খৃষ্টাব্দে কোম্পানীর নির্দেশে ক্যাপ্টেন হকিন্স্ ভারতে ব্যবসা-বাণিজ্যের স্থবিধা লাভের উদ্দেশ্যে জহাঙ্গীরের দরবারে উপস্থিত হইলেন। বাদশাহ্ তাঁহাকে সাদরে গ্রহণ করিলেও পর্তুগীজদের বিরোধিতায় তিনি কোন স্থযোগ-স্থবিধা আদায় করিতে পারিলেন না। ১৬১৩ খৃষ্টাব্দে বাদশাহের একটি ফর্মান বা আদেশ-পত্রের বলে ইংরাজগণ স্থরাতে প্রথম বাণিজ্যকুঠি স্থাপন করিল। ১৬১৫ খৃষ্টাব্দে ইংলণ্ডের প্রথম জেমসের রাজদূত স্যার টমাস রো (Roe) জহাঙ্গীরের দরবারে উপস্থিত হইয়া তাহার নিকট হইতে কয়েকটি বাণিজ্য-সংক্রান্ত স্থবিধা লাভ করিলেন;

ভারতে ও প্রাচ্যে ইংরাজ বাণিজ্য বিস্তার প্রচেষ্টা

স্থরাতে বাণিজ্য-কুঠি স্থাপন

ফলে আগ্রা, আহমদাবাদ এবং ব্রোচ নামক বন্দরে ইংরাজ কোম্পানীর কয়েকটি বাণিজ্য-কুঠি স্থাপিত হইল। সুরাত হইল ভারতে ইংরাজ বাণিজ্যের প্রধান কেন্দ্র এবং ভারতের অপরাপর ইংরাজ বাণিজ্যকুঠিসমূহ সুরাত কুঠির অধ্যক্ষের নিয়ন্ত্রণাধীন হইল। এই সময়ে, ১৬১২ হইতে ১৬২২ খৃষ্টাব্দের মধ্যে ইংরাজগণ পরপর দুইটি জলযুদ্ধে ভারতের উপকূলে পর্তুগীজদের পরাজিত করিয়া পারস্য উপসাগরে ওর্মুজ বন্দর দখল করিয়া লইল। এই পরাজয়ের ফলে 'পূর্ব-সমুদ্রে' পর্তুগীজদের প্রভুত্ব চিরদিনের মত বিনষ্ট হইয়া যায়।

পর্তুগীজদের পতন

ইতিমধ্যে ভারতের পূর্ব-উপকূলেও ইংরাজ কোম্পানী বাণিজ্য বিস্তারের উদ্দেশ্যে কয়েকটি কুঠি স্থাপন করিল। গোলকুণ্ডা রাজ্যের মসুলিপত্তন ছিল এই অঞ্চলে ইংরাজদের প্রধান বাণিজ্যকেন্দ্র। ইহার পর পূর্ব-উপকূলের বালেশ্বর ও হরিহরপুরে আরও দুইটি ইংরাজ বাণিজ্যকুঠি স্থাপিত হয়। সপ্তদশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে বাণিজ্য বিস্তারের সঙ্গে সঙ্গে হুগলী ও পাটনাতে আরও কয়েকটি কুঠি স্থাপিত হইল। কিন্তু ডাচদের বিরোধিতায় বাণিজ্য ক্ষেত্রে ইংরাজদের বিশেষ অসুবিধা দেখা দিলে কোম্পানীর অনুমতিক্রমে ১৬৩৯ খৃঃ অব্দে ফ্রান্সিস ডে নামে জনৈক ইংরাজ স্থানীয় এক নায়কের নিকট হইতে করমণ্ডল উপকূলে কিছু জমি ইজারা লইলেন। সেখানে একটি বাণিজ্যকুঠি এবং সেণ্ট জর্জ নামে এক দুর্গ স্থাপিত হয়। কালক্রমে এখানেই মাদ্রাজ শহরটি গড়িয়া উঠে এবং ইহা পূর্ব-উপকূলে ইংরাজদের প্রধান বাণিজ্যকেন্দ্রে পরিণত হয়। ১৬৫৮ খৃঃ অব্দে বাংলা, বিহার ও উড়িষ্যার বাণিজ্যকুঠিগুলি মাদ্রাজের ইংরাজ কর্তৃপক্ষের শাসনাধীন হইল। সপ্তদশ শতাব্দীতে ইংরাজদিগের ডাচ ও ফরাসীদের সহিত দীর্ঘ সংঘর্ষে লিপ্ত হইতে হইল। শতাব্দীর শেষভাগে প্রতিদ্বন্দ্বী শক্তিসমূহের বাধা অতিক্রম করিয়া ইংরাজগণ বঙ্গোপসাগরের আধিপত্য লাভ করিল। সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে ইংলণ্ডের রাজা দ্বিতীয় চার্লস্ পর্তুগাল-রাজকুমারী ক্যাথারিনকে বিবাহ করিয়া যৌতুকস্বরূপ বোম্বাই দ্বীপ লাভ করেন (১৬৬১)। চার্লস বাৎসরিক মাত্র দশ পাউণ্ড খাজনায় উহা ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীকে ইজারা দিলেন (১৬৬৮)। ধীরে ধীরে পশ্চিম-উপকূলে বোম্বাই ইংরাজদের প্রধান বাণিজ্যকেন্দ্র হইয়া উঠিল। ১৬৯০ খৃঃ অব্দে জব চার্ণক

ভারতের পূর্ব-উপকূলে বাণিজ্যকুঠি

মাদ্রাজ (১৬৩৯)

বোম্বাই (১৬৬৮)

নামে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর একজন কর্মচারী ভাগীরথী নদীর তীরে সুতানুটী, গোবিন্দপুর, কালীঘাট, বেহালা প্রভৃতি কয়েকখানি গ্রাম লইয়া কলিকাতা নগরী স্থাপন করিলেন। এখানে একটি দুর্গ স্থাপিত হইল ও ইংলণ্ডের রাজা ৩য় উইলিয়মের নামানুসারে তাহার নাম রাখা হইল ফোর্ট উইলিয়ম।

কলিকাতা (১৬৯০)

'ভারতের রাজনীতি-ক্ষেত্রে যে রাজনৈতিক দুর্যোগ ঘনাইয়া আসিতেছে তাহাই কোম্পানীর সুযোগ'—সুচতুর, কর্মপটু ও দূরদর্শী ডিরেক্টর স্যার যোশিয়া চাইল্ড ইহা বুঝিতে পারিয়াছিলেন। তখন নাদির শাহের আক্রমণে মুঘলশক্তি বিধ্বস্ত; বাজীরাও-এর মৃত্যুতে মারাঠাজাতি বিচ্ছিন্ন ও লুণ্ঠনপরায়ণ এবং অন্যান্য রাজন্যবর্গ দুর্বল ও পরস্পর-বিবদমান। এই অপূর্ব সুযোগে ভারতে ইংরাজদের প্রভুত্ব ও অধিকার বিস্তৃত হইল। ভারতে ইউরোপীয় রাজত্ব-পত্তনের কথা প্রথম পর্তুগীজ গভর্ণর আল্‌বুকার্ক, পরে ডাচ গভর্ণর কোয়েন (Coen) এবং ফরাসী গবর্ণর ডুপ্লে (Dupleix) ভাবিয়াছিলেন। কিন্তু ইংরাজের স্বপ্নই অবশেষে সত্যে পরিণত হইল।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর ভারত-বাণিজ্যে কল্পনাতীত লাভ দেখিয়া ১৬৯৮ খৃঃ অব্দে আর একটি ইংরাজ কোম্পানী রাজার নিকট হইতে বাণিজ্যের সনদ লইয়া ভারতবর্ষে আসিয়া উপস্থিত হইল। একই দেশের দুইটি কোম্পানীর মধ্যে প্রতিযোগিতা আরম্ভ হওয়ায় ও ক্ষতির আশঙ্কায় উভয় কোম্পানী একত্র সংযুক্ত (১৭০২) হইয়া 'ইউনাইটেড কোম্পানী' নামে ব্যবসা চালাইতে লাগিল।

ফরাসীদের ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী।—ফরাসীরা ইংরাজদের অনেক পরে 'পূর্ব-সমুদ্রের' ব্যবসায়ে হস্তক্ষেপ করে। ১৬৬৮ খৃঃ অব্দে তাহারা প্রথম সুরাতে একটি কুঠি স্থাপন করে; পর বৎসর (১৬৬৯) মসুলিপত্তনে আর একটি কুঠি স্থাপিত হয়। তারপর মাদ্রাজের অনতিদক্ষিণে কিছু জমি ইজারা লইয়া মার্টিন ও লেস্‌পিনে নামে দুইজন বণিক আর একটি বাণিজ্যকেন্দ্র স্থাপন করেন। এখানে পণ্ডিচেরী শহর গড়িয়া ওঠে (১৬৭৩—'৭৪)। ১৬৭৪ খৃঃ অব্দে বাঙ্গালার নবাব ফরাসীদিগকে চন্দননগর দান করেন এবং তাহারা সেখানে কুঠি নির্মাণ করিয়া বাণিজ্য করিতে থাকে। কিন্তু ফরাসীরা ব্যবসায়ে কখনও ইংরাজদের সমকক্ষ হইয়া উঠিতে পারে নাই। তদুপরি ফরাসী গভর্ণমেণ্টের

সুরাত, মসুলিপত্তন, পণ্ডিচেরী, চন্দননগর

অনভিজ্ঞতা ও অযথা হস্তক্ষেপের ফলে তাঁহাদের বাণিজ্যের অবস্থা শোচনীয় হইয়া উঠিয়াছিল। শেষে ১৭২০ খৃঃ অব্দে নূতন করিয়া কোম্পানীর গঠন করিতে হয়। পর বৎসর (১৭২১) ভারত মহাসাগরের মরিশাস দ্বীপ ফরাসীদের অধিকারে আসে। ইহার পর তাহারা একে একে মালাবার উপকূলের মাহে (১৭২৫) এবং করমণ্ডল উপকূলের কারিকল (১৭৩৯) অধিকার করিল। ইউরোপে ফরাসী ও ইংরাজ উভয় জাতিই ছিল বিশেষ শক্তিশালী; সুতরাং ভারতে বাণিজ্য ও রাজ্যবিস্তার উপলক্ষে উভয় জাতির মধ্যে তীব্র প্রতিদ্বন্দ্বিতা দেখা দিল।

ফরাসী কোম্পানীর পুনর্গঠন

প্রশ্নাবলী

১। প্রাচীনকাল হইতে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত ভারতের সহিত পাশ্চাত্ত্য দেশসমূহের বাণিজ্য সম্বন্ধে যাহা জান লেখ।

২। ভারত ও 'পূর্ব সমুদ্রে' পর্তুগীজ উপনিবেশ ও বাণিজ্য বিস্তারের কাহিনী সংক্ষেপে বর্ণনা কর।

৩। কখন ও কিরূপে নিম্নলিখিত সহরগুলি স্থাপিত হয়;
মাদ্রাজ, বোম্বাই, কলিকাতা, পণ্ডিচেরী, চন্দননগর।

৪। ইহাদের সম্বন্ধে কি জান?—ভাস্কো-ডা-গামা, আল্‌বুকার্ক, জামোরিণ।

ষড়বিংশ অধ্যায়

ভারতে ইংরাজ জাতির আধিপত্য বিস্তারের সূচনা

(Beginning of the British Supremacy in India)

(ক) দক্ষিণ-ভারত—ইঙ্গ-ফরাসী সংঘর্ষ— ইংরাজের জয়লাভ

ভূমিকা।—পঞ্চদশ শতাব্দীর শেষভাগে আমেরিকা এবং প্রাচ্যদেশে আসিবার জলপথ আবিষ্কার হইবার ফলে ইউরোপের ইতিহাসের গতি পরিবর্তিত হইয়া গিয়াছিল। এতকাল ভূমধ্যসাগর অঞ্চল ছিল ইউরোপ ও প্রাচ্য অঞ্চলের মধ্যে ব্যবসা-বাণিজ্যের কেন্দ্র-

স্থল এবং এই বাণিজ্যের একচেটিয়া অধিকার ছিল ইটালীর জেনোয়া, ভেনিস প্রভৃতি কয়েকটি নগরের হাতে। কিন্তু আমেরিকা ও প্রাচ্যদেশের সামুদ্রিক বাণিজ্য-পথ আবিষ্কৃত হইতেই ইউরোপের সহিত বহির্বিশ্বের বাণিজ্য আটলান্টিক মহাসাগরের উপকূলে অবস্থিত পর্তুগাল, স্পেন, ফ্রান্স, ইংলণ্ড ও হল্যাণ্ড প্রভৃতি দেশগুলির হাতে চলিয়া গেল। ইহারাই এশিয়ার 'মনিব' হওয়ার ফলে ইটালীর পতন ঘটিল এবং পশ্চিম-ইউরোপের দেশগুলির বাণিজ্য বিস্তারের সঙ্গে সঙ্গে ইহাদের শক্তি ও সমৃদ্ধি বিশেষ বৃদ্ধি পাইতে আরম্ভ করিল। ভৌগোলিক আবিষ্কারের যুগ হইতে পশ্চিম ইউরোপের জাতিসমূহের মধ্যে উপনিবেশ ও বাণিজ্য বিস্তার লইয়া যে তীব্র প্রতিদ্বন্দ্বিতা দেখা দিল, তাহা ষোড়শ হইতে অষ্টাদশ শতাব্দী কাল পর্যন্ত চলিয়া অবশেষে এক ইংরাজ জাতিই বিশ্বের আধিপত্য স্থাপনে সমর্থ হইল।

পশ্চিম ইউরোপীয় দেশসমূহের বাণিজ্য ও উপনিবেশ বিস্তার

ষোড়শ শতাব্দীতে স্পেন ও পর্তুগাল আমেরিকা মহাদেশে এবং আফ্রিকা-এশিয়ায় বিরাট সাম্রাজ্য স্থাপন করিয়া বিশ্বের শ্রেষ্ঠতম শক্তিরূপে পরিগণিত হইয়াছিল। সপ্তদশ শতকে হল্যাণ্ডের ওলন্দাজ বা ডাচ জাতির অভ্যুদয় ঘটিল এবং তাহারা পর্তুগীজদের বিরুদ্ধে যুদ্ধ-বিগ্রহ চালাইয়া তাহাদের বিরাট সাম্রাজ্য ও বাণিজ্য করায়ত্ত করিয়া লইল। এই সময় ইংরাজ ও ফরাসী জাতি আভ্যন্তরীণ কলহ ও পরস্পর বিরোধে লিপ্ত থাকায় নিজেদের শক্তি বিস্তার করিতে সমর্থ হয় নাই।

বহির্বিশ্বে ডাচ শক্তি বিস্তার

সপ্তদশ শতকের শেষার্ধে ইংরাজ ও ফরাসীদের প্রতিদ্বন্দ্বিতার ফলে ডাচ শক্তি দুর্বল হয়। তখন ইংরাজ ও ফরাসী জাতির মধ্যে বহির্বিশ্বে বাণিজ্য ও উপনিবেশ বিস্তার এবং সমুদ্রের উপর আধিপত্য স্থাপন লইয়া তীব্র প্রতিযোগিতা সুরু হইল এবং প্রবল সংঘর্ষও দেখা দিল। এই প্রতিযোগিতা ও সংঘর্ষের ক্ষেত্র কেবলমাত্র ইউরোপের মধ্যেই আবদ্ধ ছিল না; ইহা আমেরিকা মহাদেশ, আফ্রিকা, ভারত এবং সুদূর প্রাচ্যেও বিস্তৃত হইয়া পড়িয়াছিল। যেখানেই ইংরাজ ও ফরাসীরা উপনিবেশ স্থাপন করিয়াছিল অথবা বাণিজ্য করিতে গিয়াছিল, সেই সকল স্থানেই বাণিজ্যের একাধিকার ও ভৌমিক আধিপত্য লইয়া এই দুই জাতির মধ্যে যুদ্ধবিগ্রহ চলিত। সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীতে ইউরোপে ইংলণ্ড

ইঙ্গ-ফরাসী সংঘর্ষ—বিশ্ব-বাণিজ্যের ক্ষেত্রে ইংরাজের জয়লাভ

ও ফ্রান্সের মধ্যে যে কয়েকটি যুদ্ধবিগ্রহ ঘটিয়াছে তাহার মূলে বিশ্বের বাণিজ্যিক আধিপত্য লাভের প্রচেষ্টা একটি বড় কারণ ছিল। উভয় শক্তিই বিশ্বের বিভিন্ন দেশের বাণিজ্যকেন্দ্র ও সামরিক ঘাঁটিগুলি অধিকার করিয়া নিজেদের সমৃদ্ধ ও শক্তিশালী করিয়া গড়িয়া তুলিবার উদ্দেশ্যে সমস্ত শক্তি নিয়োগ করিয়াছিল। এ যুগে ইংরাজ ও ফরাসীদের মধ্যে বাণিজ্যিক ও ঔপনিবেশিক প্রতিদ্বন্দ্বিতা ভারতেও উভয়ের মধ্যে তীব্র সংঘর্ষ আনিয়াছিল এবং ফরাসীদের পরাভূত করিয়াই ইংরাজরা ভারতে তাহাদের সাম্রাজ্যের ভিত্তি স্থাপন করিয়াছিল। ১৭৫৬ খৃষ্টাব্দে ইউরোপে ইংরাজ ও ফরাসীদের মধ্যে সপ্তবর্ষ-ব্যাপী সমর আরম্ভ হয়। এই যুদ্ধ আমেরিকা ও ভারতেও পরিব্যাপ্ত হইয়া পড়ে। এই যুদ্ধে জয়লাভ করিবার ফলেই কানাডা, উত্তর আমেরিকা ও সমগ্র বিশ্বে ইংরাজ আধিপত্য সুপ্রতিষ্ঠিত হইয়াছিল (১৭৬৩)। ইহার পরেও আরও কয়েক বৎসর কাল ইংরাজ ও ফরাসীদের মধ্যে শত্রুতা চলিয়াছিল, কিন্তু বহু চেষ্টা করিয়াও চঞ্চলমতি ফরাসীরা দৃঢ়চেতা ইংরাজদের অগ্রগমনে বাধা দিতে সক্ষম হইল না।

ভারতে ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব।—শক্তিশালী মুঘল সম্রাটদের রাজত্বকালেই ইউরোপীয় জাতিসমূহ ভারতে বাণিজ্য করিতে আসিয়াছিল কিন্তু ভারত সজাগ ছিল না। প্রথম প্রথম খৃষ্টানরা ব্যবসা-বাণিজ্য লইয়াই ব্যাপৃত ছিল। এই উপলক্ষে বিভিন্ন জাতিগুলির মধ্যে রেষারেষি দেখা দিয়াছিল। ইহার ফলে তাহাদের মধ্যে মাঝে মাঝে যুদ্ধ-বিগ্রহ হইত এবং সকলেই নিজ নিজ স্বার্থরক্ষার উদ্দেশ্যে সৈন্য রাখিত। ঔরঙ্গজীবের মৃত্যুর পর যখন ভারতের রাজনীতিক্ষেত্রে বিশৃঙ্খলা আসিয়াছে, তখনই ইউরোপীয়গণের মনে ভারতে খৃষ্টান রাজ্য-বিস্তারের আকাঙ্ক্ষা দেখা দিল। এই কার্যে অগ্রণী হইল ইংরাজ ও ফরাসীরা।

ডুপ্লে।—ভারতের রাজনীতিক্ষেত্রে প্রথম প্রভাব-প্রতিপত্তি বিস্তার করিয়াছিল ফরাসীরা। ইহার মূলে ছিলেন ডুপ্লে। প্রথমে তিনি ছিলেন চন্দননগরের গভর্ণর। ১৭৪২ খৃঃ অব্দে তাঁহাকে পণ্ডিচেরীর গভর্ণর নিযুক্ত করা হয়। ডুপ্লে ভারতে আসিয়া দেখিলেন যে, বিশাল মুঘল সাম্রাজ্য দ্রুত ভাঙ্গিয়া পড়িতেছে এবং চারিদিকে প্রাদেশিক শাসনকর্তারা স্বাধীনতা ঘোষণা করিয়া পরস্পর যুদ্ধ-বিগ্রহে লিপ্ত হইয়াছেন। তিনি আরও লক্ষ্য করিলেন যে, ভারতীয় সৈন্যরা ব্যক্তিগত সাহসে ইউরোপীয়দের সমকক্ষ

হইলেও শিক্ষা, শৃঙ্খলা ও রণনীতিতে তাহাদের তুলনায় অনেক পশ্চাৎপদ। সুতরাং

ডুপ্লের উচ্চাকাঙ্ক্ষা

তিনি বুঝিয়াছিলেন, একদল ভারতীয় সৈন্যকে ইউরোপীয় পদ্ধতিতে শিক্ষিত করিয়া ভারতীয় রাষ্ট্রবিরোধে হস্তক্ষেপ করিলে অনায়াসে ভারতবর্ষে ফরাসী সাম্রাজ্য স্থাপন করা যাইতে পারে। এই সময় ভারতীয় প্রাদেশিক শাসকগণও নিজ নিজ স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে ইউরোপীয় জাতিগুলির সাহায্য লাভের জন্য ব্যগ্র হইয়া উঠিয়াছিলেন, সাহায্যের বিষময় ফল বুঝেন নাই।



ডুপ্লে

প্রথম কর্ণাট যুদ্ধ।—কিন্তু ডুপ্লে তাঁহার পরিকল্পনা সম্পূর্ণ করিয়া তুলিবার পূর্বেই ইউরোপে ইংরাজ ও ফরাসীদের মধ্যে যুদ্ধ বাধিল। ইহা অষ্ট্রিয়ার উত্তরাধিকার-সংক্রান্ত যুদ্ধ (Austrian Succession War) নামে পরিচিত। ইউরোপে যুদ্ধের সংবাদ পাইবামাত্র ভারতেও ইংরাজ ও ফরাসীদের মধ্যে সংঘর্ষ দেখা দিল এবং ইংরাজেরা অনতিবিলম্বে নৌবাহিনীর সাহায্যে পণ্ডিচেরী আক্রমণের উদ্যোগ করিল। বর্তমান মাদ্রাজ রাজ্যের অন্তর্গত আর্কটের নবাব আনোয়ারউদ্দীনকে কূটনীতিক ডুপ্লে হাত করিয়াছিলেন। আনোয়ারউদ্দীন তাঁহার রাজ্যের মধ্যে যুদ্ধ-বিগ্রহ করিতে ইংরাজগণকে নিষেধ করিয়া পাঠাইলেন। এদিকে ইংরাজ নৌবাহিনীর উপস্থিতিতে ডুপ্লে আতঙ্কিত হইয়া মরিশাসের ফরাসী শাসনকর্তা মাহে-দ্য-লা-বুরদনের সাহায্য চাহিলেন।

আনোয়ারউদ্দীন

লা-বুরদনের মাদ্রাজ অধিকার (১৭৪৬)

লা-বুরদনে ফরাসী নৌবহরসহ সমুদ্র হইতে অতর্কিতে গোলাবর্ষণ করিয়া মাদ্রাজ অধিকার করিলেন (১৭৪৬)। তিনি ইংরাজদের নিকট হইতে যুদ্ধের ক্ষতিপূরণস্বরূপ চারি লক্ষ পাউণ্ড পাইলে মাদ্রাজ ছাড়িয়া দিতে স্বীকৃত হন। কিন্তু ডুপ্লে তাহাতে সম্মত হইলেন না। ইহাতে ক্রুদ্ধ হইয়া লা-বুরদনে নৌবহরসহ ভারত ত্যাগ করিলেন। ইতিমধ্যে ডুপ্লের পূর্ব প্রতিশ্রুতি অনুযায়ী আনোয়ারউদ্দীন মাদ্রাজ দাবী করিলেন। কিন্তু তাঁহাকে মাদ্রাজ সমর্পণ করিবার কোনও

অভিপ্রায় ডুপ্লের নাই দেখিয়া নবাব ফরাসীদের বিরুদ্ধে দশ হাজার সৈন্য প্রেরণ করিলেন।

মৈলাপুরের যুদ্ধ—আনোয়ার-উদ্দীনের পরাজয়

ডুপ্লে মাত্র পাঁচশত সৈন্যের সহায়তায় মাদ্রাজের নিকটে মৈলাপুর নামক স্থানে কর্ণাট বাহিনীকে সম্পূর্ণরূপে পরাজিত করিলেন। তারপর ডুপ্লে ইংরাজদের সেণ্ট ডেভিড দুর্গ (মাদ্রাজের একশত মাইল দক্ষিণে) অধিকার করিতে গিয়া ব্যর্থকাম হন। কিন্তু ১৭৪৮ খৃঃ অব্দে ইংরাজরাও পণ্ডিচেরী আক্রমণ করিতে গিয়া পরাভূত হইয়া ফিরিয়া আসিল। এই বৎসরই ইউরোপে

সন্ধি

আয়-লা-শাপেল (Aix-la-Chapelle) নামক স্থানে ফরাসী ও ইংরাজদের মধ্যে সন্ধি স্থাপিত হইলে ইংরাজগণ মাদ্রাজ ফিরিয়া পাইল।

প্রথম কর্ণাট যুদ্ধে শেষ অবধি কোন লাভ না হইলেও, মৈলাপুরের যুদ্ধে জয়লাভ করিবার ফলে ফরাসীদের প্রভাব-প্রতিপত্তি বিশেষ বৃদ্ধি পাইল। ফরাসী-বাহিনীতে পাশ্চাত্য প্রথায় শিক্ষিত বহু ভারতীয় সৈন্য ছিল। নবাবের বিশাল বাহিনীকে সহজেই পরাস্ত করিয়া ডুপ্লে বুঝিলেন, এরূপ ভারতীয় সৈন্যের সাহায্যে সহজেই দেশীয় রাজাদিগকে পরাজিত করা সম্ভব। সুতরাং এবার মহোৎসাহে ডুপ্লে তাঁহার অভীষ্ট সিদ্ধির জন্য দাক্ষিণাত্যের রাজন্যবর্গের গৃহবিবাদে হস্তক্ষেপ করিতে আরম্ভ করিলেন।

কিন্তু প্রথম কর্ণাট যুদ্ধে ইহাও প্রমাণিত হইল যে, নৌবলে শক্তিশালী না হইতে পারিলে কোনও ইউরোপীয় শক্তির পক্ষে ভারতে সাম্রাজ্য স্থাপন করা সম্ভব হইবে না।

২য় কর্ণাট যুদ্ধ।—নবাব আনোয়ারউদ্দীন নিজাম কর্তৃক কর্ণাটের নাবালক নবাবের অভিভাবক নিযুক্ত হইয়া আসিয়াছিলেন (১৭৪৪)। কিছুদিন


কর্ণাট ও নিজাম রাজ্যে উত্তরাধিকার-সংক্রান্ত বিরোধ

পরে তিনি নাবালক নবাবকে হত্যা করিয়া নিজেই কর্ণাটের নবাব হইয়া বসিলেন। কিন্তু কর্ণাটের পূর্বতন এক নবাবের জামাতা চাঁদা সাহেব নবাবী দাবী করিলেন। এদিকে ১৭৪৮ খৃঃ অব্দে নিজামের মৃত্যু হইলে তাঁহার দ্বিতীয় পুত্র নাজির জঙ্গ এবং দৌহিত্র মুজফ্‌ফর জঙ্গ সিংহাসন লইয়া বিবাদ বাধাইয়া দিলেন।

ইংরাজ ও ফরাসীদের সম্মুখে এক চমৎকার সুযোগ আসিয়া উপস্থিত হইল। ডুপ্লে মুজফ্‌ফর জঙ্গ ও চাঁদা সাহেবের পক্ষ অবলম্বন করিলেন, ইংরাজগণ নাজির জঙ্গ এবং আনোয়ারউদ্দীনের পক্ষ সমর্থন করিতে লাগিল। ফরাসীদের সহায়তায় মুজফ্‌ফর জঙ্গ ও চাঁদা

সাহেব আনোয়ারউদ্দীনকে পরাজিত ও নিহত করিলে, আনোয়ারউদ্দীনের পুত্র মুহম্মদ আলী ত্রিচিনোপল্লীতে পলায়ন করিলেন। ইংরাজগণ মুহম্মদ আলীকে কর্ণাটের নবাব বলিয়া মানিয়া লইল। ইতিমধ্যে নাজির জঙ্গ এক যুদ্ধে মুজফ্‌ফরকে বন্দী করিয়াছিলেন; কিন্তু শীঘ্রই আততায়ীর হস্তে তাঁহার প্রাণ বিনষ্ট হইল। মুজফ্‌ফর জঙ্গ হায়দ্রাবাদের সিংহাসনে বসিলেন (১৭৫০) আর দাক্ষিণাত্যে ফরাসী প্রতিপত্তি সাময়িকভাবে স্থাপিত হইল। মুজফ্‌ফর ডুপ্লেকে কৃষ্ণা নদী হইতে কুমারিকা পর্যন্ত

দাক্ষিণাত্যে ফরাসীদের সাফল্য



দক্ষিণের সমুদয় ভূ-ভাগের শাসনকর্তা নিযুক্ত করিলেন এবং মসুলিপত্তন অঞ্চল ফরাসীদিগকে দান করিলেন। অধিকন্তু ডুপ্লে একটি জায়গীর এবং নগদ দুই লক্ষ পাউণ্ড পুরস্কারও

পাইলেন। অল্পকাল পরে মুজফ্‌ফরজঙ্গ বিদ্রোহীদের হস্তে প্রাণ হারাইলে ফরাসী সেনাপতি ব্যুসী (Bussy) নিজাম-উল্‌-মুল্‌কের তৃতীয় পুত্র সলাবৎ জঙ্গকে সিংহাসনে বসাইলেন (১৭৫১) এবং সসৈন্যে হায়দ্রাবাদে বাস করিতে লাগিলেন। ফরাসী সৈন্যদলের ব্যয়-নির্বাহের জন্য 'উত্তর সরকার' নামক ভূমিভাগের রাজস্ব নির্দিষ্ট করিয়া দেওয়া হইল। আনোয়ারউদ্দীনের মৃত্যুর পর চাঁদা সাহেবকে নবাবী দেওয়া হইয়াছিল। তিনি ত্রিচিনোপল্লীতে মুহম্মদ আলীকে অবরোধ করিয়া ফেলিলেন। দাক্ষিণাত্যে ফরাসীদের প্রতিপত্তি বিস্তার যখন প্রায় সম্পূর্ণ হইয়া আসিয়াছে তখন একজন বিচক্ষণ ও সুচতুর ইংরাজ সেনাপতির অভ্যুদয়ে তাহা বিনষ্ট হইয়া গেল।

সলাবৎ জঙ্গের রাজ্যলাভ

চাঁদা সাহেবের নবাবী লাভ

রবার্ট ক্লাইভ।—১৭৪২ খৃঃ অব্দে রবার্ট ক্লাইভ নামে অষ্টাদশ বর্ষীয় এক ইংরাজ যুবক ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর অধীনে নিম্নতম কেরাণীর একটি পদ লইয়া ভারতবর্ষে আগমন করেন। ভারতে উপস্থিত হইয়া তিনি ইঙ্গ-ফরাসী যুদ্ধে যোগ দেন এবং কিছু সামরিক অভিজ্ঞতা অর্জন করেন। চাঁদা সাহেব যখন ত্রিচিনোপল্লীতে মুহম্মদ আলীকে অবরোধ করিলেন, তখন ক্লাইভ ইংরাজ কর্তৃপক্ষের অনুমতি লইয়া মাত্র তিনশত ভারতীয় সিপাহী আর দুইশত ইংরেজ সৈন্যসহ চাঁদা সাহেবের রাজধানী আর্কট আক্রমণ করিয়া অনায়াসে দখল করিলেন। চাঁদা সাহেবের পুত্র রাজা সাহেব আর্কট উদ্ধার করিতে আসিয়া ক্লাইভের বিক্রমে যখন ফিরিয়া যাইবার উদ্যোগ করিতেছিলেন তখন অতর্কিত আক্রমণে ক্লাইভ তাঁহার সৈন্যদল ছিন্নভিন্ন করিয়া দিলেন এবং ত্রিচিনোপল্লীর দিকে অগ্রসর হইলেন। চাঁদা সাহেব এবং ফরাসীদের মিলিত বাহিনী তাঁহার হস্তে পরাভব স্বীকার করিল। মুহম্মদ আলী আর্কটের নবাব হইলেন (১৭৫২)। দক্ষিণ-ভারতের যুদ্ধ বিগ্রহে ক্লাইভের সমর কৌশল ও প্রতিভা জয়যুক্ত হইল। ইহার ফলে কর্ণাটে ইংরাজ প্রাধান্য স্থাপিত হইল (১৭৫২)।

পূর্ব-পরিচয়

আর্কট আক্রমণ

কর্ণাটে ইংরেজ প্রাধান্য

ডুপ্লের শেষ জীবন।—ফ্রান্সের কর্তৃপক্ষ ডুপ্লের কার্যাবলীতে শঙ্কিত হইয়া তাঁহাকে স্বদেশে আহ্বান করিয়া পাঠাইলে, হতাশ অন্তঃকরণে তিনি দেশে ফিরিয়া গেলেন (১৭৫৪)। তাঁহার ন্যায় সুযোগ্য নেতার অভাবে ইংরাজদের সহিত প্রতিদ্বন্দ্বিতায় ফরাসীদের জয়লাভের সম্ভাবনা তিরোহিত হইল। ডুপ্লে এদেশে ফরাসী-সাম্রাজ্য বিস্তারের জন্য যথেষ্ট চেষ্টা

করিয়া গিয়াছেন ; কিন্তু জীবদ্দশায় তিনি স্বদেশবাসীর কৃতজ্ঞতা বা প্রশংসা অর্জন করিতে পারেন নাই। অথচ কার্যক্ষেত্রে তিনি যথেষ্ট কৃতিত্বের ও প্রতিভার পরিচয় দিয়াছেন। ফরাসী গবর্ণমেণ্টের অজ্ঞতা, অদূরদর্শিতা এবং ভারতে ফরাসীদের সমরোপকরণ ও অর্থের অভাবই ছিল তাঁহার ব্যর্থতার মূল কারণ। ক্লাইভের ন্যায় তিনি যদি অবস্থানুযায়ী সমস্ত সুযোগ-সুবিধা ও স্বদেশবাসীদের সাহায্য পাইতেন, বলা যায় না পরবর্তী ইতিহাস কি ভাবে লিখিত হইত।

ডুপ্লের অকৃত-কার্যতার কারণ

৩য় কর্ণাট যুদ্ধ—ইঙ্গ-ফরাসী সংঘর্ষের দ্বিতীয় অধ্যায়।—১৭৫৬ খৃঃ অব্দে ইউ-রোপে ও কানাডাতে 'সপ্তবর্ষের মহাসমর' (Seven Years' War) আরম্ভ হইয়া গেল। ভারতবর্ষেও ফরাসী এবং ইংরাজগণ যুদ্ধে অবতীর্ণ হইল। কাউণ্ট লালী (Count Lally) নামে জনৈক অভিজাত ব্যক্তিকে ফরাসী গভর্ণমেণ্ট গভর্ণর নিযুক্ত করিয়া ভারতবর্ষে প্রেরণ করিলেন (১৭৫৮)। ইতিমধ্যে ইংরাজরা পলাশীর যুদ্ধে জয়-লাভ করিয়া (১৭৫৭) কার্যতঃ বাঙ্গালা তথা পূর্বভারতে নিজেদের সর্বময় কর্তৃত্ব স্থাপন করিয়াছিল। ইউরোপের ইঙ্গ-ফরাসী সংঘর্ষের সংবাদ এদেশে পৌছিবামাত্রই ইংরাজরা চন্দননগর আক্রমণ করে। লালী এদেশে আসিয়াই ইংরাজদের সেণ্ট ডেভিড দুর্গ অধিকার করিয়া ফেলিলেন (১৭৫৮)। কিন্তু তাঁহাকে নানারূপ প্রতিকূল অবস্থার মধ্যে কার্য করিতে হইয়াছিল। সমুদ্রপথে ইংরাজরা ছিল অপ্রতিদ্বন্দ্বী ; অথচ ডুপ্লের ন্যায় লালীও স্বদেশ হইতে কোনরূপ সাহায্য পাইতেছিলেন না। তবুও সেণ্ট ডেভিড দুর্গের পতনের পর লালী বিপুল বিক্রমে তাঞ্জোর আক্রমণ করিলেন। তাঞ্জোরের পতনও প্রায় নিশ্চিতই ছিল, কিন্তু যথাসময়ে ইংরাজ নৌবহর আসিয়া পড়ায় লালীর চেষ্টা ব্যর্থ হইয়া গেল। নিরুপায় হইয়া লালী নিজাম রাজ্য হইতে বুসীকে আহ্বান করিলেন। বুসী হায়দ্রাবাদ ত্যাগ করার সঙ্গে সঙ্গে সেখান হইতে ফরাসীদের প্রভাব চিরদিনের মত অন্তর্হিত হইয়া গেল। ক্লাইভ বাঙ্গালা দেশ হইতে কর্ণেল ফোর্ডকে মসুলিপত্তন আক্রমণ করিবার জন্য প্রেরণ করিলেন (১৭৫৯)। মসুলিপত্তন ইংরাজদের অধিকারে আসিল আর সঙ্গে সঙ্গে নিজাম ইংরাজদের সহিত সন্ধি করিয়া, যে সকল স্থান পূর্বে ফরাসীদের উপহার দিয়াছিলেন, সেগুলি এবার তাহাদের দান করিলেন। লালী তখনও যুদ্ধ চালাইতে লাগিলেন ; কিন্তু বন্দিবাসের যুদ্ধে ইংরাজ সেনাপতি স্যার

সপ্তবর্ষের মহাসমর

কাউণ্ট লালী

বুসীর নিজাম রাজ্য ত্যাগ

মসুলিপত্তনের পতন (১৭৫৯)

আয়ার কূট (Coote) তাঁহাকে সম্পূর্ণরূপে পরাভূত করিলেন (১৭৬০)। বঙ্গদেশে পলাশীর যুদ্ধের ন্যায় দাক্ষিণাত্যের বন্দিবাসের যুদ্ধ একটি বিশিষ্ট ঐতিহাসিক ঘটনা। তারপর এক একটি করিয়া ফরাসী উপনিবেশগুলি ইংরাজদের হস্তগত হইতে লাগিল। দীর্ঘ নয় মাস অবরোধের পর ১৭৬১ খৃঃ অব্দে পণ্ডিচেরী নগরেরও পতন হইল। ১৭৬৩ খৃঃ অব্দে ইউরোপে 'পারীর সন্ধি'তে (Treaty of Paris) 'সপ্ত বর্ষের সমর' নিবৃত্ত হইল। ফরাসীরা তাহাদের উপনিবেশগুলি ফিরিয়া পাইল, কিন্তু ভারতবর্ষে ফরাসীদের প্রভুত্ব চিরদিনের মত বিনষ্ট হইয়া গেল।

ফরাসী প্রাধান্যের অবসান

ফরাসীদের ব্যর্থতার কারণ।—ভারতবর্ষে ফরাসীদের ব্যর্থতার প্রধান কারণ, ইউরোপে ফরাসী কর্তৃপক্ষের ভারতবর্ষের ব্যাপারে উদাসীনতা ও অজ্ঞতা এবং ইংরাজদের প্রবলতর নৌ-শক্তি। এদেশে ইংরাজগণ স্বদেশ হইতে যেরূপ সাহায্য পাইত, ফরাসীরা সেরূপ তো পাইতই না, বরং অনেক সময় কর্তৃপক্ষ তাহাদের বিরোধিতাও করিতেন। পক্ষান্তরে ইংলণ্ডের গভর্ণমেণ্ট ভারতীয় ইংরাজ কর্তৃপক্ষকে স্বাধীনভাবে কার্য করিবার সুযোগ দিতেন। এজন্য তাঁহারা অবস্থানুযায়ী নীতি অবলম্বন করিয়া কর্মক্ষেত্রে অসামান্য সফলতালাভে সক্ষম হইয়াছিলেন। উপনিবেশগুলির উপর ফরাসী গভর্ণমেণ্টের সর্ববিষয়ে হস্তক্ষেপের ফলে ফরাসী সাম্রাজ্য-বিস্তারের প্রচেষ্টা বাধাপ্রাপ্ত হইয়াছিল; অধিকন্তু বাণিজ্যেরও প্রভূত ক্ষতি সাধিত হইয়াছিল। জলপথে ইংরাজদের নৌ-বহর উৎকৃষ্টতর ছিল; আর ইউরোপ হইতে সুদূর ভারতে আধিপত্য অক্ষুণ্ণ রাখিতে হইলে জলপথে প্রাধান্য-স্থাপন ছিল সর্বপ্রথম প্রয়োজন। ইংরাজশক্তি ইংলণ্ড হইতে ভারতে প্রয়োজনানুরূপ সৈন্য ও রণসম্ভার পাঠাইয়া ভারতীয় ইংরাজদিগকে সাহায্য করিয়াছে; কিন্তু ইংরাজ নৌ-বহরের প্রতিকূলতায় ফরাসীগণ স্বদেশ হইতে যুদ্ধে আবশ্যকমত সাহায্য পায় নাই। এদিকে ৩য় কর্ণাট যুদ্ধের পূর্বেই ইংরাজরা সমস্ত বাঙ্গালাদেশে আধিপত্য স্থাপন করে; তাই যুদ্ধের সময় তাহাদের কখনও অর্থাভাব হয় নাই। অথচ লালী কখনও প্রয়োজনানুরূপ অর্থসংগ্রহ করিতেও পারেন নাই। তাই, কোন কোন ঐতিহাসিকের মতে, ইংরাজদের পলাশীযুদ্ধে জয়লাভের জন্যই বন্দিবাসের যুদ্ধে ফরাসীদের পরাভব ঘটিয়াছিল। আর ইহা স্মরণ

স্বদেশ হইতে সাহায্যের অভাব

নৌ-শক্তির দুর্বলতা

ফরাসীদের অর্থাভাব

রাখিতে হইবে যে, ধনসম্পদপূর্ণ বাঙ্গালাদেশ হইতেই ইংরাজদের প্রভুত্ব সমগ্র ভারতে পরিব্যাপ্ত হইয়া পড়ে।*

(খ) বঙ্গদেশে বৃটিশ-প্রভুত্বের সূচনা (১৭৫৮—১৭৬৪)

সিরাজউদ্দৌলা।—পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, বাদশাহ্ মুহম্মদ শাহের রাজত্ব-কালে ১৭৪০ খৃষ্টাব্দে বিহারের শাসনকর্তা আলীবর্দী খাঁ বাঙ্গালাদেশে একটি স্বাধীনরাজ্য স্থাপন করেন। তিনি সুদক্ষ শাসক ছিলেন। মৃত্যুর পূর্বে বাঙ্গালা, বিহার ও উড়িষ্যার কতক অংশের উপর তাঁহার রাজ্য বিস্তৃত ছিল। বিচক্ষণ আলীবর্দী নৌশক্তিতে বলীয়ান ইংরাজ-দিগকে বাংলাদেশ হইতে বিতাড়িত করা অসম্ভব বিবেচনা করিয়া তাহাদের সহিত মৌখিক সদ্ভাব বজায় রাখিয়া চলিতেন। কিন্তু যতদিন তিনি জীবিত ছিলেন ততদিন বাঙ্গালাদেশে তাহাদের দুর্গ নির্মাণ অথবা রাজনৈতিক শক্তি বৃদ্ধি করিতে দেন নাই। ১৭৫৬ খৃঃ অব্দে আলীবর্দী খাঁর মৃত্যুর পর তাঁহার কনিষ্ঠা কন্যার তেইশ বৎসর বয়স্ক পুত্র সিরাজউদ্দৌলা বাঙ্গালার নবাব হন। মস্‌নদে আরোহণের অল্পকাল পরেই তাঁহার সহিত ইংরাজের বিবাদ বাধিয়া গেল। সিরাজউদ্দৌলা হয়ত কর্মদক্ষ ছিলেন না, কিন্তু বুদ্ধিমান্ ছিলেন। ইংরাজশক্তি ও প্রভুত্ব যে তাঁহার রাজ্যগ্রাসে অগ্রসর হইতেছে তাহা তিনি স্পষ্ট বুঝিয়াছিলেন। এদিকে আলীবর্দীর অন্যতমা কন্যা ঘসেটি বেগম দেওয়ান রাজবল্লভের সাহায্যে সিরাজের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হইয়াছিলেন। বাঙ্গালার সিংহাসন লইয়া রাজনৈতিক দ্বন্দ্বের সুযোগ গ্রহণ করিয়া ইংরাজ কোম্পানী শক্তি বৃদ্ধি করিবার উদ্দেশ্যে নবাবের বিরুদ্ধে এই ষড়যন্ত্রে যোগ দিয়াছিল, ইহাও সিরাজের অজ্ঞাত ছিল না। বাঙ্গালা-



সিরাজউদ্দৌলা

সিরাজের সিংহাসনারোহণ-কালে রাজনৈতিক অবস্থা

দেশে তখন ইংরাজদের কুঠি ছিল কলিকাতায়, ফরাসীদের কুঠি চন্দননগরে, আর ডাচদের চুঁচুড়ায়। ইউরোপীয় বণিকরা তখন শুধু বাণিজ্যই করিত না, সুযোগ বুঝিয়া দেশের মধ্যে যুদ্ধবিগ্রহেও লিপ্ত হইত। আলীবর্দী তাহাদিগকে দুর্গাদি নির্মাণ ও যুদ্ধবিগ্রহ করিতে নিষেধ করিয়া দিয়াছিলেন। তাই কর্ণাটে যুদ্ধবিগ্রহ চলিলেও বাঙ্গালায় অশান্তি দেখা দেয় নাই। কিন্তু আলীবর্দীর মৃত্যু হইলে ইংরাজ ও ফরাসীরা নিজেদের কুঠিতে দুর্গ নির্মাণ আরম্ভ করিয়া দিল। সিরাজ-উদ্দৌলা নিষেধ করিয়া পাঠাইলেন; ফরাসীরা তাঁহার কথা শুনিল, কিন্তু ইংরাজরা গ্রাহ্যও করিল না। এদিকে ১৭১৭ খৃঃ অব্দের এক বাদশাহী ফরমানে ইংরাজদিগকে এদেশে বাণিজ্যের জন্য যে-সকল বিশেষ সুবিধা মঞ্জুর করা হইয়াছিল, কোম্পানীর ছোট-বড় প্রায় সকল কর্মচারীই তাহার যথেচ্ছ অপব্যবহার আরম্ভ করিয়া দিয়াছিল। এই সমস্ত কারণে সিরাজউদ্দৌলা ইংরাজদের কাশিমবাজারের কুঠি অধিকার করিয়া কলিকাতা আক্রমণ ও অধিকার করিলেন। ড্রেক ও তাঁহার অনুচরেরা প্রায় সকলেই কলিকাতার দক্ষিণে ফল্‌তা নামক স্থানে পলায়ন করিলেন। যে মুষ্টিমেয় ইংরাজ কলিকাতায় রহিল তাহারা কিছুকাল যুদ্ধের পর আত্মসমর্পণ করিতে বাধ্য হইল (১৭৫৬)।

ইংরাজদের সহিত বিরোধের কারণ

ইংরাজদের দুর্গ নির্মাণ

কলিকাতার পতন

কলিকাতা পতনের সংবাদ মাদ্রাজে পৌঁছিলে ক্লাইভ একদল সৈন্য লইয়া বাঙ্গালায় আসিলেন; ওয়াটসন্ নামক নৌ-বলাধ্যক্ষের অধীনে একটি নৌ-বহরও সৌভাগ্যক্রমে আসিয়া উপস্থিত হইল। তাঁহারা অনায়াসেই কলিকাতা উদ্ধার করিলেন (১৭৫৭)। সিরাজউদ্দৌলা ইংরাজদের সহিত সন্ধি করিলেন। সন্ধির সর্ত অনুসারে নবাব ইংরাজদিগকে দুর্গসমেত তাহাদের সমুদয় পূর্বাধিকার ফিরাইয়া দিলেন। তাহারা দুর্গ-নির্মাণ এবং মুদ্রা-প্রস্তুতের অধিকারও পাইল। যুদ্ধের ক্ষতিপূরণস্বরূপ নবাব প্রচুর অর্থও দিলেন।

কলিকাতার পুনরুদ্ধার ও সন্ধি

পলাশীর যুদ্ধ।—ইতিপূর্বেই (১৭৫৬) ইউরোপে ইংরাজ ও ফরাসীদের মধ্যে যুদ্ধ আরম্ভ হইয়া গিয়াছিল। সে সংবাদ ভারতবর্ষে পৌঁছিলে ক্লাইভ ও ওয়াটসন্ একযোগে চন্দননগর আক্রমণ করিয়া তাহা অধিকার করিয়া বসিলেন (১৭৫৭)। এই বিপদের সময় ফরাসীরা নবাবের সাহায্য প্রার্থনা করিলে তিনি ইংরাজদের যুদ্ধবিগ্রহ করিতে নিষেধ

করিলেন। কিন্তু নবাবের নিষেধ তাহারা গ্রাহ্যের মধ্যেই আনিল না। ইহাতে ক্রুদ্ধ হইয়া নবাব আবার যুদ্ধের জন্য প্রস্তুত হইতে লাগিলেন। নবাবের অভিপ্রায় উপলব্ধি করিয়া ক্লাইভ যুদ্ধের জন্য প্রস্তুত হইলেন। এদিকে দেশের কয়েকজন অধিনায়ক ও নবাবের কয়েকজন উচ্চপদস্থ কর্মচারী গোপনে তাঁহার বিরুদ্ধে ইংরাজদের সহিত ষড়যন্ত্র করিতে লাগিলেন। তাঁহাদের উদ্দেশ্য ছিল সিরাজউদ্দৌলাকে রাজ্যচ্যুত করিয়া আলীবর্দীর ভগ্নীপতি ও নবাবের প্রধান সেনাপতি মীরজাফরকে সিংহাসনে স্থাপন করা। মীরজাফর বাঙ্গালার মস্‌নদের বিনিময়ে ইংরাজদিগকে প্রায় পৌণে দুই কোটি টাকা পুরস্কার দিতে স্বীকৃত হইলেন। উমিচাঁদ বা আমিন চাঁদ নামে একজন শিখ বণিক এই ষড়যন্ত্রের কথা জানিতেন। ক্লাইভ তাঁহার মুখ বন্ধ করিবার জন্য তাঁহাকে প্রচুর অর্থদানের লোভ দেখাইয়া এক মিথ্যা চুক্তিপত্র সম্পাদন করিলেন। ওয়াটসন্ দলিলে স্বাক্ষর দিতে অস্বীকৃত হইলে ক্লাইভ তাহাতে ওয়াটসনের নাম জাল করেন। ইহার পর সিরাজদ্দৌলার বিরুদ্ধে সন্ধিভঙ্গের মিথ্যা অভিযোগ আরোপ করিয়া ক্লাইভ তাঁহার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। মুর্শিদাবাদের তেইশ মাইল দক্ষিণে ভাগীরথীতীরে পলাশী গ্রামের বিশাল আম্রকাননে উভয় পক্ষের লড়াই বা যুদ্ধের প্রহসন হইল (২৩শে জুন, ১৭৫৭)। প্রধান সেনাপতি মীরজাফরের বিশ্বাসঘাতকতায় ক্লাইভেরই জয় হইল এবং নবাব প্রায় যুদ্ধ না করিয়াই পলায়ন করিলেন। কিন্তু অল্পদিন পরেই তিনি ধরা পড়িলেন। তখন মীরজাফরের পুত্র মীরণের আদেশে অমানুষিক নিষ্ঠুরতার সহিত হতভাগ্য নবাবের প্রাণবধ করা হয়। মীরজাফরকে বাঙ্গালার নবাব বলিয়া ঘোষণা করা হইল। কার্যতঃ ক্লাইভই বাঙ্গালার প্রভু হইয়া বসিলেন। ক্লাইভ ও অন্যান্য চক্রান্তকারীরা প্রচুর ধনরত্ন পুরস্কার পাইলেন। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী ২৪ পরগণার জমিদারী লাভ করিল। ভারতবর্ষের ইতিহাসে পলাশীর যুদ্ধ, তরাইন ও পানিপথের যুদ্ধের ন্যায়ই স্মরণীয় ঘটনা। এই যুদ্ধের ফলে বাঙ্গালাদেশে ইংরাজদের সামরিক প্রভুত্ব স্বীকৃতি লাভ করিল এবং এদেশে ফরাসীদের প্রভাব-প্রতিপত্তি একেবারে লোপ পাইল। বাঙ্গালার অতুল ধনসম্পদ ইংরাজদের আয়ত্তে আসায় সমগ্র ভারতে ইংরাজ আধিপত্য বিস্তারের পথ উন্মুক্ত হইয়া গেল।

সিরাজের বিরুদ্ধে চক্রান্ত

মীরজাফর

পলাশীর যুদ্ধ

সিরাজউদ্দৌলার প্রাণনাশ

পলাশীর যুদ্ধের গুরুত্ব

মীরজাফর (১৭৫৭—১৭৬৪)।—বিশ্বাসঘাতক মীরজাফর সিংহাসনে আরোহণ করিলেও প্রকৃতপক্ষে তিনি ইংরাজের হাতের পুতুলে পরিণত হইলেন ; ক্লাইভের নির্দেশ ক্রমেই তিনি শাসন পরিচালনা করিতে লাগিলেন। এদিকে সিংহাসন লাভের পুরস্কার-

মীরজাফরের অসুবিধা

স্বরূপ তিনি ইংরাজদের যে পরিমাণ অর্থ দিতে প্রতিশ্রুত ছিলেন রাজকোষে সেই পরিমাণ অর্থ ছিল না। কিন্তু ইংরাজগণ অর্থের জন্য তাঁহার উপর চাপ দিতে লাগিল। তিনি বহুকষ্টে দেড়কোটি টাকার কিছু বেশি তাহাদের দিলেন এবং বাকি টাকা কিস্তিতে কিস্তিতে দিবার ব্যবস্থা হইল। ক্লাইভ স্বয়ং প্রায় সাড়ে তিরিশ লক্ষ টাকা পুরস্কারস্বরূপ গ্রহণ করিলেন এবং বার্ষিক প্রায় চারি লক্ষ টাকা আয়ের একটি জায়গীরও পাইলেন। কোম্পানীর অন্যান্য কর্মচারীরাও প্রভূত অর্থ পাইলেন। উমিচাঁদ যখন ক্লাইভের নিকট তাঁহার প্রাপ্য অর্থ দাবি করিলেন তখন ক্লাইভ দলিল ঠিক নহে এই অজুহাতে তাঁহাকে প্রতিশ্রুত অর্থ দিতে অস্বীকৃত হইলেন।



মীরজাফর

শাসনভার গ্রহণ করিয়া মীরজাফর শূন্য রাজকোষ পূর্ণ করিবার অভিপ্রায়ে উচ্চপদস্থ কর্মচারী ও জমিদার-দিগের নিকট হইতে জোর করিয়া অর্থ আদায় করিতে লাগিলেন। তাঁহার এই অত্যাচারের ফলে দেশের নানা স্থানে বিদ্রোহ দেখা দিলে তিনি

মীরজাফরের কুশাসন

ইংরাজদের সাহায্যে তাহা দমন করিলেন। ইহাতে কোম্পানীর নিকট তাঁহার ঋণ আরও বাড়িয়া গেল এবং অর্থের জন্য ইংরাজদের নিকট হইতে ভয়ানক চাপ আসিল। তাহাদের দাবী ক্রমেই মীরজাফরের কাছে অসহ্য বোধ হইতে লাগিল। তিনি চুঁচুড়ার ডাচদের সঙ্গে ইংরাজদের বিরুদ্ধে চক্রান্ত করিতে লাগিলেন। ইংরাজ ও

ডাচদের পরাভব

ডাচদের মধ্যে যুদ্ধ বাধিল। ক্লাইভ বেদারার যুদ্ধে তাহাদিগকে পরাজিত করিলেন (১৭৫৯)। বাঙ্গালায় ইংরাজ প্রাধান্য সুদৃঢ় হইয়া উঠিল। ক্লাইভ বিজয়ী বীরের মত স্বদেশে ফিরিয়া গেলেন (১৭৬০)। তাঁহার গুণমুগ্ধ স্বদেশবাসিগণ তাঁহাকে 'লর্ড' উপাধিতে ভূষিত করিলেন।

দার্থ পুত্রকে নবাবী দিয়া কয়েক লক্ষ টাকা আদায় করিয়া লইল। নূতন নবাবের সহিত ইংরাজদের একটি চুক্তি হইল যে, একজন ডেপুটি সুবাদারের হস্তে তিনি

নজমুদ্দৌলা

শাসনভার ছাড়িয়া দিবেন এবং এই কর্মচারীর নিয়োগ ও বরখাস্তের সম্পূর্ণ কর্তৃত্ব থাকিবে কোম্পানীর উপরে। নূতন এই ব্যবস্থায় চারিদিকে বিশৃংখলা দেখা দিল। কোম্পানীর সকল কর্মচারীই অবাধে উৎকোচ গ্রহণ করিতে লাগিল। এরূপ বিশৃঙ্খল অবস্থায় কোম্পানীর কাজেরও অনেক ক্ষতি হইতে থাকে।

ক্লাইভের প্রত্যাবর্তন ও বঙ্গ-বিহার-উড়িষ্যার দেওয়ানী লাভ।—কোম্পানীর



কোম্পানীর দেওয়ানী লাভ

শাসনকার্যে বিশৃংখলা দূর করিবার জন্য কোম্পানীর ডিরেক্টারগণ ক্লাইভকে পুনরায় বাঙ্গালাদেশে পাঠাইলেন (১৭৬৫)। ক্লাইভ আসিয়া দেখিলেন, তখনও অযোধ্যার নবাবের সহিত বিরোধের অবসান হয় নাই। তিনি তাঁহার সহিত এক সন্ধি করিলেন। সুজাউদ্দৌলার নিকট হইতে পঞ্চাশ লক্ষ টাকা ক্ষতিপূরণ আদায় করা হইল; এলাহাবাদ ও কোরা এই দুইটি জেলাও তিনি কোম্পানীর হাতে ছাড়িয়া দিলেন। অযোধ্যার নবাবের নিকট হইতে সদ্যপ্রাপ্ত জেলা দুইটি বাদশাহ্ শাহ্ আলমকে দান করা হইল। আর বার্ষিক ছাব্বিশ লক্ষ টাকা বৃত্তির বিনিময়ে ক্লাইভ কোম্পানীর হইয়া বাদশাহের নিকট হইতে বঙ্গ, বিহার ও উড়িষ্যার দেওয়ানী প্রাপ্ত হইলেন (১৭৬৫)। উড়িষ্যা বলিতে তখন

অযোধ্যার সহিত সন্ধি

বঙ্গ, বিহার ও উড়িষ্যার দেওয়ানী লাভ

কেবল মেদিনীপুর, হাওড়া ও হুগলী জেলার একাংশ বুঝাইত। বাদশাহের নিকট হইতে এই অধিকার লাভ করায় বাঙ্গালা, বিহার ও উড়িষ্যায় কোম্পানীর অধিকার সুপ্রতিষ্ঠিত হইল।

দ্বৈতশাসন-প্রণালী।—এই সকল পরিবর্তনের ফলে বাঙ্গালাদেশের শাসনব্যবস্থা দুই ভাগে বিভক্ত হইয়া গেল। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর হাতে আসিল দেওয়ানী,—অর্থাৎ রাজস্ব আদায়ের ভার। পূর্বপ্রথায় দেওয়ান দেশরক্ষার জন্য দায়ী থাকিতেন না,—সে কাজ ছিল সুবাদার বা নবাবের। দেওয়ানীর সঙ্গে সঙ্গে কোম্পানী দেশরক্ষার ভারও স্বহস্তে লইলেন। এইরূপে কোম্পানী যুগপৎ রাজস্ববিভাগ ও সমরবিভাগের কর্তা হইয়া দাঁড়াইলেন। বিচার ও শাসনের ভার রহিল নবাবের উপর। এই ব্যবস্থার ফলে প্রকৃতপক্ষে নবাব কোম্পানীর বৃত্তিভোগী হইলেন। অথচ আইনের দিক্ দিয়া নবাবই রহিলেন দেশের শান্তি ও শৃংখলা-বিধানের জন্য দায়ী। আবার বাঙ্গালা ও বিহার এই প্রদেশ দুইটির শাসনের জন্য যে দুইজন নায়েব-নাজিম (ডেপুটি নবাব) নিযুক্ত করা হইত তাহাও ছিল কোম্পানীর অনুমোদন-সাপেক্ষ। নবাবের রহিল দায়িত্ব, কিন্তু ক্ষমতা থাকিল না; আর কোম্পানীর রহিল ক্ষমতা, কিন্তু দায়িত্ব নয়।

দ্বৈতশাসনের স্বরূপ

১৭৬৭ খৃঃ অব্দে ক্লাইভ স্বদেশে ফিরিয়া গেলেন। অতঃপর তাঁহার শত্রুরা তাঁহার বিরুদ্ধে নানা অভিযোগ আনয়ন করিলেন; কিন্তু পার্লামেণ্টের বিচারে তাঁহাকে নির্দোষ সাব্যস্ত করা হয় (১৭৭৩)। শেষে লোকনিন্দা সহিতে না পারিয়া ক্লাইভ আত্মহত্যা করেন (১৭৭৫)। ক্লাইভ ছিলেন এদেশে ইংরেজ-শাসনের প্রতিষ্ঠাতা। এইজন্যই তিনি ইংলণ্ডের ইতিহাসে বিশিষ্ট স্থান অধিকার করিয়া আছেন।

ক্লাইভের শেষ জীবন

বাঙ্গালায় শাসন-বিভ্রাট ও ছিয়াত্তরের মন্বন্তর।—ক্লাইভের পর ভেরেলষ্ট (১৭৬৭—'৬৯) এবং কার্টিয়ার (১৭৭০—'৭২) পর পর কোম্পানীর গভর্ণর নিযুক্ত হন। কোম্পানীর লোকদের লোভ ও অত্যাচারের সীমা ছিল না; তাহার উপর আবার বাঙ্গালার নায়েব-নাজিম মুহম্মদ রেজা খাঁ, আর বিহারের নায়েব-নাজিম রাজা সীতাব রায় রাজস্ব আদায়ের নামে প্রজাদের উপর যথেচ্ছ অত্যাচার করিয়া বেড়াইতে লাগিলেন। এই সময় আবার (বাঙ্গালা ১১৭৬ সন, ১৭৬৯—'৭০ খৃঃ অব্দে) বাঙ্গালা দেশে এক নিদারুণ দুর্ভিক্ষ দেখা দিল। আজও সে দুর্ভিক্ষ 'ছিয়াত্তরের মন্বন্তর' নামে স্মরণীয় হইয়া আছে। অনাহারে এবং মহামারীর আক্রমণে বাঙ্গালার এক-তৃতীয়াংশ

'ছিয়াত্তরের মন্বন্তর'

লোক প্রাণ হারাইল। কিন্তু এই দুর্দিনেও কোম্পানীর রাজস্ব আদায় সমানভাবেই চলিতে লাগিল। এইরূপে দ্বৈতশাসন-ব্যবস্থার দোষ সুস্পষ্ট হইয়া উঠিলে, সকল বিশৃংখলা নিবারণের জন্য বিলাতের কর্তৃপক্ষ ওয়ারেন্ হেষ্টিংস্ নামে একজন সুদক্ষ কর্মচারীকে বাঙ্গালার গভর্ণর নিযুক্ত করিয়া পাঠাইলেন (১৭৭২)।

প্রশ্নাবলী

১। ডুপ্লের জীবনী এবং ভারতে ফরাসী সাম্রাজ্য স্থাপনের মানসে তিনি যে নীতি অনুসরণ করিয়াছিলেন তাহা সংক্ষেপে বর্ণনা কর।

২। পলাশী হইতে বক্সার যুদ্ধ পর্যন্ত ইংরাজ কর্তৃক বাঙ্গালাদেশ জয়ের কাহিনী বর্ণনা কর।

৩। ইংরাজ ও ফরাসীদের ঔপনিবেশিক দ্বন্দ্বের ইতিহাস বর্ণনা কর। ফরাসীদের পরাজয়ের কারণ কি?

৪। সিরাজউদ্দৌলার রাজত্বের ইতিহাস লেখ। কিরূপে বাঙ্গালার স্বাধীন নবাবীর অবসান ঘটিল?

৫। ইংরাজ ও মীরকাসিমের মধ্যে বিরোধের কারণ কি? ইহার ফলাফল কি হইয়াছিল?

৬। ইহাদের সম্বন্ধে টিপ্পনী লেখ:—লালী, ক্লাইভ, পলাশীর যুদ্ধ, মৈলাপুরের যুদ্ধ, বন্দিবাসের যুদ্ধ, বক্সারের যুদ্ধ, মীরজাফর।

সপ্তবিংশ অধ্যায়

ভারতে বৃটিশ শক্তির বিস্তার

(Growth of the British power in India)

ওয়ারেন্ হেষ্টিংস (১৭৭২-১৭৮৫)

ভূমিকা।—পলাশী, বন্দিবাস ও বক্সার—এই তিনটি যুদ্ধে জয়লাভ করিবার ফলে ভারতে বৃটিশ সাম্রাজ্যের সূত্রপাত হইল। ক্লাইভ এই সাম্রাজ্য প্রতিষ্ঠায় প্রধান অংশ গ্রহণ করেন। কিন্তু তখনও বিলাতে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর কর্তৃপক্ষের মনে সুদূর ভারতে সাম্রাজ্য স্থাপনের সমীচীনতা সম্বন্ধে সংশয় ও দ্বিধা ছিল। কিন্তু এই সময় ভারতের রাজ-

নীতিক পরিস্থিতির এরূপ অবনতি ঘটিয়াছিল যে, অনিবার্য কারণেই ভারতে বৃটিশ প্রভুত্ব বিস্তারিত হইয়া পড়িল। অষ্টাদশ শতকের মধ্যভাগ হইতে উনবিংশ শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত একশত বৎসর কাল কয়েকজন অতি দক্ষ, বিচক্ষণ ও উদ্যমশীল বৃটিশ শাসনকর্তা একের পর আর ভারতে কোম্পানীর কার্যের পরিচালনা ভার গ্রহণ করিয়া ধীরে ধীরে যুদ্ধবিগ্রহ ও রাজ্যজয়ের মাধ্যমে বণিক ইংরাজ জাতিকে ভারতের একচ্ছত্র রাজশক্তিতে পরিণত করিয়াছিলেন। এই সকল সাম্রাজ্য স্রষ্টার মধ্যে ওয়ারেন্ হেষ্টিংস, লর্ড কর্ণওয়ালিশ, লর্ড ওয়েলেস্লি, লর্ড হেষ্টিংস ও লর্ড ডালহৌসির নাম বিশেষ উল্লেখযোগ্য।

হেষ্টিংসের শাসনভার গ্রহণ।—হেষ্টিংস ইংলণ্ডের এক অভিজাত বংশে জন্মগ্রহণ করেন। তরুণ বয়সে তিনি ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর অধীনে সামান্য কর্ম গ্রহণ করিয়া ভারতে আসেন এবং কয়েক বৎসরের মধ্যে কাশিমবাজারের রেসিডেণ্টের পদে উন্নীত হন।

প্রথম জীবন ও পদোন্নতি

ক্লাইভের অধীনে যুদ্ধবিগ্রহে অংশ গ্রহণ করিয়া তিনি যোগ্যতার পরিচয় দিয়াছিলেন। ১৭৬১ খৃষ্টাব্দে তিনি কলিকাতা কাউন্সিলের সদস্য পদে নির্বাচিত হইয়া শাসন পরিচালনা সম্বন্ধে অভিজ্ঞতা লাভ করেন। ১৭৬৪ খৃষ্টাব্দে তিনি স্বদেশে প্রত্যাবর্তন করেন। পাঁচ বৎসর পরে মাদ্রাজ কাউন্সিলের সদস্য পদে নিযুক্ত হইয়া তিনি পুনরায় ভারতে আসিলেন। ক্লাইভের স্বদেশ প্রত্যাবর্তনের কয়েক বৎসর পরে কোম্পানীর কর্তৃপক্ষ তাঁহাকে বাঙ্গালার গভর্ণর পদে নিযুক্ত করিলেন (১৭৭২)। হেষ্টিংসের দীর্ঘ শাসনকাল কোম্পানীর অধিকৃত অঞ্চলে শাসন শৃংখলা স্থাপন ও রাজ্যজয়ে ব্যয়িত হইয়াছিল। তাঁহার শাসনকাল যখন শেষ হইল তখন ভারতে বৃটিশ সাম্রাজ্য দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হইয়াছিল।

(ক) **রাজ্যবিস্তার—ইঙ্গ-মারাঠা ও ইঙ্গ-মহীশূর যুদ্ধ।**—মুঘল সাম্রাজ্য পতনের যুগে ভারতের রাজনীতি ক্ষেত্রে যে বিপর্যয় দেখা দিয়াছিল তাহার সুযোগ লইয়া ইংরাজ ও ফরাসী প্রভৃতি বৈদেশিক জাতিসমূহ বাণিজ্যের সঙ্গে সঙ্গে ভারতে সাম্রাজ্য বিস্তারে অগ্রসর হইল। সাম্রাজ্য বিস্তারের সূচনায় ইংরাজ ও ফরাসীদের মধ্যে তীব্র প্রতিদ্বন্দ্বিতা চলিয়াছিল এবং উভয় শক্তির মধ্যে কয়েকটি সংঘর্ষ ঘটিয়াছিল। কর্ণাট যুদ্ধে দাক্ষিণাত্যে ফরাসীদের পরাজয় এবং পলাশীর যুদ্ধে নবাবের পরাজয় এবং বাঙ্গালায় ইংরাজ প্রভুত্ব স্থাপিত

হইবার ফলে ভারতে ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের অবসান ঘটিল ; ইংরাজরা জয়লাভ করিল। কিন্তু তখনও ইংরাজদের রাজ্যবিস্তারের পথে দুরূহ অন্তরায় সৃষ্টি করিয়াছিল দাক্ষিণাত্যে মহীশূর রাজ্য এবং দক্ষিণ ও উত্তর ভারতে শক্তিশালী মারাঠা জাতি। হেষ্টিংস শাসনভার গ্রহণ করিয়া মারাঠা ও মহীশূরের সহিত যুদ্ধে লিপ্ত হইলেন।

(১) ইঙ্গ-মারাঠা সংঘর্ষ

প্রথম মারাঠা যুদ্ধ।—পানিপথের তৃতীয় যুদ্ধের (১৭৬১) পরে সাময়িকভাবে মারাঠা শক্তি হীনবল হইয়া পড়িয়াছিল। কিন্তু ইহার অল্পকাল পরেই পেশবা প্রথম মাধব রাও-এর নেতৃত্বে দাক্ষিণাত্য ও উত্তরাপথে মারাঠা শক্তি আবার প্রবল হইয়া উঠিল। বাদশাহ্ শাহ্ আলম মারাঠাদের সাহায্যে দিল্লীতে প্রবেশ করিয়া তাহাদের ক্রীড়নকরূপে রাজত্ব করিতে থাকেন। মারাঠাদের এরূপ প্রভাব-প্রতিপত্তি বৃদ্ধিতে হেষ্টিংস শংকিত হইয়া উঠিলেন এবং ইহাদের অগ্রগতি প্রতিরোধ করিবার জন্য প্রস্তুত হইলেন। বাদশাহ্‌কে যে বার্ষিক কর দেওয়া হইত তাহা তিনি বন্ধ করিয়া দিলেন এবং অযোধ্যার নবাবের সহিত মারাঠাদের বিরুদ্ধে মিত্রতাবদ্ধ হইলেন। কিন্তু এই সময় অকস্মাৎ পেশবা মাধব রাও মৃত্যুমুখে পতিত হইলেন (১৭৭২)। তাঁহার খুল্লতাত রঘুনাথ বা রাঘোবার চক্রান্তে মারাঠা রাজ্যে অন্তর্দ্বন্দ্ব দেখা দিলে মারাঠা শক্তি আবার হীনবল হইয়া পড়িল। পানিপথের পরাজয়েও মারাঠাদের যে ক্ষতি হয় নাই, পেশবা ১ম মাধব রাওয়ের মৃত্যুতে তাহাই হইল, এবং এ ক্ষতি আর কেহ পূরণ করিতে পারেন নাই।

মারাঠাশক্তির পুনরভ্যুদয়—ইংরাজদের ভীতি

মাধব রাওয়ের মৃত্যুতে তাঁহার কনিষ্ঠ ভ্রাতা নারায়ণ রাও পেশবা হইলেন। (১৭৭২)। রঘুনাথ বহুদিন হইতেই নিজে পেশবা হইবার জন্য চক্রান্ত করিয়া বেড়াইতেছিলেন। কিছুদিনের মধ্যেই রঘুনাথের চক্রান্তে নারায়ণ রাও নিহত হইলেন (১৭৭৩) এবং রঘুনাথ রাও নিজেকে পেশবা বলিয়া ঘোষণা করিলেন। নারায়ণ রাওয়ের মৃত্যুর সময় তাঁহার পত্নী ছিলেন সন্তান-সম্ভবা। সৌভাগ্যক্রমে নারায়ণ রাওয়ের এক পুত্র হইল। তখন সেই শিশুকে মাধবরাও নারায়ণ বা দ্বিতীয় মাধব রাও (১৭৭৪—'৯৬) নামে পেশবা বলিয়া

নারায়ণ রাও ও রঘুনাথ রাও

২য় মাধব রাও

Miss Chhoudhuri & Miss Chhoudhuri.

ঘোষণা করা হইল। মারাঠা নায়কদের মধ্যে যাঁহারা নবজাত শিশুর উত্তরাধিকার সমর্থন করিতে লাগিলেন, তাঁহাদের নায়ক ছিলেন বালাজী জনার্দন নামে এক কূটনীতিক ব্রাহ্মণ। তাঁহার পূর্বপুরুষগণ 'ফড়নবীশ' অর্থাৎ হিসাব-বিভাগে অধ্যক্ষের কাজ করিতেন; তাই তিনি প্রকৃত নামের পরিবর্তে 'নানা ফড়নবীশ' নামেই প্রসিদ্ধ হইয়া গিয়াছেন।

নানা ফড়নবীশ



নানা ফড়নবীশ

ইঙ্গ-মারাঠা যুদ্ধের কারণ

অতঃপর রঘুনাথ বোম্বাইয়ের ইংরাজদের নিকট উপস্থিত হইয়া সাহায্য ভিক্ষা করিলেন। স্থির হইল, রঘুনাথ ইংরাজের সাহায্যের বিনিময়ে কোম্পানীকে সাল্‌সেট ও বেসিন দান করিবেন এবং যুদ্ধের সমুদয় ব্যয়ও বহন করিবেন (১৭৭৫)। ইহারই নাম 'সুরাটের সন্ধি'। ইংরাজদের সঙ্গে মারাঠাদের শত্রুতা ছিল না; তবুও কেবল অন্যায় রাজ্যলোভে বোম্বাই গভর্ণমেণ্ট, সুরাটের সন্ধি অনুযায়ী কর্নেল কিটিংকে মারাঠাদের বিরুদ্ধে প্রেরণ করিলেন এবং কিটিং সসৈন্যে গুজরাটে প্রবেশ করিলেন।

সুরাটের সন্ধি (১৭৭৫)

কিন্তু এই সময় কলিকাতার গভর্ণমেণ্ট (কাউন্সিল) হেষ্টিংসের অনিচ্ছাসত্ত্বেও সুরাটের সন্ধি বাতিল করিয়া শিশু পেশবার অভিভাবকগণের সহিত এক নূতন সন্ধি করিলেন। এই সন্ধি 'পুরন্দরের সন্ধি' নামে প্রসিদ্ধ (১৭৭৬)। এই সন্ধির সর্ত অনুসারে নানা ফড়্‌নবীশ ইংরাজগণকে সাল্‌সেট দিলেন, ইংরাজগণও বিনিময়ে রাঘোবার পক্ষ ত্যাগ করিলেন। এই সময় বিলাতের ডিরেক্টরগণও আবার পুরন্দরের সন্ধি বাতিল করিয়া দিয়া সুরাটের সন্ধিই

পুরন্দরের সন্ধি (১৭৭৬)

সমর্থন করিলেন। ইতিমধ্যে কলিকাতার শাসন-পরিষদের দুইজন সদস্যের মৃত্যু হওয়াতে ওয়ারেন্ হেষ্টিংস্ স্বাধীনভাবে কার্য পরিচালনার সুযোগ পাইয়াছিলেন। সুতরাং পুনরায় যুদ্ধ আরম্ভ হইল (১৭৭৮)। কিন্তু রণকুশল মারাঠা সৈন্য কর্তৃক চারিদিক হইতে পরিবেষ্টিত হইয়া ইংরাজ সৈন্যদল পরাজিত হইল এবং ওয়াড়গাঁও নামক স্থানে মারাঠাদের সহিত এক অসম্মানজনক সন্ধিতে ইংরাজদের আবদ্ধ হইতে হইল (১৭৭৯)।

ওয়াড়গাঁওয়ের সন্ধি (১৭৭৯)

স্থির হইল, বোম্বাই গভর্ণমেণ্ট রাঘোবাকে মারাঠাদের নিকট সমর্পণ করিবেন এবং এযাবৎ মারাঠাদের নিকট হইতে ইংরাজেরা যাহা কিছু লইয়াছে সবই প্রত্যর্পণ করিবেন। কিন্তু আশু বিপদের সম্ভাবনা এড়াইয়া ইংরাজ সৈন্যগণ নির্বিঘ্নে বোম্বাই পৌঁছিবার পরই ইংরাজ কর্তৃপক্ষ সন্ধিসর্ত অস্বীকার করিয়া নূতন করিয়া যুদ্ধের আয়োজন করিতে লাগিলেন। গডার্ড নামক এক সেনাপতি মারাঠাদের বিরুদ্ধে প্রেরিত হইলেন। সুরাটে পৌঁছিয়া গডার্ড

পুনরায় যুদ্ধ

গায়কবাড়ের সহিত সন্ধি করিলেন (১৭৮০)। অতঃপর গডার্ড সিন্ধিয়া ও হোলকারকে পরাজিত করিয়া আহ্‌মদাবাদ ও বেসিন অধিকার করিয়া ফেলিলেন। কিন্তু অনতিকাল মধ্যেই তাঁহার পুনরায় নিদারুণ পরাজয় ঘটিল। এদিকে হেষ্টিংস্ পপহাম্ নামক সেনাপতিকে সিন্ধিয়ার বিরুদ্ধে প্রেরণ করিলেন। পপহাম গোয়ালিয়র দুর্গ অধিকার করিয়া ফেলিলেন (১৭৮০); সিন্ধিয়াকে পৃথক্‌ভাবে ইংরাজদের সঙ্গে এক সন্ধি করিতে হইল। পেশবার সৈন্যদলের সঙ্গে ইংরাজদের তখনও সংঘর্ষ চলিতেছিল। মহাদাজী সিন্ধিয়ার মধ্যস্থতায় সন্ধি স্থাপিত হইল। ইহা 'সল্‌বই-এর সন্ধি'

সল্‌বই-এর সন্ধি (১৭৮২)

(১০৮২) নামে প্রসিদ্ধ। ইহাতে স্থির হইল যে, পুরন্দরের সন্ধির পর ইংরাজ সৈন্যেরা যে সকল স্থান অধিকার করিয়াছিল তাহা সবই ফিরাইয়া দিতে হইবে; কোম্পানী কেবল সাল্‌সেট লাভ করিবেন। অধিকন্তু মাধব রাও নারায়ণকেই কোম্পানী পেশবা বলিয়া মানিয়া লইতে বাধ্য হইলেন। রাঘোবার জন্য বার্ষিক তিন লক্ষ টাকা বৃত্তির ব্যবস্থা করা হইল।

সল্‌বই-এর সন্ধির পর মারাঠা রাজ্যসমূহ।—এই সময় মারাঠা শক্তিসঙ্ঘ ধীরে ধীরে দুর্বল হইয়া পড়িতেছিল। রাজ্যগুলির মধ্যে সদ্ভাবের অভাব ছিল। নামে পেশবার প্রভুত্ব স্বীকার করিলেও মারাঠা নায়কগণ নিজ নিজ স্বার্থসিদ্ধির জন্য সর্বদা

পরস্পরের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত থাকিতেন এবং পেশবার নির্দেশ অমান্য করিয়া প্রায় স্বাধীনভাবেই রাজ্যশাসন করিতেন।

(২) মহীশূর রাজ্য—ইঙ্গ-মহীশূর যুদ্ধ

হায়দর আলীর অভ্যুত্থান।—অষ্টাদশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে যখন দাক্ষিণাত্যে একদিকে ইংরাজ ও ফরাসী এবং অপরদিকে নিজাম ও মারাঠাদের মধ্যে প্রভুত্ব লইয়া প্রতিদ্বন্দ্বিতা চলিতেছিল তখন হায়দর আলী নামক একজন ভাগ্যান্বেষী সৈনিক মহীশূরে একটি শক্তিশালী রাজ্য প্রতিষ্ঠা করেন। ১৭২২ খৃষ্টাব্দে সামান্য একজন সৈনিকের পুত্ররূপে হায়দর জন্মগ্রহণ করেন। ২৭ বৎসর বয়সে তিনি মহীশূরের হিন্দু রাজার অধীনে অশ্বারোহী সৈন্যদলে যোগদান করেন। বাল্যে লেখাপড়া শিখিবার সুযোগ না পাইলেও তাঁহার বুদ্ধি ও অভিজ্ঞতা কম ছিল না। সুতরাং ক্রমশঃই তাঁহার উন্নতি হইতে লাগিল এবং কালক্রমে তিনি দিন্দিগল নামক স্থানের শাসনকর্তার পদ লাভ করিলেন (১৭৫৫)। ইহার কিছুকাল পরে বাঙ্গালোর অঞ্চলে তিনি একটি জায়গীর পাইলেন। তখন মহীশূরে 'দলবই' আখ্যাধারী মন্ত্রীদের একাধিপত্য ছিল। এই সময় নঞ্জরাজ বা নন্দরাজ নামে একব্যক্তি মহীশূরের দলবই বা প্রধান মন্ত্রী ছিলেন। নঞ্জরাজের অনুগ্রহেই হায়দরের পদোন্নতি হইয়াছিল, কিন্তু নঞ্জরাজের প্রভুত্ব বিনষ্ট করিবার চক্রান্তে যোগ দিতে তিনি কুণ্ঠিত হন নাই। চক্রান্তের ফলে হিন্দু নঞ্জরাজের পতন ঘটিলে হায়দর নিজেই দলবই-এর স্থান গ্রহণ করিয়া রাজ্যের সর্বময় কর্তা হইয়া উঠিলেন (১৭৬০)। এই সময় মহীশূররাজ তাঁহাকে দমন করিতে চেষ্টা করিয়া ব্যর্থ হইলেন। ১৭৬৩ খৃষ্টাব্দে তিনি বেদ্‌নোর জয় করিয়া অপরিসীম ধনরত্ন লাভ করিলেন এবং ইহার সাহায্যেই নিজের সৌভাগ্য গড়িয়া তুলিলেন। ১৭৬৭ খৃঃ অব্দে তিনি রাজাকে রাজ্যচ্যুত করিয়া মহীশূরের সিংহাসন অধিকার করিলেন। তাঁহার দৃঢ় শাসনবলে মহীশূর রাজ্যের আয়তন বৃদ্ধি পাইল এবং ইহা দাক্ষিণাত্যের একটি শ্রেষ্ঠ ও শক্তিশালী রাজ্যে পরিণত হইল।

হায়দরের প্রথম জীবন ও পদোন্নতি

সিংহাসন লাভ

হায়দরের অভ্যুত্থানে নিজাম, মারাঠা ও ইংরাজরা ভীত হইয়া পড়িল এবং ১৭৬৬ খৃঃ অব্দে একযোগে মহীশূর আক্রমণ করিল। তিনটি প্রবল শক্তির বিরুদ্ধে একযোগে যুদ্ধ করা সম্ভব হইবে না বুঝিতে পারিয়া হায়দর বহু অর্থ দান করিয়া মারাঠাদের যুদ্ধ হইতে বিরত করিলেন। অতঃপর তিনি কূটনীতি বলে নিজামকেও স্বপক্ষে আনিয়া তাঁহার সহিত একযোগে ইংরাজদের বিরুদ্ধে যুদ্ধ সুরু করিলেন (১৭৬৭)।


হায়দর আলী

১ম ইঙ্গ-মহীশূর যুদ্ধ (১৭৬৬-৬৯)

পর বৎসর নিজাম হঠাৎ হায়দরের পক্ষ ত্যাগ করিয়া ইংরাজদের সহিত সন্ধি করিলেন; বীর হায়দর একাকী যুদ্ধ করিতে লাগিলেন। ১৭৬৯ খৃঃ অব্দে হায়দর সসৈন্যে অতর্কিতভাবে মাদ্রাজের উপকণ্ঠে উপস্থিত হইলে, মাদ্রাজের কর্তৃপক্ষ ভীত হইয়া তাঁহার সহিত সন্ধি করিলেন। সন্ধির সর্ত অনুসারে উভয়পক্ষ পরস্পরের বিজিত রাজ্য প্রত্যর্পণ করিলেন। সন্ধির অপর একটি সর্ত ছিল যে, তৃতীয় পক্ষের আক্রমণ হইতে হায়দর ও ইংরাজ পরস্পরকে রক্ষা করিবেন। সন্ধির এই সর্তটি ছিল হায়দরের কাছে সর্বাপেক্ষা মূল্যবান, কারণ মারাঠাদের আক্রমণ হইতে আত্মরক্ষার জন্য তাঁহার পক্ষে এক প্রবল মিত্রশক্তির প্রয়োজন হইয়া পড়িয়াছিল।

ইহার কিছুকাল পরেই হায়দরের সহিত মারাঠাদের আবার বিরোধ বাধিল; কিন্তু হায়দর সন্ধির সর্ত অনুযায়ী ইংরাজদের নিকট কোন সাহায্য পাইলেন না। বাধ্য হইয়া তাঁহাকে মারাঠাদের সহিত অপমানজনক সর্তে সন্ধি করিতে হইল। হায়দর কূটনৈতিক ইংরাজদের এই চক্রান্ত কখনও ভুলিতে পারেন নাই।

শীঘ্রই ইংরাজ ও হায়দরের মধ্যে আবার যুদ্ধ আরম্ভ হইল। মারাঠাদের সহিত মহীশূরের দ্বিতীয় সংঘর্ষকালে সন্ধির সর্তানুযায়ী ইংরাজদের নিকট হইতে কোন সাহায্য না

পাওয়ায় হায়দর আলী কুপিত হইয়াছিলেন। এই সময় নিজামও মাদ্রাজ গভর্ণমেণ্টের উদ্ধত আচরণে অত্যন্ত অসন্তুষ্ট হইয়াছিলেন। প্রথম মারাঠা যুদ্ধের শেষ পর্যায়ে

২য় ইঙ্গ-মহীশূর যুদ্ধ (১৭৭৮-'৮৪)

মারাঠাদের সঙ্গে ইংরাজদের যখন যুদ্ধ চলিতেছিল সেই সময় ১৭৭৮ খৃঃ অব্দে ইউরোপে আবার ইংরাজ ও ফরাসীদের মধ্যে বিরোধ বাধিয়া গেল। তখন নিজাম ও হায়দর আলী মারাঠা-নায়ক ভোঁসলার সহিত মিলিত হইয়া ইংরাজদের বিরুদ্ধে এক বিরাট দক্ষিণ-ভারতীয় শক্তিসঙ্ঘ গড়িয়া তুলিলেন। ইউরোপে ইঙ্গ-ফরাসী সংঘর্ষ উপস্থিত হইবার পর ভারতবর্ষে ইংরাজগণ ফরাসী উপনিবেশগুলি দখল করিতে লাগিলেন। ফরাসীদের মাহে বন্দরটি ছিল মহীশূর রাজ্যের অন্তর্গত। হায়দরের প্রতিবাদে কর্ণপাত না করিয়া ইংরাজরা মাহে অধিকার করিলেন (১৭৭৯)। তখন হায়দর নিজামের সহিত যোগ দিয়া ইংরাজদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। কিন্তু যুদ্ধ আরম্ভ হইবার পরেই ইংরাজ কর্তৃপক্ষ নিজাম ও

জয়-পরাজয়

ভোঁসলার সহিত সন্ধি স্থাপন করিলেন। হায়দর সসৈন্যে মাদ্রাজের উপকণ্ঠে আসিয়া পৌঁছিলেন। ইতিমধ্যে বেইলী নামে একজন সেনাপতির অধীনে একদল ইংরাজ সৈন্য উত্তরদিক্ হইতে মাদ্রাজের অভিমুখে অগ্রসর হইল। হায়দর অপূর্ব ক্ষিপ্রতার সহিত বেইলীর সৈন্যদলকে একেবারে বিধ্বস্ত করিয়া দিলেন (১৭৮০)। ইংরাজ সেনাপতি সার আয়ার কূট পোর্তোনোভো নামক স্থানে হায়দরকে পরাজিত করিলেন (১৭৮১); কিন্তু হায়দরের উপযুক্ত



টিপু সুলতান

হায়দরের মৃত্যু

পুত্র টিপু তাঞ্জোরে কর্নেল ব্রেথওয়েট নামক ইংরাজ সেনাপতির সৈন্যদলকে বিধ্বস্ত করিয়া ফেলিলেন (১৭৮২)। কিছুকাল পরে হায়দরের মৃত্যুতে (১৭৮২) যুদ্ধের

বেগ সামান্য মন্দীভূত হইলেও নিবৃত্ত হইল না। পর বৎসর টিপু সুলতান ম্যাথুস্ নামক ইংরাজ সেনাপতিকে একেবারে সসৈন্যে বন্দী করিলেন (১৭৮৩)। তখন উভয়পক্ষে বন্দীবিনিময় ও বিজিত স্থান প্রত্যর্পণের সর্তে মাঙ্গালোর নামক স্থানে ইংরাজদের সহিত টিপু সুলতানের সন্ধি হয় (১৭৮৪)।

টিপু সুলতান: মাঙ্গালোরের সন্ধি (১৭৮৪)

(খ) হেষ্টিংসের শাসন সংস্কার

(১) রাজস্ব-ব্যবস্থা।—ক্লাইভের ন্যায় ওয়ারেন্ হেষ্টিংস্‌ও তরুণ বয়সে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর সামান্য চাকুরী লইয়া এদেশে আসিয়াছিলেন। কাজেই এখানকার কাজকর্ম সম্বন্ধে তাঁহার বিলক্ষণ অভিজ্ঞতা জন্মিয়াছিল। ক্লাইভের পর ভেরেলষ্ট্ ও কার্টিয়ারের আমলে কোম্পানীর কাজে নানারূপ বিশৃংখলা উপস্থিত হইয়াছিল। বাংলার গভর্ণর হইয়া হেষ্টিংস দেখিলেন দ্বৈত-শাসনই যত অনিষ্টের মূল। সুতরাং ইংলণ্ডের ডিরেক্টর সভার অনুমোদনক্রমে তিনি উহার উচ্ছেদ-সাধনে বদ্ধ পরিকর হইলেন। তিনি প্রথমেই রাজস্ব আদায়ের সুব্যবস্থা করিতে উদ্যোগী হইলেন। তিনি রেজা খাঁ এবং সিতাব রায়কে পদচ্যুত করিয়া নায়েব-নাজিমের পদ লোপ করিয়া দিলেন। কলিকাতায় 'রেভিনিউ বোর্ড' স্থাপন করিয়া হেষ্টিংস্ 'কলেক্টর' নামক বৃটিশ কর্মচারীদের উপর রাজস্ব আদায়ের ভার দিলেন। রাজকোষও মুর্শিদাবাদ হইতে কলিকাতায় স্থানান্তরিত করা হইল। ভূমি-রাজস্ব নিলামে (Revenue Sale) চড়াইয়া যাহারা সর্বোচ্চ রাজস্ব দিতে স্বীকার করিল তাহাদের সহিত পাঁচ বৎসরের জন্য জমি বন্দোবস্ত করা হইল। ইহারা জমিদার নামে পরিচিত হইলেন; খাজনা ছাড়া জমির উপর ইহাদের কোন স্বত্ব থাকিত না।



ওয়ারেন্ হেষ্টিংস্

দ্বৈতশাসন-ব্যবস্থা লোপ

রেভিনিউ বোর্ড গঠন

হেষ্টিংস্ ব্যয় সংকোচের উদ্দেশ্যে বাংলার নবাবের বৃত্তির পরিমাণ হ্রাস করিলেন। ১৭৭১ খৃষ্টাব্দ হইতে বাদশাহ্ শাহ্ আলম মারাঠাদের আশ্রয়ে দিল্লীতে বাস করিতেছিলেন। বক্সার যুদ্ধের পরে এবং দেওয়ানী লাভের সময়ে ইংরাজ কর্তৃপক্ষ অযোধ্যার নবাবের নিকট হইতে কোরা ও এলাহাবাদ জেলা দুইটি লইয়া বাদশাহকে দিয়াছিলেন এবং তাঁহার জন্য বার্ষিক ২৬ লক্ষ টাকা বৃত্তি নির্ধারিত করিয়াছিলেন। হেষ্টিংস্ ১৭৭৩ খৃষ্টাব্দে বাদশাহের বৃত্তি একেবারে বন্ধ করিয়া দিলেন এবং কোরা ও এলাহাবাদের অধিকার অযোধ্যার নবাবকে প্রত্যর্পণ করিলেন। নবাব ইহার বিনিময়ে ইংরাজদের ৫০ লক্ষ টাকা দিলেন। ইহা ছাড়া নবাব স্বরাজ্যে বৃটিশ সৈন্য রাখিতে স্বীকৃত হইয়া ইংরাজদের কিছু অর্থ দিতে রাজি হইলেন। হেষ্টিংসের এই সকল ব্যবস্থার ফলে কোম্পানীর আর্থিক অবস্থার কিছু উন্নতি হইল; কিন্তু অর্থাভাব কমিল না।

ব্যয় সংকোচ ও আয় বৃদ্ধি

(২) বিচার-ব্যবস্থা।—১৭৬৫ খৃঃ অব্দে দেওয়ানীলাভের ফলে বাঙ্গালা, বিহার ও উড়িষ্যার রাজস্ব-আদায়ের ভার ও দেওয়ানী মামলার বিচার-ব্যবস্থা কোম্পানীর হাতে আসিয়াছিল। দ্বৈত-শাসনের কালে রাজস্ব-বিভাগের ন্যায় বিচার-বিভাগেও কোন শৃঙ্খলা ছিল না।। ওয়ারেন্ হেষ্টিংস্ শাসনকর্তৃত্ব গ্রহণ করিয়া রাজস্ব-বিভাগের ন্যায় বিচার-বিভাগেও কিছু সংস্কার প্রবর্তন করেন।

তিনি প্রত্যেক জেলায় এক একটি করিয়া দেওয়ানী আদালত ও ফৌজদারী আদালত স্থাপিত করিলেন। প্রতি জেলায় দেওয়ানী আদালতের ভার কলেক্টর নামে ইংরাজ-কর্মচারীর হাতে দেওয়া হইল এবং ফৌজদারী মামলার বিচারের ভার পাইলেন একজন দেশীয় বিচারক। কলিকাতায় 'সদর দেওয়ানী আদালত' ও 'সদর নিজামৎ আদালত' নামে দুইটি উচ্চতম বিচারালয় স্থাপিত হইল। ইহারা যথাক্রমে দেওয়ানী ও ফৌজদারী বিচার-বিভাগের কার্য সম্পন্ন করিত। দেওয়ানী আদালতের অধ্যক্ষ হইলেন স্বয়ং গভর্ণর ও তাঁহার পরিষদের সদস্যগণ, আর নিজামৎ আদালতের তত্ত্বাবধানের ভার রহিল দেশীয় বিচারকের হাতে। কিন্তু ইংরাজ সরকার, নিজামৎ আদালত ও জেলা ফৌজদারী আদালতগুলির উপর, কিছু পরিমাণে কর্তৃত্ব রাখিলেন। হিন্দু ও মুসলমানদের আইনসমূহ বিধিবদ্ধ করিবার নিমিত্ত হেষ্টিংস্ সংস্কৃতজ্ঞ

জেলা আদালত, সদর দেওয়ানী ও সদর নিজামৎ আদালত

পণ্ডিত ও ফার্সীনবিশদের নিযুক্ত করিয়া আইনের গ্রন্থগুলি (Code) ইংরাজীতে অনুবাদের ব্যবস্থা করিলেন।

স্থপ্রীম কোর্ট

রেগুলেটিং অ্যাক্ট অনুযায়ী ১৭৭৪ খৃঃ অব্দে একজন প্রধান বিচারপতি ও তিনজন অধস্তন বিচারক লইয়া কলিকাতায় একটি 'স্থপ্রীম কোর্ট' বা সর্বোচ্চ বিচারালয় স্থাপিত হইল। প্রথমে স্থপ্রীম কোর্টের ক্ষমতার প্রশ্ন লইয়া হেষ্টিংস্ ও প্রধান বিচারপতি ইম্পের (Impey) মধ্যে বিবাদ বাধিল। পরে পার্লামেণ্ট একটি নূতন আইন প্রণয়ন করিয়া ইহার ক্ষমতা নির্দেশ করিয়া দেন (১৭৮১)।

(৩) শাসন-পদ্ধতির বিবর্তন।—এতদিন ভারতবর্ষে কোম্পানীর শাসনকার্যে বৃটিশ পার্লামেণ্ট হস্তক্ষেপ করেন নাই; ডিরেক্টর সভাই ভারত-সংক্রান্ত সকল কার্য স্বাধীনভাবে নির্বাহ করিতেন। কিন্তু ভারতবর্ষে কোম্পানীর রাজ্য-বিস্তারের সঙ্গে সঙ্গে শাসনকার্যে নানা বিশৃঙ্খলা ঘটিতেছে এই সংবাদ পাইয়া পার্লামেণ্ট ভারতের শাসন-ব্যাপারে হস্তক্ষেপ করা আবশ্যক মনে করিলেন। ১৭৭৩ খৃঃ অব্দে ইংলণ্ডের তদানীন্তন প্রধানমন্ত্রী লর্ড নর্থ **'রেগুলেটিং অ্যাক্ট'** (Regulating Act) নামে প্রথম 'ভারত-শাসন আইন' বিধিবদ্ধ করেন। এই আইন পাশ হইবার কাল হইতেই ব্রিটিশ পার্লামেণ্ট সরাসরিভাবে ভারতে কোম্পানীর শাসনকার্যে হস্তক্ষেপ করিতে লাগিলেন। এই আইন অনুযায়ী বাংলার গভর্ণর বাংলা সরকারের গভর্ণর-জেনারেল নিযুক্ত হইলেন। গভর্ণর-জেনারেল ও আরও চারিজন সদস্য লইয়া তাঁহার শাসন-পরিষদ অথবা কাউন্সিল গঠিত হইল। গভর্ণর-জেনারেল এই পরিষদের সভাপতি হইলেন। বোম্বাই ও মাদ্রাজ প্রেসিডেন্সীর শাসনভার এক একজন স্বতন্ত্র গভর্ণরের হাতে ন্যস্ত হইল। কিন্তু বৃটিশ-শাসিত অঞ্চলের অর্থ নৈতিক ও পররাষ্ট্র ব্যাপার-নিয়ন্ত্রণের ক্ষমতা সপরিষদ বাংলার গভর্ণর-জেনারেলের হাতেই রহিল। কোন রাষ্ট্রের সহিত যুদ্ধ ঘোষণা অথবা সন্ধি স্থাপন করিতে হইলে, মাদ্রাজ ও বোম্বাই-এর গভর্ণরদের, গভর্ণর-জেনারেলের অনুমতি লইতে হইত। গভর্ণর-জেনারেল ও পরিষদ শাসনকার্যের জন্য বৃটিশ পার্লামেণ্টের নিকট দায়ী হইলেন। স্থতরাং বৃটিশ-ভারতের শাসন-সংক্রান্ত রিপোর্ট ইংলণ্ডের মন্ত্রিসভার নিকট পাঠাইবার দায়িত্বও তাঁহাদের রহিল। ইহা ছাড়া বিচারকার্যের স্থব্যবস্থার জন্য একজন প্রধান বিচারপতি ও তিনজন অধস্তন বিচারক লইয়া কলিকাতায় একটি স্থপ্রীম কোর্ট বা প্রধান বিচারালয়

লর্ড নর্থের রেগুলেটিং অ্যাক্ট (১৭৭৩)

স্থাপিত হইল। স্যার ইলাইজা ইম্পে এই আদালতের প্রথম প্রধান বিচারপতি-পদে নিযুক্ত হইলেন।

রেগুলেটিং অ্যাক্টের দোষ-গুণ

রেগুলেটিং অ্যাক্টকে বৃটিশ পার্লামেণ্টের প্রথম 'ভারত-শাসন আইন' বলিয়া বর্ণনা করা চলে। এই আইনের অনেক ত্রুটি ছিল। সর্বপ্রধান দোষ এই ছিল যে, ইহাতে সপরিষদ গভর্ণর-জেনারেলের সহিত মাদ্রাজ ও বোম্বাই-এর সপরিষদ গভর্ণরদ্বয়, এবং সুপ্রীম কোর্টের সহিত গভর্ণর-জেনারেল ও তাঁহার কাউন্সিলের সম্বন্ধ কি তাহা স্পষ্টভাবে নির্ধারিত করিয়া দেওয়া হয় নাই। দ্বিতীয়তঃ, কোন বিষয়ে কাউন্সিলের অধিকাংশ সভ্যের অমত হইলে অচল অবস্থা উপস্থিত হইত, কারণ সেক্ষেত্রে গভর্ণর-জেনারেলেরও কোন কার্য করিবার ক্ষমতা ছিল না। ইহাতে শাসনকার্যে বিশৃঙ্খলা ঘটিত। এদিকে সুপ্রীম কোর্টের ক্ষমতা ও সপরিষদ গভর্ণর-জেনারেলের সহিত তাহার সম্বন্ধ সুনির্দিষ্ট না হওয়ার ফলে উভয়ের মধ্যে দ্বন্দ্ব ও গোলযোগ উপস্থিত হইল। এই অসুবিধা দূর করিবার জন্য পার্লামেণ্ট পরে সুপ্রীম কোর্টের ক্ষমতা নির্দিষ্ট করিয়া দেন।

১৭৭৪ খৃষ্টাব্দ হইতে রেগুলেটিং অ্যাক্ট অনুযায়ী শাসন-ব্যবস্থা প্রবর্তিত হইল। কিন্তু প্রথম হইতেই কাউন্সিলের সদস্যদের সহিত হেষ্টিংসের মতভেদ ঘটায়, তাঁহার পক্ষে শাসন-পরিচালনা দুঃসাধ্য হইল। অবশেষে দুইজন সদস্যের মৃত্যু হইলে হেষ্টিংসের প্রভাব বাড়িল। আর কোন অসুবিধা রহিল না।

পিটের ইণ্ডিয়া অ্যাক্ট (১৭৮৪)।—রেগুলেটিং অ্যাক্ট অনুসারে প্রায় দশ বৎসর পর্যন্ত শাসনকার্য পরিচালিত হইল। কিন্তু ইহাতে কয়েকটি ত্রুটি থাকায় নানাবিধ অসুবিধা দেখা দিল। এজন্য ১৭৮৪ খৃষ্টাব্দে ইংলণ্ডের প্রধানমন্ত্রী পিট (Pitt the Younger) 'ইণ্ডিয়া অ্যাক্ট' নামে নূতন ভারত-শাসন আইন বিধিবদ্ধ করিলেন। এই আইন অনুসারে মন্ত্রীদের পরামর্শ অনুযায়ী ইংলণ্ডের রাজা, ছয় জন সদস্য লইয়া বোর্ড অব্ কণ্ট্রোল (Board of Control) নামে এক পরিষদ গঠন করেন। একজন মন্ত্রী ইহার সভাপতি নিযুক্ত হইলেন। কোম্পানীর ডিরেক্টার-সভার পরিবর্তে ভারত-শাসনের কর্তৃত্ব এই বোর্ডের উপর ন্যস্ত হইল। গভর্ণর-জেনারেল তিন জন সদস্য লইয়া, বোর্ড অব কণ্ট্রোলের নির্দেশক্রমে, বৃটিশ-ভারতের শাসন-পরিচালনা করিবেন স্থির হইল। সপরিষদ গভর্ণর-জেনারেল যুদ্ধ, সন্ধি,

অর্থ ও বৈদেশিক ব্যাপারে মাদ্রাজ ও বোম্বাই-এর গভর্ণরদের উপর প্রাধান্য ও কর্তৃত্ব লাভ করিলেন। প্রয়োজন বোধ করিলে তিনি পরিষদের মতামত অগ্রাহ্য করিয়া নিজ দায়িত্বে ভারতে কার্য নির্বাহ করিতে পারিবেন, এরূপ ক্ষমতা লাভ করিলেন। সুপ্রীম কোর্টের ক্ষমতাও এই আইনে স্পষ্টভাবে নির্দেশ করিয়া দেওয়া হইল। ফলে ভারত-শাসনের সমস্ত ক্ষমতা প্রকৃতপক্ষে লণ্ডনের বৃটিশ পার্লামেণ্টের হাতে গেল। কোম্পানীর ডিরেক্টরগণ শুধু কর্মচারী নিয়োগ ও বরখাস্তের অধিকার লইয়া রহিলেন। ১৮৫৮ খৃষ্টাব্দ পর্যন্ত বৃটিশ-ভারতের শাসনকার্য মোটামুটি পিটের আইন অনুসারে পরিচালিত হইয়াছিল।

(গ) ইংরাজ সরকার এবং রোহিলখণ্ড, অযোধ্যা ও বারাণসী

(১) রোহিলখণ্ড।—অযোধ্যার উত্তর-পশ্চিমে রোহিলখণ্ড নামে একটি রাজ্য ছিল। হাফিজ্ রহমান খাঁ ছিলেন এই রাজ্যের আফগান সর্দারদের নেতা। বহুদিন হইতেই অযোধ্যার নবাবের এই রাজ্যটির উপর লোভ ছিল। মারাঠা-আক্রমণে বিব্রত হইয়া রোহিলারা নবাবের সহিত একটি সন্ধি করিল। স্থির হইল যে, মারাঠারা যদি রোহিলখণ্ড আক্রমণ করে তবে নবাব তাহাদের সৈন্য-সাহায্য দিয়া মারাঠাদের বিতাড়িত করিবেন; বিনিময়ে রোহিলারা নবাবকে প্রচুর অর্থ দিতে প্রতিশ্রুত হইল। ইহার পরে মারাঠারা রোহিলখণ্ড আক্রমণ করিলে নবাব, ইংরাজ সৈন্যের সাহায্যে, তাহাদের পরাজিত করিলেন। নবাব সন্ধি অনুযায়ী প্রাপ্য টাকা দাবী করিলে রোহিলারা তাহা দিতে রাজি হইল না। তখন তিনি রোহিলখণ্ড জয় করিবার উদ্দেশ্যে হেষ্টিংসের নিকট একদল ইংরাজ সৈন্য প্রার্থনা করিলেন। সৈন্যদের ব্যয়ভার ছাড়া তিনি কোম্পানীকে আরও ৪০ লক্ষ টাকা দিতে স্বীকৃত হইলেন। কোম্পানীর রাজকোষে তখন অর্থাভাব দেখা দিয়াছিল। রোহিলাদের সহিত ইংরাজদের কোন শত্রুতা না থাকিলেও হেষ্টিংস অর্থাভাব পূরণ করিবার জন্য নবাবের প্রস্তাবে সম্মত হইলেন। ইংরাজ সৈন্যের সহায়তায় রোহিলখণ্ড বিজিত হইল। স্বদেশের স্বাধীনতা রক্ষার জন্য হাফিজ রহমান বীরের ন্যায় যুদ্ধক্ষেত্রে প্রাণ দিলেন। কোম্পানীর রাজকোষ পূর্ণ হইল বটে, কিন্তু রোহিলাদের স্বাধীনতা-হরণে নবাবকে সৈন্য সাহায্য দিয়া হেষ্টিংস ন্যায়ের মর্যাদা ক্ষুণ্ণ করিয়াছিলেন ইহাতে কোন সন্দেহ নাই।

(২) অযোধ্যার বেগমদের উপর জুলুম।—নবাব সুজাউদ্দৌলার মৃত্যুর পর

তাঁহার পুত্র আসফ্‌উদ্দৌলা নবাব হইলেন। অর্থাভাব মিটাইবার জন্য হেষ্টিংস্ তাঁহার সহিত এক নূতন বন্দোবস্ত করিলেন। স্থির হইল, নবাবের সৈন্যদলকে ইংরাজ কর্মচারী দ্বারা পাশ্চাত্ত্য-প্রথায় শিক্ষা দিবার মূল্যস্বরূপ নবাব কয়েকটি জেলার রাজস্ব ইংরাজ গভর্ণমেণ্টকে দিবেন। কিন্তু নবাবের রাজকোষে অর্থের অভাব ঘটায় কোম্পানীর প্রাপ্য টাকা অনেক বাকি পড়িল। হেষ্টিংস তাঁহাকে টাকার জন্য অত্যন্ত পীড়াপীড়ি করিতে লাগিলেন। নবাব তখন বলিয়া পাঠাইলেন যে, তাঁহার পিতার সম্পত্তির অধিকাংশ তাঁহার মাতা ও পিতামহীর হস্তগত হওয়ায় তাঁহার পক্ষে এত অর্থ প্রদান করা একেবারেই অসম্ভব। সুজা-উদ্দৌলার মৃত্যুর পর কলিকাতার শাসন-পরিষদের অনুমোদনেই নবাব সুজাউদ্দৌলার পত্নী এবং মাতা তাঁহার সঞ্চিত ধনরত্ন এবং সম্পত্তির কিয়দংশ প্রাপ্ত হইয়াছিলেন। হেষ্টিংস নবাবকে তাঁহার মাতা ও পিতামহীরধনসম্পত্তি বলপূর্বক পূর্ণ-অধিকার করিতে পরামর্শ দিয়া একদল ইংরাজ সৈন্যও প্রেরণ করিলেন। সৈন্যদের অত্যাচারে বেগমরা নিতান্ত বিপন্ন হইয়া উঠিলেন। এই হীন উপায়ে অসহায় অন্তঃপুরিকা বেগমদের নিকট হইতে জুলুম করিয়া ৭৬ লক্ষ টাকা লুট করা হয় (১৭৮২)।

বেগমদের ধন লুণ্ঠন

(৩) চৈৎসিংহের উপর অত্যাচার।—অযোধ্যার নবাবের অধীনে বারাণসী একটি সামন্তরাজ্য ছিল। ১৭৭৫ খৃষ্টাব্দে যখন এই রাজ্যটি ইংরাজদিগের অধিকারে আসিল তখন ইহার রাজা চৈৎসিংহের সহিত কোম্পানীর একটি চুক্তি হইল যে, রাজা যতদিন কোম্পানীকে বার্ষিক ২২½ লক্ষ টাকা কর দিবেন ততদিন কোম্পানী তাঁহার রাজ্যের আভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করিবে না। এই চুক্তি অনুসারে চৈৎসিংহ নিয়মিতভাবে কোম্পানীকে রাজস্ব দিতেছিলেন; এমন কি হেষ্টিংসের অন্যায় ও অতিরিক্ত দাবিও তিনি বার বার মিটাইয়া দিয়াছিলেন। ১৭৮১ খৃষ্টাব্দে হেষ্টিংস চৈৎসিংহকে কোম্পানীর কার্যের জন্য একহাজার অশ্বারোহী প্রেরণ করিতে আদেশ দিলেন। চৈৎসিংহ একটি ক্ষুদ্র সৈন্যদল গঠন করিলেন, পুরা একহাজার সৈন্য সংগ্রহ করিতে পারিলেন না। হেষ্টিংস ক্রুদ্ধ হইয়া আদেশ পালনে শৈথিল্যের জন্য চৈৎসিংহকে ৫০ লক্ষ টাকা জরিমানা করিলেন এবং জরিমানা আদায়ের অছিলায় বারাণসীতে উপস্থিত হইয়া রাজাকে কারারুদ্ধ করিলেন। বারাণসীর প্রজারা রাজার এই অপমানে ক্ষুব্ধ হইয়া ইংরাজ সৈন্যদের হত্যা করিল। হেষ্টিংস চুনারে পলায়ন করিয়া প্রাণ বাঁচাইলেন। অতঃপর তিনি সৈন্য সংগ্রহ করিয়া বারাণসী অধিকার

করিলেন। চৈৎসিংহ পলায়ন করিলেন। বার্ষিক ৪০ লক্ষ টাকা করদানের চুক্তিতে তাঁহার এক আত্মীয়কে সিংহাসন দেওয়া হইল। এরূপ অন্যায় উপায়ে হেষ্টিংস কোম্পানীর অর্থাভাব পূরণ করিলেন।

(ঘ) হেষ্টিংসের বিচার

হেষ্টিংসের এইসব অন্যায় ও ঘৃণ্য অত্যাচারের সংবাদ ইংলণ্ডে পৌছিলে সেখানকার অনেকেই শঙ্কিত ও ক্রুদ্ধ হইয়া উঠিলেন। হেষ্টিংসের বিরোধী পক্ষের সকলে সেখানে প্রবল আন্দোলন উপস্থিত করিলেন। হেষ্টিংস পদত্যাগ করিয়া স্বদেশে চলিয়া গেলেন (১৭৮৫)। ক্লাইভের মত এবারও পার্লামেণ্টের কমন্সসভা হেষ্টিংসের বিরুদ্ধে রোহিলাদের স্বাধীনতা-হরণ, ও অযোধ্যার বেগমদের প্রতি অত্যাচার প্রভৃতি দুষ্কার্যের জন্য লর্ডস সভার নিকট প্রবল অভিযোগ (Impeachment) আনয়ন করেন। দীর্ঘ সাত বৎসর ধরিয়া হেষ্টিংসের বিচার চলিল। বহুকষ্টে তিনি নির্দোষ বলিয়া মুক্তিলাভ করেন (১৭৯৫)। ১৮১৮ খৃঃ অব্দে ৮৫ বৎসর বয়সে তাঁহার মৃত্যু হয়।

হেষ্টিংসের বিচার ও মুক্তিলাভ

চরিত্র ও কৃতিত্ব।—মানবতা ও ন্যায়নীতির দিক্ হইতে হেষ্টিংস্‌কে প্রশংসা করা যায় না; কিন্তু বাস্তব রাজনীতির প্রতি লক্ষ্য রাখিয়া তাঁহার কার্যাবলী বিচার করিলে তাঁহাকে কিছু প্রশংসা না করিয়া থাকা যায় না। মীরজাফরের পত্নী মণিবেগম প্রভৃতির নিকট হইতে উৎকোচ গ্রহণ করিলেও ক্লাইভ, ভ্যান্সিটার্ট প্রভৃতি সে-যুগের অপরাপর কর্মচারীদের তুলনায় হেষ্টিংস্ সম্ভবতঃ ততটা লুব্ধ ছিলেন না। কিন্তু রোহিলাদের স্বাধীনতা হরণ, চৈৎসিংহ এবং অযোধ্যার বেগমদের উপর জঘন্য অত্যাচার হেষ্টিংসের চরিত্রের উপর দুরপনেয় কলঙ্কপাত করিয়াছে। যদিও তাঁহার রাজনীতির মূল উদ্দেশ্য ছিল তাঁহার স্বদেশ ও স্বজাতির ক্ষমতাবৃদ্ধি, তথাপি ন্যায়নীতির দিক দিয়া ক্লাইভ বা হেষ্টিংস্‌কে সমর্থন করা চলে না। সুতরাং হেষ্টিংসের সর্বপ্রধান এবং বোধ হয় একমাত্র সাফল্য দাঁড়াইল ভারতে বৃটিশ-প্রভুত্ব রক্ষা। প্রবল মহীশূর ও মারাঠাদের সহিত সংঘর্ষ সত্ত্বেও তিনি এদেশে ইংরাজদের প্রাধান্য দৃঢ়তর করিয়া তুলিয়াছিলেন; এখানেই হেষ্টিংসের কৃতিত্ব। শিক্ষা ও

সংগঠনমূলক নীতিতেও তিনি তাঁহার বুদ্ধিমত্তা, রাজনীতি-জ্ঞান, সাহস ও কর্মক্ষমতা, প্রভৃতির বিশেষ পরিচয় দিয়া গিয়াছেন। এইজন্যই অনেকে হেষ্টিংস্‌কে ভারতবর্ষের সর্বশ্রেষ্ঠ গভর্ণর-জেনারেল বলিয়া গণ্য করেন। শাসনকার্যেও তিনি তাঁহার দায়িত্বজ্ঞান এবং দক্ষতা দেখাইয়া গিয়াছেন। তিনি দ্বৈত-শাসনের অন্তর্নিহিত অচল অবস্থারও অবসান করিয়া, শাসন-দায়িত্ব পূর্ণভাবে গ্রহণ করিয়াছিলেন।

প্রশ্নাবলী

১। ওয়ারেন্ হেষ্টিংসের শাসনকালে বৃটিশ শক্তিকে কি বিপদের সম্মুখীন হইতে হইয়াছিল এবং কি প্রকারে তিনি উহা অতিক্রম করেন তাহা সংক্ষেপে বর্ণনা কর।

২। ওয়ারেন্ হেষ্টিংসের শাসনকালে মারাঠা ও মহীশূরের সহিত বৃটিশ গভর্ণমেণ্টের যে সংঘর্ষ ঘটিয়াছিল তাহা বর্ণনা কর। ইহার ফলাফল কি হইয়াছিল ?

৩। ওয়ারেন্ হেষ্টিংসের শাসনসংস্কার সম্বন্ধে বিস্তৃত বর্ণনা দাও।

৪। রেগুলেটিং অ্যাক্ট ও পিটের ইণ্ডিয়া অ্যাক্ট প্রবর্তন হইবার ফলে ভারত শাসনে কিরূপ পরিবর্তন সাধিত হইয়াছিল ?

৫। হেষ্টিংসের কৃতিত্ব ও চরিত্রের আলোচনা কর।

৬। ইহাদের সম্বন্ধে কি জান ?—নানা ফড়নবীশ, সলবই-এর সন্ধি, রেগুলেটিং অ্যাক্ট, পিটের ইণ্ডিয়া অ্যাক্ট, অযোধ্যার বেগমদের ধনলুণ্ঠন, চৈৎসিংহ।

অষ্টাবিংশ অধ্যায়

ভারতে বৃটিশ অধিকার বিস্তার (১৭৮৫—১৮২৩)

(Expansion of the British Empire in India)

লর্ড কর্ণওয়ালিস (১৭৮৬—'৯৩ এবং ১৮০৫), লর্ড ওয়েলেসলী (১৭৯৮—১৮০৫), ১ম লর্ড মিণ্টো (১৮০৭—১৮১৩), লর্ড হেষ্টিংস বা লর্ড ময়রা (১৮১৩—'২৩)।

সাম্রাজ্য বিস্তার

(ক) লর্ড কর্ণওয়ালিস্ (১৭৮৬—'৯৩)।—হেষ্টিংস পদত্যাগ করিলে শাসন-পরিষদের প্রবীণ সদস্য ম্যাক্‌ফারসন অস্থায়িভাবে কয়েক মাস (১৭৮৫—'৮৬) গভর্ণর-জেনারেলের

কার্য পরিচালনা করেন। ইহার পর লর্ড কর্ণওয়ালিস্ ১৭৮৬ খৃঃ অব্দে ভারতবর্ষে আসিয়া ম্যাক্ফারসনের নিকট হইতে গভর্ণর-জেনারেলের কার্যভার গ্রহণ করেন। সততা ও ন্যায়নিষ্ঠার জন্য তাঁহার খ্যাতিও ছিল যথেষ্ট। ভারতবর্ষে ইংরাজ কর্মচারীদের দুর্নীতি দূর করিবার জন্যই কর্ণওয়ালিস্কে গভর্ণর-জেনারেল করিয়া পাঠান হয়। আবশ্যক হইলে শাসন-পরিষদের মতামত অগ্রাহ্য করিয়া কার্য করিবার অধিকার গভর্ণর-জেনারেলকে দেওয়াতে, কর্ণওয়ালিসের পক্ষে কার্য-পরিচালনা অনেক সহজ হইয়াছিল। অধিকন্তু তাঁহাকে প্রধান সেনাপতির ক্ষমতাও দেওয়া হয়। আমেরিকার স্বাধীনতা যুদ্ধে পরাজিত হইলেও, কর্ণওয়ালিস্ বৃটিশ সেনাপতিরূপে যুদ্ধ করেন ; সুতরাং যুদ্ধবিগ্রহে তাঁহার যথেষ্ট অভিজ্ঞতা ছিল। তিনি ও তাঁহার পরবর্তী গভর্ণর-জেনারেলগণ, ক্লাইভ ও হেষ্টিংসের রাজ্যবিস্তার নীতিই গ্রহণ করেন এবং একে একে মহীশূর, মারাঠা এবং অপরাপর কয়েকটি দেশীয় রাজ্য জয় করিয়া ভারতে বৃটিশ-শক্তিকে সার্বভৌম শক্তিরূপে স্থাপিত করেন।



লর্ড কর্ণওয়ালিস্

তৃতীয় মহীশূর যুদ্ধ।—পিট্ তাঁহার ইণ্ডিয়া অ্যাক্টে এরূপ নির্দেশ দিয়াছিলেন যে, ইংরাজগণ অসহায় ভারতে রাজ্য বিস্তার করিতে পারিবেন না ; দেশীয় রাজাদের সহিত তাঁহাদিগকে সদ্ভাব রক্ষা করিয়া চলিতে হইবে। এজন্য কর্ণওয়ালিস্ কার্যভার গ্রহণ করার পর শান্তিরক্ষা করিয়াই চলিতেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত তাঁহাকেও যুদ্ধে অবতীর্ণ হইতে হইল। ১৭৮৯ খৃঃ অব্দে টিপু সুলতান ত্রিবাঙ্কুর রাজ্য আক্রমণ করেন। ত্রিবাঙ্কুর ছিল ইংরাজদের মিত্র-রাজ্য। অবিলম্বে কর্ণওয়ালিস্ নিজাম ও মারাঠাদের সহিত একত্রে টিপুর রাজ্য আক্রমণ করিলেন। নিজাম, মারাঠা ও ইংরাজদের সমবেত শক্তির সহিত টিপু একাই বীরবিক্রমে লড়িতে লাগিলেন। বহুদিন যুদ্ধের পর কর্ণওয়ালিস্ টিপুর রাজধানী শ্রীরঙ্গপত্তম অবরোধ করিলে (১৭৯২) নিরুপায় হইয়া টিপুকে সন্ধি করিতে হইল। সন্ধির সর্ত অনুসারে তিনি বিশাল মহীশূর রাজ্যের

টিপুর পরাজয়, শ্রীরঙ্গপত্তমের সন্ধি (১৭৯২)

অর্ধেক ছাড়িয়া দিলেন এবং যুদ্ধের ক্ষতিপূরণস্বরূপ ৩ কোটি ৩০ লক্ষ টাকা দিতে সম্মত হইলেন। টিপুর রাজ্যের এই অর্ধাংশ ইংরাজ এবং স্বার্থপর নিজাম ও মারাঠারা ভাগাভাগি করিয়া লইল। এই সন্ধির ফলে মহীশূর রাজ্যের বিজিত অংশের কুর্গ, মাদুরা, মালাবার ও সালেম প্রভৃতি অঞ্চলসমূহ বৃটিশ অধিকারভুক্ত হইল। ক্ষতিপূরণের টাকার জামিন হিসাবে টিপুর দুই পুত্রকে কর্ণওয়ালিস কলিকাতায় আনিয়া রাখিলেন।

স্যার জন শোর (১৭৯৩—৯৮)।—কর্ণওয়ালিসের পর স্যার জন শোর গভর্ণর-জেনারেল পদে অধিষ্ঠিত হন। তিনি ছিলেন কোম্পানীর একজন প্রবীণ ও অভিজ্ঞ কর্মচারী। কর্ণওয়ালিস্ প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্ত আসলে ছিল তাঁহারই পরিকল্পনা। সততা ও কর্তব্যনিষ্ঠার জন্যও তাঁহার সুনাম ছিল। তিনি একান্ত শান্তিপ্রিয় লোক ছিলেন। পিটের ইণ্ডিয়া অ্যাক্টের নির্দেশ অনুযায়ী তিনি দেশীয় রাজ্যগুলির ব্যাপারে হস্তক্ষেপ করেন নাই। তাঁহার এই নীতির নাম দেওয়া হইয়াছে 'ঔদাসীন্য নীতি' (Policy of Non-intervention)। তবুও তিনি যে দেশীয় রাজ্যের ব্যাপারে কখনও হস্তক্ষেপ করেন নাই, তাহা নহে। ১৭৯৭ খৃষ্টাব্দে অযোধ্যার নবাব আসফউদ্দৌলার মৃত্যু হইলে, মৃত নবাবের মনোনীত উত্তরাধিকারীর পরিবর্তে তাঁহার ভ্রাতা সাদৎ আলীকে শোর নবাবী দান করেন। বিনিময়ে সাদৎআলী প্রসিদ্ধ এলাহাবাদ জেলাটি কোম্পানীর হাতে সমর্পণ করেন।

(খ) লর্ড ওয়েলেস্‌লী (১৭৯৮—১৮০৫) **ও সামন্ততান্ত্রিক সন্ধি।**—স্যার জন শোরের পর ওয়েলেস্‌লী (আর্ল অব্ মর্নিংটন) গভর্ণর-জেনারেল হইয়া আসিলেন। কার্যভার গ্রহণ করিয়াই তিনি দেখিলেন যে, শোরের ঔদাসীন্য নীতির ফলে, কোম্পানী এক সঙ্কটজনক অবস্থার সম্মুখীন হইয়া পড়িয়াছে। দক্ষিণভারতে তখন টিপু সুলতান ফরাসীদের সহিত মিত্রতা স্থাপন করিয়া প্রকাশ্যভাবেই ইংরাজের বিরুদ্ধে যুদ্ধের জন্য প্রস্তুত হইতেছেন। নিজামও ইংরাজদিগের প্রতি বিরক্ত হইয়া বিপ্লব-যুগের ফরাসীদের সহিত যোগদান করিবার আয়োজন করিতেছিলেন। এদিকে মারাঠা-নায়ক দৌলত রাও সিন্ধিয়ার শক্তিও দ্রুত বৃদ্ধি পাইতেছিল। আবার ঠিক এই সময়ে কাবুলের অধিপতি জামান শাহ্ উত্তর-ভারত আক্রমণ করিবার জন্য প্রস্তুত হইয়াছিলেন। ওয়েলেস্‌লী এই আসন্ন বিপদে ভীত হইলেন না। তিনি শোরের 'ঔদাসীন্য নীতি' ত্যাগ করিয়া ভারতবর্ষে একচ্ছত্র বৃটিশ

সাম্রাজ্য-বিস্তারে মনোনিবেশ করিলেন। এই উদ্দেশ্যে তিনি এক নূতন রাষ্ট্রনীতি প্রবর্তন করিলেন। তাঁহার নূতন নীতির নাম 'সামন্ততান্ত্রিক সন্ধি' (Sudsidiary Alliance)। এই নীতি অনুসারে ঘোষণা করা হইল যে, সকল দেশীয় রাজাই বৃটিশ সরকারের সহিত সামন্ততান্ত্রিক সন্ধিসূত্রে আবদ্ধ হইবেন ও তাঁহাদের রাজ্যসমূহ রক্ষার ভার বৃটিশ গভর্ণমেণ্ট বহন করিবেন ; তদুদ্দেশ্যে রাজাদের নিজ নিজ রাজ্যে একদল করিয়া বৃটিশ-সৈন্য রাখিতে হইবে এবং সৈন্যদলের খরচ যোগাইবার জন্য প্রত্যেকে তাঁহার রাজ্যের এক এক অংশ বৃটিশ গভর্ণমেণ্টকে ছাড়িয়া দিতে বাধ্য থাকিবেন। এরূপ সন্ধিসূত্রে আবদ্ধ ভারতীয় রাজগণ ইংরাজ-প্রাধান্য স্বীকার করিবেন এবং ইংরাজের বিনা অনুমতিতে, অন্য কোন রাজার সহিত রাজনৈতিক সম্বন্ধ রাখিতে পারিবেন না। প্রকৃতপক্ষে ওয়েলেস্‌লীর উদ্দেশ্য ছিল দেশীয় রাজদরবারে ফরাসী প্রাধান্য সম্পূর্ণ লোপ করা এবং স্বাধীন রাজগণকে বৃটিশ সামন্ত শ্রেণীতে পরিণত করা।

সামন্ততান্ত্রিক সন্ধি



লর্ড ওয়েলেস্‌লী

নিজামের বৃটিশ সামন্তে পরিণতি।—বড় বড় দেশীয় নৃপতিদের মধ্যে তখন নিজামই বোধ হয় ছিলেন সবচেয়ে দুর্বল। দুর্দান্ত মারাঠাদের বিক্রমে তাঁহাকে সব সময় শঙ্কিত থাকিতে হইত। তাই নিজামই সর্বপ্রথম সামন্ততান্ত্রিক সন্ধির চুক্তিতে আবদ্ধ হইয়া বৃটিশ শক্তির আশ্রয় গ্রহণ করিলেন। ১৮০০ খৃঃ অব্দে তিনি রাজ্যের একাংশ বৃটিশ সৈন্যের ব্যয়নির্বাহের জন্য ছাড়িয়া দিলেন।

টিপুর পরাজয় ও মৃত্যু

চতুর্থ মহীশূর যুদ্ধ ও মহীশূরের পতন।—টিপু সুলতান তখন ইংরাজের বিরুদ্ধে সামরিক সাহায্য লাভ করিবার উদ্দেশ্যে মরিশাসের ফরাসী গভর্ণর-জেনারেলের সঙ্গে পত্রালাপ করিতেছিলেন। নেপোলিয়ান বোনপার্টকেও তিনি ভারতবর্ষে নিমন্ত্রণ করিয়াছিলেন। ওয়েলেস্‌লী টিপুকে সামন্ততান্ত্রিক

সন্ধি স্বীকার করিতে আহ্বান করিলেন। টিপু ঘৃণাভরে সে প্রস্তাব প্রত্যাখ্যান করিলেন। ১৭৯৯ খৃঃ অব্দে তাঁহার বিরুদ্ধে যুদ্ধ ঘোষিত হইল। রাজধানী শ্রীরঙ্গপত্তম রক্ষার জন্য টিপু বীরের ন্যায় যুদ্ধ করিতে করিতে প্রাণদান করিলেন (১৭৯৯)। টিপুর মৃত্যুতে মহীশূরের পতন হইল। ওয়েলেস্‌লী মহীশূর রাজ্যের একাংশ নিজামকে দান করিলেন, একাংশ বৃটিশ রাজ্যের অন্তর্ভুক্ত করিয়া লইলেন, আর মধ্যভাগ দেওয়া হইল সেখানকার পুরাতন হিন্দু রাজবংশের এক বালককে। মহীশূরের নূতন রাজা নাবালক বলিয়া কিছুকাল উহা ওয়েলেস্‌লীর শাসনাধীনে রহিল। যে অংশ নিজামকে দেওয়া হইয়াছিল তাহাও নিজাম-রাজ্যের বৃটিশ সৈন্যদের ব্যয়নির্বাহের জন্য বৃটিশদেরই হাতে আসিয়া পড়িল (১৮০০)।

মহীশূর-বিভাগ

বিদেশী ঐতিহাসিকদের অনেকে টিপু সুলতানের চরিত্রে অযথা কলঙ্ক লেপন করিয়াছেন। কিন্তু প্রকৃতপক্ষে টিপুর অনেক সদ্‌গুণ ছিল; তিনি সুশাসকও ছিলেন। তাঁহার ন্যায় সাহসী, পরিশ্রমী, রণকুশল, সদাশয়, জনপ্রিয় এবং বিদ্বান্ নরপতি যে-কোন দেশেই দুর্লভ। তাঁহার নৈতিক চরিত্রও ছিল নিষ্কলঙ্ক। পিতার ন্যায় তিনি সহজ, সরল অথচ দৃঢ়প্রকৃতির লোক ছিলেন। সমসাময়িক ভারতীয় রাজাদের তুলনায় তিনি অনেক বিষয়ে শ্রেষ্ঠ ছিলেন। বৈদেশিক রাজনীতি সম্বন্ধে তাঁহার কৌতূহল এবং বিশেষ জ্ঞান দুই-ই ছিল। আফগানিস্তান, তুরস্ক, ফ্রান্স, প্রভৃতি দেশের সহিত তাঁহার রাজনৈতিক সম্পর্ক ছিল। তাঁহার মত উদার মুস্‌লিম নেতার সহিত হিন্দুরাজগণ এক হইলে ভারতীয় স্বাধীনতার ইতিহাস হয়ত অন্যভাবে রচিত হইত। কর্নেল মূয়ার টিপুর রাজত্ব সম্বন্ধে উচ্ছ্বসিত প্রশংসা করিয়াছেন।

টিপুর চরিত্র

অন্যান্য রাজ্য অধিকার।—নিজামের বশ্যতাস্বীকার ও টিপু সুলতানের পতনে ওয়েলেস্‌লীর সম্মুখ হইতে দুইটি বড় বাধা দূর হইল। ১৭৯৯ খৃঃ অব্দে তিনি তাঞ্জোরের রাজা এবং সুরাটের নবাবকে বৃত্তিদান করিয়া গদি হইতে অপসারিত করিলেন; তাঁহাদের রাজ্য বৃটিশের হস্তগত হইয়া গেল। তারপর ওয়েলেস্‌লী কর্ণাটের নবাবের বিরুদ্ধে টিপুর সহিত চক্রান্তের অভিযোগ আনিয়া তাঁহার রাজ্যটিও গ্রাস করিলেন (১৮০১)। এদিকে অযোধ্যার নবাব সাদৎ আলির বিরুদ্ধে কু-শাসনের অভিযোগে ওয়েলেস্‌লী

তাঞ্জোর ও সুরাট

কর্ণাট

অযোধ্যা

তাঁহার নিকট হইতে গঙ্গা-যমুনার অন্তর্বর্তী দোয়াব, রোহিলখণ্ড এবং গোরক্ষপুর কাড়িয়া লইলেন। অপরদিকে ওয়েলেস্‌লী ভারতবর্ষে পর্তুগীজ, ডাচ্ ও ফরাসীদের অনেকগুলি উপনিবেশও করায়ত্ত করিলেন।

মারাঠা সাম্রাজ্যের অবস্থা।—সল্‌বইয়ের সন্ধির পর মহাদাজী সিন্ধিয়া উত্তর-ভারতে অসাধারণ প্রতিষ্ঠা লাভ করেন। ভারতীয় সৈন্যদলকে পাশ্চাত্ত্য প্রথায় শিক্ষিত করিয়া তুলিবার জন্য তিনি কয়েকজন ইউরোপীয় সামরিক কর্মচারী নিয়োগ করিয়াছিলেন। এই সকল ইউরোপীয় কর্মচারীদের মধ্যে ডি বয়েন (De Boigne) ছিলেন সর্বাপেক্ষা প্রসিদ্ধ। বাদশাহ শাহ্ আলমকে হস্তগত করিয়া মহাদাজী উত্তর-ভারতে আপনার প্রভাব-প্রতিপত্তি বর্দ্ধিত করেন। তাঁহার সুশিক্ষিত সৈন্যদলের সহায়তায় মহাদাজী জাঠ ও রাজপুতগণের উপর নিজের আধিপত্য প্রতিষ্ঠা করেন। এই সময় পুণায় নানা ফড়্‌নবীশই পেশবার নামে রাজ্য পরিচালনা করিতেছিলেন। নানা ফড়্‌নবীশের কর্তৃত্ব খর্ব করিয়া মারাঠা সাম্রাজ্যে একাধিপত্য স্থাপন করিবার ইচ্ছা মহাদাজীর ছিল। এজন্য মহাদাজী সসৈন্যে পুণার দিকে অগ্রসর হইলে হোলকারের সহিত তাঁহার বিবাদ বাধিয়া গেল, যুদ্ধও হইল এবং তাহাতে হোলকার পরাভূত হইলেন। এদিকে অকস্মাৎ মহাদাজীর মৃত্যু হইলে (১৭৯৪) তাঁহার পোষ্যপুত্র (ভ্রাতুষ্পুত্র) দৌলতরাও সিন্ধিয়া পদ লাভ করিলেন। এ সময় তিনি ত্রয়োদশ বর্ষীয় বালক মাত্র।

মহাদাজী সিন্ধিয়া

ডি বয়েন

পর বৎসর মল্‌হররাও হোলকারের পুত্রবধূ সুপ্রসিদ্ধা অহল্যাবাঈ পরলোক গমন করেন (১৭৯৫)। যে সকল মহীয়সী মহিলার শাসন-দক্ষতায় ভারতবর্ষের ইতিহাস উজ্জ্বল হইয়া আছে অহল্যাবাঈ তাঁহাদের অন্যতমা। তিনি প্রায় ত্রিশ বৎসর কাল অপূর্ব যোগ্যতার সহিত ইন্দোর রাজ্য শাসন করিয়া গিয়াছেন। অহল্যাবাঈয়ের পর তুকোজী হোলকার ইন্দোরের শাসনকর্তার পদ প্রাপ্ত হইলেন। তুকোজী রণদক্ষ ছিলেন, কিন্তু রাজনীতিতে তাঁহার কোনরূপ জ্ঞান ছিল না।

দৌলত রাও সিন্ধিয়া, অহল্যাবাঈয়ের মৃত্যু (১৭৯৫), তুকোজী হোলকার

মারাঠা রাজ্যের কেন্দ্রভাগে ছিলেন নানা ফড়্‌নবীশ। বালক পেশবা মাধব-

রাও নারায়ণের নামে প্রকৃতপক্ষে তিনিই পুণা শাসন করিতেছিলেন। টিপুর বিরুদ্ধে কর্ণওয়ালিসের সহিত যোগদানের ফলে মারাঠা রাজ্যের সীমা তখন দক্ষিণে তুঙ্গভদ্রা নদী অবধি বিস্তার লাভ করিয়াছিল। কিন্তু নানা ফড়্নবীশের কঠোর শাসন তরুণ পেশবাকে তিলে তিলে বধ করিতেছিল। শেষে মাত্র ২১ বৎসর বয়সে পেশবা মাধবরাও নারায়ণ আত্মহত্যা করিলেন (১৭৯৫)। রাঘোবার পুত্র বাজীরাও হইলেন পেশবা পদের উত্তরাধিকারী। মারাঠা রাজ্যে শোচনীয় দলাদলি দেখা দিল। ফড়্নবীশ কারারুদ্ধ হইলেন। এই গোলযোগের সুযোগে নিজাম তাঁহার হৃতরাজ্যের কিয়দংশ পুনরুদ্ধার করিয়া লইলেন। এই আভ্যন্তরীণ দলাদলিই পরিণামে মারাঠা শক্তির পতনের পথ উন্মুক্ত করিয়া দিল। ওয়েলেস্‌লী যখন শাসনভার গ্রহণ করিলেন তখন মারাঠাদের বড়ই দুর্দিন পড়িয়াছিল। মহাদাজী সিন্ধিয়া ও অহল্যাবাঈ ইতিপূর্বেই পরলোকগমন করিয়াছিলেন। মাধবরাও নারায়ণের আত্মহত্যার পর যে গোলযোগ আরম্ভ হইয়াছিল তাহারও নিবৃত্তি হয় নাই। নূতন পেশবা ২য় বাজীরাও যেমন অকর্মণ্য তেমনি নীচাশয় ছিলেন। এরূপ অবস্থায় ১৮০০ খৃঃ অব্দে নানা ফড়্নবীশের মৃত্যু হইল, সঙ্গে সঙ্গে মারাঠা রাষ্ট্রসমূহে ঐক্য ও শৃংখলার অবসান হইল। এদিকে তুকোজী হোলকারের পুত্র যশোবন্ত রাও হোলকারের সহিত দৌলৎরাও সিন্ধিয়ার ভীষণ সংঘর্ষ বাধিয়া উঠিল। পেশবা ২য় বাজীরাও নিজের স্বার্থসিদ্ধির জন্য মারাঠা নায়কগণকে পরস্পরের বিরুদ্ধে উত্তেজিত করিতে লাগিলেন। পেশবা ও সিন্ধিয়ার সম্মিলিত বাহিনী যশোবন্ত রাও-এর হস্তে বিধ্বস্ত হইল (১৮০২)। বাজীরাও পুণা হইতে পলায়ন করিয়া বৃটিশের আশ্রয় গ্রহণ করিলেন। বেসিনের সন্ধিতে (১৮০২) ওয়েলেস্‌লীর সামন্ততান্ত্রিক সন্ধি স্বীকার করিয়া, একদল ইংরাজ সৈন্যের সহায়তায়, বাজীরাও পুনরায় ফিরিয়া আসিয়া পেশবার গদিতে বসিলেন।

নানা ফড়্নবীশ

দলাদলি

নানা ফড়্নবীশের মৃত্যু (১৮০০)

বেসিনের সন্ধি

দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ।—পেশবা স্বাধীনতা বিকাইয়া দিলেও মারাঠা-রণ-নায়কগণ তাহা স্বীকার করিলেন না। সিন্ধিয়া ও ভোঁসলা ইংরাজদের বিরুদ্ধে অগ্রসর হইলেন। পেশবাও নিজের ভুল বুঝিতে পারিয়া গোপনে তাঁহাদের পৃষ্ঠপোষকতা করিতে লাগিলেন। কিন্তু প্রতিভাবান্ নায়কের অভাবে মারাঠাদের ঐক্য নষ্ট হইয়া

গিয়াছিল। ওয়েলেস্‌লী বুদ্ধিবলে ভারতীয় চরিত্র বুঝিয়া ফেলিয়াছিলেন। মারাঠারা যত বড় দুর্ধর্ষই হউক না কেন, তাহারা যে যুদ্ধক্ষেত্রে শত্রুর বিরুদ্ধে একত্র হইয়া এক নায়কের কর্তৃত্বে দাঁড়াইতে পারিবে না, তাহা বুঝিয়া তিনি এক একটি মারাঠা শক্তির সঙ্গে খণ্ড-যুদ্ধ করাই স্থির করিলেন, এবং এই কূট-নীতিতেই তিনি একতা-হীন মারাঠা শক্তি চিরদিনের মত পঙ্গু করিয়া দিলেন। যুদ্ধ সুরু হইলে সিন্ধিয়া ও ভোঁসলার সহিত যোগ না দিয়া হোলকার নিশ্চেষ্ট হইয়া রহিলেন, এবং তাঁহারা দু'জনেও কোনও সুনির্দিষ্ট কর্মনীতি স্থির করিয়া উঠিতে পারিলেন না। গভর্ণর-জেনারেলের ভ্রাতা স্যার আর্থার ওয়েলেস্‌লী (পরে নেপোলিয়ন-বিজয়ী ডিউক অব্‌ ওয়েলিংটন) সিন্ধিয়া ও ভোঁসলার মিলিত বাহিনীকে ঔরঙ্গাবাদের নিকটে আসাই নামক স্থানে পরাজিত করিলেন (১৮০৩)। ইংরাজের ষড়যন্ত্রে যুদ্ধের প্রাক্কালে সিন্ধিয়ার বিদেশী সৈন্যাধ্যক্ষ পরিচালিত বাহিনী বিশ্বাসঘাতকতা-পূর্বক যুদ্ধ হইতে বিরত ছিল। সিন্ধিয়ার সৈন্যবাহিনীর একাংশমাত্র প্রাণপণে যুদ্ধ করিয়াছিল। তারপর বেরারের অন্তর্গত আরগাঁও নামক স্থানে ভোঁসলা পুনরায় পরাভূত হইলেন (১৮০৩)। আরগাঁওয়ের যুদ্ধে পরাজিত হইয়া ভোঁসলার পক্ষে সন্ধি করা ব্যতীত গত্যন্তর রহিল না। দেওগাঁও নামক স্থানে সন্ধি হইল। ভোঁসলা সামন্ততান্ত্রিক সন্ধি গ্রহণ করিলেন এবং সন্ধির সর্ত অনুযায়ী উড়িষ্যার কটক-অঞ্চল বৃটিশের হাতে অর্পণ করেন। এদিকে সেনাপতি লেক উত্তর দিক্‌ হইতে সিন্ধিয়াকে আক্রমণ করিলেন। ইতিহাস-প্রসিদ্ধ দিল্লী ইংরাজদের অধিকারে আসিল। তারপর আলোয়ারের অন্তর্গত লাসোয়ারী নামক স্থানে সিন্ধিয়া লেক-এর হাতে পরাজিত হইলেন (১৮০৩)। তখন সুরজী অর্জুনগাঁও নামক স্থানে সিন্ধিয়া সন্ধি করিলেন। তাঁহাকেও সামন্ততান্ত্রিক সন্ধি স্বীকার করিতে হইল। সন্ধির সর্ত অনুসারে তিনি গঙ্গা-যমুনার দোয়াব বৃটিশদের হস্তে সমর্পণ করিলেন।

আসাইয়ের যুদ্ধ

আরগাঁওয়ের যুদ্ধ, দেওগাঁয়ের সন্ধি

হোলকার এতদিন যুদ্ধের গতি পর্যবেক্ষণ করিতেছিলেন। এবার একাই তিনি রণক্ষেত্রে অবতীর্ণ হইলেন। তাঁহার হস্তে কর্নেল মন্‌সনের বাহিনী সম্পূর্ণরূপে বিধ্বস্ত হইল (১৮০৪)। কিন্তু ইহার অনতিকাল পরেই দীগের যুদ্ধে তাঁহার পরাভব হয়। হোলকার ভরতপুর দুর্গে আশ্রয় লইলেন,—এই দুর্ভেদ্য দুর্গটি

হোলকারের সহিত যুদ্ধ

তখন ছিল জাঠদের অধীন। সেনাপতি লেক বহু চেষ্টা করিয়াও দুর্গটি অধিকার করিতে পারিলেন না (১৮০৫)। হোলকারও সে যাত্রা রক্ষা পাইলেন।

ওয়েলেস্‌লীর প্রত্যাবর্তন।—এই সকল যুদ্ধবিগ্রহের ফলে দিন দিন কোম্পানীর তহবিলে টান পড়িতে লাগিল। ওয়েলেস্‌লীর কার্যাবলীও বিলাতের কর্তৃপক্ষের মনঃপুত হইতেছিল না। তারপর হোলকারের হস্তে কর্নেল মন্‌সনের পরাভব এবং ভরতপুরে লেক-এর ব্যর্থতার সংবাদ ইংলণ্ডে পৌঁছিলে কর্তৃপক্ষ শঙ্কিত হইয়া ওয়েলেস্‌লীকে স্বদেশে প্রত্যাবর্তনের নির্দেশ দিয়া পাঠাইলেন।

ওয়েলেস্‌লীর কৃতিত্ব।—ওয়েলেস্‌লীর চেষ্টায় মহীশূরের শক্তি চিরদিনের মত লুপ্ত হইয়া যায়। মারাঠা শক্তিকেও তিনি সম্পূর্ণরূপে পঙ্গু করিয়া দেন। নিজামকে তিনিই বৃটিশ কর্তৃত্বের আশ্রয় দান করেন। এইভাবে তাঁহার চেষ্টায় ভারতবর্ষে বৃটিশের তিনটি প্রবল প্রতিদ্বন্দ্বী শক্তির পতন হয়। ক্লাইভ এদেশে বৃটিশ রাজ্যের প্রতিষ্ঠা করেন, হেষ্টিংস্ তাহাকে আসন্ন বিনাশের কবল হইতে উদ্ধার করিয়া যান, আর ওয়েলেস্‌লীর চেষ্টায় ভারতবর্ষে বৃটিশ সাম্রাজ্য দ্রুত-বিস্তারের পথে অগ্রসর হইতে থাকে। ওয়েলেস্‌লীই ছিলেন এদেশে প্রথম স্পষ্ট সাম্রাজ্যবাদী গভর্ণর-জেনারেল। ফরাসী বিপ্লবের যুগে ভারতে এবং ভারতের বাহিরেও বৃটিশের শত্রু ফরাসী শক্তি প্রতিরোধ ছিল তাঁহার সাম্রাজ্যবাদেরই একটি বিশেষ অঙ্গ এবং তাঁহার দূরদর্শী রাজনীতিজ্ঞানের পরিচয়। আভ্যন্তরীণ শাসনে তিনি শৃংখলা সুপ্রতিষ্ঠিত করেন এবং বৃটিশ সিভিলিয়ানদের দেশীয় ভাষাদি শিক্ষার জন্য কলিকাতায় ফোর্ট উইলিয়ম কলেজ স্থাপন করেন (১৮০০)। ফোর্ট উইলিয়ম কলেজ বাংলা, হিন্দী, উর্দু প্রভৃতি লৌকিক ভাষায় গদ্যসাহিত্য রচনার আদি-কেন্দ্র ছিল। এই কলেজ প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিল অল্প-শিক্ষিত বণিক ইংরেজ-সম্প্রদায়কে শাসকরূপে সাম্রাজ্য-রাজনীতিতে শিক্ষিত করা।

কৃতিত্ব

সাম্রাজ্যবাদ—বৈদেশিক নীতি

(গ) লর্ড হেষ্টিংস্ (আর্ল অব্ ময়রা ১৮১৩—১৮২৩)—লর্ড ওয়েলেস্‌লীর প্রত্যাবর্তনের পরে ১৮০৫ হইতে ১৮১৩ খৃষ্টাব্দ পর্যন্ত লর্ড কর্ণওয়ালিস্ (১৮০৫), স্যার জর্জ বার্লো (১৮০৫—'০৭), এবং প্রথম লর্ড মিণ্টো (১৮০৭—'১৩) পর পর ভারতের গভর্ণর-জেনারেল পদে নিযুক্ত হন। কর্ণওয়ালিস্ এদেশে আসিয়াই কয়েক মাসের মধ্যে মৃত্যুমুখে

পতিত হন। তখন কাউন্সিলের সদস্য স্যার জর্জ বার্লো অস্থায়িভাবে গভর্ণর-জেনারেলের কার্যভার গ্রহণ করেন। তিনি ইংলণ্ডের কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে ওয়েলেস্‌লী-প্রবর্তিত রাজ্যবিস্তার নীতি পরিত্যাগ করিয়া হোলকারের সহিত সন্ধি করিলেন, এবং তাঁহাকে তাঁহার হৃত রাজ্য প্রত্যর্পণ করিলেন। লর্ড মিণ্টো যখন কার্যভার গ্রহণ করিলেন তখন ইউরোপে ইংরাজ ও ফরাসী-সম্রাট নেপোলিয়নের মধ্যে যুদ্ধ চলিতেছিল। মিণ্টোর শাসনকাল ভারতে ফরাসী প্রভাব-বিস্তার রোধ করিতে ব্যয়িত হইয়াছিল। মিণ্টো পঞ্জাবকেশরী রণজিৎ সিংহের সহিত মৈত্রীচুক্তি করিয়া শিখদের সহিত বিরোধের সম্ভাবনা দূর করিয়াছিলেন।

মিণ্টোর নীতি



লর্ড হেষ্টিংস্

লর্ড মিণ্টো ভারত মহাসাগরে ফরাসী প্রভুত্ব বিনষ্ট করিবার উদ্দেশ্যে ১৮১০ খৃষ্টাব্দে ফরাসী অধিকৃত মরিশস্ ও বুর্বোঁ দ্বীপ অধিকার করেন। ফরাসী প্রভাব বিস্তারে বাধা দান করিবার নিমিত্ত তিনি ডাচদের যবদ্বীপ ও মলাক্কা জয় করিয়া লন। ১৮১৫ খৃষ্টাব্দে এক সন্ধির ফলে মরিশস্ ব্যতীত অপরাপর বিজিত স্থান-গুলি তিনি ফরাসী ও ডাচদের প্রত্যর্পণ করিতে বাধ্য হন। লর্ড মিণ্টো ভারতে বৃটিশ-বিরোধী কয়েকটি বিদ্রোহ দমন করিয়াছিলেন।

লর্ড হেষ্টিংসের শাসনকালে রাজ্যবিস্তার।—১৮১৩ খৃঃ অব্দে আর্ল অব্ ময়রা বৃটিশ ভারতের গভর্ণর-জেনারেল এবং প্রধান সেনাপতির ক্ষমতা লইয়া আসেন (১৮১৩)। ইনি মার্কুইস্ অব হেষ্টিংস্ নামে অধিক পরিচিত। ভারতীয় রাজনীতিতে তিনি ওয়েলেস্‌লীকে অনুসরণ করিয়াছিলেন। ওয়েলেস্‌লীর আরব্ধ কার্য লর্ড হেষ্টিংস্‌ই সম্পূর্ণ করেন।

(১) **নেপাল যুদ্ধ**—লর্ড হেষ্টিংস্ প্রথমে নেপালের গুর্খাদের সহিত যুদ্ধে লিপ্ত হইয়াছিলেন। পৃথ্বীনারায়ণ নামক এক পার্বত্য রাজপুত নেতার অধীনে গুর্খারা ১৭৬৮ খৃঃ অব্দে বৌদ্ধ নেওয়ারী জাতিকে পরাজিত করিয়া নেপাল রাজ্য অধিকার করে। ক্রমে তাহাদের রাজ্য বৃটিশ ভারতের সীমান্ত পর্যন্ত বিস্তৃত হইলে দুর্ধর্ষ গুর্খারা প্রায়ই সিকিম, কুচবিহার,

প্রভৃতি ভারতের প্রত্যন্তভাগে নানারূপ দৌরাত্ম্য করিতে লাগিল। উভয় রাজ্যের সীমান্তও সুনির্দিষ্ট ছিল না। পূর্ববর্তী গভর্ণর-জেনারেল লর্ড মিণ্টো এবং লর্ড হেষ্টিংস্ নেপাল সরকারের নিকট প্রতিবাদ করিয়াও কোন ফল পাইলেন না। ফলে গুর্খাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষিত হইল। গভর্ণর-জেনারেল নিজেই সৈন্য পরিচালনা করিতে লাগিলেন। আধুনিক রণনীতি গুর্খাদের কিছুই জানা ছিল না, কিন্তু তাহাদের বীরত্ব ও রণকুশলতার জন্য অনেক দিন যুদ্ধ চলিল। ইংরাজ সেনাপতি জেনারেল জিলেস্পাই কলঙ্গা নামক স্থানে পরাজিত ও নিহত হইলেন। গুর্খারা পর্বতের আশ্রয়ে নির্বিঘ্নে থাকিয়া ইংরাজ সৈন্যদের ব্যতিব্যস্ত করিয়া তুলিত। তখন হেষ্টিংস্ কামান দাগিয়া তাহাদের পার্বত্য ঘাঁটি উড়াইয়া দিবার ব্যবস্থা অবলম্বন করেন। তাহাতে গুর্খারা বিপন্ন হইয়া পড়িল। তারপর আধুনিক যুদ্ধাস্ত্রের সাহায্যে জেনারেল অক্টার্লোনি গুর্খা সেনাপতি অমরসিং থাপাকে পরাজিত করিয়া মলবাও দুর্গ অধিকার করিলেন (১৮১৬)। পর বৎসর অক্টার্লোনি গুর্খা রাজধানী কাঠমাণ্ডুর দিকে অগ্রসর হইলেন। তখন সগৌলি নামক স্থানে উভয় পক্ষে সন্ধি হইল। নেপাল সরকার কুমায়ুন, গাড়োয়াল ও তরাই অঞ্চল বৃটিশের হাতে সমর্পণ করেন। সিকিমের অধিকারও বৃটিশের হাতে আসিল। কাঠমাণ্ডুতে একজন বৃটিশ রেসিডেণ্ট নিযুক্ত হইলেন ও বেতন দিয়া গুর্খা-বাহিনী গঠন শুরু হইল।

সগৌলির সন্ধি

(২) **তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ** (১৮১৭—'১৮)—বেসিনের সন্ধি অনুযায়ী পেশবা ২য় বাজীরাও বৃটিশের বশ্যতা স্বীকার করিলেও গোপনে ইংরাজদের বিরুদ্ধে ষড়যন্ত্র করিতেছিলেন। এই সকল ষড়যন্ত্রে তাঁহার কিছুই লাভ হইল না, বরং একে একে কোঙ্কন প্রদেশের কয়েকটি দুর্গ এবং অবশেষে মারাঠাদের নেতৃত্বও তিনি হারাইলেন। পেশবার ন্যায় অনেক মারাঠা-নায়কও বৃটিশ প্রভুত্ব সহ্য করিতে পারিতেছিলেন না। ১৮১৭ খৃঃ অব্দে লর্ড হেষ্টিংসের শাসনকালে পেশবা, ভোঁসলা এবং হোলকার ইংরাজদের আক্রমণ করিলেন, কিন্তু এক যোগে নয়—পৃথক্ পৃথক্ ভাবে। পুণার নিকট কির্কি নামক স্থানে পেশবা পরাজিত হইয়া পলায়ন করেন (১৮১৭)। তারপর নাগপুরের নিকট সীতাবল্দী নামক স্থানে ভোঁসলা পরাভূত হন। উজ্জয়িনীর নিকট মাহিদপুর নামক স্থানে হোলকারও ইংরাজদের কাছে পরাভব স্বীকার করেন এবং এক সন্ধি করিয়া ইন্দোর রাজ্য

মারাঠাদের পরাজয়

রক্ষা করেন। পলায়িত পেশবা পর পর কোরেগাঁও এবং আষ্টি নামক দুইটি স্থানেই পরাজিত হইয়া আত্মসমর্পণ করিলেন। ভোঁসলা প্রথমে পঞ্জাবে পলায়ন করেন, কিন্তু সেখানে স্থান না পাইয়া তিনি রাজপুতানায় আসিলেন এবং সেইখানেই তাঁহার মৃত্যু হইল।

মারাঠা শক্তির পতন

এইভাবে লর্ড হেষ্টিংসের শাসনকালে (১৮১৩—'২৩) প্রকৃতপক্ষে মারাঠা শক্তির পতন হইল। পেশবাকে পদচ্যুত করিয়া বার্ষিক আট লক্ষ টাকা বৃত্তি দিয়া কানপুরের নিকট বিঠুর নামক স্থানে বাস করিবার অনুমতি দেওয়া হইল। তাঁহার রাজ্যের এক অংশ বৃটিশ অধিকারভুক্ত হইল; আর একটি ক্ষুদ্র অংশে প্রতাপসিংহ নামে শিবাজীর এক বংশধরকে সামন্ত নরপতিরূপে অভিষিক্ত করা হইল। তাঁহার রাজ্যের নাম হইল সাতারা। ভোঁসলার রাজ্যের অধিকাংশই কাড়িয়া লওয়া লইল। উহার নগণ্য অংশ মাত্র তাঁহার এক শিশুপুত্রকে (২য় রঘুজী) দেওয়া হইল। এই সময়ে ঘটনাক্রমে এক ইংরাজ সৈনিক অজন্তাগুহা ও তাহার অপূর্ব চিত্রাদি আবিষ্কার করেন। ভারতীয় স্থাপত্য ও চিত্রকলার উৎকর্ষ ও গৌরবের সাক্ষ্য বহন করিয়া অজন্তা আজও পৃথিবীর বিস্ময় উৎপাদন করিতেছে।

অজন্তার চিত্রকলা

(৩) পিণ্ডারী যুদ্ধ।—এই সময় পিণ্ডারী দস্যুদের উৎপীড়নে উত্তর-ভারত ছারখার হইয়া যাইতেছিল। পিণ্ডারীরা প্রথমে ছিল সিন্ধিয়া ও হোলকারের আশ্রিত রণোপজীবী। এই দলে হিন্দু এবং মুসলমান দুই-ই ছিল। মারাঠাশক্তি পতনের পর পিণ্ডারীরা বিভিন্ন দলে বিভক্ত হইয়া দস্যুবৃত্তি করিতে লাগিল এবং সর্বত্র ভীষণ আতঙ্কের সৃষ্টি করিল। লর্ড হেষ্টিংস্ এই বিরাট দস্যুদল-দমনে বদ্ধপরিকর হইলেন। পিণ্ডারীদের বাসভূমি ছিল মালব দেশ। চারিদিক হইতে তাহাদিগকে ঘিরিয়া ফেলা হইল। পিণ্ডারী-সর্দার আফগান আমীর খাঁ ও করিম খাঁ আত্মসমর্পণ করিলে অন্যতম সর্দার চিতু পলায়ন করিয়া জঙ্গলে বাঘের হাতে প্রাণ দিলেন। আমীর খাঁকে টঙ্কের নবাবী এবং করিম খাঁকে যুক্তপ্রদেশে এক জমিদারী দিয়া নিরস্ত করা হইল। প্রায় এক বৎসরের (১৮১৭—'১৮) চেষ্টায় পিণ্ডারীরা ছত্রভঙ্গ হইয়া গেল।

পিণ্ডারী দমন

(৪) রাজপুতদের বশ্যতা-স্বীকার।—মারাঠাদের অভ্যুদয়ের সঙ্গে সঙ্গেই রাজপুতদেরও পতন আরম্ভ হইয়াছিল। এরূপ অবস্থায় উদয়পুর (মেবার), যোধপুর (মাড়বার), জয়পুর (অম্বর), প্রভৃতি প্রধান প্রধান রাজপুত রাজ্যের রাজারা স্বাধীনতার আশা বিসর্জন দিয়া বৃটিশ গভর্ণমেণ্টের সহিত সামন্ততান্ত্রিক চুক্তিতে আবদ্ধ হইলেন। অন্যান্য রাজ্যগুলিও সে দৃষ্টান্ত অনুসরণ করিল।

রাজপুতদের অধঃপতন

কর্নেল জেম্‌স্ টড্ নামে জনৈক কর্মচারীকে লর্ড হেষ্টিংস্ রাজপুতানায় বৃটিশ প্রতিনিধি নিযুক্ত করিলেন। পণ্ডিতপ্রবর টড্ সাহেবই প্রথম প্রভূত পরিশ্রম-সহকারে রাজপুতদের জাতীয় ইতিহাস ও কাহিনী প্রভৃতি সংগ্রহ করিয়া Annals and Antiquities of Rajasthan নামক বিরাট গ্রন্থ রচনা করিয়া অক্ষয় যশের অধিকারী হইয়াছেন। লর্ড হেষ্টিংসের সময় বৃটিশ কর্তৃক সিঙ্গাপুর বন্দর অধিকৃত হয় এবং মালয়ে (Malaya) তাহাদের অধিকার বিস্তৃত হয়।

কর্নেল টড্

এইরূপে সিন্ধুদেশ এবং আসাম, নেপালে গুর্খাদের রাজ্য এবং পঞ্জাবে রণজিৎ সিংহের রাজ্য ব্যতীত সমগ্র ভারতে বৃটিশের একাধিপত্য স্থাপিত হইল। এই রাজ্যগুলি ছাড়া বহু দেশীয় রাজ্য বৃটিশ গভর্ণমেণ্টের অধীনে সামন্ত রাজ্য হইয়া দাঁড়াইল। অবশ্য আইনের চক্ষে কোন কোন দেশীয় রাজ্য ছিল বৃটিশের আপাত-সমকক্ষ মিত্রশক্তি, কিন্তু কার্যতঃ কাহারও কোনরূপ স্বাধীনতা রহিল না। ১৮২৩ খৃঃ অব্দে লর্ড হেষ্টিংস্ পদত্যাগ করিলেন।

বৃটিশ অধিকার

প্রশ্নাবলী

১। ইংরাজ সরকার ও টিপু সুলতানের মধ্যে সংঘর্ষের বিবরণ লেখ।

২। লর্ড ওয়েলেস্‌লী প্রবর্তিত "সামন্ততান্ত্রিক" সন্ধির পূর্ণ ব্যাখ্যা কর এবং এই নীতি প্রয়োগের ফলে কিরূপে বৃটিশ শক্তি ভারতে প্রভু শক্তি (Paramount Power) হইয়া দাঁড়াইল তাহা বর্ণনা কর।

৩। ভারতীয় রাজ্যগুলিকে বৃটিশের সামন্ত রাজ্যে পরিণত করিবার জন্য ওয়েলেস্‌লী কি নীতি অবলম্বন করিয়াছিলেন এবং তাহার ফলাফল কি হইয়াছিল?

৪। লর্ড ওয়েলেস্‌লী ও লর্ড হেষ্টিংসের শাসনকালে ইঙ্গ-মারাঠা সংঘর্ষ ও মারাঠাদের পতনের কাহিনী লেখ।

৫। ওয়েলেস্লীর লক্ষ্য, নীতি ও কার্যাবলী সংক্ষেপে বর্ণনা কর।

৬। ভারতে বৃটিশ অধিকার বিস্তারের নিমিত্ত লর্ড হেষ্টিংস্ যে সকল যুদ্ধ বিগ্রহে লিপ্ত হইয়াছিলেন তাহা বর্ণনা কর।

৭। ইহাদের বিষয় কি জান? স্যার জন শোর, সামন্ততান্ত্রিক সন্ধি, টিপু সুলতান, দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ, লর্ড মিণ্টো (১ম), পিণ্ডারী দমন, নেপাল যুদ্ধ, টড্।

ঊনত্রিংশ অধ্যায়

ভারতে বৃটিশ রাজ্যের আভ্যন্তরীণ অবস্থা,—শাসনব্যবস্থা, শিক্ষা, সমাজ ও বৈষয়িক অবস্থা

(Internal Condition of British India—Administrative, Educational, Social and Economic)

কর্ণওয়ালিস্ হইতে ডালহৌসী (১৭৮৬—১৮৫৬)

ভূমিকা।—ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী বাণিজ্য করিতে আসিয়া ধীরে ধীরে ভারতে একটি সাম্রাজ্য গড়িয়া তুলিল। রাজ্য বিস্তারের সঙ্গে সঙ্গে শাসনতান্ত্রিক সমস্যা যখন ক্রমশঃ জটিল আকার ধারণ করিল, তখন ইংলণ্ডের গভর্ণমেণ্ট ভারতীয় রাজ্যের শাসন পরিচালনার ভার সম্পূর্ণরূপে এক বণিক কোম্পানীর হাতে ছাড়িয়া দেওয়া যুক্তিযুক্ত হইবে না বিবেচনা করিয়া ইহাতে হস্তক্ষেপ করিতে আরম্ভ করিলেন এবং এই উদ্দেশ্যেই পর পর রেগুলেটিং অ্যাক্ট (১৭৭৩) এবং পিটের ইণ্ডিয়া অ্যাক্ট (১৭৮৪) নামক ভারত শাসন আইন প্রবর্তিত হইল। শেষোক্ত আইন প্রবর্তিত হইবার ফলে ভারতের শাসন-দায়িত্ব ইংলণ্ডের পার্লামেণ্টের হাতে গেল। ইহার পর মাঝে মাঝে যখনই কোম্পানীর সনন্দ পরিবর্তন করা হইত তখনই শাসনতান্ত্রিক কিছু কিছু পরিবর্তন সাধন করা হইয়াছে। ১৮৫৮ খৃষ্টাব্দে সিপাহী বিদ্রোহের পরে ভারতের শাসনব্যবস্থা সম্পূর্ণরূপে ইংলণ্ডের গভর্ণমেণ্টের হাতে ন্যস্ত হইল। পিটের ভারত-শাসন আইন বিধিবদ্ধ হইবার পর ১৮৫৮ খৃষ্টাব্দের মধ্যে বিভিন্ন শাসকদিগের শাসনকালে শাসন, সমাজ ও অর্থনীতিক ক্ষেত্রে

নানাবিধ সংস্কারমূলক বিধি প্রবর্তিত হইবার ফলে ভারতের জীবনধারা ও আদর্শে বিপুল পরিবর্তন সাধিত হইয়াছে।

∵ **কর্ণওয়ালিসের শাসনকালীন সংস্কার।—(১) ভূমি-রাজস্ব—চিরস্থায়ী বন্দোবস্ত ঃ** কর্ণওয়ালিস্ কার্যভার গ্রহণ করিয়াই শাসনতান্ত্রিক শৃংখলা বিধানে মনোনিয়োগ করিলেন। তিনি যে সকল সংস্কার সাধন করেন তাহার মধ্যে ভূমি-রাজস্ববিষয়ক সংস্কার সর্বপ্রধান। রাজস্ব সম্বন্ধে হেষ্টিংস্ যে ব্যবস্থা করিয়াছিলেন তাহাতে অনেক ত্রুটি দেখা দিল। জমিদার যে জমি নিলামে ডাকিয়া লইতেন, লাভের অভিপ্রায়ে তিনি জোরজুলুম করিয়া কৃষকদের নিকট হইতে যত বেশী অর্থ আদায় করা সম্ভব তাহা আদায় করিতে ছাড়িতেন না। কৃষকেরা উৎপীড়নে উৎসন্ন হইতে বসিল, অনেকে চাষবাস ছাড়িয়া পলাইল; জমির দরও কমিয়া গেল। এদিকে আবার অনেক সঙ্গতিপন্ন লোক অধিক লাভের আশায় অত্যধিক মূল্যে নিলামে জমিদারী ডাকিয়া লইতে লাগিলেন, কিন্তু শেষ অবধি প্রতিশ্রুত অর্থ গভর্ণমেণ্টকে দিতে পরিতেন না। ইহাতে গভর্ণমেণ্টের তহবিলে কোন্ বৎসর কত টাকা জমিবে বা ঘাটতি হইবে তাহার কোনই স্থিরতা না থাকায় শাসনকার্যে বিশৃংখলা ঘটিতে লাগিল। বিলাতের কর্তৃপক্ষ ভূমি-রাজস্ব ব্যবস্থার বিশৃংখলা দূর করিয়া এবিষয়ে একটি সুব্যবস্থা প্রবর্তন করিবার নির্দেশ লর্ড কর্ণওয়ালিস্‌কে দিয়াছিলেন। তিনি আসিয়া বিলাতের জমিদারী প্রথার অনুকরণে, এদেশে জমিদারদের সঙ্গে ভূমিরাজস্বের পরিমাণ চিরদিনের মত নির্দিষ্ট করিয়া দিবেন স্থির করিলেন। এজন্য প্রথমে তিনি পরীক্ষামূলকভাবে দশ বৎসরের জন্য জমিদারদের জমি বিলি করিয়া দিলেন। ইহাতে সুফল পাওয়ায় তিনি ১৭৯৩ খৃঃ অব্দে জমিদার-গণকে জমির স্থায়ী মালিক বলিয়া স্বীকার করিয়া লইলেন। তাঁহারা নিজ নিজ জমির জন্য বৎসরে গভর্ণমেণ্টকে কত টাকা করিয়া রাজস্ব দিবেন তাহাও চিরকালের মত স্থির করিয়া দেওয়া হইল। ইহাই 'চিরস্থায়ী বন্দোবস্ত' (Permanent Settlement) নামে খ্যাত। বিলাতের কর্তৃপক্ষ কর্ণওয়ালিসের ব্যবস্থা সমর্থন করিলেন। ১৭৯৩ খৃঃ অব্দে বাংলা, বিহার ও উড়িষ্যায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তিত হইল। পরে মাদ্রাজের একাংশে ও বারাণসীতেও উহা প্রবর্তিত হয়।

হেষ্টিংসের ব্যবস্থার ত্রুটি

ভূমি-রাজস্ব চিরকালের জন্য নির্দিষ্ট

চিরস্থায়ী বন্দোবস্তের ফলাফল।—চিরস্থায়ী বন্দোবস্তের দ্বারা কর্ণওয়ালিস্ বাংলাদেশে একদল অভিজাত ভূস্বামী-সম্প্রদায় ও প্রভাবশালী মধ্যবিত্ত শ্রেণীর সৃষ্টি করিলেন। এই সম্প্রদায় স্বভাবতঃই সরকারের অনুগত ও সমর্থক হইয়া দাঁড়াইয়াছিলেন, এবং ইহাদের সাহায্যে এদেশে ইংরাজ সরকারের পক্ষে শাসনকার্য পরিচালনা করা সহজসাধ্য হইয়াছিল। জমিদার শ্রেণী স্থায়িভাবে জমির মালিক বলিয়া স্বীকৃতি লাভ করিবার ফলে ইঁহারা প্রজাবর্গের উপকার সাধনের জন্য বিদ্যালয় ও চিকিৎসালয় স্থাপন, পুকুর ও কূপ খনন প্রভৃতি বহু জনহিতকর কার্যে হস্তক্ষেপ করিয়াছিলেন। কিন্তু জমিদারগণ এই ব্যবস্থার ফলে জমি ও প্রজার উন্নতি কল্পে যতটা চেষ্টা করিবেন আশা করা গিয়াছিল, সরকারের সে আশা পূর্ণ হইল না। কিন্তু এই ব্যবস্থায় কৃষকগণ ক্ষতিগ্রস্ত হইল এবং তাহাদিগকে সম্পূর্ণরূপে জমিদারের কৃপার উপর নির্ভর করিতে হইল। জমিদার ইচ্ছামত প্রজাদের খাজনা বৃদ্ধি অথবা তাহাদের একেবারে উচ্ছেদ করিতেও পারিতেন। পরবর্তীকালে কয়েকটি প্রজাস্বত্ব আইন বিধিবদ্ধ হইবার ফলে জমির উপর প্রজার অধিকার কিছু পরিমাণে স্বীকৃত হইয়াছিল। কিন্তু এই ব্যবস্থার জন্যই জমিদার-সম্প্রদায় কৃষকদের শ্রমলব্ধ অর্থের উপর অন্যায়ভাবে ভাগ বসাইতেন, ইহা অস্বীকার করা যায় না। তবুও এই চিরস্থায়ী ব্যবস্থায় প্রথমে জমিদারগণ লাভবান হইতে পারেন নাই। নির্দিষ্ট দিনে রাজস্ব দিতে না পারায় কঠোর 'সূর্যাস্ত আইন' (Sunset Law) অনুসারে অনেক প্রাচীন জমিদার বংশের সম্পত্তি হস্তচ্যুত হইয়া গিয়াছিল। আবার অনেক ক্ষেত্রে জমি জরিপ করিয়া নিষ্কর, পশুচারণ ও অনাবাদি জমির পরিমাণ নির্ধারণ না করিয়া কেবল মাত্র অনুমানের উপর নির্ভর করিয়া রাজস্ব স্থির করিবার ফলে, ইহার হার অনেক ক্ষেত্রে অত্যধিক হইয়াছিল। সেজন্য জমিদারদের বিশেষ অসুবিধার সম্মুখীন হইতে হইয়াছিল এবং কয়েকটি ক্ষেত্রে নির্দিষ্ট পরিমাণ রাজস্ব দিতে না পারায় তাহাদের জমি হস্তচ্যুত হইয়াছিল। অপর দিকে, এই ব্যবস্থায় রাজস্ব চিরদিনের জন্য নির্দিষ্ট হওয়ায় গভর্ণমেণ্টের শাসনকার্যে কতকটা সুবিধা হয় সত্য, কিন্তু এই বন্দোবস্তের ফলে ক্ষতিও হয় যথেষ্ট। কারণ পরে জমির মূল্য অনেক পরিমাণে বাড়িয়া গেলেও গভর্ণমেণ্টের পক্ষে রাজস্ব-বৃদ্ধির কোনও উপায় রহিল না। এইহেতু রাজস্ব-বৃদ্ধির

অভিজাত ও মধ্যবিত্ত শ্রেণী ; কৃষকদের দুর্দশা

পরবর্তী সংস্কার

'সূর্যাস্ত আইন'

গভর্ণমেণ্টের লাভ ও ক্ষতি

জন্য গভর্ণমেণ্টকে অন্যায়ভাবে প্রজাদের উপর নানাবিধ কর বসাইতে হইয়াছে। কর্ণওয়ালিস ভারতের অবস্থা সম্পর্কে সম্পূর্ণ অজ্ঞ ছিলেন, তাই তিনি বিলাতী রীতিতে চিরস্থায়ী বন্দোবস্ত প্রচলিত করেন। রাজস্ব আদায়ের উচ্চপদ প্রভৃতিতে তিনি কোন ভারতীয়কে নিযুক্ত করা যুক্তিসঙ্গত মনে করিলেন না। উচ্চপদস্থ ইংরাজ কর্মচারী কেবল রাজস্ব আদায় করিয়াই খালাস, উৎপীড়িত প্রজাদের অভাব-অভিযোগে কর্ণপাত করা যেন তাঁহাদের কর্তব্যের মধ্যেই ছিল না।

(২) বাঙ্গালার বাহিরে রাজস্ব-ব্যবস্থা।—লর্ড কর্ণওয়ালিসের 'চিরস্থায়ী বন্দোবস্ত' বাঙ্গালার বাহিরে বৃটিশ-ভারতের সর্বত্র প্রবর্তিত হয় নাই। বিহার, উড়িষ্যা, বারাণসী ও মাদ্রাজের অংশ-বিশেষে ইহার প্রবর্তন করা হয়। মাদ্রাজের অন্যান্য অংশে রাজস্ব-আদায় সম্বন্ধে প্রধানতঃ দুই রকম ব্যবস্থা ছিল—মিরাস্‌দারী ও রায়ত-ওয়ারী। গ্রামের মোড়লদের বলা হইত মিরাস্‌দার। গভর্ণমেণ্ট কয়েকজন প্রধান মিরাস্‌দারের হাতে গ্রামের রাজস্ব-আদায়ের ভার দিলেন। ইহারা সংযুক্তভাবে গভর্ণমেণ্টকে নির্দিষ্ট পরিমাণে রাজস্ব দিতে বাধ্য থাকিতেন। রায়ত-ওয়ারী ব্যবস্থা অনুসারে গভর্ণমেণ্ট প্রত্যক্ষভাবে রায়ত বা প্রজার সঙ্গে খাজনার চুক্তি করিতেন। প্রজারা নির্দিষ্ট পরিমাণ বার্ষিক খাজনার বিনিময়ে জমির স্বত্ব ভোগ করিত। এই চুক্তি সাধারণতঃ ত্রিশ বৎসরের জন্য করা হইত। বোম্বাই প্রদেশে প্রধানতঃ রায়ত-ওয়ারী ব্যবস্থা প্রচলিত হইল। বৃটিশ-ভারতের অন্যান্য প্রদেশে মিরাস্‌দারী প্রথাই সামান্য পরিবর্তিত আকারে গ্রহণ করা হইল।

বাঙ্গালার বাহিরে রাজস্ব-ব্যবস্থা

(৩) অন্যান্য সংস্কার।—লর্ড কর্ণওয়ালিস্ শাসন ও বিচার-বিভাগের কিছু কিছু পরিবর্তন করিয়া ইহার উন্নতি সাধন করিলেন। হেষ্টিংস যে বিচারব্যবস্থা প্রচলন করিয়াছিলেন তাহাতে কয়েকটি অসুবিধা ও অসঙ্গতি দেখা দেওয়ায় উহাতে মাঝে মাঝে পরিবর্তন সাধন করা হয়। কিন্তু কোন ব্যবস্থাই প্রয়োজন মিটাইবার পক্ষে পর্যাপ্ত না হওয়ায় কর্ণওয়ালিস্ শাসন ও বিচার বিভাগ নূতন করিয়া সংগঠন করিলেন। শাসনকার্যের সুবিধার জন্য তিনি এক একটি প্রদেশকে কয়েকটি করিয়া জেলায় ভাগ করিলেন। প্রত্যেক জেলায় একটি করিয়া দেওয়ানী আদালত স্থাপন করা হইল। এক একটি জেলা-আদালতে (দেওয়ানী) একজন করিয়া বৃটিশ বিচারক (জজ)

জেলা-গঠন ঃ জেলা আদালত

থাকিতেন। একজন হিন্দু পণ্ডিত এবং একজন মুসলমান কাজি দেশের আইন সম্বন্ধে তাঁহাকে পরামর্শ দিতেন। এই বিচারকেরা জেলার বিচারকার্য চালাইতেন। জেলার শান্তিরক্ষার ভারও তাঁহাদের হাতে ছিল। জেলা-আদালত হইতে কলিকাতার সদর দেওয়ানী আদালতে 'আপীল' করিবার ব্যবস্থা অব্যাহত রহিল। জেলা-আদালত এবং সদর দেওয়ানী আদালতের মধ্যবর্তী চারিটি প্রাদেশিক আদালতও স্থাপিত হইল। প্রত্যেক প্রাদেশিক আদালতের ভার দেওয়া হইল তিনজন বৃটিশ বিচারকের উপর। কয়েকজন হিন্দু ও মুস্‌লিম আইনজ্ঞ তাঁহাদের সাহায্য করিতেন। প্রাদেশিক আদালতের বিচারকেরা জেলায় জেলায় ঘুরিয়া ফৌজদারী বিচার করিতেন। এইভাবে দেওয়ানী ও ফৌজদারী মামলার কাজ পৃথক্ করিয়া দেওয়া হইল। কলিকাতার সদর নিজামৎ আদালতে আপীলের ব্যবস্থা রহিল। কলেক্টরের উপর শুধু রাজস্ব-আদায়ের ভার ন্যস্ত হইল। এইভাবে বিচার ও রাজস্ব-বিভাগ পৃথক্ করিয়া দেওয়াতে কার্যের কিছু সুবিধা হইল। কিন্তু আইন যেমন হইল ঘোরালো, তেমনই হইল ব্যয়বহুল। গরীব প্রজাদের দুর্দশার সীমা ছিল না।

সদর দেওয়ানী আদালত : প্রাদেশিক আদালত

সদর নিজামৎ আদালত

কর্ণওয়ালিস্ পুলিশ-বিভাগেরও সংস্কার সাধন করিলেন। ইতিপূর্বে গ্রামাঞ্চলের শান্তিরক্ষার ভার জমিদারদিগের উপর ন্যস্ত ছিল। কিন্তু তিনি এই ব্যবস্থা তুলিয়া দিয়া প্রত্যেকটি জেলা কয়েকটি থানায় ভাগ করিলেন। এক-একজন দারোগা এক একটি থানার প্রধান কর্মচারী নিযুক্ত হইলেন। ইহারা জেলা-বিচারক কর্তৃক নিযুক্ত হইতেন এবং সর্বতোভাবে তাঁহার নিয়ন্ত্রণাধীন ছিলেন। বিচার (Judicial) ও শাসন-বিভাগ (Executive) পৃথক না হওয়ায় প্রজার উপর উৎপীড়ন বাড়িয়াই চলিল।

পুলিশ-ব্যবস্থা

লর্ড কর্ণওয়ালিস্ একটি আইন গ্রন্থের সংকলন করিয়াছিলেন। ইহা 'কর্ণওয়ালিস্ কোড' (Cornwallis Code) নামে খ্যাত। এই 'কোডের' নির্দেশমতই বিচারকগণ বিচারকার্য সম্পাদন করিতেন। মুসলমান আমল হইতে অপরাধীকে যে বর্বরোচিত দণ্ড দিবার প্রথা ছিল তিনি তাহা রহিত করেন।

'কর্ণওয়ালিস্ কোড'

কর্ণওয়ালিস্ ছোট ছোট মামলার বিচারের জন্য 'রেজিষ্ট্রার' ও 'মুন্সেফ' নামক কর্মচারীর অধীনে কতকগুলি আদালত স্থাপিত করিলেন। কোম্পানীর কর্মচারীরা তখন অত্যন্ত দুর্নীতিপরায়ণ ছিলেন। ইহারা অল্প বেতন পাইতেন; কিন্তু

রেজিষ্ট্রার ও মুন্সেফ

নিজ নিজ আয় বৃদ্ধির নিমিত্ত ইঁহাদের ব্যক্তিগত ব্যবসা-বাণিজ্য করিতে দেওয়া হইত এবং নানাবিধ উপরি-পাওনা গ্রহণের সুযোগ দেওয়া হইত। এজন্য কোম্পানীর কর্মচারীরা সততার অপেক্ষা অর্থসম্পদ লাভের দিকেই মনোযোগ দিতেন বেশি। কর্ণওয়ালিস্ ইহা দূর করিবার নিমিত্ত কর্মচারীদের বেতন বৃদ্ধি করিলেন এবং তাঁহাদের উপরি গ্রহণ ও ব্যবসা-বাণিজ্য করিবার প্রথা নিষিদ্ধ করিয়া দিলেন। কর্ণওয়ালিস্ দেশীয় লোকের সততা ও যোগ্যতায় আস্থাবান ছিলেন না। এজন্য তিনি শাসন, বিচার ও রাজস্ব বিভাগের উচ্চপদসমূহ একমাত্র ইউরোপীয় কর্মচারীদিগের নিমিত্ত সংরক্ষিত করিয়া গেলেন। উপযুক্ত ভারতীয় কর্মচারীর প্রতি এই সন্দেহ ও আস্থার অভাব পরিণামে শুভ হয় নাই। কর্ণওয়ালিস্ এইভাবে দুর্নীতি দূর করিবার নিমিত্ত ব্যবস্থা গ্রহণ করিলেন কিন্তু শাসনে উন্নতি হইল না।

কর্মচারীদের দুর্নীতি দমন

উচ্চপদে ভারতীয়দের প্রবেশ নিষেধ

বেণ্টিঙ্কের শাসনকালে বিচার-ব্যবস্থা।—কর্ণওয়ালিস্-প্রবর্তিত বিচার-ব্যবস্থা মোটামুটি ৩০ বৎসরকাল বজায় রহিল। লর্ড বেণ্টিঙ্কের শাসনকালে আবার বিচার ও শাসন-ব্যবস্থার উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হইল। পূর্ববর্তী সংস্কারে যে সকল ত্রুটি ছিল বেণ্টিঙ্ক সেগুলি দূর করিতে যথাসাধ্য চেষ্টা করেন। তিনি প্রাদেশিক আদালতগুলি তুলিয়া দিয়া কলেক্টরদের উপর ফৌজদারী বিচারের ভার অর্পণ করেন। কয়েকটি জেলা একত্র করিয়া একটি করিয়া বিভাগ গঠন করা হইল। প্রতি বিভাগে একজন করিয়া কমিশনার ও প্রতি জেলায় একজন করিয়া সেসন্স্ জজ নিযুক্ত করা হইল। উইলিয়ম বেণ্টিঙ্ক সর্বপ্রথম ডেপুটি কলেক্টর ও প্রধান সদরালা-পদে ভারতীয় কর্মচারী নিয়োগের ব্যবস্থা করেন। আদালতে ফার্সী ভাষার পরিবর্তে বেণ্টিঙ্ক

প্রাদেশিক আদালতের বিলোপ সাধন

বিভাগ—কমিশনার—সেসন্স জজ

উচ্চপদে ভারতীয় নিয়োগ



লর্ড উইলিয়ম বেণ্টিঙ্ক

বাংলা, হিন্দী প্রভৃতি দেশীয় ভাষার প্রচলন করিলেন ফলে দেশীয় পত্রিকাদি বাড়িয়া চলিল। এই সময়েই উচ্চ রাজকার্যে ভারতবাসী নিয়োগের ব্যবস্থা করা হয়।

কলিকাতার স্থপ্রীম কোর্টই প্রথমে কোম্পানীর সর্বোচ্চ বিচারালয় ছিল। পরে ১৮০১ খৃঃ অব্দে মাদ্রাজে ও ১৮২৩ খৃঃ অব্দে বোম্বাইতে দুইটি স্থপ্রীম কোর্ট স্থাপিত হয়। ইংলণ্ডের আইনই কিছু পরিবর্তিত হইয়া বৃটিশ-ভারতে প্রচলিত ছিল। এই সকল সর্বোচ্চ বিচারালয় হইতে বিলাতে প্রিভি কাউন্সিলে আপীল করা চলিত। ১৮৩৪ খৃঃ অব্দে বিভিন্ন অঞ্চলের প্রচলিত আইন ও অন্যান্য বিধিসমূহের মধ্যে সামঞ্জস্য বিধান করিয়া সমগ্র বৃটিশ-ভারতের জন্য এক অভিন্ন আইন-গ্রন্থ সঙ্কলিত করা হয়। ইহাই 'ইণ্ডিয়ান পিনাল কোড' বা ভারতীয় দণ্ডবিধি আইন নামে খ্যাত। স্থসাহিত্যিক ও ঐতিহাসিক লর্ড মেকলে এই কার্যে প্রধান অংশ গ্রহণ করেন।

স্থপ্রীম কোর্ট

পিনাল কোড

১৮৫৩ খৃষ্টাব্দের সনন্দে স্থপ্রীম কোর্ট ও সদর দেওয়ানী আদালত একত্র করিয়া হাইকোর্ট গঠনের প্রস্তাব করা হয়। ১৮৬১ খৃষ্টাব্দে এই প্রস্তাব কার্যে পরিণত হয়।

হাইকোর্ট

শাসনতান্ত্রিক পরিবর্তন।—১৭৮৪ খৃষ্টাব্দে পিটের ইণ্ডিয়া অ্যাক্ট বা ভারত-শাসন আইন রচিত হয়। ইহার পর পার্লামেণ্ট কর্তৃক কোম্পানীর সনন্দ বদলের সময় প্রতিবার কিছু কিছু শাসনতান্ত্রিক পরিবর্তন সাধন করা হয়।

১৮৩৩ খৃঃ অব্দের সনন্দ অনুসারে বাঙ্গালার গভর্ণর-জেনারেল সমগ্র ভারতের গভর্ণর-জেনারেল হইলেন। ইতিপূর্বে গভর্ণর-জেনারেলের বোম্বাই ও মাদ্রাজ প্রদেশের আভ্যন্তরীণ শাসনের জন্য কোন বিধি (Regulation) প্রণয়ন করিবার অধিকার ছিল না। কিন্তু এই আইনের বলে সমগ্র বৃটিশ-শাসিত ভারতের শাসন-সংক্রান্ত বিষয়ের উপর তাঁহার কর্তৃত্ব স্থাপিত হইল এবং সপরিষদ গভর্ণর-জেনারেল সমগ্র বৃটিশ-ভারতের জন্য আইন-প্রণয়নের ক্ষমতা পাইলেন। গভর্ণর-জেনারেলের পরিষদে একজন আইনসচিবও (Law Member) নিযুক্ত হইলেন। এই সনন্দে স্পষ্টভাবে উল্লেখ করা হইল যে, ভারতীয়গণ উপযুক্ত যোগ্যতা অর্জন করিলে যে-কোন বিভাগে উচ্চ রাজকার্যে নিযুক্ত হইতে পারিবেন।

সনন্দ আইন (১৮৩৩)

১৮৫৩ খৃঃ অব্দের সনন্দ অনুসারে ভারতে প্রথম ব্যবস্থাপক সভা প্রতিষ্ঠিত হইল। গভর্ণর-জেনারেল, তাঁহার পরিষদের চারিজন সদস্য, প্রধান সেনাপতি, সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি ও অপর পাঁচজন মনোনীত সভ্য—মোট বারজন সদস্য লইয়া ব্যবস্থাপক সভা গঠিত হইল। বাংলা, বিহার ও উড়িষ্যার শাসনভার একজন লেফ্‌টেনাণ্ট গভর্ণরের (Lieutenant Governor) হস্তে ন্যস্ত হইল।

শিক্ষার প্রসার।—প্রাচীন যুগে ভারতবর্ষ শিক্ষা ও সংস্কৃতিতে বিশ্বের শ্রেষ্ঠস্থান অধিকার করিয়াছিল। মুসলমান যুগেও রাজা ও বাদশাহদিগের আনুকূল্যে শিক্ষার বহুল প্রসার ঘটিয়াছিল। কিন্তু মুঘল সাম্রাজ্যের পতনের যুগে যখন দেশে অরাজকতা দেখা দিল, তখন শিক্ষার ক্ষেত্রও সঙ্কুচিত হইয়া গেল এবং বিজ্ঞান, দর্শন প্রভৃতি উচ্চাঙ্গ ও প্রগতিশীল শিক্ষার অনুশীলন প্রায় বন্ধ হইয়া গেল। শিক্ষা ও সংস্কৃতির স্রোত রুদ্ধ হওয়ায় আমাদের জাতীয় জীবনেরও অধোগতি আরম্ভ হইল।

প্রাচীন শিক্ষা ব্যবস্থা

বৃটিশ শাসনের প্রথম যুগে ভারতে প্রাচীনপন্থী শিক্ষার প্রচলন ছিল। দেশে বহু টোল ও মাদ্রাসা ছিল। এই সকল শিক্ষা-প্রতিষ্ঠানে ছাত্রেরা সংস্কৃত এবং ফার্‌সী ও আরবী ভাষা ও সাহিত্য শিক্ষা করিত। উচ্চাঙ্গের জ্ঞান-বিজ্ঞান শিক্ষার কোন সুব্যবস্থা একরূপ ছিল না বলিলেই হয়। আবার মাতৃভাষা শিক্ষারও কোন ব্যবস্থা এ-সকল বিদ্যালয়ে ছিল না। ফলে বহির্জগতের সহিত বিযুক্ত হইয়া ভারতবাসী কূপমণ্ডুকে পরিণত হইতেছিল।

হেষ্টিংসের আমলে শিক্ষার প্রসার

কোম্পানীর শাসকবর্গ প্রথমে এদেশীয় শিক্ষার প্রতি উদাসীন ছিলেন। কিন্তু বিদ্যোৎসাহী হেষ্টিংসের আনুকূল্যে নানাদিকে বিদ্যাচর্চা ও শিক্ষার প্রসার ঘটে। সংস্কৃত এবং আরবী ও ফার্‌সী শিক্ষার জন্য এই সময় কাশীতে একটি সংস্কৃত কলেজ এবং কলিকাতায় একটি মাদ্রাসা স্থাপিত হয়। কিন্তু তখনও সরকারী প্রচেষ্টায় ইংরাজী শিক্ষা-প্রবর্তনের কোন চেষ্টা কোম্পানী করেন নাই।

ইংরাজি শিক্ষার সূত্রপাত

গভর্ণমেণ্টের দায়িত্বে ইংরাজি শিক্ষাপ্রসারের ব্যবস্থা না হইলেও খৃষ্টান মিশনারী-সম্প্রদায় বাঙ্গালা ও মাদ্রাজে বহু স্কুল স্থাপন করিয়া ইংরাজি শিক্ষার প্রবর্তন করিলেন। যে সকল খৃষ্টান মনীষী এই কার্যে অগ্রসর হইলেন তাঁহাদের মধ্যে উইলিয়ম কেরীর নাম প্রসিদ্ধ। মিশনারীরা খৃষ্টানধর্ম প্রচারের

নিমিত্ত বাঙ্গালায় নানাবিধ পুস্তক প্রকাশ করেন। ইহার ফলে বাঙ্গালায় গদ্যসাহিত্যের প্রভূত উন্নতি হয়। পরে মিশনারীদের শিক্ষা-বিস্তারের কাজ ডেভিড হেয়ার ও রাজা রামমোহন রায় প্রভৃতি মনীষিগণ হাতে লইলেন। পাশ্চাত্ত্য শিক্ষার সংস্পর্শে আসিবার সঙ্গে সঙ্গে বাংলা তথা ভারতে এক নব-জাগরণের যুগ আসিল। ঊনবিংশ শতাব্দীতে বাংলা দেশে শিক্ষা ও সংস্কৃতির অভাবনীয় বিকাশ ঘটে এবং ইহার ফলে সমাজে ও মনোজগতে বিরাট পরিবর্তন দেখা যায়। এজন্য ঊনবিংশ শতাব্দীকে, বাংলা তথা ভারতে, রেনেসাঁসের যুগ বলা যাইতে পারে।

ইতিমধ্যে লর্ড ওয়েলেস্‌লী উচ্চ ইংরাজ রাজকর্মচারীদিগকে দেশীয় ভাষা শিক্ষা দিবার নিমিত্ত কলিকাতায় ফোর্ট উইলিয়ম কলেজ প্রতিষ্ঠা করেন (১৮০০)। এই কলেজ বাঙ্গালা, হিন্দী, উর্দু প্রভৃতি লৌকিক ভাষায় গদ্যসাহিত্য-রচনার আদিকেন্দ্র ছিল। সেকালের বহু পণ্ডিত এখানে অধ্যাপনা করিয়াছেন।

লর্ড হেষ্টিংসের শাসনকালে ১৮১৭ খৃঃ অব্দে ডেভিড হেয়ার ও রামমোহন রায় প্রভৃতি মহাপুরুষগণের চেষ্টায় পাশ্চাত্ত্য শিক্ষাপ্রসারের জন্য কলিকাতায় প্রসিদ্ধ হিন্দু (পরে Presidency) কলেজ স্থাপিত হয় এবং পাশ্চাত্ত্য শিক্ষা প্রবর্তনের আন্দোলন সুরু হয়।

সেই আন্দোলনের ফলে ক্রমে বৃটিশ গভর্ণমেণ্টের দৃষ্টি ভারতীয়দিগের শিক্ষাব্যবস্থার দিকে পতিত হইল। ১৮১৩ খৃঃ অব্দের সনন্দে নির্দেশ দেওয়া হইল যে, অতঃপর ভারতবাসীর মধ্যে দেশীয় শিক্ষা ও বিজ্ঞানচর্চার নিমিত্ত বাৎসরিক অন্যূন এক লক্ষ টাকা ব্যয় করা হইবে। কিন্তু কর্তৃপক্ষ এই নির্দেশ অনুযায়ী বিশেষ কোন কার্য করিলেন না। ১৮২৩ খৃঃ অব্দে কোম্পানী বাংলাদেশে একটি সংস্কৃত কলেজ প্রতিষ্ঠার পরিকল্পনা করিলেন। ইহাতে ক্ষুব্ধ হইয়া রাজা রামমোহন লর্ড আমহার্ষ্টকে পত্র লিখিয়া, ভারতীয়দের পাশ্চাত্ত্য জ্ঞান-বিজ্ঞান শিক্ষার দাবী করিলেন। গভর্ণমেণ্ট তখনও ইহাতে কর্ণপাত করিলেন না। কিন্তু ইহা সত্ত্বেও বে-সরকারী চেষ্টায় বাঙ্গালাদেশে বহু বিদ্যালয় প্রতিষ্ঠিত হইল এবং ইংরাজি শিক্ষা দ্রুত অগ্রসর হইতে লাগিল।

(প্রাচ্য বা পাশ্চাত্ত্য শিক্ষা, কোন্‌টি দেশের পক্ষে উপযোগী, ইহা লইয়া তখন দেশী-বিদেশী মনীষীদের মধ্যে প্রবল মতভেদ উপস্থিত হইয়াছিল। বিদেশী পণ্ডিত যাঁহারা ভারতে প্রাচ্য শিক্ষা-বিস্তারের পক্ষে ছিলেন, তাঁহাদের মধ্যে সংস্কৃতজ্ঞ

উইলসন্ (Wilson) সাহেবের নাম সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ; আর যাঁহারা ছিলেন পাশ্চাত্ত্য শিক্ষার সমর্থক তাঁহাদের মধ্যে ছিলেন মেকলে সাহেব প্রধান। পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, রাজা রামমোহন রায় বিখ্যাত প্রাচ্য জ্ঞান-বিশারদ হইলেও পাশ্চাত্য বিদ্যা, ভাষা ও বিজ্ঞান-শিক্ষা-প্রবর্তনের বিশেষ পক্ষপাতী ছিলেন। কারণ, তিনি মনে করিতেন যে, পাশ্চাত্ত্য জাতি বিজ্ঞানের বলেই পৃথিবীতে স্বাধীন এবং এত বড় হইয়াছে ; সুতরাং ভারতবাসীকে স্বাধীন-ভাবে মাথা তুলিয়া দাঁড়াইতে হইলে, পাশ্চাত্ত্য বিদ্যা ও বিজ্ঞান আয়ত্ত করিতে হইবে। সার্বজনীন ব্রাহ্মধর্ম ও সমাজের প্রবর্তক এবং দেশপ্রগতির বহু প্রচেষ্টার প্রযোজক বলিয়া রামমোহন অমর হইয়া আছেন। বহু তর্ক-বিতর্ক ও আলোচনার পর রামমোহন ও মেক-লের মতই গৃহীত হয়। স্থির হইল যে, গভর্ণমেণ্ট এদেশে শিক্ষার জন্য যে অর্থ মঞ্জুর করিবেন তাহা প্রধানতঃ ইংরাজী ভাষা এবং পাশ্চাত্ত্য জ্ঞান-বিজ্ঞান শিক্ষার জন্যই ব্যয় করা হইবে (১৮৩৫)। পাশ্চাত্ত্য চিকিৎসাবিজ্ঞান ও জীবতত্ত্ব প্রভৃতি শিক্ষা দিবার জন্য ১৮৩৫ খৃঃ অব্দে কলিকাতায় প্রথম মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠিত হয়। ইংরেজী ভাষা কেবল উচ্চশিক্ষারই বাহন হইল না, সরকারী কাজকর্মেরও বাহন হইয়া দাঁড়াইল। তবে ইহাতে একদিকে যেমন ভারতীয় মনীষীদের সম্মুখে জ্ঞানের নূতন দুয়ার খুলিয়া গিয়াছিল, আর একদিকে তেমনই দেশের এই নব্যশিক্ষিত সমাজের সহিত সাধারণ মানুষের এবং ভারতের প্রাচীন সংস্কৃতির সাময়িক বিচ্ছেদ ঘটিয়াছিল।

পাশ্চাত্ত্য জ্ঞান-বিজ্ঞান প্রচার



রাজা রামমোহন রায়

১৮৫৪ খৃঃ অব্দে লর্ড ডালহৌসীর শাসনকালে শিক্ষাবিধির উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হইল। এই সময় বোর্ড অব্ কণ্ট্রোলের সভাপতি স্যার চার্লস্ উড (Wood) ভারতবর্ষে

বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুল প্রভৃতি বিভিন্ন স্তরের বিদ্যালয় স্থাপন করিয়া শিক্ষাব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত একটি সুচিন্তিত পরিকল্পনা প্রস্তুত করিয়া তাহা গভর্ণর-জেনারেলের নিকট প্রেরণ করেন। ইহাই ১৮৫৪ খৃঃ অব্দের সুবিখ্যাত এডুকেশন ডেস্‌প্যাচ্‌ বা শিক্ষা-বিষয়ক নির্দেশপত্র। এই নির্দেশ অনুযায়ী একটি জনশিক্ষা বিভাগ (Department of Public Instruction) প্রথম গঠিত হইল। গভর্ণমেণ্টের অর্থে কতকগুলি বিদ্যালয় স্থাপিত হইল এবং যৎসামান্য সরকারী সাহায্য দিবার ব্যবস্থাও হইল। বিদ্যালয়গুলির শিক্ষা-ব্যবস্থা পরিদর্শনের জন্য উপযুক্ত সংখ্যক পরিদর্শক (Inspector) নিযুক্ত করার ব্যবস্থাও হইল। উচ্চশিক্ষা বিস্তারের নিমিত্ত ১৮৫৭ খৃঃ অব্দে কলিকাতায় এবং ১৮৫৭ হইতে ১৮৮৭ খৃঃ অব্দের মধ্যে বোম্বাই ও মাদ্রাজ এবং পরে লাহোর ও এলাহাবাদে বিশ্ব-বিদ্যালয় স্থাপিত হয়। এই সময় রুড়কীতে একটি ইঞ্জিনিয়ারিং কলেজও প্রতিষ্ঠিত হইল। এই নির্দেশপত্রে ইহাও স্পষ্টভাবে উল্লেখ করা হয় যে, দেশীয় ভাষাই শিক্ষার মাধ্যম হওয়া উচিত। প্রাথমিক জনশিক্ষা ও স্ত্রী-শিক্ষার প্রয়োজনীয়তার উপরও বিশেষ জোর দেওয়া হয়। এক্ষেত্রে 'বিদ্যাসাগর' মহাশয়ের নামও বিশেষভাবে উল্লেখযোগ্য।

এডুকেশন ডেস্‌প্যাচ্‌ (১৮৫৪)



লর্ড ডালহৌসী

কিন্তু এই ব্যবস্থার ফলে জাতীয় শিক্ষার মূলকেন্দ্র টোল, পাঠশালা, মাদ্রাসা ও মক্তবগুলি সরকারী সাহায্য হইতে বঞ্চিত হইয়া ধীরে ধীরে ধ্বংসের পথে যাইতে লাগিল। ইংরাজি শিক্ষার প্রতি জোর পড়ায় ইংরাজি সভ্যতা ও সংস্কৃতি ভারতবাসীর মন যেন দখল করিয়া বসিল। মেকলের মনোবাসনাই পূর্ণ হইবার সম্ভাবনা দেখা দিল। তিনি এমন একটি ভারতীয় শ্রেণী গঠন করিতে চাহিয়াছিলেন—"যাহারা রক্তে ও বর্ণে থাকিবে ভারতীয়, কিন্তু রুচি, মত, মন ও নীতিতে হইবে ইংরাজ" অর্থাৎ ইংরাজদের দাস। কিন্তু এই শতাব্দীতেই বাংলাদেশে বিদ্যাসাগরপ্রমুখ এমন

ফলাফল

কয়েকজন মনীষীর আবির্ভাব হইল যাঁহারা দেশ ও জাতিকে এই অনিবার্য সর্বনাশ হইতে রক্ষা করিলেন।

স্ত্রীশিক্ষা প্রচার

বৃটিশ গভর্ণমেণ্ট প্রথমে স্ত্রীশিক্ষা-প্রচারের কোন চেষ্টাই করেন নাই। বে-সরকারী প্রচেষ্টায় প্রথম এদেশে স্ত্রীশিক্ষা-বিস্তার আরম্ভ হয় এবং খৃষ্টান মিশনারীরা এ বিষয়ে পথপ্রদর্শন করেন। মহামতি ডেভিড হেয়ার, রামমোহন ও রাজা রাধাকান্ত দেব মিশনারীদের এ বিষয়ে আপ্রাণ সাহায্য করেন। ১৮২৬ খৃঃ অব্দে "চার্চ মিশনারী সোসাইটি"র পরিচালনায় স্ত্রী-শিক্ষা ক্রমশঃ বিস্তৃত হইতে থাকে। স্ত্রীশিক্ষা-বিস্তারের ইতিহাসে বেথুন কলেজ স্থাপন একটি স্মরণীয় ঘটনা। ১৮৪৯ খৃঃ অব্দে নারী-শিক্ষাব্রতী মহাত্মা বেথুন (Bethune) ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলিকাতায় এই কলেজ স্থাপন করেন। মনীষী রামগোপাল ঘোষ, দক্ষিণারঞ্জন মুখার্জি এবং পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কারও এই কার্যে তাঁহাকে সর্বতোভাবে সাহায্য করিয়াছিলেন। স্ত্রীশিক্ষা-বিস্তারের প্রয়োজনীয়তা ক্রমে ক্রমে উপলব্ধি করিয়া কিছুকাল পরে গভর্ণমেণ্ট পূর্ণ দায়িত্ব গ্রহণ করিলেন।


ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

সমাজ-সংস্কার।—বৃটিশ শাসনের প্রথম যুগে গভর্ণমেণ্ট ভারতবাসীর ধর্ম ও সমাজ-ব্যবস্থায় কোন হস্তক্ষেপ করেন নাই। কিন্তু কালক্রমে ইংরাজি শিক্ষা বিস্তার, এবং রাজা রামমোহন, দ্বারকানাথ ঠাকুর প্রভৃতি মনীষীদের অবিরাম আন্দোলনের ফলে গভর্ণমেণ্ট আইন প্রণয়ন করিয়া সমাজ ও ধর্মের বহু প্রয়োজনীয় সংস্কার সাধন করেন। লর্ড উইলিয়ম বেণ্টিঙ্কের শাসনকালে সমাজ-সংস্কারমূলক ও বহু প্রগতিমূলক কার্য সম্পাদিত হয়। কয়েক বৎসর আন্দোলনের পরে ১৮৩২ খৃঃ অব্দে ক্রীতদাস-প্রথা রহিত করা হইল। বেণ্টিঙ্ক আরও কয়েকটি অন্যায় ও অনিষ্টকর প্রথা রহিত করেন। উড়িষ্যায় খন্দ জাতির মধ্যে নর-বলি, রাজপুতদের মধ্যে শিশুকন্যা-হত্যা-প্রথা আইন করিয়া বন্ধ করিয়া দেওয়া হয়। ইতিপূর্বে ১৮০২ খৃঃ অব্দে গঙ্গাসাগরে সন্তান-নিক্ষেপ-প্রথা বন্ধ করা হয়। বহুকাল

হইতেই হিন্দুসমাজে বিধবাদের সহমরণ ও অনুমরণের নিষ্ঠুর প্রথা প্রচলিত ছিল তাহার বিরুদ্ধে দাঁড়াইলেন নারীকল্যাণব্রতী রামমোহন। সহমরণ বলিতে বুঝাইত স্বামীর মৃত্যুর পর শবদেহের সহিত একই চিতায় পুড়িয়া মরা ; আর যদি দূর দেশে কোনও নারীর স্বামী বিয়োগ হইত তাহা হইলে তাহার বিধবা পত্নীকে একাকী চিতায় পুড়িয়া মরিতে হইত। ইহাকে বলা হইত অনুমরণ। সহমরণ ও অনুমরণকে এক কথায় বলা হইত সতীদাহ। কোন কোন বিধবা স্বেচ্ছায় এভাবে মৃত্যু বরণ করিতেন সত্য, কিন্তু অধিকাংশ স্থলেই ইহা অমানুষিক জোর-জবরদস্তিতে পরিণত হইয়াছিল। এই নিষ্ঠুর প্রথা রহিত করিবার উদ্দেশ্যে ১৮২৯ খৃঃ অব্দে বেণ্টিঙ্ক উহা আইনতঃ দণ্ডনীয় বলিয়া ঘোষণা করিলেন। রাজা রামমোহন ও দ্বারকানাথ ঠাকুর এ বিষয়ে বেণ্টিঙ্কের প্রধান সহায় ছিলেন।

সতীদাহ-প্রথা লোপ

ঠগী দস্যুদল-দমনও বেণ্টিঙ্কের আর একটি স্মরণীয় কার্য। ঠগীরা ছদ্মবেশে পথিকদের সঙ্গে মিশিয়া, সুযোগ পাইলে তাহাদিগকে গলায় রুমাল জড়াইয়া শ্বাসরোধ করিয়া মারিয়া ফেলিত এবং নিহত ব্যক্তির টাকাকড়ি লইয়া পলায়ন করিত। এই ভয়ানক দস্যুরা প্রায় সমগ্র ভারতবর্ষেই ঘুরিয়া বেড়াইত। তাহাদের অত্যাচারে পথিক ও তীর্থযাত্রিগণ সর্বদা শঙ্কিত হইয়া থাকিত। উইলিয়ম শ্লীম্যান নামক একজন সুযোগ্য কর্মচারীর উপর বেণ্টিঙ্ক এই দুর্দান্ত দস্যুদল-দমনের ভার অর্পণ করেন। কয়েক বৎসরের মধ্যেই সহস্র সহস্র ঠগী গ্রেপ্তার হইল। তাহাদিগকে অপরাধের গুরুত্ব অনুসারে বিভিন্ন প্রকারের দণ্ড দেওয়া হয়। এইভাবে দস্যুদল সম্পূর্ণরূপে নির্মূল হইয়া যায়। ইহা ব্যতীত ভারতের অসভ্য আদিম জাতিদের (Aborigines) মধ্যে নরবলি-প্রথা-রহিত প্রভৃতি অন্যান্য সংস্কারকার্যও তিনি করিয়া গিয়াছেন।

ঠগী দমন—উইলিয়ম শ্লীম্যান

লর্ড ডালহৌসীর শাসনকালে পুণ্যশ্লোক পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের আপ্রাণ চেষ্টায় বিধবা-বিবাহ প্রবর্তন করিবার নিমিত্ত একটি আইনের খসড়া প্রস্তুত করা হয়। লর্ড ক্যানিং-এর শাসনকালে এই আইনটি বিধিবদ্ধ হয়। রাজা রামমোহনের আদর্শে তিনি নারীকল্যাণ ও জনহিতব্রতে আত্মনিয়োগ করেন এবং তাঁহার সহায়ক হন মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর, রাজনারায়ণ বসু ও অক্ষয়কুমার দত্ত প্রভৃতি যাঁহারা বিখ্যাত 'তত্ত্ববোধিনী পত্রিকা' (১৮৪৩) গড়িয়া তোলেন। বাঙ্গালার ধর্ম ও

বিধবা-বিবাহ আইন

সমাজ-সংস্কার আন্দোলনে এই প্রায় শতবর্ষ-জীবী পত্রিকাখানির দান অবিস্মরণীয়। ১৮৫০ খৃঃ অব্দে লর্ড ডালহৌসী এক আইন করিয়া নব-দীক্ষিত খৃষ্টানদের পিতৃ-সম্পত্তিতে পূর্ণ-অধিকার-লাভের ব্যবস্থা করেন।

রেলওয়ে, টেলিগ্রাফ প্রবর্তন

ডালহৌসী প্রধানতঃ বৃটিশ সাম্রাজ্যের স্বার্থরক্ষা এবং শাসন পরিচালনার সুবিধার নিমিত্ত এদেশে প্রথম রেলওয়ে, টেলিগ্রাফ, পূর্ত-বিভাগ, সস্তা চিঠি-বিলি ও ডাক প্রভৃতির প্রতিষ্ঠা ও প্রচলন করেন। ইহার ফলে ভারতের আভ্যন্তরীণ বাণিজ্য-বিস্তারের পথ সুগম হইল এবং দেশবাসীর মানসিক ও বৈষয়িক উন্নতি সাধিত হইল। যাতায়াত ও সংবাদ-প্রেরণের সুবিধা হওয়ায় ভারতের বিভিন্ন প্রদেশবাসীদের মধ্যে দ্রুততর সংযোগ স্থাপিত হইল এবং ধীরে ধীরে ভারতবাসীদের মধ্যে গোঁড়ামী, প্রাদেশিকতা ও সঙ্কীর্ণতা দূর হইয়া জাতীয় ঐক্য-বোধ জাগরিত হইতে লাগিল কিন্তু শাসকদের নিষ্ঠুর শোষন-নীতি সর্বনাশের কারণ হইল।

ভারতীয় শিল্প-বাণিজ্যের অধঃপতন।—ইউরোপীয় জাতিসমূহ যখন বাণিজ্য করিবার উদ্দেশ্যে ভারতে আসিতে আরম্ভ করিয়াছিল তখন শিল্প ও বাণিজ্যে ভারত বিশ্বের একটি শ্রেষ্ঠ দেশের মধ্যে পরিগণিত ছিল। অষ্টাদশ শতাব্দীতে ইংরাজ কোম্পানী যখন মাত্র বাংলা ও দাক্ষিণাত্যের একাংশে প্রভুত্ব স্থাপন করিয়া সাম্রাজ্য বিস্তারে অগ্রসর হইল তখন হইতেই ভারতের শিল্প ও ব্যবসা-বাণিজ্যের অধঃপতন সুরু হইল। ইংরাজ শাসনের প্রথম যুগে বণিক ইংরাজজাতি শাসন অপেক্ষা শোষণের দিকেই মনোযোগ নিবদ্ধ করিয়াছিল। এক একটি রাজ্য জয় করিয়া তাহারা শান্তি না আনিয়া পরাজিত রাজন্যদের নিকট হইতে অপরিমিত অর্থ-সম্পদই আদায় করিয়া লইয়াছে। কোম্পানীর কর্তৃপক্ষ ও কর্মচারিগণ এই যুগে ভারতবর্ষ হইতে কত কোটি কোটি টাকা যে লুণ্ঠন করিয়া লইয়াছে তাহার ইয়ত্তা করা দুরূহ। একথা সর্বজনবিদিত যে, বাংলা দেশ হইতে অপরিমিত সম্পদ আহরণ করিয়া তাহারই সাহায্যে ইংলণ্ডের "শিল্পবিপ্লবকে" সফল করিয়া তোলা হইয়াছে। সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীতে ভারতবর্ষ, বিশেষ করিয়া বাংলাদেশ, তাহার কৃষিজাত ও শিল্পজাত দ্রব্যাদির জন্য সর্বত্র খ্যাত ছিল। প্রথম প্রথম বিদেশী বণিকরা এদেশের শিল্পজাত দ্রব্য পৃথিবীর বিভিন্ন দেশে বিক্রয় করিয়া প্রচুর লাভবান হইত। ভারত হইতে কার্পাস, পশম ও রেশম বস্ত্র ক্রয় করিয়া ইংলণ্ডে বিক্রয় করাই ছিল ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর

ভারতীয় শিল্পের উৎকর্ষ

প্রধান ব্যবসা। কিন্তু শিল্পবিপ্লবের ফলে যখন ইংলণ্ডে বড় বড় কারখানা গড়িয়া উঠিল, এবং বস্ত্র বয়নশিল্পে যুগান্তর আসিল, তখন সেদেশের শিল্পজীবীরা ভারতীয় পণ্যের প্রতিযোগিতায় ভীত হইয়া পড়িল। ইহাদের চাপে ইংরাজ সরকার স্বদেশের শিল্প রক্ষার জন্য আইন করিয়া ইংলণ্ডে ভারতীয় পণ্যের আমদানী নিষিদ্ধ করিয়া দিলেন। এই সময় আবার ইউরোপে যুদ্ধবিগ্রহ চলিতে থাকায় সেখানেও ভারতীয় বস্ত্রাদির আমদানী একেবারে হ্রাস পাইল। অপর-দিকে এই সময়ে ইংলণ্ডের কলে উৎপাদিত বস্ত্রাদি ভারতের বাজার ভরিতে লাগিল। যখন ১৮১৩ খৃষ্টাব্দে যখন কোম্পানীকে নূতন করিয়া সনন্দ দিবার সময় আসিল, তখন ইংলণ্ডের বণিক-সমাজের চাপে ইষ্ট্ ইণ্ডিয়া কোম্পানীর ভারতে একচেটিয়া বাণিজ্যের অধিকার লোপ করা হইল। ইহার ফলে বৃটিশ বণিকদের সম্মুখে ভারত-বাণিজ্যের সিংহদ্বার উন্মুক্ত হইল। ইংলণ্ড হইতে আনীত পণ্যের উপর তখন কোন শুল্কই লাগিত না। ইংরাজ সরকার স্বদেশের শিল্পের স্বার্থে ভারতের আভ্যন্তরীণ বাণিজ্যের উপরেও নানা বিধিনিষেধ চাপাইলেন। ইহার ফলে কলের সস্তাদরের কাপড়ের প্রতিযোগিতায় ভারতীয় বস্ত্র-শিল্প পঙ্গু হইয়া পড়িল এবং এ দেশীয় অগণিত শিল্পী জীবিকার উপায় হারাইয়া কুলীকামিন ও কৃষিজীবীতে পরিণত হইল। চিরস্থায়ী বন্দোবস্ত প্রচলিত হওয়ায় বিত্তশালী সম্প্রদায় প্রধানতঃ কৃষিতেই অর্থ বিনিয়োগ করিতে আরম্ভ করিল। এইরূপে ভারতের স্বদেশী শিল্প ও ব্যবসা-বাণিজ্যের উপরে ইংরাজজাতির একচেটিয়া অধিকার স্থাপিত হইল। ইংরাজ শিল্প-পতিরা অত্যল্পমূল্যে এদেশ হইতে কাঁচামাল সংগ্রহ করিয়া নিজেদের দেশের শিল্প এবং ব্যবসায় পুষ্ট করিয়া তুলিলেন; সেকালের সমৃদ্ধ ভারত দরিদ্রতম দেশে পরিণত হইল।

ভারতীয় পণ্যের উপর বিধি-নিষেধ আরোপ

প্রশ্নাবলী

১। চিরস্থায়ী বন্দোবস্ত সম্বন্ধে কি জান? ইহার দোষগুণ বিচার কর।
২। লর্ড কর্ণওয়ালিসের শাসনকালীন সংস্কারগুলি বর্ণনা কর।
৩। লর্ড কর্ণওয়ালিস ও লর্ড বেণ্টিঙ্কের শাসনকালে বিচার বিভাগে কি কি পরিবর্তন সাধিত হইয়াছিল?
৪। লর্ড বেণ্টিঙ্কের শাসনকালীন সংস্কারগুলি বর্ণনা কর।
৫। লর্ড ডালহৌসীর শাসনকালীন সংস্কারগুলির ধারাবাহিক বর্ণনা দাও।
৬। কোম্পানীর শাসনকালে এদেশে পাশ্চাত্য শিক্ষা প্রসারের ইতিহাস বর্ণনা কর।
৭। ইহাদের সম্বন্ধে কি জান? কর্ণওয়ালিস্ কোড, মিরাসদারী ও রায়তওয়ারী ব্যবস্থা, লর্ড মেকলে, সনন্দ আইন (১৮৩৩), রাজা রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, বেথুন, শ্রীম্যান, এডুকেশন ডেস্প্যাচ্ (১৮৫৪)।
৮। কোম্পানীর আমলে ভারতীয় শিল্পের অবস্থা এবং ইহার ক্রমাবনতির কারণ সম্বন্ধে যাহা জান লেখ।

ত্রিংশ অধ্যায়

ভারতের পশ্চিম ও পূর্ব-সীমান্তে বৃটিশ সাম্রাজ্য বিস্তার

(Expansion of British Empire in the west and east frontiers of India)

ভূমিকা।—১৮২৩ খৃষ্টাব্দের ১লা জানুয়ারী লর্ড হেষ্টিংস ভারতবর্ষ ত্যাগ করিয়া স্বদেশে ফিরিয়া গেলেন। এই সময় ভারতে বৃটিশ প্রভুত্ব পশ্চিমে শতদ্রু নদী হইতে পূর্বে ব্রহ্মপুত্র এবং উত্তরে হিমালয় হইতে দক্ষিণে কুমারিকা অন্তরীপ পর্যন্ত বিস্তারলাভ করিয়াছিল। কিন্তু এই সীমার মধ্যেই বৃটিশ অধিকার বেশিদিন আবদ্ধ রহিল না। উনবিংশ শতাব্দীর প্রথমার্ধ শেষ হইবার পূর্বেই শতদ্রুর পশ্চিমে এবং ব্রহ্মপুত্রের পূর্বদিকে অবস্থিত শক্তিশালী রাজ্যগুলির সহিত ইংরাজরা যুদ্ধ আরম্ভ করিল; এবং ইহার ফলে বৃটিশ প্রভুত্ব একদিকে আফগান সীমান্ত এবং অপরদিকে ব্রহ্মদেশ পর্যন্ত বিস্তৃত হইয়া পড়িল। এই সময় ভারতের অভ্যন্তরেও বৃটিশ সরকার একে একে নানা অজুহাতে দেশীয় রাজ্যগুলি সম্পূর্ণরূপে সাম্রাজ্যভুক্ত করিতে লাগিলেন। বৃটিশ সরকারের এই কূট নীতির ফলেই ১৮৫৭-৫৯ খৃষ্টাব্দে উত্তর-ভারতে ব্যাপক বিদ্রোহ দেখা দিয়াছিল, যাহা ইতিহাসে সিপাহী-বিদ্রোহ নামে খ্যাত। এই বিদ্রোহের ফলে সাময়িকভাবে ভারতের স্থানবিশেষে বৃটিশ আধিপত্য লোপ পাইবার উপক্রম ঘটিয়াছিল।

(১) উত্তর-পশ্চিম সীমান্তে সাম্রাজ্য বিস্তার

(ক) রণজিৎসিংহের অভ্যুদয় ও শিখরাজ্য প্রতিষ্ঠা।—গুরু গোবিন্দ শিখদের একটি দুর্ধর্ষ সামরিক জাতিতে পরিণত করেন। তাঁহার মৃত্যুর পর (১৭১০) শিখদের সামরিক শক্তির দ্রুত বিকাশ হইতে লাগিল। কিন্তু তাহাদের মধ্যে গুরুপদ লুপ্ত হওয়ায় শিখগণ অনেকগুলি 'মিস্‌ল' বা দলে বিভক্ত হইয়া পড়ে। রণজিতের পিতা ছিলেন এইরূপ একটি 'মিস্‌ল'-এর নায়ক। ১৭৮০ খৃঃ অব্দে রণজিতের জন্ম হয়। পিতার মৃত্যুর পরে দ্বাদশ বৎসর বয়সে তিনি মিস্‌ল-এর নায়ক হইলেন। বালক হইলেও রণজিৎ অসাধারণ রাজনৈতিক ও সামরিক প্রতিভার অধিকারী ছিলেন। স্বীয় প্রতিভাবলে তিনি বিচ্ছিন্ন শিখজাতিকে একত্র করিয়া একটি শক্তিশালী রাজ্য স্থাপন করিতে সক্ষম

হইয়াছিলেন। আহ্‌মদ শাহ্‌ দুর্‌রাণীর মৃত্যুর কিছুকাল পরে তাঁহার পৌত্র জমান শাহ্‌ আফগানিস্থানের আধিপত্য লাভ করিলেন। ১৭৯৮ খৃঃ অব্দে জমান শাহ্‌ কর্তৃক পঞ্জাব আক্রমণকালে রণজিৎ তাঁহাকে বিশেষ সাহায্য করেন। ইহাতে প্রীত হইয়া জমান শাহ্‌ তাঁহাকে লাহোরের শাসনকর্তা-পদে নিযুক্ত করেন এবং 'রাজা' উপাধিতে ভূষিত করেন। এই সময়ে পঞ্জাবে নানারূপ গোলযোগ দেখা দিয়াছিল। এই গোলযোগের সুযোগ লইয়া রণজিৎ পঞ্জাবে একটি স্বাধীন ও শক্তিশালী রাজ্য গড়িয়া তুলিবার আয়োজন করিলেন। তিনি একে একে শিখ মিস্‌লগুলি জয় করিয়া স্বীয় রাজ্যভুক্ত করিলেন। ক্রমে অমৃতসর ও লুধিয়ানাও তাঁহার হস্তগত হইল। তখন তিনি আফগান-প্রভুত্ব অস্বীকার করিয়া স্বাধীনতা ঘোষণা করিলেন। তারপর রণজিৎ শতদ্রু ও যমুনার মধ্যবর্তী শিখরাজ্যগুলিও অধিকার করিবার জন্য অগ্রসর হন। সেখানকার শিখেরা বৃটিশের সহায়তা প্রার্থনা করিলে লর্ড মিণ্টো রণজিতের নিকট একজন দূত প্রেরণ করিলেন। অমৃতসরে উভয় পক্ষে এক সন্ধি হইল (১৮০৯) রণজিৎ শতদ্রু অতিক্রম করিয়া আর রাজ্য বিস্তার করিবেন না বলিয়া প্রতিশ্রুতি দিলেন, এবং ইংরাজরাও তাঁহার রাজ্যে হস্তক্ষেপ করিবেন না, এরূপ অঙ্গীকার করিলেন। শতদ্রু নদী পর্যন্ত বৃটিশ-ভারতের সীমা বিস্তৃত হইল। অমৃতসরের সন্ধির পরে রণজিৎ কামান-বন্দুকাদি বাড়াইয়া উত্তরে ও পশ্চিমে শিখ-রাজ্যবিস্তার করিতে অগ্রসর হইলেন। একে একে বিশাল কাশ্মীর, কাংড়া, মূলতান এমন কি পেশোয়ার পর্যন্ত তাঁহার অধিকার বিস্তৃত হইল। ১৮৩৯ খৃঃ অব্দে রণজিতের মৃত্যু হইল।



রণজিৎ সিংহ

স্বাধীনতা ঘোষণা

অমৃতসরের সন্ধি (১৮০৯)


চরিত্র ও কৃতিত্ব।—শিবাজীর ন্যায় রণজিৎ সিংহও একজন অসাধারণ তীক্ষ্ণবুদ্ধি ও কীর্তিমান পুরুষ ছিলেন। সামান্য একজন শিখ-নায়কের পুত্র হইয়া নিজের শক্তি ও বুদ্ধি-বলে, বহু বাধাবিঘ্ন অতিক্রম করিয়া তিনি একটি শক্তিশালী রাজ্য স্থাপন করিয়া অসামান্য প্রতিভার পরিচয় দিয়াছেন। তাঁহার কার্যের ফলে শিখদের মধ্যে ঐক্য ও জাতীয়তা-বোধের প্রেরণা আসিয়াছিল। ঐক্যমূলক শিখধর্ম ও শিখজাতির অভ্যুত্থান তাঁহার জীবনের অবিস্মরণীয় কীর্তি।

রাজ্যশাসন-ব্যাপারেও রণজিৎ সিংহ বিশেষ দক্ষতা দেখাইয়া গিয়াছেন। তাঁহার শাসনকালে রাজ্যে শান্তি বিরাজ করিত। তিনি কৃষকদের করভারে পীড়িত করেন নাই, এবং কৃষকদের প্রতি রাজকর্মচারিগণ যাহাতে কোন অত্যাচার করিতে না পারেন সেদিকে তাঁহার সতর্ক দৃষ্টি ছিল। তিনি রাজ্যকে সুদৃঢ় করিবার জন্য পাশ্চাত্য প্রণালীতে সামরিক বল বৃদ্ধি করেন। ইউরোপীয় সেনানায়ক নিযুক্ত করিয়া তিনি শিখ সৈন্যবাহিনীকে সুশিক্ষিত ও রণনিপুণ যোদ্ধদলে পরিণত করেন। তাঁহার দুর্ধর্ষ 'খালসা' (Khalsa) সৈন্যদের খ্যাতি তখন সারাদেশে এমন কি আফগান ও নেপালে ছড়াইয়া পড়িয়াছিল।

প্রথম শিখ যুদ্ধ।—১৮৩৯ খৃঃ অব্দে রণজিৎ সিংহের মৃত্যু হইলে তাঁহার পুত্র খড়্গ সিংহ সিংহাসন লাভ করিলেন। তাঁহার অকর্মণ্যতায় অল্পবুদ্ধি অথচ প্রবল খাল্‌সা সৈন্যেরাই রাজ্যের সর্বময় কর্তা হইয়া উঠিল। পর বৎসর খড়্গ সিংহের মৃত্যু হইলে তাঁহার পুত্র নও নিহালসিংহ রাজা হইলেন। তিনি ছিলেন কর্মঠ ও বুদ্ধিমান। কিন্তু সিংহাসন লাভের অব্যবহিত পরেই তাঁহার মৃত্যু হইলে রণজিতের এক পুত্র শেরসিংহ রাজা হইলেন। কিন্তু তাঁহার পক্ষে দুর্ধর্ষ খালসা সৈন্যদের দমন করিয়া রাজ্যে শৃংখলা স্থাপন করা সম্ভব হইল না। তিনি সৈন্যদের হাতে নিহত হইলেন। ১৮৪৩ খৃঃ অব্দে রণজিতের নাবালক পুত্র দলীপ সিংহকে সিংহাসনে বসান হইল। দলীপের মাতা রাণী ঝিন্দন হইলেন পুত্রের অভিভাবিকা। লাল সিংহ ও তেজ সিংহ নামক দুইজন মন্ত্রী রাজমাতাকে সাহায্য করিতে লাগিলেন। কিন্তু দুর্দান্ত খাল্‌সা সৈন্যদলকে সংযত করা তাঁহাদের সাধ্যাতীত হইয়া উঠিল। এদিকে কূটনীতিজ্ঞ ইংরাজদের কয়েকটি কাজে শিখদের মনে ইংরাজদের সততা ও বন্ধুত্ব সম্বন্ধে সহজেই সন্দেহ উপস্থিত হইল। তখন খাল্‌সা সৈন্যেরা শতদ্রুর অপর

রণজিৎ সিংহের মৃত্যু ; রাজ্যে বিশৃঙ্খলা

যুদ্ধের কারণ



ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের ক্রম-বিস্তার
(লর্ড ওয়েলেস্‌লীর কালে)

পারে বৃটিশ রাজ্য আক্রমণ করিবার উদ্যোগ করিল। অগত্যা রাজমাতা ঝিন্দন এবং তাঁহার মন্ত্রীরা তাহাদিগকে ইংরাজ রাজ্য আক্রমণের অনুমতি দান করিলে প্রায় ৬০ হাজার শিখ সৈন্যের এক বাহিনী শতদ্রু অতিক্রম করিয়া বৃটিশ দিল্লী আক্রমণের অভিপ্রায়ে অগ্রসর হইল (১৮৪৫)। এইরূপে ইংরাজ ও শিখে যুদ্ধ বাধিয়া গেল। গভর্ণর-জেনারেল লর্ড হার্ডিঞ্জও (১৮৪৪-৪৮) যুদ্ধের আয়োজন করিলেন। প্রথমে মুদকী নামক স্থানে যুদ্ধ হইল। বৃটিশদল অপ্রত্যাশিত ক্ষতি স্বীকার করিলেও শেষ অবধি, শিখ-সেনানায়ক লাল সিংহের সৈন্য-পরিচালনায় ত্রুটির ফলে, ইংরাজরা জয়লাভ করিল (১৮৪৫)। ইহার কয়েকদিন পরেই ফিরোজশা বা ফিরোজ শহর নামক স্থানে আর একটি যুদ্ধ হইল ; এই যুদ্ধে ইংরাজদের প্রধান সেনাপতি স্যার হিউ গাফ এবং বড়লাট বাহাদুর স্বয়ং উপস্থিত ছিলেন। এবারও ইংরাজদের প্রচুর লোকক্ষয় হইল ; কিন্তু শিখ সেনাপতি তেজ সিংহের নির্বুদ্ধিতায় শিখরাই পরাভূত হইল (১৮৪৫)। তারপর আলিওয়ালের যুদ্ধে (১৮৪৬) খাল্সা দল শত্রুপক্ষের প্রভূত ক্ষতি করিয়াও আবার সৈন্যাধ্যক্ষদের অকর্মণ্যতার ফলে পরাভূত হইল। সোব্রাঁও নামক স্থানে ঠিক অনুরূপ কারণেই শিখদিগকে আবার পরাজয় স্বীকার করিতে হইল (১৮৪৬)। অনেকেরই বিশ্বাস, সৈন্যাধ্যক্ষদের এরূপ ব্যর্থতার মূলে স্বেচ্ছাকৃত বিশ্বাসঘাতকতাও ছিল এবং সে বিশ্বাসঘাতকতা বৃটিশের অর্থে পুষ্টিলাভ করিয়াছিল।

লাহোরের প্রথম সন্ধি

ইহার পর লাহোরে উভয় পক্ষের মধ্যে সন্ধি হইল। এই সন্ধি অনুসারে জলন্ধর দোয়াব (শতদ্রু ও বিপাশার অবকাশ-স্থলে) এবং শতদ্রুর দক্ষিণে সমুদয় ভূ-ভাগ ইংরাজদের অধিকারে আসিল। যুদ্ধের ক্ষতিপূরণ-স্বরূপ ইংরাজগণ প্রচুর অর্থও দাবি করিল। শিখ রাজকোষে তত অর্থ ছিল না। তাই গুলাব সিংহ নামক জনৈক প্রাদেশিক কর্মচারীর নিকট হইতে ৭৫ লক্ষ টাকা লইয়া তাঁহার কাছে সুরম্য কাশ্মীর ও জম্মু বিক্রয় করা হইল।

কাশ্মীর ও জম্মু বিক্রয়

পরে গুলাব সিংহকে কাশ্মীর ও জম্মুর রাজা বলিয়াও স্বীকার করা হয়। ইহার পর ইংরাজের বিরুদ্ধে ষড়যন্ত্র করিবার অভিযোগে শিখনায়ক লাল সিংহ পঞ্জাব হইতে নির্বাসিত হইলেন। তারপর 'লাহোরের দ্বিতীয়

সন্ধিতে’ পঞ্জাবে বৃটিশবাহিনী রাখিবার ব্যবস্থার সঙ্গে সঙ্গে সেখানকার শাসনভার স্যার হেন্‌রী লরেন্স নামক জনৈক বৃটিশ প্রতিনিধির উপর অর্পণ করা হইল। নাবালক দলীপ সিংহ নামে রাজা হইলেও কার্যতঃ সমগ্র পঞ্জাবে পূর্ণ বৃটিশ আধিপত্য স্থাপিত হইয়া গেল।

লাহোরের ২য় সন্ধি

১৮৪৮ খৃঃ অব্দে লর্ড হার্ডিঞ্জ স্বদেশে প্রত্যাগমন করিলেন এবং লর্ড ডালহৌসী (১৮৪৮-'৫৬) ভারতবর্ষের গভর্ণর-জেনারেল নিযুক্ত হইয়া আসিলেন।

দ্বিতীয় শিখ যুদ্ধ।—বৃটিশ শাসকদের ঔদ্ধত্য বীর খালসাদের সহ্য হইতেছিল না। তদুপরি রাজমাতা ঝিন্দনকে বৃটিশগণ লাহোর হইতে অন্যত্র প্রেরণ করায় অসন্তোষ আরও বাড়িয়া উঠিতে থাকে। অবশেষে মূলতানের শাসনকর্তা মূলরাজের নিকট হিসাব-নিকাশ দাবি করা হইলে, তিনি পদত্যাগ করেন। নূতন শাসনকর্তা দুইজন ইংরাজ কর্মচারীর সহিত মূলতানে আসিলে কর্মচারী দুইজনকে হত্যা করা হয়। লাহোরের বৃটিশ কর্তৃপক্ষ শের সিংহকে মূলরাজের বিদ্রোহ দমন করিতে প্রেরণ করিলেন, কিন্তু শের সিংহ বিদ্রোহীদের সহিত যোগ দিয়া বসিলেন।

কারণ

দেখিতে দেখিতে প্রায় সমগ্র পঞ্জাবে বিদ্রোহের আগুন জ্বলিয়া উঠিল। ডালহৌসীও যুদ্ধ ঘোষণা করিলেন। বিতস্তাতীরে চিলিয়ানবালা নামক স্থানে ইংরাজ সেনাপতি লর্ড গাফ বীর শের সিংহের সহিত যুদ্ধে পরাভূত হইলেন (১৮৪৯)। চিলিয়ানবালার যুদ্ধে পরাভবের ফলে তাঁহাকে প্রধান সেনাপতির পদ হইতে অপসারিত করিয়া সেস্থলে স্যার চার্লস নেপিয়ারকে নিযুক্ত করা হইল। কিন্তু পদত্যাগ করিবার পূর্বেই আবার চন্দ্রভাগা নদীর তীরে গুজরাট নামক স্থানে গাফ শিখদিগকে পরাভূত করিলেন (১৮৪৯)। এইবার শিখ যুদ্ধের অবসান হইল। ডালহৌসী সমগ্র পঞ্জাব বৃটিশ ভারতের অন্তর্ভুক্ত করিয়া ফেলিলেন। দলীপ সিংহকে বার্ষিক বৃত্তি দিয়া সিংহাসন-চ্যুত করা হইল। স্বাধীন শিখ রাজ্যের অবসান ঘটিল। ভারতে ইংরাজ শক্তির প্রতিদ্বন্দ্বী আর কেহ রহিল না।

চিলিয়ানবালার যুদ্ধ (১৮৪৯)

পঞ্জাব জয় (১৮৪৯)

(খ) ইঙ্গ-আফগান দ্বন্দ্ব

ভূমিকা।—আফগানিস্তানের শক্তিশালী রাজা আহ্‌মদ শাহ্ আবদালির মৃত্যুর পর

তাঁহার পুত্র তাইমুর শাহ্ সিংহাসনে আরোহণ করেন। এই সময় আফগান সাম্রাজ্য উত্তর-পশ্চিম ভারতের পেশোয়ার, কাশ্মীর, লাহোর এবং মুলতান প্রভৃতি অঞ্চলের উপর বিস্তৃত হইয়া পড়িয়াছিল; সিন্ধু ও বেলুচিস্তানের সামন্ত আমীরগণও আফগান রাষ্ট্রের আধিপত্য স্বীকার করিতেন। ১৭৯৩ খৃষ্টাব্দে তাইমুরের মৃত্যুর পরে তাঁহার পঞ্চম পুত্র জমান শাহ্ (১৭৯৩-১৮০০) সিংহাসন লাভ করিলেন। পিতামহের ন্যায় তিনিও উত্তর-ভারতে রাজ্য বিস্তারের অভিপ্রায় পোষণ করিতেন। এই সময় আফগান আক্রমণের ভীতি কিছুকাল ভারতের ইংরাজ সরকারকে সন্ত্রস্ত করিয়া রাখিয়াছিল। লর্ড ওয়েলেস্‌লী জমান শাহের বিরুদ্ধে পারস্যের শাহের সহিত এক সন্ধিসূত্রে আবদ্ধ হইলেন। ইতিমধ্যে আফগান রাজ্যে আভ্যন্তরীণ গোলযোগ দেখা দিয়াছিল এবং ইহার ফলে জমান শাহ্ সিংহাসনচ্যুত হইলেন। তখন জমান শাহের দুই ভ্রাতা, মাহ্‌মুদ ও শাহ সুজা, পর পর সিংহাসনে আরোহণ করিলেন। ইহারা উভয়েই ছিলেন অকর্মণ্য এবং শাসন পরিচালনায় একান্ত অক্ষম। ইহাদের দুর্বলতার সুযোগে বরকজাই বংশীয় শক্তিশালী সর্দার দোস্ত মুহম্মদ আফগান সিংহাসন অধিকার করিয়া লইলেন (১৮২৬—১৮৬৩)। শাহ্ সুজা দেশ হইতে বিতাড়িত হইয়া পঞ্জাবের রণজিৎ সিংহের আশ্রয় গ্রহণ করিলেন। ইহার অল্পকাল পরেই তিনি বৃটিশ সরকারের বৃত্তিভোগী হইয়া লুধিয়ানায় আসিয়া বাস করিতে লাগিলেন। এই সকল আভ্যন্তরীণ গোলযোগের ফলে ভারতের বিরুদ্ধে আফগান আক্রমণের সম্ভাবনা সাময়িকভাবে তিরোহিত হইল।

প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধ (১৮৩৮—৪২)।—কিন্তু ইহার কয়েক বৎসর পরেই লর্ড অকল্যাণ্ডের শাসনকালে (১৮৩৬—'৪২) আফগানিস্তানের সহিত ভারত সরকারের যুদ্ধবিগ্রহ আরম্ভ হইল। উনবিংশ শতাব্দীতে রাশিয়া মধ্য-এশিয়ায় রাজ্যবিস্তার করিতে আরম্ভ করিয়াছিল এবং ইহার ফলে রুশ সাম্রাজ্যের সীমা প্রায় আফগানিস্তানের সীমান্ত পর্যন্ত বিস্তৃত হইবার উপক্রম হইল। বৃটিশ ভারত ও আফগানিস্তানের মধ্যে ছিল তখন রণজিৎ সিংহের মিত্ররাজ্য। তবুও ইংলণ্ডের মন্ত্রিসভা ভারতের নিরাপত্তা সম্বন্ধে আতঙ্কিত হইয়া উঠিলেন। তাহারা এজন্য আফগানিস্তানের উপর বৃটিশ-প্রভাব বিস্তার করা প্রয়োজন বোধ করিলেন। এই শতাব্দীর প্রথমে ফরাসী প্রভাব বিস্তার রোধ করিবার জন্য লর্ড মিণ্টো আফগানিস্তানের আমীর শাহ্ সুজার সহিত

যুদ্ধের পটভূমিকা: ইংরাজ সরকারের রুশ-ভীতি

পোষণ করিতে লাগিলেন। ১৮৫৫ খৃষ্টাব্দে যখন পারস্য পুনরায় হিরাত আক্রমণের উদ্যোগ করিল তখন দোস্ত মুহম্মদ ইংরাজ সরকারের সহিত মিত্রতা স্থাপন করিয়া পারস্যের সংকল্প প্রতিহত করিলেন। এই সময় হইতে ১৮৬৩ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যুকাল পর্যন্ত ইংরাজের সহিত তাঁহার সৌহার্দ্য অক্ষুণ্ণ ছিল।

দোস্ত মুহম্মদের সহিত বৃটিশের মিত্রতা

দ্বিতীয় আফগান যুদ্ধ (১৮৭৮—'৮১)।—ইহার পর কিছুকাল ভারত সরকার আফগানিস্তানের ব্যাপারে হস্তক্ষেপ করিলেন না। ইতিমধ্যে দোস্ত মুহম্মদের মৃত্যু হইলে (১৮৬৩) আফগানিস্তানের সিংহাসনের অধিকার লইয়া গোলযোগ দেখা দিল। শের আলী নামক এক ব্যক্তি অপর দাবিদারদের পরাস্ত করিয়া সিংহাসন দখল করিলেন। ভারত সরকার তাঁহাকে আমীর বলিয়া স্বীকার করিলেন। এই সময় রাশিয়া ক্রমাগত আফগানিস্তানের দিকে রাজ্যবিস্তার করিতেছিল। ইহাতে শের আলী ভীত হইয়া ইংরাজদের সাহায্য চাহিলেন। কিন্তু এই সময় রাশিয়ার সহিত ইংলণ্ডের মিত্রতা থাকায় গভর্ণর-জেনারেল লর্ড মেয়ো শের আলীকে সাহায্যের প্রতিশ্রুতি দিতে পারিলেন না। ১৮৭৩ খৃষ্টাব্দে শের আলী পুনরায় গভর্ণর-জেনারেল লর্ড নর্থব্রুকের নিকট সাহায্য প্রার্থনা করিলেন। নর্থব্রুক শের আলীকে সাহায্য করিতে অস্বীকৃত হইলে, শের আলী রাশিয়ার সহিত মৈত্রী স্থাপনের উদ্যোগ করিতে থাকেন। ইংলণ্ডের প্রধান মন্ত্রী ডিজ্‌রেলী (Disraeli) ছিলেন সাম্রাজ্যবাদী ও রক্ষণশীল দলের নায়ক। তাঁহার নির্দেশে পরবর্তী গভর্ণর-জেনারেল লর্ড লিটন আফগানিস্তান হইতে রুশীয় প্রভাব দূর করিবার নীতি গ্রহণ করিলেন। তিনি ছিলেন একজন জবরদস্ত সাম্রাজ্যবাদী শাসক। তিনি শের আলীকে জানাইলেন যে, আমীর যদি হিরাতে একজন বৃটিশ রেসিডেণ্ট রাখিতে রাজি হন তাহা হইলে ভারত সরকার তাঁহাকে সর্বপ্রকার সাহায্য দিবেন। শের আলী এই প্রস্তাব প্রত্যাখ্যান করিলেন। লিটন বেলুচিস্তানের অন্তর্গত কোয়েটা অধিকার করিয়া সেখানে একটি বৃটিশ সৈন্যাবাস স্থাপন করিলেন। ইহাতে শের আলী নিরতিশয় কুপিত হইয়া রুশ দূতকে তাঁহার দরবারে অভ্যর্থনা করিলেন (১৮৭৮), কিন্তু বৃটিশ দূতকে তাঁহার রাজ্যে প্রবেশ করিবার অনুমতি দিলেন না। তখন লর্ড লিটন আফগানিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। বৃটিশ সৈন্যেরা একযোগে তিনদিক

সাম্রাজ্যবাদী লর্ড লিটনের আফগান-নীতি

হইতে আফগানিস্তান আক্রমণ করিল। শের আলী পলায়ন করিয়া তুর্কিস্থানে গিয়া আশ্রয় লইলেন। কিছুকাল পরে সেখানে তাঁহার মৃত্যু হইলে, শের আলীর পুত্র ইয়াকুব খাঁর সহিত বৃটিশের গণ্ডামক-নামক স্থানে সন্ধি হইল (১৮৭৯)। তদনুসারে ইয়াকুব খাঁ আফগান সিংহাসন লাভ করিলেন। তিনি নিজ দরবারে একজন বৃটিশ রেসিডেণ্ট রাখিতে এবং বৈদেশিক ব্যাপারে বৃটিশের নির্দেশ অনুযায়ী চলিতে বাধ্য হইলেন। তিনটি অঞ্চল তিনি বৃটিশ সরকারকে সমর্পণ করিলেন। কিন্তু এই সন্ধিতে আফগানরা সন্তুষ্ট হইল না। বিক্ষুব্ধ আফগানগণ বৃটিশ দূত কাভাগ্নারিকে কাবুলে হত্যা করিলে আবার যুদ্ধ বাধিল। সন্দেহবশে ইয়াকুব খাঁকে বৃটিশরা ভারতে নির্বাসিত করিল। কিন্তু যুদ্ধ চলিতে লাগিল। এরূপ অবস্থায় ইংলণ্ডে ডিজ্‌রেলির মন্ত্রিসভার পতন হইলে উদারনৈতিক দলের নেতা গ্লাড্‌ষ্টোন (Gladstone) প্রধান মন্ত্রী হইলেন। তিনি লিটনের কার্যকলাপ অনুমোদন করিলেন না। ফলে যুদ্ধ সমাপ্তির পূর্বেই লর্ড লিটন পদত্যাগ করিয়া চলিয়া গেলেন। (১৮৮০)। লর্ড রিপন বড়লাট হইয়া আসিলেন।

গণ্ডামকের সন্ধি

লিটনের পদত্যাগ

দ্বিতীয় আফগান যুদ্ধের সমাপ্তি।—ইয়াকুব খাঁর নির্বাসনের পর শের আলীর এক ভ্রাতুষ্পুত্র আব্দার রহমান কাবুলের রাজপদ লাভ করেন। লর্ড রিপন তাঁহার সহিত এই মর্মে সন্ধি করিলেন যে, 'আব্দার রহমান ইংরেজ ভিন্ন আর কোন বৈদেশিক শক্তির সহিত মৈত্রী স্থাপন করিতে পারিবেন না। ইহার পরিবর্তে ইংরাজ গভর্ণমেণ্ট তাঁহাকে বৈদেশিক আক্রমণ হইতে রক্ষা করিবেন এবং বার্ষিক ১২ লক্ষ টাকা বৃত্তি দিবেন।' কিন্তু আয়ুব খাঁ নামে শের আলীর এক পুত্র সিংহাসন-প্রত্যাশী হইয়া মাইবন্দ নামক স্থানে একটি ইংরাজ বাহিনীকে পরাস্ত করিলেন; কিন্তু শীঘ্রই আবার তাঁহাকে ইংরাজদের কাছে পরাভব স্বীকার করিতে হইল। আব্দার রহমান কাবুলে আমীর হইয়া বসিলেন। বড়লাট বেলুচিস্তান প্রদেশ গঠন করিয়া কোয়েটা শহরে সেনানিবাস স্থাপন করিলেন। ভারত হইতে পারস্যে প্রবেশের বোলান গিরিপথ ইংরাজদের অধিকারে আসিল। খেলাৎ রাজ্যের মুস্‌লিম শাসনকর্তাও বৃটিশের আনুগতা স্বীকার করিলেন। ভারতের পশ্চিম-সীমান্ত শান্ত হইল। আব্দার রহমানের মৃত্যুর পর (১৯০১) তাঁহার পুত্র হবিবুল্লা আমীর হইলেন। তিনি ইংরাজদের সহিত মিত্রতা রক্ষা করিয়া চলিলেন।

আব্দার রহমান

তৃতীয় আফগান যুদ্ধ (১৯১৯)।—প্রথম বিশ্বযুদ্ধ শেষ হইবার পরে আমীর হবিবুল্লার পুত্র আমানুল্লা ১৯১৯ খৃষ্টাব্দে সিংহাসন লাভ করিয়া ভারত আক্রমণ করিলেন। অল্পকাল মধ্যে আমানুল্লা পরাজিত হইলে উভয় পক্ষে সন্ধি হইল। আমানুল্লা তাঁহার আভ্যন্তরীণ সংস্কারাদি ও বৈদেশিক ব্যাপারে পূর্ণ কর্তৃত্ব পাইলেন, কিন্তু ইংরাজ সরকার তাঁহার বৃত্তি বন্ধ করিয়া দিলেন এবং কিছু পরে বিতাড়িত হইয়া আমানুল্লা রোমে আশ্রয় লইলেন।

(গ) সিন্ধুদেশ অধিকার (১৮৪৩)।—সুপ্রাচীন সিন্ধুদেশ একালে আফগানিস্তানের দুর্‌রাণী আমীরদের অধীন ছিল। অষ্টাদশ শতাব্দীর শেষভাগে তালপুরা উপজাতীয় 'আমীর' বা 'মীর' উপাধিধারী রণকুশল বেলুচি সর্দারগণ হায়দরাবাদ, মীরপুর ও খয়েরপুর নামে তিনটি স্বতন্ত্র রাজ্য সিন্ধুদেশে স্থাপিত করেন। ইহারা নামে আফগানিস্তানের অধীন হইলেও প্রকৃতপক্ষে স্বাধীনভাবেই নিজ নিজ রাজ্যশাসন করিতেন। উনবিংশ শতাব্দীর প্রথমে ইউরোপে ইংরাজ ও ফরাসীদের মধ্যে যুদ্ধ চলিতেছিল। এই সময় ফরাসী সম্রাট নেপোলিয়ন ভারতে ফরাসী প্রভাব বিস্তারের চেষ্টা করিতেছিলেন। ইহা রোধ করিবার নিমিত্ত ১৮০৯ খৃষ্টাব্দে লর্ড মিণ্টো সিন্ধুর আমীরদের সহিত মৈত্রী স্থাপন করিলেন। ১৮২০ খৃষ্টাব্দে লর্ড হেষ্টিংসের শাসনকালে আবার নূতন করিয়া সন্ধি হয়। ১৮৩২ খৃষ্টাব্দে লর্ড বেণ্টিঙ্ক তৃতীয়বার আমীরদের সহিত সন্ধি করেন। ইহার ফলে, আমীরদের অনিচ্ছা সত্ত্বেও, সিন্ধুদেশ ইংরাজদের ব্যবসা-বাণিজ্যের জন্য উন্মুক্ত হইল। এই সময় সন্ধির একটি সর্ত অনুসারে ইংরাজ সরকার প্রতিশ্রুতি দিলেন যে, তাহারা কখনও সিন্ধুদেশের মধ্য দিয়া কোথাও সৈন্যবাহিনী অথবা যুদ্ধোপকরণ প্রেরণ করিবেন না। আরও স্থির হইল, একে অন্যের রাজ্য আক্রমণ করিবেন না। ইতিপূর্বেই রণজিৎ সিংহ সিন্ধুদেশ ভাগাভাগি করিয়া লইবার এক প্রস্তাব ইংরাজদের দিয়াছিলেন। কিন্তু ইংরাজ সরকার এই প্রস্তাব প্রত্যাখ্যান করেন। ১৮৩৮ খৃষ্টাব্দে লর্ড অকল্যাণ্ড আমীরদের সহিত পুনরায় এক সন্ধি করিয়া সিন্ধুদেশে একজন ইংরাজ রেসিডেণ্ট রাখিবার ব্যবস্থা করেন। এইভাবে ধীরে ধীরে সিন্ধুদেশে বৃটিশ আধিপত্য বিস্তারের ব্যবস্থা হয়। কিন্তু পর বৎসর অকল্যাণ্ড সিন্ধুদেশ রক্ষার অজুহাতে একদল বৃটিশ সৈন্য সিন্ধুদেশে রাখিবার ব্যবস্থা করেন এবং ইহার ব্যয়ভার বহন করিবার জন্য আমীরদের বার্ষিক তিন লক্ষ টাকা কর দিতে বাধ্য করেন।

প্রথম আফগান যুদ্ধের সময়ে (১৮৩৮—৪২) ইংরাজ সরকার ১৮৩২ খৃষ্টাব্দের সন্ধির সর্ত অগ্রাহ্য করিয়া সিন্ধুদেশের মধ্য দিয়া আফগানিস্তানের বিরুদ্ধে সৈন্য প্রেরণ করেন। আফগান যুদ্ধে ইংরাজদিগের শোচনীয় পরাজয়ের পরে গভর্ণর-জেনারেল লর্ড এলেনবরা সিন্ধুদেশ জয় করিতে মনস্থ করেন। আফগান যুদ্ধের সময় আমীরগণ ইংরাজ সরকারের বিরোধিতা করিয়াছেন, এই কপট অভিযোগ আনিয়া তিনি স্যার চার্লস্ নেপিয়ার নামক একজন সুদক্ষ কর্মচারীকে রেসিডেন্টরূপে সিন্ধুতে প্রেরণ করিলেন। নেপিয়ার আমীরদের মুদ্রা-প্রস্তুতের অধিকার লোপ করিয়া দিলেন এবং রাজ্যের একাংশ বৃটিশের হাতে ছাড়িয়া দিতে তাঁহাদের বাধ্য করিলেন। নেপিয়ারের অন্যায় আচরণে উত্তেজিত হইয়া আমীরগণ বৃটিশের বিরুদ্ধে অস্ত্র ধারণ করিলেন। কিন্তু নেপিয়ার, মীয়ানী ও দাবোর যুদ্ধে আমীরদের সম্পূর্ণরূপে পরাজিত করিলেন। আমীরগণ দেশ হইতে নির্বাসিত হইলেন। ১৮৪৩ খৃষ্টাব্দে স্বাধীন সিন্ধুদেশ ইংরাজ সাম্রাজ্যভুক্ত হইয়া গেল।

(ঘ) উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে বৃটিশ প্রভাব বিস্তার

ভূমিকা।—সিন্ধুনদের পশ্চিমে আফগানিস্তান পর্যন্ত বিস্তৃত পার্বত্য ভূ-ভাগ জুড়িয়া বাস করে স্বাধীনতাপ্রিয় ও দুর্ধর্ষ বহু আফগান বা পাঠান উপজাতি (Tribes)। পাঠানরা বহুবার ভারত আক্রমণ করিয়াছে। ইহারা নামে আফগানিস্তানের অধীন হইলেও প্রকৃতপক্ষে ছিল স্বাধীন। দেশটি রুক্ষ ও পর্বতময় হওয়ায় এখানকার অধিবাসীদের চাষ-আবাদ করিয়া জীবিকার্জনের সুবিধা ছিল না। এজন্য ইহারা প্রধানতঃ পার্শ্ববর্তী দেশসমূহ লুণ্ঠন করিয়া গ্রাসাচ্ছাদন সংগ্রহ করিবার চেষ্টা করিত। শান্তি ও শৃঙ্খলা বলিয়া এ অঞ্চলে বিশেষ কিছু ছিল না।

পাঠান উপজাতি

আবরণ উন্মোচন।—লর্ড বেন্টিঙ্কের শাসনকালে যখন রাশিয়া পারস্য, তুর্কীস্তান, ও আফগানিস্তানের দিকে ধীরে ধীরে প্রভাব বিস্তার করিতেছিল তখন, ভারত সাম্রাজ্যের নিরাপত্তা সম্বন্ধে সন্দিগ্ধ ও শংকিত হইয়া, বিলাতের কর্তৃপক্ষও ভারত সরকারের দৃষ্টি উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলের প্রতি স্বাভাবিকভাবেই আকর্ষণ করিল। রণজিৎ সিংহের শিখ রাজ্য বৃটিশ ভারত ও আফগানিস্তানের মধ্যে ব্যবধান রচনা করিয়া ভারতের বৃটিশ সাম্রাজ্যকে কিছু পরিমাণে নিরাপদ করিয়া রাখিয়াছিল। কিন্তু এই সময় রণজিৎ সিংহ

ভগ্নস্বাস্থ্য হইয়া পড়ায়, এবং শাসন-পরিচালনায় প্রয়োজনমত দৃষ্টি দিতে না পারায়, রাজ্যের উদ্ধত শিখ নায়কগণ স্বেচ্ছাচারী হইয়া উঠিয়াছিলেন এবং বিশৃংখলা সৃষ্টির উপক্রম করিয়াছিলেন। এরূপ পরিস্থিতির সম্মুখীন হইয়া ভারত সরকার সাম্রাজ্যের নিরাপত্তা অক্ষুণ্ণ রাখিবার নিমিত্ত উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলে এবং আফগানিস্তানে প্রভাব বিস্তার করিয়া রুশ অগ্রগমন রোধ করিবার প্রয়োজন উপলব্ধি করিলেন। এই উদ্দেশ্য সাধনের নিমিত্ত ভারত সরকার সীমান্ত অঞ্চল সম্বন্ধে তথ্য সংগ্রহের উদ্যোগ করিলেন। সরকারের ইঙ্গিতক্রমে কয়েকজন ইংরাজ ভদ্রলোক, পরিব্রাজক ও বণিকের ছদ্মবেশে, সীমান্ত অঞ্চল, আফগানিস্তান, মধ্য-এশিয়া, কাশ্মীর ও তিব্বতী লাডাক প্রভৃতি অঞ্চল পরিভ্রমণ করিয়া, বহু মূল্যবান সামরিক তথ্য ভারত সরকারের গোচর করিলেন। এই সকল ছদ্মবেশী ভ্রমণকারীদের মধ্যে মুরক্রফট্ ও আলেকজান্দার বার্নেসের নাম বিশেষ উল্লেখযোগ্য। ইহাদের নিকট হইতে প্রাপ্ত তথ্যের উপর নির্ভর করিয়া ভারত সরকার উত্তর-পশ্চিম সীমান্ত, তিব্বত ও আফগানিস্তানের রাজনীতিতে হস্তক্ষেপ করিলেন।

ইংরাজ ভ্রমণকারিগণ কর্তৃক তথ্য সংগ্রহ

ভারত সরকারের সীমান্ত নীতি।—আফগান যুদ্ধের ফলে বৃটিশ অধিকার সিন্ধুর পশ্চিম তীরে বিস্তৃত হইয়া পড়ায় উপজাতিগুলির সহিত ভারত সরকারের সংঘর্ষ দেখা দিল। ঊনবিংশ শতাব্দীর শেষভাগে ভারত সরকার উপজাতি অঞ্চলে কয়েকটি সামরিক গুরুত্বপূর্ণ ঘাঁটি স্থাপন করিয়া উপজাতিগুলিকে দমনে রাখিবার নীতি গ্রহণ করিলেন। ইহার ফলে সীমান্ত অঞ্চলে প্রায়ই যুদ্ধ বিগ্রহ ঘটিতে লাগিল এবং ভারত সরকারের আর্থিক ও সৈন্যবলের ক্ষয়ক্ষতি বৃদ্ধি পাইল, অথচ সমস্যার বিশেষ কোন সমাধান হইল না। এদিকে এই অঞ্চলে ইংরাজ-অধিকার ক্রমশঃ বিস্তৃত হইতে থাকায় আফগানিস্তানের সহিতও ভারত সরকারের মনোমালিন্য উপস্থিত হইল, কারণ আমীর এই অঞ্চলের উপর আধিপত্য দাবি করিতেন। বড়লাট লর্ড ল্যান্সডাউন (১৮৮৮-'৯৪) আমীর আব্দার রহমানের বৃত্তি বৃদ্ধি করিয়া তাঁহার সহিত মৈত্রী দৃঢ় করিলেন এবং ভারত ও আফগানিস্তানের মধ্যে সীমা নির্দিষ্ট করিবার জন্য স্যার মার্টিন ডুরাণ্ড নামক একজন উচ্চপদস্থ কর্মচারীকে আফগানিস্তানে পাঠাইলেন। মার্টিন যে সীমারেখা নির্দিষ্ট করিয়া দেন তাহা 'ডুরাণ্ড লাইন' নামে প্রসিদ্ধ।

উপজাতি দমন নীতি

ডুরাণ্ড লাইন

গভর্ণর-জেনারেল লর্ড কার্জনের শাসনকালে (১৮৯৯-১৯০৫) সীমান্ত নীতির পরিবর্তন সাধন করা হয়। দেশের অভ্যন্তরে বৃটিশ সামরিক ঘাঁটির অবস্থিতি উপজাতিগুলি সুনজরে দেখিত না। এজন্য তাহাদের সহিত ইংরাজদের সংঘর্ষ লাগিয়াই ছিল। ঘাঁটিগুলি রক্ষার জন্য প্রতি বৎসর ভারত সরকারকে বহু অর্থ ব্যয় করিতে হইত। কার্জন এই ব্যয় হ্রাস করিবার উদ্দেশ্যে উপজাতীয় অঞ্চল হইতে সামরিক ঘাঁটিগুলি সরাইয়া আনিলেন এবং এই অঞ্চলের শান্তি রক্ষার দায়িত্ব, উপজাতীয় সৈন্যবাহিনী গঠন করিয়া, উহাদের হাতে ন্যস্ত করিলেন। এই সৈন্যবাহিনীর ব্যয় ভারত সরকারের রাজস্ব হইতে দেওয়া হইত।

সীমান্ত-নীতি পরিবর্তন

ইহা ব্যতীত তিনি উপজাতীয় আক্রমণ রোধ করিবার নিমিত্ত পশ্চিম পঞ্জাব ও সীমান্ত অঞ্চলের কয়েকটি জেলা লইয়া 'উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ' গঠন করিলেন। একজন চীফ কমিশনার ভারত সরকারের নির্দেশ অনুসারে এই প্রদেশ শাসন করিতেন। কার্জনের এই নীতির ফলে সীমান্ত সমস্যার কতকটা সমাধান হইল।

উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ গঠন

(২) ভারত ও দক্ষিণ-পূর্ব এশিয়া

(ক) সুদূর প্রাচ্যে বৃটিশ বাণিজ্য ও প্রভাব বিস্তার।—ষোড়শ শতাব্দীর প্রথমে চীনের বিপুল ঐশ্বর্যের খ্যাতিতে আকৃষ্ট হইয়া পর্তুগীজরা প্রথমে চীনে বাণিজ্য করিতে আসিয়াছিল। ইহার পরে সপ্তদশ শতাব্দীতে ওলন্দাজ ও ইংরাজরা পর পর চীনে বাণিজ্য করিতে লাগিল। এইভাবে চীনের সহিত ইউরোপীয় কয়েকটি জাতির বাণিজ্য-সম্পর্ক স্থাপিত হইল। এই শতাব্দীতেই ডাচরা, প্রাচ্য দ্বীপপুঞ্জের জাভা ও বাতাভিয়া অঞ্চলে বাণিজ্য করিতে আসিয়া, পর্তুগীজদের বিতাড়িত করিয়া এখানে ডাচ্ রাজ্য স্থাপন করিয়া বসিল। ইংরাজ বণিকরাও ডাচদের সহিত প্রতিদ্বন্দ্বিতায় আঁটিয়া উঠিতে না পারিয়া এই অঞ্চল হইতে সরিয়া দাঁড়াইল এবং ভারতে তাহাদের কর্মক্ষেত্র প্রসারিত করিতে মনোনিবেশ করিল।

চীন ও প্রাচ্য দ্বীপপুঞ্জে ইউরোপীয় বাণিজ্য ও প্রভাব বিস্তার

চীনের সহিত সংঘর্ষ।—অষ্টাদশ শতাব্দীতে চীনাদের বাধাদান সত্ত্বেও ইউরোপীয়-

দের প্রভাব ও ব্যবসা-বাণিজ্য চীনে ক্রমশঃ বৃদ্ধি পাইতে লাগিল। শতাব্দীর শেষভাগে ইংরাজ সরকার চীন সম্রাটের নিকট একজন দূত প্রেরণ করিয়া বাণিজ্য বিস্তারের সুযোগ-সুবিধা প্রার্থনা করিয়াছিলেন; কিন্তু চীন সম্রাট তখন বিদেশীদের বেশি সুযোগ দিতে রাজি হইলেন না।

চীনের সহিত ইংরাজ বণিকদের বিরোধ-আফিমের যুদ্ধ

উনবিংশ শতাব্দীতে আভ্যন্তরীণ গোলযোগে চীন দুর্বল হইয়া পড়িয়াছিল। এই সুযোগে একদিকে রাশিয়া এবং অপর দিকে ইংরাজরা জোর করিয়া চীনে ব্যবসা-বাণিজ্য বিস্তার করিতে আরম্ভ করিল। ইতিপূর্বেই, অষ্টাদশ শতাব্দীর শেষভাগে, ইষ্ট-ইণ্ডিয়া কোম্পানী ভারতবর্ষ হইতে প্রচুর পরিমাণে আফিম চীনে চালান দিয়া লাভবান হইতেছিল। কিন্তু আফিম সেবন করিয়া চীনের জনসাধারণের স্বাস্থ্য ও উদ্যম নষ্ট হইতেছিল। এই কারণে চীন-সম্রাট একটি ঘোষণা প্রচার করিয়া চীনে আফিমের ব্যবসা বন্ধ করিয়া দিলেন। কিন্তু এই আদেশ অগ্রাহ্য করিয়া ইংরাজ বণিকরা গোপনে আফিমের ব্যবসা চালাইতে লাগিল। তখন সম্রাটের আদেশে তাঁহার একজন কর্মচারী ইংরাজ বণিকদের মজুত সমস্ত আফিম বাজেয়াপ্ত করিয়া নষ্ট করিয়া দিলেন। এই ঘটনা উপলক্ষ করিয়া ইংরাজদের সহিত চীনের যুদ্ধ বাধিল। বৈজ্ঞানিক অস্ত্রশস্ত্রে সুসজ্জিত ও উন্নত ইউরোপীয় রণপ্রথায় শিক্ষিত ইংরাজ সৈন্যের নিকট চীন পরাজিত হইয়া সন্ধি করিতে বাধ্য হইল। সন্ধির সর্ত অনুসারে চীন সম্রাট ইউরোপীয় বণিকদের জন্য কয়েকটি বন্দর উন্মুক্ত করিয়া দিলেন (১৮৪২)। ইহা "আফিমের যুদ্ধ" নামে পরিচিত। ইহার কয়েক বৎসর পরে চীন পুনরায় আর একটি যুদ্ধে ইংরাজদের হস্তে পরাজিত হইয়া ইউরোপীয় জাতিদের আরও বেশি সুযোগ-সুবিধা দিতে বাধ্য হইল।

পাশ্চাত্ত্য জাতির চীনে সাম্রাজ্য বিস্তার প্রচেষ্টা

এইবার সাম্রাজ্য লোভী পাশ্চাত্ত্য জাতিসমূহের হস্তে চীনের চরম লাঞ্ছনা সুরু হইল। তাহারা চীনের দুর্বলতা উপলব্ধি করিয়া বাণিজ্যের নামে চীনকে নিজেদের মধ্যে ভাগাভাগি করিয়া লইবার চেষ্টা করিতে লাগিল।

ইঙ্গ-ডাচ সংঘর্ষ—ভারত মহাসাগরে বৃটিশ প্রভাব বিস্তার।—সপ্তদশ শতাব্দীতে ডাচদের সহিত প্রতিদ্বন্দ্বিতায় পরাজিত হইয়া ইংরাজরা প্রাচ্য ভারতীয় দ্বীপপুঞ্জ হইতে সরিয়া আসিতে বাধ্য হইয়াছিল, একথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। ডাচরা এখানে

ফরাসী প্রভাব-রোধের নিমিত্ত ইংরাজ কর্তৃক ডাচ-প্রাচ্য সাম্রাজ্য জয়

একটি শক্তিশালী সাম্রাজ্য গড়িয়া তুলিয়াছিল। ঊনবিংশ শতাব্দীর একেবারে গোড়ায় ফরাসী সম্রাট নেপোলিয়ন হল্যাণ্ড জয় করিয়া নিজ সাম্রাজ্যভুক্ত করেন। ইহার ফলে ডাচদের বিস্তীর্ণ সাম্রাজ্যের উপরেও নেপোলিয়নের প্রভাব বিস্তার লাভ করিল। এই সময় ইংরাজদের সহিত নেপোলিয়নের তীব্র সংঘর্ষ চলিতেছিল। নেপোলিয়ন ইতিমধ্যে ভারতবর্ষ ও ভারত মহাসাগর অঞ্চল হইতে ইংরাজদের বিতাড়িত করিবার এক সুপরিকল্পিত নীতি গ্রহণ করিয়াছিলেন। ইউরোপে ডাচদের পরাজয়ের ফলে সুদূর প্রাচ্যে যখন নেপোলিয়নের প্রভাব-প্রতিপত্তি বৃদ্ধি পাইতে লাগিল, তখন ইংরাজরা তাহাদের ভারতীয় সাম্রাজ্য ও পূর্ব সাগরের ব্যবসা-বাণিজ্য রক্ষা করিবার জন্য এই অঞ্চল হইতে ফরাসী-প্রভাব দূর করিবার উদ্দেশ্যে প্রাচ্য ভারতীয় দ্বীপপুঞ্জের ডাচ-সাম্রাজ্য অধিকার করিয়া লইল। নৌ-শক্তিতে বলীয়ান ইংরাজের বিরুদ্ধে নেপোলিয়ন কোন ব্যবস্থা অবলম্বন করিতে পারিলেন না। সুদক্ষ ইংরাজ কর্মচারী ষ্ট্যামফোর্ড র‍্যাফ্‌লস্ (Raffles) ইংরাজ গভর্ণমেণ্টের নামে বিজিত ডাচ-সাম্রাজ্য শাসন করিতে লাগিলেন। পাঁচ বৎসরকাল ইহা ইংরাজ শাসনাধীন ছিল।

সিঙ্গাপুরের নৌ-ঘাঁটি

১৮১৫ খৃষ্টাব্দে নেপোলিয়নের পরাজয় ও পতনের পরে ইংরাজ কর্তৃপক্ষ ডাচদের এই রাজ্য ফিরাইয়া দিলেন। কিন্তু এই সময় মালয় উপদ্বীপের দক্ষিণে সমুদ্রের উপকূলে অবস্থিত পেনাঙ্‌ ও সিঙ্গাপুরের সামরিক ঘাঁটিটি ইংরাজ সরকার নিজেদের হাতে রাখিলেন (১৮২৪)। সিঙ্গাপুর আজও ভারত মহাসাগরের প্রহরীস্বরূপ এই অংশে ইংরাজ স্বার্থ রক্ষা করিতেছে।

(খ) ব্রহ্মদেশে বৃটিশ আধিপত্য বিস্তার

প্রথম ব্রহ্ম যুদ্ধ (১৮২৪—'২৬)।—লর্ড আমহার্ষ্টের শাসনকালে (১৮২৩—'২৮) ব্রহ্মদেশে ইংরাজ অধিকার বিস্তৃত হয়। যখন বাংলাদেশে বৃটিশ প্রাধান্য প্রতিষ্ঠিত হইতেছিল, প্রায় সেই সময়েই ব্রহ্মদেশে আলোম্প্রা বা আলাউঙ্গ্‌পয়া নামক জনৈক রাজা একটি শক্তিশালী রাজ্যের পত্তন করেন। তাঁহার উত্তরাধিকারিগণের রাজত্বকালে ক্রমে ব্রহ্মদেশের বাহিরেও উহা প্রসারিত হইতে থাকে। একে একে আরাকান (১৭৮৪),

ইঙ্গ-ব্রহ্ম সংঘর্ষের কারণ

মণিপুর (১৮১৩) এবং আসাম (১৮১১—'১২) ব্রহ্মরাজ্যের অন্তর্ভুক্ত হইয়া

পড়ে। আসাম ও আরাকানের অনেক অধিবাসী তখন বৃটিশ রাজ্যে আশ্রয় লইয়া ব্রহ্মরাজ্য আক্রমণের উদ্যোগ করিতেছিল। সেই সংবাদ পাইয়া ব্রহ্মের সুপ্রসিদ্ধ সেনাপতি মহাবন্দুল বঙ্গদেশ আক্রমণের উদ্যোগ করেন (১৮২৪)। ইহাতে বৃটিশের সহিত ব্রহ্মরাজের যুদ্ধ আরম্ভ হইয়া যায়। আসাম হইতে ব্রহ্মদেশীয় সৈন্যগণ বিতাড়িত হইল; কিন্তু বৃটিশ সৈন্যদল আরাকান আক্রমণ করিয়া রমু নামক স্থানে পরাজিত হইল। কিছুকাল পরে আর একদল বৃটিশ সৈন্য রেঙ্গুন অধিকার করিল এবং সেনাপতি মহাবন্দুল ডোনবিউ নামক স্থানের যুদ্ধে গুলির আঘাতে মৃত্যুমুখে পতিত হইলেন। এই সুযোগে বৃটিশবাহিনী মান্দালয়ের দিকে অগ্রসর হইল। ব্রহ্মরাজ তখন উপায়ান্তর না দেখিয়া সন্ধির প্রস্তাব করিয়া পাঠাইলেন।

ইয়ান্দাবোর সন্ধি (১৮২৬) আসাম, আরাকান ও টেনেসেরিম উপকূল বৃটিশ রাজ্যভুক্ত

ইয়ান্দাবো নামক স্থানে সন্ধি হইল (১৮২৬)। তদনুযায়ী ব্রহ্মরাজকে আসাম, আরাকান, টেনেসেরিম উপকূল এবং মার্তাবানের কিয়দংশ বৃটিশের হস্তে সমর্পণ করিতে হইল। অধিকন্তু তিনি যুদ্ধের ক্ষতিপূরণস্বরূপ এক কোটি টাকাও দিলেন। ব্রহ্মের রাজধানী আভা নগরীতে একজন বৃটিশ রেসিডেণ্ট রাখিবার ব্যবস্থা হইল।

দ্বিতীয় ব্রহ্মযুদ্ধ (১৮৫২)। ব্রহ্মযুদ্ধের ফলে ইঙ্গ-ব্রহ্ম সমস্যার সমাধান হয় নাই। ১৮৩৭ খৃঃ অব্দে থারাবাডি ব্রহ্মদেশের রাজা হইলেন। তিনি বৃটিশ-বিরোধী মনোভাব পোষণ করিতেন এবং আভাতে স্থায়িভাবে বৃটিশ রেসিডেণ্ট থাকা পছন্দ করিতেন না। ফলে ব্রহ্মদেশে রেসিডেন্সী বন্ধ করিয়া দিতে হইল। ক্রমে ব্যবসা-বাণিজ্যের অধিকার লইয়াও গোলযোগ বাধিল। কয়েক বৎসর পরে (১৮৫১) ব্রহ্মদেশে বৃটিশ বণিকগণের উপর নানা উৎপীড়ন করা হইল। এই অছিলায় লর্ড ডালহৌসী নৌ-সেনাপতি ল্যাম্বার্টকে সেখানে পাঠাইলেন। ব্রহ্মরাজ যুদ্ধ এড়াইবার জন্য উদ্‌গ্রীব ছিলেন। বৃটিশদিগকে সন্তুষ্ট করিবার জন্য তিনি যে সকল কর্মচারী ইংরাজ বণিকদিগের প্রতি অত্যাচার করিয়াছিল তাহাদের শাস্তি দিলেন। কিন্তু ইহাতেও সন্তুষ্ট না হইয়া উদ্ধত ল্যাম্বার্ট ব্রহ্মরাজের একখানি জাহাজ দখল করিলেন এবং রেঙ্গুন বন্দর অবরোধ করিলেন। অতএব যুদ্ধ বাধিল। বার বার ইংরাজদের নিকট পরাজিত হইলেও ব্রহ্মরাজ নতি স্বীকার করিয়া সন্ধি করিতে রাজী হইলেন না।

যুদ্ধের কারণ ও ফলাফল

তখন ডালহৌসী এক ঘোষণাপত্র প্রচার করিয়া ব্রহ্মের পেগু প্রদেশটি ইংরাজ রাজ্যের অধিকারভুক্ত করিলেন (১৮৫২)। ফলে বঙ্গোপসাগরের উপকূলভাগে বৃটিশ আধিপত্য স্থাপিত হইল, কিন্তু উত্তর-ব্রহ্ম স্বাধীন রহিল।

তৃতীয় ব্রহ্মযুদ্ধ।—ব্রহ্মরাজ থিবো ইংরাজদিগকে ব্রহ্মদেশ হইতে বিতাড়িত করিবার জন্য ফরাসীদের সহিত চক্রান্ত করিতেছেন এবং ইংরাজ বণিকরাও ব্রহ্মদেশে উৎপীড়িত হইতেছে, এই অজুহাতে লর্ড ডাফরিণ থিবোর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। ১৮৮৪ খৃষ্টাব্দে ব্রহ্মের রাজধানী মান্দালয় অধিকৃত হইলে যুদ্ধের অবসান হইল। থিবো সপরিবারে ভারতে নির্বাসিত হইলেন। বিশাল উত্তর-ব্রহ্ম ইংরাজ অধিকারভুক্ত হইল। নবজাত ভারত মহাসভা (Congress ১৮৮৫-৮৬) প্রতিবাদ করিয়াছিল। ইহার পরেও স্বাধীনতাকামী বর্মীরা ইংরাজদের বিরুদ্ধে আরও পাঁচ বৎসরকাল যুদ্ধ চালাইয়া অবশেষে পরাজয় স্বীকার করিতে বাধ্য হইল।

(গ) তিব্বতে বৃটিশ প্রভুত্ব বিস্তার।—ভারতের উত্তর সীমান্তে হিমালয়ের পার্বত্য অঞ্চলে তিব্বত অবস্থিত। ইহা নামেমাত্র চীন সাম্রাজ্যের অধীন হইলেও প্রকৃতপক্ষে স্বয়ং-শাসিত ছিল। 'দালাই লামা' উপাধিধারী ধর্মগুরু ছিলেন তিব্বতের প্রধান শাসক। বহির্বিশ্বের সহিত তিব্বতের বিশেষ কোন সংযোগ ছিল না। ভারত সরকার, উনবিংশ শতাব্দীর শেষ দশকে তিব্বতের সহিত দুই বাণিজ্য চুক্তি করেন। কিন্তু বৃটিশ চক্রান্তে তিব্বত সরকার এই চুক্তির মর্যাদা রক্ষা করিতে পারেন নাই।

কার্জনের শাসনকালে দোরজিয়েফ (Dorjieff) নামক একজন রুশ বৌদ্ধ-ভিক্ষু দালাই লামার উপর বিশেষ প্রভাব স্থাপন করেন। ইহার পরে ভারত সরকার খবর পাইলেন যে, রাশিয়া একটি গোপন চুক্তি করিয়া তিব্বতের নিকট হইতে কতকগুলি বিশেষ অধিকার আদায় করিয়া লইয়াছে। এই সংবাদ পাইয়া লর্ড কার্জন তিব্বতে রুশ প্রভাব-বিস্তার রোধ করিবার জন্য ১৯০৪ খৃষ্টাব্দে সেনাপতি ইয়ংহাস্‌ব্যাণ্ডের নেতৃত্বে তিব্বতে প্রকাশ্য অভিযান প্রেরণ করিলেন। ইয়ংহাস্‌ব্যাণ্ড লাসায় প্রবেশ করিয়া তিব্বত সরকারের সহিত একটি বাণিজ্য চুক্তি করেন। চুক্তি অনুসারে তিব্বতের কয়েকটি সহরে ভারত সরকার বাণিজ্য করিবার অধিকার লাভ করিলেন। ১৯০৭ খৃষ্টাব্দে ইংলণ্ড ও রাশিয়া কেহই তিব্বতে রাজ্য-বিস্তার করিবে না এরূপ একটি সন্ধি হইল, কিন্তু আন্তর্জাতিক চক্রান্তে তিব্বত জড়াইয়া পড়িল।

প্রখ্যাত বাঙ্গালী পণ্ডিত শরৎচন্দ্র দাস কার্জনের তিব্বত অভিযানের সঙ্গে লাসায় গিয়াছিলেন। তিনি তিব্বতী ভাষা শিক্ষা করিয়া বহু প্রবন্ধ, একখানি তিব্বতী অভিধান ও ভ্রমণ কাহিনী রচনা করিয়া গিয়াছেন।

ভুটান।—লর্ড লরেন্সের শাসনকালে (১৮৬৪-'৬৯) ভুটানের সহিত ইংরাজদের একটি যুদ্ধ হয়। ভুটিয়ারা প্রায়ই ভারতের সীমান্তে লুঠতরাজ করিত; ইহাই ছিল যুদ্ধের কারণ। ১৮৬৫ খৃষ্টাব্দে উভয় রাজ্যের মধ্যে সন্ধি হইল। সন্ধি অনুসারে ভুটান চা-ব্যবসায়ের কেন্দ্র দুয়ার অঞ্চলটি বৃটিশকে সমর্পণ করিল, বিনিময়ে বৃটিশ সরকার ভুটান-রাজকে বার্ষিক অর্থ সাহায্য দিবার প্রতিশ্রুতি দিলেন।

মণিপুর।—লর্ড ল্যান্সডাউনের শাসনকালে বৈষ্ণবপ্রধান মণিপুরেও যুদ্ধ হয়। এই যুদ্ধের ফলে স্বাধীন মণিপুরের উপর ইংরাজ প্রভাব স্থাপিত হইল।

(ঘ) ভারতের অভ্যন্তরে বৃটিশ সাম্রাজ্য বিস্তার

ডালহৌসীর স্বত্বলোপ-নীতি ও রাজ্যগ্রাস।—ডালহৌসী একজন সাম্রাজ্যবাদী, প্রভুত্বপ্রিয় এবং জবরদস্ত শাসক ছিলেন। ভারতে বৃটিশ শক্তির একাধিপতা প্রতিষ্ঠা করাই ছিল তাঁহার জীবনের ব্রত। শিখ-শক্তি বিনষ্ট করিবার পর তিনি ভারতের সামন্ত রাজ্যগুলিকে বৃটিশ শাসনাধীনে আনিবার উদ্যোগ করিলেন। ডালহৌসীর ভারতে আসিবার কিছুকাল পূর্বেই কোম্পানী এক আইন করেন যে, বৃটিশ সরকারের রক্ষণাধীন অথবা ইহার উদ্যোগে ও সম্মতিক্রমে স্থাপিত কোন দেশীয় রাজ্যের রাজার অপুত্রক অবস্থায় মৃত্যু হইলে কোম্পানী তাঁহার রাজ্য দখল করিতে পারিবেন—রাজার কোন দত্তকপুত্র থাকিলে তাঁহার অধিকার গ্রাহ্য হইবে না। ইহাই 'স্বত্বলোপ-নীতি' (Doctrine of Lapse) নামে পরিচিত।

সাতারা, ঝান্সী, নাগপুর, জৈৎপুর ও সম্বলপুর অধিকার

দেশীয় রাজ্যসমূহে কুশাসন ও প্রজাদের দুর্দশার অজুহাতে বৃটিশ কর্তৃত্ব স্থাপনের নিমিত্তও ডালহৌসী এই আইনটি প্রয়োগ করিতে বদ্ধপরিকর হইলেন। কৌশলে তিনি এই বিশ্বাস জাগাইলেন যে, দেশীয় রাজাদের শাসন অপেক্ষা ইংরাজ-শাসন প্রজার পক্ষে কল্যাণকর। ফলে সাতারা, ঝান্সী ও নাগপুর ইংরেজ অধিকারভুক্ত হইয়া গেল। এই সকল রাজ্যের রাজারা অপুত্রক অবস্থায় পর-

লোক গমন করেন। বুন্দেলখণ্ডের অন্তর্গত জৈৎপুর ও সম্বলপুর রাজ্যও বাদ গেল না। তারপর, তাঞ্জোর ও কর্ণাটের রাজারা যে বৃত্তি পাইতেন তাঁহাদের মৃত্যুর পর তাঁহাদের দত্তকপুত্রদিগকে সে সকল বৃত্তি হইতেও বঞ্চিত করা হইল। পেশবা ২য় বাজীরাওয়ের মৃত্যুর পর তাঁহার দত্তকপুত্র ধুন্দুপন্থ বা নানা সাহেব যখন বৃত্তির জন্য আবেদন করেন, তখন তাঁহাকে জবাব দেওয়া হয় যে, তিনি কোন বৃত্তি পাইবেন না, যেহেতু মৃত পেশবাকে কেবল তাঁহার জীবনকালের জন্যই বৃত্তি দেওয়া হইয়াছিল।

বৃত্তিলোপ

স্বত্বলোপ-নীতি ছাড়া ডালহৌসী অবৈধ রাজ্যগ্রাসের অন্য পন্থাও অবলম্বন করিয়াছিলেন। কুশাসনের অজুহাতে অযোধ্যার নিরপরাধ নবাব ওয়াজিদ আলিকে রাজ্যচ্যুত করিয়া, বার্ষিক বার লক্ষ টাকা বৃত্তির বিনিময়ে, বিশাল অযোধ্যা রাজ্যটি বৃটিশের অধিকারভুক্ত করা হইল (১৮৫৬)। ইতিপূর্বে বৃটিশ কর্মচারীকে বন্দী করার অপরাধে সিকিমের রাজার প্রতি শাস্তি হিসাবে ডালহৌসী তাঁহার রাজ্যের কিয়দংশ (দার্জিলিং) গ্রাস করিয়া ফেলিয়াছিলেন (১৮৫০)। বৃটিশ সৈন্যের ব্যয়ভারের জন্য নিজামের নিকট হইতেও বেরার (বিদর্ভ) এবং অন্যান্য কয়েকটি জেলা আদায় করা হইল। ইহার ফলে ভারতের প্রায় দুই-তৃতীয়াংশ ইংরাজের শাসনে ও মাত্র এক-তৃতীয়াংশ সন্ত্রস্ত ও পরাধীন দেশীয় রাজন্যবর্গের হস্তে রহিল। ডালহৌসীর অন্যায় জুলুম ও কঠোর নীতিই দেশব্যাপী বিক্ষোভ ও প্রথম জাতীয় বিদ্রোহের (সিপাহী বিদ্রোহ) প্রধান কারণ বলিয়া মনে করা যাইতে পারে।

অযোধ্যা

সিকিম

বেরার

প্রশ্নাবলী

১। শিখশক্তির অভ্যুদয় ও পতনের কাহিনী সংক্ষেপে বর্ণনা কর।

২। রণজিৎ সিংহের জীবনী ও কৃতিত্বের বিষয় আলোচনা কর।

৩। ইংরাজ ও শিখদের মধ্যে যুদ্ধের কারণ, কাহিনী ও ফলাফল সম্বন্ধে যাহা জান লেখ।

৪। প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধের ইতিহাস বর্ণনা কর। ইহার ফলাফল কি হইয়াছিল?

৫। দ্বিতীয় ইঙ্গ-আফগান যুদ্ধের কারণ, কাহিনী ও ফলাফল সংক্ষেপে বর্ণনা কর।

৬। ব্রহ্মদেশে ইংরাজ অধিকার বিস্তারের ইতিহাস বর্ণনা কর।

৭। ঊনবিংশ শতাব্দীতে পূর্ব-দক্ষিণ এশিয়ায় বৃটিশ বাণিজ্য ও প্রভাব বিস্তারের ইতিহাস সংক্ষেপে বর্ণনা কর।

৮। উনবিংশ শতাব্দীতে ভারত সরকারের উত্তর-পশ্চিম সীমান্ত নীতি সম্বন্ধে সংক্ষেপে আলোচনা কর।


৯। ইহাদের সম্বন্ধে সংক্ষিপ্ত মন্তব্য কর:— নেপাল যুদ্ধ, তিব্বত অভিযান, সিন্ধুজয়, ইয়ান্দাবোর সন্ধি, দোস্ত মুহম্মদ, আলেকজান্দার বার্নেস্, আব্দার রহমান, গণ্ডামকের সন্ধি, ডুরাণ্ড লাইন, সিঙ্গাপুর অধিকার, ডালহৌসীর স্বত্বলোপ নীতি, আফিমের যুদ্ধ।

একত্রিংশ অধ্যায়

সিপাহী বিদ্রোহ বা ভারতের প্রথম স্বাধীনতা-সংগ্রাম

(The Sepoy Mutiny or the First War of Indian Independence)

সিপাহী বিদ্রোহের কারণ।—১৮৫৬ খৃঃ অব্দের প্রথম ভাগে ডালহৌসী ভারত ত্যাগ করিলেন এবং তাঁহার স্থলে ভাইকাউণ্ট ক্যানিং গভর্ণর-জেনারেল হইয়া আসিলেন (১৮৫৬)। তাঁহার শাসনকালের প্রসিদ্ধ ঘটনা ভারতব্যাপী প্রথম স্বাধীনতা-সংগ্রাম। ইংরাজ ঐতিহাসিকগণ এই সংগ্রামকে ‘সিপাহী-বিদ্রোহ’ আখ্যা দিয়াছেন। অথচ ভারতে ইংরাজ রাজত্ব স্থাপিত হইবার পর বৃটিশ শাসকবর্গই সুচতুর রাজনীতি অবলম্বনের দ্বারা ভারতবাসী হিন্দু-মুসলমানের স্বাধীনতা হরণ করিয়া, ধীরে ধীরে একটির পর একটি রাজ্য গ্রাস করিয়া শ্বেত-সাম্রাজ্য বিস্তার করিতেছিলেন। তাঁহারা ভারতের শিল্প-বাণিজ্যে শোচনীয় বিপর্যয় ঘটাইয়া, দেশের সমৃদ্ধি বিনষ্ট করিয়া, কোটি কোটি ভারতবাসীকে দুঃখ-দুর্দশায় নিমজ্জিত করিতেছিলেন। তাহারই ফলে ভারতের রাজন্যবর্গ ও জনসাধারণের মনে বৃটিশ সরকারের প্রতি অসন্তোষ ও বিদ্বেষ জমিয়া উঠিতেছিল। এই তীব্র জনক্ষোভ অন্যান্য কয়েকটি কারণের সহিত যুক্ত হইয়া স্বতঃস্ফূর্ত ও ব্যাপক ভারতীয় বিদ্রোহের আকারে দেখা দিল।



লর্ড ক্যানিং

প্রথমাবধিই বৃটিশ শক্তি 'ছলে-বলে-কৌশলে' এদেশের রাজ্যগুলি (Native States) গ্রাস করিতেছিল। তবুও যতদিন সামন্ত-রাজ্যগুলির স্থায়িত্ব সম্বন্ধে সন্দেহ ছিল না, ততদিন পর্যন্ত প্রকাশ্য বিদ্রোহের কারণ ঘটে নাই। অবশেষে লর্ড ডালহৌসীর কার্যাবলীতে প্রায় সকল সামন্ত-রাজাই আপন আপন রাজ্যের অস্তিত্ব সম্বন্ধে শঙ্কিত হইয়া উঠিলেন। যেভাবে দেশীয় রাজ্য ও রাজপরিবারগুলির সম্পত্তি বেদখল করা হইল, তাহাতে সিংহাসনচ্যুত রাজাদের মধ্যে তো বিক্ষোভ দেখা দিলই, কিন্তু ততোধিক বিক্ষুব্ধ হইল ভারতের জনসাধারণের এক বৃহৎ অংশ। প্রজার ভাগ্য তখন বহুপরিমাণে জড়িত ছিল রাজবংশের আর্থিক অবস্থার সহিত। রাজাদের পতনে তাহাদের দুঃখ-দুর্দশা অনেক বাড়িয়া গেল। আবার দেশীয় রাজাদের প্রতি ইংরেজ সরকারের ঔদ্ধত্যপূর্ণ আচরণ তাহাদের মনে গভীর আঘাত করিল। ইহাতে হিন্দু-মুসলমান-নির্বিশেষে দেশবাসীর মনে অসন্তোষ তীব্র হইয়া উঠিল। এই সময় আর একটি নূতন সমস্যার উদ্ভব হইল। অযোধ্যা প্রভৃতি দেশীয় রাজ্যগুলিতে বহু উচ্চশ্রেণীর হিন্দু ও মুসলমান শাসন ও সৈন্যবিভাগে বড় বড় পদে নিযুক্ত ছিলেন এবং সাধারণ লোক অনেকেই সৈনিক-বৃত্তি গ্রহণ করিয়া জীবিকা নির্বাহ করিতেছিল। এই সকল রাজ্য বৃটিশ অধিকারভুক্ত হওয়ায় ইঁহাদের বৃত্তি লোপ পাইল এবং তাঁহারা দুর্গতির মধ্যে পতিত হইলেন। প্রভাব-প্রতিপত্তি ও মান-মর্যাদা রক্ষা করিয়া বাস করা আর তাঁহাদের পক্ষে সম্ভব হইল না। রাজ্যহারা দাবিদারগণ এবং কর্মচ্যুত উচ্চশ্রেণীর হিন্দু-মুসলমান ও জনসাধারণ স্বভাবতঃই বৃটিশের অধীনতাপাশ ছিন্ন করিবার জন্য উদ্‌গ্রীব হইলেন। বিশাল অযোধ্যার নবাব ওয়াজিদ আলিকে রাজ্যচ্যুত করায় সেখানে অসন্তোষের মাত্রা বিষমভাবে বাড়িয়া যায়। কোম্পানীর সিপাহীদের মধ্যে অধিকাংশ ছিল আগ্রা-অযোধ্যা অঞ্চলের অধিবাসী। এই সময় আবার সম্রাট বাহাদুর শাহ্‌কে দিল্লীর প্রাসাদ হইতে অন্য স্থানে সরাইয়া লইবার প্রস্তাব করা হয়। ইহাতে হিন্দু-মুসলমান-নির্বিশেষে সকল শ্রেণীর লোকের মনে গভীর আঘাত লাগে এবং বিক্ষোভের সঞ্চার হয়।

দেশীয় রাজ্য-গ্রাস

দ্বিতীয়তঃ, এই সময় সমাজ-সংস্কারমূলক বহু আইন-প্রবর্তনের ফলে প্রাচীনপন্থী হিন্দু ও মুসলমানদের মনে ঘোরতর আশঙ্কা দেখা দিল। সতীদাহ-নিবারণাদি সমাজ-সংস্কারের জন্য এবং রেলওয়ে, ডাক ও টেলি-

সমাজ-সংস্কার পাদ্রীদের প্রচার

গ্রাফের বিস্তার এবং পাদ্রীদের প্রচার প্রভৃতির ফলে, অশিক্ষিত জনসাধারণের ভয় হইল যে, কোম্পানীর বুঝি হিন্দু-মুসলমান সকলকে খৃষ্টান করিয়া দিবার অভিসন্ধি আছে। মিশনারীদের হিন্দু ও মুসলমান ধর্মের প্রতি প্রবল আক্রমণ এবং অন্যান্য উপদ্রবে এইরূপ শঙ্কা সম্পূর্ণ অমূলক ছিল বলা যায় না। লর্ড ক্যানিং যখন ভারতের শাসনকর্তা নিযুক্ত হইলেন, সেই উপলক্ষে এক ভোজসভায় বিলাতের প্রধানমন্ত্রী পামারস্টোন বলিয়াছিলেন, "ভারতের লক্ষ লক্ষ নরনারীকে আধ্যাত্মিক দীক্ষা দিবার সময় হয়তো আমাদের আসিয়াছে।" পঞ্জাবের জন্ লরেন্স ও হার্বাট এডোয়ার্ডস্ প্রায়ই বলিতেন, "প্রভু ভারতের ভার আমাদের হাতে তুলিয়া দিয়াছেন দেশকে খৃষ্টান করিবার জন্যই।" সুযোগ বুঝিয়া লর্ড ডালহৌসী (১৮৫০) এক ভারতব্যাপী আইনের বলে সমস্ত নবদীক্ষিত খৃষ্টানদের পিতৃসম্পত্তিতে পূর্ণ অধিকার স্বীকার করেন। ইহাতে এক দারুণ বিক্ষোভের সৃষ্টি হইয়াছিল। হিন্দুধর্ম ও ইস্লাম ধর্ম ধ্বংস করাই কোম্পানীর নীতি, এই-রূপ আতঙ্ক অশিক্ষিত জনগণের মধ্যে দেখা দেয়। কিন্তু বিদ্রোহের প্রত্যক্ষ কারণ দেশী সিপাহীদের মধ্যে এন্‌ফিল্ড রাইফেলের প্রবর্তন। এই রাইফেলে টোটা ভরিবার সময় উহার খানিকটা দাঁত দিয়া কাটিয়া লইতে হইত। সৈন্যদের মধ্যে গুজব রটিয়া গেল যে, টোটায় গরু ও শূকরের চর্বি আছে; উহা মুখে তুলিলে হিন্দু ও মুসলমান উভয়েরই জাতি যাইবে। ইহাতে সকল সিপাহী একসঙ্গে ক্ষেপিয়া উঠিল। গুজবের মধ্যে কিছু সত্যও ছিল।

এন্‌ফিল্ড রাইফেল



নানা সাহেব

বিদ্রোহ।—বিদ্রোহ প্রথম আরম্ভ হয় বাঙ্গলা-দেশের ব্যারাকপুরে। ১৮৫৭ খৃঃ অব্দের ২৯শে মার্চ মঙ্গল পাণ্ডে নামক একজন সিপাহী প্রকাশ্যে অস্ত্রধারণ করিয়া একজন ইউরোপীয় সেনাপতিকে হত্যা করিল। মঙ্গল পাণ্ডে ধৃত হইয়া প্রাণদণ্ডে দণ্ডিত হইল। কিন্তু সেদিন ব্যারাকপুর ছাউনির এই সিপাহীটি যে আগুন জ্বালিয়াছিল তাহা আর নিভিল না। ক্রমে এই আগুন সারা উত্তর-ভারতে ছড়াইয়া পড়িল। ইহার পর

বিদ্রোহ ক্রমে ক্রমে বাংলার বহরমপুর ও উত্তর-ভারতের বিভিন্ন স্থানে প্রসার লাভ করিল। ১০ই মে ১৮৫৭ মীরাট বিদ্রোহ প্রবল আকার ধারণ করে এবং ইউরোপীয়দিগকে হত্যা করিয়া বিদ্রোহিগণ দিল্লী অভিমুখে অগ্রসর হয়। তখনও নাম-সর্বস্ব মুঘল বাদশাহ্ ২য় বাহাদুর শাহ্ সেখানে বাস করিতেছিলেন। দিল্লীতে তিনি বিদ্রোহের নেতৃত্ব গ্রহণ করিলেন। সিপাহীরা তাঁহাকে হিন্দুস্থানের সম্রাট বলিয়া ঘোষণা করিল। মীরাট ও দিল্লীতে বহু ইউরোপীয়ের প্রাণ গেল। ক্রমশঃ বিদ্রোহ প্রায় সমগ্র যুক্তপ্রদেশ, বুন্দেলখণ্ড ও মধ্যভারতে ছড়াইয়া পড়িল। বিদ্রোহীদের প্রধান কেন্দ্র হইল দিল্লী, লক্ষ্ণৌ, কানপুর, বেরিলী ও ঝান্সী। কানপুরে বিদ্রোহীদের পরিচালনার ভার লইলেন নির্বাসিত পেশবা ২য় বাজীরাও-এর দত্তকপুত্র নানা সাহেব; তাঁহার সহযোগিতা করিয়াছিলেন তান্তিয়া তোপী ও আজিম উল্লা খাঁ। রাণী লক্ষ্মীবাঈ ঝান্সীর নেতৃত্ব গ্রহণ করেন; বেরিলীতে খাঁ বাহাদুর খাঁ যুদ্ধ পরিচালনা করিতে লাগিলেন। অন্যান্য নায়কদের মধ্যে মৌলবী আহম্মদ শাহ্ ও বিহারের প্রবীণ বীর কুমার সিংহ স্বাধীনতালাভের জন্য প্রাণপণ যুদ্ধ করিয়াছিলেন।

এদিকে বিদ্রোহের বিস্তৃতির সঙ্গে সঙ্গে গভর্ণমেণ্ট উহা দমনের ব্যবস্থা করিতে লাগিলেন।

বিদ্রোহ দমন : দিল্লী

আম্বালা হইতে একদল বৃটিশ সৈন্য দিল্লীর দিকে অগ্রসর হইল। সেনাপতি নিকল্সন ছিলেন তাহাদের অধিনায়ক। ১৪ই সেপ্টম্বর তারিখে তিনি দিল্লীতে কাশ্মীর দুয়ারটি তোপ দাগিয়া উড়াইয়া দিলেন; শীঘ্রই নগরী অধিকৃত হইল। নিকল্সন এই যুদ্ধে নিহত হইলেন। বিদ্রোহের

লক্ষ্ণৌ

প্রারম্ভে লক্ষ্ণৌর চীফ্ কমিশনার স্যার হেনরী লরেন্স স্থানীয় সকল ইউরোপীয় অধিবাসীসহ বৃটিশ রেসিডেন্সীতে আশ্রয় লইয়াছিলেন। সেখানে সিপাহীরা তাঁহাদিগকে অবরোধ করিয়াছিল।



তান্তিয়া তোপী

সংঘর্ষে লরেন্স নিহত হইলেন। তারপর উট্রাম ও হ্যাভ্লক নামক সেনাপতিদ্বয়ের

নেতৃত্বে একদল সৈন্য আসিয়া পৌছিল (২৫শে সেপ্টেম্বর)। তবুও কোন ফল হইল না। শেষে স্যার কলিন্ ক্যাম্বেল আর একদল সৈন্যের সহায়তায় অবরুদ্ধ ইউরোপীয়গণকে উদ্ধার করিলেন (নভেম্বর, ১৮৫৭)। ১৮৫৮ খৃঃ অব্দে মার্চ মাসে বিদ্রোহীদের সম্পূর্ণ পরাজয় হইলে ইংরাজগণ পুনরায় লক্ষ্ণৌ অধিকার করিল।

কানপুর ঃ নানা সাহেব

কানপুরের বিদ্রোহীদের নেতা ছিলেন পেশবা ২য় বাজীরাও-এর দত্তকপুত্র নানা সাহেব। তিনি নিজেকে পেশবা বলিয়া ঘোষণা করিলেন। সেখানে প্রায় এক হাজার ইংরাজ নরনারী এক কাঁচা দেওয়ালের আড়ালে কোনরূপে আত্মরক্ষা করিতেছিল। তাহারা সকলে বাহির হইয়া এলাহাবাদ যাইবার জন্য নদী-তীরে পৌছিবামাত্র, বিদ্রোহীরা বেপরোয়া গুলি চালাইয়া প্রায় দুই শত বন্দীকে হত্যা করিল। ইহার দুই-তিনদিন পরেই হ্যাভ্‌লক কানপুর উদ্ধার করিলেন। নানা সাহেব আর তাঁহার সহকারী তান্তিয়া তোপী পলায়ন করিয়া আত্মরক্ষা করিলেন। ইহার পরে কানপুর আর একবার বিদ্রোহীদের হস্তগত হয়; তখন স্যার কলিন্ ক্যাম্বেল উহা পুনরুদ্ধার করেন (১৮৫৮)।



রাণী লক্ষ্মীবাঈ

বেরিলী

বেরিলীতে ১৮৫৭ খৃঃ অব্দে বিদ্রোহ আরম্ভ হয়। সিপাহীরা রোহিলা-সর্দার হাফিজ রহমৎ খাঁর পৌত্রকে নবাব বলিয়া ঘোষণা করিল। একবৎসর যাবৎ সেখানে বিদ্রোহীদের আধিপত্য চলিতে থাকে। অবশেষে সেনাপতি ক্যাম্বেল উহা পুনরধিকার করেন (১৮৫৮)।

লক্ষ্মীবাঈ

ঝান্সীর বিদ্রোহীদের নায়িকা ছিলেন সেখানকার মহীয়সী রাণী লক্ষ্মীবাঈ। স্বত্বলোপ-নীতির বলে ডালহৌসী এই রাজ্যটি অধিকার করিয়াছিলেন। তাহার পর হইতেই সেখানকার বিধবা রাণী রাজ্য উদ্ধারের চেষ্টায় ছিলেন। কানপুরে পরাভূত হইয়া মারাঠা-নায়ক তান্তিয়া তোপী আসিয়া

তাঁহার সঙ্গে যোগ দিলেন। কিন্তু উভয়ের সম্মিলিত বাহিনী বেতোয়ার যুদ্ধে স্যার হিউ রোজ (Rose)নামক ইংরেজ সেনানায়কের হস্তে পরাভূত হইল। ইহার পর আর একটি যুদ্ধেও বীরাঙ্গনা লক্ষ্মীবাঈ পরাজিত হন (১৮৫৮)। পুরুষের বেশে উন্মুক্ত তরবারিহস্তে যুদ্ধ করিতে করিতে শেষে বীরনারী লক্ষ্মীবাঈ রণক্ষেত্রে প্রাণবিসর্জন দিলেন। ঝান্সী ইংরাজদের হস্তগত হইল এবং সিপাহী বিদ্রোহের অবসান হইল (১৮৫৮)। শুনা যায়, নানা সাহেব পরাজয়ের পর নেপাল অভিমুখে পলায়ন করেন। তিনি কোথায় গেলেন এবং তাঁহার কি হইল, এ সম্বন্ধে কিছু জানা যায় না। মারাঠা-সেনানায়ক তান্তিয়া তোপী ধৃত হইয়া প্রাণদণ্ডে দণ্ডিত হইলেন। বৃদ্ধ ২য় বাহাদুর শাহ্ পরাজিত হইয়া আত্মসমর্পণ করিয়াছিলেন। তাঁহাকে সিংহাসনচ্যুত করিয়া রেঙ্গুনে নির্বাসিত করা হইল। সেখানে কয়েক বৎসর পরে দুঃখ ও দুর্গতির মধ্যে তিনি প্রাণত্যাগ করিলেন।

বিদ্রোহের অবসান

২য় বাহাদুর শাহের নির্বাসন

তাঁহার দুই পুত্র ও এক পৌত্রকে হাডসন নামে এক ইংরাজ সেনানী বন্দী অবস্থায় দিল্লীর রাজপথে নির্মমভাবে গুলি করিয়া হত্যা করে। প্রধান প্রধান দেশীয় সামন্ত নরপতি এবং নববিজিত ও শৃঙ্খলিত শিখেরা এই দেশব্যাপী বিদ্রোহে যোগদান করিতে সাহস পান নাই। বরঞ্চ, শিখদের সহায়তার বলেই অবশেষে ইংরাজরা জয়ী হয়। এই যুদ্ধে ইংরাজ সেনানায়কগণ বিশেষ কোন কৃতিত্ব দেখাইতে পারেন নাই। অথচ সাধারণ সিপাহীগণ যে উচ্চাঙ্গের রণকৌশল ও শক্তির পরিচয় দিয়াছিল, তাহা ইংরাজগণও স্বীকার করিতে বাধ্য হইয়াছে। কিন্তু যান্ত্রিক রণনৈপুণ্য, উপযুক্ত নেতা ও সঙ্ঘশক্তির অভাবে ভারতের তেজস্বী সিপাহীদের স্বাধীনতা-সংগ্রামে আত্মবলিদান ব্যর্থ হইল।



২য় বাহাদুর শাহ্

সিপাহী বিদ্রোহের স্বরূপ ও তাহার ব্যর্থতা।—সিপাহী বিদ্রোহীরা বিজাতীয় বৃটিশ কর্তৃত্ব উচ্ছেদের উপক্রম করিয়াছিল। ইহার পূর্ণাঙ্গ ইতিহাস এখনও রচিত হয় নাই। কিন্তু ইহাই যে ভারতীয়গণ কর্তৃক এদেশে ইংরাজ রাজত্ব উচ্ছেদের প্রথম ব্যাপক প্রচেষ্টা একথা অস্বীকার করা যায় না। এদিক দিয়া বিচার করিলে ইহাকে সাধারণ সৈনিক বিদ্রোহের পর্যায়ে ফেলা উচিত হইবে না। খণ্ড খণ্ড ভাবে বিদ্রোহ হওয়ায় ইহা সফল হইতে পারে নাই। প্রথমতঃ, সিপাহীরা জনসাধারণ বা দেশীয় বণিক ও নরপতিগণের নিকট হইতে বিশেষ সাহায্য পায় নাই, বরং দেশীয় রাজন্যবর্গ অনেকেই বিদ্রোহ-দমনে ইংরেজ কর্তৃপক্ষকেই সহায়তা করিয়াছিলেন। দ্বিতীয়তঃ, বিভিন্ন বিদ্রোহীদলের মধ্যে ভাব, আদর্শ, বা কর্মপন্থার এতটুকু ঐক্যও ছিল না। নানা সাহেব, লক্ষীবাঈ, প্রভৃতি বিভিন্ন নায়ক-নায়িকাদের প্রত্যেকের উদ্দেশ্য ছিল সম্পূর্ণ স্বতন্ত্র। তাঁহারা সকলেই পৃথক্ স্বাধীন রাজ্য স্থাপনের চেষ্টা করিয়াছিলেন। সকলে মিলিয়া কোন এক সুস্পষ্ট সাধারণ কর্মপন্থা স্থির করিয়া কার্যে অগ্রসর হন নাই। বিদ্রোহী নেতাদের মধ্যে সুস্পষ্ট কর্মপন্থা এবং সহযোগিতার অভাবের সুযোগ লইয়া ইংরাজরা খণ্ড খণ্ড ভাবে বিদ্রোহীদের দমন করিতে সক্ষম হইয়াছিল; বিদ্রোহীদের সমবেত শক্তির বিরুদ্ধে কখনও তাহাদের দাঁড়াইতে হয় নাই। তৃতীয়তঃ, বিদ্রোহীদের মধ্যে উপযুক্ত নেতার অভাব ছিল। একমাত্র ঝান্সীর রাণী ও তান্তিয়া তোপী ব্যতীত আর কাহারও চরিত্রে প্রকৃত নেতা-সুলভ বীরত্ব, নিঃস্বার্থতা, তেজস্বিতা, ইত্যাদি সদ্‌গুণের বিকাশ দেখিতে পাওয়া যায় নাই। সুতরাং এই প্রাথমিক স্বাধীনতার আন্দোলন সফল হইতে পারে নাই। তবে এই ব্যর্থতার আঘাতেই সাধারণ ভারতবাসী তাহার শোচনীয় রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থা সম্বন্ধে প্রথম সজাগ হইয়া উঠে, এবং রাজা ও প্রজার সম্পর্ক লইয়া বহু রাজনৈতিক ও গণ-আন্দোলনের ফলে ক্রমশঃ ভারতসভা (Indian Association, 1876) ও ভারতের জাতীয় মহাসভা (Indian National Congress, 1885) প্রতিষ্ঠিত হয়।

জনসাধারণের ঔদাসীন্য

আদর্শ ও কর্ম-পন্থার অভাব

কোম্পানীর কর্তৃত্বের অবসান।—বিদ্রোহের অবসান হইলে ভারত-শাসনে কোম্পানীর কর্তৃত্ব লোপ পাইল। কোম্পানীর হাত হইতে ইংলণ্ডের কর্তৃপক্ষের

হাতে শাসনভার হস্তান্তরিত হইল এবং এই উদ্দেশ্যে এক ভারত-শাসন আইন বিধিবদ্ধ হইল। ১৮৫৮ খৃঃ অব্দে ১লা নবেম্বর, লর্ড ক্যানিং এলাহাবাদে দরবার আহ্বান করিয়া এক ঘোষণাপত্র পাঠ করিয়া এই পরিবর্তনের কথা প্রচার করিলেন। ইহাতে ভারতবাসীদের নানাবিধ অভাব-অভিযোগ দূর করিবার প্রতিশ্রুতিও দেওয়া হইয়াছিল। ইহাই মহারাণী ভিক্টোরিয়ার ঘোষণাপত্র (Proclamation) নামে প্রসিদ্ধ।



মহারাণী ভিক্টোরিয়া

সিপাহী বিদ্রোহের পর ১৮৫৮ খৃষ্টাব্দে পার্লামেন্টের এক আইন অনুসারে ভারতে দায়িত্বশূন্য কোম্পানীর শাসনের (১৭৭২-১৮৫৮) অবসান হইল এবং মহারাণী ভিক্টোরিয়া স্বয়ং ভারত-শাসনভার গ্রহণ করিলেন। 'ভারত-সচিব' (Secretary of State for India) নামে অভিহিত এক বৃটিশ মন্ত্রীর হস্তে ভারত-শাসন-ভার অর্পিত হইল এবং তাঁহাকে শাসনকার্যে সহায়তা করিবার জন্য পনের জন সরকারী সভ্য লইয়া গঠিত 'ভারত মন্ত্রিসভা' (Indian Council) নামে একটি পরিষদ স্থাপিত হইল। কিন্তু ভারতবাসীরা নিজের দেশ-শাসনে কোন সুস্পষ্ট অধিকার পাইল না। ভারতবর্ষের গভর্ণর-জেনারেল, 'ভাইস্‌রয়' (Viceroy) বা রাজ-প্রতিনিধি নামে পরিচিত হইলেন। অতঃপর ১৮৬১ খৃঃ অব্দে 'ইণ্ডিয়ান কাউন্সিল্‌স্‌ অ্যাক্ট' (Indian Councils Act, 1861) প্রবর্তিত হইলে ভারতীয় ব্যবস্থাপক সভায় প্রথম 'বে-সরকারী' সভ্য লইবার ব্যবস্থা হইল। কিন্তু তাঁহাদের বশে রাখিবার উদ্দেশ্যে বে-সরকারী সভ্যগণ 'নির্বাচিত' না হইয়া গভর্ণর-জেনারেল কর্তৃক 'মনোনীত' হইতেন। বাঙ্গালা, বোম্বাই ও মাদ্রাজ প্রদেশেও পৃথক্ তিনটি ব্যবস্থাপক সভা স্থাপিত হইল।

মহারাণী কর্তৃক ভারত-শাসনের ভার গ্রহণ (১৮৫৮)

ইণ্ডিয়ান কাউন্সিল্‌স্‌ অ্যাক্ট (১৮৬১)

প্রশ্নাবলী

১। সিপাহী-বিদ্রোহের কারণ, ফলাফল এবং ইহার প্রধান প্রধান ঘটনাসমূহ বর্ণনা কর।
২। সিপাহী-বিদ্রোহের ফলে ভারতের শাসনতন্ত্রে কিরূপ পরিবর্তন হইয়াছে লিখ।
৩। নিম্নলিখিত ব্যক্তিগণ সম্বন্ধে কি জান ?—
২য় বাহাদুর শাহ্, নানা সাহেব, ঝান্সীর রাণী, তান্তিয়া তোপী ও লর্ড ক্যানিং।

দ্বাত্রিংশ অধ্যায়

ভারতের জাতীয় জাগরণ

(The National awakening of India)

সূচনা।—পলাশীর যুদ্ধ হইতে ভারতের প্রথম স্বাধীনতা-সংগ্রাম পর্যন্ত (১৭৫৭—১৮৫৭ খৃঃ অব্দ)—এই একশত বৎসরের ইতিহাস এক দিকে যেমন ভারতবাসীর দুঃখ, দুর্দশা ও কলঙ্কের কাহিনী অপর দিকে আবার সেই সময়েই পরাজয় ও নৈরাশ্যের অন্তরালে জাতির নব-জাগরণের বীজ ধীরে ধীরে উপ্ত হইয়া এক বিরাট পরিবর্তনের সূচনা করিয়াছিল। প্রথম স্বাধীনতা-সমর ব্যর্থ হইলেও ইহার পরেই ভারতের মুক্তি-সংগ্রামের ইতিহাসে এক নূতন অধ্যায় আরম্ভ হইল। মধ্যযুগ অতিক্রম করিয়া সকলের অলক্ষ্যে ভারতবর্ষ বর্তমান যুগে পদার্পণ করিল।

এই সময়ে ভারতের মুক্তি-আন্দোলনে দু'টি ধারা দেখা দেয়। একটি ধারার লক্ষ্য হইল নিয়মতান্ত্রিক আন্দোলনের পথে প্রকাশ্যে রাষ্ট্রীয় অধিকার লাভ করিয়া ধীরে ধীরে শাসন-ব্যবস্থায় দেশবাসীর চরম অধিকার স্থাপন এবং আর একটি ধারার উদ্দেশ্য ছিল সশস্ত্র বিদ্রোহ করিয়া বিদেশী শাসনের অবসান। পলাশী যুদ্ধের কিছুকাল পরেই বাঙ্গালা এবং ভারতের অন্যান্য স্থানে এই উদ্দেশ্যে সন্ন্যাসীদের যুদ্ধ ও খণ্ড খণ্ড বিদ্রোহ দেখা দিয়াছিল। বৃটিশ সরকারকে এই সকল বিদ্রোহ দমন করিতে বিশেষ বেগ পাইতে হইয়াছিল। ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে সিপাহী বিদ্রোহ, সাঁওতাল বিক্ষোভ এবং বাঙ্গালার নীলবিদ্রোহ শেষ হইবার সঙ্গে সঙ্গে কিছুকালের জন্য সশস্ত্র বিদ্রোহ-পর্যায়ের অবসান ঘটে। কিন্তু শতাব্দীর শেষভাগে বাঙ্গালী ও মারাঠীদের মধ্যে বিপ্লব ও সন্ত্রাসবাদ-

আন্দোলন আরম্ভ হইয়া আবার এই ধারাটিকে স্ফীত করিয়া তোলে। এই শতাব্দীর প্রথমার্ধে ভারতে বৃটিশ প্রভুত্বের বিরুদ্ধে একটা ব্যাপক বিদ্রোহের সম্ভাবনা দেখা দিয়াছিল। সে-যুগের বৃটিশ শাসকদিগের লিখিত রিপোর্ট ও গোপন চিঠিপত্রে ইহার পরিচয় পাওয়া যায়।

পাশ্চাত্য শিক্ষা-প্রবর্তন ও সংস্কার-আন্দোলন।—রাজা রামমোহন প্রভৃতি মনীষীদের অক্লান্ত চেষ্টার ফলে এদেশে পাশ্চাত্য শিক্ষার প্রবর্তন হয়। ইহা ভারত-বাসীর, বিশেষ করিয়া বাঙ্গালী জাতির, ইতিহাসে এক যুগান্তকারী ঘটনা। পাশ্চাত্য জ্ঞান-ভাণ্ডারে প্রবেশের পথ উন্মুক্ত হওয়ায় এদেশের সমাজে একটি নূতন শ্রেণীর উদ্ভব হইল—ইহা ইংরাজী-শিক্ষিত স্বদেশী সমাজ। পাশ্চাত্য ভাবধারায় পুষ্ট ও শিক্ষিত এই সম্প্রদায়ের মনোভাব ও দৃষ্টিভঙ্গীতেও অভাবনীয় পরিবর্তন ঘটিল। বহু যুগের সঞ্চিত অন্ধ-সংস্কার ও দুর্নীতি দূর করিয়া সমাজ ও জাতিকে নূতন করিয়া গড়িয়া তুলিবার নিমিত্ত জাতীয় আন্দোলন আরম্ভ হইল। রাজা রামমোহন-প্রতিষ্ঠিত 'ব্রহ্ম সভা' (পরে ইহা হইতেই ব্রাহ্মসমাজ গড়িয়া উঠে) এবং অন্যান্য হিন্দু সংস্কার-পন্থিগণ কর্তৃক স্থাপিত নানা সঙ্ঘ ও মহারাষ্ট্রের 'প্রার্থনা-সমাজ' এবং যুক্তপ্রদেশ ও পঞ্জাব অঞ্চলের 'আর্যসমাজ' এই কার্যে অগ্রণী হইল।

নবীন ভারতে জাতীয়তার জন্ম


এই সকল প্রতিষ্ঠান সমাজ-উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করিয়া কার্যে অগ্রসর হইল। ব্রাহ্মসমাজে জাতিভেদের স্থান ছিল না; ইহা মানুষে মানুষে সামাজিক বিভেদ দূর করিয়া ভারতের সকল মানুষকে এক ও অদ্বিতীয় পরমেশ্বরের উপাসনায় সংঘবদ্ধ করিবার কার্যে উদ্যমের সঙ্গে লাগিয়া গেল। উত্তর-ভারতে আর্যসমাজ স্থাপন করেন দয়ানন্দ সরস্বতী। তিনি প্রচার করিলেন, বেদের মধ্যেই সত্যধর্ম নিহিত আছে। আর্যসমাজও ছিল পৌরাণিক হিন্দুধর্ম এবং জাতিভেদের বিরোধী। ইহার প্রচারকগণ মুসলমান ও খৃষ্টান প্রভৃতিকে ধর্মান্তরিত করিয়া হিন্দুধর্মের আশ্রয়ে আনিতে লাগিলেন এবং মৃতপ্রায় হিন্দুধর্মের মধ্যে নূতন প্রাণ-স্রোত বহাইয়া দিলেন। ব্রাহ্মসমাজ, আর্যসমাজ ও প্রার্থনা-সমাজ, প্রত্যেকেই সমাজকে দুর্নীতি ও কলুষমুক্ত করিতে আপ্রাণ চেষ্টা করিতে লাগিল; উচ্চ-নীচ এবং স্ত্রী-পুরুষ নির্বিশেষে সাধারণ মানুষের মধ্যে শিক্ষা বিস্তার করিয়া সংকীর্ণতা ও সাম্প্র-

ব্রাহ্মসমাজ, আর্যসমাজ প্রভৃতির কার্য

দায়িকতার মূলোচ্ছেদ করিবার সাধনা করিতে লাগিল। ইহাদের আপ্রাণ চেষ্টার ফলে এক নূতন প্রগতিশীল নিখিল ভারতীয় হিন্দুসমাজ জন্মগ্রহণ করিল।

রামকৃষ্ণ পরমহংস

এই সময়ে আর একজন মহাপুরুষ বিভিন্ন ধর্মের মধ্যে সমন্বয় সাধনের জন্য আবির্ভূত হইলেন। তাঁহার নাম গদাধর চট্টোপাধ্যায় অথবা বাঙ্গালাদেশে তিনি 'ঠাকুর' বা 'পরমহংসদেব' নামে প্রসিদ্ধ। রামানুজ, কবীর, নানক, শ্রীচৈতন্য প্রভৃতি মধ্যযুগের সাধকদের শিক্ষা ও উপদেশের ধারাটি তিনি আবার নূতন করিয়া প্রচার করিলেন। তাঁহার উপদেশের মর্মকথা ছিল, সমস্ত ধর্মই ভগবানকে লাভ করিবার পথের নির্দেশ দেয়; মানুষের মধ্যেই ভগবান পরিব্যাপ্ত, সুতরাং মানুষের সেবাই পরম ধর্ম। কলিকাতার অনতিদূরে দক্ষিণেশ্বর ছিল তাঁহার



শ্রীশ্রীঠাকুর রামকৃষ্ণ পরমহংসদেব স্বামী বিবেকানন্দ

সাধনার পীঠস্থান। তাঁহার প্রধান শিষ্য ছিলেন স্বামী বিবেকানন্দ। ভারতবাসী যাহাতে ক্লৈব্য পরিহার করিয়া কর্মের পথে ধর্মসাধনায় অগ্রসর হয় এজন্য স্বামীজী দেশের

সর্বত্র ঘুরিয়া তাঁহার বাণী প্রচার করিয়াছেন। তিনি দেশবাসীকে জাতীয়তার প্রেরণায় উদ্বুদ্ধ করিয়া সমগ্র হিন্দুজাতির মধ্যে নূতন প্রাণের সঞ্চার করিয়াছেন, তাহাদের সত্য পথের নির্দেশ দিয়াছেন। দেশের পরাধীনতা স্বামীজীকে নিরতিশয় ব্যথিত করিয়াছিল সত্য, কিন্তু তাহা অপেক্ষাও ইহার দারিদ্র্য, কুসংস্কার, জাতিভেদ প্রথা, ছুৎমার্গ—যাহা দেশের অগণিত জনসাধারণকে বিচ্ছিন্ন, বিভক্ত ও দুর্বল করিয়া রাখিয়াছিল—তাহা তাঁহাকে যেন নিয়ত দগ্ধ করিত। এজন্যই তিনি উদাত্তস্বরে ঘোষণা করিলেন যে, দেশের মুচি, মেথর প্রভৃতি অন্ত্যজ ও অস্পৃশ্য সম্প্রদায়ের মানুষগুলি তাঁহার ভাই, তাঁহার রক্ত। ইহাদের উন্নতির সহিত দেশের উন্নতি ওতঃপ্রোতভাবে জড়িত। তিনি বলিয়াছিলেন যে, অজ্ঞানতা অপরাধ, দুর্বলতা সবচেয়ে বড় পাপ। তাই তিনি দেশবাসীকে আহ্বান করিয়া বলিয়াছেন,…"জাতি হিসাবে আমরা দুর্বল…দুর্বল, ভীরু ও কাপুরুষের কখনও ধর্মলাভ হয় না…যার শরীর দুর্বল তার মনও দুর্বল…তোমরা আগে বলবান হও, ধর্ম তার পরে আসবে।…তেজ, পৌরুষ, সাহস ও আত্মবিশ্বাসই মানুষকে মহৎ ও মুক্ত করে।" স্বামীজীর বিদ্যুৎসঞ্চারী বাণী জাতিকে আত্মপ্রত্যয়ে উদ্বুদ্ধ করিয়া স্বাধীনতা লাভের পথের নির্দেশ দিয়াছিল। স্বামী বিবেকানন্দ আমেরিকা (১৮৯২-৯৬) ও ইউরোপে (১৯৩০) যাইয়া হিন্দুধর্মের মহান বাণী বিশ্ববাসীকে শুনাইয়াছেন।

স্বামীজীর বাণী

এই শতাব্দীর আর একটি উল্লেখযোগ্য ঘটনা ভারতে মুসলমানদের মধ্যে, সংস্কার-মূলক ওহাবী আন্দোলন বিস্তার। অষ্টাদশ শতাব্দীর প্রথম ভাগে পয়গম্বর-প্রবর্তিত ইসলাম ধর্মকে কলুষমুক্ত করিবার উদ্দেশ্যে আবদুল ওহাব নামে এক ধর্মপ্রাণ ব্যক্তি আরবে এই আন্দোলন আরম্ভ করেন। কালক্রমে ইহা সর্বত্র বিস্তৃত হইয়া পড়ে। ঊনবিংশ শতাব্দীর প্রথম ভাগে ওহাবী সংস্কারকগণ বলিতে লাগিলেন, ইসলামের আদর্শচ্যুত হইবার ফলেই ভারতে মুসলমানদের পতন ঘটিয়াছে। ইঁহাদের আদর্শ ছিল ইস্‌লাম ধর্মকে দুর্নীতিমুক্ত করিয়া মুসলিম শক্তিকে পুনরুজ্জীবিত করা। সুতরাং ওহাবী আন্দোলন একাধারে ধর্ম ও রাজনীতি বিষয়ক আন্দোলন ছিল। উত্তর-প্রদেশের সৈয়দ আহ্‌মদ নামে ইসলাম ধর্মশাস্ত্রে অভিজ্ঞ ও ধর্মপ্রাণ এক ব্যক্তি ভারতে এই আন্দোলনের নেতৃত্ব

ওহাবী আন্দোলন, মুসলমানসমাজে নবজাগরণ

গ্রহণ করেন। এই আন্দোলন প্রথম হইতেই ইংরাজবিদ্বেষী আন্দোলনে পরিণত হয়। ১৮৭১ খৃষ্টাব্দে ইংরাজ সরকার ওহাবী আন্দোলন দমন করেন। কিন্তু ইহা সত্ত্বেও নব মুসলমানদের মহাকবি মুহম্মদ ইকবালের প্রেরণায় দেশে জাতীয় চেতনা ধীরে ধীরে বাড়িয়া যাইতে লাগিল। ভারতের মুসলিমদের তিনি এসিয়ার মুসলিম সমাজের দিকে দৃষ্টি আকর্ষণ করেন নব্য-তুর্ক ও ভারতের নব জাগরণের যুগে।

এই সকল বিভিন্ন আন্দোলনের প্রভাবে ধীরে ধীরে জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে নানাবিধ সংস্কার সাধিত হইবার ফলেই নবীন ভারত জন্মগ্রহণ করিল।

জাতীয় আন্দোলনের সূত্রপাত।—এই যুগে ধর্ম, সমাজ ও শিক্ষার উন্নতির সঙ্গে সঙ্গে ভারতবাসীর মনে রাষ্ট্রীয় অধিকার লাভ ও বিদেশী শাসন হইতে মুক্তিলাভের প্রবল আকাঙ্ক্ষাও জাগিয়া উঠে। স্বাধীনতা-লাভের আকাঙ্ক্ষা সর্বপ্রথম বাঙ্গালা দেশেই দেখা দেয়। রাজা রামমোহন সুস্পষ্টভাবে রাষ্ট্রীয় স্বাধীনতার দাবি না জানাইলেও তাঁহার সমগ্র জীবন ও কর্ম সর্বক্ষেত্রে সকল প্রকার বন্ধন-মুক্তির প্রচেষ্টাতেই ব্যয়িত হইয়াছে। তাঁহার আদর্শে অনুপ্রাণিত হইয়া তদানীন্তন হিন্দু কলেজের শিক্ষার্থীরা সভা-সমিতি ও সাহিত্যের মাধ্যমে স্বাদেশিকতার বীজ বাঙ্গালী জাতির হৃদয়ে রোপণ করেন। সেই বীজই কালক্রমে অঙ্কুরিত হইয়া মহীরুহ-রূপে সারা ভারতে শাখা-প্রশাখা বিস্তার করিয়াছিল। এই যুগে (১৮৩০—'৪০) 'হিন্দু-পাইওনীয়ার' নামক একখানি সংবাদপত্রে বৃটিশ শাসনের বিরুদ্ধে তীব্র সমালোচনা বাহির হয় এবং শাসন-ব্যবস্থায় ভারতীয়দের অধিকার সম্বন্ধে দাবি জানান হয়। রামমোহনের সমসাময়িক ও তাঁহার পরবর্তী যুগে যাঁহারা স্বাদেশিকতার বাণী প্রচার করিয়া ভারতবাসীর মনে রাষ্ট্রীয় চেতনা জাগাইতে চেষ্টা করিয়াছিলেন তাঁহাদের মধ্যে দ্বারকানাথ ঠাকুর, রামগোপাল ঘোষ, কিশোরী মিত্র, হরিশচন্দ্র মুখার্জি, রাজনারায়ণ বসু ও অক্ষয়কুমার দত্তের নাম বিশেষ উল্লেখযোগ্য। ইঁহাদের মধ্যে অনেকেই ফরাসী বিপ্লবের (১৭৮৯) ভাবধারা দ্বারা বিশেষভাবে অনুপ্রাণিত হইয়াছিলেন, এবং স্বাধীনতা-লাভের প্রথম সোপান হিসাবে ব্যবস্থাপক সভায় জনসাধারণ কর্তৃক নির্বাচিত প্রতিনিধি সংখ্যা বাড়াইবার জন্য আন্দোলন শুরু করিয়াছিলেন। ঊনবিংশ শতাব্দীর শেষার্ধে বঙ্কিমচন্দ্র

হিন্দু কলেজের দান

জাতীয় সাহিত্যের জন্ম —রাষ্ট্রীয় চেতনার উন্মেষ

চট্টোপাধ্যায়, ভূদেব মুখোপাধ্যায়, রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, রবীন্দ্রনাথ ও স্বামী বিবেকানন্দ প্রভৃতি মনীষিগণের সতেজ লেখনী বাঙ্গালী জাতির স্বাধীনতা-লাভের আকাঙ্ক্ষা তীব্রতর করিয়া তুলিয়াছিল। বঙ্কিমচন্দ্রের সুবিখ্যাত উপন্যাস 'আনন্দমঠ'-এ জাতীয়তাবাদের বাণী ছত্রে ছত্রে উচ্ছ্বসিত হইয়া উঠিয়াছিল। সে যুগে বাংলা অথবা ভারতের অপর কোন সাহিত্যে এরূপ প্রাণস্পর্শী গ্রন্থ পূর্বে আর রচিত হয় নাই। ইহাতেই আছে আমাদের সুবিখ্যাত জাতীয় মন্ত্র 'বন্দেমাতরম্' গান। বঙ্কিমের শক্তিশালী লেখনীর প্রভাবে স্বাদেশিকতার প্রভাব দেশময় ছড়াইয়া পড়িল। বঙ্কিমের সমসাময়িক দীনবন্ধু মিত্র ছিলেন বিখ্যাত নাটক 'নীলদর্পণ'এর রচয়িতা। এই তথ্যমূলক সামাজিক নাটকখানিতে বৃটিশ শাসিত বাঙ্গালায়—নীলকর সাহেবগণ কর্তৃক বাঙ্গালার চাষীদের উপর নিপীড়ন,তাহাদের মর্মান্তিক দুঃখ ও অন্যায়ের বিরুদ্ধে প্রতিরোধ-চেষ্টার চিত্র পাওয়া যায়। নীলদর্পণ বাঙ্গালার শিক্ষিত সম্প্রদায়ের মনে বৃটিশ বিরোধী মনোভাব সৃষ্টি করিতে বিশেষ সহায়তা করিয়াছে। এযুগের অপরাপর লেখকগণের মধ্যে মনীষী সুকবি মধুসূদন দত্ত, নবীনচন্দ্র ও "ভারত সঙ্গীত" প্রণেতা হেমচন্দ্রের দানও স্বাদেশিকতার ধারাটিকে আরও পুষ্ট করিয়া তুলিয়াছিল। বাঙ্গালার বাহিরে মাদ্রাজ ও মহারাষ্ট্রের কয়েকজন লেখক এবং কয়েকখানি সংবাদপত্র সরকারী নীতির সমালোচনা করিয়া জাতীয়তাবাদ প্রসারের পথ সুগম করিয়াছিলেন।




বঙ্কিমচন্দ্র

রাষ্ট্রীয় অধিকার দাবির আন্দোলন

১৮৩৩ খৃঃ অব্দের সনন্দে বলা হইয়াছিল যে, জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে সকল ভারতবাসীরই কোম্পানীর অধীনে উচ্চ কর্মে নিযুক্ত হইবার অধিকার থাকিবে। এই অধিকারের কথাই পরে আরও সুস্পষ্টভাবে ঘোষণা করা হইয়াছিল ১৮৫৮ খৃঃ অব্দে 'মহারাণীর ঘোষণাপত্রে'। কিন্তু বৃটিশ গভর্ণমেণ্ট এ অঙ্গীকারের মর্যাদা রাখিবার বিন্দুমাত্র চেষ্টাও করেন নাই। ইহাতে হতাশ না হইয়া পাশ্চাত্ত্য শিক্ষায় শিক্ষিত ভারতের প্রগতিপন্থী সম্প্রদায়

শাসনতন্ত্রে অংশ গ্রহণের অধিকার দাবি করিয়া তীব্র আন্দোলন চালাইতে আরম্ভ করিলেন। এই উদ্দেশ্যেই ১৮৩৭ খৃঃ অব্দে 'ল্যাণ্ড হোল্ডার্স সোসাইটি' (Landholders' Society), ১৮৪৩ খৃঃ অব্দে 'বেঙ্গল বৃটিশ ইণ্ডিয়া সোসাইটি' (Bengal British India Society), ১৮৫১ খৃঃ অব্দে 'বৃটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশন' (British Indian Association), ১৮৭৫ খৃঃ অব্দে 'ইণ্ডিয়া লীগ' (India League), ১৮৭৬ খৃঃ অব্দে 'ইণ্ডিয়ান এসোসিয়েশন' (Indian Association), এবং কংগ্রেসের জন্মের দুই বৎসর পূর্বে ১৮৮৩ খৃঃ অব্দে 'ন্যাশনাল কন্ফারেন্স' (National Conference) নামে পর পর কয়েকটি প্রতিষ্ঠান গঠন করা হইয়াছিল। শেষোক্ত দুইটি প্রতিষ্ঠান আনন্দমোহন বসু, শিবনাথ শাস্ত্রী ও রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে স্থাপিত হয়। সুরেন্দ্রনাথ বিলাত যাইয়া সিভিল সার্ভিস পরীক্ষায় (I.C.S.) পাশ করিয়া সরকারী কার্যে নিযুক্ত হন। কিন্তু ইংরাজের চক্রান্তে তিনি কর্মচ্যুত হইয়া জাতীয় আন্দোলনে আত্ম-নিয়োগ করিলেন। অসাধারণ বাগ্মিতা-গুণে তিনি জনচিত্তের উপর অতুলনীয় প্রভাব বিস্তার করিয়াছিলেন। এই সময় হইতে পরবর্তী প্রায় চল্লিশ বৎসর কাল তিনি ভারতের একজন অতি প্রভাবশালী নেতা ছিলেন।


সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

লর্ড লিটন ও রিপনের শাসনকালে জাতীয় আন্দোলনের গতি।—বৃটিশ গভর্ণমেণ্ট শাসন পরিচালনায় ভারতবাসীর অংশগ্রহণের দাবি মানিয়া লইতে অস্বীকৃত হইলে রাষ্ট্রীয় আন্দোলন আরও তীব্রতর হইয়া উঠিল। এই সময়, বড়লাট লর্ড লিটনের শাসনকালে (১৮৭৬—'৮০) আরও দুইটি ঘটনা ঘটিল যাহা জাতীয়তাবাদী ভারতবাসীর মনে তীব্র উত্তেজনার সৃষ্টি করিল। ১৮৭৭ খৃষ্টাব্দে ইংলণ্ডের গভর্ণমেণ্ট সিভিল সার্ভিস্ (I.C.S.) পরীক্ষা দিবার বয়স ২১ বৎসরের স্থানে ১৯ বৎসর হইবে বলিয়া নির্দেশ দিলেন; অর্থাৎ ইহাতে স্থির হইল ১৯ বৎসরের উর্ধ্ব

বয়স্ক কেহ এই পরীক্ষা দিবার উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে না। এই আইনটি পাশ হইবার ফলে ভারতবাসী বুঝিতে পারিল যে, ইহা তরুণ ও মেধাবী ভারত-সন্তানের পক্ষে I.C.S. পরীক্ষা দিবার পথ রুদ্ধ করিবার উদ্দেশ্যেই রচিত হইয়াছে। সেকালে বিলাতে এই পরীক্ষা গ্রহণ করা হইত, এবং ইংরাজী ভাষাতেই ইহা গ্রহণ করা হইত। তরুণ ভারতবাসীর পক্ষে এত অল্প বয়সে বিলাতে যাইয়া এই পরীক্ষায় উত্তীর্ণ হওয়া ২১ বৎসর বয়সের মধ্যেই দুঃসাধ্য ছিল। বয়স আরও কমাইবার ফলে ইহা একেবারে অসাধ্য হইবে ইহা সকলেই বুঝিতে পারিল। ইণ্ডিয়ান এসোসিয়েশনের নেতৃত্বে সমগ্র দেশে প্রতিবাদ সভা হইল, এবং বিলাতের পার্লামেণ্টের সমক্ষে ভারতবাসীর মনোভাব জানাইবার জন্য প্রতিনিধি প্রেরণ করা হইল। আন্দোলনের ফলে বৃটিশ সরকার নতি স্বীকার করিলেন। ১৮৭৯ খৃষ্টাব্দে ভারতবাসীকে উচ্চ রাজকর্মে নিযুক্ত হইবার সুবিধা দানের জন্য 'স্ট্যাটুটরী সিভিল সার্ভিস' (Statutory Civil Service) স্থাপিত হইয়াছিল।

সিভিল সার্ভিস পরীক্ষা সংক্রান্ত আন্দোলন

লর্ড লিটনের আর একটি কার্যও জনমনে বিশেষ উত্তেজনার সৃষ্টি করিল। দেশীয় ভাষায় লিখিত সংবাদপত্রসমূহ যাহাতে স্বাধীনভাবে মতামত প্রকাশ করিতে না পারে, এজন্য তিনি দেশীয় সংবাদপত্র আইন (Vernacular Press Act—1878) বিধিবদ্ধ করিলেন। এই আইনের ফলে দেশীয় সংবাদপত্রে সরকারী নীতির বিরুদ্ধে জনসাধারণের স্বাধীন মতামত ব্যক্ত করিবার পথ রুদ্ধ হইয়া গেল। এই সময় বড়লাট লিটন সরকারের অনুমতি ব্যতীত জনসাধারণের পক্ষে অস্ত্র রাখা নিষিদ্ধ করিয়া আর একটি আইন করিলেন। একের পর এক ভারতবাসীর রাজনৈতিক ও নাগরিক অধিকার হরণ করিবার ফলে দেশে বৃটিশ-বিরোধী মনোভাব বিস্তারলাভ করিল। শিক্ষিত সমাজ ইংরাজের প্রতিশ্রুতিতে আর আস্থা রাখিতে পারিলেন না।

সংবাদপত্র আইন এবং অস্ত্র আইন

ভারতবাসীর মন হইতে বৃটিশ সরকারের প্রতি সন্দেহ ও বিদ্বেষ দূর করিবার জন্য পরবর্তী বড়লাট লর্ড রিপন (১৮৮০-৮৫) শাসন ও জনহিতকর মূলক কয়েকটি সংস্কার প্রবর্তন করেন। তিনি উদার স্বভাবের লোক ছিলেন। লিটন যে অপ্রিয় দেশীয়

সংবাদ পত্র আইন চাপাইয়া দিয়াছিলেন, রিপন তাহা প্রত্যাহার করিয়া জাতিকে স্বাধীন মতামত ব্যক্ত করিবার অধিকার ফিরাইয়া দিলেন। তিনি কৃষি ও রাজস্ব সম্বন্ধেও কয়েকটি সংস্কার প্রবর্তন করেন এবং দেশীয় শিল্পের উন্নতির জন্য প্রদর্শনীর ব্যবস্থা করেন; নারী ও শিশু-শ্রমিকদের মঙ্গলের জন্য প্রথম কারখানা আইন প্রবর্তন করিয়া শ্রমিক শোষণ বন্ধ করিবার চেষ্টা করেন। তিনি শিক্ষার উন্নতি-কল্পে 'হাণ্টার কমিশন' নিয়োগ করেন। তাঁহার সময় এলাহাবাদ ও পঞ্জাব বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। কিন্তু বাঙ্গালাদেশে স্থানীয় স্বায়ত্তশাসনের (Self-govt.) প্রসার লর্ড রিপনের একটি স্মরণীয় কার্য। ১৮৮৪ খৃষ্টাব্দে রিপন বঙ্গীয় মিউনিসিপ্যাল আইন পাশ করেন। ইহাতে মিউনিসিপ্যালিটিসমূহকে তিনটি শ্রেণীতে বিভক্ত করা হইল। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর প্রতিষ্ঠানসমূহের দুই তৃতীয়াংশ সদস্য করদাতাদের ভোটে নির্বাচিত হইতেন, আর বাকি সদস্যগণ এবং তৃতীয় শ্রেণীর মিউনিসিপ্যালিটির সদস্যেরা সকলেই গভর্ণমেণ্ট কর্তৃক মনোনীত হইতেন। গ্রামাঞ্চলের পথঘাট সংস্কার, শিক্ষা ও জনস্বাস্থ্য সম্বন্ধীয় ব্যবস্থা অবলম্বন প্রভৃতি কার্য পরিচালনার জন্য প্রতি জেলায় জেলাবোর্ড এবং মহকুমায় লোকাল বোর্ড স্থাপিত হইল। এই সকল প্রতিষ্ঠানে সরকারী মনোনীত কয়েকজন সদস্য ব্যতীত অপর অধিকাংশ সদস্য করদাতাদের দ্বারা নির্বাচিত হইতেন। স্বাধীনতা অর্জনের প্রথম সোপান স্বায়ত্তশাসন এবং ইহার জন্য প্রয়োজন রাজনৈতিক শিক্ষা, শৃংখলা ও কর্মচালনার শক্তি অর্জন। এই ক্ষুদ্র গণ্ডীবদ্ধ কর্মপ্রণালী যদি ভারতবাসীর দ্বারা সুচারুরূপে সম্পন্ন হয়, তবে একদিন পূর্ণ স্বাধীনতা-লাভ দুরূহ হইবে না, ইহাই ছিল লর্ড রিপনের বিশ্বাস। তাঁহার এই সকল সংস্কারমূলক কার্যাবলী ভারতবাসীর মনে আশা-আকাঙ্ক্ষা পুনরায় জাগাইয়া তুলিল।

লর্ড রিপনের শাসনকালীন সংস্কার

কিন্তু ইহার অনতিকাল পরেই ইলবার্ট বিলকে কেন্দ্র করিয়া সমগ্র দেশে প্রবল বিক্ষোভ দেখা দিয়াছিল। আইনের চোখে ভারতীয় নাগরিক ও ইউরোপীয়দের মধ্যে যে পার্থক্য ছিল লর্ড রিপণ তাহা দূর করিবার জন্য যথাসাধ্য চেষ্টা করিয়াছিলেন। এই উদ্দেশ্যে যে আইনের খসড়া রচিত হয় তাহা তৎকালীন আইন সচিব ইলবার্ট সাহেবের নামে ইলবার্ট বিল (Ilbert Bill) রূপে

ইলবার্ট বিল আন্দোলন

প্রসিদ্ধ হইয়া আছে। এই বিলে ভারতীয় ম্যাজিষ্ট্রেটগণকে ইউরোপীয় অপরাধীদের বিচারের ক্ষমতা দান করা হইয়াছিল। কিন্তু এই অত্যন্ত ন্যায়সঙ্গত আইনটির বিরুদ্ধে এদেশের উদ্ধত ইউরোপীয় সমাজ হইতে এরূপ তুমুল আন্দোলন হইল যে, শেষে বাধ্য হইয়া সংশোধিত আকারে বিলটিকে আইনে পরিণত করিতে হয়। স্থির হইল, ফৌজদারী মামলায় কোন ইউরোপীয় যদি কোন দেশীয় বিচারকের আদালতে অভিযুক্ত হয়, তবে ইউরোপীয় আসামী ইউরোপীয় জুরি (Jury) দাবি করিতে পারিবে। আইনের চোখে এই জাতিগত বৈষম্য দূর করিবার প্রচেষ্টা ব্যর্থ হইবার ফলে ভারতবাসী ইংরাজ সরকারের ন্যায় নিষ্ঠার প্রতি শ্রদ্ধা একেবারে হারাইল। এই সময়ে ভারতবাসী ইংরেজ শাসকগণের মনের সম্যক পরিচয় পাইয়া প্রায় ক্ষিপ্ত হইয়া উঠিল এবং তীব্র প্রতিবাদ জানাইল।

কংগ্রেস-প্রতিষ্ঠা (১৮৮৫)।—রাষ্ট্রীয় অধিকার লাভ করিবার নিমিত্ত জাতীয় আন্দোলন উত্তরোত্তর ব্যাপক ও শক্তিশালী হইতেছে দেখিয়া ইংরাজ কর্তৃপক্ষ শঙ্কিত হইয়া উঠিলেন। এই আন্দোলন থামাইতে না পারিলে ইহা বিপ্লবে পরিণত হইতে পারে, এই আশঙ্কায় তাঁহারা অনুসৃত নীতির কিছু পরিবর্তন করিয়া আন্দোলন যাহাতে নিয়মতান্ত্রিক ধারায় প্রবাহিত হয়, এজন্য সচেষ্ট হইলেন। অ্যালান অক্টেভিয়ান হিউম (Allen Octavian Hume) নামক একজন ইংরাজের পরামর্শে ১৮৮৫ খৃঃ অব্দে গভর্ণর-জেনারেল লর্ড ডাফরিন্ রাষ্ট্রীয় ব্যাপারে ভারতবাসীর মতামত জানিবার নিমিত্ত 'ভারতীয় জাতীয় মহাসভা' (Indian National Congress) নামক একটি সর্বভারতীয় রাজনৈতিক প্রতিষ্ঠান-গঠনে সম্মতি দান করেন। কংগ্রেস-প্রতিষ্ঠার কার্যে সেদিন যাঁহারা অগ্রণী ছিলেন তাঁহাদের মধ্যে উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ও দাদাভাই নৌরজীর নাম বিশেষ উল্লেখযোগ্য। দাদাভাই এক পার্শী পুরোহিত পরিবারে জন্মগ্রহণ করেন। শিক্ষা সমাপ্ত করিয়া তিনি বিলাতে যান এবং সেখানে অবস্থানকালে তিনি ভারতবাসীর আশা-আকাঙ্ক্ষার কথা ইংলণ্ডের কর্তৃপক্ষের গোচর করেন। উমেশচন্দ্র ও দাদাভাই ইংলণ্ডের কর্তৃপক্ষের নিকট ভারতের দাবি জানাইবার উদ্দেশ্যে বিলাতে 'ইষ্ট ইণ্ডিয়ান এসোসিয়েসন' (East Indian Association) নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করিয়াছিলেন।

কংগ্রেসের জন্ম (১৮৮৫)

নৌরজী একাধিক বার কংগ্রেসের সভাপতি-পদে নির্বাচিত হন। ১৮৯৮ খৃঃ অব্দে তিনি বিলাতের পার্লামেন্ট মহাসভার সদস্য হইয়াছিলেন। দেশে অথবা বিদেশে থাকিয়া তিনি আমরণ ভারতের সেবা করিয়াছেন।

কংগ্রেসের প্রথম অধিবেশন হয় ১৮৮৫ খৃঃ অব্দে বোম্বাই সহরে। বাঙ্গালী দেশপ্রেমিক ব্যারিষ্টার উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ইহার প্রথম সভাপতি নির্ব্বাচিত হইয়াছিলেন। পরে দেশের বিভিন্ন স্থানে প্রতি বৎসর ইহার অধিবেশনের ব্যবস্থা হয়। গভর্ণমেণ্টের প্রতি আনুগত্যের বন্ধনের মধ্য দিয়া নিয়মতান্ত্রিক উপায়ে রাষ্ট্রীয় অধিকার-লাভ, ইহাই ছিল কংগ্রেসের মূল আদর্শ। জনসাধারণের স্বার্থসম্বন্ধীয় গুরুতর প্রশ্নসমূহের আলোচনাও কংগ্রেস-অধিবেশনে নিয়মিতভাবে হইতে লাগিল। কংগ্রেসের আদিযুগে হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের একমাত্র, রাজনৈতিক প্রতিষ্ঠান ছিল। বদরুদ্দীন তায়েবজী, রহিমতুল্লা সয়ানী, নবাব সৈয়দ মাহমুদ, এবং পরবর্তীকালে মৌলানা মহম্মদ আলী, হাকিম আজমল খাঁ, ডাঃ আনসারী, হাসান ইমাম ও মৌলানা আজাদ প্রভৃতি দেশবরেণ্য মুস্‌লিম নেতৃবর্গ তখন ইহার পুরোভাগে ছিলেন। বহু মুসলমান মনীষী ইহার কর্মকর্তা সভাপতি-পদও অলঙ্কৃত করিয়াছিলেন। প্রথমে গভর্ণমেণ্টের আনুকূল্যেই কংগ্রেস স্থাপিত হইয়াছিল; কিন্তু যখন ইহা সরকারী নীতি সমালোচনা করিয়া নূতন নূতন অধিকার দাবি করিতে লাগিল তখন গভর্ণমেণ্টও ইহার বিরোধিতা করিতে আরম্ভ করিলেন। লর্ড ডাফরিন ভারত হইতে প্রত্যাবর্তনের অব্যবহিত পূর্বেই সুস্পষ্টভাবে জানাইয়া দিলেন যে, কংগ্রেস জনমতের প্রতিনিধি ইহা স্বীকার্য নহে।

রাজনৈতিক অধিকার দাবি



উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়

হিন্দু-মুস্‌লিম বিরোধের সূত্রপাত।—কংগ্রেসের নেতৃত্বাধীনে হিন্দু-মুসলমান-নির্বিশেষে ভারতবাসীর মধ্যে জাতীয়তাবোধের ক্রমবিকাশ লক্ষ্য করিয়া গভর্ণমেণ্ট শঙ্কিত হইয়া উঠিলেন। এই জাতীয়তাবোধের বিকাশ রোধ করিতে না পারিলে সাম্রাজ্য বিপন্ন হইবার সম্ভাবনা দেখিয়া গভর্ণমেণ্ট হিন্দু-

হিন্দু-মুস্‌লিম বিভেদ

মুসলমানের মধ্যে বিভেদ সৃষ্টি করিয়া ভারতে বৃটিশ শাসন অব্যাহত রাখিবার ব্যবস্থা অবলম্বন করিলেন। এ যুগে পাশ্চাত্ত্য শিক্ষা গ্রহণ করিয়া হিন্দু-সমাজ দ্রুত উন্নতির পথে অগ্রসর হইতেছিল; মুসলমানগণ এই শিক্ষা বর্জন করিয়া পিছনে পড়িয়া রহিল। সিপাহী বিদ্রোহের পরে দেশে হিন্দুদের প্রভাব প্রতিপত্তি সমধিক বৃদ্ধি পাইয়াছিল এবং রাজনীতি ক্ষেত্রে ইহারাই ছিল অগ্রণী। এই সময় মুসলমান সমাজে কয়েকজন চিন্তানায়কের আবির্ভাব হইল। ইহাদের মধ্যে স্যার সৈয়দ আহ্মদ খাঁ, নবাব আবদুল লতিফ ও সৈয়দ আমীর আলীর নাম বিশেষ উল্লেখযোগ্য। ইহারা সকলেই পাশ্চাত্ত্য শিক্ষায় সুশিক্ষিত ছিলেন।

স্যার সৈয়দ আহ্মদ খাঁ—মুসলিম জাগরণ

স্যার সৈয়দ আহমদ খাঁ ইংরাজ সরকারের অধীনে উচ্চ রাজকার্য করিতেন। তিনি বিশ্বাস করিতেন, বৃটিশশাসন ভারতবাসীর পক্ষে কল্যাণকর। এজন্য তিনি তথাকথিত সিপাহী বিদ্রোহের সময়ে ইংরাজদের সহিত যোগ দিয়া বিদ্রোহীদের হস্তে নির্যাতন ভোগ করিয়াছিলেন। তিনি ভারতীয় মুসলমানদের ভাগ্যবিপর্যয় লক্ষ্য করিয়া নিরতিশয় দুঃখ বোধ করেন, এবং পাশ্চাত্ত্য শিক্ষাবর্জনের ফলেই যে তাহাদের এই ভাগ্যবিপর্যয় ঘটিয়াছে, ইহাও উপলব্ধি করেন। এজন্য পাশ্চাত্ত্য শিক্ষায় শিক্ষিত করিয়া মুসলমান সমাজকে উন্নতির পথে লইয়া যাওয়াই হইল তখন তাঁহার প্রধান লক্ষ্য। মুসলমান সমাজকে পাশ্চাত্ত্য জ্ঞান-বিজ্ঞানে সুশিক্ষিত করিয়া তুলিবার উদ্দেশ্যে তিনি দেশের নানাস্থানে মুসলমানদের জন্য আধুনিক বিদ্যালয় স্থাপন করেন। ১৮৭৫ খৃঃ অব্দে তিনি আলিগড়ে Anglo-Oriental College নামে যে শিক্ষা প্রতিষ্ঠানটি স্থাপন করিলেন তাহাই পরবর্তীকালে (১৯২০) রূপান্তরিত হইয়া আলিগড় বিশ্ববিদ্যালয় নামে খ্যাত হইয়াছিল। ইহাই ভবিষ্যতে ভারতে মুসলিম সংস্কৃতি ও আশা-আকাঙ্ক্ষার কেন্দ্রস্থলে পরিণত হইল। মুসলমান সমাজে জাগরণের সূত্রপাত হইল। এই সময় হিন্দু-মুসলমানের মধ্যে বিভেদ সৃষ্টি করিয়া বিরাট মুসলমান সমাজকে স্বপক্ষে আনিবার নিমিত্ত সুচতুর বৃটিশ শাসকবর্গ সক্রিয় নীতি গ্রহণ করিলেন। তাঁহারা মুসলমানদের বুঝাইতে লাগিলেন যে, কংগ্রেস একটি হিন্দু-প্রতিষ্ঠান; হিন্দুর স্বার্থরক্ষা এবং হিন্দুদের জন্য রাষ্ট্রীয় অধিকারলাভ করাই হইল ইহার প্রকৃত উদ্দেশ্য। গভর্ণমেণ্টের এই অপপ্রচারে শিক্ষিত মুসলমান সম্প্রদায়ের এক অংশ বিভ্রান্ত হইয়া কংগ্রেসের সহিত

সম্পর্ক ছিন্ন করিলেন। ইংরেজের কূটনীতি সফল হইল। তখন মুসলমান সমাজের অতি শক্তিশালী নেতা ছিলেন স্যার সৈয়দ আহ্মদ। তিনি প্রথমে জাতীয়তাবাদে বিশ্বাসী এবং কংগ্রেসের প্রতি অনুরাগী ছিলেন। ভারতের হিন্দু-মুসলমান একই জাতি, এক দেশ-জননীর সন্তান, ইহাও তিনি মনে করিতেন। কিন্তু এই সময়, সম্ভবতঃ ইংরাজদের চক্রান্তের ফলে, তিনি জাতীয় আন্দোলন ও কংগ্রেসের সহিত সম্পর্ক ছিন্ন করিলেন। তাঁহার নির্দেশে মুসলমানগণ কংগ্রেস হইতে সরিয়া দাঁড়াইল। এখানে উল্লেখ করা যাইতে পারে যে, আলিগড় কলেজের ইংরাজ অধ্যক্ষ মিঃ বেক্ হিন্দু-মুসলমানের মধ্যে ব্যবধান্ ও সংঘর্ষ বাড়াইয়া তুলিবার কার্যে একটি প্রধান অংশ গ্রহণ করিয়াছিলেন। সিপাহী বিদ্রোহের সময় হিন্দু ও মুসলমানের মধ্যে যে ঐক্য স্থাপিত হইয়াছিল তাহা শিথিল হইল এবং ইংরাজের কূটচক্রান্তে হিন্দু-মুসলমানের বিরোধ দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল।

হিন্দু-মুসলিম বিভেদ সৃষ্টিতে বেক ও আলিগড় কলেজের ভূমিকা

বিপ্লব আন্দোলনের সূচনা।—কংগ্রেস প্রতিষ্ঠিত হইবার পরে ইহার নেতৃবর্গ শাসনতান্ত্রিক অধিকার লাভের নিমিত্ত বৃটিশ সরকারের নিকট কয়েকটি দাবি পেশ করিয়াছিলেন। ইহার মধ্যে বাঙ্গালা, বোম্বাই ও মাদ্রাজ প্রভৃতি যে সকল প্রদেশে ইতিপূর্ব্বেই কাউন্সিল (Council) স্থাপন করা হইয়াছিল, তাহা বাদে ভারতের অপরাপর প্রদেশে কাউন্সিল বা ব্যবস্থাপক সভা (Legislative Council) স্থাপন; কাউন্সিলগুলিতে বে-সরকারী নির্বাচিত সদস্য প্রেরণের সুযোগ দিয়া ইহাদের সম্প্রসারণ, এবং সদস্যগণ কর্তৃক আয়-ব্যয় (বাজেট) ও শাসন-সংক্রান্ত বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা ও মন্তব্য পেশ করিবার অধিকার প্রভৃতি বিষয়গুলি ছিল প্রধান। লর্ড ডাফরিন্ আন্দোলনের গুরুত্ব উপলব্ধি করিয়া কংগ্রেসের দাবিগুলি আংশিক মানিয়া লইবার জন্য ইংলণ্ডের কর্তৃপক্ষকে পরামর্শ দিলেন। ইহার ফলে ১৮৯২ খৃষ্টাব্দে ভারত সচিব লর্ড ক্রসের (Lord Cross) চেষ্টায় পার্লামেণ্ট 'ইণ্ডিয়ান কাউন্সিলস্ অ্যাক্ট' (Indian Councils Act) নামে নূতন ভারত শাসন আইন বিধিবদ্ধ করিলেন। এই নূতন আইন অনুসারে কেন্দ্রীয় ও প্রাদেশিক কাউন্সিলগুলির সদস্য সংখ্যা কিছু পরিমাণ বৃদ্ধি করা হইল; এবং স্থির হইল যে, নূতন সদস্যগণ

লর্ড ক্রসের ভারত-শাসন আইন ১৮৯২

নির্বাচনের (election) মাধ্যমে না আসিয়া সরকার কর্তৃক মনোনীত (nomination) হইবেন। এই সময় জেলা-বোর্ড, মিউনিসিপ্যালিটি, বিশ্ববিদ্যালয় ও বণিকসভা প্রভৃতি প্রতিষ্ঠানগুলিকে কাউন্সিলে কয়েকজন সভ্য নির্বাচিত করিবার অধিকার দেওয়া হইল; কিন্তু এই নির্বাচন গভর্ণমেণ্টের অনুমোদনসাপেক্ষ হইবে স্থির হইল। সদস্যদিগের পক্ষে সরকারের শাসনকার্য ও আর্থিক ব্যবস্থা-সংক্রান্ত বিষয় সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা ও মন্তব্য করিবার অধিকারও স্বীকার করিয়া লওয়া হইল। ১৮৯২ খৃষ্টাব্দের ভারত-শাসন আইনে সরাসরি ভাবে সদস্য নির্বাচনের অধিকার স্বীকৃত না হইলেও পরোক্ষভাবে নির্বাচনের নীতিই স্বীকার করিয়া লওয়া হইল।

কিন্তু এই আইন অনুসারে শিক্ষিত ভারতবাসী যে সামান্য অধিকার লাভ করিল তাহাতে তাহারা কিছুমাত্র সন্তুষ্ট হইতে পারিল না। এতদিন কংগ্রেস আন্দোলন আবেদন-নিবেদনের নিয়মতান্ত্রিক পথে পরিচালিত হইতেছিল। কিন্তু এখন ভারতবাসীর রাষ্ট্রীয় অধিকার সম্বন্ধে ইংরাজ সরকারের প্রকৃত মনোভাবের পরিচয় পাইয়া কংগ্রেসের মধ্যে একটি নূতন সতেজ ও কর্মিষ্ঠ দলের অভ্যুদয় ঘটিল যাহারা ভারতে বৃটিশ শাসনের অবসানকল্পে বিপ্লব ও রক্তপাতের পথ গ্রহণ করিতে উদ্যত হইল। ইহারা কংগ্রেসের চরমপন্থী (Extremist) দল নামে খ্যাত হইল। মহারাষ্ট্রের বালগঙ্গাধর তিলক, বাংলাদেশের শ্রীঅরবিন্দ (অরবিন্দ ঘোষ) বিপ্লবী দলের নেতৃত্ব গ্রহণ করিয়া সমগ্র ভারতে বিপ্লববাদ (revolution) প্রচার করিতে আরম্ভ করিলেন। বাংলার বিপিনচন্দ্র পাল, ব্রহ্মবান্ধব উপাধ্যায় প্রভৃতি আরও অনেকে এবং পঞ্জাবের লালা লাজপত রায় প্রভৃতি তাঁহাদের সহিত যোগ দান করিয়া আন্দোলনের পুরোভাগে আসিয়া দাঁড়াইলেন। ইহারা নবীন ভারতকে অগ্নিমন্ত্রে দীক্ষা দিলেন। ইহারা সকলেই ছিলেন পাশ্চাত্ত্য ও প্রাচ্য জ্ঞান-বিজ্ঞানে অগাধ পণ্ডিত। তিলক 'কেশরী' ও 'মারহাট্টা' নামক দুইখানি সংবাদপত্রের সম্পাদনার দায়িত্ব গ্রহণ করিয়া জনসাধারণকে জাতীয় চেতনায় উদ্বুদ্ধ করিবার ব্রত গ্রহণ করিলেন। এতদিন কংগ্রেসের নেতৃত্বে যে রাষ্ট্রীয় আন্দোলন চলিতেছিল তাহা মুষ্টিমেয় ইংরাজী শিক্ষিত ভারতবাসীর মধ্যেই সীমাবদ্ধ ছিল। তিলকই প্রথম রাষ্ট্রনেতা যিনি উপলব্ধি করিয়াছিলেন যে, ভারতের অগণিত জনসাধারণের মধ্যে জাতীয় চেতনা আনিতে

কংগ্রেসে নীতিগত বিভেদ-চরম ও নরমপন্থী দল

না পারিলে দেশের পরাধীনতা কখনও ঘুচিবে না। তাই তিনি জনসাধারণের নিকট স্বাদেশিকতার বাণী প্রচার করিয়া তাহাদের মধ্যে নূতন প্রাণ সঞ্চার করিবার কার্যক্রম গ্রহণ করিলেন। "শিবাজী-উৎসবের" অনুষ্ঠান করিয়া তিনি জাতিকে তাহার প্রাচীন গৌরবময় ঐতিহ্যের কথা স্মরণ করাইয়া দিলেন। এই সময় বাংলাদেশে ব্রহ্মবান্ধব উপাধ্যায় সম্পাদিত 'সন্ধ্যা', স্বামী বিবেকানন্দের কনিষ্ঠ ভ্রাতা ভূপেন্দ্রনাথ দত্ত সম্পাদিত 'যুগান্তর' এবং বিপিনচন্দ্রের 'বন্দেমাতরম্' (পরে শ্রীঅরবিন্দ সম্পাদিত) নামক সংবাদপত্রসমূহ একই কার্যে ব্রতী হইল। সর্বত্যাগী বিপ্লবী নেতাদের শিক্ষায় দেশের তরুণ সম্প্রদায়ের মধ্যে বৃটিশ-বিদ্বেষ ও জীবন উৎসর্গ করিয়া স্বাধীনতা-লাভের আকাঙ্ক্ষা তীব্র হইয়া উঠিল।

মহারাষ্ট্র কেশরী তিলক —জনজাগরণ

ইহারা উনবিংশ শতাব্দীর শেষভাগ হইতে সন্ত্রাসবাদী (Terrorist) আন্দোলন আরম্ভ করিল। নানা স্থানে গুপ্ত সমিতি স্থাপিত হইল; শক্তি চর্চা, অস্ত্র শিক্ষা, ও অস্ত্র সংগ্রহ করিয়া বৃটিশের বিরুদ্ধে যুদ্ধের আয়োজন চলিতে লাগিল। ইটালী, রাশিয়া ও আয়ারল্যাণ্ডের বিপ্লবী আদর্শ ও কার্য-ধারা এদেশের তরুণ বিপ্লবীদের বিশেষভাবে অনুপ্রাণিত করিয়াছিল। বাংলা ও মহারাষ্ট্র হইল এই সন্ত্রাসবাদী আন্দোলনের প্রধান কেন্দ্র।

সন্ত্রাসবাদী আন্দোলন

এই সময়ের একটি ঘটনা ভারত তথা সমগ্র এশিয়ায় একটি বিরাট আলোড়নের সৃষ্টি করিয়াছিল। ১৯০৪—'০৫ খৃষ্টাব্দে ক্ষুদ্র জাপান বিরাটায়তন রাশিয়াকে যুদ্ধে পরাজিত করিল। এশিয়ার একটি ক্ষুদ্র শক্তির হাতে ইউরোপের একটি শ্রেষ্ঠ সামরিক শক্তির পরাজয় এশিয়াবাসীকে নূতন আত্মপ্রত্যয়ে জাগরিত করিল এবং একটি বিরাট সম্ভাবনার দ্বার উন্মুক্ত করিল। ভারতের জনমনেও ইহা তীব্র উদ্দীপনার সৃষ্টি করিল। জাপান যাহা সম্ভব করিয়াছে ভারতবাসীও তাহা করিতে পারে, এই বিশ্বাস তাহাদের মধ্যে আসিল। রাশিয়ার বিরুদ্ধে জাপানের জয়লাভ সন্ত্রাসবাদীদের আরও সংগ্রামশীল করিয়া তুলিল।

রুশ-জাপান যুদ্ধ—ইহার প্রভাব

বিপ্লব-আন্দোলনের বিস্তার।—চরমপন্থীদলের সন্ত্রাসবাদী নীতি ও শক্তিবৃদ্ধিতে কংগ্রেসের নরমপন্থীদল (মডারেট) শংকিত হইল। এই দলে ছিলেন ফিরোজ শাহ্ মেটা প্রভৃতি কংগ্রেসের পুরাতন নেতাগণ। ইহারা নিয়মতান্ত্রিক

আন্দোলনের নীতি আঁকড়াইয়া রহিলেন। জনসাধারণের মধ্যে রাজনীতিক সচেতনতা বেশি দূর অগ্রসর হয়, অথবা তাহারা বিপ্লবের পথে পা বাড়ায়, ইহাও তাঁহাদের অভিপ্রেত ছিল না। ইতিমধ্যে 'বঙ্গভঙ্গ' আন্দোলন (১৯০৪-০৫) উপলক্ষ্য করিয়া বাংলাদেশের সর্বত্র বৃটিশ বিদ্বেষের আগুন যে ভাবে ছড়াইয়া পড়িল তাহাতে নরমপন্থী নেতারা বিশেষ আতংকিত হইয়া উঠিলেন। ইহার ফলে কংগ্রেসের চরমপন্থী ও নরমপন্থী দলের মধ্যে বিভেদ আরও বাড়িয়া গেল। উভয় দলই কংগ্রেসকে নিজ নিজ নীতি অনুসারে পরিচালিত করিতে চেষ্টা করিলেন; কংগ্রেসের মধ্যে ভাঙ্গন অনিবার্য হইয়া দাঁড়াইল। ১৯০৭ খৃষ্টাব্দে সুরাটে কংগ্রেসের যে অধিবেশন হইয়াছিল তাহাতে এই বিরোধ চরমে উঠিল। নরমপন্থীরা প্রতিদ্বন্দ্বী চরমপন্থীদলকে কংগ্রেস হইতে বাহির করিয়া দিলেন। কিন্তু জনসাধারণের কাছে চরমপন্থীরাই ছিল অতি প্রিয়। সুতরাং নরমপন্থী কংগ্রেস জনসমর্থন হারাইয়া দুর্বল ও প্রভাবহীন হইয়া পড়িল।

সুরাট কংগ্রেস—চরমপন্থীদলের কংগ্রেস ত্যাগ

ইতিমধ্যে সন্ত্রাসবাদীদের কর্মক্ষেত্র আরও বিস্তৃত হইয়া পড়িল। ইংলণ্ড ও আমেরিকায় ইহাদের কয়েকটি শাখা স্থাপিত হইল এবং ভারতীয় সন্ত্রাসবাদীদের সহিত গোপন সংস্রব স্থাপন করিয়া এই শাখাগুলি কাজ চালাইতে লাগিল। বিংশ শতাব্দীর প্রথম দশকের মধ্যে সন্ত্রাসবাদীদের দ্বারা কয়েকটি রাজনৈতিক হত্যা অনুষ্ঠিত হইল। গভর্ণমেণ্ট কঠোর দমননীতি চালাইয়া সন্ত্রাসবাদের মূলোচ্ছেদ করিতে চেষ্টা করিলেন; কিন্তু আন্দোলন বন্ধ না হইয়া সর্বত্র বিস্তৃত হইয়া পড়িল। গভর্ণমেণ্ট ভীত হইয়া পড়িলেন।

ভারতের বাহিরে সন্ত্রাসবাদী আন্দোলন

বঙ্গ-বিভাগ।—বিংশ শতাব্দীর প্রথম ভাগে লর্ড কার্জন (১৮৯৯—১৯০৫) গভর্ণর-জেনারেলের পদ গ্রহণ করিলেন। ভারতবাসীর আশা-আকাক্ষার প্রতি তাঁহার কোন সহানুভূতিই ছিল না, বরং তিনি স্বাধীনতা-আন্দোলন দমন করিবার জন্য এক নূতন ব্যবস্থা করিয়াছিলেন। এতদিন বাংলা, বিহার ও উড়িষ্যা একজন লেফ্‌টেনাণ্ট গভর্ণরের দ্বারা শাসিত হইয়া আসিতেছিল। শাসনকার্যের সুবিধার অজুহাতে কার্জন সম্মিলিত প্রদেশত্রয়কে দুইটি স্বতন্ত্র প্রদেশে পরিণত করিলেন,—পূর্ববঙ্গ ও আসাম লইয়া একটি প্রদেশ

বঙ্গ-বিভাগ, স্বদেশী-আন্দোলন

হইল আর পশ্চিমবঙ্গ, বিহার ও উড়িষ্যা লইয়া হইল, আর একটি প্রদেশ। শিক্ষিত বাঙালীরা কার্জনের গূঢ় অভিপ্রায় বুঝিলেন,—মুক্তি-প্রাণ বাঙালী জাতিকে দ্বিধা বিভক্ত করিয়া তাহাদের জাতীয় ও রাষ্ট্রিক উন্নতির পথে অন্তরায় সৃষ্টি করিবার জন্যই এই ব্যবস্থা হইয়াছে। সারা বাংলা-দেশ জুড়িয়া তীব্র বিক্ষোভ দেখা দিল। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, আনন্দমোহন বসু, এ. রসুল, লিয়াকৎ হোসেন ও খাজা আতিকুল্লা প্রভৃতি জনপ্রিয় দেশ-নেতাদের নেতৃত্বে 'বন্দেমাতরম্'-মন্ত্র অবলম্বনে ইহার বিরুদ্ধে ঘোরতর আন্দোলন উপস্থিত হইল। ইহাই 'স্বদেশী-আন্দোলন' নামে প্রসিদ্ধ।



লর্ড কার্জন

স্বদেশী-আন্দোলন

বিপিনচন্দ্র, রবীন্দ্রনাথ ঠাকুর প্রমুখ নেতৃবৃন্দ দেশবাসীকে বিদেশী পণ্য-বর্জনের উপদেশ দিলেন। কবি রবীন্দ্রনাথ এই সময় 'স্বদেশী সমাজ' (১৯০৪) ও 'রাখিবন্ধনের' সূচনা করেন। গভর্ণমেণ্ট জনমত শান্ত করিতে চেষ্টা না করিয়া কঠোরভাবে এই আন্দোলন দমন করিতে বদ্ধপরিকর হইলেন। ইহার ফলে সজাগ ও কর্মিষ্ঠ জাতীয়তার আদর্শ হিন্দু-মুসলমান-নির্বিশেষে জনসাধারণকে স্বাধীনতার পথে ক্রমশঃ অগ্রসর করিয়া দিল।

স্বদেশী সমাজ ও রাখিবন্ধন



রবীন্দ্রনাথ ঠাকুর

বঙ্গ-বিভাগ করিয়া লর্ড কার্জন ভারতবাসী, বিশেষ করিয়া বাংলার জন-

সাধারণের বিদ্বেষ ভাজন হইলেও তিনি কয়েকটি জনহিতকর সংস্কার সাধন করিয়া প্রসিদ্ধি লাভ করিয়াছেন। 'পঞ্জাব ভূমি হস্তান্তর আইন' (The Punjab Land Alienation Act) বিধিবদ্ধ করিয়া তিনি ঐ প্রদেশের কৃষকদের মহাজনদের অত্যাচার হইতে রক্ষা করিবার ব্যবস্থা করেন। তিনি সমবায় ঋণদান সমিতি (Co-operative Credit Society) স্থাপন করিয়া এদেশের দরিদ্র কৃষকদের অবস্থার উন্নতি করিতে চেষ্টা করেন। দেশের শিল্প ও বাণিজ্য সম্বন্ধীয় সমস্যার সমাধানকল্পে তিনি একটি নূতন বিভাগ স্থাপন করেন, এবং দরিদ্র জনসাধারণের সুবিধার জন্য লবণ-কর হ্রাস করেন। তাঁহার সময়ে পুলিশ বিভাগেরও সংস্কার সাধিত হয়। লর্ড কার্জন দেশের পুরা-কীর্তিসমূহ রক্ষাকল্পে একটি আইন পাশ করিয়া সমস্ত ভারতবাসীর কৃতজ্ঞতা অর্জন করিয়াছিলেন। ১৯০৪ খৃষ্টাব্দে তিনি নূতন একটি আইন পাশ করিয়া বিশ্ববিদ্যালয়গুলির উপর সরকারী কর্তৃত্ব বৃদ্ধি করেন। ইহাতে দেশের শিক্ষিতসম্প্রদায় তীব্র প্রতিবাদ জানাইয়াছিলেন।

লর্ড কার্জনের জনকল্যাণমূলক সংস্কার

নিখিল ভারত মুসলিম লীগ প্রতিষ্ঠা। লর্ড কার্জনের পর ২য় লর্ড মিণ্টো (১৯০৫—'১০) গভর্ণর-জেনারেল হইলেন। তিনিও স্বদেশী আন্দোলনের মূলোচ্ছেদ করিবার জন্য কঠোর দমননীতি অবলম্বন করিলেন। অশ্বিনীকুমার দত্ত, বিপিনচন্দ্র পাল, কৃষ্ণকুমার মিত্র, শ্রীঅরবিন্দ প্রমুখ বাঙ্গালার বহু বিখ্যাত নেতাকে অনির্দিষ্ট কালের জন্য কারাবাস বা নির্বাসন দেওয়া হইল এবং বহু বিপ্লবী ধরা পড়িয়া মৃত্যুদণ্ডে দণ্ডিত হইল। তবুও আন্দোলন প্রশমিত হইল না। কংগ্রেসের হিন্দু চরমপন্থীদল এই ক্রমবর্ধমান অসন্তোষের সুযোগ লইয়া বৃটিশের সহিত সম্পর্ক ছিন্ন করিয়া স্বাধীন ভারত-রাষ্ট্র স্থাপনের উদ্যোগ করিতে লাগিলেন। বহু মুসলমান মনীষী এই প্রচেষ্টার প্রতি সহানুভূতিশীল হইয়া উঠিলেন।

সরকারী দমন নীতি—সন্ত্রাসবাদী কার্য বৃদ্ধি

তখন লর্ড মিণ্টো এই সঙ্কটের সম্মুখীন হইয়া জাতীয়তাবাদকে প্রতিহত করিবার জন্য কূটনীতির আশ্রয় লইলেন। তিনি একদিকে জনচিত্ত শান্ত করিবার উদ্দেশ্যে শাসন-সংস্কার প্রস্তাবের আলোচনা আরম্ভ করিলেন এবং সঙ্গে সঙ্গে মুসলমানদের স্বার্থরক্ষার নামে তাহাদের রাজনৈতিক আন্দোলন হইতে বিযুক্ত করিয়া বৃটিশের বন্ধু করিবার নিমিত্ত এক পরিকল্পনা গ্রহণ

ইংরাজের কূটনীতি

করিলেন এবং মুসলমানদের জন্য "পৃথক নির্বাচন" প্রথা প্রবর্তনের ব্যবস্থা করিলেন। ১৯০৬ খৃষ্টাব্দে এক মুসলিম প্রতিনিধি দল মাননীয় আগা খাঁর নেতৃত্বে পৃথক নির্বাচনের দাবি বড়লাটের নিকট পেশ করিলেন। লর্ড মিণ্টো প্রত্যুত্তরে মুস্‌লিম দাবির ন্যায্যতা স্বীকার করিলেন।

ঐ বৎসরেই (১৯০৬) ঢাকা সহরে নবাব সলিমুল্লা সাহেবের উদ্যোগে সর্বভারতীয় মুসলমান প্রতিনিধিদের এক সভার অনুষ্ঠান হয়। এই সভার প্রস্তাব অনুসারে 'নিখিল ভারত মুস্‌লিম লীগ' প্রতিষ্ঠিত হইল। লীগ 'বঙ্গ-ভঙ্গ' সমর্থন করিল। আইন-পরিষদ ও অন্যান্য প্রতিষ্ঠানে পৃথক নির্বাচন দাবি করিল, এবং সরকারী কার্যে নির্দিষ্ট সংখ্যক মুসলমান-নিয়োগের প্রস্তাবও করা হইল। সুতরাং মিণ্টোর কূটনীতির ফলে হিন্দু-মুসলমানের বিভেদ বাড়িয়া গেল। এই সংবাদ প্রকাশ হইলে ইংলণ্ডে সাম্রাজ্যবাদী ইংরাজ মহলে বিশেষ উল্লাস দেখা গিয়াছিল।

মুস্‌লিম লীগ গঠন (১৯০৬)

মর্লে-মিণ্টো সংস্কার।—১৯০৯ খৃঃ অব্দে নূতন শাসন-সংস্কার প্রবর্তিত হইল। ভারত সচিব মর্লে ও বড়লাটের নামানুসারে ইহা 'মর্লে-মিণ্টো শাসনসংস্কার' নামে পরিচিত। তদনুযায়ী প্রাদেশিক ও কেন্দ্রীয় আইনসভাগুলিতে বে-সরকারী সদস্যের সংখ্যা কিছু বৃদ্ধি করা হইল। বে-সরকারী সদস্যের মধ্যে কয়েকজন দেশবাসীর নির্বাচিত প্রতিনিধি লওয়ার ব্যবস্থাও হইল। এই সময় ভারত-সচিবের পরিষদে ভারতীয় সদস্য লওয়ার ব্যবস্থা হয়। বড়লাটের এবং প্রাদেশিক গভর্ণরের শাসন-পরিষদেও (Executive Council) ভারতীয় সদস্য লওয়ার ব্যবস্থা হইল। স্যার সত্যেন্দ্রপ্রসন্ন সিংহ (পরে লর্ড) বড়লাটের শাসন-পরিষদের আইন-সচিব নিযুক্ত হইলেন। কিন্তু মর্লে-মিণ্টো সংস্কারের বিধানগুলিতে সত্যকার শাসনকর্তৃত্ব দেশবাসীকে দেওয়া হয় নাই। তাহার উপর আবার এই সময়েই ভেদমূলক সাম্প্রদায়িক নির্বাচন-প্রথা (Communal Representation) প্রবর্তন করা হয়। ফলে জাতীয়তার উন্মেষের সঙ্গে সঙ্গেই দেশের মুসলমান ও অ-মুসলমানদের মধ্যে বিভেদ সৃষ্টি করা হইল। জাতীয়তাবাদীরা নিরুপায় হইলে সন্ত্রাসবাদীরা (Terrorists) গোপনে অস্ত্রাদি সংগ্রহ করিয়া যুদ্ধ ঘোষণা করেন।

সাম্প্রদায়িক নির্বাচন-প্রথা

ক্ষুদিরাম, কানাই, সত্যেন, প্রভৃতি বীরযুবকেরাই প্রাণের মূল্যে স্বাধীনতা অর্জন করিতে ভারতীয়দের প্রেরণা দেন। ১৯০৮ হইতে ১৯১২ খৃঃ অব্দ পর্যন্ত বহুলোক হতাহত হইল, বহু বিপ্লবী হাসিমুখে ফাঁসীর মঞ্চে প্রাণ বলি দিলেন।

বঙ্গ-ভঙ্গ-রদ।—১৯১০ খৃঃ অব্দে ২য় লর্ড হার্ডিঞ্জ গভর্ণর-জেনারেল নিযুক্ত হন (১৯১০—'১৬)। ১৯১১ খৃঃ অব্দে সম্রাট ৫ম জর্জ ও সম্রাজ্ঞী ভারতবর্ষে আগমন করেন। দিল্লীতে এক দরবারে মহাসমারোহে তাঁহাদের পুনরভিষেক হইল। এই অনুষ্ঠানে ভারতবাসীর প্রচণ্ড বৃটিশ বিদ্বেষ দূর করিবার জন্য গভর্ণমেণ্ট বঙ্গ-ভঙ্গ রহিত করিলেন ও ভারতবর্ষের রাজধানী বিপ্লবী কলিকাতা হইতে শান্ত ও নিরাপদ দিল্লীতে স্থানান্তরিত করা হইল। পূর্ব ও পশ্চিমবঙ্গকে পুনরায় একত্র করিয়া (১৯১২) একজন গভর্ণর বা লাটের অধীনে একটি প্রদেশ গঠন করা হইল। বিহার, ছোটনাগপুর ও উড়িষ্যা মিলিয়া আর একটি নূতন প্রদেশ গঠিত হইল; আসামও স্বতন্ত্রভাবে একজন চীফ্-কমিশনারের শাসনাধীন হইল।

বঙ্গ-ভঙ্গ-রদ (১৯১২)

মর্লে-মিণ্টো সংস্কারে জাতীয়তাবাদী ভারতবাসিগণ সন্তুষ্ট হইতে পারিল না। ইহা শুধু বিভেদ সৃষ্টি করিল অথচ প্রকৃতপক্ষে কোন দায়িত্বমূলক শাসন-ব্যবস্থা প্রবর্তন করিল না। সুতরাং জাতীয় বিক্ষোভ প্রশমিত না হইয়া উত্তরোত্তর বৃদ্ধি পাইতে লাগিল।

প্রশ্নাবলী

১। অষ্টাদশ শতাব্দীর প্রথমার্ধ হইতে কংগ্রেস স্থাপন পর্যন্ত জাতীয় আন্দোলনের রূপ ও গতি সম্বন্ধে যাহা জান সংক্ষেপে বর্ণনা কর।

২। কংগ্রেস স্থাপিত হইবার পর ১৯০৯ খৃষ্টাব্দ পর্যন্ত জাতীয় আন্দোলনের ধারা সম্বন্ধে সংক্ষিপ্ত বিবরণ দাও।

৩। কংগ্রেস প্রতিষ্ঠিত হইবার পরে হিন্দু-মুসলিম বিরোধ কেন আসিল এবং কি কারণে তাহা বৃদ্ধি পাইয়াছিল তাহা বর্ণনা কর।

৪। মর্লে-মিণ্টো শাসন-সংস্কার এবং মণ্টেগু-চেমস্‌ফোর্ড ভারত-শাসন আইন সম্বন্ধে কি জান?


৫। ইহাদের সম্বন্ধে কি জান? ব্রাহ্মসমাজ, শ্রীরামকৃষ্ণ, স্বামী বিবেকানন্দ, বাল গঙ্গাধর তিলক, দাদাভাই নৌরজী, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ইলবার্ট বিল, লর্ড রিপনের সংস্কার, স্যার সৈয়দ আহ্‌মদ, মুসলিম লীগ, বঙ্গ-ভঙ্গ আন্দোলন।

ত্রয়োস্ত্রিংশ অধ্যায়

ভারতের স্বাধীনতা লাভ

(Attainment of Indian Independence)

জাতীয় আন্দোলনের গতি।—১৯১৪ খৃষ্টাব্দে প্রথম বিশ্বযুদ্ধ আরম্ভ হইল। ১৯০৯ হইতে ১৯১৪ খৃঃ অব্দ পর্যন্ত জাতীয় আন্দোলন উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছিল। ইতিমধ্যে ভারতের বাহিরে এমন কতকগুলি ঘটনা ঘটিল যাহার ফলে শিক্ষিত মুসলমানগণের মনে ইংরাজের প্রতি অবিশ্বাস জাগিয়া উঠিল এবং জাতীয় আন্দোলনে হিন্দু-মুসলমান মিলনের সম্ভাবনা দেখা দিল। ইতিমধ্যে দক্ষিণ-আফ্রিকায় শ্বেত জাতি কর্তৃক হিন্দু-মুসলমান-নির্বিশেষে সমস্ত ভারতীয়দিগের উপর অন্যায় নির্যাতন ও অবিচার করা হইতেছিল।



মহাত্মা গান্ধী

মহাত্মা গান্ধীর অভ্যুদয়

জাতীয় মর্যাদাহানিকর এই অবিচার ও অপমানের প্রতিবাদে মোহন দাস করমচাঁদ গান্ধী (পরে মহাত্মা গান্ধী) আফ্রিকায় (১৮৯৪-১৯১৪) সত্যাগ্রহ আন্দোলন আরম্ভ করিয়া প্রায় কুড়ি বৎসর পর্যন্ত ইহা সাফল্যের সহিত পরিচালনা করেন। দক্ষিণ-আফ্রিকার এই আন্দোলনের প্রতিক্রিয়া ভারতেও দেখা দিল। স্বাধীনতা লাভ করিতে না পারিলে বিশ্বের কোথাও জাতীয় মর্যাদা রক্ষিত হইবে না, ভারতবাসী ইহা মর্মে মর্মে উপলব্ধি করিল। এদিকে আবার তুরস্ক ও পারস্যের জাতীয় আন্দোলন ভারতের মুসলিম সম্প্রদায়ের মনে জাতীয়ভাব উদ্দীপিত করিয়াছিল। তারপর তুরস্ক সাম্রাজ্যের অন্তর্ভুক্ত বলকান রাষ্ট্রগুলিতে বিদ্রোহ দেখা দিল এবং সেই সুযোগে ইটালী কর্তৃক তুরস্কের অধীন উত্তর-আফ্রিকার ত্রিপোলী-প্রদেশের উপর অন্যায় অধিকার স্থাপনকালে, ইংলণ্ড

তুরস্কের প্রতি মৌখিক বন্ধুত্ব জ্ঞাপন করিয়া যেভাবে মুস্‌লিম স্বার্থ পদদলিত করিয়াছিল, তাহাতে বৃটিশ প্রাচ্য নীতির স্বরূপ পরিস্ফুট হইয়া পড়িল এবং ইংরাজ সরকারের প্রকৃত অভিপ্রায় সম্বন্ধে মুসলমান সমাজের মনে আর কোন সন্দেহ রহিল না। এই সকল কারণে আবার রাজনীতিক্ষেত্রে হিন্দু-মুসলমান মিলনের সম্ভাবনা দেখা দিল। ১৯১৩ খৃঃ অব্দে লীগের এক সভায় স্যার ইব্রাহিম রহিমতুল্লা ঘোষণা করিলেন যে, অতঃপর লীগ অন্য অন্য সম্প্রদায়ের সহযোগিতায় স্বায়ত্তশাসন লাভ করিবার জন্য আন্দোলনে যোগ দিবে।

মুস্‌লিম মনোভাবের পরিবর্তন

প্রথম বিশ্বযুদ্ধ—গণ-আন্দোলনের বিস্তার।—১৯১৪ খৃষ্টাব্দে প্রথম বিশ্বযুদ্ধ আরম্ভ হইলে ভারতের গণ-আন্দোলনে এক নূতন পর্যায় স্বরু হইল। ভারতবাসী এই যুদ্ধে ইংলণ্ডকে সর্বপ্রকার সাহায্য করিল; কিন্তু বহু মুসলমান এবং হিন্দু বিরুদ্ধ-শক্তি নব্য তুরস্কের প্রতি সহানুভূতি দেখাইতে লাগিল। এদিকে বিপ্লববাদীরাও জার্মানীর সহিত গোপন সংযোগ স্থাপন করিল এবং উহার নিকট হইতে অস্ত্রশস্ত্র সংগ্রহ করিয়া সশস্ত্র বিদ্রোহের উদ্যোগ করিল। এই সকল বিপজ্জনক আন্দোলনকে সমূলে ধ্বংস করিবার নিমিত্ত ইংরাজ সরকার বহু কঠোর বিধি-ব্যবস্থা প্রবর্তন করিলেন। মৌলানা মহম্মদ আলী ও তাঁহার ভ্রাতা সৌকৎ আলী এবং মৌলানা আবুল কালাম আজাদ প্রমুখ বিশিষ্ট নেতৃবৃন্দসহ আরও অনেকে ধৃত হইয়া কারারুদ্ধ হইলেন। জাতীয়তাবাদী বহু হিন্দু নেতাকেও একই কারণে অশেষ নির্যাতন ভোগ করিতে হইল। এই দুঃখ বরণের মধ্য দিয়া হিন্দু-মুস্‌লিম মিলন আবার যেন দৃঢ় হইয়া উঠিল।

সশস্ত্র বিদ্রোহের পরিকল্পনা

হোমরুল লীগ প্রতিষ্ঠা।—ইতিমধ্যে লোকমান্য তিলক দীর্ঘ কারাবাসের পরে মুক্তি পাইয়া পুনরায় রাজনীতিক্ষেত্রে পদার্পণ করিলেন। ইংরাজ জাতি তখন মহাযুদ্ধের চরম সংকটের জালে জড়িত হইয়া পড়িয়াছে। এই সুযোগে তাহাদের উপর আঘাত হানিয়া ভারতের স্বাধীনতা লাভ তরান্বিত করা সম্ভব, ইহা উপলব্ধি করিয়া তিলক নূতন এক শক্তিশালী স্বাধীনতা-আন্দোলন আরম্ভ করিবার জন্য কংগ্রেসের বাহিরে 'হোমরুল লীগ' নামে একটি নূতন প্রতিষ্ঠান গঠন করিলেন। বহুদিন ধরিয়া ভারত-সেবায় নিরত অ্যানি বেসাণ্ট নামক

তিলক ও বেসাণ্টের নেতৃত্বে আন্দোলন

ইংরাজ মহিলাও তখন ভারতের স্বাধীনতা অর্জনের কার্যে সক্রিয় অংশ গ্রহণ করিয়াছিলেন। তিনিও একটি হোমরুল লীগ প্রতিষ্ঠা করিয়া জাতীয়তাবাদীদের মধ্যে অপূর্ব রাজনৈতিক উদ্দীপনা সৃষ্টি করিয়াছিলেন। ইংরাজ সরকার তাঁহার কার্য বিপজ্জনক মনে করিয়া বেসাণ্টকে কিছুকালের জন্য অন্তরীণ করিয়া রাখিয়াছিলেন। তিলক ও বেসাণ্টের কার্যের ফলে দেশে প্রবল উত্তেজনার সৃষ্টি হইল।

লক্ষ্মৌ কংগ্রেস।—১৯১৬ খৃষ্টাব্দে লক্ষ্মৌ সহরে কংগ্রেসের এক অধিবেশন হইল। মুস্‌লিম লীগের এক সভাও এখানে একই সময় আহূত হইল। কংগ্রেস ও লীগের মধ্যে বিরোধের মীমাংসার সাময়িক চুক্তি হইল। কংগ্রেস মুসলমানদের পৃথক নির্বাচনের দাবি মানিয়া লইল, এবং আইনসভায় উভয় সম্প্রদায়ের প্রতিনিধি সংখ্যাও নির্দিষ্ট করিয়া দেওয়া হইল। ইহার ফলে কংগ্রেসের সহিত লীগের যেন ঘনিষ্ঠ সংযোগ স্থাপিত হইল। লীগের লক্ষ্মৌ অধিবেশনে সভাপতিত্ব করিয়াছিলেন তীক্ষ্ণধী, দৃঢ়-সংকল্প এবং প্রতিভাবান ব্যারিষ্টার পাকিস্তানস্রষ্টা মহম্মদ আলী জিন্না। কংগ্রেসের সদস্যরূপে তিনি রাজনীতিতে যোগদান করিয়া বহুকাল কেন্দ্রীয় আইনসভার সদস্যপদে আসীন ছিলেন। কিন্তু ১৯২১ খৃষ্টাব্দে তিনি কংগ্রেসের সহিত সম্বন্ধ ছিন্ন করিয়া মুস্‌লিম লীগে যোগদান করেন এবং ইহার অবিসম্বাদী নেতারূপে অসামান্য খ্যাতি লাভ করেন।

কংগ্রেস-লীগ চুক্তি

মহম্মদ আলী জিন্না

কংগ্রেসের লক্ষ্মৌ অধিবেশনে নরম ও চরমপন্থী দলের দলাদলির অবসান ঘটিল এবং বিশ্বযুদ্ধের মধ্যে কংগ্রেস ও লীগ মিলিত হইয়া বৃটিশবিরোধী আন্দোলন আরম্ভ করিল।

মণ্টেগু-চেমস্‌ফোর্ড রিপোর্ট—১৯১৯ খৃষ্টাব্দের ভারত শাসন আইন।—যুদ্ধের সময় ভারতবর্ষ অকাতরে ধন-প্রাণ দিয়া বৃটিশ গভর্ণমেণ্টকে সর্বপ্রকার সাহায্য করিয় ছিল; বিনিময়ে বৃটিশ গভর্ণমেণ্ট ভারতবাসীকে দায়িত্বমূলক স্বায়ত্তশাসন দিবার প্রতিশ্রুতি দিলেন। মুসলমানগণের মনকে আশ্বস্ত করিবার জন্য গভর্ণমেণ্ট আর একটি প্রতিশ্রুতি দিলেন যে, যুদ্ধের পরে তুরস্কের সুলতান অথবা খলিফার মর্যাদা এবং রাজ্য কখনও ক্ষুণ্ণ ও খণ্ডিত করা হইবে না। যুদ্ধের পরে বৃটিশ সরকার এ-প্রতিশ্রুতি রক্ষা

করিলেন না। ফলে ভারতবর্ষে খলিফার মর্যাদা ও রাজ্য অক্ষুণ্ণ রাখিবার নিমিত্ত খিলাফৎ-আন্দোলন আরম্ভ হইল। বিশিষ্ট মুসলমান নেতৃগণ ইহার পরিচালনাভার গ্রহণ করিলেন। জাতীয়তাবাদী হিন্দুরাও ইহাতে যোগ দিল। এইভাবে জাতীয় আন্দোলন প্রশমিত না হইয়া বাড়িয়া চলিল। গভর্ণমেণ্টও দমন নীতির কঠোরতা বৃদ্ধি করিলেন।

খিলাফৎ আন্দোলন

১৯১৭ খৃঃ অব্দে ভারতে প্রবল বিক্ষোভের সঞ্চার হইয়াছে দেখিয়া ভারত-সচিব মণ্টেগু সাহেব ভারতবর্ষের অবস্থা পর্যবেক্ষণের জন্য স্বয়ং এখানে আগমন করিয়া চেমস্‌ফোর্ডের সহিত একযোগে এক রিপোর্ট পেশ করেন (১৯১৮)। যুদ্ধ শেষ হইবামাত্র এই রিপোর্টের উপর ভিত্তি করিয়া ১৯১৯ খৃঃ অব্দে পার্লামেণ্টে 'ভারত-শাসন আইন' (Government of India Act, 1919) বিধিবদ্ধ হয়। এই শাসনবিধি অনুসারে ভারতবর্ষের শাসনতন্ত্রের যে পরিবর্তন সাধিত হয় তাহাই 'মণ্টেগু-চেমস্‌ফোর্ড সংস্কার' নামে প্রসিদ্ধ। এই আইন অনুসারে বড়লাটের শাসন-পরিষদে তিনজন দেশীয় সদস্য নিয়োগের ব্যবস্থা হইল। সমগ্র বৃটিশ ভারতের জন্য আইন প্রণয়নের উদ্দেশ্যে কেন্দ্রীয় আইনসভা সৃষ্টি করা হইল। এই আইনসভার হইল দুইটি কক্ষ,—ব্যবস্থাপক সভা (Legislative Assembly), আর রাষ্ট্রীয় পরিষদ (Council of State)। স্থির হইল, আয়-ব্যয়-নির্ধারণ, আইন-প্রণয়ন, প্রভৃতি উভয় কক্ষের সম্মতিক্রমে স্থির হইবে; কিন্তু প্রয়োজনবোধে বড়লাট ব্যবস্থাপক সভার মত অগ্রাহ্য করিয়া নিজের দায়িত্বে 'অর্ডিনান্স' জারি করিতে পারিবেন এবং রাজস্ব-সংগ্রহ ও ব্যয় নিজে খুশীমত করিতে পারিবেন। তাঁহার মনোনীত শাসন-পরিষদের সদস্যরাও ব্যবস্থাপক সভার নিকট সর্বক্ষেত্রে দায়ী হইবেন না।

মণ্টেগু-চেমস্‌ফোর্ড রিপোর্ট—ভারত-শাসন আইন (১৯১৯)

কেন্দ্রীয় শাসন-ব্যবস্থা

কেন্দ্রীয় আইনসভা

প্রাদেশিক ব্যাপারে যে অভিনব শাসনতন্ত্র প্রবর্তন করা হইল তাহা দ্বৈত শাসন বা 'ডায়ার্কী' (Dyarchy) নামে প্রসিদ্ধ। যে সকল বিষয়ের ভার প্রাদেশিক গভর্ণমেণ্ট-গুলিকে দেওয়া হইল সেগুলি দুইভাগে বিভক্ত করা হইল,—এক ভাগের নাম হইল রক্ষিত (Reserved) বিভাগ, অপর ভাগের নাম হস্তান্তরিত (Transferred) বিভাগ। বিচার, জেল, পুলিশ, প্রভৃতি রহিল 'রক্ষিত' বিভাগে, আর শিক্ষা,

দ্বৈত শাসন বা ডায়ার্কী

জনস্বাস্থ্য, প্রভৃতি রহিল 'হস্তান্তরিত' বিষয়ের অঙ্গীভূত। রক্ষিত বিষয়গুলি রহিল গভর্ণরের শাসন-পরিষদের সদস্যদের অধীনে, আর হস্তান্তরিত বিষয়গুলি দেশীয় মন্ত্রীদের অধীনে। শাসন-পরিষদের সদস্যদের ব্যবস্থাপক সভার নিকট কোনই দায়িত্ব রহিল না; কিন্তু মন্ত্রীরা ব্যবস্থাপক সভার নিকট দায়ী রহিলেন, কারণ ব্যবস্থাপক সভার নির্বাচিত প্রতিনিধিদের মধ্য হইতেই গভর্ণর মন্ত্রী নিযুক্ত করিতেন। তদুপরি সাম্প্রদায়িক নির্বাচন স্বীকৃত হওয়ায় হিন্দু-মুসলমানদের মধ্যে মনোমালিন্য আরও বাড়িয়া চলিল। এই তথাকথিত নব শাসন-সংস্কার বহুকালে গঠিত জাতীয় ঐক্যের মূলে কুঠারাঘাত করিল। সুতরাং এই নূতন শাসনব্যবস্থা জনসাধারণের দাবি মিটাইতে পারিল না।

মহাত্মা গান্ধীর নেতৃত্ব-গ্রহণ—অসহযোগ আন্দোলন।—মণ্টেগু-চেম্‌স্‌ফোর্ড সংস্কারের রিপোর্ট প্রকাশিত হইবার পরেই মহাত্মা গান্ধীর নেতৃত্বে দেশব্যাপী তুমুল আন্দোলন আরম্ভ হইল। গভর্ণমেণ্ট ইহা দমন করিবার জন্য কুখ্যাত 'রাওলাট আইন' (Rowlatt Act) বিধিবদ্ধ করিয়া জনসাধারণের উপর অমানুষিক অত্যাচার আরম্ভ করিলেন; পঞ্জাবে সামরিক আইন জারি হইল। ১৯১৮ খৃঃ অব্দে (১৩ই এপ্রিল) অমৃতসরে জালিয়ানওয়ালাবাগ নামক স্থানে এক শান্তিপূর্ণ সভায় বহু নর-নারী ও বালক-বালিকা সমবেত হইয়াছিল। বৃটিশ সেনানায়ক জেনারেল ডায়ার সেই নিরস্ত্র জনতার উপর গুলি চালাইবার আদেশ দিলেন। শত শত লোক হতাহত হইল। সেদিন স্বাধীনতাকামী হিন্দু-মুসলমান-শিখের রক্তে জালিয়ানওয়ালাবাগের মাটি সিক্ত হইল। সুসভ্য বৃটিশ গভর্ণমেণ্ট কর্তৃক সংঘটিত এই নিষ্ঠুর হত্যাকাণ্ড দেশব্যাপী তুমুল বিক্ষোভ সৃষ্টি করিল। অথচ ডায়ারের অত্যন্ত লঘু শাস্তি হইল; বৃটিশ গভর্ণমেণ্টও দমননীতি প্রত্যাহার করিতে চাহিলেন না। এরূপ অবস্থায় জাতীয়তাবাদী জনসাধারণের পক্ষে গভর্ণমেণ্টের সহিত সহযোগিতা করা অসম্ভব হইয়া উঠিল। এই বর্বর নিষ্ঠুরতার প্রতিবাদে তৎক্ষণাৎ রবীন্দ্রনাথই প্রথম 'স্যার' উপাধি ত্যাগ করিলেন। দেশপূজ্য মহাত্মা গান্ধীর নেতৃত্বে তখন দেশময় 'অসহযোগ আন্দোলন আরম্ভ হইল (১৯২০)। এইবার (১৯২০) অসহযোগ আন্দোলনের সহিত

জালিয়ান-ওয়ালাবাগের হত্যাকাণ্ড: মহাত্মা গান্ধীর নেতৃত্বে অসহযোগ-আন্দোলন

খিলাফৎ আন্দোলন যুক্ত হইল। মহাত্মা গান্ধী, আলীভ্রাতৃদ্বয়, ডাঃ আনসারী, লাজপত রায়, আজাদ প্রভৃতি খ্যাতনামা নেতৃবৃন্দ যুক্তভাবে আন্দোলন চালাইতে লাগিলেন।

সত্যাগ্রহ সংগ্রাম-পদ্ধতি।—ইতিপূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, প্রথম বিশ্বযুদ্ধকালে ভারতের রাজনীতিক্ষেত্রে এক অসাধারণ শক্তিশালী নেতার আবির্ভাব ঘটে। ইঁহার নাম মোহনদাস করমচাঁদ গান্ধী। দক্ষিণ আফ্রিকায় শ্বেতকায় শাসকদের বিরুদ্ধে সত্যাগ্রহ সংগ্রামে সাফল্যলাভ করিবার ফলে তিনি সর্বত্র প্রসিদ্ধি লাভ করেন। যুদ্ধের মধ্যেই গান্ধীজী দক্ষিণ আফ্রিকা হইতে ভারতে প্রত্যাবর্তন (১৯১৫) করিয়া সবরমতিতে একটি আশ্রম প্রতিষ্ঠা করিয়া বাস করিতেছিলেন। প্রথমে তিনি রাজনীতি হইতে দূরে সরিয়া ছিলেন। কিন্তু মানব-দরদী গান্ধীজীর পক্ষে বেশিদিন দূরে সরিয়া থাকা সম্ভব হইল না। বিহারের চম্পারণ জেলায় দীন-দরিদ্র চাষী প্রজার উপর শ্বেতাঙ্গ নীলকর সাহেবদের অমানুষিক অত্যাচারের কথা শুনিয়া ১৯১৭ খৃষ্টাব্দে তিনি তাহাদের দুর্দশা-মুক্ত করিবার জন্য সংগ্রামে লিপ্ত হইলেন এবং নীলকর সাহেবদের অত্যাচারের অবসান ঘটাইলেন। আফ্রিকায় ও বিহারে তিনি যে অহিংস সংগ্রাম-পদ্ধতি গ্রহণ করিয়া সাফল্যলাভ করিয়াছিলেন তাহা 'সত্যাগ্রহ' নামে পরিচিত। ইহার মূল কথা হইল, সত্যের প্রতি অবিচলিত আস্থা রাখিয়া যাহা অন্যায় ও মিথ্যা তাহাকে নৈতিক বলে প্রতিরোধ করিতে হইবে। ন্যায় ও অন্যায়ের মধ্যে কখনও আপোষ করা চলিবে না; সত্য ও ন্যায়ের আদর্শকে জয়যুক্ত করিতে অহিংস উপায়ে সংগ্রাম করা যায়। আঘাতের বদলে প্রতিঘাত না করিয়া সমস্ত দুঃখ সহ্য করিতে হইবে, এমনকি প্রয়োজন হইলে হাসিমুখে মৃত্যুবরণ করিতে হইবে। দৃঢ় সংকল্প ও নিষ্ঠার সহিত অহিংস উপায়ে সংগ্রাম চালাইতে পারিলে সত্য ও আদর্শ পরিণামে জয়যুক্ত হইবে। নিজের জীবন ও কার্যের মধ্যে এই আদর্শকে রূপায়িত করিয়া, অশেষ দুঃখ-ক্লেশ হাসিমুখে বরণ করিয়া গান্ধীজী ইহার কার্যকারিতা দেশবাসীকে বুঝাইয়াছেন।

গান্ধীজীর নীতি ও কার্যক্রম

১৯২০ খৃষ্টাব্দে কলিকাতায় কংগ্রেসের এক বিশেষ অধিবেশনে গান্ধীজীর নীতি অনুসারে জাতীয় সংগ্রাম পরিচালনার প্রস্তাব গৃহীত হইল। এই বৎসরই নাগপুরে

কংগ্রেসের বার্ষিক অধিবেশনে সমগ্র জাতি এ বিষয়ে চরম সিদ্ধান্ত গ্রহণ করিয়া সংগ্রামে অবতীর্ণ হইল। স্থির হইল, অবিলম্বে সমগ্র জাতিকে বিদেশী দ্রব্য বয়কট, সরকারী খেতাব, আইনসভা, সরকারী-আদালত ও সরকারী স্কুল, কলেজ প্রভৃতি বর্জন করিবার জন্য আহ্বান করা হইবে; পরে আইন অমান্য ও গভর্ণমেণ্টকে দেয় খাজনা ইত্যাদি বন্ধ করিবার পরিকল্পনাও গ্রহণ করা হইল। ইহাই সুবিখ্যাত নন্-কো-অপারেশন্ বা অসহযোগ-নীতি নামে পরিচিত হইল। সঙ্গে সঙ্গে গান্ধীজী গঠনমূলক পরিকল্পনাও গ্রহণ করিলেন। দেশী বস্ত্রের অভাব মিটাইবার জন্য তিনি ঘরে ঘরে চরকা ও তাঁত বসাইবার কথা বলিলেন, এবং জাতীয় শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের ব্যবস্থা করিলেন। নিজে নিয়মিত চরকায় সুতা কাটিয়া জনসাধারণের সম্মুখে আদর্শ স্থাপন করিলেন।

অসহযোগ আন্দোলন আরম্ভ

মহাত্মা গান্ধীর নেতৃত্বে অসহযোগ-আন্দোলন সমগ্র ভারতে বিস্তৃত হইয়া পড়িল। মতিলাল নেহরু, লাজপত রায়, চিত্তরঞ্জন, আলী ভ্রাতৃদ্বয়, এবং জওহরলাল নেহরু ও সুভাষচন্দ্র প্রভৃতি প্রধান প্রধান নেতারা সকলেই গান্ধীজীর পাশে আসিয়া দাঁড়াইলেন। এই গোলযোগের মধ্যে বড়লাট লর্ড চেমস্‌ফোর্ড দেশে ফিরিয়া গেলেন এবং তাঁহার স্থলে লর্ড রেডিং ভারতের গভর্ণর-জেনারেল হইয়া আসিলেন। সরকার এই সংকটময় পরিস্থিতির সম্মুখীন হইয়া কঠোর দমননীতি চালাইলেন। গান্ধীজীসহ ছোট বড় বহু নেতাদের কারারুদ্ধ করা হইল। হাজার হাজার সত্যাগ্রহী কারাবরণ করিল; বাংলা ও বিহারে বহু লোক হতাহত হইল। অহিংস অসহযোগ-আন্দোলন যখন সমস্ত দেশে দ্রুত বিস্তার লাভ করিতেছিল, তখন একদিন উত্তরপ্রদেশের গোরখপুর জেলায় অত্যাচারে ক্ষিপ্ত জনতা চৌরিচৌরা নামক স্থানের থানা আক্রমণ করিয়া কয়েকজন পুলিশকে হত্যা করিল। বিপ্লবী জন-



দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ

চৌরিচৌরা—আন্দোলনের অবসান

বিক্ষোভকে অহিংসার পথে সংযত রাখা কঠিন দেখিয়া গান্ধীজী আন্দোলন বন্ধ করিয়া দিলেন। অসহযোগ-আন্দোলন সাময়িকভাবে নিষ্ক্রিয় হইয়া গেল; কিন্তু দেশবন্ধু চিত্তরঞ্জনের ত্যাগ ও সুভাষচন্দ্রের প্রেরণায় সারাদেশ উদ্বুদ্ধ হইল।

সাম্প্রদায়িক বিরোধ পুনঃ প্রকাশ

এদিকে গাজী মুস্তাফা কামালের নেতৃত্বে, নব্য-তুরস্ক খলিফাকে পদচ্যুত করিলে খিলাফৎ আন্দোলনও বন্ধ হইয়া গেল। ইতিমধ্যে হিন্দু-মুসলমানের মধ্যে যে সাম্প্রদায়িক সম্প্রীতি গড়িয়া উঠিয়াছিল কয়েকটি মর্মন্তুদ ঘটনায় তাহাও বিনষ্ট হইয়া গেল। ১৯২১ খৃঃ অব্দে দক্ষিণ-ভারতে মুসলমান মোপলারা গভর্ণমেণ্টের বিরুদ্ধে বিদ্রোহ করিল। অতি নিষ্ঠুরভাবে ঐ বিদ্রোহ দমন করা হইল। কিন্তু এই বিদ্রোহের সময় মোপলারা হিন্দুদের প্রতি নৃশংস অত্যাচার করিয়াছিল। এই সংবাদ ছড়াইয়া পড়িলে উত্তর-ভারতে হিন্দু-মুসলমানে দাঙ্গা বাঁধিয়া গেল। মহাত্মা গান্ধী ও মহম্মদ আলী প্রভৃতি দেশবরেণ্য নেতাদের বহু চেষ্টা সত্ত্বেও সাম্প্রদায়িক মিলনগ্রন্থি ছিন্ন হইয়া গেল এবং মুসলমানদের মনে স্বতন্ত্র মুস্‌লিম রাষ্ট্র স্থাপনের কল্পনা ধীরে ধীরে দানা বাঁধিতে লাগিল।

স্বরাজ্যদল

স্বরাজ্যদল।—অসহযোগ আন্দোলন ব্যর্থ হইবার পর ১৯২৩ খৃঃ অব্দে দেশবন্ধু চিত্তরঞ্জন, মতিলাল নেহরু প্রভৃতি নেতারা কারাগার হইতে বাহির হইয়া 'স্বরাজ্যদল' নামে এক নূতন রাজনৈতিক দল গড়িয়া তুলিলেন। মণ্টেগু-চেমস্‌ফোর্ড শাসন-সংস্কারের অবসান ঘটাইবার নিমিত্ত ইঁহারা আইন-পরিষদে প্রবেশ করিলেন, এবং পদে পদে গভর্ণমেণ্টকে বাধা দান করিয়া অচল অবস্থার সৃষ্টি করিলেন। সরকার এই অচল অবস্থা অবসানের প্রয়োজনীয়তা উপলব্ধি করিলেন।

সাইমন কমিশন বর্জন (১৯২৭)

সাইমন কমিশন।—১৯২৬ খৃঃ অব্দে লর্ড রেডিং-এর পরে লর্ড আরউইন বড়লাট নিযুক্ত হন। তিনি আসিবার সঙ্গে সঙ্গে ১৯১৯ খৃঃ অব্দের শাসন-সংস্কারের ফলাফল বিচারের জন্য স্যার জন সাইমনের নেতৃত্বে এক কমিশন গঠিত হয় (১৯২৭)। কিন্তু কোন ভারতবাসীকেই উহার সদস্য নিয়োগ করা হয় নাই। ইহাতে দেশবাসীর মনে বৃটিশ সরকারের সদিচ্ছা সম্বন্ধে সন্দেহের সৃষ্টি হয় এবং সাইমন কমিশনের বিরুদ্ধে দেশময় প্রবল প্রতিবাদ ও বিক্ষোভ প্রদর্শিত হয়। ভারতীয় নেতৃবর্গ কমিশনের সহিত সহযোগিতা করিলেন না।

নেহরু রিপোর্ট—জিন্নার চৌদ্দ দফা সর্ত।—১৯২৮ খৃষ্টাব্দে দিল্লীতে এক সর্বদলীয় বৈঠকে ভবিষ্যৎ ভারতের শাসনতন্ত্র রচনা করিবার নিমিত্ত একটি ছোট কমিটি নিযুক্ত করা হয়। ঔপনিবেশিক স্বায়ত্তশাসন দাবি করিয়া কমিটি যে খসড়া রচনা করিলেন, তাহা কংগ্রেস সভাপতি মতিলাল নেহরুর নামানুসারে 'নেহরু রিপোর্ট' নামে প্রসিদ্ধ। মিঃ জিন্না রিপোর্টে স্বাক্ষর করা সত্ত্বেও রিপোর্টের প্রস্তাবিত সর্তগুলি লীগের মনঃপুত হইল না। বৃটিশ সরকারও নেহরু রিপোর্টের কোন গুরুত্ব দিলেন না। ইহার পরেই মিঃ জিন্নার নেতৃত্বে একটি মুস্‌লিম সম্মেলন আহূত হইল এবং ইহাতে মুস্‌লিম দাবীর এক খসড়া রচনা করা হইল। ইহাই মিঃ জিন্নার 'চৌদ্দ দফা সর্ত' নামে পরিচিত। ইহার প্রধান সর্তগুলি ছিল এই :—কেন্দ্রীয় পরিষদে মুসলমান সদস্যের সংখ্যা মোট সংখ্যার এক তৃতীয়াংশের কম হইবে না; পৃথক নির্বাচন প্রথা বজায় থাকিবে; পঞ্জাব, বাংলা এবং সীমান্ত প্রদেশ কখনও এরূপ ভাবে পুনর্গঠিত হইবে না যাহার ফলে মুস্‌লিম সংখ্যাগরিষ্ঠতা (majority) নষ্ট হইতে পারে; কোন বিল যদি কোনও সম্প্রদায়ের তিন-চতুর্থাংশ সদস্য স্বার্থের হানিকর মনে করেন, তাহা হইলে সেই বিল গৃহীত হইবে না; মুস্‌লিম শিক্ষা, ভাষা ও ধর্ম প্রভৃতি রক্ষার ব্যবস্থা করিতে হইবে এবং কেন্দ্রে ও প্রদেশসমূহে মুস্‌লিম মন্ত্রীর সংখ্যা মোট সংখ্যার এক-তৃতীয়াংশ হইবে।

ভবিষ্যৎ শাসনতান্ত্রিক ব্যবস্থা-সম্বন্ধীয় খসড়া

জিন্নার চৌদ্দ দফা সর্ত

কংগ্রেস কর্তৃক পূর্ণ স্বরাজ দাবি।—১৯২৮ খৃঃ অব্দে কলিকাতায় কংগ্রেসের এক প্রসিদ্ধ অধিবেশনে স্থির হইল যে, এক বৎসরের মধ্যে স্বায়ত্তশাসন (Dominion Status) না পাইলে কংগ্রেস সম্পূর্ণ স্বাধীনতার জন্য সংগ্রাম আরম্ভ করিবে। তখন লর্ড আরউইন ঘোষণা করিলেন যে, ভারতকে স্বায়ত্তশাসন-দান বৃটিশ গভর্ণমেণ্টের লক্ষ্য এবং সাইমন কমিশনের রিপোর্ট প্রকাশিত হইলেই সর্ব-শ্রেণীর ভারতবাসীর প্রতিনিধিদের লইয়া ভবিষ্যৎ শাসনতন্ত্র রচনা করিবার নিমিত্ত বিলাতে এক গোলটেবিল বৈঠক বসিবে। কংগ্রেস গভর্ণমেণ্টের এই অস্পষ্ট প্রতিশ্রুতিতে সন্তুষ্ট হইতে না পারিয়া ১৯২৯ খৃঃ অব্দে লাহোর অধিবেশনে প্রস্তাব

কংগ্রেসে পূর্ণ স্বরাজ দাবী

গ্রহণ করিলেন যে, পূর্ণ স্বরাজই কংগ্রেসের লক্ষ্য। ১৯৩০ খৃঃ অব্দে কমিশন 'রিপোর্ট' দাখিল করিলেন। কিন্তু ভারতবর্ষের কোন রাজনৈতিক দলই এই রিপোর্টের সুপারিশ-সমূহ গ্রহণ করিতে রাজি হয় নাই।

লবণ আইন ভঙ্গ

আইন অমান্য আন্দোলন।—১৯৩০ খৃঃ অব্দে মহাত্মা গান্ধীর নেতৃত্বে আবার দেশময় "আইন অমান্য" ও "বিদেশী বর্জন আন্দোলন" (Civil Disobedience Movement) আরম্ভ হইল। ঐ বৎসর এপ্রিল মাসে গান্ধীজী লবণ আইন অমান্য করিবার উদ্দেশ্যে কতিপয় অনুচরসহ সুবিখ্যাত ডাণ্ডি অভিযান সুরু করিলেন। তাঁহাকে অনুচরগণসহ কারারুদ্ধ করা হইল। মুসলমান-সম্প্রদায়ের এক বৃহৎ অংশ এই আন্দোলনে যোগদান করিল না। আন্দোলন দমনের চিরাচরিত প্রথা অনুসারে নেতা ও কর্মীদের আবার কারারুদ্ধ করা হইল। নরমপন্থী দল এবং মিঃ জিন্নার নেতৃত্বে অধিকাংশ মুসলমান এই দেশব্যাপী আন্দোলনে যোগ দিল না।

প্রথম গোল-টেবিল বৈঠক (১৯৩০)

প্রথম গোলটেবিল বৈঠক।—এদিকে ঐ বৎসরই ভারতবর্ষের নূতন শাসনতন্ত্র-রচনার জন্য ইংলণ্ডে এক 'গোলটেবিল বৈঠক' হয়। ইহাই 'প্রথম গোল-টেবিল বৈঠক' নামে খ্যাত। কংগ্রেস ইহাতে যোগদান না করায় এই বৈঠকের দ্বারা বিশেষ কোন কাজ হইল না। অবশেষে বিরাট জন-বিক্ষোভের নিকট পরাস্ত হইয়া ১৯৩১ খৃঃ অব্দে বৃটিশ গভর্ণমেণ্ট সর্বদলসম্মত শাসনতন্ত্র রচনা করিবার জন্য কংগ্রেস নেতৃবৃন্দকে মুক্তি দিলেন এবং গোলটেবিল বৈঠকে কংগ্রেস প্রতিনিধিদের আহ্বান করিলেন। ইহাই 'গান্ধী-আরউইন্ চুক্তি' নামে প্রসিদ্ধ।

গান্ধীজির গোল-টেবিল বৈঠকে যোগদান : আইন-অমান্য আন্দোলন

দ্বিতীয় গোলটেবিল বৈঠক ও আইন অমান্য আন্দোলনের দ্বিতীয় পর্যায়।—'গান্ধী-আরউইন্ চুক্তি' অনুযায়ী মহাত্মা গান্ধী কংগ্রেসের একমাত্র প্রতিনিধি হিসাবে 'দ্বিতীয় গোলটেবিল বৈঠক-এ' যোগদান করিবার জন্য ইংলণ্ডে গমন করেন। কিন্তু বিলাতের রক্ষণশীল দলের (Conservative) সহিত প্রতিক্রিয়াপন্থী ভারতীয় নেতাদের ষড়যন্ত্রের ফলে সংখ্যালঘু (Minorities) দের জটিল সমস্যার কোন সর্বদলসম্মত মীমাংসা হইল না, এবং বৃটিশ গভর্ণমেণ্টও

কংগ্রেসের দাবি গ্রহণ করিতে স্বীকৃত হইলেন না। মহাত্মা গান্ধী নিরাশ হইয়া দেশে ফিরিয়া আসিলেন এবং আবার 'আইন অমান্য আন্দোলন' আরম্ভ হইল (১৯৩২)। লর্ড উইলিংডন্ কঠোরহস্তে আন্দোলন দমন করিতে চেষ্টা করিলেন, কিন্তু তাহাতে অশান্তি বাড়িয়াই চলিল। ইতিমধ্যে বিলাতের প্রধানমন্ত্রী ম্যাকডোনাল্ড 'সাম্প্রদায়িক বাঁটোয়ারা' (Communal Award) প্রকাশ করিয়া ভারতের সাম্প্রদায়িক সমস্যার এক ভেদমূলক সিদ্ধান্ত করিলেন। সংখ্যালঘু-সম্প্রদায়ের জন্য আইনসভায় আসন-সংরক্ষণ ও পৃথক্-নির্বাচন ব্যবস্থা হইল। এই বাঁটোয়ারার ফলে ভারতীয় জনসাধারণের সংহতি নষ্ট হইল। বাঁটোয়ারায় হিন্দুসমাজের সংহতি নষ্ট করিবার চেষ্টাও হইয়াছিল; কিন্তু মহাত্মা গান্ধী 'পুণা চুক্তি' স্বীকার করাইয়া হিন্দু সমাজের সংহতি রক্ষা করিলেন।

সাম্প্রদায়িক বাঁটোয়ারা

ভারত শাসন আইন (১৯৩৫)।—শেষে গোলটেবিল বৈঠকসমূহের আলোচনাকে ভিত্তি করিয়া বৃটিশ পার্লামেণ্ট ১৯৩৫ খৃষ্টাব্দে এক নূতন ভারত শাসন আইন বিধিবদ্ধ করিলেন।

নূতন আইন অনুযায়ী বৃটিশ-ভারতীয় প্রদেশসমূহ এবং দেশীয় রাজ্যগুলি লইয়া ভবিষ্যতে একটি 'যুক্তরাষ্ট্র' (Federation) গঠনের পরিকল্পনা গ্রহণ করা হইল। স্থির হইল, 'যুক্তরাষ্ট্রে যোগ দেওয়া বা না দেওয়া দেশীয় রাজাদের ইচ্ছাধীন থাকিবে, এবং নির্দিষ্ট বিষয়গুলি ছাড়া অন্য ব্যাপারেও যোগদানকারী রাজাদের বিশেষ অধিকার থাকিবে। গভর্ণর-জেনারেল রাজ-প্রতিনিধি হিসাবে যুক্তরাষ্ট্র-সঙ্ঘের প্রধান পরিচালক হইবেন। শাসন-সংক্রান্ত বিষয়গুলি দুই ভাগে বিভক্ত করিয়া দেশরক্ষা, পররাষ্ট্র নীতি, খৃষ্টীয় ধর্ম-সংক্রান্ত বিষয়, প্রভৃতি গভর্ণর-জেনারেল স্বয়ং পরিচালনা করিবেন। এই কার্যের সুবিধার জন্য তিনি তিনজনের অনধিক উপদেষ্টা (Counsellors) নিযুক্ত করিতে পারিবেন। অবশিষ্ট বিষয়গুলির পরিচালনে তাঁহাকে সাহায্য করিবার ও পরামর্শ দিবার জন্য একটি মন্ত্রিসভা (Council of Ministers) থাকিবে। মন্ত্রিগণের সংখ্যা দশজনের অনধিক হইবে এবং ইহারা আইনসভার সদস্যদিগের মধ্য হইতে গভর্ণর-জেনারেল কর্তৃক মনোনীত হইবেন। মন্ত্রিগণ তাঁহাদের

যুক্তরাষ্ট্র

শাসন-বিভাগ

কার্যের জন্য আইনসভার নিকট দায়ী থাকিবেন এবং আইনসভা তাঁহাদের কার্য অনুমোদন না করিলে পদত্যাগ করিতে বাধ্য থাকিবেন।

গভর্ণর-জেনারেলের বিশেষ দায়িত্ব

নূতন শাসন-ব্যবস্থা অনুসারে কয়েকটি বিষয় গভর্ণর-জেনারেলের বিশেষ দায়িত্ব বলিয়া (Special Responsibilities) স্থির করা হইয়াছে। বিশেষ দায়িত্বমূলক বিষয়গুলির ব্যবস্থার সম্পূর্ণ ভার তাঁহার উপর ন্যস্ত হইয়াছে। দেশের শান্তি, শৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষার জন্য তিনি যে-কোনও বিভাগের উপর হস্তক্ষেপ করিতে পারেন। এজন্য আইনে তাঁহাকে নিরাপত্তামূলক কতকগুলি বিশেষ ক্ষমতাও (Safeguards) দেওয়া হইয়াছে।

রাষ্ট্র-পরিষদ ও ব্যবস্থাপক সভা

যুক্তরাষ্ট্রের আইন-সভা (Legislature) দুইটি পরিষদ লইয়া গঠিত হইবে। একটির নাম হইবে রাষ্ট্রপরিষদ (Council of State) এবং অপরটিকে বলা হইবে ব্যবস্থাপক সভা বা ফেডারেল্ এসেম্ব্লি (Federal Assembly)। উভয় পরিষদেই বৃটিশ-ভারত ও দেশীয় রাজ্যের প্রতিনিধিগণ থাকিবেন। রাষ্ট্রপরিষদে মোট ২৬০ জন সভ্য থাকিবেন। ইঁহাদের মধ্যে ১৫০ জন বৃটিশ-ভারতের এবং ১০৪ জন দেশীয়-রাজ্যের প্রতিনিধি থাকিবেন। বাকি ৬ জন গভর্ণর-জেনারেল কর্তৃক মনোনীত হইবেন। ব্যবস্থাপক সভা মোট ৩৭৫ জন সভ্য লইয়া গঠিত হইবে। ইঁহাদের মধ্যে ২৫০ জন বৃটিশ-ভারতের এবং ১২৫ জন দেশীয়-রাজ্যের প্রতিনিধি থাকিবেন। বৃটিশ-ভারতের প্রতিনিধিগণ পরোক্ষভাবে নির্বাচিত হইবেন; দেশীয় রাজ্যের প্রতিনিধিগণ নিজ নিজ শাসকগণ কর্তৃক মনোনীত হইবেন, অথবা ইঁহারা নির্বাচিতও হইতে পারেন। রাষ্ট্রপরিষদ স্থায়িভাবে গঠিত হইবে; তিন বৎসর অন্তর এক-তৃতীয়াংশ সভ্য অবসর গ্রহণ করিবেন এবং তাঁহাদের স্থানে নূতন সভ্য আসিবেন। ব্যবস্থাপক সভা পাঁচ বৎসরের জন্য গঠিত হইবে। আইনসভা গভর্ণর-জেনারেলের অনুমোদনক্রমে আইন-প্রণয়ন ও শাসনকার্য নির্বাহ করিবেন।

নূতন 'ভারত-শাসন আইন' অনুসারে ভারতবর্ষকে মোট ১১টি প্রদেশে বিভক্ত করা হইল (বাংলা, বোম্বাই, মাদ্রাজ, সিন্ধু, পঞ্জাব, বিহার, উড়িষ্যা, আসাম,

যুক্তপ্রদেশ, মধ্যপ্রদেশ ও উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ) এবং প্রত্যেক প্রদেশে 'প্রাদেশিক আত্মকর্তৃত্ব' (Provincial Autonomy) প্রবর্তিত হইল। ব্রহ্মদেশকে ভারত হইতে বিচ্ছিন্ন করা হইল। এই এগারটি প্রদেশ ব্যতীত ভারতে কয়েকটি চীফ-কমিশনার-শাসিত প্রদেশ হইল। চীফ-কমিশনারগণ গভর্ণর-জেনারেলের কর্তৃত্বাধীন থাকিয়া ব্যক্তিগত দায়িত্বে নিজ নিজ প্রদেশ শাসন করিবেন ইহাই স্থির হইল।

প্রাদেশিক শাসনতন্ত্র

এই শাসন-আইন অনুসারে ভারতবর্ষের প্রদেশগুলি এক-একজন গভর্ণরের শাসনাধীন করা হইল। গভর্ণরগণ সম্রাট্ কর্তৃক নিযুক্ত হন। শাসনকার্যে তাঁহাদের সাহায্য করিবার এবং পরামর্শ দিবার জন্য প্রত্যেক প্রদেশে একটি মন্ত্রিসভা গঠনের ব্যবস্থা হইয়াছে। মন্ত্রিগণ আইন-সভার নির্বাচিত সভ্যদিগের মধ্য হইতে গভর্ণর কর্তৃক মনোনীত হইবেন। মন্ত্রিসভা তাঁহাদের কার্যের জন্য আইনসভার নিকট দায়ী থাকিবেন। সাধারণতঃ গভর্ণরগণ মন্ত্রিসভার পরামর্শানুসারে শাসনকার্য পরিচালনা করিবেন। কিন্তু গুরুতর প্রয়োজন হইলে তাঁহারা মন্ত্রিসভার পরামর্শ অগ্রাহ্য করিতেও পারেন। আইন-সভা মন্ত্রিগণের নীতি বা কার্য অনুমোদন না করিলে তাঁহারা পদত্যাগ করিতে বাধ্য থাকিবেন। প্রাদেশিক মন্ত্রীদের সংখ্যা আইনে নির্দিষ্ট করিয়া দেওয়া হয় নাই।

গভর্ণর ও মন্ত্রীদের দায়িত্ব ও ক্ষমতা

'ভারত-শাসন আইনে' প্রদেশসমূহেও কয়েকটি বিষয় গভর্ণরদের বিশেষ দায়িত্ব বলিয়া ধার্য করা হইল। প্রদেশের শান্তি, শৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষার জন্য গভর্ণরগণ বিশেষ ক্ষমতাবলে শাসন-সংক্রান্ত গুরুতর ব্যাপারে সহসা হস্তক্ষেপ করিতে পারিবেন। আইনসভার মত না লইয়াও গভর্ণরগণ প্রয়োজনমত 'বিশেষ আইন' (Ordinance) পাশ করিতে পারেন। আবশ্যক হইলে নির্দিষ্টকালের জন্য তাঁহারা 'জরুরী আইন'ও পাশ করিতে পারেন।

বিশেষ আইন, জরুরী আইন

প্রত্যেক প্রদেশে আইন-প্রণয়ন ও শাসন-কার্য নির্বাহ করিবার জন্য আইনসভা স্থাপিত করিবার ব্যবস্থা হইয়াছে। মাদ্রাজ, বোম্বাই, বাংলা, বিহার, যুক্তপ্রদেশ ও আসাম, এই ছয়টি প্রদেশে আইনসভার দুইটি কক্ষ (Chamber) থাকিবে। একটির নাম ব্যবস্থা-পরিষদ (Legislative Council) এবং

আইনসভা

অপরটি আইনসভা (Legislative Assembly) নামে পরিচিত হইবে। অবশিষ্ট প্রদেশগুলিতে শুধু একটি করিয়া আইনসভা (Legislative Assembly) থাকিবে। গভর্ণরের অনুমোদন অনুসারে আইনসভা আইন-প্রণয়ন ও শাসন-কার্য সম্পাদন করিবে। প্রাদেশিক আইন-সভার সভ্যগণ সকলেই নির্বাচিত হইবেন।

যুক্তরাষ্ট্র স্থাপন পরিকল্পনা ব্যর্থ

নূতন ভারত-শাসন আইনে কেন্দ্রীয় শাসন-ব্যবস্থায় জনসাধারণের হাতে প্রকৃত শাসন কর্তৃত্ব অর্পিত না হওয়ায় কংগ্রেস ইহা গ্রহণ করিতে স্বীকৃত হইল না; সুতরাং কেন্দ্রীয় শাসন ১৯১৯ খৃষ্টাব্দের শাসন আইন অনুসারেই চলিতে লাগিল, যুক্তরাষ্ট্র স্থাপিত হইল না। ১৯৩৭ খৃষ্টাব্দের ১লা এপ্রিল হইতে প্রদেশসমূহে নূতন শাসন-ব্যবস্থা কার্যকরী করা হইল।

প্রাদেশিক শাসন ও কংগ্রেস মন্ত্রিসভা

১৯৩৭ খৃষ্টাব্দের সাধারণ নির্বাচনে কংগ্রেস সাতটি প্রদেশে সংখ্যা-গরিষ্ঠতা লাভ করিল। মুসলিম লীগের প্রতিনিধিগণ কোন প্রদেশেই একক সংখ্যা-গরিষ্ঠতা লাভ করিতে পারিলেন না। নূতন শাসন-ব্যবস্থায় গভর্ণর-জেনারেল ও প্রাদেশিক গভর্ণরগণকে বিশেষ অধিকারবলে আইনসভা ও মন্ত্রিসভার কার্য নিয়ন্ত্রণ ও নাকচ করিয়া দিবার অধিকার প্রদত্ত হইয়াছিল। এজন্য কংগ্রেস প্রথমে শাসন-পরিচালনার দায়িত্ব গ্রহণ করিতে অস্বীকৃত হইল। পরে গভর্ণরগণ মন্ত্রিসভার দৈনন্দিন কার্যে হস্তক্ষেপ করিবেন না এরূপ প্রতিশ্রুতি দিলে কংগ্রেস সাতটি প্রদেশে মন্ত্রিসভা গঠন করিল। আসাম ও সিন্ধুদেশে অপর দলের সহিত যুগ্মভাবে (কোয়ালিসন) মন্ত্রিসভা গঠিত হইল। একমাত্র পঞ্জাব ও বাংলায় কংগ্রেস মন্ত্রিসভা গঠিত হইল না।

পাকিস্তান-পরিকল্পনা।—ইতিপূর্বেই বলা হইয়াছে যে, গান্ধীজীর অসহযোগ-আন্দোলন ব্যর্থ হইবার পর ভারতের নানাস্থানে হিন্দু-মুসলমানে দাঙ্গা বাধে এবং ইহার ফলে উভয় সম্প্রদায়ের মধ্যে তীব্র বিরোধ দেখা দেয়। এই সময়েই মুসলমানদের মনে পৃথক্ রাষ্ট্র-স্থাপনের কল্পনা আসে। ১৯৩০ খৃঃ অব্দে বিশ্ববিখ্যাত কবি স্যার মহম্মদ ইকবালের (১৮৭৫-১৯৩৮) নেতৃত্বে মুস্লিম লীগ পৃথক্ মুসলিম রাষ্ট্রের দাবি উত্থাপন করে।

ইকবালের পরিকল্পনায় স্বাধীন মুস্‌লিম রাষ্ট্রের কথা বলা হয় নাই অথবা পাকিস্তান নামেরও উল্লেখ নাই। কিন্তু আস্‌লাম খাঁ নামক এক ব্যক্তি গোল-টেবিল বৈঠকের সদস্যদের নিকট পৃথক্ মুস্‌লিম রাষ্ট্র দাবি করিয়া এক স্মারকলিপি পেশ করেন। 'পাকিস্তান' শব্দটি প্রথম ব্যবহার করেন পঞ্জাবের চৌধুরী রহমৎ আলী। তিনি পঞ্জাব, আফগানিয়া (উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চল), কাশ্মীর, সিন্ধু ও বেলুচিস্তান, এই পাঁচটি প্রদেশ লইয়া মুস্‌লিম রাষ্ট্র পাকিস্তান গঠনের পরিকল্পনা করেন। পরে বাংলা ও হায়দরাবাদকেও পাকিস্তানের অন্তর্ভুক্ত করিবার প্রস্তাব হয়। ১৯৩৫ খৃঃ অব্দের শাসনতন্ত্র-রচনাকালে মুস্‌লিম নেতারা স্বাধীন মুস্‌লিম রাষ্ট্রগঠনের কোন দাবি জানান নাই। এই দাবি প্রথম করেন কায়েদে আজম জিন্নাহ্ ১৯৪০ খৃঃ অব্দে লীগের লাহোর অধিবেশনে।

পাকিস্তান শব্দের উৎপত্তি



কায়েদে আজম জিন্নাহ্

স্বাধীন মুসলিম রাষ্ট্রের দাবি

ক্রীপ্‌স পরিকল্পনা।—১৯৩৯ খৃঃ অব্দে দ্বিতীয় বিশ্ব-মহাযুদ্ধ আরম্ভ হইল। বৃটিশ গভর্ণমেণ্ট ভারতের জনমত না লইয়াই ভারতবর্ষকে জার্মানীর বিরুদ্ধে যুদ্ধে নামাইলেন। কংগ্রেস বৃটিশ গভর্ণমেণ্টকে সুস্পষ্টভাবে জানাইয়া দিল যে, ভারতবর্ষে স্বাধীনতা ও গণতন্ত্র প্রতিষ্ঠিত হইবে এরূপ প্রতিশ্রুতি না পাইলে, ভারতবাসী যুদ্ধে ইংরাজদের সহিত কোন সহযোগিতা করিবে না। বৃটিশ গভর্ণমেণ্ট অদূর ভবিষ্যতে ভারতকে পূর্ণ-স্বাধীনতা দিবেন, এরূপ কোন প্রতিশ্রুতি না দেওয়ায় সর্বত্র কংগ্রেস-মন্ত্রিসভা পদত্যাগ করিলেন। মহাত্মা গান্ধী আবার সত্যাগ্রহ আন্দোলন আরম্ভ করিলেন। মিঃ জিন্না-পরিচালিত মুস্‌সিম লীগ ঐ দেশব্যাপী আন্দোলনে যোগ না দিয়া বৃটিশ সরকারের সহিত

সহযোগিতা করিতে লাগিল। এই সঙ্কটে রবীন্দ্রনাথ 'সভ্যতার সঙ্কট' লিখিয়া দেহত্যাগ করেন (১৯৪১)।

১৯৪২ খৃঃ অব্দে যুদ্ধে জার্মান-মিত্র জাপানের অত্যাশ্চর্য সাফল্যে ভীত হইয়া, বৃটিশ গভর্ণমেণ্ট কংগ্রেসের সহিত রফা করিয়া যুদ্ধে ভারতবাসীর অকুণ্ঠ সহায়তা লাভ করিবার উদ্দেশ্যে বিলাতের কেবিনেটের সদস্য স্যার ষ্ট্যাফোর্ড ক্রীপ্‌স্‌কে (Sir Stafford Cripps) এক শাসন-সংস্কার পরিকল্পনাসহ ভারতবর্ষে পাঠাইলেন। কিন্তু ক্রীপ্‌স্‌-পরিকল্পনায় অবিলম্বে ভারতকে স্বাধীনতাদানের কোন উল্লেখ ছিল না। ইহাতে ঘোষণা করা হইল যে, যুদ্ধ শেষ হইবার পর ভারতের প্রতিনিধিদের লইয়া এক শাসনতন্ত্র-রচনাকারী পরিষদ গঠন করা হইবে এবং ইহা অখণ্ড ভারতের ভবিষ্যৎ শাসনতন্ত্র রচনা করিবে। আরও বলা হইল যে, যদি দেশের কোন অংশ নূতন শাসনতন্ত্র অনুসারে ভারতীয় রাষ্ট্রে যোগদান করিতে অস্বীকৃত হয় তবে তাহাকে জোর করিয়া ভারত-যুক্তরাষ্ট্রভুক্ত করা যাইবে না। ইহা প্রকারান্তরে পাকিস্তান-স্থাপনের দাবি মানিয়া লইয়া যেন ভারতকে দ্বিখণ্ডিত রাখিয়া বৃটিশ প্রভুত্ব বজায় রাখিবার অপকৌশলমাত্র—ইহা বুঝিতে পারিয়া এবং অন্যান্য আরও কয়েকটি কারণে, কংগ্রেস ক্রীপ্‌স্‌ পরিকল্পনা গ্রহণ করিতে রাজি হইল না। আবার এই প্রস্তাবে সুস্পষ্টভাবে স্বাধীন পাকিস্তানের দাবি মানিয়া না লওয়ায় লীগও ইহা প্রত্যাখ্যান করিল।

ক্রীপ্‌স্‌ পরিকল্পনা ব্যর্থ

আগষ্ট বিপ্লব।—ক্রীপ্‌স্‌ পরিকল্পনা ব্যর্থ হইবার অব্যবহিত পরেই মহাত্মার নেতৃত্বে কংগ্রেস 'কুইট্‌ ইণ্ডিয়া' বা 'ভারত ত্যাগ কর' প্রস্তাব গ্রহণ করিয়া আবার বৃটিশ-বিরোধী চরম আন্দোলন আরম্ভ করিল। মহাত্মা গান্ধী, কংগ্রেস প্রেসিডেণ্ট মৌলানা আজাদ এবং কংগ্রেসের প্রায় সমস্ত নেতৃবৃন্দ কারারুদ্ধ হইলেন, সাধারণ মানুষ মরিয়া হইয়া বিদ্রোহে যোগ দিল। ১৯৪২-৪৩ খৃঃ অব্দে দেশে বিদ্রোহের আগুন জ্বলিয়া উঠিল। অনেক স্থানে বৃটিশ শাসনের পরিবর্তে জাতীয় শাসন প্রতিষ্ঠিত হইল। বহু প্রাণক্ষয় ও সম্পত্তি ধ্বংস হইল। এই স্বতঃস্ফূর্ত গণসংগ্রাম 'আগষ্ট বিপ্লব' নামে প্রসিদ্ধ। অতি কঠোর ও অমানুষিক অত্যাচার করিয়া বৃটিশ সরকার এই বিপ্লব দমনে অগ্রসর হইলেন।

নেতাজী ও আজাদ-হিন্দ্ সরকার।—ইতিমধ্যে তুইবার কংগ্রেস সভাপতি নেতাজী সুভাষচন্দ্র বসুর পরিচালনায় পূর্ব-এশিয়ায় 'আজাদ হিন্দ্ সরকার' ও হিন্দু-মুসলমান সৈন্য লইয়া 'আজাদ হিন্দ্ বাহিনী' গঠিত হইল (১৯৪৩-৪৪)। নেতাজীর নেতৃত্বে আজাদ হিন্দ্ বাহিনী 'দিল্লী চলো' ধ্বনি তুলিয়া ব্রহ্মদেশের মধ্য দিয়া ভারতের প্রান্তে মণিপুর রাজ্যে প্রবেশ করিল। কিন্তু জাপানের পরাজয় ও দৈব-তুর্বিপাকে নেতাজীর অভিযান ব্যর্থ হইয়া গেল। তবু আজাদ হিন্দ্ বাহিনীর শৌর্য ও আত্মত্যাগ স্বাধীনতাকামী অগণিত ভারতবাসীর মনে যে অনির্বাণ শিখা জালাইয়া দিল তাহা আর নিভিল না। ভারতে বৃটিশ সাম্রাজ্যের ভিত্তি চূর্ণ হইয়া গেল।

নেতাজীর আজাদ হিন্দ্ সরকার গঠন



নেতাজী

যুদ্ধের শেষে ১৯৪৫ খৃঃ অব্দে বড়লাট লর্ড ওয়েভেল ভারতের অচল-অবস্থা অবসানের জন্য কংগ্রেস ও লীগের নেতৃবৃন্দের সহিত আলোচনা আরম্ভ করেন। কিন্তু মিঃ জিন্নার অনমনীয় মনোভাবের জন্য কংগ্রেস ও লীগের মধ্যে কোন আপোষই সম্ভব হইল না ; সুতরাং লর্ড ওয়েভেলের চেষ্টা ব্যর্থ হইল। এই আলোচনা কালে মৌলানা আজাদ, তাহার বিরুদ্ধে মুসলিম লীগের দেশব্যাপী অতি হীন অপপ্রচার সত্ত্বেও, যেরূপ ধীর, স্থির ও দৃঢ়তার সহিত, কংগ্রেসের প্রতিনিধিরূপে, ভারতের স্বাধীন জনমত ব্যক্ত করিয়াছেন, এবং সম্প্রদায় ও ব্যক্তিবিশেষের সংকীর্ণ স্বার্থের কথা চিন্তা না করিয়া দেশের স্বার্থকেই সর্বোপরি স্থান দিয়াছেন, তাহার তুলনা কম।

ওয়েভেল প্রচেষ্টা—হিন্দু-মুসলিম অনৈক্য

এই সময় আবার আজাদ হিন্দ্ বাহিনীর সেনানায়ক ও সৈনিকদের বিচারের জন্য

দিল্লীর লাল কেল্লায় এক সামরিক আদালত বসিল। কংগ্রেস নেতৃবৃন্দ ইহাদের পক্ষ সমর্থন করিলেন। গভর্ণমেণ্ট অবশেষে ইহাদের মুক্তি দিলেন। বিচারের সময় সারা দেশে যে উদ্দীপনা ও উত্তেজনার সঞ্চার হইয়াছিল তাহার তুলনা মেলে না। ইহার পরেই বোম্বাইতে ভারতীয় নৌ-বহরে হঠাৎ বিদ্রোহ দেখা দিল। এই বিদ্রোহ প্রশমিত হইতে না হইতে সৈন্যবাহিনীর মধ্যেও অসন্তোষ ধূমায়িত হইয়া উঠিল এবং নানাস্থানে ধর্মঘট আরম্ভ হইল। দেশে আবার বিপ্লবের সম্ভাবনা দেখা দিল।

আজাদ হিন্দ্ বাহিনীর সেনা-নায়কদের বিচার—নৌ-বিদ্রোহ

মন্ত্রি-মিশন (১৯৪৬)।—দেশের অবস্থা যখন এরূপ সঙ্কটপূর্ণ অবস্থায় আসিল তখন বিলাতের শ্রমিক গবর্ণমেণ্ট ভারতবর্ষের উপর হইতে ইংরাজ-কর্তৃত্ব তুলিয়া লইবার ব্যবস্থা করিলেন। ১৯৪৬ খৃঃ অব্দে স্যার ষ্ট্যাফোর্ড ক্রীপস্, মিঃ এ. ভি. আলেকজাণ্ডার ও ভারত-সচিব লর্ড পেথিক লরেন্সকে লইয়া গঠিত বিলাতের কেবিনেটের একটি মিশন ভারতে আসিলেন। ভবিষ্যৎ শাসনতন্ত্রের কাঠামো নির্ধারণ করা এবং শাসনতন্ত্র-রচনাকারী পরিষদ-গঠনের ব্যবস্থা করাই ছিল এই মিশনের উদ্দেশ্য। মিশন ভারতীয় নেতৃবৃন্দের সহিত বহু আলাপ-আলোচনা করিয়াও সর্বদলসম্মত সিদ্ধান্তে উপনীত হইতে পারিলেন না; কংগ্রেস ও লীগের মধ্যে মতান্তর রহিয়া গেল। অবশেষে বিলাতের প্রধানমন্ত্রী এ্যাট্লী মন্ত্রি-মিশন-প্রস্তাবিত সর্বভারতীয় যুক্তরাষ্ট্র-গঠনের পরিকল্পনা ঘোষণা করিলেন। ভারতের ভাবী শাসনতন্ত্র-রচনার নিমিত্ত একটি গণপরিষদ গঠনের প্রস্তাবও এই সঙ্গে করা হয়। আরও স্থির হয় যে, যতদিন নূতন শাসনতন্ত্র রচিত হইয়া কার্যকরী না হয় ততদিন ভারতের নেতৃবর্গকে লইয়া একটি অন্তর্বর্তী সরকার গঠন করা হইবে এবং ইহা ভারতের শাসন-কার্য পরিচালনা করিবে।

মন্ত্রি মিশনের কার্য

এ্যাট্লীর ঘোষণা

নূতন গণপরিষদের নির্বাচনে কংগ্রেস সংখ্যা-গরিষ্ঠতা লাভ করিলে লীগ মন্ত্রি-মিশনের প্রস্তাব গ্রহণ করিতে অসম্মত হইয়া গণপরিষদ বর্জন করিল। কংগ্রেস অন্তর্বর্তী সরকার গঠনের প্রস্তাব গ্রহণ করিয়া ১৯৪৬ খৃঃ অব্দের ২রা সেপ্টেম্বর পণ্ডিত নেহরুর নেতৃত্বে কেন্দ্রীয় গবর্ণমেণ্ট পরিচালনার দায়িত্ব গ্রহণ করিল। পরে মুস্লিম লীগ অন্তর্বর্তী সরকারে যোগদান করিল

কংগ্রেস কর্তৃক অন্তর্বর্তী সরকার গঠন—লীগের গণ-পরিষদ বর্জন

বটে, কিন্তু কংগ্রেসের সহিত ইহার কোন আপোষ-মীমাংসা হইল না। ইতিমধ্যে লর্ড ওয়েভেল পদত্যাগ করিলে লর্ড মাউণ্ট-ব্যাটেন ১৯৪৭ খৃঃ মার্চ মাসে কার্যভার গ্রহণ করিয়া নির্ভীকভাবে ভারতবর্ষের সমস্যা-সমাধানে অগ্রসর হইলেন। কংগ্রেস ও মুস্‌লিম লীগের মধ্যে বিবাদের কোনই আপোষ-মীমাংসা সম্ভব নহে বুঝিতে পারিয়া তিনি ৩রা জুন তারিখে বৃটিশ গভর্ণমেণ্টের সম্মতিক্রমে ভারত-বিভাগ সিদ্ধান্ত ঘোষণা করিলেন। কংগ্রেস ও মুস্‌লিম লীগ এই সিদ্ধান্ত গ্রহণে সম্মত হইল। এই ঘোষণা অনুযায়ী ভারত-বর্ষকে দ্বিখণ্ডিত করিয়া ভারত (ইণ্ডিয়া) ও পাকিস্তান নামক দুইটি স্বাধীন রাষ্ট্র স্থাপিত করা হইবে স্থির হইল।

ভারত বিভাগ প্রস্তাব



লর্ড মাউণ্টব্যাটেন

স্বাধীনতা লাভ।—১৯৪৭ খৃঃ অব্দে জুলাই মাসে বৃটিশ পার্লামেণ্ট ভারত স্বাধীনতা-সম্পর্কীয় আইন (Indian Independence Act) পাশ করিয়া ঘোষণা করিলেন যে, ১৫ই আগষ্ট (১৯৪৭) বৃটিশ সরকার ভারত ও পাকিস্তানের নিকট ক্ষমতা হস্তান্তর করিবেন। এই নির্ধারণ অনুসারে ১৫ই আগষ্ট তারিখে সমগ্র দেশব্যাপী অভূতপূর্ব আনন্দ ও উৎসবের মধ্যে ভারত ও পাকিস্তান দুইটি পৃথক্ দেশ বা ডোমিনিয়ন (Dominion) স্বাধীন রাষ্ট্ররূপে কার্য আরম্ভ



শ্রীজওহরলাল নেহরু

করিল। পশ্চিম-পঞ্জাব, সিন্ধু, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ, বেলুচিস্তান, পূর্ববঙ্গ ও আসামের শিলেট প্রভৃতি অংশ পাকিস্তান রাষ্ট্রের অন্তর্ভুক্ত হইল এবং ভারতবর্ষের অবশিষ্ট বৃহত্তর অংশ ইণ্ডিয়া অথবা ভারত নামে পরিচিত হইল। লর্ড মাউণ্টব্যাটেন ভারত ডোমিনিয়নের প্রথম নির্বাচিত গভর্ণর-জেনারেল পদে নিযুক্ত হইলেন এবং পণ্ডিত জওহরলাল নেহরু স্বাধীন ভারতের প্রথম প্রধান-মন্ত্রী নির্বাচিত হইলেন। মিঃ জিন্নাও পাকিস্তানের গভর্ণর-জেনারেলরূপে কার্যভার গ্রহণ করিলেন।

দেশীয় রাজ্যের অন্তর্ভুক্তি

পূর্ব-পরিকল্পনা অনুযায়ী ১৫ই আগষ্টের মধ্যেই, কাশ্মীর, হায়দরাবাদ, প্রভৃতি কতিপয় দেশীয় রাজ্য ব্যতীত, অপর সকল দেশীয় রাজ্যই ভারত অথবা পাকিস্তানের সহিত যোগদান করিবার অভিপ্রায় জ্ঞাপন করিল এবং এই দুইটি রাষ্ট্রের অন্তর্ভুক্ত হইয়া গেল।

হিন্দু মুসলমান সংঘর্ষ

ক্ষমতা হস্তান্তরের পূর্বেই পঞ্জাব, সিন্ধু ও উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে এবং বাংলায় হিন্দু ও মুসলমানের মধ্যে সাম্প্রদায়িক দাঙ্গা অতি তীব্র আকারে দেখা দিল। এই দাঙ্গার ফলে হাজার হাজার নরনারী অতি নিষ্ঠুরভাবে নিহত হইল এবং বহু লক্ষ হিন্দু-মুসলমান সর্বস্বান্ত হইয়া যথাক্রমে ভারত ও পাকিস্তানে আশ্রয় লইতে বাধ্য হইল। রাষ্ট্র স্থাপিত হইবার সঙ্গে সঙ্গেই এই 'শরণাগত সমস্যা' (Refugee Problem) উভয় রাষ্ট্রের অর্থনৈতিক ব্যবস্থা বিপন্ন করিয়া তুলিল এবং ইহাদের মধ্যে মৈত্রীর সম্বন্ধ স্থাপনে দুর্লজ্ঘ্য বাধা সৃষ্টি করিল। এই সমস্যার সুমীমাংসা এখনও সম্ভবপর হয় নাই। ইহার ফলে ভারত ও পাকিস্তানের মধ্যে পরস্পর সন্দেহ ও বিদ্বেষ বৃদ্ধি পাইয়াছে।

কাশ্মীর ও হায়দরাবাদ সমস্যা।—কাশ্মীর ও হায়দরাবাদ সমস্যাকে উপলক্ষ্য করিয়াও ভারত ও পাকিস্তানের মধ্যে গোলযোগ দেখা দিল। ১৯৪৭ খৃঃ অব্দের শেষভাগে সীমান্ত অঞ্চলের কয়েকটি উপজাতি, পাকিস্তানের প্ররোচনা ও সহযোগিতায়, সহসা আক্রমণ চালাইয়া কাশ্মীর অধিকার করিয়া পাকিস্তানের অন্তর্ভুক্ত করিবার চেষ্টা করে। বিপন্ন কাশ্মীর সরকার তখন নিরুপায় হইয়া ভারতের সহিত যোগদান করিবার অভিপ্রায় জ্ঞাপন করে এবং ভারত গভর্ণমেণ্টের নিকট সামরিক সাহায্যের নিমিত্ত আবেদন জানায়। ভারত গভর্ণমেণ্ট দ্রুত সৈন্য প্রেরণ

কাশ্মীর যুদ্ধ

করিয়া কাশ্মীরকে আসন্ন বিপদ হইতে রক্ষা করিতে সমর্থ হইয়াছেন। কিন্তু এখনও কাশ্মীরের কিছু অংশ আক্রমণকারীদের হাতে রহিয়াছে। পণ্ডিত নেহরু কাশ্মীর-সমস্যার শান্তিপূর্ণ মীমাংসার নিমিত্ত সম্মিলিত জাতিপুঞ্জ প্রতিষ্ঠানে (U.N.O.) আবেদন করিয়াছেন। কিন্তু এখনও এ সমস্যার সমাধান হয় নাই।

হায়দরাবাদের ভারতভুক্তি

হায়দরাবাদেও এই সময় গোলযোগ চলিতে থাকে। কাশিম রাজভি নামক এক ব্যক্তির নেতৃত্বে একদল কুচক্রী নিজামের অধীনে হায়দরাবাদে একটি স্বাধীন মুস্‌লিম রাজ্য প্রতিষ্ঠার উদ্যোগ করে। শান্তিপূর্ণভাবে নিজামের সহিত হায়দরাবাদ-সংক্রান্ত প্রশ্নের মীমাংসা করিতে অক্ষম হইয়া অবশেষে ১৯৪৮ খৃঃ অব্দের সেপ্টেম্বর মাসে ভারত গভর্ণমেণ্ট হায়দরাবাদে এক সামরিক অভিযান প্রেরণ করিতে বাধ্য হন। সহজেই নিজাম রাজ্য অধিকৃত হইল এবং নিজাম আত্মসমর্পণ করিলেন।

মহাত্মা গান্ধীর মৃত্যু।—১৯৪৮ খৃঃ অব্দের ৩০শে জানুয়ারী বর্তমান জগতের শ্রেষ্ঠ-মানব, জাতির জনক, শান্তিব্রতী, মহাত্মা গান্ধী দিল্লীতে আততায়ীর হস্তে প্রাণ বিসর্জন দেন। জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত তিনি কেবলমাত্র ভারতবাসীর নয় সমগ্র মানব জাতির কল্যাণ-কামনায় ব্রতী ছিলেন। তাঁহার এই আকস্মিক মৃত্যুতে ভারত তথা সমগ্র বিশ্বের অপূরণীয় ক্ষতি হইয়াছে।



ডক্টর রাজেন্দ্রপ্রসাদ

১৯৪৮ খৃঃ অব্দের জুন মাসে লর্ড মাউণ্টব্যাটেন পদত্যাগ করিলে সু-বিখ্যাত ও জনপ্রিয় কংগ্রেস-নেতা শ্রীরাজাগোপালাচারী গভর্ণর-জেনারেল পদে উন্নীত হন। ১৯৪৬ খৃষ্টাব্দে শাসনতন্ত্র রচনা করিবার জন্য যে গণপরিষদ স্থাপিত হইয়াছিল তাহা শাসনতন্ত্র রচনার কার্য সমাপ্ত করিলে, ১৯৫০ খৃঃ অব্দের ২৬শে জানুয়ারী ভারতবর্ষকে স্বাধীন, সার্বভৌম, প্রজাতন্ত্র রাষ্ট্র বলিয়া

ঘোষণা করা হইল। দেশবরেণ্য নেতা রাজেন্দ্রপ্রসাদ ভারতের প্রথম রাষ্ট্রপতি (প্রেসিডেন্ট) নির্বাচিত হইয়াছেন। স্বাধীনতা লাভের পরে সমস্ত বিশ্বে ভারতের মর্যাদা বৃদ্ধি পাইয়াছে।

স্বাধীন ভারত রাষ্ট্র

প্রশ্নাবলী

১। ১৯১৯ ও ১৯৩৫ খৃষ্টাব্দের ভারত শাসন আইনের সংক্ষিপ্ত বিবরণ দাও।

২। মর্লে-মিন্টো সংস্কারের সময় হইতে মণ্টেগু-চেম্‌সফোর্ড শাসন সংস্কার প্রবর্তিত হইবার কাল পর্যন্ত ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাস সংক্ষেপে বর্ণনা কর।

৩। মহাত্মা গান্ধীর সত্যাগ্রহ নীতি সম্বন্ধে কি জান? এই নীতি ভারতকে স্বাধীনতার লক্ষ্যে লইয়া যাইতে কতদূর কার্যকরী হইয়াছিল?

৪। হিন্দু-মুসলমান বিরোধের কারণ নির্দেশ কর। কংগ্রেস এই বিরোধ মীমাংসা করিবার উদ্দেশ্যে কি কি উপায় গ্রহণ করিয়াছে? ইহার অসাফল্যের কারণ কি?

৫। বঙ্গ-বিভাগ হইতে ভারত বিভাগ পর্যন্ত (১৯৪৭) ঘটনাবলী সংক্ষেপে বর্ণনা কর।

৬। ইহাদের সম্বন্ধে কি জান?—অসহযোগ আন্দোলন, কংগ্রেস-লীগ চুক্তি (১৯১৬), চৌরি-চৌরা, মণ্টেগু-চেম্‌সফোর্ড সংস্কার, খিলাফৎ আন্দোলন, রাওলাট আইন, জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড, স্বরাজ্যদল, পাকিস্তান পরিকল্পনা, সাইমন কমিশন, ক্রীপ্‌স্‌ পরিকল্পনা, গোলটেবিল বৈঠক, আইন-অমান্য আন্দোলন, নেতাজী ও আজাদ হিন্দ্‌ ফৌজ, মন্ত্রি-মিশন (১৯৪৬), নেহরু রিপোর্ট, মিঃ জিন্নার চৌদ্দ দফা সর্ত, আগষ্ট বিপ্লব, কাশ্মীর ও হায়দরাবাদ সমস্যা।

৭। ভারতের স্বাধীনতা আন্দোলনে ইহারা কি অংশ গ্রহণ করিয়াছিলেন? তিলক, বিপিনচন্দ্র পাল, লাজপত রায়, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, দাদাভাই নৌরজী, দেশবন্ধু চিত্তরঞ্জন, রবীন্দ্রনাথ ঠাকুর, নেতাজী সুভাষচন্দ্র, মৌলানা আজাদ, জওহরলাল নেহরু, মহাত্মা গান্ধী।

চতুস্ত্রিংশ অধ্যায়

উনবিংশ শতকের শেষার্ধ হইতে বিংশ শতকের প্রথমার্ধ পর্যন্ত বৃটিশ-শাসনে ভারতের প্রগতি

(Progress of India under British Rule from the last part of the 19th Century to the 1st part of the 20th Century)

ভূমিকা।—ইংরাজ এবং অপরাপর পাশ্চাত্ত্য জাতি এদেশে বাণিজ্যের সূত্রপাত ও শাসন প্রতিষ্ঠিত করিবার সঙ্গে সঙ্গে আমাদের দেশে এক নূতন যুগের সূচনা করিয়াছে। জ্ঞান-বিজ্ঞান এবং প্রবল মনন ও কর্মশক্তিতে অগ্রসর ইউরোপীয় সভ্যতার সংস্পর্শে আসিয়া কুসংস্কারাচ্ছন্ন ভারত দীর্ঘকালের তমিস্রার আবরণ ভেদ করিয়া নূতন চেতনা ও উত্তম লইয়া বাহির হইয়া আসিল। কর্মিষ্ঠ পাশ্চাত্ত্য সভ্যতার প্রভাবে ভারতীয় মনে এরূপ আলোড়নের সৃষ্টি করিল যে,তাহার ফলে ভারতের অচলায়তন ধর্ম ও সমাজব্যবস্থা যেন ভাঙ্গিয়া পড়িল এবং ভারতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে এক অভাবনীয় পরিবর্তনের সূচনা হইল। এই পরিবর্তনের গতি এখনও অব্যাহত আছে। প্রাচীন ভারতের বুকে নবীন ইউরোপের অধিষ্ঠান ইতিহাসের এক বিস্ময়কর অধ্যায়।

ইংরাজ শাসকগণ শাসনভার গ্রহণ করিয়া এদেশের শিক্ষা, স্বাস্থ্য, বাণিজ্য ও কৃষি প্রভৃতি সকল বিষয়েই আধুনিক বৈজ্ঞানিক-পদ্ধতি প্রয়োগে কিছু উন্নতির ব্যবস্থা করিয়াছেন ইহা স্বীকার না করিয়া পারা যায় না। এই সময় নানাবিধ সংস্কার-মূলক আইন রচনা করিয়া সমাজ হইতেও নানা কুপ্রথা তাঁহারা দূর করিয়াছেন।

শিক্ষার উন্নতি।—এদেশের শাসনভার গ্রহণ করিবার বহুকাল পরেও দেশবাসীর শিক্ষার উৎকর্ষ বিধানের জন্য ইংরাজ কর্তৃপক্ষ কোন দৃষ্টি দেন নাই। তবে প্রাচ্য ও পাশ্চাত্ত্য, এই দুই সভ্যতার অবাধ সংমিশ্রণের ফলে দেশে পাশ্চাত্ত্য শিক্ষার বিকাশ অনিবার্য কারণেই আরম্ভ হইয়াছে। ওয়ারেণ হেষ্টিংসের শাসনকালে এদেশের অধিবাসী-

দের মধ্যে শিক্ষা বিস্তারের নিমিত্ত সামান্য কিছু চেষ্টা আরম্ভ হয়। ঊনবিংশ শতাব্দীর প্রথম ভাগে রাজা রামমোহন রায়, এবং মনীষী ডেভিড হেয়ার, মেকলে প্রভৃতির চেষ্টায় ভারতবাসীকে পাশ্চাত্য ভাষা, সাহিত্য ও বিজ্ঞান প্রভৃতি শিক্ষাদানের ব্যবস্থা করা হয় এবং এজন্য সরকারী অর্থ নির্দিষ্ট করা হয়। সিপাহী-বিদ্রোহের পূর্বেই পাশ্চাত্য শিক্ষা এদেশে অনেক প্রসারলাভ করে এবং কলিকাতা, বোম্বাই ও মাদ্রাজে তিনটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ডালহৌসী শিক্ষা বিভাগের সংস্কারসাধন করেন এবং শিক্ষার জন্য সরকারী সাহায্যদানের ব্যবস্থা করেন।

ইংরাজ-শাসনের প্রাথমিক যুগে শিক্ষার অবস্থা

সিপাহী বিদ্রোহের পরবর্তী যুগে এদেশে শিক্ষা বিস্তার-কল্পে নানাবিধ উপায় গ্রহণ করা হয় এবং ইহার ফলে পাশ্চাত্য শিক্ষা ও সংস্কৃতি ভারতে দ্রুত প্রসার লাভ করে। ১৮৮৪ খৃঃ অব্দে লর্ড রিপন প্রাথমিক শিক্ষা এবং অনুন্নত সম্প্রদায়ের মধ্যে শিক্ষার প্রসারের জন্য হাণ্টার কমিশন নিযুক্ত করেন। এই সকল ব্যবস্থার ফলে সাধারণের মধ্যেও শিক্ষার প্রসার আরম্ভ হয়। লর্ড কার্জন এক নূতন আইন দ্বারা বিশ্ববিদ্যালয়গুলির নিয়ন্ত্রণ ও সংস্কার করেন। ১৯০১ খৃষ্টাব্দে ভারতের প্রাচীন কীর্তিসমূহ আবিষ্কার ও রক্ষাকল্পে 'প্রত্নতত্ত্ব-বিভাগ' প্রতিষ্ঠাও তাঁহার শাসনকালের স্মরণীয় কীর্তি। ইহার ফলে ঐতিহাসিক গবেষণার পথ সুগম হইয়াছে। এই সময়ে 'ইম্পিরিয়াল লাইব্রেরী' (বর্তমান নাম "ন্যাশনাল লাইব্রেরী") নামক কেন্দ্রীয় পুস্তকাগার কলিকাতায় স্থাপিত হয়। ১৯১৭ খৃঃ অব্দে লর্ড চেম্‌স্‌ফোর্ডের শাসনকালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সংস্কারের জন্য স্যাড্‌লার কমিশন নিযুক্ত হয়। ইহার প্রদত্ত রিপোর্ট অনুসারে ভারতের কয়েকটি প্রদেশে শিক্ষা-সংস্কার সাধিত হইয়াছে। ১৯১৯ খৃঃ অব্দের মণ্টেগু-চেম্‌স্‌ফোর্ড সংস্কারের ফলে শিক্ষা-বিভাগের ভার দেশীয় মন্ত্রীর হস্তে ন্যস্ত হইয়াছিল। ১৯৩৫ খৃঃ অব্দের নূতন 'ভারত-শাসন আইন' অনুসারেও শিক্ষা-বিভাগের ভার দেশীয় মন্ত্রীর হস্তেই অর্পিত হয় এবং কয়েকটি প্রদেশে প্রাথমিক (Primary) শিক্ষা বাধ্যতামূলক করা হইয়াছিল। এই দীর্ঘকালের মধ্যে ভারতে বহু বিশ্ববিদ্যালয় স্থাপিত হয় এবং মহাত্মাজী বুনিয়াদী শিক্ষা সুরু করেন (১৯৩৮)।

শিক্ষাবিস্তারের ইতিহাস—(১৮৮৪)

(১৯০১)

(১৯১৯)

(১৯৩৫)

শিক্ষা-বিভাগের কার্য পর্যবেক্ষণের জন্য প্রাদেশিক শিক্ষা-মন্ত্রীর অধীনে 'ডিরেক্টর অব পাব্লিক ইন্‌সট্রাক্‌শন' (Director of Public Instruction) নামে একজন উচ্চপদস্থ কর্মচারী ছিলেন। তিনি তাঁহার বিভাগীয় কর্মচারিগণের সাহায্যে মাধ্যমিক (Secondary) শিক্ষা-বিভাগের কার্য পরিচালন ও নিয়ন্ত্রণ করেন।

জ্ঞানের তারতম্য অনুসারে শিক্ষাকে কয়েকটি শ্রেণীতে বিভক্ত করা যায়।

প্রাইমারী শিক্ষা

পাঠশালা ও প্রাইমারী বিদ্যালয়সমূহে মাতৃভাষা, অঙ্ক, ভূগোল, ইতিহাস, প্রভৃতি সাধারণভাবে শিক্ষা দেওয়া হয়। ইহাই প্রাথমিক শিক্ষা। তারপর মধ্য-বাঙ্গালা, মধ্য-ইংরেজী ও উচ্চ-ইংরেজী বিদ্যালয়ে মাধ্যমিক শিক্ষা শেষ করা হয়, এবং প্রবেশিকা শ্রেণীতে উঠিয়া এবং পরীক্ষায় উত্তীর্ণ হইয়া তরুণ শিক্ষার্থিগণ বিশ্ববিদ্যালয়ের দ্বারে উপনীত হয়। বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত কলেজসমূহে উচ্চশিক্ষা দান করা হয়। কলেজ ও অন্যান্য বিদ্যালয়গুলিতে যৎসামান্য সরকারী সাহায্যদানের ব্যবস্থা করা হয়। সংস্কৃত, আরবী, ফারসী প্রভৃতি প্রাচ্য-বিদ্যা শিক্ষার জন্য দেশের নানাস্থানে টোল, মক্তব ও মাদ্রাসা স্থাপিত হইয়াছিল। চিকিৎসা-বিদ্যা, কৃষি, শিল্প, বাণিজ্য ও আইন, প্রভৃতি বিভিন্ন বিষয় শিক্ষার জন্যও বিশেষ বিশেষ বিদ্যালয় প্রতিষ্ঠিত হইয়াছে; কিন্তু এত বড় দেশের তুলনায় তাহাদের সংখ্যা নিতান্ত অল্প। চারুশিল্প ও চিত্রবিদ্যা শিক্ষার কিছু ব্যবস্থাও করা হইয়াছে। এই সকল বিদ্যালয়ের মধ্যে কতকগুলি সরকারী ও বেশীর ভাগই বে-সরকারী। ইহা ব্যতীত সামরিক শিক্ষার জন্য দেরাদুনে একটি সামরিক বিদ্যালয় স্থাপিত হইয়াছিল এবং ক্রমশঃ নৌ-যুদ্ধ ও বিমান-যুদ্ধ শিক্ষারও আয়োজন করা হয়। উপযুক্ত শিক্ষক ও শিক্ষয়িত্রী না থাকিলে শিক্ষাদান-কার্যে বহু ত্রুটি থাকে, সেজন্য ট্রেনিং কলেজ ও নর্ম্যাল স্কুল স্থানে স্থানে প্রতিষ্ঠিত হইয়াছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

স্ত্রী-শিক্ষা বিস্তারের প্রয়োজনীয়তাও গভর্ণমেণ্ট ক্রমশঃ উপলব্ধি করিয়াছেন।

স্ত্রী-শিক্ষা

মেয়েদের জন্য কয়েকটি কলেজ ও স্কুল স্থাপিত হয়। প্রায় ১০০ বৎসর পূর্বে নারীশিক্ষাব্রতী মহাত্মা Bethune সাহেবের নামে বেথুন কলেজ কলিকাতায় স্থাপিত (১৮৪৯) হয়। নারীদের প্রথম বিশ্ববিদ্যালয়, এই শতাব্দীর প্রথমভাগে, মহামতি কার্ভের (Karve) প্রচেষ্টায় পুণা সহরে প্রতিষ্ঠিত হয়।

নানা বিষয়ে জ্ঞানের প্রসারকল্পে এবং গবেষণার স্থবিধার জন্য প্রাদেশিক লাইব্রেরী, মিউজিয়ম ও পশুশালা প্রতিষ্ঠিত হইয়াছে। এই প্রতিষ্ঠানগুলি সম্পূর্ণ বা আংশিকভাবে সরকারী ব্যয়ে পরিচালিত হয়। ইহা ব্যতীত মেধাবী শিক্ষার্থিগণকে উৎসাহ দিবার জন্য এবং বিলাতে পাঠাইয়া বিশেষজ্ঞ করার জন্য সরকারী বৃত্তিদানের ব্যবস্থা করা হইয়াছে।

গবেষণাদি

ভারতবর্ষে অনেকগুলি বিশ্ববিদ্যালয় আছে। তাহাতে নিয়মিত পরীক্ষা গ্রহণের পর বিদ্যার্থীকে ডিগ্রী দেওয়া হয়। পুণায় মহিলা বিশ্ববিদ্যালয় আছে, তাহা ছাড়া রবীন্দ্রনাথ ঠাকুর প্রতিষ্ঠিত শান্তিনিকেতন বিশ্বভারতী ও স্বামী শ্রদ্ধানন্দ স্থাপিত গুরুকুলও জাতীয় বিশ্ববিদ্যালয়ের পর্যায়ে পড়ে।

সাহিত্য ও সংস্কৃতির বিকাশ।—উনবিংশ শতাব্দী বাংলা তথা ভারতের নব-জাগৃতির যুগ। এই যুগে জাতীয় স্বাধীনতা আন্দোলন ভারতবাসীর মধ্যে যে চেতনা ও উদ্দীপনার দুর্বার স্রোত প্রবাহিত করিয়াছিল তাহা ভারতবাসীর মনোভূমিকেও নূতন প্রাণরসে সঞ্জীবিত করে এবং জ্ঞানের রুদ্ধ দুয়ার মুক্ত করিয়া শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে এক অভাবনীয় পরিবর্তনের সূচনা করিল। বাংলা দেশেই এই পরিবর্তন প্রথম দেখা দিয়াছিল। রামমোহন ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের চেষ্টায় বাংলাভাষা ও সাহিত্যের যে বিকাশ স্থরু হয় পরবর্তী যুগে এই ধারাটি শুধু অব্যাহতই রহিল না বরং একদল অতি শক্তিশালী লেখকের সতেজ লেখনী ও উদার দৃষ্টিভঙ্গী ইহাকে আরও বেগবান ও পুষ্ট করিয়া তুলিল। উনবিংশ শতাব্দীতে যে সকল মনীষীর আবির্ভাবে বাংলা ভাষা ও সাহিত্যের চরম উৎকর্ষ লাভ ঘটিয়াছিল। তাঁহাদের মধ্যে রাজনারায়ণ বসু, অক্ষয়কুমার দত্ত, রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, ভূদেব মুখোপাধ্যায়, স্বামী বিবেকানন্দ, নবীন চন্দ্র সেন, হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, দীনবন্ধু মিত্র, মাইকেল মধুসূদন দত্ত, গিরিশ চন্দ্র ঘোষ, দ্বিজেন্দ্র লাল রায়, ও বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর প্রভৃতির নাম বিশেষ উল্লেখযোগ্য। এযুগের সাহিত্যে ধ্বনিত হইয়াছিল স্বাদেশিকতার বাণী—দেশমাতৃকার বেদিমূলে সর্বস্ব ত্যাগের আহ্বান। জাতীয় স্বাধীনতা আন্দোলনকে সাফল্যের পথে পরিচালিত করিতে ইহাদের দানের কোন পরিমাপ করা যায় না। বঙ্কিমচন্দ্রের "বন্দেমাতরম্"

বাংলার লেখকগোষ্ঠী

মন্ত্র স্বাধীনতা যুদ্ধের জাতীয় অস্ত্ররূপে পরিণত হইয়াছিল। শ্রীঅরবিন্দ তাঁর 'ভবানী মন্দির' লিখিয়া নূতন যুগের সূচনা করেন। রবীন্দ্রনাথ তাঁহার অজস্র কবিতা, গান ও প্রবন্ধে দেশপ্রেমিকদের মনে কেবলমাত্র প্রেরণা দান করেন নাই, ইহার দ্বারা তিনি বাংলা সমাজ, ভাষা ও সাহিত্যকে অপূর্ব সম্পদ, শ্রী ও সুষমায় মণ্ডিত করিয়াছেন।

বাংলায় যে জাগৃতির সূচনা হয় ভারতের বিভিন্ন প্রদেশে ঊনবিংশ শতকের শেষে এবং বিংশ শতাব্দীতে তাহার প্রভাব ছড়াইয়া পড়ে। এই সময় ভারতের বিভিন্ন আঞ্চলিক ভাষা ও সাহিত্য পূর্ণতা লাভের দিকে অগ্রসর হইতে থাকে। তেলেগু, তামিল, মারাঠি, গুজরাটি, হিন্দী, উর্দ্দু ও উড়িয়া প্রভৃতি ভাষা প্রাণবন্ত হইয়া উঠে এবং এই সকল ভাষায় উচ্চাঙ্গ সাহিত্য রচিত হইতে লাগিল।

ভারতের আঞ্চলিক সাহিত্য

কলাশিল্প।—মুঘল যুগে মুঘল, রাজপুত ও কাংড়া চিত্রকলা বিশেষ প্রসিদ্ধিলাভ করে। মুঘল সাম্রাজ্য পতনের যুগে জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে যে অবসাদ ও অধঃপতন দেখা যায় তাহা সুকুমার শিল্পকলার ক্ষেত্রেও পরিলক্ষিত হয়। অষ্টাদশ এবং ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধ পর্যন্ত ভারতীয় চিত্রকলা তাহার স্বকীয় বৈশিষ্ট্য হারাইয়া স্তিমিত হইয়া পড়ে। কিন্তু ঊনবিংশ শতাব্দীর শেষার্ধে নব জাগরণের উদ্দীপনায় সাহিত্যের সঙ্গে সঙ্গে ভারতীয় চিত্র শিল্পেরও অরুণোদয় হইল। প্রখ্যাত শিল্পী অবনীন্দ্রনাথ ঠাকুরের নিপুণ তুলিকায় ভারতীয় চিত্রকলা যেন নূতন করিয়া জন্মলাভ করিল। তিনি ও তাঁহার শিষ্যেরা ভারতীয় চিত্র শিল্পে এক নূতন রীতির প্রবর্তন করিলেন।

অবনীন্দ্রনাথ ঠাকুর

চিত্র শিল্পের ন্যায় নাট্য, সঙ্গীত ও নৃত্যেরও বিকাশ ঘটিল। প্রতিভাবান শিল্পী উদয়শংকর প্রাচীন ভারতীয় নৃত্যকলা পুনরুজ্জীবিত করিয়া এবং ইহাতে যুগোপযোগী পরিবর্তন সাধন করিয়া পরিবেশন করিলেন। নৃত্যকলায় তিনি যে অনবদ্য সৌন্দর্য সৃষ্টি করিলেন তাহা ভারতীয় মনে গভীর রেখাপাত করিল এবং জনসাধারণের সম্মুখে এক নূতন জগৎ উদ্‌ঘাটিত করিল। তখন হইতে পুরাতন যুগের কথাকলি, কথক, ভারত নৃত্য ও নাটকাদির অনুশীলন পুনরায় আরম্ভ হইল।

উদয়শংকর

স্বাস্থ্যরক্ষা।—দেশবাসীর স্বাস্থ্যরক্ষার জন্য বৃটিশ গভর্ণমেণ্ট নানাবিধ ব্যবস্থা অবলম্বন করিয়াছেন। পাব্লিক হেল্‌থ ডিপার্টমেণ্ট বা জনস্বাস্থ্য-বিভাগের ভার প্রত্যেক প্রদেশে একজন মন্ত্রীর হস্তে অর্পণ করা হইয়াছে। ম্যালেরিয়া, টাইফয়েড, যক্ষ্মা, কলেরা, বসন্ত প্রভৃতি সংক্রামক ব্যাধির নিবারণকল্পে নানা উপায় অবলম্বন করা হইয়াছে। রোগ-চিকিৎসা ও মহামারী নিবারণের জন্য চিকিৎসালয় ও হাসপাতাল প্রভৃতি দেশের নানাস্থানে স্থাপিত হইয়াছে, যদিও সংখ্যায় তাহা খুবই কম। প্রধানতঃ জেলাবোর্ড, মিউনিসিপ্যালিটি প্রভৃতি জাতীয় স্বায়ত্তশাসন-মূলক প্রতিষ্ঠানগুলির তত্ত্বাবধানেই স্বাস্থ্য-রক্ষার ব্যবস্থা করা হয়; কিন্তু ইহাদের হাতে উপযুক্ত টাকা দেওয়া হয় নাই। এই সকল প্রতিষ্ঠান গভর্ণমেণ্ট হইতে সামান্য কিছু অর্থ সাহায্য লাভ করে। সরকারী স্বাস্থ্য-পরিদর্শকগণ জেলাবোর্ড ও মিউনিসিপ্যালিটির কার্যের তত্ত্বাবধান করেন। গভর্ণমেণ্ট-প্রতিষ্ঠিত গবেষণাগারে রোগের কারণানুসন্ধান ও তাহার প্রতিকারের চেষ্টা চলে। খাদ্যপরীক্ষাগার-সমূহে পুষ্টিকর খাদ্যদ্রব্য নির্ণয়ের ব্যবস্থা আছে। কিন্তু খাদ্যাভাবে লক্ষ লক্ষ মানুষ প্রতি বৎসর মরিতেছে। কুষ্ঠাশ্রম, উন্মাদাগার, পশু-চিকিৎসালয়, প্রভৃতি কোন কোন স্থানে আছে। পশুদের রোগ-নিবারণ ও উন্নতির জন্য গবেষণার ব্যবস্থাও করা হইতেছে।

স্বাস্থ্য বিভাগ

জেলাবোর্ড, মিউনিসিপ্যালিটি প্রভৃতির কার্য

অর্থনৈতিক উন্নতির ব্যবস্থা।—ভারতের অধিকাংশ লোকই অতি দরিদ্র কৃষিজীবী। সুতরাং দেশের দারিদ্র্য দূর করিবার প্রধান উপায় কৃষির উন্নতিসাধন। লর্ড লিন্‌লিথগো Royal Agricultural Commission-এর সভাপতি হিসাবে এবিষয়ে কিছু উন্নতির নির্দেশ দিয়াছেন। কৃষি-সম্বন্ধে গবেষণার জন্য দিল্লীতে একটি কৃষি-পরিষদ (Imperial Council of Agricultural Research) স্থাপিত হইয়াছিল। আধুনিক প্রণালীতে কৃষি-বিদ্যা শিক্ষা দিবার জন্য কয়েকটি কৃষি-বিদ্যালয় প্রতিষ্ঠিত হইয়াছে। প্রত্যেক প্রদেশে একটি করিয়া কৃষিবিভাগও গঠিত হইয়াছে এবং এই বিভাগের ভার একজন মন্ত্রীর হস্তে অর্পণ করা হইয়াছে। গভর্ণমেণ্টের সেচবিভাগ (Irrigation Department) হইতে কূপ প্রভৃতি খনন ও খাল

কৃষি গবেষণাগার

কাটার আয়োজন করিয়া কৃষিক্ষেত্রে জল সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে।

সেচব্যবস্থা ও কৃষি সমবায় সমিতি

কৃষকদিগের মধ্যে উৎকৃষ্ট বীজ সরবরাহ করিয়া, কৃষি-ব্যাঙ্ক ও সমবায়-সমিতি স্থাপিত করিয়া এবং অন্য নানাবিধ উপায় অবলম্বন করিয়া কৃষির ও দরিদ্র কৃষকদিগের অবস্থার উন্নতির চেষ্টা করা হইয়াছে।

শিল্প-বিদ্যালয়

দেশের শিল্প-বাণিজ্যের উন্নতি সাধনেও কিছু চেষ্টা হয়, কিন্তু তাহাতে দেশী অপেক্ষা বিদেশী বণিকেরাই বেশী লাভ করিয়াছে। জনসাধারণের শিল্প-শিক্ষার সুবিধার জন্য শিল্প-বিদ্যালয় অতি অল্পই স্থাপিত হইয়াছে। শিল্প-প্রদর্শনী প্রভৃতি দ্বারা শিল্প-প্রসারের এবং শিল্পিগণের উৎসাহবর্ধনের ব্যবস্থাও অনেক বেশী করা উচিত ছিল। প্রত্যেক প্রদেশে একটি করিয়া শিল্প ও বাণিজ্য বিভাগ (Department of Industry and Commerce) স্থাপন করা হইয়াছে, এবং ইহার ভার এক একজন মন্ত্রীর উপর অর্পিত হইয়াছে। কিন্তু তখনও প্রচুর ক্ষমতা ছিল বিদেশী ব্যবসায়ীদের হাতে। শিল্প ও বাণিজ্যের উন্নতির জন্য এবং বৈদেশিক প্রতিযোগিতা হইতে দেশীয় শিল্পগুলিকে রক্ষার (protection) জন্য গভর্ণমেণ্ট একটি শুল্ক-নির্দ্ধারণ পরিষদ (Tariff Board) গঠন করিয়াছেন। ইহারা আমাদের দেশের কৃষিসম্পদ ও শিল্প-বাণিজ্যের রক্ষা এবং উন্নতি বিধানে কিছু কার্য করিয়াছেন।

শ্রমিক বিধি, কুটির-শিল্প

পুরুষ ও নারী শ্রমজীবীদিগের আর্থিক উন্নতি ও কল্যাণের জন্যও গভর্ণমেণ্ট (১৯২৮ হইতে) নূতন নূতন শ্রমিক-বিধির (Factory Laws) প্রবর্তন করেন। মহাত্মা গান্ধীর প্রভাবে (১৯১৭-৪৭) এদেশের ৭ লক্ষ গ্রামের কুটীর-শিল্পের দিকেও গভর্ণমেণ্টের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে, এবং গ্রাম্য কুটীর-শিল্পের উন্নতিকল্পে নানাবিধ ব্যবস্থা করা হইতেছে।

গমনাগমন ও সংবাদ-প্রেরণের সুবিধা।—ইংরাজ শাসনকর্তৃগণ, প্রধানতঃ তাহাদের বিরাট বাণিজ্যের প্রসারকল্পে, যাতায়াত (Transport) ও সংবাদ প্রেরণের (Communication) সুবন্দোবস্ত করিয়াছেন। তাহার ফলে বিচ্ছিন্ন ভারত পৃথিবীর সঙ্গে যুক্ত হইয়া বিরাট আন্তর্জাতিক সম্বন্ধের মধ্যে স্থায়ী আসন পাইয়াছে। হিন্দু ও মুসলমান আমলে এদেশে অনেক রাজপথ নির্মিত হইয়াছিল সত্য, কিন্তু তাহাতে এরূপ বিশাল দেশের অভাব

পথঘাট, রেলওয়ে, ষ্টীমার, মোটর, এরোপ্লেন, টেলিগ্রাফ

কিছুমাত্র পূর্ণ হয় নাই। ইংরাজ গভর্ণমেণ্ট বহু প্রশস্ত ও দীর্ঘ রাস্তা, খাল ও সেতু নির্মাণ করিয়াছেন। উনবিংশ শতাব্দীর মধ্যভাগে আমাদেরই দেশে ষ্টীমার ও রেলপথের প্রচলন হইয়াছে এবং তাহার ফলে ব্যবসা-বাণিজ্য দ্রুত প্রসার লাভ করিয়াছে এবং দূরের মানুষ নিকটে আসিয়াছে। ইহা ব্যতীত টেলিগ্রাফ, টেলিফোন, মোটর, এরোপ্লেন, বেতার (Radio) প্রভৃতি আধুনিক বৈজ্ঞানিক আবিষ্কারগুলির প্রচলন হওয়ায় যাতায়াত, ভাবের আদান প্রদান ও সংবাদ প্রেরণের অভাবনীয় সুবিধা হইয়াছে।

আন্তর্জাতিক সম্বন্ধ

সমাজ।—ইতিপূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, পাশ্চাত্ত্য শিক্ষা ও সভ্যতার প্রভাবে ভারতীয় সমাজে ও ধর্মে উল্লেখযোগ্য পরিবর্তন আসিয়াছে। ব্রাহ্ম সমাজ, প্রার্থনা সমাজ ও আর্য সমাজ প্রভৃতির প্রচারের ফলে নূতন এক সমন্বয়ধর্মী হিন্দু সমাজ গড়িয়া উঠে। বিভিন্ন মনীষীদের অক্লান্ত চেষ্টার ফলে পর্দাপ্রথা, পুরুষের বহু বিবাহ, বাল্য বিবাহ প্রভৃতি প্রথা উঠিয়া গিয়াছে এবং বিভিন্ন জাতির মধ্যে একত্র পান ভোজন, অসবর্ণ বিবাহ এবং বিধবা বিবাহ প্রথা প্রচলিত হইল। 'হরিজন' প্রভৃতি অনুন্নত শ্রেণী এবং স্ত্রীলোকদিগের মধ্যে শিক্ষা বিস্তারের জন্য ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। ইহার ফলে বহু দুর্নীতি ও সংকীর্ণতা মুক্ত হইয়া এক প্রগতিশীল ভারত-সমাজ জন্মগ্রহণ করিয়াছে। প্রগতিবাদী মুখ্যমন্ত্রী নেহরুজীর নিকট স্বাধীন ভারত এক্ষেত্রে বিশেষ কৃতজ্ঞ।

প্রশ্নাবলী

১। উনবিংশ শতকের মধ্যভাগ হইতে ভারতের স্বাধীনতালাভের কাল পর্যন্ত বৃটিশ সরকার কর্তৃক ভারতের সাংস্কৃতিক ও বৈষয়িক উন্নতির জন্য যে সকল ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে সংক্ষেপে তাহা বর্ণনা কর।

২। উনবিংশ শতকে বাংলার সংস্কৃতির ক্ষেত্রে যে জাগরণ আসিয়াছে তাহা বিবৃত কর। ভারতের উপরে ইহার কি প্রভাব আসিয়াছিল?

সময়-রেখা

খৃষ্টাব্দ			
১৭৫০	ইংরেজ বৃটিশ শাসন	১৭৫৭	পলাশী যুদ্ধে ইংরাজদের জয়লাভ
		১৭৬৫	কোম্পানীর দেওয়ানী লাভ
		১৭৭২-৮৫	ওয়ারেন হেষ্টিংস
		১৭৯৩	চিরস্থায়ী বন্দোবস্ত
		১৭৯৯	মহীশূর রাজ্যের পতন
১৮০০		১৮১৯	মারাঠাদের পতন
		১৮৪৮-৫৬	লর্ড ডালহৌসী
১৮৫০		১৮৫৭	সিপাহী বিদ্রোহ
		১৮৮৫	ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশন
১৯০০		১৯০৫	বঙ্গবিভাগ, স্বদেশী আন্দোলন
		১৯১৪-১৮	প্রথম মহাযুদ্ধ
		১৯২০	অহিংস অসহযোগ আন্দোলন
		১৯৩৯-৪৫	দ্বিতীয় মহাযুদ্ধ
		১৯৪৭	ভারতের স্বাধীনতা লাভ
১৯৫০	স্বাধীন ভারত		সার্বভৌম সাধারণতন্ত্র ভারত রাষ্ট্রগঠন

ব্রিটিশ গভর্ণর-জেনারেল ও ভাইস্‌রয়গণ

কোম্পানীর অধীনে

ওয়ারেণ হেষ্টিংশ	(১৭৭৪-১৭৮৫)
সার জন ম্যাকফারসন	(অস্থায়ী, ১৭৮৫-৮৬)
লর্ড কর্ণওয়ালিস	(১৭৮৬-১৭৯৩)
সার জন শোর	(১৭৯৩-৯৮)
সার এ. ক্লার্ক	(অস্থায়ী, ১৭৯৮)
লর্ড ওয়েলেশলী	(১৭৯৮-১৮০৫)
লর্ড কর্ণওয়ালিস	(১৮০৫)
সার জন বার্লো	(অস্থায়ী, ১৮০৫-০৭)
প্রথম লর্ড মিণ্টো	(১৮০৭-১৮১৩)
লর্ড হেষ্টিংস	(১৮১৩-২৩)
জন এ্যাডাম	(অস্থায়ী, ১৮২৩)
লর্ড আমহার্ষ্ট	(১৮২৩-২৮)
উইলিয়ম বেইলী	(অস্থায়ী ১৮২৮)
লর্ড ইউলিয়ম বেন্টিক	(১৮২৮-১৮৩৫)
চালর্স মেটকাফ	(অস্থায়ী, ১৮৩৫-৩৬)
লর্ড অকল্যাণ্ড	(১৮৩৬-১৮৪২)
লর্ড এলেনবরা	(১৮৪২-১৮৪৪)
উইলিয়ম বার্ড	(অস্থায়ী, ১৮৪৪)
লর্ড হার্ডিঞ্জ	(১৮৪৪-৪৮)
লর্ড ডালহৌসি	(১৮৪৮-৫৬)
লর্ড ক্যানিং	(১৮৫৬-৫৮)

ব্রিটিশ সরকারের অধীনে

লর্ড ক্যানিং	(১৮৫৮-৬২)
প্রথম লর্ড এলগিন	(১৮৬২-৬৩)
সার রবার্ট নেপিয়ার	(অস্থায়ী)
সার উইলিয়ম ডেনিসন	(অস্থায়ী)
সার জন লরেন্স	(১৮৬৪-৬৯)
লর্ড মেয়ো	(১৮৬৯-৭২)

সার জন ষ্ট্রেচি	(অস্থায়ী)
লর্ড নেপিয়ার	(অস্থায়ী)
লর্ড নর্থব্রুক	(১৮৭২-৭৬)
লর্ড লিটন	(১৮৭৬-৮০)
লর্ড রিপন	(১৮৮০-৮৪)
লর্ড ডাফরিন	(১৮৮৪-৮৮)
লর্ড ল্যান্সডাউন	(১৮৮৮-৯৪)
দ্বিতীয় লর্ড এলগিন	(১৮৯৪-৯৯)
লর্ড কার্জন	(১৮৯৯-১৯০৫)
লর্ড এম্পথিল	(অস্থায়ী, ১৯০৫)
দ্বিতীয় লর্ড মিণ্টো	(১৯০৫-১০)
দ্বিতীয় লর্ড হার্ডিঞ্জ	(১৯১০-১৬)
লর্ড চেম্সফোর্ড	(১৯১৬-২১)
লর্ড রীডিং	(১৯২১-২৬)
দ্বিতীয় লর্ড লিটন	(অস্থায়ী)
লর্ড আরউইন	(১৯২৬-৩১)
লর্ড গসচেন	(অস্থায়ী)
লর্ড উইলিংডন	(১৯৩১-৩৬)
সার জর্জ ষ্ট্যানলী	(অস্থায়ী)
লর্ড লিনলিথগো	(১৯৩৬-৪৩)
লর্ড ওয়েভেল	(১৯৪৩-১৯৪৭, মার্চ)
লর্ড মাউণ্টব্যাটেন	(মার্চ '৪৭-১৪ই আগষ্ট, '৪৭)

ডোমিনিয়ন গভর্ণর-জেনারেল

লর্ড মাউণ্টব্যাটেন	(১৯৪৭-৪৮)
চক্রবর্তী রাজাগোপালাচারী	(১৯৪৮ জানুয়ারী ১৯৫০)

ভারত-প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি

শ্রীরাজেন্দ্রপ্রসাদ	(১৯৫০-৫৫)
" "	(১৯৫৫-)

ভারতের প্রধানমন্ত্রী

শ্রীজওহরলাল নেহরু	(১৯৪৭-৫০)
	(১৯৫০-৫৫)
	(১৯৫৫-)